শ্রী এস. এম. সাদি : মাননীয় মন্ত্রী বলেছেন ১৫,৯৪৬ জন বিচারাধীন বন্দী আমাদের সংশোধনাগারগুলিতে রয়েছে। আমরা জানি শান্তিপুরে প্রায় ২৫ জন বিচারাধীন বন্দীকে সরকার রেহাই করে দিয়েছে। আমি জানতে চাইছি, এই সময়কালে কত সংখ্যক বিচারাধীন বন্দীকে সরকার রেহাই করেছে এবং তাদের রাজনৈতিক পরিচয় কি ?

শ্রী হায়দার আজিজ সফি : বিচারাধীন বন্দীকে সরকার নিজের থেকে ছাড়তে পারে না, সেখানে সরকারকে কেস উইথড্র করতে হয় এবং সেটা কোর্টের মাধ্যমে আসে। আমরা ছাড়তে পারি যারা কনভিক্টস আছে। আমাদের একটা কমিটি আছে, প্রিজনার রিলিজ। ফ্রম টাইম টু টাইম প্রেস করা হয়। কিন্তু আন্ডার ট্রায়ালদের ব্যাপারে যদি চাওয়া হয় তাহলে কোর্টের পারমিশন ছাড়া হয় না। ফিগারটা যদি জানতে চান তাহলে চেক করে দিতে পারি। তবে মনে করি না এই সংখ্যাটা বেশি। ওটা কোর্টের ব্যাপার।

শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্প

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫) শ্রী কল্লোল খাঁ : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অসংগঠিত শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি (পি.এফ.) প্রকল্প চালু হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে মোট কতজন অসংগঠিত শ্রমিককে উক্ত প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে (জেলাওয়াড়ি তথ্যসহ) ?

শ্রী পূর্ণেন্দু বসু :

মাননীয় সদস্যের লিখিত প্রশ্নের উত্তরে জানাই (ক) হ্যাঁ। এই প্রকল্পটির নাম "অসংগঠিত শ্রমিকদের জন্য রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প।"

প্রসঙ্গত উল্লেখ্য প্রকল্পটি ২০০১ সাল থেকে চালু আছে।

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ পর্যন্ত ৪১,৭১,৭৪৮ জন শ্রমিককে এই প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। নথিভুক্ত শ্রমিকদের জেলাওয়াড়ি খতিয়ান সংযোজিত হল :

ক্রমিক সংখ্যা	জেলার নাম	নথিভুক্ত শ্রমিকের সংখ্যা
১	জলপাইগুড়ি	১,৩১,১৮৫
২	কোচবিহার	১,০৭,০২৮
৩	দার্জিলিং	৬৪,৬৯৮
৪	উত্তর দিনাজপুর	৮২,৮৭৮
৫	দক্ষিণ দিনাজপুর	৯৩,৭৯৫
৬	মালদহ	২,২৭,৭৬৭
৭	মুর্শিদাবাদ	২,৭৪,৪১৬
৮	নদিয়া	২,৯১,২০২
৯	উত্তর চব্বিশ পরগনা	৪,৬৪,৭১৫
১০	কলকাতা	১,০৯,২৬২
১১	দক্ষিণ চব্বিশ পরগনা	৪,২৬,১৭৯
১২	হাওড়া	৩,২৩,১৫৬
১৩	হুগলি	২,৬৩,০৪৩
১৪	বর্ধমান	৩,০৭,৭৯৫
১৫	বীরভূম	১,১৯,৭১২
১৬	বাঁকুড়া	১,২৯,৯৪৮
১৭	পুরুলিয়া	১,০১,৪৫০
১৮	পশ্চিম মেদিনীপুর	১,৯১,৯৩০
১৯	পূর্ব মেদিনীপুর	৪,৬১,৫৮৯
	মোট	৪১,৭১,৭৪৮

শ্রী কল্লোল খাঁ : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি বিগত সরকারের আমলে কত সংখ্যক অসংগঠিত শ্রমিক-এর আওতায় এসেছিল এবং তাতে আর্থিক বরাদ্দ কত ছিল ?

শ্রী পূর্ণেন্দু বসু : ২০০১ সালের জানুয়ারী মাসে এই প্রকল্প চালু হয়েছিল, সেই সময় থেকে ২০১১ সালের এপ্রিল মাস পর্যন্ত এই প্রকল্পে মোট নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ছিল ২৩ লক্ষ, আর মে ২০১১ থেকে জানুয়ারী ২০১৪, এই সময়কালে আমরা নাম নথিভুক্ত করতে পেরেছি ১৯,৩১,৭৪৮ জনের। অর্থাৎ ১০ বছরে যেখানে ২৩ লক্ষ হয়েছিল, সেখানে আড়াই বছরের কিছু বেশি সময়ে আমরা ১৯,৩১,৭৪৮ জনের নাম নথিভুক্ত করেছি। আপনার দ্বিতীয় প্রশ্ন ছিল সেখানে আর্থিক সহায়তার পরিমাণ কত ছিল। ২০০১ থেকে

এপ্রিল ২০১১ পর্যন্ত সহায়তার ক্ষেত্রে মোট টাকার পরিমাণ ছিল ৭ কোটি ৬৭ লক্ষ ৮৯ হাজার ৬৮১ টাকা। আর মে ২০১১ থেকে জানুয়ারী ২০১৪ এই আর্থিক সহায়তার পরিমাণ হচ্ছে, আগে ১০ বছরে যেটা ৭ কোটি ৬৭ লক্ষ ছিল সেটা আমরা করতে পেরেছি ২৪ কোটি ৮৪ লক্ষ ৭২ হাজার ৫৩২।

[11.50 a.m. – 12.00 noon]

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন যে আগামী দিনে এই অসংগঠিত শ্রমিকদের জন্যে সরলীকরণ করবার কোনো সিদ্ধান্ত বা পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা ?

শ্রী পূর্ণেন্দু বসু : ইতিমধ্যেই যতগুলো প্রকল্প আছে অসংগঠিত শ্রমিকদের জন্য তার বেশিরভাগই আমরা সরলীকরণ করেছি। সেই সরলীকরণ করার ক্ষেত্রে একটি হচ্ছে, একদিকে আমরা এর বিস্তার ঘটিয়েছি। অন্যদিকে আগে যে ভাবে কেন্দ্রিকতা ছিল এই প্রকল্পগুলির ক্ষেত্রে, প্রকল্পের যে বোর্ড আছে সেই বোর্ডের চেয়ারম্যান সাধারণভাবে সংশ্লিষ্ট মন্ত্রী হন। সেখানে বহু সহায়তা প্রকল্প মন্ত্রীর স্বাক্ষর ছাড়া হত না। আমরা জেলা এবং ব্লক স্তর পর্যন্ত এই অধিকার দিয়ে দিয়েছি যাতে যার যখন সহায়তা পাওয়ার কথা সেটা যাতে বিলম্বিত না হয় এবং তাড়াতাড়ি হয়। আমি একটি উদাহরণ আপনার কাছে রাখব আপনার এই প্রশ্নের জন্য আপনাকে ধন্যবাদ দিয়ে সেটা হচ্ছে তিনটি প্রকল্প আমাদের আছে। সাসফাও প্রকল্প, ভবিষ্যনিধি প্রকল্প, পরিবহণ শ্রমিকদের জন্য প্রকল্প এবং নির্মাণ শ্রমিকদের জন্য প্রকল্প। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন বিগত সময়ে ২০০১ থেকে ২০১১-র মধ্যে মাত্র ৯ কোটি টাকা খরচ করা গিয়েছিল এই ধরনের কেন্দ্রিকতা থাকার কারণে। আর আমরা এই আড়াই বছরের একটু অধিককাল সময়ে খরচ করতে পেরেছি ১৭৬ কোটি টাকা। এইটা আমাদের গণতন্ত্রীকরণের যে প্রক্রিয়া সেই প্রক্রিয়ায় এই সাফল্য এসেছে।

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। ২০০১ সাল থেকে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের প্রকল্পগুলো শুরু হয়েছে। তখন যে সংখ্যা, যে যে ক্যাটেগরির শ্রমিকদের এই সুযোগটা দেওয়া হত এখন কি সেই সংখ্যাটা বেড়েছে, না কমেছে ? যদি বেড়ে থাকে তাহলে কোন কোন ক্যাটেগরি ভুক্ত শ্রমিকদের এই অসংগঠিত ক্ষেত্রে যুক্ত করা হল। আর এই প্রকল্পের সঙ্গে কোনো কেন্দ্রীয় বরাদ্দ এই যুক্ত হয় কিনা, দয়া করে বলুন।

শ্রী পূর্ণেন্দু বসু : আপনার প্রশ্নটা খুবই গুরুত্বপূর্ণ। আপনাকে জানাই যে অসংগঠিত ক্ষেত্রে ৬১টি পেশা চিহ্নিত ছিল। এর মধ্যে বিভিন্ন পেশার ক্ষেত্রে যেটা দেখা গেছে যে আরও কিছু নতুন পেশা আছে যেগুলো এর মধ্যে নিয়ে আসা দরকার। এই প্রক্রিয়াটা চলছে। কিন্তু যেখানে আমরা উল্লেখযোগ্যভাবে পরিবর্তন ঘটিয়েছি—দুটি ক্ষেত্রে। নির্মাণ শ্রমিকদের ক্ষেত্রে আমরা সমস্ত ইট ভাঁটা শ্রমিকদের নির্মাণ শ্রমিকের মর্যাদা দিয়েছি। এটা একেবারেই নতুন। এর ফলে চরমভাবে শোষিত ইট ভাঁটার শ্রমিকরা তারা এতে লাভবান

হবে। দ্বিতীয় আপনারা শুনলে খুশি হবেন নির্মাণ শ্রমিকদের মধ্যে আমরা পাথর খাদান এবং পাথর ক্রাশার যে শ্রমিকরা রয়েছেন ২০ হাজারের মত আমরা চার মাস আগে উদ্যোগ নিয়ে ইতিমধ্যেই ১৬ হাজারের উপর শ্রমিকের নাম নথিভুক্ত করতে পেরেছি নির্মাণ শ্রমিকের মধ্যে এবং তারা এই সুযোগ-সুবিধা পেতে শুরু করেছেন। আমাদের নজর আছে আপনাদের যদি কোন প্রস্তাব থাকে যে এই এই পেশার মানুষদের অসংগঠিত শ্রমিকদের এই একষট্টিটির উপরে আরও যুক্ত করা উচিত দয়া করে যদি আপনারা এই ব্যাপারে পাঠান, আমরা অবশ্যই যুক্ত করে নেব।

শ্রী শাহজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—আপনি বললেন আড়াই বছরে উনিশ লক্ষ একত্রিশ হাজার অসংগঠিত শ্রমিক তারা প্রভিডেন্ট ফান্ডের আওতায় এসেছেন। এই উনিশ লক্ষ একত্রিশ হাজার শ্রমিক যে তারা মাসে মাসে ইনস্টলমেন্ট জমাবেন, তার আর্থিক পরিমাণ কত এবং ম্যাচিওরড হবার পরে কতজন শ্রমিককে প্রভিডেন্ট ফান্ড তুলে দেওয়া হয়েছে এই সংখ্যাটা আমাকে অবগত করবেন কি? আর এই আর্থিক পরিমাণ কত?

শ্রী পূর্ণেন্দু বসু : আপনাকে আমি জানাচ্ছি এই উনিশ লক্ষ একত্রিশ হাজার সাতশো চুরাশি জনের নাম নতুনভাবে নথিভুক্ত করা হয়েছে। আগে আপনারা জানেন যে, প্রকল্পটি ছিল 'শাশফাও' প্রকল্প, সেই প্রকল্পে একজন অসংগঠিত শ্রমিক কুড়ি টাকা জমা দিতেন, রাজ্য সরকার কুড়ি টাকা জমা দিতেন। তার উপরে যে সুদ হত তার একটা হিসাব হত। এই হিসাবটা এই রকম ছিল আঠারো বছর বয়সে যদি কেউ নাম লেখায় তাহলে ষাট বছর বয়সে গিয়ে তিনি এক লক্ষ বাহান্ন হাজার সাড়ে পাঁচশোর মতো টাকা পেতেন। এটা ছিল আগের হিসাব। আমরা দায়িত্ব নেবার পরে এটা পরিবর্তন ঘটিয়েছি। যে শ্রমিক কুড়ি টাকা দিত, তাদের আমরা বললাম যে আপনারা পঁচিশ টাকা দিন, তাহলে সরকার ত্রিশ টাকা দেবেন। শ্রমিকদের বাড়ল পাঁচ টাকা, আর সরকারের বাড়ল দশ টাকা। অর্থাৎ সরকার আরও বেশি দায়িত্ব নিল এবং তার উপরে সুদ। এই হিসাবে দেখা গেছে আঠারো বছর বয়সে যে শ্রমিক নাম লেখান, তাহলে ষাট বছর বয়সে গিয়ে এই বৃদ্ধির ফলে তিনি পাবেন দুই লক্ষ তিপ্পান্ন হাজার টাকা। এই দিক থেকে এটা পাল্টেছে।

আর একটা ব্যাপারে আপনি বলেছেন। সেটার একটা লম্বা লিস্ট আমি জেলাওয়ারী দিতে পারি। সংখ্যাও দিতে পারি। এটা আমার কাছে আছে। কিন্তু প্রচুর সময় লেগে যাবে। আপনি যদি আমাকে নির্দিষ্ট ভাবে প্রশ্ন করেন বা আমার কাছে চান, আমি কপি দিয়ে দেব।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—অসংগঠিত শ্রমিক পরিবারের সদস্যরা এর মাধ্যমে কি কি সুযোগ-সুবিধা পেতে পারেন।

শ্রী পূর্ণেন্দু বসু : তিনটি প্রকল্প আছে। তার মধ্যে 'শাশফাও' প্রকল্পের সুবিধা হচ্ছে ভবিষ্যনিধির টাকা পাওয়া, যেটা আমি আগে বললাম। এছাড়া স্বাস্থ্যক্ষেত্রে একটা সুবিধা

আছে। আগে যেটা ছিল পাঁচ দিন সরকারি হাসপাতালে ভর্তি থাকলে এবং তার কাগজপত্র ঠিক থাকলে অর্থাৎ ভর্তি হয়েছেন, তার চিকিৎসা বাবদ একটা পরিমাণ টাকা খরচ হয়েছে। বছরে পাঁচ হাজার টাকা পাওয়া যেত। বর্তমান সরকারের আমলে আমরা এই পাঁচ হাজার টাকাটাকে দশ হাজার টাকা করে দিয়েছি। নিয়মটা একই আছে। ভবিষ্যনিধির কথাটা বললাম। এছাড়া আপনারা অত্যন্ত খুশি হবেন যে, 'শাশফাও' প্রকল্পে আর কোনো সুবিধা ছিল না। নতুন দায়িত্ব গ্রহণের পরে দুটি সুবিধা নতুন যুক্ত করেছি। এবং সেগুলি দেওয়া চালু হয়ে গেছে। সেটা হচ্ছে যাট বছরের আগে স্বাভাবিক মৃত্যুতে অর্থাৎ স্বাভাবিক মৃত্যু হলে তার নমিনি বা তার পরিবার পঞ্চাশ হাজার টাকা পাবেন। তার সাথে আরও তিন হাজার টাকা শেষকৃত্যের জন্য অর্থাৎ তিপ্পান্ন হাজার টাকা পাবেন। যদি দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু হয় কাজের ক্ষেত্রে, তাহলে তার নমিনি বা তার পরিবার তারা দেড় লক্ষ টাকা পাবেন এবং তার সাথে আরো তিন হাজার টাকা শেষকৃত্যের জন্য পাবেন। এগুলি সবই নতুন, আগে ছিল না।

Starred Questions
(to which answers were laid on the Table)

বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারকে বিদ্যুৎ সংযোগ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮১) শ্রী সুনীল কুমার মণ্ডল : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-১৪ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় "রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে" কতগুলি বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারকে বিদ্যুৎ-সংযোগ প্রদান করা সম্ভব হয়েছে ; এবং

(খ) উক্ত জেলায় সমস্ত বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারকে বিদ্যুৎ-সংযোগ প্রদানের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে (একাদশ পরিকল্পনা ১,৯২,৮৯৭টি বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।

(খ) বর্ধমান জেলায় অবশিষ্ট বি.পি.এল. পরিবারকে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে (দ্বাদশ পরিকল্পনা) বিদ্যুৎ সংযোগ দেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

নারী সমাজের সার্বিক বিকাশ

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৭) শ্রী অসিত মজুমদার : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নারী সমাজের সার্বিক কল্যাণের ক্ষেত্রে সরকার কি কি প্রকল্প গ্রহণ করেছে / করছে ; এবং

(খ) পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠানগুলোতে মহিলাদের ক্ষমতায়নের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে ?

নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নারী সমাজের সার্বিক কল্যাণের ক্ষেত্রে নারী ও শিশু বিকাশ দপ্তর কর্তৃক নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছে :

(১) মাননীয়া মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে রাজ্য মিশন সংস্থা গঠিত হয়েছে এবং তার অধীনে রাজ্য মহিলা সম্পদ কেন্দ্র গঠন করা হয়েছে। নারীর ক্ষমতায়নের নীতির রূপায়ণের জন্য বিভিন্ন কর্মশালা ও আলোচনাসভার আয়োজন করেছে রাজ্য মহিলা সম্পদ কেন্দ্র।

(২) পশ্চিমবঙ্গে প্রথম রাজ্য নারী ক্ষমতায়নের নীতি প্রণয়ন করা হয়েছে।

(৩) ১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকার নারীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য "NORAD" নামক একটি প্রকল্প চালু করে। পরবর্তীকালে যেটির নামকরণ করা হয় "SWABALAMBAN"। বর্তমানে রাজ্য সরকার প্রকল্পটি নিজ উদ্যোগে চালু রেখেছে। এর মাধ্যমে নারীদের বিশেষত পাচার হওয়া নারীদের কারিগরী প্রশিক্ষণের এবং অর্থনৈতিক ক্ষমতায়নের ব্যবস্থা করা হচ্ছে।

২০১২-১৩ সালে মোট ৩১১৫ জন মহিলাকে ছয় মাসের ২৩টি বিভিন্ন পেশাভিত্তিক কারিগরী প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

(৪) কেন্দ্রীয় সরকার ১৯৮৬-৮৭ সালে "STEP" (Support to Training & Employment Programme for Women) নামক প্রকল্পটি চালু করে নারীদের কর্মদক্ষতা বৃদ্ধি করে অর্থনৈতিকভাবে স্বনির্ভর করে তোলার উদ্দেশ্যে। রাজ্য সরকারের নারী ও শিশু বিকাশ দপ্তর প্রকল্পটি রূপায়ণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে।

(৫) সরকারি ও বেসরকারি সংগঠন পরিচালিত অঙ্গনওয়াড়ী কেন্দ্রে সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের কাজে ক্রমান্বয়ে নিয়োগ করা হচ্ছে

(৬) বাংলার নারী সাফল্যকে পূর্ণ মর্যাদা প্রদান করে আন্তর্জাতিক না দিবস পালন করা হয়।

(৭) বাংলাদেশ থেকে আগত বা পাচার হওয়া নারীদের উদ্ধার হওয়া, নিরাপদে ফিরে যাওয়া বা পুনর্বাসন এবং প্রত্যাবর্তনের উপর পশ্চিমবঙ্গের জন্য একটি ব্যবহারোপযোগী নির্দেশনামা তৈরি করা হচ্ছে। এ বিষয়ে উত্তর দিনাজপুর জেলাকে অগ্রণী জেলা হিসাবে বিবেচনা করে শিশু ও নারীপাচার বিরোধী "নিরাপদ স্থানান্তর" সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির সূচনা করা হয়েছে।

(৮) Protection of Women against Domestic Violence Act, 2005-এর রূপায়ণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(৯) সকল শিশুকন্যাদের বিদ্যালয়মুখী হতে উৎসাহিত করতে এবং বাল্যবিবাহ নিরুৎসাহিত করতে মাননীয়া মুখ্যমন্ত্রী ১লা অক্টোবর, ২০১৩ তারিখে "কন্যাশ্রী" প্রকল্পটির শুভ সূচনা করেন যেখানে সরাসরি উপভোক্তাগণের ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ প্রদান করা হবে। এই প্রকল্পের দুটি উপাদান, ১৩ থেকে ১৮ বছরের বিদ্যালয়ে পাঠরত বালিকাদের ৫০০ টাকা করে বার্ষিক বৃত্তি এবং ২০১৩-১৪ আর্থিক বছরে ১৮ বছর বয়সী পাঠরত/প্রশিক্ষণরত অবিবাহিত বালিকাদের এককালীন ২৫০০০ টাকা প্রদান। প্রায় ১৬ লাখ বালিকা এই প্রকল্পের আওতাভুক্ত হবে।

(১০) বিদ্যালয় এবং কলেজের ছাত্রীদের কলকাতা পুলিশের সহযোগিতায় আত্মরক্ষার কৌশল শেখানো হচ্ছে।

(১১) কন্যাশিশুর গুরুত্ব ও তাদের প্রতিপালনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দিয়ে ২৪শে জানুয়ারী, ২০১৩ তারিখ রাজ্যে প্রথম জাতীয় কন্যা শিশু দিবস পালন করা হয়। এরপর থেকে এই দিনটিকে প্রতি বছর যথাযথ মর্যাদাসহ পালন করা হচ্ছে।

(খ) বিষয়টি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের এক্তিয়ারভুক্ত।

নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩) শ্রী আনিসুর রহমান : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবর্ষের (৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত) রাজ্যে কয়টি নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হয়েছে ;

(খ) তন্মধ্যে, কতগুলিতে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে ; এবং

(গ) এক্ষেত্রে উৎপাদিত বিদ্যুৎ-এর পরিমাণ কত ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ও (খ) উক্ত সময়ে রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থায় নিম্নলিখিত বিদ্যুৎ উৎপাদন ইউনিট স্থাপিত হয়েছে।

ক্রমিক	স্থান	উৎপাদন ক্ষমতা	উৎপাদনের তারিখ
১	সাঁওতালডিহি (ইউনিট-৬)	২৫০ মেগাওয়াট	৩০.৯.২০১১
২	জামুরিয়া (গ্রীডযুক্ত সৌর বিদ্যুৎ)	০.৯০ মেগাওয়াট	৩১.৩.২০১২.
৩	জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্র স্টেজ-১ (ইউনিট-৪)	৯.৯ মেগাওয়াট	৮.১০.২০১২

(গ) উৎপাদিত বিদ্যুতের পরিমাণ নীচে দেওয়া হল—

বৎসর ভিত্তিক উৎপাদিত বিদ্যুৎ (মিলিয়ান ইউনিট)

বিদ্যুৎ উৎপাদন ইউনিটের নাম	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪ (৩১.১২.১৩ অবধি)
সাঁওতালডিহি (ইউনিট ৬)	৭৪১.৭৫	৮৫৪.৪০০	১৩৬৪.২০০
জামুরিয়া (গ্রীডযুক্ত সৌর বিদ্যুৎ)	—	০.৯৯	০.৫৭
জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্র স্টেজ-১ (ইউনিট-৪)		১৯.৯৩৪৬	২৫.৪৩০৭

নষ্ট শ্রম দিবস

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭) শ্রী তজমুল হোসেন : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ২০১২ থেকে বর্তমান আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে নষ্ট শ্রম দিবসের মোট সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, লক আউট, লে অফ ও ধর্মঘটের ফলে নষ্ট শ্রম দিবসের সংখ্যা কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৩,০৭,৬৭,৫২৫

(খ) লক আউট-জনিত কারণে নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৩,০৭,৬১,৬৫৩

লে-অফ-জনিত কারণে নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৬৭০

ধর্মঘট-জনিত কারণে নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৫,২০২

বন্ধ কারখানার সংখ্যা

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩) শ্রী নির্মল ঘোষ : বিগত ১১ই ডিসেম্বর, ২০১৩ তারিখে মৌখিক উত্তরের প্রশ্নাবলীর একাদশ তালিকায় উত্থাপিত *১৬৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬)-এর উত্তর উল্লেখপূর্বক শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩ সালের ১লা অক্টোবর থেকে ২০১৪ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত রাজ্যে কতগুলি কারখানা বন্ধ হয়েছে ; এবং

(খ) এর মধ্যে মোট কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৩ সালের ১লা অক্টোবর থেকে ২০১৪ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত রাজ্যে ৮টি কলকারখানা বন্ধ হয়েছে।

(খ) এর ফলে ৭৩২১ জন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছে। কোনো শ্রমিক কর্মচ্যুত হওয়ার খবর নেই।

ই.এস.আই. হাসপাতালগুলির উন্নতিসাধন

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯) শ্রী অসিত মজুমদার : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলিতে উন্নতমানের পরিষেবা প্রদানের ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে ; এবং

(খ) হুগলী জেলার ব্যান্ডেল, চাঁপদানি ও শ্রীরামপুর ই.এস.আই. হাসপাতালগুলির সম্প্রসারণের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে ই.এস.আই. (এম.বি.)-এর অধীনে এই রাজ্যে মোট ১৩টি হাসপাতাল, ৪২টি সার্ভিস ডিসপেনসারী, ৮টি রাজ্য বীমা ঔষধালয় এবং ৪০২ আই.এম.পি.-সহ একটি বৃহৎ ব্যবস্থাপনার মাধ্যমে ১১,৫১,৮০০ সংখ্যক আই.পি. এবং তাদের পরিবারের সদস্যদের সমস্ত রকমের আধুনিক চিকিৎসা দেওয়া হচ্ছে।

মানিকতলা ই.এস.আই. হাসপাতালে প্যাথলজি এবং অ্যানেস্থেশিওলজি বিভাগে স্নাতকোত্তর পঠন পাঠনের জন্য পি.জি.আই.এম.এস.আর. ২০১২-১৩ সালে চালু হয়েছে।

শিয়ালদহ ই.এস.আই. হাসপাতালে পেন ম্যানেজমেন্ট ইনস্টিটিউট চালু হয়েছে। ২০১৩-২০১৪-তে পেন ম্যানেজমেন্ট বা ব্যথা প্রশমনের বিষয়ে এক বৎসরের ফেলোশিপ কোর্স শুরু হয়েছে।

সাম্প্রতিক ৪৮ (আটচল্লিশ) জন স্পেশালিস্ট ডাক্তার, ১৪৪ জন অচিকিৎসক কর্মী নিয়োজিত হয়েছে। বর্তমানে ১০০ জন চুক্তিভিত্তিক ডাক্তার, ২৩৫ জন সাধারণ ডাক্তারের জন্যে নিয়োগ প্রক্রিয়া চলছে।

সাম্প্রতিককালে আর.এফ. জেনারেটর, বয়েলস্ অ্যাপারেটরস্ এবং আরো কিছু আধুনিক চিকিৎসা সরঞ্জাম কেনা হয়েছে এই হাসপাতালগুলির জন্যে।

সাম্প্রতিক কালে পশ্চিমবঙ্গ সরকার ই.এস.আই. হাসপাতালের খাদ্যসামগ্রীর মানোন্নয়নের জন্য ৩০ শতাংশের বেশি দাম বরাদ্দ করেছেন। এ ব্যাপারে নতুন দরপত্র আহ্বান করা হয়েছে।

বর্তমানে কিছু কিছু বিশেষ চিকিৎসা, যা ই.এস.আই. হাসপাতালে পাওয়া যায় না তার জন্যে নামী বেসরকারি নার্সিংহোমের সঙ্গে বিশেষ বন্দোবস্ত করা হয়েছে। এছাড়া ক্যান্সারের উপযুক্ত চিকিৎসার জন্য এন.আর.এস. এবং কলকাতা মেডিক্যাল কলেজের সাথেও বিশেষ বন্দোবস্ত করা হয়েছে।

গত দুই বছরে ই.এস.আই. প্রকল্প সম্প্রসারিত হয়েছে রাজ্যের নিম্নোক্ত স্থানগুলিতে :-

(১) রামপুরহাট, (২) জামুরিয়া (৩) মালদহ শহর (৪) মেদিনীপুর শহর (৫) বহরমপুর (৬) বড়জোড়া (বাঁকুড়া) (৭) সালারপুর (বর্ধমান)।

(খ) চাঁপদানি অঞ্চলে অবস্থিত গৌরহাটি ই.এস.আই. হাসপাতালে পরিষেবা উন্নয়নের লক্ষ্যে অতিরিক্ত একটি নতুন সার্ভিস ডিস্পেন্সারি খোলার ব্যবস্থা

নেওয়া হয়েছে। এছাড়া ওই হাসপাতালে বার্ন ইউনিট এবং মহিলাদের একটি অতিরিক্ত ওয়ার্ড খোলার প্রস্তাব বিবেচনাধীন। গৌরহাটি ই.এস.আই. হাসপাতালে একটি নতুন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র (নার্সিং ট্রেনিং সেন্টার) খোলার সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।

ব্যান্ডেল ই.এস.আই. হাসপাতালে ক্রিটিক্যাল কেয়ার ইউনিট, নতুন উন্নতমানের প্যাথোলজি ইউনিট এবং আধুনিক অপারেশন কেন্দ্র (মডার্ন ও.টি. কমপ্লেক্স) খোলার প্রস্তাব আছে।

শ্রীরামপুর ই.এস.আই. হাসপাতালের শীঘ্রই একটি ১২৫ কে.ভি. জেনারেটর বসবে। এই হাসপাতালে একটি আধুনিক অপারেশন কেন্দ্র (মডার্ন ও.টি. কমপ্লেক্স) এবং লিফ্‌ট-এর জন্য ই.এস.আই. করপোরেশনে প্রস্তাব পাঠানো হয়েছে।

[12.00 – 12.10 p.m.]

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker: Hon'ble Members, I have received an application from Shri Muzaffar Khan desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To
The Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Kolkata.

Respected Sir,

I humbly request your goodself for your permission to grant me leave during the on-going session of Assembly for remaining for a minimum period of one (one) week due to my visit to my brother-in-law at Ajmer who is seriously ill.

I would be highly obliged if you kindly consider my request and allow the same. Thanking you with regards

Yours sincerely
Muzaffar Khan
M.L.A. (Chapdani)

[illegible] 11/02/14

I now ask whether Shri Muzaffar Khan has the permission of the Assembly asked for by him.

(No Dissentient voice is heard)

There is no dissentient voice. I declare that Shri Muzaffar Khan has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 12th February to the 19th February, 2014.

NOTICE OF ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day, I have received two notice of Adjournment Motion. The first one is from Shri Surjya Kanta Mishra, Shri Paresh Chandra Adhikary, Shri Anisur Rahaman, Shri Subhas Naskar, Shri Anandamay Mondal and Shri Biswanath Karak on the subject of law and order situation in the State. And the second one is from Shri Asit Mitra on the subject of reported incident of molestation of a deaf and dumb woman at Dankuni.

The subject matter of both the motions are not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during discussion on Governor's Address which will commence from today. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Questions etc.

I therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র: স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল, রাজ্যের জনজীবনে অস্থিরতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অতি সম্প্রতি বিধায়কদের হুমকি দেওয়ার বিষয়ে........... (মিঃ স্পীকার : Please read the exact motion) .... (গোলমাল) .... সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করছে না। .... (গোলমাল) .... স্যার, এটা এমন একটা ব্যাপার, ... (গোলমাল) .... যেটা রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা করা যায় না .... (গোলমাল) ....আপনি যে যুক্তি দিয়েছেন যে, ... (মাইক অফ্)।

As Shri Asit Mitra is not present so that is dropped.

Mr. Speaker : Today, I have received notices of six (6) Calling Attention on the following subjects namely :

Subject	Name
(i) Urge for providing houses to the poor people of Joynagar Block-I & II under 'Adhikar Housing Scheme'.	: Dr. Tarun Kanti Naskar
(ii) Alleged delay in settlement of lands for Katwa Thermal Power Station.	: Shri Sahajahan Chowdhury
(iii) Urge for construction of a Foot Over Bridge from Sankhai to Katwa over Ajay River in Ketugram Block II	: Shri Sk. Sahonawez
(iv) Alleged delay in completion of construction work of the Lakhiya Ghat Bridge in Harishchandrapur Block-II.	: Shri Tajmul Hossain
(v) Progress of the development work of "Saheb Baandh" in Purulia.	: Shri K. P. Singh Deo
(vi) Alleged delay in sanctioning of Plan for construction of a Rail Over Bridge in Chuapur Railway Crossing in Berhampore.	: Shri Apurba Sarkar, Shri Manoj Chakraborty and Shri Asish Marjit

I have selected the notice of Shri K. P. Singh Deo on the subject of Progress of the development work of "Saheb Baandh" in Purulia.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী কে. পি. সিং দেও উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে হয় অধিবেশন চলাকালীন দেওয়ার জন্য, নয়তো তার কাছে পাঠিয়ে দেওয়ার জন্য আমি ব্যবস্থা নেব।

LAYING OF ORDINANCE

The Howrah Municipal Corporation (Amendment) Ordinance, 2014

Shri Firhad Hakim : Sir I beg to lay the Howah Municipal Corporation (Amendment) Ordinance, 2014 (West Bengal Ordinance No. 1 of 2014) under Article 213 (2)(a) of the Constitution of India.

(Noise)

(At this stage Hon'ble Members of the Left Front staged walk out)

LAYING OF REGULATIONS

Regulations of West Bengal Electricity Regulatory Commission Notified under

50/WBERC dtd. 22.03.2013	51/WBERC dtd. 02.04.2013
52/WBERC dtd. 02.04.2013	53/WBERC dtd. 02.04.2013
54/WBERC dtd. 30.07.2013	55/WBERC dtd. 07.08.2013
56/WBERC dtd. 26.08.2013	57/WBERC dtd. 26.08.2013
58/WBERC dtd. 03.09.2013	59/WBERC dtd. 11.09.2013 and
60/WBERC dtd. 11.09.2013	

Shri Manish Gupta : Hon'ble Speaker, Sir, I beg to lay :

(i) The West Bengal Electricity Regulatory Commission (Cogeneration and Generation of Electricity from Renewable Sources of Energy) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 22nd March, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 50/WBERC dated the 22nd March, 2013 ;

(ii) The West Bengal Electricity Regulatory Commission (Procedure for Accreditation of a Renewable Generation Project for REG Mechanism) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 2nd April 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 51/WBERC dated the 2nd April, 2013 ;

(iii) The West Bengal Electricity Regulatory Commission (Miscellaneous Provisions) Regulations, 2013 published in the

Kolkata Gazette, Extraordinary dated the 2nd April, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 52/WBERC dated the 2nd April, 2013.

(iv) The West Bengal Electricity Regulatory Commission Recovery of Expenditure for Providing New Connections) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 2nd April, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 53/WBERC dated the 2nd April, 2013.

(v) The West Bengal Electricity Regulatory Commission (Terms and Conditions of Tarrif) (Amendment) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 30th July, 2013 under*, West Bengal Electricity Regulatory Commission's Notification No. 54/WBERC dated the 30th July, 2013 read with its Corrigendum published in the Kolkata Gazette Extraordinary dated the 11th September, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. WBERC/Regulations/41/13-14/1158 dated the 11th September, 2013 ;

(vi) The West Bengal Electricity Regulatory Commission (Electricity Supply Code) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 7th August, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 55AVBERC dated the 7th August, 2013 read with its Corrigendum published in the Kolkata Gazette Extraordinary dated the 16th August, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. WBERC/Regulations/40/13-14/0952 dated the 16th August, 2013 ;

(vii) The West Bengal Electricity Regulatory Commission (Guidelines for Establishment of Forum for Redressal of Grievances of Consumers and Time and Manner of Dealing with such Grivances by the Ombudsman) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 26th August, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 56/WBERC dated the 26th August, 2013 ;

(viii) The West Bengal Electricity Regulatory Commission (Standards of Performance of Licensees Relating to Consumer Services) (First Amendment) Regulations, 2013 published in the

Kolkata Gazette, Extraordinary dated the 26th August, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 57/WBERC dated the 26th August, 2013 ;

(ix) The West Bengal Electricity Regulatory Commission (Licensing and Conditions of Licence) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 3rd September, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 58AVBERC dated the 3rd September, 2013 ;

(x) The West Bengal Electricity Regulatory Commission (Conduct of Business) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 11th September, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 59/WBERC dated the 11th September, 2013 ; and

(xi) The West Bengal Electricity Regulatory Commission (Fees) Regulations, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 11th September, 2013 under West Bengal Electricity Regulatory Commission's Notification No. 60/WBERC dated the 11th September, 2013.

LAYING OF REPORTS

The Audit Report on the Accounts of the West Bengal Building & other Construction Workers, Welfare Board for the year 2010-2011

Shri Manish Gupta : Sir, with your kind permission I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Building & other Construction Workers' Welfare Board for the year 2010-2011.

MENTION CASES

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, গত দুই দিন ধরে একটা অনশন চলছিল গোসাবা ব্লকের কুমিরমারি, ছোটমোল্লাখালি, লাহিড়ীপুর, সজনেখালি, বালি প্রভৃতি অঞ্চলে। প্রায় পাঁচ শতাধিক বিধবা অসহায় মহিলা তারা গত দুই দিন ধরে গোসাবা ব্লকের সামনে অনশন করছিলেন। এদের কেউ কেউ অসুস্থ হয়ে পড়েন। তাঁদের বয়স প্রায় পঞ্চাশ উর্ধ্বে। তাদের

স্বামীরা বহুদিন আগে সুন্দরবনে মাছ ধরতে গিয়ে বা জঙ্গলে মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের পেটে চলে গেছেন অথবা বাঘের আক্রমণে মারা গেছেন। অনেক ক্ষেত্রে তারাই ছিলেন ওইসব পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। ফলে ওইসব পরিবারগুলি অসহায় হয়ে পড়ে। অবস্থা এমন দাঁড়িয়েছে, যে গোসাবা ব্লকে বিধবাপল্লী পর্যন্ত গড়ে উঠেছে। নাম থেকেই পরিষ্কার কেবল বিধবারাই সেখানে বাস করেন। কি করুণ এই পরিণতি। এই নিঃস্ব বিধবারা বহুদিন ধরেই বিধবাভাতা, বি.পি.এল. কার্ডের দাবী করে আসছেন। বিগত সরকার দীর্ঘদিন ধরে এদের সমস্যার কোনো সুরাহা করেনি এবং পরেও এদের সমস্যার কোনো সুরাহা করা হচ্ছে না। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন কেবল গোসাবা নয়, সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে এই নিহত পরিবারগুলির তালিকা প্রস্তুত করে তাদের গৃহ নির্মাণ, শিশুদের পড়াশুনা ও কাজের ব্যবস্থা যেন করা হয়। আর আপনার মধ্য দিয়ে আমার request, মাননীয় সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী এখানে উপস্থিত আছেন উনি যদি এ ব্যাপারে কিছু বলতে পারেন তাহলে বাধিত হব।

[12.10 – 12.19 p.m.]

শ্রী বাসুদেব খাঁ : (Not present)

শ্রী শাহাজাহান চৌধুরী : (Not present)

শ্রী আনিসুর রহমান : (Not present)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : (Nor present)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (Not present)

শ্রী তজমুল হোসেন : (Not present)

শ্রী রামশঙ্কর হালদার : (Not present)

শ্রী ধীরেন বাগদী : (Not present)

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ব্যাপারে TET পরীক্ষা গ্রহণ করা হল। অনেক ঢাকঢোল পিটিয়ে বলা হল যে, আমরা নিশ্চিতভাবে একটা সুন্দর পরীক্ষার মাধ্যমে আমরা এই সফল পরীক্ষার্থীদের নিয়োগ করতে চাই প্রাথমিক বিদ্যালয়ে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা স্যার, কখনও পরিসংখ্যান ৪৪ হাজার, কখনও বলা হচ্ছে ১৯ হাজার, কখনও বলা হচ্ছে ওই sorry, কখনও বলা হচ্ছে ৪৪ লক্ষ, কখনও বলা হচ্ছে ১৯ লক্ষ, কখনও বলা হচ্ছে এত চাকরি দিয়েছি। মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে **thousand of teachers appointed.** আমি স্যার আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই TET পরীক্ষাটা হয়নি। পরীক্ষা হয়নি, এটা গরমিল আছে। শুধু গরমিল নয় এটার মধ্যে অনেকভাবেই বাধ্য করা হয়েছে

অন্যপথে অন্য পদ্ধতিতে গিয়ে তাদের চাকরি দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আবার আপনাকে বলছি অবিলম্বে TET পরীক্ষা... (এই সময় মাইক অফ হয়ে যায়।)

(তুমুল গোলমাল)

মিঃ স্পীকার : এখন শ্রী অপূর্ব সরকার।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী-প্রতিমন্ত্রী এখানে আছেন। আমি যে জেলায় বাস করি মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা সেখানে একটি মহকুমা হাসপাতাল আছে। রোগী পরিষেবার ক্ষেত্রে সরকার দাবি করছেন যে সাধারণ গরিব মানুষদেরকে পরিষেবা দেওয়া হচ্ছে। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে মাননীয় প্রতিমন্ত্রী আছেন এখানে, অভিযোগ করছি সেখানকার হাসপাতালের যারা ডাক্তারবাবুরা আছেন তারা unauthorised leave নিয়ে বাইরে চলে যাচ্ছেন। Emergency-তে দু-জন ডাক্তার থাকার কথা থাকলেও কোনোদিন, কোনোদিন একজনেরও বেশি ডাক্তারবাবু থাকছেন না। সপ্তাহে দু-দিন duty করে বাকি পাঁচদিন তারা সেই শহরের বাইরে unauthorised station leave করছেন। আমার দাবি সেই ডাক্তারবাবুদের বিরুদ্ধে হয় ব্যবস্থা গ্রহণ করা হোক অথবা ডাক্তারবাবুদেরকে সঠিক duty করানোর বিষয়ে সরকার উদ্যোগ গ্রহণ করুক। মাননীয় প্রতিমন্ত্রী আছেন আপনি যদি দয়া করে কিছু বলেন, স্যারের কাছে আবেদন রাখছি।

শ্রী বুলু চিক বারাইক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, মালবাজার হাসপাতালে যেখানে ২৫ জন ডাক্তার ছিলেন ওখানে এখন বর্তমানে ১৩ জন ডাক্তার আছেন। যার ফলে, ওইখানে যে চিকিৎসা পাওয়া দরকার সেই চিকিৎসা পাওয়া যাচ্ছে না। সেইজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওখানে ডাক্তার আর bed বাড়ানো হয়। ধন্যবাদ।

শ্রী এস. এম. সাদি : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই অগাস্ট হাউসে উল্লেখ করতে চাইছি যে, গত ২৬শে জানুয়ারী আমাদের নদিয়া জেলার কালীগঞ্জে হাটগাছা গ্রাম পঞ্চায়েতের ন-পাড়া গ্রামে জেলা পরিষদের রাস্তার কাজ চলছিল। এখন দেখা গেল যে সেখানকার স্থানীয় তৃণমূল কংগ্রেসের গ্রাম পঞ্চায়েতের সদস্য, ম্যাপের বাইরে গিয়ে জোর করে, সেখানকার এক দরিদ্র খেতমজুর তার বাড়ির মধ্যে রাস্তাটা ঢুকিয়ে দিল। তিনি যখন বাধা দেন, তখন তাকে বেধড়ক মারধর করা হয় এবং সঙ্গে সঙ্গে সেই জায়গাতে তার মৃত্যু হয়। গত ২৭ তারিখে কালীগঞ্জ থানাতে একটা এফ.আই.আর. হয়, এফ.আই.আর. নম্বর হচ্ছে ৫৬/২০১৪। এই যে তৃণমূল কংগ্রেসের গ্রাম পঞ্চায়েতের সদস্য তার নাম হচ্ছে নইমশেখ। থানাতে জানানো সত্ত্বেও, এফ.আই.আর. সত্ত্বেও, এফ.আই.আর. নম্বর ৫৬, এখন পর্যন্ত কোনো অপরাধীকে গ্রেপ্তার করা হয়নি। নির্দিষ্ট অপরাধ এবং তারা স্যার, বিভিন্ন সময় গ্রামের মধ্যে ভয় দেখাচ্ছে এবং যারা খুন হয়েছে তাদের পরিবারকে ভয় দেখাচ্ছে।

(এই সময় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভার আন্ডারে কাটোয়া ব্লকের কাছে শ্রীখণ্ড ব্লক মেডিকেল হসপিটাল সেটা গত ৩৪/৩৫ বছর যাবৎ সেখানে পরিষেবা যা দেওয়া হচ্ছিল সেটা লাটে উঠেছে। সেখানে যে বিল্ডিং তৈরি হয়েছে সেটা ১০/১৫ বছরের মধ্যে বিল্ডিংটা দুর্নীতিগ্রস্তভাবে তৈরি করার জন্য বিল্ডিংটা ধ্বংস হতে বসেছে। যে কোনো সময়ে রোগী মারা যেতে পারে। হাসপাতালের ইনফ্রাস্ট্রাকচার খুব খারাপ। বাউন্ডারি ওয়াল নাই। সমস্ত গত ২০/২৫ বছরের মধ্যে ভেঙে লোপাট হয়ে গেছে। তাই আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই হাসপাতালের ইনফ্রাস্ট্রাকচার সত্বর তৈরি করা হয়, আপনার মাধ্যমে আমি সেই দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমার বিধানসভা কেন্দ্রে দীর্ঘ ৩৪ বছর ধরে একটি ধর্মদা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি বন্ধ ছিল। বর্তমান মা-মাটি-মানুষের সরকার এবং স্বাস্থ্য দপ্তরকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই ওই স্বাস্থ্যকেন্দ্রটি চালু করেছে। এবং বিস্তীর্ণ ৪/৫টি অঞ্চলের প্রায় ৫০ হাজার মানুষ উপকৃত হচ্ছে। আমি ভারপ্রাপ্ত স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আরো কয়েকজন ডাক্তার-সহ নার্স এবং গ্রুপ ডি স্টাফ দিলে আরো পরিষেবাটি ভাল হবে। ধন্যবাদ।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি কয়েকদিন আগে আলিপুর জিওলজিক্যাল গার্ডেন্সে গিয়েছিলাম পরিদর্শন করার জন্যে। এবং দেখলাম অত্যন্ত দুর্লভ কিছু প্রাণী আছে। কোটি কোটি টাকা দিয়ে সরকার তাদেরকে রাখে। সাধারণ বা স্কুলের ছেলে-মেয়েদের শেখানোর জন্য। কিন্তু যেভাবে প্লাস্টিক ব্যবহার হচ্ছে, আমি দেখলাম একটা শিম্পাঞ্জী—কয়েক কোটি টাকার—সে প্লাস্টিক খাচ্ছে। প্লাস্টিক যদি একটা শিম্পাঞ্জী খায়, তাহলে অবস্থাটা কি হবে। তাছাড়া অন্যান্য জন্তু হয়তো বাদাম-টাদাম দিয়ে ওই প্লাস্টিক ছুঁড়ে ফেলে দিচ্ছে জানোয়ারদের বিভিন্ন জায়গায়, ওই নোনতা জিনিসটাকে পছন্দ করে খেয়ে ফেলছে এবং জানোয়াররা অসুস্থ হয়ে পড়ছে। আমি অবিলম্বে দৃষ্টি আকর্ষণ করছি বনমন্ত্রীর, আপনি নিশ্চিতভাবে একটা কড়া পদক্ষেপ নিন যাতে প্লাস্টিক ব্যান্ড করা হয় এবং স্কুলের ছেলে-মেয়েরা যে যাচ্ছে ওখানে, খাওয়া-দাওয়া পিকনিক করছে, ফলে অনেক প্লেট-প্লাস্টিকের প্লেট- চলে যাচ্ছে, যেগুলো জানোয়ারদের প্রতি অত্যন্ত ক্ষতিকারক। এটা স্যার, আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ ব্যাপারে একটা ব্যবস্থা করা হয়।

ZERO HOUR

মিঃ স্পীকার : শ্রী অসিত মিত্র আপনি যতটুকুন লিখেছেন, তার বাইরে বলবেন না। আপনি স্পেশিফিক্যালি বলেছেন, তার মধ্যেই রাখুন। এটা একটা অ্যাপ্লিকেশান।

শ্রী অসিত মিত্র : স্যার আমি বাইরে কিছু বলছি না। আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার ই.সি.এস.সি. ডিপার্টমেন্টে দুইজন কর্মচারী। একজনের নাম হচ্ছে শ্রীমতী গৌরী ভট্টাচার্য এবং শ্রীমন্ত হাঁসদা। এই দুজন কর্মচারী তারা ক্যাজুয়ালে চাকরি করতেন। ডাইং-ইন-হার্নেসে তারা চাকরি পেয়েছিলেন ক্যাজুয়াল হিসাবে। পার্মানেন্ট তো হয়নি। গতকাল হঠাৎ তাদের বলে দেওয়া হয়েছে, আগামীকাল থেকে আপনারা কাজে আসবেন না। স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি বলছি যাতে করে তাদের কাজ বন্ধ করা না হয় তাদের চাকরিতে আসতে দেওয়া হয়, সেই ব্যবস্থা করার জন্য।

(এই সময় মাননীয় স্পীকার সভার কাজ বেলা ১টা ১৫ মিনিট পর্যন্ত বিরতি ঘোষণা করেন।)

(After Recess)

[1.15 – 1.30 p.m.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার : রাজ্যপালের ভাষণের ওপরে মহঃ সোহরাব প্রথমে বলবেন। যেহেতু উনি একটু বেরিয়ে যাবেন তাই উনি আমাকে অনুরোধ করেছেন ওনাকে প্রথমে দেওয়ার জন্য।

মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার ওপরে মাননীয় পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। স্যার আপনি জানেন, রাজ্যপালের ভাষণে গোটা রাজ্যের যে বাস্তব চিত্র, পলিটিক্যাল, সোস্যাল, ইকোনমিক্যাল, সমস্ত দিকটা তুলে ধরা, এই যে বাস্তব চিত্র, সেটা রাজ্যপালের ভাষণে থাকা উচিত। আমরা জানি, সরকার যেটা লিখে দেন তিনি সেটাই পড়েন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ভাষণে, বর্তমান রাজ্যে যে পরিস্থিতি চলছে, বিভিন্ন সেক্টরের কথা তিনি যেটা তুলে ধরেছেন, বাস্তবের সঙ্গে তার কোনো মিল নেই। আমি একটার পর একটা আপনার সামনে তুলে ধরতে চাইছি। প্রথমে আসি ল' অ্যান্ড অর্ডারের প্রশ্নে। এখানে মাননীয় রাজ্যপাল বলছেন 'the overall law and otder situation in the state has been broadly under control. Social evil of offences against women is being addressed and has been given the highest priority by the state administration.' Is it true, Sir ? আমরা কি দেখতে পাচ্ছি ? আজকে কাগজেই যদি আপনি দেখেন গোটা ভারতবর্ষের মধ্যে নারী ধর্ষণে পশ্চিমবাংলা আজকে প্রথম স্থান অধিকার করেছে। বলছে কে—মহিলা কমিশানের চেয়ারপার্সন। ধর্ষণে প্রথম, খুনে ষষ্ঠ স্থান অধিকার করেছে। আজকে গোটা পশ্চিমবাংলায় রুল অফ ল' বলে কোনো জিনিস নেই। কেবলমাত্র সন্ত্রাস, ভীতি। এমনকি আপনি শুনে আশ্চর্য হবেন, আমাদের কাটোয়ার যে বিধায়ক রবি চট্টোপাধ্যায়, তাকে ফোনে ভয় দেখানো হচ্ছে, কাটোয়াতে সভা করার পর

তাকে ভয় দেখানো হচ্ছে. ভীতি দেখানো হচ্ছে যে এই অবস্থার মধ্যে তোমাকে থাকতে হবে, তা নাহলে You change the party. স্যার এমনই অবস্থা। খুব ভালো বলেছেন রাজ্যপাল. মার্ডার কেসে তদন্ত করার জন্য অফিসার ঠিক করে দিয়েছেন কে—হাইকোর্ট। রাজ্য সরকারকে বলে দেওয়া হচ্ছে যে অমুক অফিসারকে তুমি তদন্তের ভার দাও। যে দময়ন্তী সেনকে পার্ক স্ট্রীটের কেসের জন্য সরিয়ে দেওয়া হয়েছিল হাই কোর্ট বলছে যে তাকেই দেওয়া হোক লাভপুরের মাটিতে যে ধর্ষণের কেস হয়েছে সেই কেস তদন্ত করার জন্য। এর চেয়ে ল' অ্যান্ড অর্ডারের সিচুয়েশানের আর কি অবনতি হতে পারে ? স্যার, আজকে পশ্চিমবাংলায় অ্যাজ পার দ্য ল' কোনো ডিজি নেই, ক্যাটের যে অর্ডার still stands. সরকার হাইকোর্টে কেস করেছেন, কিন্তু তার তো কোনো অর্ডার আসেনি। At the moment there is no DG, সরকার চালাচ্ছেন তাদেরকে দিয়ে। দুজন সিনিয়ার আই.পি.এস. অফিসারকে দিয়ে একটা রিপোর্ট করতে বলেছেন যে কী করে অ্যাডমিনিস্ট্রেশানটা চলবে ? তারা রিপোর্টে পরিষ্কারভাবে বলে দিয়েছেন প্রশাসন থেকে রাজনীতিকে মুক্ত করতে হবে। রাজনীতি-মুক্ত প্রশাসন যদি না হয় তাহলে কোনোদিনই rule of law established হতে পারে না। সুতরাং আজকে কি অবস্থা চলছে, rule of law চলছে কিনা, এটা আপনাকে আমি ভেবে দেখার জন্য অনুরোধ করব। স্যার, এরপরে আসি পঞ্চায়েত নির্বাচন সম্বন্ধে। মাননীয় রাজ্যপাল মহাশয় তার ভাষণে বলেছেন, পঞ্চায়েত নির্বাচন নাকি খুব সুন্দরভাবে হয়েছে। সেখানে আমরা কি দেখতে পাচ্ছি ? ২০০৮ সালে বামফ্রন্ট সরকারের আমলে যখন পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তখন ৪০ জন মানুষ মারা গিয়েছিল। আর এবারের পঞ্চায়েত নির্বাচনে ৬০ জন মানুষ মারা গিয়েছেন। এদিকে মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলছেন পঞ্চায়েত নির্বাচন খুব সুন্দরভাবে হয়েছে। কিন্তু এই তো তার অবস্থা। শুধু তাই নয়, ওয়ান থার্ড অফ দি টোটাল সিটে কোনো কনটেস্টই হয়নি। কারণ সেখানে কোনো ক্যান্ডিডেট তার নোমিনেশান পেপার জমাই দিতে পারেনি। সুন্দরভাবে পঞ্চায়েত নির্বাচনের এই হচ্ছে নমুনা। যেখানে পঞ্চায়েত নির্বাচনে ৬০ জন খুন হয়, ওয়ান থার্ড টোটাল সিটে নোমিনেশান পেপার সাবমিট করতে পারে না, কোনো কনটেস্টই হয় না, সেখানে আমরা কি করে বলব সুন্দরভাবে পঞ্চায়েত নির্বাচন হয়েছে। গত বিধানসভা নির্বাচনে মাত্র একজন খুন হয়েছিল, আর লোকসভা নির্বাচনে তো কোনো খুনই হয়নি সেন্ট্রাল ফোর্স ছিল বলে। মহামান্য রাজ্যপাল আরও যে বিভিন্ন কথাগুলো বলেছেন সেই ব্যাপারে বলব। এর পরে আমি স্বাস্থ্যের দিকে আসি। স্যার আজকে মাননীয় সদস্যরা যখন উল্লেখ পর্বে উল্লেখ করছিলেন—রুলিং পার্টির দিক থেকে এবং বিরোধী পক্ষের দিক থেকে—তারা সকলেই কিন্তু স্বাস্থ্যের ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে। আপনারা বলছেন স্বাস্থ্যক্ষেত্রে অনেক কাজ হয়েছে, মাল্টি স্পেশালিটি হাসপাতাল চলছে। কিন্তু আমরা যারা গ্রামে বসবাস করি আমরা জানি, ব্লক হাসপাতাল, সাব-ডিভিশনাল হাসপাতাল, জেলা হাসপাতালে এইসব জায়গায় ডাক্তার নেই, নার্স নেই, আজকে কাগজে খবর বেরিয়েছে হাসপাতালে রোগীরা খাবার পাচ্ছে না। সুতরাং এই হচ্ছে আজকে অবস্থা। একজন বলছিলেন, হাসপাতালে ডাক্তার তার নিজের ডিউটি না করে, বাইরে নার্সিং হোমে গিয়ে অপারেশান করছেন, পেশেন্টকে বলছেন তোমরা চলে যাও। এই

তো হচ্ছে স্বাস্থ্য দপ্তরের অবস্থা। আর সেখানে মাননীয় রাজ্যপাল বলছেন হেলথ ডিপার্টমেন্ট নাকি খুব ভালোভাবে চলছে। স্যার, এবারে আমি এডুকেশানে আসি। আপনারা বলেছেন এডুকেশানের ক্ষেত্রে নাকি রোড ম্যাপ তৈরি করা হয়েছে। তৈরি করা হয়েছে, ঠিক আছে। কিন্তু আমাদের রাজ্যে এমন জেলাও আছে যেখানে ৮০০ মানুষ-প্রতি একটা করে প্রাইমারি স্কুল, আবার কোন জেলাতে ১৮০০ পপুলেশান-প্রতি একটা করে প্রাইমারি স্কুল। এই যে একটা অবস্থা চলছে, এটা যদি রোড ম্যাপ করে ঠিক করা যায় তাহলে ভালো। হাই স্কুল, হায়ার সেকেন্ডারি স্কুল, প্রাইমারি স্কুল, এইসব ক্ষেত্রে একটা নৈরাজ্য চলছে। মহামান্য রাজ্যপাল হাউসে বক্তৃতা করার সময় বলছেন এক কথা, আর তিনি বিভিন্ন সময় হাউসের বাইরে অন্য কথা বলছেন। কলেজের ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে বা ম্যানেজিং কমিটির নির্বাচনকে কেন্দ্র করে যখন গণ্ডগোল হচ্ছে তখন তিনি অন্য কথা বলছেন। গত রবিবার চৌরঙ্গী স্কুলে গিয়ে মহামান্য রাজ্যপাল বলেছেন, স্কুলে কোয়ালিটি অফ এডুকেশান বলে কিছু হচ্ছে না। কারণ সেখানে কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই, ভালো শিক্ষক নেই। তাহলে কোয়ালিটি অফ এডুকেশান হবে কি করে। আজকে অসিত মিত্র টেট কেলেঙ্কারি নিয়ে বলেছেন। আপনারা প্রাইমারি স্কুল সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন থাউজেন্ড অফ টিচারস হ্যাভ বিন অ্যাপোয়েন্টেড। কিন্তু কত হাজার টিচার রিক্রুট হয়েছে এবং কিভাবে হয়েছে। এই পরীক্ষা দেবার জন্য কত লক্ষ পরীক্ষা দিয়েছিল, কত লক্ষ কোয়ালিফায়েড হয়েছে এবং কত হাজার অ্যাপোয়েন্টেড হয়েছে তা আমরা জানতে চাই। যারা অ্যাপোয়েন্টেড হয়েছে তাদের নিয়ে হাইকোর্টে এবং সুপ্রীম কোর্টে কেস চলছে। এই নিয়ে তো সুপ্রিম কার্টে, হাইকোর্টে কেস চলছে স্যার। সবাই বলছে একটা সি.বি.আই. তদন্ত হোক। এই টেট কেলেঙ্কারি, এত বড় কেলেঙ্কারি বোধহয় অন্য সমস্ত কেলেঙ্কারিকে ছাপিয়ে গেছে। সেই টেট কেলেঙ্কারির জন্য আমি আজকে মাননীয় রাজ্যপালের ভাষণে অংশ নিয়ে বলছি যে এখানে একটা সি.বি.আই. তদন্ত হোক যে এই টেটে যারা কোয়ালিফায়েড হয়েছেন কিভাবে হয়েছেন, টিচার অ্যাপোয়েন্টেড হয়েছেন, তার কোথায় দুর্নীতি, কোথায় দুর্নীতি, কারা কারা হয়েছে, কোন কোন লিডারের ছেলেমেয়েরা হয়েছে এগুলো একটা তদন্তে উঠে আসুক সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে অনুরোধ করছি।

স্যার মাধ্যমিক ক্ষেত্রেও একই রকম অবস্থা। আজকে বিভিন্ন জায়গায় বলছে যে 1:40 রেশিও হবে টিচারস্ অ্যান্ড স্টুডেন্ট। কোথাও নেই। কোথাও কোনো অ্যাপোয়েন্টমেন্ট হচ্ছে না। স্কুল সার্ভিস কমিশনে কত রকমের, নানা রকমের গণ্ডগোল। একজনকে সরিয়ে যাকে নিয়ে এলেন সে ৪৭ হাজার টাকার মোবাইল কিনে নিল স্কুল সার্ভিস কমিশনের টাকাতে। সে আবার আর এক জায়গাতে ২ লাখ টাকা ডোনেশান দিয়ে দিল স্কুল সার্ভিস কমিশনের টাকা। If this being the position, তাকে আবার সরে যেতে হল। আর একজনকে নিয়ে এসেছেন। তাহলে এই যদি পজিশান হয়, আজকে মাধ্যমিক শিক্ষা অভিযান, সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা, সরকারকে বলা হচ্ছে যে তুমি স্পনসর করো। সরকার করতে রাজি হয়েছে, যে স্পনসর করব এডেড স্কুল থাকবে না। কিন্তু আজ পর্যন্ত যে কিভাবে অর্গানাইজিং কমিটিগুলো হবে, গভর্নমেন্ট এখনো পর্যন্ত কোনও সার্কুলার দেয়নি। কোনও

গভর্নমেন্ট অর্ডার বেরোয়নি যে কিভাবে এই কমিটিগুলো তৈরি হবে। অন্যান্য রাজ্যের তুলনায় এবং সেটা, in parity with the central government order হচ্ছে কিনা, স্যার এগুলো কে দেখবে। সর্বক্ষেত্রে এই একটা নৈরাজ্যের সৃষ্টি হচ্ছে।

স্যার, এরপরে আমি আসি, আপনি দেখে আশ্চর্য হবেন যে পশ্চিমবাংলায় কি ইরিগেশান, অ্যান্টি ইরোশান, ফ্লাড কন্ট্রোল এগুলো কোনো কিছুর প্রয়োজন নেই ? পশ্চিমবাংলায় কি বন্যা হয় না ? পশ্চিমবাংলাতে কি গঙ্গা-পদ্মার ভাঙন হচ্ছে না ? মালদা, মুর্শিদাবাদ, নদীয়ায় সমস্ত ভাঙনে কি অবস্থা হচ্ছে কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে একটা ওয়ার্ডও নেই ইরিগেশান, অ্যান্টিইরোশান বা ফ্লাড কন্ট্রোল নিয়ে, এ এক তাজ্জব ব্যাপার। যেখানে এত বড় একটা প্রবলেম, গঙ্গা-পদ্মার, ওদিকে কান্দি—কান্দি মাস্টারপ্ল্যান, কেলেঘাই - কপালেশ্বরী এগুলো কোথায় ? কিভাবে কি হচ্ছে ? এ সম্বন্ধে nothing has been mentioned in the Governor-s speech সুতরাং আমি এই জিনিসটা আপনার সামনে তুলে ধরার চেষ্টা করছি।

স্যার, next coming to the point of minority. মাইনরিটিতে আপনি বলছেন, যখন এই সরকারের এক বছর হয় তখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে ৯০ ভাগ মাইনরিটিদের জন্য যা প্রতিশ্রুতি দিয়েছিলাম করে দিয়েছি। আজকে প্রায় তিন বছর হতে চলল, তাহলে বাকি ২ বছর কি হল ? তাহলে ১০০-র বেশি হয়ে গিয়েছে বোধহয়। স্যার, তাহলে এই যে অবস্থাটা হচ্ছে, ১০ হাজার মাদ্রাসা প্রতিষ্ঠা করার কথা ছিল। কোথায় সে মাদ্রাসা ? তিনি বলছেন যে উর্দু স্পিকিং যেখানে আছে উর্দু মিডিয়াম্‌স স্কুল হবে। কতগুলো উর্দু মিডিয়াম স্কুল তৈরি হয়েছে ? কোথায় হয়েছে ? আমি আপনার মাধ্যমে এটা জানতে চাইছি। স্যার মাইনরিটিসদের ক্ষেত্রে বলা হচ্ছে যে multi-sectoral development programme। তো আমি জানতে চাইছি, যে এটা কি স্টেট গভর্নমেন্টের ? না প্রধানমন্ত্রীর যে ১৫ দফা কর্মসূচি সংখ্যালঘু সংক্রান্ত নিয়েছেন তার মধ্যে এটা আছে। ওখানে আছে কেন্দ্রীয় সরকারের স্কীম। কিন্তু এইটা যে প্রধানমন্ত্রীর ১৫ দফা কর্মসূচির মধ্যে সেটা মেনশান করার কি খুব একটা প্রয়োজন ছিল না ?

স্যার, এর পরে, অন্যান্য যে সমস্ত কথাগুলো বলা হচ্ছে কিষাণ ক্রেডিট কার্ড, কন্যাশ্রী, সবার ঘরে আলো, সকলের জন্য পানীয় জলের ব্যবস্থা। এগুলো কি কেন্দ্রীয় সরকারের প্রকল্প নয় ? আমরা জানি যে ফেডারাল স্ট্রাকচারে কেন্দ্রীয় সরকারের টাকা থ্রু স্টেট গভর্নমেন্টে আসে। কিন্তু এগুলোকে মেনশান করাটা উচিত ছিল না যে এগুলো কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প সেই প্রকল্পগুলো স্টেট গভর্নমেন্ট তারা ইমপ্লিমেন্ট করছে। স্টেট গভর্নমেন্টের কিছু যেমন জেলা পরিষদে যায়, পঞ্চায়েত সমিতিতে যায়।

[1.30 – 1.40 p.m.]

সেই রকম সেন্ট্রাল গভর্নমেন্টের যে স্কীমগুলো নেওয়া হয়, সেই স্কীমগুলো অনেক স্কীম স্টেট গভর্নমেন্ট কিছু execute করে, implement করে। কিন্তু মেনশান করা না

অপরাধ. মেনশান করাটা কেন হল না ? এটা করা কি উচিত, অনুচিত। স্যার, আমি আপনার থ্রু দিয়ে মাননীয় মন্ত্রীসভার কাছে, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমি জানতে চাইছি। স্যার আর একটি কথা বলি, employment bank, employment bank-এর কথা বলা হয়েছিল, কিন্তু তার মধ্যে বলা হয়নি তার মাধ্যমে কত জন চাকরি পেয়েছেন ? আজকে পুলিশ প্রশাসনে ৫৬ হাজার পুলিশ constable দরকার, ওই রিপোর্টে বলেছেন। তার মধ্যে কিছু civic police—এ আবার কোন জিনিস ? তার কত টাকা বেতন ? কত দিন থাকছে ? কত দিন থাকছে না তার কোনো পাত্তা নেই। Civic police নিয়ে বলা হচ্ছে যে, আমরা appointment দিয়েছিলাম। স্যার, এগুলো কি ভাবে appointment হচ্ছে ? Industrial sector, industrial sector-এর সম্বন্ধে আমি বলতে চাইছি, স্যার এখানে বলছেন যে industrial sector-এ মাননীয় পার্থবাবু আছেন এখানে, It is estimated that the total industrial investment implemented and proposed for the state, covering all sectors including large, medium small and micro, power, mining etc. - ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা। It is a proposal. যাবতীয় যা কিছু industrial sector-এ বলা হচ্ছে, কত টাকা invested হল—সেই সম্বন্ধে কোনো উল্লেখ নেই। Proposal-এ ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা। ১ লক্ষ ২০ হাজার টাকার মধ্যে কতটা তার large scale-এ। কিন্তু কত টাকা actually investment হল ? Proposal তো আসতে পারে বহু, এসেছে। কিন্তু how much money has been invested ? এই কথা স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। সুতরাং এটা হাউসকে তথা রাজ্যবাসীকে একটা ধাঁওতা দেওয়া হচ্ছে যে, আমরা এ কাজ করেছি, এই কাজ আমরা করতে চাইছি। সুতরাং এই জন্যেই আমি বিরোধিতা করছি। স্যার, আর একটা কথা বলতে চাই, আজকে সারদা scam। এই যে সারদা scam—২৬ হাজার কোটি টাকা involved। তার জন্য একজন পচছে জেলে, রাজ্যসভার মাননীয় সদস্য—আমি তার নাম করছি না। স্যার এই সারদা scam নিয়ে হাইকোর্টে কেস চলছে, সুপ্রিম কোর্টে কেস চলছে, অন্যান্য যে সমস্ত রাজ্য ঝাড়খণ্ড, আসাম—এরা বলছে, সি.বি.আই. enquiry হোক। আর পশ্চিমবঙ্গ-এর রাজ্য সরকার সুপ্রিম কোর্টে বলছে যে—না, আমরা সি.বি.আই. চাই না। Then what is their duty ? তাহলে এটাতে কি সরষের মধ্যে ভূত আছে ? এর গলদটা কোথায় ? আমরা জানি মাননীয়া মুখ্যমন্ত্রী স্বচ্ছ, honest, sincere সব কিছু সততা, পশ্চিমবাংলার মানুষ তাঁকে বিশ্বাস করে বামফ্রন্টের রাজত্বের অপশাসনের বিরুদ্ধে তাঁকে ভোট দিয়েছে। কিন্তু আজকে কোথায় স্বচ্ছতা ? তার নিজের স্বচ্ছতা প্রমাণ করার জন্যই that I am honest, সেটা প্রমাণ করার জনাই তার সি.বি.আই. তদন্ত করা উচিত ছিল। এর আগে বিভিন্ন সময় তিনি সি.বি.আই. তদন্ত দাবি করেছেন। কিন্তু আজকে নিজে তিনি দাবি করছেন না কেন ? তার বিরোধিতা করছেন কেন ? এর মধ্যে কোথায় এর গলদ আছে ? কোথায় এর ত্রুটি আছে ? কেন এই জিনিসটা হচ্ছে না ? আজকে পশ্চিমবঙ্গের মানুষ তার মধ্যে রয়েছে। তার মধ্যে আবার আর একটা মজার এ সম্বন্ধে বলছেন, মাননীয় রাজ্যপাল I am happy that my

Government has come forward to provide assistance to over two lakh thirty seven thousand affected small investors of the State who had lost their savings in the Saradha scam. মজার ব্যাপার স্যার। সারদার যারা টাকা মারল, যারা চুরি করল, যারা ডাকাতি করল—যারা ক্ষতিগ্রস্ত হল তাদের কে টাকা দেবে ? মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ৫০০ কোটি টাকার আমি একটা ফান্ড তৈরি করব। আপনাদের আমাদের সকলের, জনগণের যে টাকা সেখান থেকে টাকা তৈরি হবে, সেই টাকা যাবে। ৫০০ কোটি টাকার মধ্যে কত কোটি হল, কত টাকা দেওয়া হল এবং এই টাকা জনগণের টাকা থেকে দেওয়া হবে কেন ? ওদের কাছ থেকে ওদের যে সম্পত্তি আছে সেখান থেকে আদায় করার ব্যবস্থা করা হোক। একটা কমিশন হয়েছে, সেই কমিশনের কি কাজ ? কোথা থেকে টাকা দেবে। সুতরাং সার্বিক এই সারদা স্ক্যামের ব্যাপারটা নিয়ে একটা সি.বি.আই. তদন্ত না হয় তাহলে সমস্ত জিনিসটা বার হয়ে আসবে না স্যার। সেই জন্য আমরা বলছি সারদা স্ক্যামের যে জিনিসটা হচ্ছে সেটা নিয়ে একটা সি.বি.আই. তদন্ত হোক। স্যার, আর একটা জিনিস দেখুন গভর্নর অ্যাড্রেসে সব সময় থাকে গভর্নমেন্ট ইজ ওকে। মাই গভর্নমেন্টে ইজ ডুইং সাচ অ্যান্ড সাচ থিং। ইট ইজ ওকে। কিন্তু আমরা দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি যে, ১০ বার ব্যক্তিগতভাবে মুখ্যমন্ত্রীর নাম আছে। এটা স্যার, একটা যেন ঠিক not befitting। মুখ্যমন্ত্রী ঠিক আছে, তিনি হেড অফ দি গভর্নমেন্ট। ঠিক আছে। কিন্তু ১০ বার মুখ্যমন্ত্রী-মুখ্যমন্ত্রী-মুখ্যমন্ত্রী, I think it is not befitting এই হাউসের পক্ষে। স্যার, আর দু-একটা কথা বলার জন্য পুরাতন দিকে যাই। আজকে যদি আপনি কাগজে দেখেন স্যার,—এবার আমি ল অ্যান্ড অর্ডার দিয়ে শেষ করছি— যে প্রতিবন্ধীকে গণধর্ষণ। আজকে বিভিন্ন জায়গায় যে গণধর্ষণ হচ্ছে—প্রত্যেক দিন—একজন প্রতিবন্ধীকে গণধর্ষণ করে তাকে ছাদের উপর থেকে ফেলে দিল। সেখানে বলছে....

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ ওনাকে শেষ করতে দিন। প্লিজ ওনাকে বলতে দিন আপনারা, ইনটারাপ করবেন না।

শ্রী মহম্মদ সোহরাব : একজন তৃণমূল কাউন্সিলার, এর আগে স্যার লাভপুরে সালিশি হয়েছে, বিচার করেছে। তার বিরুদ্ধে কোর্ট বলেছে, গোটা পশ্চিমবাংলার মানুষ ক্ষুব্ধ হয়েছে, সবাই বলেছে সালিশি করে এই জিনিসটা হয় না। আজকে এখানেও আমরা দেখছি স্যার, এই যে ডানকুনিতে গণধর্ষিতা হয়েছে যে মহিলা তার বিচারের ব্যাপারে বলছে সালিশি করে মিটিয়ে দাও। এবং সেখানে সেই লিডারশিপটা কে নিল ? একজন কাউন্সিলার। আমি যেটা বলতে চাইছি...

(এ ভয়েস : অ্যারেস্ট হয়েছে)

আরে ঠিক আছে। কিন্তু যে অ্যাটেম্পট, এই যে সালিশি, সালিশি করার জন্য যে অ্যাটেম্পট, এটাই তো চেক করতে হবে। লাভপুরে অ্যারেস্ট হয়েছে। এই যে বলছে সবাই, আমি যেটা

প্রথমে বলেছিলাম যে, যে কোনো রাজ্যের তার দুটো কাজ থাকে, যে কোনো সরকারের দুটো কাজ, to establish rule of law আর একটা হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন, ইকনমিক ডেভলপমেন্ট। রুল অফ ল' কোথায় যে তলানিতে ঠেকেছে গোটা ভারতবর্ষের ক্ষেত্রে, আমাদের মুখে লজ্জা। পশ্চিমবাংলার যে সংস্কৃতি—একটা কথা কেবল ভালো বলেছেন স্যার, যে এখানে communal harmony আছে। এটা সরকারের কোনো কৃতিত্ব নয়, এটা পশ্চিমবাংলার মানুষের, এই যে জাগ্রত মানুষ, সংস্কৃতিসম্পন্ন মানুষ পশ্চিমবাংলায়, তাদের জন্যই পশ্চিমবাংলায় কোনো communal riot হয়নি। এটা মাননীয় রাজ্যপাল বলেছেন, I appreciate it. It is not the credit of the government ; the credit goes to the people of West Bengal। সুতরাং স্যার, বাকি যে সমস্ত বিভিন্ন সেক্টরে বিভিন্ন দপ্তরে যে কথাগুলো মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মাধ্যমে বলেছেন সেইগুলো সত্যের অপলাপ। এইগুলো একদম উল্টোভাবে কথা বলা হয়েছে। সেই জন্যই এই যে প্রস্তাব নিয়ে এসেছেন মাননীয় পার্থবাবু গভর্নর অ্যাড্রেসের উপরে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[1.40 – 1.50 p.m.]

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার কথা বলছি। আমার আগেই কংগ্রেস পরিষদীয় দলের নেতা মহঃ সোহরাব সাহেব কিছু কথা বললেন। আমি আমার বক্তব্য শুরু করার আগে সোহরাব সাহেবের কাছে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাইছি। সোহরাব সাহেব নারী-নির্যাতনের কথা বলেছেন, ল' অ্যান্ড অর্ডারের কথা বলেছেন। বাংলার ল' অ্যান্ড অর্ডার খারাপ, বাংলার নারী নির্যাতন খারাপ অবস্থায় আছে। এখানে অত্যাচার সংঘটিত হচ্ছে। সুভাষবাবু চিৎকার করে বললেন, প্রতিদিন হচ্ছে। বাংলার মেয়েদের উপর অত্যাচারের জন্য সুভাষবাবুদের বিবেক কাঁদছে। সত্যি কথা, কাঁদা উচিত। কিন্তু সুভাষবাবুকে আমি জিজ্ঞাসা করছি। বাণতলার বুকে যেদিন অনিতা দেওয়ান ধর্ষিতা হয়ে খুন হলেন, যখন তখনকার মুখ্যমন্ত্রী বললেন এমন ঘটনা তো কতই ঘটে, তখন সুভাষবাবুদের বিবেক কেঁদেছিল কিনা আমি জানি না। যখন সুভাষবাবুর বাড়িতেই তাঁর ভাইপোর স্ত্রীকে পুড়িয়ে মারা হল তখনও সুভাষবাবুর হৃদয় কেঁদেছিল কিনা আমি জানি না। যখন সিঙ্গুরের বুকে তাপসী ধর্ষিতা হয়ে খুন হল। তখন সোহরাব সাহেবের মনে কি এসেছিল আমার জানা নেই। যখন রাধারাণী আরি, ধর্ষিতা মা রাধারাণী আরি পি.জি হাসপাতালের বিছানায় শুয়ে চিৎকার করে বললেন আমি আর কতবার ধর্ষিতা হব তোমার দলের কমরেডদের হাতে মাননীয় মুখ্যমন্ত্রী, তখনকার মুখ্যমন্ত্রীকে বলেছিলেন, তখন সোহরাব সাহেব বা সুভাষবাবুদের হৃদয় কেঁদেছিল কিনা আমার জানা নেই। সুভাষবাবু চিৎকার করছেন করুন। বাণতলার ঘটনার দোষী ব্যক্তিরা শাস্তি পেলে কোন জেলে আছে, একটু জানাবেন কি ? সুভাষবাবু, আপনি কি বলতে পারবেন ঘোকসাডাঙার ধর্ষণকারীরা

কোন জেলে আছে, আমাদের কি জানাতে পারবেন ? সুভাষবাবু, আপনি কি বলতে পারবেন রাধারাণী আরি এবং আক্রোজা বেগমকে যারা ধর্ষণ করেছিলেন সেই দোষীরা কোন জেলে আছে, আপনি কি আমাদের জানাতে পারবেন ? কিন্তু আমরা বলতে পারব সুভাষবাবু, মধ্যমগ্রামের আসামীরা জেলে আছে, আমরা বলতে পারব সুভাষবাবু দমদমের আসামীরা জেলে আছে, আমরা বলতে পারব সুভাষবাবু যে, আমাদের দলের মানুষ হলেও সেই কাউন্সিলরকে অ্যারেস্ট করা হয়। আপনাদের আমলে এগুলো ঘটেছিল কিনা আমি বিনীত ভাবে জানতে চাইছি। মহঃ সোহরাব সাহেবের কাছে আমার বিনীত ভাবে আবেদন সেদিন আপনারা চুপ করে ছিলেন নাকি আওয়াজ তুলেছিলেন আমার জানতে ইচ্ছা করছে। সুভাষবাবু, সোহরাব সাহেব বলেছেন পঞ্চায়েত ইলেকশান বলে ভোটের সময় ওয়ান থার্ড আসনে প্রার্থী দেওয়া যায়নি। হ্যাঁ, সোহরাব সাহেব,- প্রার্থী দিতে পারেননি আপনারা। কিন্তু সোহরাব সাহেব আপনার কাছে আমি বিনীতভাবে জিজ্ঞাসা করছি এর আগে কোনোদিন কোনো পঞ্চায়েত নির্বাচনে গ্রামে গণ্ডগোল হলে পরে এস.ডি.ও. অফিসে নমিনেশন দিয়ে যাবার সুযোগ আগের সরকাররা দিয়েছিল কিনা ? সোহরাব সাহেব, আমি আপনাকে বিনীত ভাবে জিজ্ঞাসা করছি, আপনি আমার নমস্য মানুষ। আপনার কাছে বিনীতভাবে জিজ্ঞাসা করছি অন লাইনে নমিনেশান জমা দেওয়া যাবে, এই কথা আগের মন্ত্রীসভার কোনো মন্ত্রী বা আগের নির্বাচন কমিশনের মানুষজন বলেছিলেন কিনা ? আমি সোহরাব সাহেব আপনাকে জিজ্ঞাসা করছি যে আপনার কি এগুলো ভালো লাগেনি ? আপনার কি এগুলো পছন্দ হয়নি ? আমি আপনাকে জিজ্ঞাসা করছি। আপনি এই বিধানসভার বহু পুরনো দিনের সদস্য। আপনি অনেক ইতিহাসের সাক্ষী আছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি এই ভালোগুলোকে একটু ভালো বলুন না। ভালো কাজগুলোকে একটু ভালো বলুন। খারাপ কাজের সমালোচনা করুন। ভালো না হওয়া কাজের সমালোচনা করুন। আরেকটা কথা সোহরাব সাহেব আপনি বলেছেন এটা আমি জানি না, আমার যতদূর ধারণা সেই অনুযায়ী আমি বলছি, ১০ হাজার মাদ্রাসা প্রতিষ্ঠার কথা বলেছেন। আমার মনে হয় বলাটা বোধ হয় একটু ঠিক হয়নি। ১০ হাজার অস্বীকৃত মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়ার কথা মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন। আমি আপনাকে জানাচ্ছি এখনও অবধি এই অস্বীকৃত মাদ্রাসারা, যারা অ্যাপ্লাই করেছেন, বোধ হয় সংখ্যাটা ২৭৬। তাদের অন্য জায়গা থেকে, কেন্দ্রীয় সরকার থেকে সাহায্য আসে, গ্র্যান্ট আসে। সেগুলো দেবার জন্য নাম পাঠানোর ব্যবস্থা হয়েছে। সুতরাং কাজ হচ্ছে না, তা নয়। আপনার এই কথাগুলোর মধ্য দিয়ে আপনাকে আপনি বলেছেন, টেট কেলেঙ্কারির কথা। আপনি জানতে চেয়েছেন, কতজন মন্ত্রীর ছেলে, বউ, বউমা চাকরি পেয়েছেন। আমি একটা কথা বলছি, মন্ত্রীর ছেলে হলেই চাকরি পেতে পারবে, যোগ্যতা থাকবে না ? মন্ত্রীর স্ত্রী যোগ্যতাসম্পূর্ণ হলেও চাকরি করতে পারবে না ? এগুলি শুধু মাত্র মন্ত্রীর ছেলে-মেয়ে বলে তারা জীবনে কোথাও চাকরি পেতে পারবে না ? একটুখানি আমার মনে হয়, এই কথাগুলো বলার আগে এটাও ভাবা উচিত ছিল আপনার মতো একজন বর্ষীয়ান বিধায়কের। যাই হোক, অনেক কথা অনেক কিছু বলতে গেলে আসল কথাগুলোই বলা যাবে না। কারণ, মাননীয় রাজ্যপাল মহোদয় যে কথা

বলেছেন—সে দিন দেখলাম প্রাক্তন মুখ্যমন্ত্রী ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়ে চিৎকার করে বক্তৃতা দিচ্ছেন—আঠারো মিনিটের বক্তৃতা. তার মধ্যে বলেছেন যে, পশ্চিমবাংলায় একটাও হাসপাতাল হয়েছে আড়াই বছরে ? না, পশ্চিমবাংলায় একটাও কলেজ হয়েছে আড়াই বছরে ? না, বলে তিনি হাততালি কুড়িয়েছেন। কিন্তু আমি আপনাদের কাছে জানাচ্ছি, পশ্চিমবাংলায় বি.আর.জি.এফ. প্রকল্পে ব্যাকওয়ার্ড ডেভেলপমেন্ট ফান্ড অনুযায়ী ৩৪টি সুপার স্পেশালিটি হাসপাতালের কাজ শুরু হয়েছে আর নন-বি.আর.জি.এফ প্রকল্পে ন-টা সুপার স্পেশালিটি হাসপাতাল শুরু হয়েছে। সেই ন-টার মধ্যে একটা আমার বিধায়ক পার্থ ভৌমিক আছেন তার নৈহাটিতেও তার কাজ শুরু হয়েছে। সুতরাং, মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী যখন বলছেন চিৎকার করে যে, একটাও হাসপাতাল হয়েছে কিনা। আমি এখানে বিরোধী দলনেতা আছেন আমি তাকে অনুরোধ করব যে, মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী যখন বলছেন তাকে একবার অনুরোধ করবেন—বেশি দূরে নয়. উত্তর দমদম বিধানসভা কেন্দ্রে কল্যাণী রোডের ধারে ১০ বেডের একটা হাসপাতাল তৈরির কাজ শুরু হয়েছে। মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্মীদের জাগিয়ে তোলার জন্য যখন আওয়াজ তুলছেন কিছু হয়নি বলে, তখন এটা ভাবা উচিত, একটা হাসপাতাল তৈরি করতেও ইট গাঁথতে হয় এবং সেটা করতে গেলে কতদিন সময় লাগে ? শুধু নেই নেই, শুধু হয়নি বলে চিৎকার করে যারা পার পেতে চাইছেন তাদের কাছে স্বাস্থ্য দফতরের কাজ, শুধু স্বাস্থ্য দফতরের কাজ যদি এখানে আমি বলতে শুরু করি তাতেই অনেক সময় চলে যাবে। অনেক সময় চলে যাবে। আপনারা কোনোদিন ভেবেছিলেন ? মাননীয় সূর্যবাবু আপনি তো এখন বিরোধী দলনেতা, আপনি মন্ত্রীসভার সদস্য ছিলেন। সুশান্তবাবু বসে আছেন, দীর্ঘদিনের মন্ত্রী ছিলেন। সুভাষবাবু বসে আছেন, দীর্ঘদিনের মন্ত্রী ছিলেন। ২০১১, ২০১২ এক বছরে পশ্চিমবাংলায় সরকারি হাসপাতালে বেডের সংখ্যা বৃদ্ধি পেয়েছিল ৫ হাজার ২৮৯। আর, ২০১২-১৩ সালে বাংলায় সরকারি হাসপাতালে আসন সংখ্যা বা বেডের সংখ্যা বৃদ্ধি পেয়েছিল ৩৫০৭। এগুলি কি কিছু না হওয়ার উদাহরণ ? আমি জিজ্ঞাসা করছি, আপনাদের মাথা থেকে কোনোদিন এসেছিল ? আমি সব জায়গাতে বলি, ভারতবর্ষে অনেক পণ্ডিত মুখ্যমন্ত্রী হয়েছেন বিভিন্ন রাজ্যে। ভারতবর্ষে অনেক দেশবরেণ্য মানুষ প্রধানমন্ত্রী হয়েছেন। ভারতবর্ষে অনেক পণ্ডিত, জ্ঞানী মানুষ মন্ত্রী হয়েছেন। কিন্তু কারও মাথা থেকে এসেছিল তখনও ? সূর্যবাবু আপনিও ভাবতে পেরেছিলেন যে, ফেয়ার প্রাইস শপের মধ্য দিয়ে পশ্চিমবাংলায় গরিব মানুষদের ৬০ থেকে ৭২ শতাংশ কমিশনে কম দামে ওষুধ বিক্রি করার সুযোগ দেওয়া যায়। আমার ব্যারাকপুরে যেখানে রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে বলেছেন, ৬০টি ফেয়ার প্রাইস শপ চালু হয়েছে। আমার মনে হয় যেদিন গভর্নর সাহেব বক্তব্য দিয়েছেন সেদিন অবধি তার হিসাব ছিল ৬০টি। কিন্তু তাঁর বক্তৃতা লেখার পরবর্তীকালে ৬১তম ফেয়ার প্রাইস শপ আমার ব্যারাকপুর বি.এন. বোস হাসপাতালে শাখা শুরু করেছে। যার কমিশনের হিসাবটা হচ্ছে ৭২.৬ শতাংশ। মানে, একশো টাকার ওষুধ কিনতে গেলে পরে ২৭ টাকা ৪০ পয়সায় সেই ওষুধটা গরিব মানুষ কিনতে পারবে। এই ভাবনাটা ভারতবর্ষের কোনো মানুষের মাথা থেকে এসেছে ? আমি জিজ্ঞাসা করছি আপনাদের কাছে, আমি জিজ্ঞাসা করছি আপনাদের

কাছে যে, পশ্চিমবাংলায় বোধ হয় ৪৫টি হাসপাতালে ফেয়ার প্রাইস ডায়াগোনেস্টিক সেন্টার, আমার ব্যারাকপুর বি.এন. বোস হাসপাতাল পেয়েছে সেটা। যেখানে এম.আর.আই ফেয়ার প্রাইসে সস্তায় করা যাবে। যেখানে ডিজিটাল এক্সরে সস্তায় করা যাবে।

[1.50 – 2.00 p.m.]

আপনারা কেউ ভাবতে পেরেছিলেন যে, কিডনির রোগে আক্রান্ত ব্যক্তির ডায়ালিসিস সস্তায় করা উচিত ? যিনি ভাবলেন তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায়। যিনি এই কাজটা ত্বরান্বিত করছেন তিনি আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এই মাসেই আমার বি.এন. বোস হাসপাতালে ডায়ালিসিস ইউনিট চালু হচ্ছে। এগুলো কাজ নয় ? এগুলো দেখতে পাচ্ছেন না ? আসল কথা কী জানেন তো মাননীয় অধ্যক্ষ মহোদয়, পৃথিবীতে অনেক রকমের পাখি আছে। টিয়া পাখির সামনে লাল লঙ্কা দেবেন সুন্দরভাবে খাবে, লাল ফল দেবেন সুন্দরভাবে খাবে। আরেকটা পাখি আছে আকাশের অনেক ওপর দিয়ে ওড়ে। মাটিতে যদি আপনি চন্দননগরের সেরা তালশাঁস সন্দেশ এনে পথে মেলে দেন তাহলেও ওই পাখিরা নিচে নামবে না। কিন্তু একটা মরা গরু ফেলে রাখুন, একটা মরা কুকুর ফেলে রাখুন ওপর থেকে নিচে নেমে আসবে। দুটোই পাখি। কিছু মানুষ ভালো জিনিস দেখতে পান না। আর, কিছু মানুষ ভালোটা খুঁজে নেন। এটাই পার্থক্য। এর জন্য দুঃখ করে লাভ নেই। পশ্চিমবাংলায় non-bedded hospital ১০ বেডের করা হয়েছে। '১১-'১২ সালে ৭২টা, '১২-'১৩ সালে ১১২টা। BPHC Hospital-কে Rural Hospital-এ পরিণত করা হয়েছে। '১১-'১২ সালে ৬৮টা, '১২-'১৩ সালে ৭৬টা। Critical Care Unit. ৬টা। পশ্চিমবাংলায় ৬টা চালু হচ্ছে। ৬টা চালু হয়ে গেছে। আর, ৬টা এই জুলাই মাসের মধ্যে চালু হবে। এগুলো কোনো কাজ নয় ? পশ্চিমবাংলায় ১৯৮টা SNSU এবং পশ্চিমবাংলায় ৩৯টা হাসপাতালে SNCU চালু হয়েছে। আপনাদের ৩৪ বছর, তার আগেও যে সরকার, সব মিলিয়েও বাংলায় ৬টা হাসপাতালে SNCU ছিল। এই আড়াই বছরে ৩৯টা হাসপাতালে SNCU হল। SNSU একটাও হাসপাতালে ছিল না, ১৯৮টা হাসপাতালে SNSU চালু হল। এগুলো কী কোনোটাই কাজ নয় ? এগুলো কী দেখা যাচ্ছে না ? এগুলো কী চোখে পড়ছে না ? এই জিনিস আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে বলতে চাই যে, এই কাজগুলো যাঁরা চোখে দেখতে পাচ্ছেন না দুর্ভাগ্য তাঁদের। তাঁদের চোখ বন্ধ হয়ে রয়েছে। ফলে আমাদের কিছু করার নেই। স্বাস্থ্য দপ্তরের কাজের কথা বললাম।

এবার শিক্ষা দপ্তরে আসি। সোহরাব সাহেব বলেছেন শিক্ষায় কাজ হচ্ছে না। সোহরাব সাহেব বলেছেন, ওনারাও বলবেন শিক্ষায় কী কাজ হচ্ছে। পশ্চিমবাংলায় ৬টা ইউনিভার্সিটি। এর আগে কতগুলো ছিল ? স্বাধীনতার আগে ১৮৫৭ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় শুরু হয়েছিল। '৭৪ সাল অবধি কতগুলো ইউনিভার্সিটি ? আর তার পরবর্তীকালে কিছু ইউনিভার্সিটি নিশ্চয় বামফ্রন্ট আমলে হয়েছে ল-ইউনিভার্সিটি হয়েছে। কিন্তু কেউ ভাবতে পেরেছেন আড়াই বছরের মধ্যে 'কাজী নজরুল বিশ্ববিদ্যালয়' চুরুলিয়ায়,

'পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়' কোচবিহারে. বাঁকুড়ায় বিশ্ববিদ্যালয়. একটা প্রাইভেট বিশ্ববিদ্যালয়. টেকনো ইন্ডিয়া, একটা বিশ্ববিদ্যালয় বাঁকুড়ায়. আরো একটা বিশ্ববিদ্যালয়ের বিল মনে হয় এই অধিবেশনেই পেশ হবে। 'সীকম ইউনিভার্সিটি' বীরভূমে। আরেকটা বিশ্ববিদ্যালয়। যাঁরা নারীমুক্তি আন্দোলনের কথা বলেন. যাঁরা নারীদের এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলেন. আমরা এক সময় বলতাম. মহামতি গোখেল বলেছেন 'what Bengal thinks today India thinks tomorrow.' কিন্তু আমরা দেখলাম যে নারী মুক্তি আন্দোলনের কথা বলা লোকগুলো বোধহয় ভুলে গিয়েছিলেন এই ব্যাপারটা। কারণ মহারাষ্ট্র আমাদের আগে করে ফেলেছিল শুধু মহিলাদের জন্য একটা বিশ্ববিদ্যালয়। আড়াই বছরে ডায়মন্ড হারবারে আমাদের সেই পাপ দূর করে দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী একটা বিশ্ববিদ্যালয় তৈরি করতে গেলেন। এগুলো কোনোটাই কাজ নয় ? আমি জিজ্ঞাসা করছি এখানকার, এই হাউসের মানুষজনের কাছে। এই কাজগুলো ওনারা দেখতে পাচ্ছেন না। এই কাজগুলো ওনাদের চোখের সামনে ভেসে উঠছে না।

অনেক কথা বলার ছিল। স্যার, একটা অদ্ভুত ব্যাপার হচ্ছে, এর আগে যখন রাজনৈতিক মানুষ হিসাবে বক্তৃতা দিতে যেতাম তখন 'এরা এটা করেনি. ওরা ওটা করেনি' এই বলতেই সময় চলে যেত। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রীর আড়াই বছরের শাসনে তিনি যা কাজ করেছেন সেগুলো বলতে গেলেই সারাদিন চলে যায়, তারা কী করতে পারেনি বা তারা কী করতে পেরেছে সে কথায় ঢোকার সময় থাকছে না। তাই অনেক কথা বলার থাকলেও সব বলে উঠতে পারলাম না। বাকিরা নিশ্চয় বলবেন। আমি আবার মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

....(গোলমাল)....

শ্রী সুভাষ নস্কর : স্যার, এই দেখুন স্যার, শুরুতেই, আমাকে বলতে দিন, ওরা আমাদের গান গাইতে দেয় না .....(গোলমাল)....

মিঃ স্পীকার : ওনাকে বলতে দিন। প্লিজ ওনাকে বলতে দিন। আপনি বলুন।

শ্রী সুভাষ নস্কর : শুরুই করলাম না, ওরা শুরু করে দিল। এই মহতী বিধানসভায় যে দলিলটা রেখেছেন মহামান্য রাজ্যপাল—এটা তো একটা ঐতিহাসিক সন্ধিক্ষণে রেখেছেন স্যার। এটা তো কেউ অস্বীকার করবেন না। কিন্তু এটা সবাই জানেন—ওই দিকের বেঞ্চ থেকে যা যা লেখা হয়, যা পড়ানো হয়, মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে এই দলিলে তাই থাকে। কিন্তু এত নির্লজ্জের মতো অসত্য কথা লিখলেন—লজ্জা হয়, লজ্জা হয়। কি অসত্য কথা দেখুন। অসত্য লিখতে লিখতে প্রথম লাইনে লিখে ফেললেন বর্তমান বিধানসভার সদস্য শ্রী পীযূষ তিরকের প্রয়াণে আমি শোকপ্রকাশ করছি। স্যার, এই হাউসে 'পীযূষ তিরকে' এই নামে কোনো সদস্য ছিলেন ? যিনি প্রয়াত হয়েছেন। আসলে তা নয় স্যার। ওরা 'তিরকে' ঘোড়া কিনেছে, সেই ভূত দেখছে। 'তিরকে' নামে একটা ঘোড়া কিনেছে কোটি টাকা দিয়ে, সেই ভূত দেখছে। এখানে ঢুকে গেছে। স্যার অদ্ভুত ব্যাপার। আর একটা

কথা—এ বেশি বলা উচিত নয়—একটা নির্দিষ্ট দিনে শোকজ্ঞাপনের দিনে চলে গেলেন, মাননীয় মহতী সভা যারা বর্ধন করছেন মন্ত্রী মহোদয়রা নতুন ক্যাবিনেটের উদ্বোধন করতে গেলেন। অসুবিধে নয়, কষ্ট হওয়া উচিত ছিল। যাদের শোকপ্রস্তাব আনছেন তাদের তো অসম্মান করছেন ওই সভা থেকে দূরে চলে গিয়ে। অসম্মান করেছেন, এজন্য কষ্ট আপনাদের হয় না। অন্য আরেকটা দিন যেতে পারতেন. আমি ও কথায় যাচ্ছি না। কিন্তু কি বললেন স্যার ? এই দলিলের মধ্যে যে কটা কথা বললেন—সময়টা একটু কম তারপরে এরাই গোলমাল করে দিচ্ছে—প্রথমেই বললেন পঞ্চায়েত নির্বাচন শান্তি অর সম্প্রীতির সোপান। একবারও বললেন না, একটা দুঃখপ্রকাশ করলেন না—৫৪ জন মারা গেলেন পঞ্চায়েত নির্বাচনে। এতবড় শোকলাইনের মধ্যে পঞ্চায়েত নির্বাচনে যারা খুন হলেন, তিনজন নির্বাচিত সদস্য তারা খুন হলেন, একটা শব্দ বললেন না। স্যার, বিনা প্রতিদ্বন্দ্বিতায় গ্রাম পঞ্চায়েতের ৫ হাজার ২৯৯ জিতলেন। শান্তিপূর্ণ নির্বাচন—৮৭৮ জন জিতলেন পঞ্চায়েত সমিতি. জেলা পরিষদে ১৫ জনকে জেতালেন, দাঁড়াতেই দেয়নি—কি শান্তি ! কি শান্তি আর সম্প্রীতির সোপান ! জবরদখল করে, মেরে, পিটে বুথ দখল করে গ্রাম পঞ্চায়েতে এক হাজার চারশো ছিয়াশি, পঞ্চায়েত সমিতিতে ৩৬৩, জেলা পরিষদে ৫৮ জন—জোর করে দখল করলেন। স্যার. একথা ভাল মুখ্যমন্ত্রী এখানে সময় দিতে চান না। শুক্রবার করেও আসেন না, জেলায় ঘুরছেন। রাজ্যপাল বলেছেন প্রতি জেলায় তিনবার করে ঘোরেন। না—চারবারও ঘুরেছেন দক্ষিণ ২৪-পরগনায়, চারবারের ডেট আছে। পরে আসছি সে কথায়। কিন্তু সরকারি সভাকে রাজনৈতিক সভা করছেন। আমার মোবাইলে একটা মেসেজ আছে। দক্ষিণ ২৪-পরগনার জেলাশাসক তিনি একটা মেসেজ দিয়ে আমাকে বললেন 11/9/2013 তারিখে বেহালাতে ভারত সেবাশ্রমের একটা জায়গায় 1.30 মিনিটে মাননীয়া মুখ্যমন্ত্রী রিভিউ মিটিং করবেন, আপনাকে আসতে অনুরোধ করছি। নতুন জেলাশাসককে অভিনন্দন জানালাম পাল্টা মেসেজ দিয়ে। তার কিছুক্ষণ পরে উনি মেসেজ দিয়ে বললেন সরি স্যার, এই নিমন্ত্রণ পত্র আপনার জন্য নয়। আমার জন্য নয়। সবটা রেকর্ডে ধরা আছে। কি হচ্ছে এটা ? কি হচ্ছে ? আপনারা বলেন, কাকে ডাকছেন ? সরকারি সভা নয় ওর গায়ে তৃণমূলের সভা লিখলে ভালো হত। আজকে দেখুন, আজকের সভায়—বিজ্ঞাপনের কথায় পরে আসছি।

[2.00 – 2.10 p.m.]

আজকে সভায় আরো উন্নয়ন উত্তরবঙ্গে। মমতা বন্দ্যোপাধ্যায় আজ ১২ই ফেব্রুয়ারি বেলা ২টোয় কাদের ডাকছেন ? উপস্থিত থাকবেন মন্ত্রী গৌতম দেব, উপস্থিত থাকবেন উইলসন চম্পামারি, অনিল অধিকারী, খগেশ্বর রায়—দুজন টি.এম.সি. বিধায়ক। হচ্ছে কোথায় ? মালবাজারের বিধায়ক হলেন বুলুচিকবারিক আর তার পাশে মাদারিহাটের বিধায়ক কুমারী কুজুর তাদের ডাকলেন না। ডাকলেন আরো কাদের যে দুটো ঘোড়া কিনলেন তাদের নাম রাখলেন পর পর অধিকারী আর তিরকে। ওদের নাম উচ্চরণ করতে ইচ্ছা করে না। সেই ঘোড়া দুটোকে আপনাদের সভায় ডাকলেন, লজ্জা করে না, লজ্জা করে না উন্নয়ন হচ্ছে ?

আপনারা বলছেন পরিদর্শন, পুরো রাইটার্স বিল্ডিং নিয়ে চারবার পরিদর্শন করছেন। বলুন না কত উন্নয়ন করেছেন ? ঢুলিভাড়ার বউ বিক্রি হচ্ছে। একটা সভাতে কত লক্ষ টাকা খরচ করেন খাওয়া-দাওয়া, গাড়ি-ঘোড়া, তাদের জেলা থেকে নিয়ে যাওয়া। আর উন্নয়ন, আসছি দাঁড়ান। বলেছেন কর্মসংস্থান। কি বলেছেন বলুন তো। এখানে বলেছেন কর্মসংস্থান কি ? ১৫ লক্ষ বেকারের চাকরি নয়, নথিভুক্ত করেছেন। কোথায় ? এই হাউসে ঘোষণা করেছিলেন এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক। এমপ্লয়মেন্ট মানে কর্মসংস্থান। আর তার থেকে কি দিচ্ছেন ? বছরে ১ লক্ষ বেকারকে ১৫০০ টাকা ভাতা দিচ্ছেন। এমপ্লয়মেন্টের নামে প্রতারণা করা হচ্ছে বেকার যুবকদের। ১৫ লক্ষ তাদের নাম নথিভুক্ত করলেন আর ১ লক্ষ দিচ্ছেন। গতবারে বলেছেন, এবারও বলছেন ১ লক্ষ—এই আপনাদের প্রচারের ঠেলা। আমি আসছি, রাজ্যপালের ভাষণে গতবারে বলেছেন। বলেছেন শ্রমিকদের সামাজিক মুক্তি কার্ড। সামাজিক মুক্তি কার্ড ? লজেঞ্চুস, লজেঞ্চুস গলায় ঝুলিয়ে রাখলে সামাজিক মুক্তি হয়ে যাবে ? পি.এফ-এর টাকাটা ঠিক মতো পাবে কি না। বাড়তি পি.এফ. কেন্দ্রীয় সরকার ঘোষণা করছে, সেটা দেবেন কি না। না, সামাজিক মুক্তি কার্ড গলায় ঝুলিয়ে রাখুন লজেঞ্চুসের মতো হয়ে যাবে। উন্নয়নের বন্যা—সারা রাজ্যে উন্নয়নের বন্যা। আড়াই বছরে আপনি তো শ্রমদিবস যা করেছেন না। আড়াই বছরে কত হাজার প্রতিশ্রুতি দিয়েছেন, এক জায়গায় করুন তো। কত হাজার প্রতিশ্রুতি দিয়েছেন আড়াই বছরে ? কটা প্রতিশ্রুতি পালিত হয়েছে। একটাও হয়েছে ? হয়নি। আমি একটা উদাহরণ দিই, অত মাথায় রাখা যায় না, কমপিউটারে সব ধরা আছে। আপনি ৩১.১.২০১২-তে গোসাবাতে গিয়ে সুন্দরবনের মানুষের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী কি প্রতারণা করলেন শুনুন। আর সুন্দরবন উন্নয়ন মন্ত্রী গালে হাত দেবেন না শুনে রাখুন। তখন আপনি মন্ত্রী হননি, আর একজন মন্ত্রী ছিলেন। বললেন, এই গোসাবার ময়দানে দাঁড়িয়ে আজকে এই গোসাবা-গদখালি ব্রীজের জন্য ৭০ কোটি টাকা আজকেই বরাদ্দ করলাম, আজকেই বরাদ্দ করলাম ৩১.১.২০১২। কত দিন গেছে বলুন না পূর্তমন্ত্রী আছেন, বলুন না সুন্দরবনের মন্ত্রী আছেন, বলুন না গোসাবার বিধায়ক আছেন, ব্রীজটা কত উঁচু হয়েছে ? কত উঁচু হয়েছে দু বছরে। হয়নি, হয়নি, হয়নি। চোরের মায়ের বড় গলা। বড় গলা, কিচ্ছু করেন না, কিচ্ছু করেন না। আপনারাই বলেছেন, আয়লা সম্পর্কে কি কান্না আপনাদের। কি কান্না বলুন তো আয়লায়। বলেছেন, এখনও ২ টাকা দামের চাল খাইয়ে যাচ্ছি। রিলিফ সরকার, জি.আর. সরকার। শুধু চাল খাইয়ে যাচ্ছেন। শুনে রাখুন সুন্দরবনের মন্ত্রী মহোদয়, ৩ হাজার ৩২ কোটি টাকা ২০০৯-১০ সালে আয়লার বাঁধের জন্য সেখানে স্যাংশান হয়েছে। রাজ্য সরকার ওই ৭৫:২৫ এই রেশিও মানে কেন্দ্র ৭৫ রাজ্য ২৫ মিলে আগাম ১৬০ কোটি টাকা বরাদ্দ করেছিল কাজ শুরু করে দিতে। এই পর্যন্ত ৬ হাজার একর জমি অধিগ্রহণের জায়গায় আপনারা মাত্র ১৪০০ একর এই আড়াই বছরে বিচ্ছিন্নভাবে অধিগ্রহণ করেছেন। আর কাজ হয়েছে কত ? ২৬৩ কিলোমিটার বাঁধের মধ্যে ২০ কিলোমিটারে মাটি ফেলেছেন এক টুকরো এক টুকরো করে। আর সাড়ে আট কিলোমিটার পিচিং করেছেন। এই আর্থিক বছর হচ্ছে আয়লার ওই বরাদ্দের শেষ বছর, শেষ বছর। আপনারা একটা প্রেয়ার দেননি, সেচমন্ত্রী প্রেয়ার দেননি

যে মেয়াদটা বাড়ানো হোক। সেচমন্ত্রী আর কি করবেন। কাজ না পেয়ে না এই বাজেটের টাকা নিয়ে নিজের বাড়ির কাছে কংক্রিটের রাস্তা করছেন। ভাসে ভাসুক সুন্দরবন, ভাসে ভাসুক। আর একটা বড় কথা বলি, সময় শেষ হয়ে আসছে। কি সেটা ? উত্তরবঙ্গে গেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী বড় ফলাও করে। ওখানে মিনি বিধানসভা করছেন। মিনি রাইটার্স করছেন. আর সেই উত্তরবঙ্গে শুনে রাখুন, উত্তরবঙ্গের বহু বিধায়ক আছেন। জাতীয় প্রকল্প তিস্তা ঘোষণার জন্য আপনারা চিৎকার করেছেন। আমরা চেয়েছিলাম নব্বই-দশ এই রেশিওতে জাতীয় প্রকল্প হোক তিস্তা। আমাদের কাছে খুশির খবর ছিল ২০০৯-১০-এ ২৯০০ কোটি টাকা বরাদ্দ করে কেন্দ্রীয় সরকার জাতীয় প্রকল্প ঘোষণা করেছেন। সারা বাজেট—সতেরো, আঠারো পাতার বক্তব্যে তিস্তা সম্পর্কে একটা শব্দ, লাইন নয়, শব্দ বলা আছে ? খুঁজে বের করুন। বরাদ্দ ২৯০০ কোটি। মেয়াদ ছিল ১৪-১৫ সাল, শেষ হয়ে আসছে। খরচ হয়েছে ১১০ কোটি টাকা। মানে যা আগের থেকে খরচ শুরু হয়েছিল, সেইটা। আর জমি অধিগ্রহণ—শুনে দেখলাম জমি অধিগ্রহণের নামে কাগজপত্র অফিসাররা যা পাঠিয়েছেন, ক্যাবিনেটের তলায় পড়ে আছে, সেখান থেকে ফিরে আর জেলায় যাচ্ছে না। কাকে উন্নয়ন করছেন ? উত্তরবঙ্গের নানা প্রহসন করছেন। উত্তরবঙ্গের মানুষদের প্রতারণা করছেন, প্রতারণা করছেন। জবাব দেবেন, জবাব দেবেন কেন এই কাজ আপনারা করলেন ? টাকা রয়েছে. বলেছেন না, লজ্জা হয় না। কুড়িটা মহিলা থানা করেছেন। কুড়িটা মহিলা থানা করেছেন। খুব গর্ব করে বলছেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা। তাঁকে নমস্কার জানাই, মহিলা মুখ্যমন্ত্রী, শ্রদ্ধা জানাই। কিন্তু প্রত্যেক দিন কত মা-বোন ধর্ষিতা হচ্ছেন ? গণধর্ষণ হচ্ছে!

.... (গোলমাল) ....

একটা বার—প্রতিকার চাই না। প্রতিকার নয়, একটা বার এই মহিলা মুখ্যমন্ত্রীর মুখ দিয়ে একটা দুঃখ প্রকাশ হয়েছে ? একটাবার দুঃখ প্রকাশ করেছেন ? মহিলা মুখ্যমন্ত্রী—একদিনের জন্য নয়, দুঃখ প্রকাশ নয়। টাকা দিয়ে ইজ্জত কিনতে চেয়েছেন। ধর্ষিতা মায়েদের-বোনেদের ইজ্জত কিনতে চেয়েছেন। কজন নির্যাতিতা মা-বোনেদের—তাদের বিচার হয়েছে ? কজন দুর্বৃত্ত সাজা পেয়েছে ? ছাড়িয়ে আনার জন্য ব্যস্ত হয়েছেন। মুখ্যমন্ত্রী এই জায়গাটা মুখে লিউকোপ্লাস্ট লাগিয়ে রেখেছেন। মা-বোনেদের ইজ্জত যাচ্ছে। উনি মুখে লিউকোপ্লাস্ট লাগিয়ে রেখেছেন, একটা কথাও বলবেন না। আর আমাদের বলছেন লিউকোপ্লাস্ট লাগান। সারদা কেলেংকারি—বলেছেন প্রবীণ সদস্য, আমি বলতে চাই না। ৩৮ হাজার কোটি টাকা, আর ছাই দিয়ে ঢাকা দিচ্ছেন না ৫০০ কোটি। ৫০০ কোটি, কি দায় পড়েছে আপনাদের ? সরকারের তহবিলের টাকা, ৩৮ হাজার কোটি টাকার জায়গায় ৫০০ কোটি। বাকিটা কি হবে ? কে চোর ?

.... (গোলমাল)..........

ধরতে পারলেন না ? টাকাটা কোথায় গেল ? কেন ভরসা নেই আপনাদের ? লজ্জা হয় না ? সি.বি.আই. তদন্ত করতে কি অসুবিধা ছিল ? কি, কেন ? গরু, ছাগল কিনছেন টাকা

দিয়ে, আর এই টাকাটা উদ্ধার করতে পারলেন না সি.বি.আই. তদন্ত করে. এত হাজার কোটি টাকা। এত লক্ষ মানুষের সেখানে জীবিকা নষ্ট হচ্ছে।

.... (গোলমাল)...........

আসলে জবাব নেই। টেট কেলেঙ্কারি. যদি সততা থাকে টেট কেলেংকারি, শিক্ষকদের তালিকা বার করুন না তার নাম-ঠিকানা দিয়ে, বোঝা যাবে। মেলায় কত টাকা হচ্ছে ? উৎসব উৎসব করে কত টাকা ব্যয় করছেন ? তালিকা ছাপিয়ে দিন কত টাকা খরচ হচ্ছে। বিজ্ঞাপন—প্রত্যেকদিন এক এক পাতা পূর্ণ বিজ্ঞাপন, পূর্ণ বিজ্ঞাপন। যার খরচ হচ্ছে আনন্দবাজারের প্রায় ১৫ লক্ষ টাকা দর কষাকষির কমে। প্রত্যেকদিন খরচ করছেন, কত কোটি টাকা এ পর্যন্ত বিজ্ঞাপনে খরচ করছেন ? সুতরাং স্যার, আমার মতে একটা সরকার চলছে, কি সরকার—প্রচার-সর্বস্ব সরকার। কি সরকার চলছে ? বিজ্ঞাপন-সর্বস্ব সরকার। কি সরকার চলছে ? হোর্ডিং, হোর্ডিং, হোর্ডিং-সর্বস্ব সরকার। আর কি সরকার চলছে ? ওই জি.আর. দেওয়া দু-টাকা কেজি দরে চাল দাও। দু-টাকা চাল দাও, আসলটা চেপে যাও। আর প্রাক নির্বাচনী ভাষণ রাজ্যপালের মুখ দিয়ে, ব্যক্তিপ্রচার করল রাজ্যপালের মুখ দিয়ে। সুতরাং এই সরকার মানুষ মুখে মুখে বলছে আর নেই দরকার। আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2.10 – 2.20 p.m.]

Mr. Speaker: Hon'ble Members, before I invited the next speaker to deliver his speech, I want to make an announcement. A team of legislators from Manipur Legislative Assembly have visited West Bengal Legislative Assembly and they are all now present here; Mr. M.K. Preshwo Shimray, Deputy Speaker of the Manipur Legislative Assembly–may I request you to kindly stand–and Mr. L.M. Loken Singh, MLA; Mr. P. Brojen Singh, MLA and other officials. They have come and visited the West Bengal Legislative Assembly and they are watching the proceedings today. Thank you.

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১০ ফেব্রুয়ারি, সোমবার বেলা তিনটের পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল এম.কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণের উদ্দেশ্যে আমি আমার সকৃতজ্ঞ সানন্দ সমর্থন জানাচ্ছি এবং এই বিধানসভা মন্দিরে সদস্য-সদস্যার আপনার মাধ্যমে তাদের সমর্থন পাওয়ার জন্যে প্রার্থনা জানাচ্ছি। ইতিমধ্যে অনেক চর্চা হয়েছে। রাজ্যপালের এই ভাষণ শাসক দলের কৃতীর দলিল বই আর কিছু নয়। এই কথাকে স্মরণে রেখেই অনেকে এর সমালোচনা করেছেন। সমলোচনা মূলত দ্বিধারায় এসেছে। কেউ কেউ বলেছেন এই বক্তব্যের মধ্যে অকথন অনেক আছে। অর্থাৎ যেগুলো উক্ত থাকা দরকার ছিল, সেগুলো উক্ত হয়নি। আবার কেউ কেউ বলেছেন এখানে অতি কথন অনেক আছে, যা হয়েছে তার অনেক বেশি বলা হয়েছে। আমি

সেই সম্পর্কে বিশদ আলোচনার আগে. কয়েকটি কথা সমর্থনের পূর্বে প্রদত্ত ভাষণ যা আমি পাঠ করে জেনেছি. আমার প্রতিক্রিয়ার মাধ্যমে এই বিধানসভা মন্দিরে তা জানাতে চাই। মনে হয়েছে পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের উদ্যোগে রাজ্যব্যাপী উন্নয়নের এটি একটি প্রামাণিক দলিল। আমার মনে হয়েছে এ ভাষণ রীতিসিদ্ধভাবে সরকারী পরামর্শ নিয়ন্ত্রিত হয়েও বাধ্যবাধকতার কাঠামোয় নয়. মাননীয় রাজ্যপালের অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণে সমর্থনপুষ্ট হয়েছে। এ ভাষণ সাধারণভাবে প্রচারের আলোয় অপপ্রচারের সমস্ত কুয়াশাকে ধ্বংস করে দিয়ে প্রকাশের ও বিকাশের সূচনা করেছে। এ ভাষণে আমাদের সামাজিক. প্রশাসনিক নিরাপত্তার সুস্পষ্ট আশ্বাস ধ্বনিত হয়েছে। এ ভাষণ যেমন তথ্যজ্ঞাপক. এ ভাষণ যেমন চেতনা উদ্দীপক. এ ভাষণ তেমনি প্রতিকি প্রত্যয় সঞ্চারক। এ ভাষণ সরকারি কর্মক্ষেত্রে কার্যক্ষেত্রের যথার্থ সূচিপত্র। তাই এই ভাষণকে পূর্ণ সমর্থন জানানোর জন্যে আমি সকলকে অনুরোধ জানিয়ে আমি সংক্ষেপে দুটো একটি কথা বলবার চেষ্টা করছি। যেখানে যেখানে পরিসংখ্যান আছে, অনেক তথ্য দেওয়া হয়েছে, তার মুদ্রিত বয়ান আছে। মাননীয় শীলভদ্র বাবু বলছিলেন যে কোনো কোনো মানুষ যদি চোখ বুজে থাকে তাহলে দেখতে পায় না। চোখ খুললেই দেখতে পায়। এবং কোনো কোনো পাখি শুধুমাত্র সেই দিকেই দৃষ্টিপাত করে যেখানে সুন্দর জিনিস থাকে। সেই ধ্বনিকে শ্রবণ করে যেখানে সুন্দর ধ্বনি থাকে। আমরা কিন্তু জানি কোনো কোনো সুদর্শন পক্ষী. যেখানে তার নিজের কবরস্থান. যেখানে মৃতদেহের পঙ্কিলস্থান সেখানেই তার দৃষ্টিপাত। একটা মানুষকে, একটি কৃতিত্বকে, একটি বাণীকে, একটি ভাষণকে বিচার করার সময় দুদিকেই দৃষ্টি দেওয়া উচিত। সেই জায়গায় দাঁড়িয়ে যেখানে যেখানে সদর্থক দিক ব্যঞ্জিত হয়েছে, এই ভাষণের মধ্যে সূচিত হয়েছে অনেকে অনেক পরিসংখ্যান দিয়ে, কোথায় কোথায় বিশ্ববিদ্যালয়, কোথায় সামাজিক প্রকল্প, কোথায় 'জল ধরো জল ভরো' আন্দোলন, কোথায় কোথায় হাসপাতাল নির্মাণ, কোথায় কোথায় হাসপাতালে সুলভ মূল্যে ওষুধ বিতরণের ব্যবস্থা করা, কোথায় কোথায় সামাজিক নিরাপত্তা ঘোষণা করা, কোথায় কোথায় বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান করা, কোথায় কোথায় যুবশ্রী, কন্যাশ্রী পরিকল্পনা করা সমস্ত রাজ্যবাসীকে উপকৃত করা, এমন অনেক জিনিস ধ্বনিত হয়েছে। এতদ্‌সত্ত্বেও যেখানে সমালোচনার শায়কে বিদ্ধ আমরা হচ্ছি, সেখানে দাঁড়িয়ে বিরোধীপক্ষ মোটামুটি তিনটে জায়গা নির্দিষ্ট করেছেন। একটা হচ্ছে নারী নির্যাতন, যা চোখের সামনে আমরা অনেকে হয়তো দেখতে পাচ্ছি না, কিন্তু খবরের কাগজের পাতা খুললেই দেখতে পাচ্ছি, শিউরে উঠছি আমরা যে সত্যিই এরকম নারী নির্যাতন হচ্ছে কেন ? আমি বিরোধী পক্ষের অনেক সদস্যের সঙ্গে এই অর্থে যে, এই নারী নির্যাতন একটা সামাজিক ব্যাধি। এই সামাজিক ব্যাধি সঞ্চারিত হচ্ছে, সংক্রমিত হচ্ছে। যেমন শারীরিক সুস্থতার জন্য চেষ্টা করছি, তেমনি এই সামাজিক ব্যাধি নিয়ন্ত্রণের জন্য আমাদের সর্বজনীন এবং সর্বজনীন প্রয়াস চালানো উচিত। এতদ্‌সত্ত্বেও এই সামাজিক ব্যাধিকে নিরাময় করার জন্য নারীকে আপন 'ভাগ্য জয় করিবার জন্য, কেননা নারী হিসাবে অধিকার হে বিধাতা, এই আপ্ত বাক্যকে বিশ্বাস করে আমাদের সরকার, যা ধ্বনিত হয়েছে এই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে, সেখানে নারীকে পূর্ণ শক্তিতে বিকশিত

করবার জন্য, তাদের চেতনাকে স্বয়ংসম্পূর্ণ করবার জন্য, নারীরা যাতে নিজেরাই নিজেদেরকে একটা সুরক্ষিত দুর্গের মতো রক্ষা করতে পারে, এমন কিছু কর্মধারাকে ব্যাপ্ত করা হয়েছে এবং সব জায়গায় চালু করার চেষ্টা করা হচ্ছে। এটা যেমন সত্য, তেমনি যারা অপরাধ করছে তাদের ধরবার চেষ্টা করা হচ্ছে। সেখানে দল-মত-নির্বিশেষে অপরাধীদের ধরা হচ্ছে, শাস্তি দেওয়া হচ্ছে। বিরোধী পক্ষ বলছেন, কেন সঙ্গে সঙ্গে শাস্তি দেওয়া হচ্ছে না ? তারা হয়তো জেনেই বলছেন এটা। সেই জায়গায় দাঁড়িয়ে যখন ধরা হল, তারপর চার্জশিট দেওয়া হল, আদালতে কেস গেল, তারপর কিন্তু আমাদের হাতে কোনো নিয়ন্ত্রণ থাকে না, আদালত যা করার করবে। তার জন্য যা আইন তৈরি করা, সেই আইন করবার চেষ্টা করছি, সেই জায়গায় যাচ্ছি। এই ভাষণে তার উল্লেখ করা হয়েছে। বারবার যেখানটা ইঙ্গিত করা হচ্ছে—চিট ফান্ডের দৌরাত্ম্যের কথা বারবার বলা হচ্ছে। আমরা পরিষ্কার করে বলতে চাইছি, যখন মানুষ বিনিয়োগ করে, অসহায় বিনিয়োগকারীরা, তাদের সমস্ত অর্থলগ্নী করে কোনো চিট ফান্ডে এবং যখন সেই চিট ফান্ড উঠে যায়, সেই জায়গায় দাঁড়িয়ে মানুষের প্রথম কর্তব্য কি হওয়া উচিত ? যে চিটফান্ড এত মানুষের সর্বনাশ করল, সেদিকে দেখব, না সেই বিপন্ন মানুষকে আমরা দেখব, যে অভাবের মধ্যে, নিরাশায় অন্ধকারের মধ্যে ডুবে যাচ্ছে, সেই মানুষকে বাঁচানোর কাজ মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী প্রথম করতে চেয়েছেন। এ কি অন্যায় ? এ কি অপরাধ ? এই বিচার কি আমরা করব না ? তারপরে তিনি কি বললেন ? কারা করেছে এই জিনিস ? এই জিনিস করবার জন্য তাদের ধরো। ধরতে গিয়ে দেখলেন আইন নেই, আইন তৈরি করতে হবে। আইন তৈরি করতে গেলে কি সেটা তার অপরাধ ? তারপর দেখলেন কেউ কেউ এই অন্যায় দোষে দুষ্ট হচ্ছে, সেখানে তিনি দল-মত-নির্বিশেষে, এমনকি নিজের দলের সাংসদকেও গ্রেফতার করতে পরোয়া করলেন না। তাকে গ্রেফতার করে কারাবন্দী করলেন। এটা কি অপরাধ ? চিটফান্ডদের এই সর্বনাশা কর্মকাণ্ডের বিরুদ্ধে আমাদের মুখ্যমন্ত্রীর এই পদক্ষেপকে আমরা স্বাগত জানাব না ? ধন্যবাদ দেব না ? রাজ্যপালের ভাষণের মধ্যে কি তা ধ্বনিত হবে না, প্রতিফলিত হবে না ? সেটা কি অপরাধ ? তৃতীয়ত তারা বলবার চেষ্টা করছেন, আমাদের মানুষের মধ্যে এডুকেশন--বলছিলেন আমাদের সোহরব সাহেব—তিনি আমাদের দীর্ঘদিনের শিক্ষক-আন্দোলনের সহচর এবং বন্ধু, আমরা একই সঙ্গে, একই সময়ে, একই সংগঠনের ছত্রছায়ায় আন্দোলন করেছি।

[2.20 – 2.30 p.m.]

আমরা শিক্ষক আন্দোলন করেছি। শিক্ষা আন্দোলন করেছি। তিনি তো নিশ্চয়ই জানেন আমরা শিক্ষা আন্দোলন করেছিলাম যে যে কারণে, সেই সেই কারণ আজকে নতুনভাবে আমাদের এই সরকার, আমরা যে যে উদ্দেশ্য নিয়ে, যে যে চুক্তিপত্র রেখেছিলাম, যে যে দাবিপত্র রেখেছিলাম সেই দাবিপত্র অনুযায়ী কাজ হচ্ছে। শিক্ষার বিস্তার ঘটছে। শিক্ষার গণতন্ত্রীকরণ ঘটছে। শিক্ষার মানোন্নয়ন করা হচ্ছে, শিক্ষার সিলেবাসের মধ্যে আমাদের সত্যিকারের ভারতীয় ঘরানাকে নিয়ে আসবার চেষ্টা করা হচ্ছে। এগুলি কি শিক্ষাক্ষেত্রে করা

হচ্ছে না ? এছাড়া, অনেক অনেক কথা তো আছে। আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গের যে দলিল, সরকারি কর্মধারার যে দলিল রাজ্যপালের ভাষণের মধ্যে মন্দ্রিত হয়েছে সেখানে অনেক কথা আছে। পাহাড়ের শান্তির কথা আছে জঙ্গল মহলের মানুষের নিরাপত্তার কথা আছে। জঙ্গল মহলের সংস্কৃতি চেতনার কথা আছে, বিবেক চেতনার কথা আছে। অনেক কথা আছে। আমরা আড়াই বছরে যেখানে পশ্চিমবাংলাকে এনেছি, সেই পশ্চিমবাংলার স্বপ্ন হয়তো একবার দেখেছিলেন সত্যেন্দ্রনাথ দত্ত তার সেই কবিতার মধ্যে দিয়ে যেখানে বলা হয়েছে,.... 'ভালে কাঞ্চন সিংহ মুকুট কিরণে ভুবন আলা, কোল ভরা যার কনকধান্য বুক ভরা যার স্নেহ, চরণে পদ্ম অতসী অপরাজিতায় ভূষিত যার দেহ, সাগর যাহার বন্দনা রচে শত তরঙ্গ ভঙ্গে, আমরা বাঙ্গালী বাস করি সেই বাঞ্ছিতভূমি বঙ্গে'। সেই বাঞ্ছিতভূমি বঙ্গকে আনবার জন্যে আমরা পাহাড়ের বুকে সেই কিরণমালার হাসি ফুটিয়েছি। আমরা জঙ্গল মহলে স্বস্তি ফিরিয়েছি। আমরা বিনাশী হুঙ্কারকে দূরে সরিয়ে সঞ্জীবনী রবীন্দ্রসংগীতের ঝংকার শুনিয়েছি। এই শান্তির নীড় যে গড়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে এ কি অপরাধ ? কে বলেছে আমরা আইন শৃঙ্খলা সম্পূর্ণভাবে সমর্থন করতে পেরেছি ? ৩৪ বছরের দীর্ঘলালিত ব্যারাম আঙ্গকে কোনো অ্যালোপ্যাথিক ডোজে যাবার কথা নয়। ধীরে ধীরে আমরা সেই জায়গায় যাবার চেষ্টা করছি। আমরা অশান্তির আগুন নিভিয়ে দিয়ে শান্তির প্রতিষ্ঠার চেষ্টা করছি। এ কি অপরাধ ? রাজ্যপালের ভাষণে আমরা কি তার প্রতিধ্বনি শুনতে পাব না ? এই কথাগুলো নিশ্চয়ই আমরা ভাবব। ভাবব বলেই আমরা পরিসংখ্যানের দিকে যেমন দৃষ্টিপাত করব, ভাষণের বিশ্লেষণী তাৎপর্যের দিকে তেমনই যাব। আমরা অতি সহজে বলতে পারি এগুলো নেই। আমরা অতি সহজে বলতে পারি ভালো হত, আরও ভালো হলে। এইমাত্র বলছিলেন সুভাষবাবু। তিনি এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের কথা বলছেন। তিনি বলছেন এমপ্লয়মেন্ট কোথায়, এমপ্লয়মেন্ট কোথায় ? আমি জানি না, তিনি অত্যন্ত সুশিক্ষিত এবং অভিজ্ঞ বিধায়ক। তাঁর জানা উচিত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যদি আমরা নাম লেখাই তাহলে এমপ্লয়মেন্ট কোথায়, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কেন আছে, এমপ্লয়মেন্ট কোথায় এই কথা বলে যাব না। সেখানে রেজিস্ট্রেশন হয় ফর এমপ্লয়মেন্ট। এখানে এসে ফর এমপ্লয়মেন্ট রেজিস্ট্রেশন হয়। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কেও সেইজন্য রেজিস্ট্রেশন হয়। এমনকি সেই জায়গায় দাঁড়িয়ে যাতে কোনোরকম ধারাবাহিকতা ক্ষুন্ন না করে মানুষকে সাহায্য করা যায়, বেকার যুবক-যুবতীদের সাহায্য করা যায়, কর্মসংস্থান করা যায় তারই চেষ্টা করা হয় এই প্রকল্পের মাধ্যমে। এই অনুষ্ঠানের মাধ্যমে। আমরা তাই আপনাদের কাছে, এই হাউসের কাছে সবিনয়ে নিবেদন করতে চাই যে রাজ্যপালের যে ভাষণের মধ্যে নিঃসন্দেহে এমন অনেক কিছু আছে যা আমাদের সমর্থনযোগ্য। রাজ্যপাল তো ভাষণের মধ্যেই বলেছেন যে, 'এর পরে আমি এইটুকু বলে গেলাম, আমি সূচীপত্র রচনা করে গেলাম, সমস্ত গ্রন্থ রচনার ভার আপনাদের, আপনারা বাড়াতে পারেন, কমাতে পারেন, সমালোচনা করতে পারেন কিন্তু সূচনা আমি করে গেলাম'। নিঃসন্দেহে আমরা সেই কথাটি বলবার চেষ্টা করছি যে কাজ শুরু হয়েছে সেই কাজ শেষ হোক। যে সুরে শুরু হয়েছে সেই সুরে শেষ হোক। যে উদ্দেশ্যে শুরু হয়েছে সেই উদ্দেশ্য সাধিত হোক। রাজ্যপালের ভাষণ

আমাদের মা-মাটি-মানুষের সরকারের মহৎ স্বীকৃতির দলিল। তাই সেই মুদ্রিত ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি। মুদ্রিত ভাষণকে আমি সানন্দ, সকৃতজ্ঞ সমর্থন জানাচ্ছি এবং বিশ্বাস করি মাননীয় হাউসের, বিধানসভা মন্দিরের সদস্য-সদস্যারা তাদের সমস্ত সহানুভূতি, সমস্ত সমর্থন এই ভাষণের প্রতি, রাজ্যপালের ভাষণে উল্লিখিত সমস্ত কর্মধারার প্রতি, প্রগতির প্রতি, উন্নয়নের প্রতি জ্ঞাপন করবেন। ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় চেয়ারম্যান স্যার, ১০ই ফেব্রুয়ারী মহতী সভায় রাজ্যপাল যে লিখিত ভাষণ পাঠ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি তাকে সমর্থন করতে পারছি না। রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে সত্যের ভাষণ নয়, এদিন বিধানসভায় রাজ্যপালের ভাষণ ছিল আগাগোড়াই বাস্তবতার বিপরীত। রাজ্যপালের ভাষণ সরকারের পক্ষ থেকে তৈরি করে দেওয়া হয় এটা আমরা সকলেই জানি। সেখানে সরকারের কৃতিত্বের কথা থাকে সেটাও আমরা জানি। কিন্তু এই প্রথম দেখলাম রাজ্যপাল যে ভাষণ দিলেন তাতে আমার গভর্নমেন্ট কথাটা ব্যবহার করলেন না। এ যাবৎকাল যা রাজ্যপালের ভাষণ আছে দেখবেন, ১৯৪৭ বা তারপর থেকে সেখানে দেখবেন আমার গভর্নমেন্ট কথাটা লেখা আছে। এই প্রথম দেখলাম মুখ্যমন্ত্রীর শুধু প্রশস্তি গাওয়া হল, শুধু মুখ্যমন্ত্রীরই কথা বলা হল। অন্যান্য রাজ্য মন্ত্রীসভার কারোর কোনো কৃতিত্বের কথা এখানে দেওয়া হল না। এই জয়গান তিনি গেয়ে গেছেন। মাননীয় রাজ্যপাল কয়েকদিন আগে রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে উষ্মা প্রকাশ করেছিলেন। আমরা সবাই জানি এই কথা। তিনি বলেছেন এই রাজ্যতে গুণ্ডারাজ চলছে। আদালত বলছে রাজ্য জ্বলছে। প্রাক্তন জোটশরিক কংগ্রেস বলছে এটা জঙ্গলের রাজত্ব। জাতীয় মহিলা কমিশন, আমি বলছি না জাতীয় মহিলা কমিশন বলছেন পশ্চিমবঙ্গে সাত থেকে সাতাত্তর কোনো বয়সের মহিলাই রেহাই পাচ্ছে না। এই হচ্ছে পশ্চিমবাংলার বাস্তব চিত্র। শাসকদলের পক্ষ থেকে ভয়ঙ্করভাবে গণতন্ত্রের কণ্ঠরোধ করা হচ্ছে। বিরোধীদের উপরে প্রতিনিয়ত আক্রমণ চালাচ্ছে। প্রতিদিন খুন সন্ত্রাস জারি রেখেছে। রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে এই ব্যাপারে একটি বাক্যও ব্যয় করলেন না। একটি কথাও তিনি এই ব্যাপারে বললেন না। মাননীয় চেয়ারম্যান স্যার, দু হাজার এগারের মে মাস থেকে আজ পর্যন্ত তৃণমূল কংগ্রেসের জল্লাদ বাহিনীর হাতে আমাদের বামপন্থীদের ১৪৩ জন কর্মী খুন হয়েছেন। তাদের মধ্যে ৪৩ জন সংখ্যালঘু সম্প্রদায়ের, ৯ জন তফশিলী জাতির এবং ৯ জন উপজাতির মানুষ আছেন। এবং তিনজন মহিলা আছেন। এত খুন হওয়ার পরে মুখ্যমন্ত্রী দূরবীন দিয়ে দেখতে পাচ্ছেন না। তিনি দূরবীন লাগিয়ে বলছেন যে না পশ্চিমবাংলায় কোনো সন্ত্রাস নেই। আমি তো দূরবীনে দেখতে পাচ্ছি না। এই বিরোধীদের মুখে লিউকোপ্লাস্ট লাগিয়ে দেব। বিরোধীরা যেন এইসব খুনের ব্যাপারে একটা কথাও যাতে না বলতে পারে। এই তো তিনি রাস্তাঘাটে বলে বেড়াচ্ছেন। এটা আমার কথা নয়। এটা মুখ্যমন্ত্রীই তো বলেছেন লিউকোপ্লাস্ট লাগিয়ে দেব বিরোধীদের মুখে। কেন তারা এইসব প্রতিবাদ করবে ! এইসব প্রতিবাদ করতে দেওয়া হবে না। এই যে হুকুমদারি, অগণতান্ত্রিক মনোভাব, যার বহিঃপ্রকাশ শুধু বিরোধীদের উপরে নয়, এটা আমরা দেখতে পাচ্ছি মেধাবী ছাত্রী, তিনি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলেন। মুখ্যমন্ত্রী কিভাবে তার উপরে বিরূপ মন্তব্য প্রকাশ

বিদ্রূপ মন্তব্য প্রকাশ করেছেন। আমরা দেখলাম জঙ্গলমহলের কৃষক যখন সারের দামের কথা বলল, মুখ্যমন্ত্রী তখন তাকে গ্রেপ্তারের কথা বলল। এই তো আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে আমরা দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি এখানে শিক্ষক-অধ্যাপক কেউ বাদ যাচ্ছে না। যারাই সরকারের প্রশস্তি না গাইছেন, যারা সরকারকে সমর্থন না করছেন, তাদের গ্রেপ্তার করা হচ্ছে। তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হচ্ছে এবং তাদের জেলে পোরা হচ্ছে। ইতিমধ্যেই দুহাজারের বেশি বামপন্থী পার্টি অফিস ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে, অথবা পুড়িয়ে দেওয়া হয়েছে। ৪৫,০০০ বামপন্থী কর্মী সমর্থকদের বাড়ি ছাড়া করা হয়েছে। তারপরেও বলবেন যে পশ্চিমবাংলাতে আইনশৃঙ্খলা খুব শান্তিপূর্ণ। এইরকম শান্তিপূর্ণ আইনশৃঙ্খলা বোধহয় ভারতের আর কোথাও নাই ! তারপরেও কি এইকথা বলবেন ! মাননীয় চেয়ারম্যান স্যার, আপনারা জানেন এই পশ্চিমবাংলাতে কতজন মানুষকে পঙ্গু করে দেওয়া হয়েছে তার হিসাব নেই। তৃণমূলের হামলাতে ছয়হাজারের বেশি বামপন্থী কর্মী জখম হয়েছেন। অনেক কর্মীর হাত-পা ভেঙে দেওয়া হয়েছে। তারা বাড়ির ভিতরে পঙ্গু হয়ে পড়ে আছে। এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি। তারা চিকিৎসা পর্যন্ত করতে পারছে না।

[2.30 – 2.40 p.m.]

হাজার হাজার বামপন্থী কর্মীদের কাছ থেকে কোটি কোটি টাকা জরিমানা আদায় করা হয়েছে। জরিমানা যারা দিতে পারেনি, তাদের বাড়ি-ঘর লুঠ করা হয়েছে, ভেঙে দেওয়া হয়েছে, মারধোর করা হয়েছে। শুধু তাই নয়, আমার বর্ধমান জেলার মঙ্গলকোটে মন্তেশ্বরে আড়াই কোটি টাকার বেশি এই সমস্ত তোলাবাজরা আদায় করেছে। মিথ্যা মামলায় হাজার হাজার মানুষকে গ্রেফতার করছে এবং মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হচ্ছে। এমনকি বিধানসভাতেও বিরোধীদের কণ্ঠরোধ করা হচ্ছে। আপনারা দেখতে পেয়েছেন, আমরা যারা বিধায়ক—সবাই জানি, সরকার পক্ষ কোনো পদ্ধতিতে আলোচনা চান না। বিরোধী আসনে থাকার সময় তৃণমূল কংগ্রেস বিধানসভায় ভাঙচুর চালিয়ে সংসদীয় ইতিহাসে যে কলঙ্ক লেপন করলো, সেই ধারা আজও অব্যাহত রয়ে গেছে।

এই বিধানসভার মধ্যে মাননীয়া সদস্যা দেবলীনা হেমব্রমকে পাঁজাকোলা করে তুলে নিয়ে গিয়ে চুলের মুঠি ধরে বিধানসভার মাটিতে আছড়ে ফেলে দিয়ে কিল, ঘুসি, চড় মারলো এবং আমরা দেখলাম মাননীয় সদস্য গৌরাঙ্গ চ্যাটার্জী যখন ছুটে বাঁচাতে গেলেন, তার ওপরও আক্রমণ হল, আরো কয়েকজন সদস্য আক্রান্ত হলেন। আরো কি দেখলাম ? আক্রান্ত সদস্যরা যখন হাসপাতালে ভর্তি হতে গেলেন, তখন সরকারের পক্ষ থেকে পি.জি. হাসপাতালকে জানিয়ে দেওয়া হল, এদের কোনো কিছু হয়নি বলে সার্টিফিকেট দিয়ে ছেড়ে দিতে এবং পরবর্তীকালে যখন এম.এল.এ. হোস্টেলে ফিরে এলেন, তারপর গৌরাঙ্গ চ্যাটার্জীর মাথায় যখন অসহ্য যন্ত্রণা হচ্ছে, তখন তাঁকে বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হল, তারপর স্ক্যান করা হলে তাঁর মাথার মধ্যে চিড় ধরা পড়ল। তারপর তাঁকে দিল্লীতে চিকিৎসা করতে পাঠানো হল। দেবলীনা হেমব্রমকে এই ভাবে আক্রমণ করা হয়েছিল।

মাননীয় অধ্যক্ষ কিন্তু এই ব্যাপারে একটি কথাও বলেননি, নিন্দা পর্যন্ত করেননি বা সেই সদস্যের বিরুদ্ধে কোনো ব্যবস্থাও নেননি। একি পশ্চিমবঙ্গের বিধানসভার ইতিহাস হতে পারে ? এই কলঙ্কজনিত ইতিহাস পশ্চিমবঙ্গ বিধানসভায় চলছে।

প্রাক্তন মন্ত্রী নরেন দে-র বয়স এখন ৭৬ বছর। তিনি তাঁর পার্টি অফিসে বসে সভা করছিলেন, মিটিং করছিলেন কর্মীদের নিয়ে। তৃণমূল কংগ্রেসের কয়েকজন ছেলে-সন্তান— সেই অফিসের ভেতরে ঢুকে এই ৭৬ বছর বয়েসের প্রাক্তন মন্ত্রীকে বেধড়ক মারধোর করল এবং তারপরে আমরা কি দেখলাম ? তারপর তিনি যখন হাসপাতালে ভর্তি হলেন, চুঁচড়া ইমামবাড়া হাসপাতাল থেকে তাঁকে ছেড়ে দেওয়া হল এই বলে যে, কিছু হয়নি। যখন তাঁর চোখ-মুখ ফুলে গেছে, চোখে ভালো দেখতে পাচ্ছেন না। তখন কোলকাতায় একটা বেসরকারি হাসপাতালে ভর্তি করা হল, তখন চিকিৎসক লিখে দিলেন চোখের চিকিৎসা করতে হবে, হাড়ে চিড় ধরেছে। অথচ দেখতে পাচ্ছি যে, সরকারি হাসপাতাল থেকে নির্লজ্জভাবে তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে, কোনো চিকিৎসা হচ্ছে না। এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি।

আবার আমরা দেখলাম আমাদের প্রাক্তন বিধায়ক দিলীপ সরকার খুন হয়ে গেলেন। না, পুলিশ ধরল না। বহু লড়াই করে পুলিশ অনেক পরে গ্রেফতার করল, কিন্তু সঙ্গে সঙ্গে তারা জামিন পেয়ে গেলেন। কোনো গণতন্ত্রে এটা হয় ? এই গণতন্ত্র আমরা চাই না।

এই রবিবার বিশাল ব্রিগেড সমাবেশ, বামপন্থীদের ব্রিগেড সমাবেশ হল। এই সমাবেশে যখন লক্ষ লক্ষ মানুষ আসছিলেন, তাদের ওপরেও আক্রমণ করা হয়েছে। আমার বিধানসভাতেও গাড়িগুলোকে আটকে দেওয়া হয়েছে। আমরা বিধানসভা এলাকাতেও এইভাবে আসতে দেওয়া হয়নি, মারধোর করা হয়েছে, ট্রেনে ভাঙচুর করা হয়েছে, ট্রেনে আমাদের কর্মীদের মারধোর করা হয়েছে। অথচ এখুনি তৃণমূলের বিধায়করা বলে গেলেন চমৎকার পশ্চিমবাংলার গণতন্ত্র। এই গণতন্ত্রই হচ্ছে চমৎকার গণতন্ত্র তাদের কাছে। এটা কি গণতন্ত্র হতে পারে ?

ছাত্র সংসদ নির্বাচনগুলো আমরা দেখতে পাচ্ছি কী অবস্থার মধ্যে দিয়ে চলছে। তৃণমূল ছাত্র পরিষদের দুষ্কৃতীবাহিনী কলেজ, বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসগুলোকে আক্রমণ করে নষ্ট করে দিচ্ছে। এস.এফ.আই. যাতে নির্বাচনে জিততে না পারে, সেইজন্য তাদের ওপর আক্রমণ করা হচ্ছে, সাধারণ ছাত্রদের ওপর আক্রমণ করা হয়েছে, অধ্যাপকদের ওপর আক্রমণ করা হচ্ছে—এই হচ্ছে আজকের পরিস্থিতি। এই ব্যাপারে রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে একটি কথাও উল্লেখ করেননি। তাই আমি বলতে চাইছি, যে অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবাংলা চলছে, সেই অবস্থার পরিবর্তন হওয়া দরকার। মাননীয় রাজ্যপাল যে ভাষণ পাঠ করেছেন, সেই ভাষণের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ফিরদৌসী বেগম : স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয় ২০১৪-র ১০ই ফেব্রুয়ারী, যে ভাষণ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কিছু বলতে চাই। তিনি,

ওনার ভাষণে পরিষ্কার উল্লেখ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী যে নজির সৃষ্টিকারী কিছু কাজ করেছেন সেগুলো ইতিপূর্বে কোনো সরকার সেই কাজ করেনি এবং চিন্তা-ভাবনাও করেনি। সেগুলো তিনি তুলে ধরেছেন এখানে। আমরা পরিষ্কার দেখেছি তিনি জনসাধারণকে একটা অভিনন্দন দিয়েছেন। প্রত্যেকটা ধর্মীয় উৎসব শান্তিপূর্ণভাবে পালন হয়েছে সেজন্য তিনি তাঁদের একটা অভিনন্দন দিয়েছেন। তার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী তিনি সরকারে বসে শুধু রাইটার্স বিল্ডিং থেকে সরকার পরিচালনা করছেন সেটা কিন্তু নয় তিনি প্রত্যেকটা জেলায় গিয়ে, মানুষের কাছে গিয়ে, মানুষের পরিষেবা যাতে আরও দ্রুততর হয় সেই চেষ্টা তিনি করে গিয়েছেন এবং সেই বক্তব্যই তিনি এই ভাষণে রেখে গিয়েছেন। আমরা এটা দেখেছি। তিনি আরও চেষ্টা করছেন বাংলার মানুষের কাজের জন্য। যে কাজগুলো তাদের পাওয়ার দরকার ছিল কিন্তু সেগুলো ঠিক সময় পেত না সেই কারণে তিনি প্রশাসনিক ক্যালেন্ডার তৈরি করেছেন। এই বছরেই তার নিদর্শন আমরা পেয়েছি। আর একটা পরিষেবা, যেটা সরকারি পরিষেবার আইনি অধিকার সেটা কিন্তু কার্যকর করার কথা ছিল, কোনোভাবেই এত বছর যে সরকার এখানে শাসন ব্যবস্থা করেছেন তারা কিন্তু এই চিন্তা-ভাবনা করেননি বা সেই দিকে দৃষ্টি দেননি। এটা কিন্তু নতুন করে আমাদের নজর দিতে হয় বা মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এটা ঘটেছে। মানুষ যাতে উন্নততর পরিষেবা পায় সেই চেষ্টা তিনি করেছেন। পঞ্চায়েতে যোগাযোগ ব্যবস্থা আরও দ্রুততর করার জন্য নতুন পঞ্চায়েতে প্রায় ১৬ হাজার কিলোমিটার রাস্তা, প্রত্যেকটা পঞ্চায়েতে পাঁচটা করে রাস্তা এই বছরই স্যাংশান হয়েছে এবং অত্যন্ত দ্রুততার সঙ্গে তার কাজ চলছে। এখনও পর্যন্ত সেই কাজগুলো চলছে আমরা দেখেছি। প্রত্যেকটা পঞ্চায়েতে সেই কাজগুলো খুব সুষ্ঠুভাবে এখানে সম্পন্ন হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে আরও উঠে এসেছে নারী নির্যাতন প্রতিরোধ এবং এই ব্যবস্থা গ্রহণের পাশাপাশি নারী সুরক্ষা ও অধিকার রক্ষায় পশ্চিমবঙ্গ এখন দেশে এক নম্বরে আছে। তাই আমি রাজ্যপালের ভাষণকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। স্যার, নারী অধিকার রক্ষায় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে একের পর এক সিদ্ধান্ত কার্যকর করেছেন তা সারা বাংলা শুধু নয় সারা দেশে নজির সৃষ্টি করেছে। ত্রিস্তর পঞ্চায়েতের ৫০ শতাংশ রিজার্ভেশানের সঙ্গে সঙ্গে কিছু কিছু জায়গায় সংরক্ষণ না থাকা সত্ত্বেও জেলা পরিষদ বা বিভিন্ন জায়গায় মহিলাদের গুরুত্বপূর্ণ দায়িত্বে এনেছেন এবং সেখানে তাদের গুরুত্বপূর্ণ পদমর্যাদায় রেখেছেন। সেখানে তাদের নজরদারি করার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। সেই কারণেই গোটা দেশের মানুষ চেষ্টা করছেন বা ভাবছেন আগামী দিনে জননেত্রীর হাতে যাতে দায়িত্ব তুলে দেওয়া যায়। নারী সুরক্ষার ক্ষেত্রে আমাদের রাজ্য কিন্তু রেকর্ড করেছে। এটা রাজ্যপালের ভাষণের মধ্যে প্রকাশ পেয়েছে। একটি ঘটনা বলি, যেহেতু আমরা দক্ষিণ ২৪-পরগনার বিধায়ক তাই আমাদের এদিকে যাতায়াত আছে এবং এখানে অনেক বন্ধুবান্ধবও আছে। তারা প্রতিনিয়ত কথা বলতে গিয়ে বলে, যে একটা কাজের ঝি তারা খুঁজে পাচ্ছে না। তার কারণ, ১০০ দিনের কাজের জন্য গ্রামগঞ্জের মানুষ আর বাইরে বেরোচ্ছেন না। তারা সেই জেলায়, নিজের এলাকায়, নিজের বাড়িতে বসে ১০০ দিনের কাজ করে রুজিরোজগার তৈরি করছেন। এবং সেখানে বসে তাদের বাচ্চা-কাচ্চা,

ছেলে-মেয়েদের নিয়ে বহাল তবিয়তে সংসার করছে। তাদের আর বাইরে আসতে হচ্ছে না এবং জেলায় বা শহরে এসে রেগুলার যাতায়াত করতে হচ্ছে না। এই সরকারের আমলে ১০০ দিনের কাজ একটা নজির সৃষ্টি করেছে, স্বনির্ভর করে তুলেছে। আরও অনেক স্বনির্ভর প্রকল্প গ্রামবাংলার মানুষের কাছে উঠে এসেছে।

[2.40 – 2.50 p.m.]

যেগুলো হল, হাঁস-মুরগি পালন থেকে শুরু করে ছোটো ছোটো কুটির শিল্প, জল ধরো জল ভরো প্রকল্পে পুকুর খনন করা হয়েছে, তার মধ্যে তারা কাজ করে, সেখানে তারা তাদের রোজগারের জন্য যেহেতু জেলার বাইরে আসতে হত সেটা কিন্তু তাদের করতে হত না। সেটা সেখান থেকেই করছে। তাই লক্ষ লক্ষ মানুষ সেই রোজগার বাড়িতে বসেই করছে। এটাই প্রগতি এটাই উন্নতি। নারী পাচার নিয়ে বাম জমানায় আমাদের পশ্চিমবঙ্গ শীর্ষ আসন গ্রহণ করেছিল। আর তার মধ্যে আমাদের সাউথ ২৪ পরগনা প্রথমেই ছিল। সেখানে ক্যানিং, বাসন্তি, গোসাবা, মগরাহাট এখান থেকে নারীপাচার নিত্য নৈমিত্তিক ঘটনা ছিল। এই পাচারের দিক থেকে পুলিশের তদন্ত—কোনো ভ্রুক্ষেপ ছিল না এতকাল। কিন্তু এখন নতুন সরকার আসার পর প্রশাসনের হাত ধরে, প্রশাসন যে দায়িত্ব নিয়েছে এবং তার সঙ্গে প্রশাসনিক স্তরে আমাদের দলীয় নেতাদের থেকে শুরু করে এবং প্রশাসনে যারা যেখানে যে দায়িত্বে আছেন তারা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন যাতে নারীপাচার বন্ধ হয় এবং এখনই দেখা যাচ্ছে যে, নারীপাচারকারীরা উধাও হয়ে গিয়েছে—সেরকমভাবে তাদের দেখতে পাওয়া যায় না বা সে খবর আমরা পাই না।

বাম জমানায় নারী নির্যাতন, বধূ নির্যাতন যেটা অহরহ চলছিল। তখন কোনো নির্যাতিত বধূ সে যদি মনে করত যে কোনো থানায় গিয়ে তার complain-টা লেখাবে কিন্তু তখন সেই জায়গাটাই ছিল না। তার উপর যে শাস্তি হত, বাড়িতে তার উপর যে টর্চার করা হত—তার জন্য তার বয়ানটাও নেওয়া হত না বা কোনোরকমভাবে কমরেডদের ভয়ে সেই জায়গায় তারা পৌঁছাতে পারত না বা যেতে পারত না। কিন্তু সেই জায়গাটা আজ কিন্তু বন্ধ হয়েছে সেটা পরিষ্কার রাজ্যপালের ভাষণে উঠে এসেছে। আমরা এই বইটাতে পেয়েছি। তিনি বলেছেন যে, এই জায়গাটা বন্ধ হয়েছে। মহিলা থানা চালু হয়েছে, ১০টি মহিলা থানা রানিং আছে, ২০টির প্রস্তাব আছে। আরো ৬৪টি হবে। মহিলারাই পারেন মহিলাদের—এই যে বিভিন্ন রকম অত্যাচার সেটা শোনা এবং সেটা নিয়ে তাদের সঙ্গে তদারকি করা এবং তারা যাতে ভালো জাজমেন্ট পায় সেই চেষ্টা তারা করতে পারেন। সেই কারণেই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলা মুখ্যমন্ত্রী হয়ে তিনি এই চিন্তা-ভাবনা করেছেন এবং মহিলাদের জন্য তিনি এই ভাবনা ভেবেছেন বলে আজকে মহিলারা সব জায়গায় মাননীয়া মুখ্যমন্ত্রীকে সম্মান করেন এবং শ্রদ্ধা করেন। সামাজিক অবক্ষয়, এই সামাজিক অবক্ষয়—একটা বীজ।

(গোলমাল)

মিঃ চেয়ারম্যান : ওনাকে বলতে দিন, Please.

শ্রীমতী ফিরদৌসী বেগম : সামাজিক অবক্ষয় যে বীজ আপনারা পুঁতেছিলেন। বিরোধীপক্ষে আজকে বসে বসে অনেক কথা বলছেন। আইন নিয়ে অধিকার নিয়ে অনেক কথা বলছেন বা বলবেন ভবিষ্যতে। যাদের আইন গড়ার কথা ছিল তারা সেগুলো করেননি। এই সামাজিক অবক্ষয়ের একটা বীজ আপনারা পুঁতে দিয়ে গিয়েছিলেন, সেই বীজ আজকে এখন বড় বড় গাছে বৃক্ষে পরিণত হয়েছে—ফুল, ফল দিচ্ছে। সেটা বিষধর, বিষফলে পরিণত হয়ে গিয়েছে। সেটা আমরা আমাদের নতুন সরকার, আমার সরকার চেষ্টা করছে একেবারে গোড়া থেকে নির্মূল করে দেওয়ার জন্য সেই চেষ্টা কিন্তু চলছে। সেটা কিন্তু রাজ্যপালের ভাষণে পরিষ্কার উল্লেখ রয়েছে। যে সেই বীজ সেই গাছ আমরা উপড়ে তুলে দিচ্ছি। আর শুধু এখানে নয়, বাংলা নয় বিভিন্ন জায়গায় এই নারী নির্যাতনের হার কিন্তু বেড়েই চলেছে। সেখানে পশ্চিমবঙ্গই একমাত্র সঙ্গে সঙ্গে এই যে নারী নির্যাতনটা হয় সেই জায়গায় সঙ্গে সঙ্গে অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়, উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হয়। এই রাজ্য ছাড়া কিন্তু আর কোথাও এই কাজ হয় না। বাম জমানায় বানতলা, বিরাটি, ধানতলা থেকে শুরু করে সিঙ্গুর, নন্দীগ্রামে অজস্র নারীর সম্মান লুণ্ঠিত হয়েছিল, নির্যাতিত হয়েছিল বহু মা-বোনেরা। শুধু তাই নয় এখনও পর্যন্ত যাদের দ্বারা নন্দীগ্রামের মা-বোনেরা লুণ্ঠিত হয়েছিল সেইসব অভিযুক্তরা এখনও পর্যন্ত বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে এবং তারা কোনোরকম শাস্তি পায়নি। কিন্তু আপনারা দেখেছেন বা আপনারা জানেন লাভপুরে যে ঘটনা ঘটেছে সেখানে পুলিশ ব্যবস্থা নিয়েছে, গ্রেপ্তার হয়েছে। রাজ্যের দায়িত্বে বাংলার মুখ্যমন্ত্রী প্রশাসনকে জানিয়ে দিয়েছেন, যখনই তিনি মুখ্যমন্ত্রী হয়েছেন, তিনি প্রশাসনকে জানিয়েছেন যে তিনি কোনো কাউকে কোন পদ কোনো কিছু না দেখে যে যেখানে অন্যায় করবে, তাকে সেই জায়গায় উপযুক্ত শাস্তি দিতে হবে। এটাই কিন্তু আমাদের পুলিশ প্রশাসনের পরিষ্কার নির্দেশ বার্তা এটা পুলিশ মহল পর্যন্ত জানা আছে, আপনারাও নিশ্চয় জানবেন। আর নদীয়ার একটা বোবা কালা মেয়ে যেটা সেলিনা বসাক তাকে লোকাল কমিটির মেম্বার যেভাবে তাঁকে ধর্ষিতা করে এবং তাকে অন্তঃসত্ত্বা করেছিল, তা এখন পর্যন্ত সে বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। সেটা কিন্তু এখন পর্যন্ত তাঁর কোনো ব্যবস্থা করা হয়নি বা সে মানুষের চোখে আসেনি। এই রকম কিছু ঘটনা আছে। ওনারা শুনবেন না, ওনারা তো কান দিয়ে দেখেন আর চোখ দিয়ে শোনেন, এই কারণেই আর কি ওনারা বুঝতে পারেন না যে কখন কি ঘটে যায়। আমি আর একটু কথা বলতে চাই, দুই দল, দুইজনই, দুই সি.পি.এম.-এর বা কংগ্রেসের দুই নেতা তারা মেসি মহিলা কমিশন বলে একটা তারা লাভপুরে গিয়ে সেখানে গিয়ে নানান রকম কুৎসা অপপ্রচার করে এসছে, মনে করছে যেন, তারাই সব, যেটা বলছে সেটা ঠিক। এইভাবে সরকারের বিরুদ্ধে নানান রকম কুৎসা প্রচার করছে। তারা তো ভোটে জিততেও পারেনি, মানুষের রায় পায়নি, মানুষের কাছ থেকে তারা ফিরে এসেছে, সেই বিমুখ হয়ে এসে তারাই চেষ্টা করছে মানুষকে ভুল পথে বা কুৎসা করে যদি তাদের মন জয় করা যায়, সেই চেষ্টা করছে। সব শেষে বলি, বাংলার মানুষের রায়,

বাংলার মানুষ চেয়েছেন. মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে চলছেন ওনার সঙ্গে তাঁরা থাকবেন. আগামী দিনেও মানুষ ওনার সঙ্গে আছেন. এই আশা রেখে আমি কবির একটা ছোট্ট কবিতা ধার করে বলি. 'আমরা চলি সমুখপানে. কে আমাদের রুখবে রে. রইল যারা পিছু টানে কাঁদবে তারা কাঁদবে রে।' নমস্কার।

শ্রী দীপক চ্যাটার্জী : শ্রদ্ধেয় চেয়ারম্যান স্যার, গত ১০ই ফেব্রুয়ারী, আমাদের রাজ্যের মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন তিনি যে ভাষণ দিয়েছেন এবং এই ভাষণকে স্বাগত করে যে প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। আমি আমার অনুভূতি দিয়ে চেয়ারম্যান স্যারের অনুমতি নিয়ে, দু-লাইন একটু গান গাইব। 'কত সাধনার পর এমনও পরিবর্তন তোমরা আনলে. সব কিছু ভেঙে চুরে দিলে. হায় এই বাংলার কি যে হবে। হায় এই বাংলার কি যে হবে।' মহামান্য রাজ্যপাল যে বিবৃতি দিয়েছেন, আমরা জানি বর্তমান বাজারে প্রতিটার সঙ্গে একটা করে ফ্রি পাওয়া যায়। আমরা মহামান্য রাজ্যপালের এই বিবৃতি দেওয়ার পরে গত দুইদিন ধরে পেপারে ফ্রি পেয়ে যাচ্ছি, অনেক কিছু। প্রতিটি পেপারে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে—রাজ্য সরকারের কৃতিত্ব। তার জন্য কত খরচ হচ্ছে, সেই খরচের পয়সা আসছে কোথা থেকে। আসল কথাটা হচ্ছে, ভালো কাজ. ভালো কাজ। আপনারা বললেন যে, কে ভালো পাখি, কে খারাপ পাখি। কার ভালো নজর, কার খারাপ নজর। ভালো লাগল—আপনাদের নজর লালের দিকে, টিয়াপাখির উদাহরণ দিলেন। নজর লালের দিকে— কারণ লাল জিনিসটা ভাল। লালই একমাত্র বিকল্প। তার কারণ, সত্যিকারের যদি চিন্তা-ভাবনা করা যায় সারদাকে নিয়ে, সত্যিকারের সারদার ঘটনায় এখনও পর্যন্ত হতভাগ্য বাংলাবাসী দূরের কথা, আমরা বিধানসভায় যারা আছি, কি করতে পেরেছি, সরকার পক্ষ হোক আর বিরোধী পক্ষ হোক। দেখা গিয়েছে, একটা আইন নিয়ে টালবাহানা। ৮ মাস আগে দেখলাম কি না আইনের পরিবর্তন করতে হবে। আইনটাকে আরো কঠোর করতে হবে। কঠোর করতে পারলে তাদের সাজা দেওয়া যাবে। তার জন্য ৮ মাস অতিক্রান্ত। তারপরে দেখা গেল দিল্লি থেকে সেটা ফিরে এল। ফিরে এসে আবার সংশোধন করতে হবে। আইনটাকে আরো কঠোর করতে হবে। ওকে সাজা দিতে হবে। কিন্তু আমাদের গ্রামবাংলার ছেলেরা যারা ওই এজেন্টের কাজ করেছে তাদের খোঁজ খবর আপনারা নিয়েছেন ? ভালো কাজ দেখান ! তারা কি অবস্থায় আছে, তাদের কিভাবে চাপ সহ্য করতে হচ্ছে। তাদেরকে লক্ষ লক্ষ টাকা দিতে না পারার জন্য গ্রামে তাদেরকে মার খেতে হচ্ছে।

[2.50 – 3.00 p.m.]

পুলিশ প্রশাসন তাদেরকে তাড়িয়ে বেড়াচ্ছে সেই রকম সংখ্যা কত ! তাদের জন্য আপনারা কি ভালো কাজ করেছেন ? সি.বি.আই. চান না, ঠিক আছে, আপনাদের ব্যাপার। আইনগত অনেক কিছু বলে বেড়াচ্ছেন। কিন্তু সবকিছুতেই রাজনীতি করলে হবে না বন্ধু। আমার নলহাটি ব্লকে এগ্রো কি ফিশারি এইরকম একটা চিট ফান্ড— ৪২ জন ছেলে আমার নলহাটি শহরে, তারা আমানত করে জমা দিয়েছিল চিটফান্ড কোম্পানির মালিককে। লক্ষ লক্ষ টাকা

তাদের ঘর থেকে দিতে হয়েছে এবং তারা ঘর ছেড়ে পালাচ্ছে। পুলিশ তাড়াচ্ছে, মানুষ তাড়াচ্ছে তাদেরকে। তাদের কথা আপনারা ভেবেছেন ? আর বলছেন সি.বি.আই. তদন্ত চাই না ! ৫০০ কোটি টাকা দিয়ে দিলাম আটত্রিশ হাজার টাকার মধ্যে ! কেন ? কেন এতটা তাচ্ছিল্য সারদাকে নিয়ে ? কে দোষী, নির্দোষী দরকার নেই ! বাংলার ভালো চাইছেন, মেলা করছেন, অনেক কিছু করছেন। এই ছেলেগুলোর জন্য কিছু বলুন। এরা কি করে বাঁচবে ? এদের হাতে পয়সা চাই। এদেরকে অন্তত মুক্ত করুন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি রাখছি এদের জন্য ভাবুন, এদের জন্য কথা বলুন। গ্রামবাংলার মানুষ বলুক যে হ্যাঁ আপনারা ভালো কাজ করছেন। তাহলে মিটে গেল। এখানে স্বাস্থ্যের ব্যাপারে, সবকিছু হচ্ছে, আমাদের আওতাভূক্ত করা হচ্ছে, আমাদের মাথায় এসেছে, আমরা তালিকাভুক্ত করছি— আরে এগুলো কি ! আড়াই বছর অতিক্রান্ত। দুপুর শেষ, সামনে কেবল বিকেল। এই বিকেলটুকুর পরেই রাত্রি চলে আসবে। আপনারা আর কিছু করতে পারবেন না। এখনো পর্যন্ত আওতাভুক্ত ! আর কথায় কথায় ৩৪ বছর আপনারা কিছু করেছিলেন ? আপনারা তো এসেছেন। আমি তো বললাম প্রথমে, কত সাধনার পরে আপনারা এসেছেন। কিছু করবার জন্য তো এসেছেন। কিন্তু কিছু করতে পারেননি। শুধু কতগুলি কথা। ভাত ছড়ালে কাকের অভাব হয় না। সেইজন্য দু-টাকা কেজি চাল। এখনো পশ্চিমবাংলায় সেই মোহরটা লাগিয়ে রাখছেন। পানীয় জল, রাস্তাঘাট, বিদ্যুৎ এগুলো সরকারে যারা আসবে তাদেরকে করতে হবে। এগুলোর জন্য কোনো কৃতিত্ব নেই। যেই সরকারে আসবে তাকে এগুলো করতে হবে। দিনের পর দিন পরিবর্তন হচ্ছে। দিনের পর দিন এগোচ্ছে। রাস্তাঘাট করতে হবে, বিদ্যুৎ করতে হবে, পানীয় জল দিতে হবে, স্বাস্থ্যের উপকার করতে হবে, শিক্ষার ব্যবস্থা করতে হবে, এগুলো যে সরকারে থাকবে সেই করবে। এর জন্য কৃতিত্ব পাওয়ার কিছু নেই। কিন্তু সমাজ ব্যবস্থায় যে আইন-শৃঙ্খলা দাঁড়িয়েছে, সেই আইন শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব আপনাদের, যারা সরকারে আছেন। প্রতিদিন কেন আমার গ্রামবাংলায় নারী ধর্ষণ হবে। এটা রাজনীতি করার ব্যাপার নয়। আমরাই গ্রাম বাংলায় বাস করছি। প্রতিদিন কেন আমরা খবরের কাগজে পাব ওই গ্রামের এক বোবা মেয়ে তাকে ধর্ষণ করা হয়েছে। সেখানে তাকে নিয়ে বলা হচ্ছে যে না এটা কারসাজি। কত আর শুনবেন আপনারা। কেন শুনবো আমরা ? আমরা তো বিধানসভায় এসেছি এই কথাগুলো বলার জন্য। এর জন্য তো সর্বদলীয় বৈঠক করে আপনাদের পদক্ষেপ নিতে হবে। আমরা আমাদের দলের পক্ষ থেকে বারবার বলেছি। আমাদের প্রশ্নের উত্তর দেওয়া হয় না। গণতন্ত্রকে ভেঙে দেওয়া হচ্ছে। এই আড়াই তিন বছরে যত মূল্যবান প্রশ্ন করা হয়েছে সেগুলো কিসের জন্য করা হয়েছে ? বাংলাকে রক্ষা করার জন্য করা হয়েছে। না, বিরোধীদের কোনো কথা শোনা চলবে না। কেন ? আমাদের সংবিধানে বিরোধীদের তো একটা ভূমিকা আছে। এদের আপনারা কেন মূল্যায়ন দেবেন না ? আরো দু-আড়াই বছর তো আপনাদের কাটাতে হবে। জানি, আপনারা পারবেন না। আপনাদের পক্ষে সম্ভব নয়। কেননা আপনারা শিখে পড়ে আসেননি। দুটো বুলি শিখিয়ে দেওয়া হয়েছে। এক, ৩৪ বছরে বামফ্রন্ট সরকার কিছু করেননি। দুই, মাননীয়া মুখ্যমন্ত্রীর আদেশে এই হল, মাননীয়া মুখ্যমন্ত্রীর আদেশে এই হল, মাননীয়া মুখ্যমন্ত্রীর

আদেশে এই হল। এই স্লোগান দিয়ে বাংলা চালাবেন? এই স্লোগান দিয়ে বাংলা চলবে না। আপনাদের ভালোর জন্য শুনুন। কথায় কথায় বলছেন, আয় চলে আয় কর্মাধ্যক্ষ করে দেব, কথায় কথায় বলছেন আয় চলে আয় প্রধান করে দেব, কথায় কথায় বলছেন আয় চলে আয় তোদের মন্ত্রী করে দেব, কথায় কথায় বলছেন তোদের কত কোটি টাকা চাই। কিসের জন্য? এটা কি বাংলার উপকারের জন্য? আমাদের বাংলা সমাজের উপকারের জন্য এই জিনিসগুলো করা হচ্ছে? আর বড় বড় নাম—জল ধরো জল ভরো। আমার ব্লকের নলহাটিতে কোথায় জল ধরো, কোথায় জল ভরো আছে? কোন ব্লকে আছে? আপনারা বলুন যে হ্যাঁ জল ধরো জল ভরো আছে? কি হচ্ছে এই সমস্ত স্লোগান দিয়ে? কি বলা হল নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে মেলা করা হল, ভালো ভালো খাবার। আমরা অনেক বিধায়করা বোধহয় এত ভালো খাবার চোখে দেখেছি কিনা সন্দেহ আছে। কি না কন্যাশ্রী দেওয়া হচ্ছে, যুবশ্রী দেওয়া হচ্ছে। দার্জিলিং থেকে এসেছেন এই, এই টাকা নিয়ে যান। জলপাইগুড়ি থেকে এসেছেন এই, এই টাকা নিয়ে যান। আরে পশ্চিমবাংলায় কত অভাবী মানুষ আছে। সবকিছুই রাজনীতিসর্বস্ব করবেন না। সবকিছুই ভোটসর্বস্ব করবেন না। এটা আলোচনার জায়গা। গ্রামবাংলাকে বাঁচানোর স্বার্থে আমাদেরকে আলোচনা করতে হবে। কর্মসূচি গ্রহণ করার দায়িত্ব আপনাদের এবং সেই প্রকল্প সঠিকভাবে রূপায়ণ করার দায়িত্ব আপনাদের। এগুলো আপনারা সঠিকভাবে করবেন। আমরা আপনাদের সহযোগিতা করতে রাজি আছি। আর তা নাহলে শুধুমাত্র শ্লোগান চালিয়ে যাবেন, তাহলে গ্রাম বাংলা আরও পিছিয়ে যাবে। তার জন্যই বললাম হায় এই বাংলার কি হবে। চিন্তা করে আপনারা এই ব্যাপারটা একটু দেখবেন। এখন শীতকাল শেষ হতে চলেছে, স্বাভাবিকভাবেই শীতকালে জিনিসপত্রের দাম সামান্য কম থাকে। কিন্তু শীতের আগে কি অবস্থা ছিল? যখন ভরপুর শীত আসেনি তখন জিনিসপত্রের দাম কোথায় ছিল। তখন আমরা কি পদক্ষেপ নিতে পেরেছি? তখন ঠিক হয়েছে ১৩ টাকা কেজি দরে সরকার আলু বিক্রি করবে। ১৩ টাকা কেজি দরে আলু আপনারা এক জায়গাতেও বিক্রি করতে পেরেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী যেখানে আদেশ দিচ্ছেন, সেখানে এক জায়গাতেও ১৩ টাকা কেজি দরে আলু পাওয়া যায়নি। আজকে চার টাকা হচ্ছে আলুর কেজি। প্রাকৃতিক নিয়মেই আজকে চার টাকা আলুর কেজি হয়েছে। তার জন্যই বলছি, রাস্তাঘাট করার কথা বলুন, কোথাও বিদ্যুৎ করার কথা বলুন, কোথাও পানীয় জল করার কথা বলুন, তার জন্য কৃতিত্ব কিছু নেই। সরকারে যে আসবে তাকে কতগুলো কমন কাজ করতেই হবে, এটাই হচ্ছে নিয়ম। কিন্তু সমাজকে সুষ্ঠুভাবে বাঁচিয়ে রাখার জন্য, আপনারা কি পদক্ষেপ নিয়েছেন। সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যে সমস্ত সরকার আছে তারা দেখে বলবেন, হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকার দেশের স্বার্থে এই ধরনের একটা প্রকল্প নিয়েছে, এই ধরনের একটা কর্মসূচি নিয়েছে, যাতে করে পশ্চিমবাংলা এগিয়ে যাবে, তার সঙ্গে ভারতও এগিয়ে যাবে। বাঙালি আজ যা ভাবে, ভারতবর্ষ কাল তা ভাবে—এই শ্লোগান মুখে দিলেই শুধু চলবে না, কাজেও তা করে দেখাতে হবে। আপনারা সরকারে আছেন, আপনারা তা দেখিয়ে দিন গোটা ভারতবর্ষকে, পশ্চিমবাংলার সরকার আজ যা ভাবছে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো আগামী দিনে তা

ভাববে। শুধু বিজ্ঞাপনের ছড়াছড়ি দিয়ে সেই ভাবনা হয় না। গোটা রাজ্যের যেখানে সেখানে লাখো লাখো, হাজার হাজার বিজ্ঞাপন, আর সেই বিজ্ঞাপন দিচ্ছেন কার স্বার্থে ? সমাজের উন্নতির স্বার্থে সেই বিজ্ঞাপন দিচ্ছেন, না রাজনৈতিক ভোটসর্বস্ব স্বার্থে সেই বিজ্ঞাপন দিচ্ছেন। মনে রাখবেন আপনারা সরকারে আছেন। পরিবর্তনের সরকার, মা-মাটি-মানুষের সরকার—গালভরা শ্লোগান, সেই সমস্ত শ্লোগানকে আপনারা নিজেরাই কলুষিত করছেন এই সমস্ত বিজ্ঞাপনের মাধ্যমে। কয়েকশো কোটি টাকা সারা পশ্চিমবাংলায় বিজ্ঞাপনের মাধ্যমে খরচ হচ্ছে। কোথা থেকে আসছে এই টাকা। সারদার জন্য আপনাদের চিন্তা-ভাবনা করতে হবে। কথায় কথায় আপনারা ঘর বানিয়ে দিচ্ছেন। ফিশারী ডিপার্টমেন্টের ঘর দিচ্ছেন, ইন্দিরা আবাস যোজনা থেকে ঘর দিচ্ছেন, গীতাঞ্জলি থেকে ঘর দিচ্ছেন। কিন্তু ঘরগুলোর চেহারা আপনারা দেখেছেন কি ? হাঁস-মুরগি সেখানে থাকতে পারে না। আপনাদেরকে জানাতে হবে যাদেরকে ঘর দিচ্ছি, সেটা তাদের থাকার পক্ষে উপযুক্ত কিনা। মুখে ঘর দিচ্ছি বললেই হবে না, মানুষ যাতে সেই ঘরে থাকতে পারে সেই ব্যবস্থাও আপনাদের করতে হবে। এতগুলো কলেজ আওতাভুক্ত আছে, এতগুলো জায়গায় মিড ডে মিলের প্রকল্প এসেছে, আমরা মঞ্জুর করে দিয়েছি, কোথাও ইমপ্লিমেন্টেশান নেই। প্রথমেই আমরা শুনেছিলাম একশোর মধ্যে আপনারা একশো পেয়েছেন, আপনারা একশোর মধ্যে একশো পাননি, এখনো পর্যন্ত আপনারা জিরোতেই আছেন। মানুষ আজকে ভাবছে, পরিবর্তনের সরকারকে ক্ষমতায় এনে আমরা গ্রাম বাংলার কতটা উন্নতি করতে পেরেছি। সকাল দেখলেই বোঝা যায়, রাত্তিরটা কেমন যাবে। অতএব আড়াই বছর অতিক্রান্ত হওয়ার পরে মানুষ বুঝে নিয়েছে, মানুষ ঠিক করে নিয়েছে তারা কি করবে। যদি আপনাদের সৎ সাহস থাকে, তাহলে নিরপেক্ষভাবে গণতন্ত্রকে রক্ষা করার স্বার্থে আপনারা নির্বাচনে নামুন। গ্রাম বাংলার মানুষ আপনাদের বিরুদ্ধে রায় দেবে। গ্রামকে বাঁচানোর স্বার্থে আমরা জানি আগামী দিনে ওই লালই গ্রাম বাংলায় অধিকারে আসবে, পরিচালনা করবে। কিন্তু যে সমস্ত ক্ষয়ক্ষতি আপনারা করে দিয়ে যাচ্ছেন, তার জন্যই আমাদের চিন্তা। হায় এই বাংলার কি হবে। জয় হিন্দ। সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.00—3.10 p.m.]

শ্রী অসিত মজুমদার : মাননীয় চেয়ারাম্যান স্যার, গত ১০ ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। আমার আগে অনেক বক্তা, আমাদের সভার যারা সদস্য তাঁরা বলেছেন। বলেছেন সোহরাব সাহেব। বলেছেন সুভাষ নস্কর সাহেব। বলেছেন চৌধুরী হেদায়তুল্লাহ সাহেব। আমাদের শীলভদ্র থেকে অনেকেই বলেছেন। আমার আগে দীপক চ্যাটার্জী বললেন। সোহরাব সাহেব নেই। সোহরাব সাহেব এবং সুভাষ নস্কর বাবু আমাদের বিধানসভার অত্যন্ত বর্ষীয়ান ও দীর্ঘদিনের সদস্য। শীলভদ্র দত্ত তাঁর বক্তব্যের মাধ্যমে বলেছেন। প্রথমেই আমি চাইছিলাম, রাজ্যপাল আমাদের সরকারের যে কথাগুলো বলেছেন, তার বাস্তব রূপ বলতে চেয়েছিলাম। কিন্তু বিগত

৩৪ বছর যারা সরকার চালিয়েছেন তারা যে কথাগুলো রাগে প্রতিধ্বনি করছেন, এই প্রতিধ্বনিগুলো তারা ভেবে করলে খুব ভাল লাগত। একটু আগে দীপক চ্যাটার্জী বললেন, যে নির্বাচনে যেতে হবে। ওদের লজ্জাও করে না। প্রতিটা নির্বাচনে হেরে হেরে কদিন আগেও হাওড়া কর্পোরেশনে হেরে ভূত হলেন। পঞ্চায়েতে হেরে ভূত হলেন বাই ইলেকশানেও হেরে ভূত হলেন। পার্লামেন্ট আসছে। সেখানেও দেখবেন যে ওদের কথা পশ্চিমবঙ্গের মানুষ আর শুনছে না। আর ভোটটা কি পান সেটাও দেখবেন পার্লামেন্টে। অতএব নির্বাচনে আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের সরকার ভয় পায় না, সেটাও আমরা আগামী পার্লামেন্টে দেখাবো নির্বাচনের মাধ্যমে কি করা যায়।

নারী নির্যাতন, ওদের খুব ব্যথা আর নাকি আইন-শৃঙ্খলা। আমার সরকারের কিছু নেই। রাজ্যপাল ঠিক বলেননি। তাই বিরোধিতা করছেন। নারী নির্যাতনের কথা বলতে ওদের মুখে বাধে না। সুভাষবাবু আমাদের শ্রদ্ধেয় ব্যক্তি, উনার বোঝা উচিত, উনার জানা উচিত যে নারী নির্যাতনটা কি। উনি ভালো বোঝেন জ্বালা। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আজকে বলছে, ঘোড়া কেনার কথা একজন বলেছেন। ঘোড়া কিনছে, ঘোড়া কিনছে। বলছে ঘোড়া কেনা হচ্ছে। আরে ঘোড়া তো ভাল ট্রেনিং নেয়। ট্রেনিং দিতে পারেননি, ঘোড়াকে ট্রেনিং দেওয়াতে পারেননি সুভাষবাবুরা। ঘোড়া উল্টো দিকে দৌড়াচ্ছে, ট্রেনিং প্রাপ্ত হয়নি। উল্টোদিকে দৌড়াচ্ছে, যারা ট্রেনিং দিলেন, ট্রেনিং দেওয়াতে পারলেন না। উল্টোদিকে দৌড়াচ্ছে কেন ? বলছে বড় দাদার কথা শোনা যাচ্ছে না। চাকর বাকর করে দিয়েছে। সুভাষবাবুদের জানা উচিত, চাকর-বাকর করে দিয়েছে। একটা বড়ো হাউস থেকে যা নির্দেশ যায় সেই নির্দেশ ছোট হাউসের লোকদের শুনতে হয়। তো ওরা শুনবে না বলে পালিয়েছে ঘোড়া। এখন দোষ দিচ্ছে অন্য জায়গায়। ভাবতে হবে। যে বড় হাউস যা বলবে ছোট হাউস তাই করবে ডেলি। একদম নিংড়ে দিচ্ছে। তারপরেও বলছে শুনতে হবে। যারা শুনবে না তারা অন্য জায়গায় আসবে। জোর করে তো রাখা যাবে না। অতএব ঘোড়া কেনাকেনির কোনো ব্যাপার নেই। আর নারী নির্যাতন এখন তো কেস হয়। আমার বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তার সরকার একটা ঘটনা বিরোধীরা বলতে পারবেন যে কেস হয়নি ? আগে তো কেস হত না। আমরা দেখেছি বানতলায় কেস হয়নি। ধানতলায় কেস হয়নি। কোচবিহারের বর্ণালী দত্ত, ডিউটি অবস্থায় একজন নার্স—ভুলে গেছেন সুভাষবাবুরা। বলতে পারবেন না, সাহস নেই । মুখে বলার ইচ্ছা থাকলেও বড় দাদার জন্য বলতে পারবেন না। আপনারা তো ছোটদাদা, বলার ক্ষমতা নেই। সরকারি চাকরি করা অবস্থায় রাত্তির বেলা ধর্ষিতা হয়েছিলেন বর্ণালী দত্ত। কোচবিহারের নার্স, কেস হয়নি, আন্দোলন করতে হয়েছিল মানুষকে। আজকের সরকার প্রতিটা ক্ষেত্রে তারা কেস রিজু করছে, আসামী ধরছে, তার বিচার হচ্ছে। গায়ের রং লাল, কি নীল, কি সাদা—আমার সরকারের সেটা দেখার বিষয় নয়, এটা সামাজিক বোধ। আর এই সামাজিক বোধ গত ৩৪ বছর ধরে তৈরি করেছেন আপনারা, আর আমাদের তার খেসারত দিতে হচ্ছে। আমাদের পুলিশকে নির্দেশ দিতে হচ্ছে। পুলিশকে আপনারা ক্রীতদাস তৈরি করেছিলেন। থানাগুলোকে আপনারা LC

office তৈরি করেছিলেন। আমরা সেই পুলিশকে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কাজ করার সুযোগ দিয়েছেন। দলমত নির্বিশেষে আইনের পক্ষে কাজ করতে বলেছেন। তাই আপনাদের আজকে জ্বালা হচ্ছে, আপনাদের কষ্ট হচ্ছে যে, আগামী ৫০ বছরেও মমতা ব্যানার্জীকে বাংলা থেকে হারানো যাবে না। তারজন্য আপনার এই পবিত্র সদনে মিথ্যা বক্তব্য রাখছেন, মিথ্যা কথা বলছেন, অসত্য কথা বলছেন। আমাদের সরকার মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছিলেন দশ তারিখ—আমাদের বাংলার মুখ্যমন্ত্রী মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি অন্তত ১৮ থেকে ২০ ঘণ্টা কাজ করছেন। প্রতিটা প্রকল্প তিনি নজরদারি করছেন, এগিয়ে যাচ্ছেন। আপনারা কেন করেননি ৩৪ বছরে ? একটা ঐতিহাসিক পীঠস্থান রাইটার্স বিল্ডিং। সেই রাইটার্স বিল্ডিং-এ ভগ্নদশা। আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী তিনি চিন্তা করলেন ওটা বাঁচাতে হবে। আপনাদের মাথায় কোনোদিন আসেনি ওটাকে বাঁচাবার স্বপ্ন। আমাদের সরকার ওটাকে বাঁচাবার স্বপ্ন এসেছে, তাই রাইটার্সে এই ঐতিহাসিক অর্থাৎ পীঠস্থানকে বাঁচাবার জন্যে তিনি হাওড়ার নবান্নে নতুন সরকারের জায়গা করেছেন এবং নবান্নে সেখানে কাজ করছেন। এটা ঐতিহাসিক সিদ্ধান্ত, আপনারা কোনোদিন নিতে পারেননি, আপনাদের নেওয়ার ক্ষমতা ছিল না। আমাদের সরকারকে ব্যঙ্গ করছিলেন সুভাষবাবু, না শুনে পালিয়ে গেলেন। ব্যাঙ্গ করছিলেন হেদায়েতুল্লা সাহেব, না শুনে পালিয়ে গেলেন। যে তিনবার নয় দক্ষিণ ২৪-পরগনায় চারবার গিয়েছিলেন। আপনারা কেন ভাবেননি ? রাজ্যের মুখ্যমন্ত্রী তার Cabinet মন্ত্রীদের নিয়ে, তার মধ্যে সভার সদস্যদের নিয়ে জেলায় জেলায় supervise করছেন, তার Principal Secretary থেকে বিভিন্ন Department-এর Secretary-দের নিয়ে। এটা ব্যঙ্গ করার বিষয় নয়। প্রশাসনকে আপনারা পঙ্গু করে দিয়েছিলেন জেলার DM, জেলার BDO, জেলার SDO, জেলার SP, জেলার SDPO আপনারা ক্রীতদাস তৈরি করেছিলেন। আর আমাদের মুখ্যমন্ত্রী তাদের কাজ করবার সুযোগ করে দিয়েছেন।

[3.10 – 3.20 p.m.]

আজকে ডি.এম.-রা রাস্তায় ঘুরে ঘুরে কাজ করছে, বি.ডি.ও.-রা কাজ করছে। সেইগুলো রাইটার্সে বসে সুপারভিশান হয় না। রাইটার্সে বসে সুপারভিশান করা যায় না। তাই আমার মুখ্যমন্ত্রী তাঁর মন্ত্রীসভার সদস্যদের নিয়ে ৩-৪ বার করে জেলায় জেলায় যাচ্ছেন, কাজের সুপারভিশান করছেন। একটা মুখ্যমন্ত্রীর সাথে একটা আই.সি. কথা বলার সুযোগ পায়, একটা বি.ডি.ও. কথা বলার সুযোগ পায়, একটা এস.ডি.ও. কথা বলার সুযোগ পায়। আপনাদের সময় বুদ্ধবাবুর অত সময় ছিল না, দুপুরবেলায় ঘুম আর বিকালবেলায় নন্দন, এটা না করলে তার যেত না সময়। তাঁকে ভাত খেয়ে ঘুমোতে হত আর বিকালবেলায় নন্দনে গিয়ে বুদ্ধিজীবী সাজা হত। আর আমার বাংলার মুখ্যমন্ত্রী তিনি ২০ ঘণ্টা কাজ করেন। তাই তিনি জেলায় জেলায় যান। ব্যঙ্গ করবেন না, সরকারের প্রশংসা করুন যে একটা মুখ্যমন্ত্রী কিভাবে পরিশ্রম করতে পারেন, তাঁকে সাধুবাদ জানান। সাধুবাদ না জানিয়ে ব্যঙ্গ করবেন ! আমাদের রাজ্যপালের ভাষণে বলেছেন যে আমার সরকার—আমাদের

শ্রমমন্ত্রী এখানে আছেন—৭.৫ লক্ষের বেশি শ্রমিককে সামাজিক মুক্তি কার্ড দিয়েছে এবং স্মার্ট কার্ড দিয়েছে। সুভাষবাবু ব্যঙ্গ করছিলেন, কোথায় যাবে এরা, সামাজিক মুক্তি কার্ড দিলেন, কি হবে ? ওনার জানার ইচ্ছা নেই, একটা শ্রমিক এই কার্ড নিয়ে সে কত রকম ফেসিলিটি পেতে পারে। তার সামাজিক সুরক্ষা, তার ব্যাঙ্কের ঋণ, তার মেডিকেল ফেসিলিটি তার ই.এস.আই. ফেসিলিটি, নানা ধরনের তা এই সংস্থার মধ্যে রয়েছে। এদের ভাবতে হবে। মাননীয় চেয়ারম্যান সাহেব, আমাদের মুখ্যমন্ত্রী—আপনি জানেন কি ছিল জঙ্গলমহলের অবস্থা—সেই জঙ্গলমহলে বার বার তিনি গিয়ে আজকে জঙ্গলমহলের মানুষের মুখে হাসি ফুটিয়েছেন। জঙ্গলমহলের মানুষ আজকে বুঝতে শিখেছে উন্নয়ন কাকে বলে। বার বার মুখ্যমন্ত্রী গিয়েছেন। আর ওনাদের মন্ত্রীরা না গিয়ে পালাবার ভান করে এক-একটা বোম ফাটিয়ে দিয়ে বলতেন মরে যাব। ওখানে যেতেন না। মরার ভয়ে ৩৪ বছর ক্ষমতায় থেকে তাঁরা এত আনন্দ বিলাসে ছিলেন যে গরীব মানুষের পাশে যাওয়ার সাহস ওনারা দেখাননি। আমার মুখ্যমন্ত্রী আসানসোলে নিজে হাতে ১৬ হাজার কিলোমিটার রাস্তা পঞ্চায়েতের মাধ্যমে করা হয়েছে। ৫টা করে রাস্তা আমাদের সরকার ১০০ দিনের কাজের মাধ্যমে করবেন। আর আসানসোলের মানুষকে তাঁরা পিঁপড়ের ডিম খাইয়ে রাখত। আমাদের নেত্রী মুখ্যমন্ত্রী সেই দিন ছিলেন না, তিনি আসানসোলের মানুষের কাছে গিয়েছিলেন, এদের বুদ্ধবাবু বা অন্য কোনো মন্ত্রীর যাবার ক্ষমতা ছিল না। তিনি আসানসোলে গিয়ে সেই মানুষগুলোর পাশে দাঁড়িয়েছিলেন। আবার মুখ্যমন্ত্রী হবার পরে তিনি আসানসোলে নিজে রাস্তা তৈরি করেছেন ইট পেতে, আসানসোলের মানুষের মধ্যে গিয়েছেন। বিবেক চেতনার নাম করে প্রায় ৩০ হাজার প্রতিযোগী সেখানে স্পোর্টসে অংশ নিয়েছেন। ১৬০০ ক্লাব জঙ্গলমহলের এই উৎসবে তারা নেমেছেন। কেন করেন নি ৩৪ বছর ? ওরা যখন করতে পারেনি তখন ওরা আজ এই যন্ত্রণায় ভুগছেন, বামপন্থীরা। আর সেই যন্ত্রণার প্রতিফলন এই পবিত্র সদনে করছেন। বাইরে করার ক্ষমতা নেই। মানুষ একটাও আস্ত রাখবে না। তাই এখানে এসে এই সমস্ত অন্যায় কথাবার্তা বলছেন। কারণ মানুষ জানে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মা-মাটি-মানুষের সরকার কীভাবে কাজ করছেন। একটু আগেই বলছিলেন, বেকারদের তো কিছু হচ্ছে না। বেকাররা কোথায় গেল ? ওনারা খবরই রাখেন না। আমাদের সরকার এই আড়াই বছরে মা-মাটি-মানুষের সরকার চারশো সাব ইন্সপেক্টর নিয়োগ করেছেন। ৪০ হাজার কনস্টেবল নিয়োগ করেছেন, ১ লক্ষ ৩০ হাজার অসামরিক পুলিশ, স্বেচ্ছাসেবক, মহিলা কনস্টেবল নিয়োগ হয়েছে। আরও প্রসেস চলছে। প্রাইমারি স্কুলে নিয়োগ চলছে। এস.এস.সি.-তে নিয়োগ চলছে, হসপিটালে নিয়োগ চলছে, ই.এস.আই.-তে নিয়োগ চলছে। আর ওরা দেখতে পাচ্ছেন না। শ্মশান করে দিয়েছিল সরকারি অফিস। কাজ করার লোক নেই। কাজ করার জায়গা নেই। আজ পবিত্র সদনে এসে অশোভন কথা বলছেন। আমি মাননীয় সদস্যদের অভিনন্দন জানাই এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই তাঁর এই কাজ করার জন্য এবং রাজ্যপালের ভাষণ সদর্থক, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবিউল আলম চৌধুরী : গত ১০ই ফেব্রুয়ারী ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পঞ্চদশ বিধানসভার অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের বিপক্ষে আমি কিছু বক্তব্য রাখতে চাই। কিছুক্ষণ আগে শাসকপক্ষের বক্তা শীলভদ্র দত্তবাবু বলেছেন বানতলা, সিঙ্গুর, ধানতলার ঘটনা। সেখানে নারী ধর্ষণ, শ্লীলতাহানি নানা ঘটনা ঘটেছিল। তখন কিন্তু বামপন্থীরা চুপচাপ ছিলেন। আমার প্রশ্ন অন্য জায়গায়। আমরা বলতে চাই তখন যেমন বানতলা, সিঙ্গুর, ধানতলায় যে সমস্ত ঘটনা ঘটেছিল, আমরা প্রথমে কিন্তু তার বিরোধিতা করেছিলাম। তখনকার যিনি নেত্রী ছিলেন তিনি একটা কথা বলেছিলেন 'আমরা দলতন্ত্র নয়, গণতন্ত্র চাই। বদলা নয়, বদল চাই।' আজকে আমরা তাই বলতে চাই যখন পশ্চিমবাংলার দিকে দিকে আজকে নারী ধর্ষণ হচ্ছে, আজকে আমরা দেখতে পাচ্ছি কামদুনি থেকে শুরু করে হাওড়া লাভপুর নানা জায়গায় যখন নারীরা ধর্ষিত হয়, তখন সরকার পক্ষের সদস্যরা গত বামফ্রন্ট সরকারের নারী ধর্ষণের ঘটনার তুলনা করে এই নারী ধর্ষণকে লঘু করার চেষ্টা করে, তাই আমরা এর বিরোধিতা করছি। আমরা বলতে চাই আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা সম্বন্ধে। আরমা দেখতে পেলাম রাজ্যপালের ভাষণে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে বিনা মূল্যে ওষুধ দেওয়ার প্রতিশ্রুতি। কিন্তু আমরা জানি এই বিনা মূল্যে ওষুধ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এর আগেও দেওয়া হত। আমরা শুধু বলতে চাই আজকে গ্রামে-গঞ্জে যারা বাস করেন, যে সমস্ত গ্রামে-গঞ্জে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, আমি সরকার পক্ষকে অনুরোধ করব আপনারা গ্রামে-গঞ্জে গিয়ে সেই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলো একবার দেখে আসুন।

[3.20 – 3.30 p.m.]

আমার বিধানসভা এলাকায় ছটি অঞ্চলের প্রায় ৭০-৮০ হাজার লোকের বাস। সেখানে একটা মুরুটিয়া হাসপাতাল আছে। সেই হাসপাতালে গেলে দেখতে পাবেন, ছ-বিঘা জমির উপর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র তার চারিদিকে কোনো দেওয়াল নেই, ডাক্তার নেই, বেড নেই। সেখানকার জানালা, দরজা খুলে নেওয়া হচ্ছে। সেখানে একজন কমপাউন্ডারকে দিয়ে ওষুধ দেওয়া হয়। ৭০ থেকে ৮০ হাজার লোকের চিকিৎসার জন্য তাদেরকে হয় প্রাথমিক বেলডাঙ্গা স্বাস্থ্যকেন্দ্রে অথবা বহরমপুর সদর স্বাস্থ্যকেন্দ্রে যেতে হয়। তাই মাননীয় শাসক পক্ষ বা সরকারি পক্ষকে অনুরোধ করব, এই সমস্ত গ্রামীণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের যাতে উন্নতি হয় তার জন্য একটা সচেষ্ট ভূমিকা পালন করেন। বড় বড় বক্তব্য রেখে তা পালন করা যায় না। আপনারা জানেন, আমরা শিল্পের ব্যাপারে অনেক কথা শুনতে পাই। আমরা মুর্শিদাবাদ জেলায় বাস করি। যে জেলায় ৬৭ ভাগ সংখ্যালঘু মানুষের বাস। যে জেলার শিল্প নেই, যে জেলায় কলকারখানা নেই। যে জেলার মানুষ পেটের দায়ে গোটা ভারতবর্ষ ঘুরে বেড়ায়, কেউ চুলের ব্যবসা করে, কেউ রাজমিস্ত্রির কাজ করে গোটা ভারতবর্ষ ঘুরে বেড়ায়। আজকে আমরা দেখতে পাচ্ছি, সেই মুর্শিদাবাদ জেলায় রেজিনগর বিধানসভার অন্তর্গত ১৯০ একর জমি শিল্প তালুকের নামে গত বামফ্রন্টের সময়ে নেওয়া আছে এবং প্রাচীর দিয়ে ঘেরা আছে। আমরা কি দেখতে পাই, সেই শিল্প তালুকের জায়গায় গত ডিসেম্বর মাসে

দেখলাম আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী রেজিনগরে প্রশাসনিক বৈঠক করতে গেলেন। আমরা ভাবলাম, সেখানকার মানুষ ভাবল, শিল্পতালুক যখন রেজিনগরে অবস্থিত ১৯০ একর জমি সেখানে বোধ হয় কোনো শিল্প স্থাপন হবে। সেই কথা ঘোষণা করবেন। কিন্তু তার আগে আমরা কি দেখলাম, কাগজে বিজ্ঞাপন দিলেন সেখানকার জমি দেড় লক্ষ টাকা কাঠায় বিক্রি করার জন্য। আর আমরা দেখতে পাচ্ছি যে, শিল্পের নামে বড় বড় কথা বলা হচ্ছে। আমরা কি দেখতে পেলাম ? মুর্শিদাবাদ জেলায় রেজিনগরে প্রশাসনিক বৈঠক করা হল। সেই রেজিনগরে প্রশাসনিক বৈঠকে মুর্শিদাবাদ জেলার জেলাপরিষদ কংগ্রেস দখল করার পরে আমরা দেখতে পেলাম, সেখানকার জেলাপরিষদের সভাধিপতিকে ডাকা হয় না, মুর্শিদাবাদ জেলার কংগ্রেসের ১৪ জন, বামফ্রন্টের ৭ জন এম.এল.এ.-কে ডাকা হয় না, কংগ্রেসের তিনজন সাংসদকে ডাকা হয় না। আর আমরা সেখানে দেখলাম যে, প্রশাসনিক বৈঠকে যেখানে পঞ্চায়েত নির্বাচনে, জেলাপরিষদ নির্বাচনে পরাজিত হয়েছিলেন, বিধানসভা নির্বাচনে পরাজিত হয়েছিলেন সেই সমস্ত মানুষকে নিয়ে আজকে মুর্শিদাবাদ জেলায় প্রশাসনিক বৈঠক করে। মুর্শিদাবাদ জেলার উন্নয়ন কিভাবে করবে সেটাই আমাদের প্রশ্ন জাগে। কারণ যেখানে কংগ্রেসের জেলা পরিষদ, নিশ্চয় আমরা আশা করেছিলাম, সেখানকার সভাধিপতিকে সেই প্রশাসনিক বৈঠকে এবং মুর্শিদাবাদের এম.এল.এ. এবং সাংসদদের ডেকে অন্তত মুর্শিদাবাদ জেলার উন্নয়ন করবে। কারণ মুর্শিদাবাদ জেলা হচ্ছে, সংখ্যালঘু জেলা। যে জেলায় ৭০ ভাগ সংখ্যালঘু মানুষ বসবাস করে। আমরা সেটা আশা করেছিলাম। কিন্তু আমরা সেটা দেখতে পেলাম না। আজকে আমাদের দুঃখ হয়, মুর্শিদাবাদ জেলার উন্নয়নের জন্য আমাদের কেন্দ্রীয় সরকার থেকে নানা প্রকল্প দিয়ে মুর্শিদাবাদ জেলার উন্নয়ন করার চেষ্টা করা হয়। আমরা দেখতে পাই, পশ্চিমবাংলার সরকার কিভাবে সেই উন্নয়ন স্তব্ধ করে দেওয়া হয় তার চেষ্টা তিনারা করেন। মুর্শিদাবাদ জেলায় আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন হচ্ছে। মুর্শিদাবাদ জেলার ছেলে-মেয়েরা সেখান থেকে শিক্ষালাভ করে উচ্চশিক্ষায় উন্নীত হতে পারবে। পাশাপাশি আমরা দাবি করেছিলাম, মুর্শিদাবাদ জেলা গোটা পশ্চিমবাংলার সবচেয়ে গর্বের কলেজ—কৃষ্ণনাথ কলেজকে অন্তত বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হোক। তার জন্য আমরা দাবি রেখেছিলাম। আমরা দাবি রেখেছিলাম, মুর্শিদাবাদ জেলার বেলডাঙা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভাবতা গ্রামে সেখানকার মানুষ কলেজ তৈরি করার জন্য গত বামফ্রন্টের যুগে ছ'বিঘা জমি গ্রামের মানুষ চাঁদা তুলে কিনে রেখে ঘিরে রেখে দিয়েছেন সেখানে কলেজ তৈরি করার জন্য। আমরা বারবার মুর্শিদাবাদ জেলার সদস্যরা শিক্ষামন্ত্রীকে বলেছিলাম, অন্তত কলেজটা তৈরি করার ব্যবস্থা করা হোক। আমরা দেখতে পেলাম সেই কলেজ স্থাপনের কোনো চিন্তা নেই। সেখানে জায়গা আছে, গ্রামের মানুষের উৎসাহ আছে, গ্রামের মানুষ জমি দান করে কলেজ করার জন্য বলছেন কিন্তু পশ্চিমবাংলার সরকারের যিনি মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার পক্ষ তাঁদের কিন্তু সেই রকম ইচ্ছা প্রকাশ পাচ্ছে না। আমরা মুর্শিদাবাদ জেলায় বাস করি, আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে একটা কথা বলতে চাই। তিনি বলেন, আমি সংখ্যালঘু মানুষের জন্য পশ্চিমবাংলায় অনেক উন্নয়ন করতে চাই এবং উন্নয়ন করেছি। গোটা পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে বেশি

সংখ্যালঘু মানুষের বাস মুর্শিদাবাদ জেলায়। কিন্তু আমরা দেখেছি এই জেলা বঞ্চনার স্বীকার। এর আগে আমরা দেখেছিলাম পলাশী পর্যন্ত রেল লাইন ডাবল লাইন করে তারপর মুর্শিদাবাদ জেলায় কাজ বন্ধ করে দেওয়া হয়। আমরা রেলমন্ত্রী পাওয়ার পর পলাশী থেকে আগে ডাবল লাইনের কাজ শুরু করতে পেরেছি। আজকে রেল বাজেটে আমরা পশ্চিমবাংলার জন্য ১১টা নতুন ট্রেন কেন্দ্র সরকার থেকে বরাদ্দ করতে পেরেছে। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে তা চিন্তা করে পাই না। আমি নিজে এম.এল.এ., ডোমকলের, লালবাগের এম.এল.এ.-ও আছেন। কিন্তু সরকার বিরোধী বক্তব্য রাখলে আমাদের ওপর অ্যাটাক করা হয়। প্রশাসনকে বললে প্রশাসন নীরব ভূমিকা পালন করে থাকে। আজকে আমরা দেখতে পাই মুর্শিদাবাদ জেলা বা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে ! মুর্শিদাবাদ জেলার যে সমস্ত অফিসাররা নিরপেক্ষ ভাবে কাজ করতে চান আমরা দেখেছি তৃণমূলের নেতারা সেখানে বক্তব্য রেখে বলেন যে তাঁদের জঙ্গল মহলে পাঠিয়ে দেওয়া হবে যদি তাদের কথা না শোনা হয়। মমতা ব্যানার্জি সরকারের মুখ্যমন্ত্রী। তিনি বার বার বলেন জঙ্গলমহল হাসছে। আর, তাঁর নেতারা গ্রামেগঞ্জে বক্তব্য রেখে বলেন এই ও.সি. আমাদের কথা শুনছে না ওনাকে জঙ্গলমহল পাঠিয়ে দেওয়া হোক। তাহলে কী আমরা বুঝব আপনার নেতারা বলছেন যে জঙ্গলমহল হাসছে না ? আর, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন জঙ্গলমহল হাসছে। এটা কী দ্বিচারিতা ? আমরা মুর্শিদাবাদ জেলায় বসবাস করি। মুর্শিদাবাদ জেলার সদর শহর বহরমপুর। বহরমপুর মুর্শিদাবাদ জেলার সদর শহর হওয়ার জন্য আমরা দেখতে পাই গাড়ি-ঘোড়ার চাপে যানজটের সৃষ্টি হয়, বহরমপুর শহরে ঢোকা যায় না। তার জন্য আমরা দেখতে পেলাম রেলমন্ত্রী থাকাকালীন রেলের উন্নয়নের জন্য সেখানে ওভারপুল করার জন্য টাকা বরাদ্দ করে তার শিলান্যাস করা হল কিন্তু পশ্চিমবাংলার সরকার, পি.ডব্লু.ডি. মানছে না। আপনারা কী এটা চান না ? আপনারা বলছেন গোটা পশ্চিমবাংলায় উন্নয়ন হচ্ছে। পাশাপাশি মমতা ব্যানার্জি বলেন 'আমরা সংখ্যালঘু মানুষের জন্য উন্নয়ন করছি।' আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ হিসাবে বলতে চাই, যে জেলায় ৬৭ ভাগ সংখ্যালঘু মানুষ বাস করে সেই জেলার ওপর কেন এত বঞ্চনা। আমরা তার জবাব আমরা চাই। আপনাদের কাছে আমরা তাই বলতে চাই, আজকে আপনারা পশ্চিমবাংলায় বড় বড় উন্নয়নের কথা বলছেন। আপনারা কলেজ করছেন। আপনারা বিশ্ব-বিদ্যালয় তৈরি করছেন। আপনারা বড় বড় হাসপাতাল তৈরি করছেন। আপনারা রাস্তা-ঘাট তৈরি করছেন। আপনারা আইন-শৃঙ্খলা পরিস্থিতি অত্যন্ত ভালো জায়গায় নিয়ে গেছেন বলছেন। আপনারা বলছেন দার্জিলিং হাসছে, জঙ্গলমহল হাসছে। সবাই যখন হাসছে তখন মুর্শিদাবাদের সংখ্যালঘু মানুষ কিন্তু কাঁদছে। কারণ এই মুর্শিদাবাদ জেলার ৬৭ ভাগ সংখ্যালঘু মানুষের কোনো উপকার করছেন না। তার জন্য মানুষ কিন্তু আপনাদের কাছে জবাব চাইবে। উন্নয়ন করছেন না বলে মুর্শিদাবাদের মানুষ বার বার আপনাদের পেছনে সরিয়ে দিচ্ছেন। আমরা শুধু বলতে চাই, আমরা দেখতে পাচ্ছি আপনারা যখন বক্তব্য রাখেন তখন বলেন ৩৪ বছর বামপন্থী সরকারের নানা কীর্তিকলাপের ফলে পশ্চিমবাংলা শ্মশান হয়ে গেছে। কিন্তু আপনারা সেদিন

বক্তব্য রেখেছিলেন 'আমরা গণতন্ত্র চাই, দলতন্ত্র চাই না', 'বদলা নয় বদল চাই'। আজকে আমরা শুধু বলব পশ্চিমবাংলার মানুষ আপনাদেরকে এই কথা শুনে বামফ্রন্টকে সরিয়ে দিয়ে ক্ষমতায় নিয়ে এসেছিল। আমরা অনুরোধ করব আপনারা গোটা পশ্চিমবাংলাকে আইনের শাসনে পরিণত করুন। সমস্ত জেলাকে আপনারা এক চোখে দেখার চেষ্টা করুন। কারণ যে জেলার প্রতি আপনাদের বঞ্চনা তার একটাই কারণ হচ্ছে মুর্শিদাবাদ জেলায় আপনাদের দলকে পলাশীর পর থেকে ঢুকতে দিচ্ছে না বলেই বোধহয় আপনারা মুর্শিদাবাদ জেলার প্রতি কোনো দৃষ্টি দিচ্ছেন না। সকলকে আমার বক্তব্য জানিয়ে শেষ করছি।

[3.30 – 3.40 p.m.]

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণ ১০ ফেব্রুয়ারী ২০১৪ তার সমর্থনে কিছু কথা বলতে চাই। মাননীয় স্পীকার স্যার, আপনি তো জানেন, ২০১১ সালের ২০ মে যেদিন বাংলার মুখ্যমন্ত্রী পদে মমতা বন্দ্যোপাধ্যায় আসীন হলেন সেদিন উত্তরাধিকার সূত্রে পূর্বতন সরকারের কাছ থেকে তিনি বিশেষ কিছু জিনিস উপহার হিসাবে পেয়েছিলেন। তার প্রথমটি যদি হয় ২ লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা, তার সঙ্গে ছিল জঙ্গল মহলের সমস্যা এবং দার্জিলিংয়ের সমস্যা। প্রথম জঙ্গল মহলের সমস্যার সমাধান করবার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় উপলব্ধি করেছিলেন জঙ্গল মহলের মানুষ সাতদিনের মধ্যে পাঁচদিন অর্ধভুক্ত অবস্থায় থাকে। জঙ্গল মহলের বাচ্চারা দুধ পায় না। জঙ্গল মহলের মানুষ কেন্দু পাতা বিক্রি করে খায়। জঙ্গল মহলের মানুষ পিঁপড়ের ডিম খেয়ে বাঁচে এবং বামফ্রন্ট আমলে আমলাশোলেও অনাহারে মানুষ মারা গিয়েছিলেন সেগুলো খবরের শিরোনামে এসেছিল। মুখ্যমন্ত্রী হবার পরে তিনি অনুধাবন করেছিলেন যে শুধুমাত্র রাজনীতিগত ভাবে, রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এই ব্যাপারটাকে দেখা উচিত নয়, একে মানবিক দৃষ্টিকোণ থেকেও দেখা উচিত। তাই ক্ষমতায় আসার পরেই প্রথমে তিনি তার খাদ্যমন্ত্রীকে পাঠিয়েছিলেন যাতে জঙ্গল মহলের মানুষ অন্তত দু-মুঠো পেট ভরে খেতে পারে। দু টাকা কেজি দরে চাল বিক্রি হল। ১৬ কেজি করে চাল এক-একটা পরিবারপিছু দেওয়া হল। তারপরে মমতা বন্দ্যোপাধ্যায় উপলব্ধি করেছিলেন শুধু খাবার নয়, এলাকার সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষাকে পৌঁছে দিতে হবে। শিক্ষাকে পৌঁছে দেবার তাগিদে জঙ্গল মহলে স্কুল হল, চারটি কলেজ হল। শুধু তাই নয়, স্কুল-কলেজে যাতে ছেলে-মেয়েরা যেতে পারে তার জন্য ১০ লক্ষ সাইকেল বিতরণ করা হল। শুধু তাই নয়, যাতে মানসিকভাবে জঙ্গল মহলের মানুষরা যাতে দৃঢ়চেতা হতে পারে তার জন্য তাদের মাঠে-ময়দানে নিয়ে যেতে হবে। ক্রীড়া মন্ত্রী মদন মিত্রের মাধ্যমে ক্লাবগুলোকে আর্থিক সাহায্য করে, ক্লাবগুলোকে নিজের পায়ে দাঁড় করানোর চেষ্টা করা হল। ক্লাবগুলোকে আর্থিক সাহায্য করা হল। জঙ্গল মহলের মানুষকে মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, এতদিন তোমরা বন্দুক ধরেছো, সেটা দিয়ে

তোমরা মানুষ মেরেছো, আমিও তোমাদের হাতে বন্দুক তুলে দিলাম। কিন্তু সেটা মানুষকে মারার জন্য নয়, মানুষকে রক্ষা করার জন্য। ১০ হাজার বেকার যুবকের জঙ্গল মহলে পুলিশের চাকরি হল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে দাঁড়িয়ে বলতে পারি জঙ্গল মহলে এই আড়াই বছরে—বিরোধী দলের কোনো মানুষও বলতে পারবেন না—একটাও মাত্র মৃত্যুসংবাদ কোনো সংবাদ মাধ্যমে পরিবেশিত হয়েছে। আমি জানি না বিরোধীরা এটাকে পরিবর্তনের রাজনীতি বলবেন কি বলবেন না। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা করে—আপনার নিশ্চয়ই মনে আছে দায়িত্ব গ্রহণ করার পরে যেদিন মমতা বন্দ্যোপাধ্যায় জি.টি.এ. চুক্তি করে দার্জিলিংয়ে বলেছিলেন—দার্জিলিংয়ের মানুষ এখন হাসছে, ঠিক তখন আমরা দেখেছিলাম অনেকের সেটা সহ্য হয়নি। তাই কেন্দ্রে যেদিন লোকসভার বুকে তেলেঙ্গানা বিল আনার ফলে আবার দার্জিলিংয়ে নতুন করে অশান্তি তৈরি হল, আমার কোনো কোনো বৌদি ভালবেসে তাদের আবার দিল্লিতে নিয়ে গেলেন আর এখানেও কেউ কেউ বলতে লাগলেন যে দার্জিলিং এখন হাসছে না, দার্জিলিং এখন কাঁদছে। অর্থাৎ বাংলার বুকে যদি কোনো অশান্তকর পরিবেশ তৈরি হয় তাতে যারা আনন্দিত হন, তাতে যারা আনন্দ পান তারা যখন ভাবছিলেন যে দার্জিলিং এখন কাঁদছে আজকে দিনে দাঁড়িয়ে বলতে পারি তারা হয়তো আশাহত হয়েছেন। তাদের হয়তো মনে দুঃখ, বেদনা জাগছে কিন্তু আজকের দিনে দাঁড়িয়ে এই ফেব্রুয়ারি মাসে মমতা ব্যানার্জীর নেতৃত্বে বাংলার সরকার বলতে পারে দার্জিলিং আজকে পর্যটকদের জায়গা, দার্জিলিং আজকে প্রকৃত উন্নয়নের জায়গা। দার্জিলিংয়ে নেতাজী সুভাষ চন্দ্র বোসের জন্মদিন পালন হচ্ছে, দার্জিলিংয়ে নিবেদিতার স্মৃতিতে একটি ঘর সংরক্ষিত করা হয়েছে। কেউ দুঃখ পেলে আমাদের কিছু করার নেই, আমাদের কিছু বলার নেই। আমার শুধু জানতে ইচ্ছা করে, আমি আপনার মাধ্যমে বলতে চাই এই পবিত্র হাউসে মমতা ব্যানার্জীর এই উন্নয়নের সাক্ষীতে, এই উন্নয়নের কাজে প্রভাবিত হয়ে গত রাজ্যসভা নির্বাচনেও ৫ জন বিরোধী দলের বিধায়কও তৃণমূল কংগ্রেসের প্রার্থীকে সমর্থন করেছে শুধুমাত্র মমতা ব্যানার্জীর উন্নয়নের কাজের সাক্ষী থাকার জন্য। হ্যাঁ, কেউ কেউ বলছেন সুভাষবাবুর মতো লোকেরা ঘোড়া কেনা-বেচা হয়েছে। আবার কেউ কেউ কংগ্রেসের পক্ষ থেকে বলেছেন, আজ অবধি নাকি পশ্চিমবাংলায় এই ধরনের ঘটনা ঘটেনি। আমি শুনেছি, সেদিনও কোনো কোনো সংবাদ মাধ্যমে কোনো কংগ্রেসের নেতা বলেছেন বাংলার বুকে নাকি এটা নজিরবিহীন ঘটনা ঘটল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি নতুন এই হাউসে কিন্তু আমার জানা আছে—তার সত্যতা যারা এখানকার পুরনো সদস্য তারা বলতে পারবেন। বর্তমান রাষ্ট্রপতি যখন রাজসভা নির্বাচনে দাঁড়িয়েছিলেন আমি শুনেছিলাম তখনও নাকি দু-তিনজন বামপন্থী বিধায়করা বর্তমান রাষ্ট্রপতিকে সেই রাজ্যসভার ভোটে ভোট দিয়েছিলেন। আমার জানা নেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেদিন এই হাউসের সদস্য দেবপ্রসাদ রায় রাজ্যসভা নির্বাচনে কংগ্রেসের হয়ে দাঁড়িয়েছিলেন আর যে নেতা সেদিন বক্তব্য রাখলেন যে এখানে রাজ্যসভায় অনৈতিক কিছু হয়েছে সেই দেবপ্রসাদ রায়কে হারানোর জন্য সেই নেতাই নাকি সক্রিয় ভূমিকা পালন করেছিলেন। আমি জানি না সেখানে কোনো ঘোড়া কেনা-বেচা হয়েছিল কি হয়নি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার

মাধ্যমে এই হাউসের কাছে জিজ্ঞাসা করতে চাই, ৫ জন কিন্তু সেদিন ক্রশ ভোটিং করেননি, আরো একজন করেছিলেন। ৫ জন যদি ঘোড়া কেনা-বেচায় কাউকে দোষী সাব্যস্ত করে তার দিকে অঙ্গুলি চিহ্নিত করা হয় তাহলে ষষ্ঠ ব্যক্তি বাদ যাবেন কেন যিনি তৃণমূল কংগ্রেসের সদস্য হয়েও অন্য দলকে ভোট দিয়েছিলেন আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে জানতে চাই। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা করে দুটো জিনিস, মমতা ব্যানার্জীর উন্নয়নের রাজনীতিকে কলুষিত করবার জন্য দুটো জিনিস বারে বারে আনার চেষ্টা করা হচ্ছে। একটা নাকি পশ্চিমবাংলায় ধর্ষণ বাড়ছে এবং পশ্চিমবাংলায় নাকি টেট নিয়ে একটা দুর্নীতি হয়েছে। আমি প্রথমেই বলি, মাননীয় অধ্যক্ষ মহাশয় ধর্ষণ একটি সামাজিক অপরাধ। আপনি যদি বিশ্বায়নের সুফল গ্রহণ করেন, বিশ্বায়নের কুফলও তো ভারতবর্ষের মধ্যে ঢুকেছে। এতো শুধু বাংলার সমস্যা নয়। আপনি দিল্লির দিকে তাকান, গুজরাটের দিকে তাকান, ত্রিপুরার দিকে তাকান সমস্ত জায়গাতে এই ঘটনা বাড়ছে। আমরা যারা বিধায়ক আমাদের নৈতিক দায়িত্ব এবং কর্তব্য একত্রিত হয়ে এর বিরুদ্ধে প্রতিরোধ, প্রতিবাদ গড়ে তোলা, সামাজিক সচেতনতা গড়ে তোলা। কারণ যে পরিবারের উপর এই ঘটনাটা ঘটে সেই পরিবারের সামাজিক নিরাপত্তা থাকে না। যে মেয়েটির উপর এই ঘটনা ঘটে সেই মেয়েটি আগামীদিনে সমাজের মূল স্রোতে থাকবে কি করে সেই পরিবারটা সেটা চিন্তা করে। আমার দুঃখ লাগে যখন আমি দেখি এই ধরনের দুঃখজনক ঘটনাকে নিয়েও কোনো কোনো রাজনৈতিক দল আর অন্য কোনো ইস্যু না পেয়ে এটাকে ইস্যু করার চেষ্টা করছে। তারা তখন একবারও ভাবে না যে ওই পরিবারটার কি অবস্থা হল। আমাদের কারোর পরিবারে যদি এই ঘটনা ঘটে তাহলে আমার মানসিক অবস্থা, আমার মানসিকতা যন্ত্রণা কোন অবস্থায় থাকবে আমরা কিন্তু কেউ সেটা চিন্তা করি না। আজকে সুভাষবাবুরা চিৎকার করে বলছেন আমার মাননীয় সতীর্থ বিধায়ক শীলভদ্র দত্ত মহাশয় তিনি [***] কথা বলেছেন। তিনি [***] কথা বলেছেন, তিনি [***] কথা বলেছেন, তিনি অনেকের কথা বলেছেন। আমি শুধু বলতে চাই যেদিন [***] ধর্ষণ করে খুন করা হয়েছিল, সি.বি.আই. তদন্তের পর যখন জানা গেল যে [***] দায়ী, সেই দিন সারা ভারতবর্ষের মানুষ...

মিঃ স্পীকার : ওই নামগুলো বাদ যাবে।

[3.40—3.50 p.m.]

শ্রী পার্থ ভৌমিক : যাদের দোষী চিহ্নিত করা হয়েছিল, তাদের যখন সারা বাংলার মানুষ, সারা ভারতবর্ষের মানুষ যখন ছি ছি করছিল, তখন আলিমুদ্দিন স্ট্রীট থেকে কোনো একটি পার্টির সম্পাদক খবরের মাধ্যমে, সংবাদ মাধ্যমে বিবৃতি দিয়ে বলেছিলেন এরা আমাদের পার্টির সম্পদ। যে দলে ধর্ষণকারীরা পার্টির সম্পদ হয় তারা আজকে বিধানসভায় দাঁড়িয়ে তার বিরুদ্ধে কথা বলছে শুনতেই আমার কি রকম অবাক লাগছে। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছে করে, যারা বলছেন টেট পরীক্ষা নিয়ে, আমি নিশ্চিতভাবে বিশ্বাস রাখি, আমি নিশ্চিতভাবে আশা রাখি বাংলার মাননীয় শিক্ষামন্ত্রী কার কার পরিবারের লোকেরা এই

[***] 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

প্রাথমিক পরীক্ষার মাধ্যমে শিক্ষক হওয়ার সুযোগ পেয়েছেন, তার তালিকা দেবেন। কিন্তু আমার স্ত্রী চাকরি পেলে তার যোগ্যতা নেই, তিনি কোটায় হয়েছেন। আর কোনো ম্যাডাম মিশ্র কলকাতা বিশ্ববিদ্যালয়ের সোসিওলজি ডিপার্টমেন্টের অধ্যাপিকা হলে তিনি কোটায় পাননি, তিনি শিক্ষাগত যোগ্যতায় পেয়েছেন, এই রকম দ্বিচারিতা কেন হবে, সেটা আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি। স্পীকার মহোদয়, আমার জিজ্ঞাসা করতে ইচ্ছে করে। দেখুন, মমতা বন্দ্যোপাধ্যায়ের সম্পর্কে আমার নতুন করে বলার কিছু নেই। সারা বাংলার মানুষ জেনে তাঁকে সমর্থন করেছেন, তিনি মুখ্যমন্ত্রী হয়েছেন। কিন্তু আমি আপনার মাধ্যমে বলতে চাই আমার শ্রদ্ধেয় সতীর্থ বিধায়ক দীপকবাবু বলছিলেন যে বাংলার জন্য এমন কিছু করুন যাতে ভারতবর্ষের মানুষ তাকায়। ত্রিশ টাকা বছরে দিলে ত্রিশ হাজার টাকা চিকিৎসার সুবিধা পাবে পরিবার এবং তার প্রধানা হবেন একজন মহিলা, এটা যিনি প্রচলন করেছিলেন বাংলার বুকে, সেটা সারা ভারতবর্ষ প্রচলিত করছে। ফেয়ার প্রাইস শপ—বাংলায় যেটা প্রচলিত হয়েছে, সেটাই আজকে সারা ভারতবর্ষ ফলো করছে। "কন্যাশ্রী" প্রকল্প, যেটা বাংলার বুকে ইমপ্লিমেন্ট হয়েছে তার দিকে সারা ভারতবর্ষ তাকিয়ে আছে। কতগুলো উদাহরণ দেব। প্রচুর সময় চলে যাবে। আমি শুধু বলতে চাই যে আপনি জানেন দিল্লিতে একটি নতুন সরকার হয়েছে এবং দিল্লিতে যে নতুন সরকার—তার মুখ্যমন্ত্রী ভারতবর্ষের সমস্ত মিডিয়া, বিশ্বের সমস্ত মিডিয়া তাদের সবাইকে ডেকে এনে বললেন আমি সরকারি বড় বাংলোয় থাকব না। আমি মাত্র চার কামরার ফ্ল্যাটে থাকব। এটা বলার জন্য তাকে বিশ্বের সমস্ত মিডিয়াকে ডেকে আনতে হয়েছিল। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছে করে, বলতে ইচ্ছে করে দিল্লিতে একথা বলে সর্বভারতীয় প্রচার পাওয়া যায়। কিন্তু কেউ যদি কলকাতায় আসেন তাহলে দেখবেন যে বাংলার মুখ্যমন্ত্রী একটি টালির ঘরে থাকেন, সেটা প্রচার করার জন্য তাঁর কোনো মিডিয়ার দরকার হয় না। ব্যক্তিগত জীবন দিয়ে, উপলব্ধি দিয়ে তিনি মানুষের কাজ করবার চেষ্টা করেন। আমি শুনেছি দিল্লির সেই মুখ্যমন্ত্রী তিনি ক্ষমতায় আসার পর বলেছেন জলের ট্যাক্স আমি ৬০% কমিয়ে দিলাম। আর আমাদের মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলের নেত্রী ছিলেন এবং সেই সময়ে যতগুলি পুরসভা আমরা পেয়েছিলাম, আমার বিরোধী দলের নেত্রী বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন আমার দল যে যে পুরসভায় ক্ষমতায় থাকবে, এক টাকাও কারুর কাছ থেকে ট্যাক্স নেবে না। পানীয় জল ফ্রি। মমতা বন্দ্যোপাধ্যায় যেটা ২০১০ সালে ভেবেছিলেন আজকে ২০১৪ সালে তার ৬০% অন্য মানুষেরা ভাবছেন। আপনি বিচার করবেন না পরিবর্তনটা, পার্থক্যটা কোথায় ? আমি আপনাদের সামনে বলতে চাই। আমি বিনীতভাবে বলতে চাই, আমাদের একটাই কথা, আমাদের একটাই জিজ্ঞাস্য আপনাদের কাছে, আমাদের বিনীত নিবেদন আপনাদের কাছে যারা ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়ে চার্জশিট দিচ্ছেন তার দলের এম.এল.এ. আপনার সামনে কথা দেওয়া সত্ত্বেও সেই দলের নেতার কথা শোনে না। তার আদৌ বিরোধী দলনেতা থাকার নৈতিক দায়িত্ব আছে কিনা, আমি এই হাউসের সামনে দাঁড়িয়ে জিজ্ঞাসা করতে চাই। আমি জিজ্ঞাসা করতে চাই, আমার বারবার বলতে ইচ্ছে করে যে এই বাংলার বুকে দাঁড়িয়ে গত ৩৪ বছরের অরাজকতা, বন্ধ্যাত্বকে কাটিয়ে আড়াই বছরে একটা প্রগতির যুগ শুরু হয়েছে। "কন্যাশ্রী" প্রকল্পের মাধ্যমে আমাদের ৯ লক্ষ ২৯ হাজার

উপকারভোগী চিহ্নিত হয়েছে। আমি দারিত্ব নিয়ে বলতে পারি যে এই রাজ্যে ৩৪টি বহুবিধ বিশেষ সুবিধাযুক্ত হাসপাতাল হয়েছে। ৩৬টি অসুস্থ সদ্যোজাত পরিচর্যা ইউনিট হয়েছে। ১৯৮টি অসুস্থ সদ্যোজাত শিশুর শারীরিক স্থিতিশীলতা বজায় রাখা কেন্দ্র চালু হয়েছে। এক বছরে ৬০টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান থেকে ৪৭ লক্ষ ক্রেতা আনুমানিক ১৯০ কোটি টাকা মূল্যের অত্যাবশ্যক ওষুধপত্র এবং অস্থি চিকিৎসা সংক্রান্ত সামগ্রী ক্রয় করে উপকৃত হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে বাংলার প্রচুর মানুষ প্রাণ দিয়েছে। কিন্তু বাংলা কোনোদিন দিল্লি থেকে তার যে সম্মান, সেই সম্মান কোনোদিন পায়নি। নেতাজী সুভাষ চন্দ্র বোস ১৯৩৮ সালে কংগ্রেসের সভাপতি হওয়ার পরেও ১৯৩৯ সালে তাকে পদত্যাগ করতে হয়েছিল। ভারতবর্ষের স্বাধীনতার পরে ভারতবর্ষকে বাংলা একজন স্পীকার উপহার দিয়েছেন এ কথা সত্যি, স্বাধীনতার পরে বাংলা ভারতবর্ষকে একজন রাষ্ট্রপতি উপহার দিয়েছেন এ কথা সত্যি। কিন্তু ভারতবর্ষকে পরিচালনা করবার জন্য বাংলা কোনো প্রধানমন্ত্রী এখনও ভারতবর্ষের মানুষকে দিতে পারেনি। আমার নিশ্চিত বিশ্বাস ২০১৪ সালের পরে এই বাংলার কোনো মানুষ ভারতবর্ষের লোকসভার নিয়ন্ত্রক হবে এবং তারপরে বাংলার মানুষ রাস্তায় নেমে গান গাইবে

আমি বাংলায় গান গাই,
আমি বাংলায় গান গাই,
আমি আমার আমিকে চিরদিন এই বাংলায় খুঁজে পাই,
আমি বাংলায় দেখি স্বপ্ন,
আমি বাংলায় বাঁধি সুর,
আমি এই বাংলার মায়া ভরা পথে,
হেঁটেছি এতটা দূর।

ধন্যবাদ।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংবিধানের ১৭৬ নম্বর ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের এই পবিত্র বিধানসভায় মহামান্য রাজ্যপাল মহাশয়ের যে প্রদত্ত ভাষণ, সেই ভাষণের বিরোধিতা করে আমি কিছু কথা বলতে চাইছি। রাজ্যপালের ভাষণে মূলত যে সুরগুলি থাকার কথা সেটা হচ্ছে রাজ্যের মানুষের সমস্যার একটা দিক নির্দেশ থাকার কথা। আবার রাজ্য সরকারের সাফল্যের দিকগুলো সুনির্দিষ্টভাবে রাজ্যপাল মহাশয়ের ভাষণে থাকা উচিত। কিন্তু আমরা দেখছি এই সময়কালে গোটা পশ্চিমবাংলার মানুষ যখন বহুবিধ সমস্যায় জর্জরিত, তখন রাজ্যপাল মহাশয়ের ভাষণে সেই কথার কোনো উল্লেখ নেই। আমার মনে হয়েছে এই রাজ্যপালের ভাষণ ওই তৃণমূল ভবন থেকে লিখে দেওয়া হয়েছে, যা এখানে পাঠ করা হয়েছে। স্যার, এই বইটা আমি ভালো করে পড়েছি। আমি যেটা দেখেছি যেখানে বেশিরভাগ জায়গায় ছত্রের শেষ লাইনের দিকে যা লেখা আছে তাতে বলা হয়েছে যে সম্ভব হবে, কোথাও বলা হয়েছে হতে চলেছে, কোথাও বলা হয়েছে শিলান্যাস করা হয়েছে, আবার করা হবে বলা হয়েছে, আবার কোথাও বলা হয়েছে সিদ্ধান্ত

নেওয়া হয়েছে ইত্যাদি ইত্যাদি। এগুলো হবে সব। কিন্তু গত ৩৩ মাসে তার যে সাফল্য, সাফল্যের জায়গাগুলো তো এটাই যে হবে আর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্যার, আমার বলার আগেই একটা কথা মাননীয় সদস্য পার্থবাবু যেটা বলছিলেন, অত্যন্ত আবেগতাড়িত ভাবে বলছিলেন। ধর্ষণ নিয়ে তিনি যা বলেছেন অবশ্যই সমর্থনযোগ্য। ধর্ষণ যে পরিবারেই হোক না কেন ধর্ষিতা ক্ষতিগ্রস্ত, সামাজিক এবং পারিবারিক সেই পরিবারটাও ক্ষতিগ্রস্ত। উনি যেটা বলেছেন তার জন্য ওনাকে ধন্যবাদ জানাই।

[3.50 – 4.00 p.m.]

উনি বলেছেন, ওনাকে ধন্যবাদ। স্যার, উনি অনেক কথাই বলেছেন, তার অনেক কথার সঙ্গে আমি সহমত। কিন্তু উনি যে দল করেন, আর যে সরকারের মধ্যে আছেন, সেই সরকারের প্রধান যখন বলেন ধর্ষিতার ক্ষতিপূরণ দেওয়ার কথা, যখন বলেন এটা সাজানো ঘটনা, ওর স্বামী সি.পি.এম. করে, তাহলে মাননীয় সদস্যকে বলব, ওনার এই সরকারে থাকা উচিত কিনা, বিধায়ক থাকা উচিত কিনা ভেবে দেখবেন। মহামান্য রাজ্যপাল মহাশয় বলেছেন যে, এই সরকারের উদ্বোধন কর্মপ্রকল্প বিস্ময়কর, অভিভূত। শোক প্রস্তাবের পরেই এটা দিয়ে শুরু করেছেন। আমি দেখছি বিগত বামফ্রন্ট সরকারের সময়কালে, ৩৪ বছর খুব খারাপই আপনাদের লেগেছে, আপনারা বলেন ৩৪ বছরে কিছুই হয়নি, দেখবেন ওই সরকারের সময়কালে 'আমার বাড়ি' বলে একটা প্রকল্প ছিল। সংখ্যালঘু, আদিবাসী এবং সবচেয়ে পিছিয়ে পড়া অংশের মানুষদের জন্য, মৎস্যজীবী, তাদের জন্যই প্রকল্পটা রূপায়িত হত। 'আশ্রয়' বলে একটা প্রকল্প ছিল, যেখানে ভূমিহীন, সবচেয়ে দরিদ্রতম মানুষদের দেওয়ার ব্যবস্থা ছিল। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছিল। বেকারভাতা দেওয়ার ব্যবস্থা ছিল। অষ্টম শ্রেণী উত্তীর্ণ একটা বাচ্চা মেয়ে যাতে পরবর্তী শিক্ষায় এগোতে পারে তার জন্য তাকে সাইকেল দেওয়ার ব্যবস্থা ছিল। বিগত বামফ্রন্ট সরকারের আমলে ছিল এসব। আমরা দেখলাম এই সরকারের আমলে, 'আমার বাড়ি'র নামটা পরিবর্তন করা হল 'গীতাঞ্জলী'। 'আশ্রয়'টা হল 'নিজ গৃহ নিজ ভূমি'। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, বলা হল এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক। বেকার ভাতা, যুবশ্রী বলা হচ্ছে। কন্যাশ্রীও তাই। ১১৩ দিনের, প্রচার করা হল, বলা হল ৯ লক্ষ, ওটা দেওয়া হবে। কিন্তু টাকা কোথায় ? টাকার সংস্থান এখনও পর্যন্ত হয়নি। জেলা আধিকারিকদের যখন জিজ্ঞেস করি আমরা, টাকা-পয়সা কি বরাদ্দ হয়েছে, কি ভাবে বরাদ্দ হচ্ছে, কোন স্কুলগুলোকে দেওয়া হল, কোন স্কুলগুলোকে দেওয়া হচ্ছে না। এই ফ্রমগুলো তো স্কুলে দেওয়া হচ্ছে না ? জেলাস্তরের আধিকারিকদের যখন জিজ্ঞেস করি, তারা বলে আমরা এসব জানি না, বলতে পারব না। তাহলে কি ভাবে দেওয়া হচ্ছে ? যা দেওয়া হচ্ছে তার টাকার সংস্থান কি হচ্ছে ? বলে দেওয়া হল, সংবাদ মাধ্যমে প্রচার করে দেওয়া হল। আমরা দেখছি এই সরকারের অবস্থাটা কি, এরকম জীব জগতের মধ্যেও আছে। আমাদের মানব সমাজের মধ্যেও আছে— বোবা আর কালা। বোবারা কালা হয়, শুনতে পায় না। ওরা সমস্ত জিনিসগুলোকে অনুকরণ করে। জীব জগতের মধ্যে কিছু প্রাণী আছে তারাও অনুকরণ করে। আমার মনে হচ্ছে আগের সরকারের যে প্রকল্পগুলো সেই প্রকল্পগুলোকেই

ধারাবাহিকভাবে অনুকরণ করা হয়েছে, শুধুমাত্র নাম পরিবর্তন করা হয়েছে। বোকা-কালার মতো বা জীব জগতের অনুকরণপ্রিয় প্রাণীদের মতো অনুকরণ করা হয়েছে। মহামান্য রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে আমলাশোলের মৃত্যু নিয়ে নির্দিষ্টভাবে একটা ছত্রে খুব আনন্দ প্রকাশ করেছেন। বলেছেন ওখানে সংবাদ শিরোনামে, কৃষকের আত্মহত্যা, কৃষকের অনাহারে মৃত্যু ইত্যাদি নিয়ে। এখন সেখানে খাদ্য সুরক্ষা সুনিশ্চিত হয়েছে। এইসব কথা বলেছেন। আমি বলতে চাইছি, মহামান্য রাজ্যপাল মহাশয় যদি সরকার পক্ষ না দেখতে পারেন, সংবাদপত্র, সংবাদ মাধ্যম না দেখতে পারেন, কিন্তু রাজ্যপাল মহাশয়ের নজরে এল না যে, পশ্চিমবঙ্গে গত ৩৩ মাসে ৮৯ জন কৃষক আত্মহত্যা করল ! এটা মাননীয় রাজ্যপাল মহাশয়ের নজরে এল না যে, কৃষকরা তাদের ফসলের ন্যায্য মূল্য না পাওয়ার জন্য তাদের আত্মহত্যা ? এই আত্মহত্যার খবর, এই বিষয়টা রাজ্যপাল মহাশয়ের নজরে না আসার কথা নয়, আসা উচিত ছিল। গভীর উদ্বেগের সাথে আমি লক্ষ্য করছি গোটা দেশ মূল্যবৃদ্ধির জন্য ভুগছে। গোটা দেশের সঙ্গে আমাদের রাজ্যেও মূল্যবৃদ্ধি ঘটছে। গোটা দেশে কিছুদিন আগে যে নির্বাচনগুলো হয়ে গেল বা রাজ্য নির্বাচন হয়ে গেল, তাতে বর্তমান কংগ্রেস সরকারের বেশিরভাগ জায়গায় ভরাডুবি হয়েছে। সেখানে সমীক্ষকদল বলছেন যে মূল্যবৃদ্ধি তার অন্যতম একটা কারণ। গোটা দেশে যখন আগুন জ্বলছে আমাদের পশ্চিমবাংলাতেও তাই। পশ্চিমবাংলায় মূল্যবৃদ্ধি ঘটছে। ২০১০ সালের নভেম্বরে আমরা দেখলাম আজকের যারা সরকারে আছেন এই সরকারের নেতা মন্ত্রী এবং সদস্যরা সরকারপক্ষের সেদিন ২০১০ সালের নভেম্বর মাসে গলাতে থালা ঝুলিয়ে, হাতে থালা নিয়ে কলকাতার রাজপথে মিছিল করলেন এত দাম খাব কি ? আজকে ৩৩ মাসের সরকারে সেদিনকার ৫ টাকা ৬ টাকা আলু সরকার দাম বেঁধে দিলেন ১৩ টাকায়। সরকার বেঁধে দিলেন ১৩ টাকায়। ৬০ টাকা ৭০ টাকার তেল সেই তেল ১০০ টাকা ছাড়িয়ে গেছে। আজকের হলুদ লঙ্কা লবণ থেকে শুরু করে লবণ তার দাম তিন গুণ বেড়ে গেছে। কোন জিনিসের দাম বাড়েনি ? আজকে গোটা বাংলার জনজীবনের যে সমস্যা সেই সমস্যা সম্পর্কে সরকারের কি ভূমিকা, কি ভূমিকা গ্রহণ করেছে সরকার ? সেদিনকার বাম সরকারের আমলে দেখেছি যে ফসলের দাম বেড়েছে, আলুর দাম বেড়েছে সেই জন্য ভরতুকি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আজকে কোথায় ভরতুকি দেওয়া হয়েছে ? বাজারগুলোতে মন্ত্রীরা ঢুকেছে কিন্তু কৃষক যে ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না তার জন্য কোনো উদ্যোগ এই সরকারের ছিল না। গরীব মানুষ কৃষকদের সুবিধার্থে যতটুকু করবার সেটা তারা করেননি। আমি শেষ যে কথাটা বলতে চাইছি যে সুন্দরবন নিয়ে কৃতিত্বের কথা বলেছেন, সুন্দরবন নিয়ে আনন্দিত হয়েছেন। জঙ্গলমহল, সুন্দরবন এই সব জায়গায় দু-টাকার চাল দিয়ে কৃতিত্বের দাবিদার হচ্ছেন। গোটা সুন্দরবনের ৪২ লক্ষ মানুষের মাছ কাঁকড়া চিংড়ি ধরে জীবন ধারণ করা সেখানকার মানুষের প্রতিদিনকার জীবন যন্ত্রণা। সেখানে রাস্তা নেই, বিদ্যুৎ নেই। সেখানে যে কাজগুলো বিগত সরকারের আমলে শুরু হয়েছিল সেই কাজ একটাও এখনও পর্যন্ত শেষ হয়নি। অবিলম্বে সেই কাজগুলো শেষ করা দরকার। আমি বলছি এই সরকার সদর্থক ভূমিকা নিয়ে সুন্দরবনের এলাকার গরীব মানুষের স্বার্থে যে কাজগুলো করা দরকার সেই

কাজগুলো করবেন। রাজ্যপালের ভাষণকে কোনোক্রমে সমর্থন করা যায় না এই কথা বলে সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.00 – 4.10 p.m.]

Honourable Speaker Sir : **Shri Ali Imran Ramz**

আমি প্রথমে গভর্নর সাহেবের বক্তব্যকে সমর্থন না করে বলছি

سب سے پہلے میں بولنا چاہوں گا عزت مآب اسپیکر سر آپ سے کہ۔ آج ہمارے بنگال کے Cabinate Ministers کو لیکر آج
بنگال میں Cabinate بلایا گیا ہے۔ ہاؤس میں نہیں رہنے کا یہ بہانہ ہے۔ ہاؤس چلنے کے دوران عزت مآب چیف منسٹر صاحب کو یہاں رہنا
چاہئے اور اُن کے منسٹرس کو بھی یہاں رہنا چاہئے۔ لیکن یہ ہم لوگ دیکھ رہے ہیں کہ
ہاؤس سے ڈر کر یا اپوزیشن کے سوالوں کے جوابوں سے گھبرا کر عزت مآب وزیر اعلیٰ اپنے ساتھ اپنے منتری سبھا کو لیکر یہاں سے بھاگ گئیں۔

সৌজন্যতা সবার উর্দ্ধে

اور میں بولنا چاہوں گا کہ

یہ بات ہماری عزت مآب وزیر اعلیٰ نے platinum Jubilee کے پروگرام میں اسی ہاؤس میں بیان دیا تھا۔ تو platinum
Jubilee میں سوجنتا کی بات وزیر اعلیٰ کی طرف سے کی گئی تھی تو پہلے charity begins at home سوجنتا پہلے خود کو دیکھانا
چاہئے تھا۔ کہ سابق وزیر اعلیٰ جو ہمارے بنگال کے رہ چکے ہیں اُن میں کوئی زندہ وزیر اعلیٰ ہیں تو وہ ہیں ہمارے سابق وزیر اعلیٰ اُن کو دعوت
نہیں دی گئی تھی۔ ہمارے سابق عزت مآب اسپیکر جناب ہاشم عبدالحلیم کو دعوت دی گئی لیکن ان سے کہا گیا کہ آپ کو کچھ بولنے نہیں دیا جائے
گا۔ تو یہ سوجنتا کی بات عزت مآب وزیر اعلیٰ کرتی ہیں یہاں تک کہ جب وہ اپوزیشن پارٹی کی لیڈر تھیں تو ہمارے بنگال کے عزت مآب
چیف منسٹر

Mr. Speaker: One minites Mr. Ramz میں نے خود ہاشم عبدالحلیم صاحب کو گزارش کیا یہاں آنے کے لئے انہوں
نے بولا کہ ہماری طبیعت خراب ہے میں جانے نہیں پاؤں گا۔ بغیر جانے آپ مت بولئے جان کر بولئے (Noise)

Shri Ali Imran Ramz: اگر یہ آپ نے کہا ہے تو یہ اچھی بات ہے۔ لیکن ہم نے جو سنا ہے اُس پر میں بول رہا ہوں۔ سر ہمارے
عزت مآب وزیر اعلیٰ جو کہ بنگال میں نہیں بلکہ پورے ہندوستان میں سب سے لمبے عرصے تک کیلئے سی ایم کی کرسی پر رہیں وہ ہیں آنجہانی

جیوتی باسو اُن کو جب ودھان سبھا میں وداعی سمبردھنا دیا گیا تھا۔ اس میں بھی سوجنتا دیکھانے ہماری اپوزیشن لیڈر اور موجودہ سی ایم ممتا

جنر جی جی خود موجود نہیں رہیں اور آپ لوگوں کو بھی منع کر دیا گیا اور آج آپ لوگ سوجنتا کی بات کر رہے ہیں۔ تو یہ سوجنتا کا سبق آپ ہم لوگوں کو مت دیجئے سوجنتا کسے کہتے ہیں وہ آپ لوگوں سے سیکھنے کی ضرورت نہیں ہے۔ اور گورنر سر کی تقریر میں جو جو باتیں کہی گئی ہیں اُس میں وزیر اعلیٰ نے خود جب سرکار بنانے کے بعد ۲۰۱۱ میں سات دن میں سینگور کے کسانوں کو زمین دینے کی بات کہی گئی تھی۔ اور آج دو سال سے زیادہ تین سال پورا ہونے جا رہا ہے سینگور کے لوگوں کو زمین نہیں دی گئی۔ بیچارا ستاز مین دینے کے نام پر وہاں سے اٹھ کر آئے تھے سیاست کرنے اور آج وہ زمین دینے کی بات منہ سے نہیں نکلتی ہے۔ موگراہاٹ میں دارو پی کر مرنے والوں کیلئے دولاکھ روپئے کا اعلان وزیر اعلیٰ کر دیا امام بھتی کا اعلان کر دیا۔ جو Contractual service ہے اُس کے خلاف وزیر اعلیٰ بولتی تھیں کہ Contractual service

চুক্তিভিত্তিক চাকরি দেওয়া যাবে না। ওটাকে পার্মানেন্ট করতে হবে।

یہ دالی اور آج دیکھا جا رہا ہے کہ وزیر اعلیٰ خود کنٹرکچول سروس کی بات کرتی ہیں۔ TET میں ۳۷ ہزار پوسٹ خالی ہوا اس میں ۱۸ ہزار vacancy نکلا اُس میں ایک فیصد رزلٹ۔ بنگال سرکار کا یہ جو ایک فیصد رزلٹ ہے یہ پورے ہندوستان میں بنگال کے نوجوانوں کو دیکھایا گیا کہ بنگال کے نوجوانوں میں یہ قابلیت نہیں ہے کہ وہ TET کے ۳۷ ہزار پوسٹ کو پورا کر سکے۔ اس سرکار کی طرف سے پورے بنگال کو شرمندہ کیا گیا ہے۔ ساتھ ہی ساتھ ایس ایس سی میں آپ لوگوں کا جو بدعنوانی دیکھا جا رہا ہے۔ اُس کے بعد وزیر اعلیٰ خود گود کھالی برتج بنانے کی بات بولیں تھیں۔ آج تک وہ برتج نہیں بنا تو دیکھا جا رہا ہے کہ وزیر اعلیٰ جو جو بات خود بولیں آج تک اُس کو پورا کرنے کا کوئی بھی عملی جامہ نہیں پہنایا گیا۔ اس کو دیکھتے ہوئے یہ کہا جا سکتا ہے کہ وزیر اعلیٰ کو یہ لگتا ہے کہ ہم سب کچھ کر سکتے ہیں لیکن practically وہ کچھ کر نہیں پاتی ہیں۔ اور ابھی آپ لوگ خود کو سرٹیفکیٹ دیتے ہیں ۱۰۰ فیصد کام کر دئے ہیں ۹۰ فیصد کام کر دئے ہیں ۹۵ فیصد کر دئے ہیں۔ یہاں آپ لوگ جو percentage fixed کرتے ہیں، یہ پتہ نہیں کہ آپ کا Examiner کون ہیں جو آپ کے امتحان کا کاپی چیک کرتا ہے۔ وہ پتہ نہیں کسی گمنام یونیورسٹی سے پاس ہو کر آیا ہے۔ جس یونیورسٹی کا نام ونشان نہیں ہے اور percentage کا حساب اُن کو نہیں آتا ہے اس لئے ۱۰۰ فیصد یا ۹۰ فیصد لکھ دیا جاتا ہے۔ لیکن جو percentage آپ لوگ ٹھیک کرتے ہیں اگر یہ percentage دیکھا جائے تو ہمارے کچھ Ministers کا ڈیموشن ہو گیا، کچھ منتریوں کو ڈیموشن ملا، کچھ منتریوں کا دفتر چھین لیا گیا۔ اُن میں ہمارے وزیر صنعت بھی ہیں۔ اُن کا دفتر چھین لیا گیا اور وہ امتحان میں فیل کر گئے۔ امتحان میں فیل ہونے کے بعد کیا ہوا؟ وہ کلاس میں رہ گئے باقی لوگ پروموشن پا گئیں۔ اپنے آپ کو good certificate دینے سے کوئی good نہیں ہو جاتا لیکن practically بنگال کے لوگ پچھلے تین سال سے دیکھ رہے ہیں۔ میں اُن کو اتنا صرف بول سکتا ہوں کہ وہ good for nothing ہیں۔

Super speciality Hospital کی بات کی گئی ہے۔ یہ Super speciality Hospital، BRGF بنگال کے گیارہ
اضلاع میں لاگو ہوتا ہے۔ وہ BRGF کیلئے کل رقم ۸۷۵۰ کروڑ روپئے مختص ہوا۔ جس میں سے بنگال کو ۲۸۸۸ کروڑ روپئے دئے گئے ہیں
۔ اسی روپئے سے ۳۴ جو تین speciality Hospital بنانے گھپلے کی بات آپ لوگ کر رہے ہیں جو up coming ہیں۔ ابھی
بننے جا رہا ہے۔ تین سال میں ابھی تک بنا نہیں ہے۔ ابھی ہم نے دیکھا ہے کہ ترنمول کے عزت مآب ممبر بول رہے ہیں کہ (In

ইট পুঁতলে বাড়ি দাঁড়াতে সময় লাগে। ৩ বছরে আপনাদের একটাও সুপার স্পেশালিটি হাসপাতাল কোনো জেলায় আরম্ভ হল না। কিন্তু সায়ান্সসিটি থেকে রুবি অবধি—আমাদের মাননীয় সদস্য এখানে উপস্থিত আছে। ওঁনার বেআইনি কনস্ট্রাকশনের বিল্ডিংগুলো কিন্তু লাইন দিয়ে চোখে পড়ে। সেটা কিন্তু গত তিন বছরের মধ্যেই দাঁড়িয়েছে। সেগুলোর ক্ষেত্রে কিন্তু বেআইনিভাবে ইট পুঁততে, আর বাড়ি দাঁড়াতে সময় লাগছে না। কিন্তু একটা স্পেশালিটি হসপিটাল করতে প্রচণ্ড সময় লাগছে। সেটা বুঝতে পারছি।

یہ جو سرکار ہے، پہلے میں سوچ رہا تھا کہ ہماری عزت مآب لیڈر جو ہیں وہ کسی سے ڈرتی نہیں ہیں۔ ہماری عزت مآب وزیر اعلیٰ کسی سے
ڈرتی نہیں ہیں۔ لیکن یہ دیکھا گیا کہ عزت مآب چیف منسٹر بھی ڈرتی ہیں۔ کیونکہ وہ ڈرتی ہیں یہ دیکھا گیا ہے

Mr. Speaker: مسٹر رمز ایسا کوئی language استعمال نہیں کیجئے۔

Shri Ali Imran Ramz :Sir whatever I am saying- each and every word is parliamentary. I am not talking any thing unparliamentary.

Mr. speaker: نہیں نہیں Circustically آپ کچھ بات مت کیجئے۔ You are making circustical statements وہ بات مت کیجئے تو ہی اچھا ہوگا۔ IN Bengali

আমি প্রসিডিংসটা পরে দেখব Then I will take decision.

Shri Ali Imran Ramz: عزت مآب وزیر اعلیٰ جب اپوزیشن پارٹی کی لیڈر تھیں تب ہی یقین تھا کہ عزت مآب چیف منسٹر ممتا
بنرجی کسی سے نہیں ڈرتی ہیں بہت ساہوسی ہیں بہت ہمت والی عورت ہیں۔ یہ ہم لوگ سوچتے تھے۔ لیکن ابھی پتہ چلا کہ ہماری عزت مآب
سی ایم دو چیزوں سے بہت ڈرتی ہیں ایک اپوزیشن کے سوال کے سامنے کھڑا ہونے سے اسکا جواب دینے سے ڈرتی ہیں۔ اور دوسرا سی بی
آئی سے ڈرتی ہیں۔ سی بی آئی جانئی تا، سی بی آئی ہونے سے کیا ہوگا کیونکہ وہ جانتی ہے کہ سی بی آئی ہونے سے اپنے ہاتھ سے اپنے گلے میں
کوئی گھنٹا نہیں باندھتا ہے۔ بلی کے گلے میں کوئی دوسرا گھنٹی باندھے تو الگ بات ہے لیکن یہاں تو اپنے ہاتھ سے بلی گھنٹا نہیں باندھے گا۔
اسلئے شاردا کے بارے میں گورنر صاحب کی تقریر میں بولا گیا ہے جن کے نام پر شکایت ہے وہ سب گرفتار ہوگئے ہیں۔ تو ہمارے راجیہ سبھا

کے ایم پی جو جیل میں ہیں۔ انہوں نے بھی کئی لوگوں کا نام لیا ہے۔ اور اُس میں سے کچھ ممبران یہاں پر بھی بیٹھے ہوئے ہیں۔ تو یہ لوگ ابھی تک جیل کے اندر کیوں نہیں گئے ہیں۔ عزت مآب اسپیکر سر میں یہ آپ سے جاننا چاہوں گا۔ Noise
آپ لوگ تو بہت چلاتے ہیں آج عزت مآب سی ایم صاحبہ بھی نہیں ہیں اور یہاں پر جو نوٹ کرتا ہے جو آپ لوگوں کو نمبر دیتا ہے

কে কত চিৎকার করলে আগামী দিনে সচিব হবেন বা মন্ত্রী হবেন, সেটা নোট করার জন্য কেউ নেই। সবাই উত্তরবঙ্গে আছে। আপনাদেরকে বলি, আপনাদের এই চিৎকার, লাফালাফি দেখে—কিছুদিন আগে দেখেছিলাম একটা খবরের কাগজে—

آنندہ بازار میں بڑا نیوز ہوا تھا کہ چندن نگر میں وزیر اعلیٰ ایک میٹنگ کر رہی تھیں۔ اُس کے کچھ دنوں کے بعد دیکھا نہ پایا بار منتری سجا بدل گیا۔

Mr. Speaker

বাজেটের উপরে তো কিছু বললেন না মিঃ রামজ, সময় তো হয়ে গেল। ....(noise).... I will examine the proceedings and expunge the irrelevant portion, if any.

Shri Ali Imran Ramz: آپ لوگوں کو ایک شعر سناتے ہیں کہ جب عزت مآب وزیر اعلیٰ جب وزیر اعلیٰ کی حیثیت سے بنگال میں آئیں تو اُس وقت عورتوں کو یہ لگا کہ بہت بڑی تبدیلی آئے گی عزت مآب وزیر اعلیٰ خود عورت ہیں تو عورتوں کی کچھ ترقی ہوگی۔ لیکن دیکھا گیا کہ وزیر اعلیٰ کا دیا کچھ اس طرح جلا کہ پورے بنگال میں کالک مل گیا۔ یہ عالم ہے ابھی ایک بات اور پوچھنا چاہیں گے۔

(اس کے بعد مائک بند ہوگیا)

[4.10 – 4.20 p.m.]

শ্রী অরুণাভ সেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গ পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল মহোদয় কর্তৃক প্রদত্ত ভাষণকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আজকে এই হাউসে দু-চারটি বক্তব্য পেশ করতে চাই। আমার এই বইটি পড়ার সৌভাগ্যের কারণে আমি এর ছত্রে ছত্রে অনুধাবন করতে পেরেছি যে, রাজ্যপাল যে ভাষণ এই মহতি সভার কাছে রেখেছেন তা অত্যন্ত সঠিক। তার কারণ, আমরা পশ্চিমবাংলার মানুষ ৩৪ বছরে অন্ধকারাচ্ছন্নতাকে কাটিয়ে বাংলার মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আলোর দিকে আস্তে আস্তে দৌড়ে চলেছি। এই বক্তব্যের এই ভাষণের প্রথমেই, পশ্চিমবঙ্গ সরকারের আমরা দেখেছি বিগত সরকারের চলছে না, চলবে না এই নীতির উপর ভর করে সরকারি প্রতিষ্ঠানগুলো একটি আড্ডা মারার জায়গায় পর্যভূষিত হয়েছিল। যেখানে সরকারি বিভিন্ন ক্ষেত্রের যারা চাকরিজীবী মানুষের

রিটায়ারমেন্ট করার পর তাদের প্রাপ্য টাকা এবং মাইনে পেতে তাদের কাল অতিক্রান্ত হয়ে যেত। আমরা খবরের কাগজের মাধ্যমে দেখতাম কেউ কেউ জীবিত কালে তাদের ন্যায্য পি.এফের টাকা, পেনশানের টাকা পেতেন না। বহু শিক্ষক, বহু কর্মচারী যারা জীবিতকালে মানুষের হিতার্থে, মানুষকে পরিষেবা দেওয়ার জন্য কাজ করেছেন তারা রিটায়ারমেন্টের পর তাদের প্রাপ্য অর্থ না পেয়ে অভাবের তাড়ণায় আত্মহত্যা করেছেন। আমাদের মানবিক মুখ্যমন্ত্রী সেইদিকে দৃষ্টি দিয়ে সরকারি কর্মচারীদের কাজ করার মানসিকতা ফিরিয়ে আনার চিন্তা-ভাবনা করেছেন, কর্মসংস্কৃতি ফিরিয়ে আনার চিন্তা-ভাবনা করেছেন। তিনি ২০১৩ সালে পশ্চিমবঙ্গ সরকারের পরিষেবা অধিকার আইন কার্যকর করার মধ্যে দিয়ে সরকারি অফিসগুলোয় কর্মসংস্কৃতি ফিরিয়ে এনেছেন এবং মানুষ এর দ্বারা উপকৃত হচ্ছেন। বর্তমানে যারা রিটায়ারমেন্ট করছেন, রিটায়ারমেন্ট করার ১৫ থেকে ২০ দিনের মধ্যে তাদের হাতে পি.এফ.-এর টাকা সত্ত্বর প্রতিটি ক্ষেত্রে তাদের প্রাপ্য টাকা তাদের হাতে পৌঁছে যাচ্ছে। আমরা পশ্চিমবাংলার মানুষ আর একটি ক্ষেত্রে ৩৪ বছর ধরে পশ্চিমবাংলার বুকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অত্যাচার, নির্যাতনের দৃষ্টান্ত দেখেছি। এই হাউসেই এরকম অনেকে আছেন যারা পশ্চিমবাংলার বিগত সরকারে রুলিং পার্টি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হাতে অত্যাচারিত হয়েছেন খুন হয়েছেন, নির্যাতিত হয়েছেন। আমরা ফিরোজা বিবিকে দেখেছি, আমরা অসীমা পাত্রকে দেখেছি। এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হার্মাদরা তাদের সংসারকে অন্ধকারের অতলে তলিয়ে দিয়েছিলেন। আজকে ৩৪ বছরের বামফ্রন্টের আমলে রক্তের মিছিল আমরা দেখেছি। আমরা দেখেছি নির্বাচনগুলিকে প্রহসনে রূপান্তরিত করা। আমরা দেখেছি বিরোধী রাজনৈতিক দলকে ভোট দেওয়ার অপরাধে আমতার কান্ডুয়ার খেটে-খাওয়া মানুষগুলোর হাত কেটে নেওয়া। আজকে যারা মহিলাদের নির্যাতনের কথা বলছেন আমরা দেখেছি ভোট দেওয়ার অপরাধে আমতার কান্ডুয়ার মহিলার বক্ষভাগের একটি অংশ কেটে নিয়ে চলে যেতে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হার্মাদদের। আমরা দেখেছি পশ্চিমাঞ্চলের বুকে ছোটো আঙারিয়ায় কিভাবে একজন সংখ্যালঘু মানুষের বাড়িতে জীবন্ত দগ্ধ করে তার পরিবারশুদ্ধ সবাইকে পুড়িয়ে মারা হয়েছিল। আজকে তার নিদর্শন আমরা দেখতে পাই। আমাদের হাউসের মধ্যেই একজন মানুষ বসে থাকেন যার হাত পশ্চিমবাংলার বহু মানুষ রক্তস্নাত—যিনি পশ্চিমাঞ্চলকে করেছিলেন। তার ফল দীর্ঘদিন বাংলাকে ভোগ করতে হয়েছে। পশ্চিমাঞ্চলের হতদরিদ্র আদিবাসী মানুষগুলো ওই অত্যাচারী শাসকদের হাত থেকে বাঁচতে গিয়ে তারা বিপথে পরিচালিত হয়েছিলেন। তারা মাওবাদীদের পতাকা ধরে নিয়ে ভেবেছিলেন এই অত্যাচারের দিনগুলোকে তারা কাটিয়ে উঠতে পারবেন। কিন্তু তারা যে ভুল ভেবেছিলেন পরবর্তীকালে বাংলার মুখ্যমন্ত্রী তাদের সঠিক পথে ফিরিয়ে এনে কর্মযজ্ঞের মধ্য দিয়ে বাংলায় শান্তি স্থাপন করেছেন। আজকে বিরোধীদলে যারা বসে আছেন তাদের অনেক যন্ত্রণা তাদের অনেক কষ্ট। তার কারণ, দীর্ঘদিন সরকারে থাকার সুফল ভোগ করে এই মানুষগুলোর এই হাউসের বাইরে—রাইটার্স বিল্ডিং-এর বাইরে বেরোনোর অভ্যেসগুলো বন্ধ হয়ে গিয়েছিল। আজকে বিরোধী

রাজনৈতিক দলে গিয়ে সূর্যবাবুদের আবার গ্রামবাংলায় ঘুরতে হচ্ছে। AC ঘরে, শীতাতপনিয়ন্ত্রিত আশ্রয় ছেড়ে তাদের বাংলার মাঠে প্রান্তরে ঘুরতে হচ্ছে। এটা তাদের যন্ত্রণা। তাই আজকে হাউসে দাঁড়িয়ে তারা একের পর এক মিথ্যের বসতি করে যাচ্ছে। আমরা জানি এই রাজনৈতিক দলটা সারা ভারতবর্ষে মিথ্যে কথা ক্ষেত্রে একটা সর্বশ্রেষ্ঠ রাজনৈতিক দল হিসাবে পরিগণিত হয়েছে। এরা, একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি গান্ধীবাদি নেতা ছিলেন তাঁর মতো সজ্জন মানুষকে স্টিফেন হাউস কেলেঙ্কারিতে জড়িয়ে দিয়েছিলেন। বাংলার মানুষ কিছুদিনের জন্য বিশ্বাস করেছিল। এরা ভারতবর্ষের একজন প্রধান মন্ত্রীকে বোফর্স কেলেঙ্কারিতে জড়িয়ে দিয়েছিলেন। মিথ্যায় এরা সারা ভারতবর্ষের মধ্যে সর্ববৃহৎ রাজনৈতিক দলে রূপান্তরিত হয়েছে। মিথ্যের বসতি গড়তে গড়তে আজকে মমতা ব্যানার্জীর মতো একজন নেত্রী আজকে ২৪ ঘণ্টার মধ্যে ১৮ ঘণ্টা পরিশ্রম করে এদের পাপের ফল যা বাংলার মানুষকে ভোগ করতে হচ্ছে। ২ লক্ষ ৯ হাজার কোটি টাকার দেনাকে মাথায় নিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে চলেছেন। পরিশ্রমের মধ্য দিয়ে। এই রাজনৈতিক দলের চরিত্র কোথায় তা বিগত প্রতিটা নির্বাচনের ক্ষেত্রে বাংলার মানুষ প্রমাণ করে দিয়েছেন যে, এদের জায়গা বাংলার রাজনীতিতে বাংলার গণতন্ত্রপ্রেমী মানুষের কাছে বাংলার স্বাধীনতাকামী মানুষের কাছে আজকে নেই। আমার ভাবতে কষ্ট লাগে, আজকে যারা তাদেরকে সমর্থন করছেন তাদেরই প্রাক্তন প্রধানমন্ত্রী, তাদেরই প্রাক্তন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আঙুল তুলতে এরা ভুল করেননি। আজকে আবার ভাবতে কষ্ট হয়, বাংলার বুকে যাদের হত্যা করা হয়েছিল ১৯৯৮ সালের আগে বহু মানুষ ছিলেন তারা কংগ্রেসের পতাকাটা বুকে বয়ে নিয়ে যেতেন। আমার ভাবতে কষ্ট হয়, মমতাজুর রহমানরা, হাওড়ার দীপক দত্তরা, সিদ্ধার্থ শঙ্কররা, বানেশ্বরেরা ওই জাতীয় কংগ্রেসের পতাকা নিয়ে সি.পি.এম.-এর বিরুদ্ধে লড়াই করতেন—নিহত হয়েছিলেন—রক্তাক্ত হতে হয়েছে। আমি তাদের কাছে বলতে চাই, এই সমস্ত জাতীয়তাবাদী নেতারা এদের ছবির সামনে দাঁড়িয়ে একবার নিজেদের কাছে প্রশ্ন করেন না, কীসের তাগিদে কীসের লোভে আজকে এই খুনের দলকে, হার্মাদদের, মার্কসবাদী কমিউনিস্ট পার্টিকে আজকে পেছন থেকে সমর্থন করছেন। আজকে ঘোড়া বেচা-কেনার কথা যারা বলছেন, ভারতবর্ষের মাটিতে ঘোড়া বেচার নিদর্শন যারা রেখেছেন আমরা ভুলে যাইনি প্রথম UPA সরকারের কথা। কি করে আনাস্থা ভোটে জিতে এসেছিলেন সেদিনের যারা সরকারে ছিলেন। আজকে ঘোড়া বেচা-কেনার কথা নয় পশ্চিমবাংলার বুকে। আজকে যারা দীর্ঘদিন ধরে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে লড়াই করেছেন তাদের যদি আজকে বলা হয় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে একই জায়গায় দাঁড়িয়ে কাউকে ভোট দিতে হবে, অন্তরে কষ্ট হয় অন্তরে ঘা হয়। অন্তরে লজ্জা, দুঃখ, দুর্দশা নিয়ে একদিন মমতা ব্যানার্জীকেও এই দল থেকে ছেড়ে বেরিয়ে আসতে হয়েছিল। আমরা তার জন্য মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। যদিও আমরা মনে করি যে, এই দলটাকে ছেড়ে না এলে নতুন দল তৈরি না করলে আজকেও বাংলার বুকে এই অত্যাচারী শাসক তারা থেকে যেত। অত্যাচারী শাসকদের বাংলা থেকে হঠানো যেত না।

[4.20 – 4.30 p.m.]

আমি শুধু কংগ্রেসের বন্ধুদের কাছে অনুরোধ করব একবার ভাবুন সেই শহীদদের দিকে তাকিয়ে—কীসের লোভ, কীসের লালসায় এই সমস্ত খুনিদের সঙ্গে হাত মেলাচ্ছেন। যাদের হাত রক্তাক্ত, যারা বাংলাটাকে দীর্ঘ ৩৪ বছর ধরে ধর্ষণ করেছেন, যারা বানতলা থেকে ধানতলা ঘটিয়েছেন, যারা নন্দীগ্রাম ঘটিয়েছেন, যারা সিঙ্গুরের ফুটফুটে মেয়েটাকে—অল্প বয়সে নিজের কৃষিজমি বাঁচানোর জন্য আন্দোলন করতে গিয়েছিল—সেই তাপসী মালিককে যারা ধর্ষণ করেছিল এবং ধর্ষিতাদের যারা পার্টির সম্পদ বলে ঘোষণা করেন, পশ্চিমাঞ্চলের বুকে যে সমস্ত কমরেডরা হাজারো হাজারো মানুষকে খুন করেছেন, মাটির তলায় লাশ চাপা দিয়ে দিয়েছেন, আজকে যে কঙ্কালগুলো খুঁজে পাওয়া যাচ্ছে, সেই সমস্ত পার্টি কমরেডদের যারা পার্টির সম্পদ বলে ঘোষণা করেন, আজকে এখানে দাঁড়িয়ে তারা বাংলার শান্তির জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন দিচ্ছেন। আজকে আমরা বুঝতে পারি আজকে যারা শান্তির কথা বলছেন, আজকে যারা মুখে মুখোশ পরে বিভিন্ন মিটিংয়ে দাঁড়িয়ে বলেন যে আমাদের ভুল হয়ে গেছে, যে মুখ্যমন্ত্রী ভুল করার বিশ্ব রেকর্ড স্থাপন করেছেন সেটা শুধুমাত্র তার মুখোশ, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মুখোশটা পরিবর্তন হয়েছে। মুখোশের পেছনে লুকিয়ে থাকা মুখটার কোনো পরিবর্তন হয়নি। তাই আজকে যারা দিল্লির বুকে বাংলার দাবি নিয়ে লড়াই করতে গিয়ে, কথা বলতে গিয়ে একজন সত্তরোর্দ্ধ বয়স্ক অর্থমন্ত্রীকে যারা নির্যাতিত করেন, তারপরে যখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতারা সেই ছাত্রনেতার বিরুদ্ধে বক্তব্য রাখেন, বলেন পার্টি এটা জানে না। আমরা যখন দেখি তাকেই রাজ্যসভার সংসদ করে স্পেশাল উপহার দেওয়া হয় তখন মানুষের কাছে প্রকাশ ঘটে, এদের মুখে কোনো পরিবর্তন হয়নি। সময় খুবই অল্প। আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাই। শুধু শেষ করার আগে একটা কথা বলি, এদের দিকে তাকিয়ে মনে পড়ে গ্রামবাংলার একটা কথা—মা মার্কসবাদ করেছো, মানুষ করলে না, মার্কসবাদী কমিউনিস্ট পার্টিরা ৩৪ বছরেও মানুষ হয়নি, আগামী ১৩৪ বছরেও মানুষ হবে না। এরা মিথ্যার বসতি করে বাংলার সর্বনাশ করবে। ধন্যবাদ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন তার মধ্য থেকে কয়েকটি কথা বলছি। আমার আগের বক্তা বলছিলেন, আমরা নাকি বামফ্রন্টকে সমর্থন করছি। আমার মনে হয় উনি ভুলে গিয়েছেন, ২০১১-তে যে বিধানসভার নির্বাচন হয়েছিল সেই বিধানসভার নির্বাচনে আমাদের সমর্থন নিয়ে আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী হয়েছেন। আমরা কিন্তু তখন বামফ্রন্টকে সমর্থন করিনি। আজকে উনি আমাদের দিকে আঙুল তুলছেন। রাজ্যপাল বলেছেন, এই সরকারের এই রাজ্যের সার্বিক আইন-শৃঙ্খলার পরিস্থিতি যথেষ্ট নিয়ন্ত্রণে রয়েছে। রাজ্যে মহিলাদের জন্য এই রাজ্য ২০টি থানা স্থাপন করেছেন। খুব ভালো। কিন্তু সত্যি কি এই রাজ্যে মহিলা থানা সত্ত্বেও মহিলারা নিরাপদে আছেন ? আপনারা দেখুন, পার্ক স্ট্রিট, কামদুনি, বারাসাত, কাটোয়া, লাভপুর, আমতা, খরজুনা, রাজ্যের প্রতিটি জায়গায়

মহিলাদের ওপর ধর্ষণ, অত্যাচার, নারী নির্যাতন করা হচ্ছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একজন মহিলা, তিনি চুপ করে বসে আছেন। একটা কথাও কিন্তু তিনি বলছেন না। এরপরেও আপনি বলবেন এই রাজ্যের আইন-শৃঙ্খলা ঠিক জায়গায় আছে ? আমরা দেখতে পাচ্ছি যারা ধর্ষণ করছে তাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শাস্তি না দিয়ে পুরস্কার দিচ্ছেন। কি দিচ্ছেন ? হাফ ধর্ষণের জন্য ২০ হাজার টাকা, ফুল ধর্ষণের জন্য ৩০ হাজার টাকা। আমি একজন মহিলা সদস্যা। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একজন মহিলা। আমার মনে হয় তার কাছে থেকে এর থেকে আর বেশি কিছু আশা করা যায় না। রাজ্যপাল ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে একথা বলেছেন। আমার মনে হয় রাজ্যপাল দেখেছিলেন এই রাজ্যে বিরোধীরা শাসক দলের অত্যাচারে কিভাবে নোমিনেশান ফাইল করতে পারেনি। আমাদের মুখ্যমন্ত্রীর একজন খুব কাছের মানুষ যিনি বীরভূম জেলা সভাপতি। তিনি প্রকাশ্যে বলছেন বিরোধীদেরকে নোমিনেশান ফাইল করতে দেওয়া হবে না, তাদের হাত কেটে নেওয়া হবে নোমিনেশান ফাইল করতে গেলে, তাদের বাড়ি জ্বালিয়ে দেওয়া হবে, তাদেরকে খুন করা হবে। তার উদাহরণ, আপনাদেরই একজন তৃণমূলের সদস্য আছে, নাম সাগর ঘোষ, তাকে প্রকাশ্যে খুন করা হল। শুধু এটা নয়। আমাদের যারা বিরোধী, যারা বিধানসভার সদস্য, তাঁদেরকে প্রকাশ্যে হুমকি দিচ্ছেন ওই বীরভূম জেলা সভাপতি। এরপরেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী চুপ রয়েছেন। কোনো কথা বলছেন না। এটাই কি আমরা আমাদের এই রাজ্যের আইন-শৃঙ্খলার নমুনা দেখতে পাচ্ছি ? আমাদের রাজ্যপাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং গ্রামীণ হাসপাতালের রোগীদেরকে বিনামূল্যে চিকিৎসা দেওয়া এবং ওষুধ সরবরাহের কথা বলেছেন। আমরা দেখতে পাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রী প্রতিটি জেলায় দু-তিনবার করে ঘুরে আসছেন। আমি বলব মাননীয়া মুখ্যমন্ত্রী কি সত্যিই দেখতে পাচ্ছেন, আপনি যাবেন আমার জেলায় মুর্শিদাবাদ, কিন্তু আমি আমার জেলার উদাহরণ দিচ্ছি, আমার ব্লকে যাবেন, সেখানে প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে কোনো ডাক্তার নেই, নার্স নেই, কোনো ওষুধ পাওয়া যাচ্ছে না। আমার ব্লকে একটি গ্রামীণ হাসপাতাল আছে, সেই গ্রামীণ হাসপাতালে আজকে ৩০/৩৫ বছর ধরে খারাপ হয়ে পড়ে আছে। আমি বারবার আমাদের মুখ্যমন্ত্রী স্বাস্থ্যমন্ত্রীকে দরখাস্ত করেছি, আমি আবেদন করেছি, বলেছি সেই হাসপাতালে ডাক্তার দেওয়ার জন্য, নার্স দেওয়ার জন্য এবং হাসপাতালটাকে উন্নত করার জন্যে। আজও পর্যন্ত কোনো সাড়া পাইনি। এটাই কি আপনাদের উন্নয়ন ? গত বছর এই সরকার কন্যাশ্রী প্রকল্প চালু করেছে, আমি জানি মাননীয়া মহিলা মুখ্যমন্ত্রী তিনি মলিাদেরকে খুব ভালোবাসেন, তিনি কন্যাদের ভালোবাসেন। তাই এই প্রকল্পে ভারতবর্ষ প্রথম নয় কিন্তু, আমাদের সি.এম. নাকি ব্রেন চাইল্ড বলে এই প্রকল্পকে বলা হচ্ছে। কিন্তু আমি জানি, আমরা অন্ততঃ দুটি রাজ্যে এই প্রকল্প দেখতে পেয়েছি, হরিয়ানা এবং দিল্লিতে। লালডিয়ানের এই প্রকল্প চালু করা হয়েছিল যেখানে কন্যা সন্তান জন্মগ্রহণ করলেই তাদেরকে এক লক্ষ টাকা করে ইনসিওরেন্স করা হত। আমরা দেখতে পেলাম এখন পর্যন্ত ৯.২৯ লক্ষ টাকা উপকারভোগী নির্বাচিত করা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী কি জানেন এই রাজ্যে কতকগুলো স্কুল আছে এবং সেই স্কুলে প্রতিটি মেয়ে এই প্রকল্পের আওতায় আসতে পেরেছে কিনা ? আমার জেলাতে

এখন অবধি অনেক মহিলা আছেন যারা এই প্রকল্পের মধ্যে আসতে পারেনি। তাই আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, কোনো দলতন্ত্র নয়, আপনি সবার জন্য এই প্রকল্প করুন। আমার মনে হয় তাহলে ভাল হবে। আমাদের রাজ্যে পরিবহণ দপ্তরের অবস্থা এতটাই খারাপ যে মন্ত্রীর কথা কোনো আধিকারিকরা শুনছেন না। আপনারা জানেন, আমি একজন মহিলা সদস্য, আমি কিন্তু বাসে যাতায়াত করি এই বিধানসভার মিটিংয়ে। আমি বারবার আপনাদের মন্ত্রীকে বলেছি, আমার জেলাতে ভাল বাস দেওয়া হোক। আমি আবেদন করেছি, প্রত্যেকটা দিন, বাস খারাপ হচ্ছে। মাঝ রাস্তায় আমাদেরকে অন্য বাস ধরে আসতে হচ্ছে। প্রত্যেকটা দিন। যারা ওই বাসে যাতায়াত করে যে সব মহিলারা বাচ্ছা নিয়ে তারা পৌঁছাতে পারছে না। আপনাদের কথা আমাদের মুর্শিদাবাদের যিনি ডিভিশনাল ম্যানেজার আছেন, মন্ত্রী অর্ডার করা সত্ত্বেও প্রত্যেকটা দিন খারাপ বাস দিচ্ছে। এরপরও আপনারা বলবেন, যে আপনারা রাজ্যটা ভালোভাবে চালাচ্ছেন। একটা মন্ত্রীর কথা যদি একটা আধিকারিক না শোনে, তাহলে সেই রাজ্যের অবস্থা সেই রাজ্যের উন্নয়ন কিভাবে হবে সেটা আপনারা একবার ভালো করে ভেবেচিন্তে দেখবেন। মুখ্যমন্ত্রী বারবার বলছেন, আমি এই রাজ্যে ১০০ পারসেন্ট কাজ করে দিয়েছি, আমার আর কিছু করার নেই। তার জন্য তিনি এখন প্রতিটি জেলায় যাচ্ছেন, উৎসব করছেন। শুধু তিনি একা নন, তার মন্ত্রী এবং সদস্যরাও সেখানে সেই উৎসবে সামিল করেছেন। কিন্তু সেখানে কারা বাদ পড়ছে। বিরোধীরা বাদ পড়ছে। তাদেরকে তিনি বলার প্রয়োজন মনে করছেন না। আমরা জানি, আমরা যদি কখনো ভালো কাজ করি, তাহলে কিন্তু মানুষ আমাদেরকে সারা জীবন মনে রাখবে। যেমন আমাদের এই পশ্চিমবঙ্গের নব রূপকার এখানে মুখ্যমন্ত্রী ছিলেন, ডঃ বিধানচন্দ্র রায়, সবাই কিন্তু এক ডাকে তাকে চেনে, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী কি এমন কোনো ভালো কাজ করেছেন যাতে এই পশ্চিমবঙ্গের মানুষ তাঁকে মনে রাখবে। হ্যাঁ, তিনি একটা কাজ করেছেন, যাতে তাকে মনে রাখবে। এই রাজ্যের মানুষগুলোকে বোকা বানাবার জন্য এবং এই রাজ্যের যারা মন্ত্রীসভার সদস্য আছেন তাদেরকে বোকা বানানোর জন্য এই রাজ্যের মানুষ অবশ্যই তাঁকে মনে রাখবেন। আমার রাজ্যে, আমার বিধানসভা হচ্ছে মুর্শিদাবাদ জেলার কান্দি সাব-ডিভিশানের লোক, কৃষি প্রধান এলাকা। সেখানে ধান এবং আলু অনেক উৎপন্ন হয়। কিন্তু চাষীরা সেখানে সেই আলু বা ধানের দাম পাচ্ছে না। তাই আমি বলব, কেন্দ্রীয় সরকার ধান কেনার জন্য টাকা দিচ্ছে, কিন্তু এই সরকার ঠিকমতো সেই টাকা খরচ করতে পারছে না। চাষীরা বঞ্চিত হচ্ছে। সেই সঙ্গে আমি একটাই কথা বলব, আমাদের রাজ্যে গণতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য জনসাধারণ বামফ্রন্টকে সরিয়ে নতুন সরকারকে নিয়ে এসেছিল, তাতে আমরাও সামিল হয়েছিলাম। সরকারের বক্তব্য ছিল, বদলা নয় বদল চাই। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি, এই সরকার বদলের জায়গায় বদলা নিচ্ছে। আড়াই বছরে আমরা কি দেখলাম এই রাজ্যে দলতন্ত্রের জায়গায় গণতন্ত্রে একনায়কতন্ত্র চলছে। জেলায় জেলায় মুখ্যমন্ত্রী গেলেও বিরোধীদের ডাকা হচ্ছে না। এই রাজ্য, তাই নারী নির্যাতনে এক নম্বর স্থান পেয়েছে এবং গণ ধর্ষণের জন্য দুই নম্বর জায়গায় চলে গিয়েছে। তাই আমি বলব, আমাদের মুখ্যমন্ত্রী একজন মহিলা মুখ্যমন্ত্রী, আমরা তার কাছ থেকে অন্তত এইটুকু আশা

করতে পারি, এই রাজ্যে অন্তত মহিলারা শান্তিতে থাকুক। আমি তার জন্য মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

[4.30—4.40 p.m.]

ডঃ রমেন্দ্র নাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১০ই ফেব্রুয়ারী, ২০১৪ তারিখে মহামান্য রাজ্যপাল যে ভাষণ এই সভায় রেখেছেন এবং তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এই সভায় এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি এই সভায় দু-চারটি কথা বলছি। মাননীয় রাজ্যপাল একজন সত্যদ্রষ্টা, নিরপেক্ষ ও দার্শনিক ব্যক্তিত্ব। তিনি এই রাজ্যের যিনি মুখ্যমন্ত্রী, তার মন্ত্রীসভা এবং তার সরকারের প্রতিটি কর্মের প্রতি অকপটভাবে, আপনভাবে বক্তব্য রেখে বারে বারে বলেছেন এটি আমার সরকার। বর্তমান সরকারের ক্রিয়াকলাপে তিনি সন্তুষ্ট হয়ে এবং আনন্দিত হয়ে এই শব্দটি ব্যবহার করে সমস্ত মানুষকে বিশেষ করে, এই পবিত্র নিকেতনের সমস্ত সদস্যের দৃষ্টি আকর্ষণ করে সত্য জিনিসটি গ্রহণ করবার জন্য তার ভাষণের মধ্যে দিয়ে তা ব্যক্ত করেছেন। সেই বক্তব্যকে সমর্থন করে আমি আপনাদের সকলের কাছে মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে নিবেদন করতে চাইছি। আমাদের পূর্ববর্তী যে সরকার এখানে ছিলেন তারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে দুই লক্ষ তিন হাজার কোটি টাকা ঋণ করে এই রাজ্যকে ঋণী করে রেখে গেছেন। দুই লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণ কাঁধে নিয়ে আমাদের মুখ্যমন্ত্রী যেভাবে পশ্চিমবঙ্গকে পরিচালনা করছেন, জীবনের প্রতিটি দিকে দৃষ্টি দিয়ে তিনি যেভাবে সরকারকে এগিয়ে নিয়ে চলেছেন তা প্রশংসার যোগ্য। পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের প্রতি দৃষ্টি আকর্ষণ করে কেবলমাত্র পঞ্চায়েত নির্বাচন নয়, অন্যান্য সমস্ত নির্বাচনে তিনি বিরাট সাফল্য পেয়েছেন। এটি গণ সমর্থনের একটি উল্লেখ্য নিদর্শন। আজকে এই সভায় বক্তব্য রেখে যারা সেই মুখ্যমন্ত্রীর সমালোচনা করছেন, বিশেষ করে ধর্ষণ বিষয় তাদের কর্ষণের ইতিহাস রচনা করছেন, সেটি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অযথা দোষে দোষী করা হচ্ছে। আমি এর তীব্র বিরোধিতা করে বলি, ধর্ষণ কেউ পছন্দ করে না। যারা মানুষ, যারা মনুষ্যত্ব নিয়ে চলে, যারা মানুষের উপকার করতে চান, তারা নিশ্চয় এই কুকর্মকে সমর্থন করেন না। আপনাদের আমলে হলেও এবং আমাদের আমলে হলেও ধর্ষণ একটা অসামাজিক কাজ। সেই কাজকে কেউ সমর্থন করে না। কিন্তু আজকে বাজেট অধিবেশনে যখন দেখা যাচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায় নিরন্নের মুখে অন্ন প্রদান করেছেন, জঙ্গল মহলে শান্তি আনয়ন করেছেন, যিনি পার্বত্য এলাকায় শান্তি আনয়ন করছেন, যিনি কৃষকের মুখে, কৃষকের কাজে সহায়তা করছেন, প্রশাসনিকভাবে সমস্ত রকম বন্দোবস্ত করে প্রশাসনকে সচল রাখতে চেষ্টা করছেন....

তারা কেবলমাত্র ওই বিধানসভায় এসে গুটি কয়েক মানুষ যারা একদিন ছিল ২৩০ আজকে সংখ্যায় অনেক কমে গিয়ে যারা মানুষের সমর্থন হারিয়ে তারা আবার চিপ পপুলারিটি অর্জন করবার জন্যে সভায় বক্তব্য রেখে সভাকে মাত করে দিতে চেষ্টা করছেন

সেই জিনিসকে সাধারণ মানুষ সমর্থন করবে না। সেই ব্যাপারে আমি প্রথমেই বলতে চাই 'অসতো মা সদগময়, তমসো মা জ্যোতির্গময়', অর্থাৎ আগের সরকারের আমলে লোডশেডিংয়ে অন্ধকারের গহ্বরে চলে যাচ্ছিল পশ্চিমবঙ্গ। বর্তমান দিনে কি এমন ম্যাজিক খেলা আপনারা দেখেছেন যার মধ্যে দিয়ে আজকে লোডশেডিং প্রায় নেই, নেই, নেই।

যেখানে শ্রমিকেরা ধর্মঘট করতো। সেই ধর্মঘটকারী মানুষেরা এখনো পশ্চিমবঙ্গে আছে কিন্তু আমাদের এই আমলে আমি দেখেছি, শুনেছি, জেনেছি, বুঝেছি যে মানুষ আর ধর্মঘট পছন্দ করে না। কারণ তাদেরকে প্ররোচিত করার লোক হীনবল হয়ে পড়েছে। অতএব সেক্ষেত্রে কেবলমাত্র শ্রমিক নয়, অসংগঠিত শ্রমিক যারা, আমাদের মন্ত্রী প্রবর তাদের জীবনে এনে দিয়েছেন আলো, যে আলোতে উদ্বুদ্ধ হয়ে তারা তাদের সংসারের অশান্তি দূরীভূত করতে পারছে, কিছু জীবিকার সন্ধান করতে পারছে তারা আজকে পশ্চিমবঙ্গে যেভাবে কাজ করে চলেছে বিড়ি শ্রমিকেরা, নির্মাণ সহায়করা বিভিন্ন সভা সমিতিতে আপনারা যদি নিজেরা না যেতে পারেন আমাদের মন্ত্রী যখন বিভিন্ন জেলায় জেলায় যান সেখানে আপনারা লোক পাঠিয়ে জেনে নেবেন এবং আপনার পাশের মানুষটির কাছে জিজ্ঞাসা করবেন যে কথা কেউ কল্পনা করতে পারেনি, সেই কাজ কেমন করে পশ্চিমবঙ্গের বুকে অনুষ্ঠিত হচ্ছে।

জল চাই, এই জলের অভাব মেটাবার জন্যে আমাদের মন্ত্রী, মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্ত্রী তিনি যেভাবে জলের যোগান দিচ্ছেন, আমি বলতে পারি, আপনারাও জলের যোগান দিতেন কিন্তু আর্সেনিক মুক্ত জলের যোগান আপনারা দিতে পারতেন না। বর্তমানে অসম প্রচেষ্টা নিয়ে সেই মন্ত্রী, মমতা বন্দ্যোপাধ্যায়ের একজন মন্ত্রী তিনি যেভাবে কাজ করে চলেছেন তাতে অন্তত আপনারা অনেক বলছেন কিন্তু দুষ্ট জলের যে আর্সেনিক সেই আর্সেনিক মুক্ত কিভাবে হয়েছে সেটা আপনারা একটু দেখতে চেষ্টা করবেন।

আজকে ধর্ষণের কথা বাদ দিন। ধর্ষণ হয়, মমতা বন্দ্যোপাধ্যায়ের প্ররোচনায় নয়, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের প্ররোচনায় নয় এবং কেবলমাত্র বেছে বেছে ধর্ষণের কাজটা চলে না।

আপনারা অন্যান্য সমস্ত দিকে দৃষ্টিপাত করুন এবং সেখানে আপনারা দেখবেন যে কৃষক, সেই কৃষকেরা আজকে কতটুকু উপকৃত হচ্ছে এই সরকারের আমলে, কৃষি সরঞ্জাম থেকে শুরু করে বীজ থেকে শুরু করে অন্যান্য সহায়তা থেকে শুরু করে আজকে পশ্চিমবঙ্গে যে কাজ হয়েছে সে কাজ সারা ভারতবর্ষের মধ্যে একটা অন্যরকম পুরস্কার লাভ করতে পেরেছে এবং সেই কৃষি বিষয়টাতে সে ব্যাপারে আপনাদের আর কিছু বলার আছে বলে মনে করি না।

আপনারা স্বাস্থ্যের দিকটা দেখুন। মমতা বন্দ্যোপাধ্যায়ের আগে যে সরকার ছিল, সেখানে হসপিটালে হসপিটালে কুকুর-বেড়ালের চাষ হত এবং সেখানে ভালো সুখাদ্য তৈরি হত না। এখন চেষ্টা করা হচ্ছে কারণ ২ লক্ষ ৩ হাজার কোটির বোঝা তো আছে। সেটা

সব সময় মাথায় রেখে এত বড় দায়িত্বপূর্ণ কাজ, যে দায়িত্বপূর্ণ কাজের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের প্রান্তে প্রান্তে আজকে হসপিটাল এবং অন্যান্য সমস্ত কিছু তৈরি করার চেষ্টা করা হচ্ছে।

[4.40 – 4.50 p.m.]

এবং প্রচেষ্টা চালানো হচ্ছে উপযুক্ত ডাক্তারদের মাধ্যমে সব কাজ করা। আজকে একটু আগে আপনারা বললেন যে, ঠিকমতো ভাবে কাজ করা হয়, কেবলমাত্র অন্যায় ভাবে যে কাজটা করা হচ্ছে সেখানে। কিন্তু আরও অনেক কিছু আছে জীবনের সমস্ত দিক, সমস্ত মন্ত্রীসভার দপ্তর, সমস্ত দিকে থেকে মমতা বন্দ্যোপাধ্যায় যেটুকু কল্পনা করেন, তার চাইতে কাজ করেন বেশি। তাই আমার বক্তব্যের শেষের আগে আমি বলব—

"শতেক রং-এর আলপনা যার মনে আঁকা থাকে,
সৃষ্টি সুখে উল্লাস মুখর শ্রদ্ধা জানাই তাঁকে।"

কাকে ? মমতা বন্দ্যোপাধ্যায়কে। কারণ, তিনি যে ভাবে কল্পনা করেন অনেক অভিনব, অভিনব ব্যাপার তিনি কল্পনা করে সেগুলো কার্যে রূপান্তরিত করতে চেষ্টা করেন। সেই মানুষকে যদি আপনারা এমন ভাবে সমালোচনা করেন, সেই সরকারকে যদি আপনারা এমন ভাবে সমালোচনা করেন—তাঁকে ধিক্কার জানাবার লোক খুঁজে পাবেন না পশ্চিমবঙ্গে আগামীদিনে। তাই আমি বলতে চাই, আপনারা এই রাজ্যপালের ভাষণ, এই রাজ্যপালের ভাষণকে সম্মত সমর্থন জানিয়ে, নীতিগত ভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভায় দ্বাদশ অধিবেশনে, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল যে ভাষণ গত দশ তারিখে দিয়েছেন দীর্ঘ চল্লিশ মিনিট ধরে সেইজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু তার ভিতরে যে জিনিস পাঠ করা হয়েছে, এই বইটার মধ্যে যা লেখা আছে প্রত্যেকটা পাতায় রন্ধ্রে রন্ধ্রে অসত্য কথা লেখা আছে। সেই জন্যে এই ভাষণটাকে আমি সমর্থন করতে পারছি না। আমি লক্ষ্য করছি এই সময়ে, আমাদের সরকার পক্ষের যে সমস্ত বিধায়করা আছেন তাদের এখনও পর্যন্ত আড়াই বছর বয়স হয়ে গেল তাদের, এই আড়াই বছরে চৌত্রিশ বছরের ভূত তাড়িয়ে বেড়াচ্ছে। আমার মনে হয় যতদিন থাকবে আড়াই বছরে, পাঁচ বছর পরেও তাদের এই চৌত্রিশ বছরের ভূত তাড়াবে। এই চৌত্রিশ বছরের ভূত যদি তাড়াতে থাকে তাহলে আপনারা কাজ করবেন কি ভাবে ? আমরা ভুলে যাইনি স্যার, আগামী বছরে ২০১৩ সালে আমরা দেখেছি, আমাদের পশ্চিমবঙ্গে কি উপহার পেয়েছে এই সময়কালে এক বছরে। —সন্ত্রাস, দুর্নীতি, ধর্ষণ, শিশু মৃত্যু আর অনাহার। একটা নৈরাজ্যের উপহার দিয়েছে মা-মাটি-মানুষের সরকার। এই সময়কালে আমরা দেখেছি ৭২ সালের কায়দায় ভোট লুঠ করা হয়েছে। ৭২-এর কায়দায় ভোট লুঠ। নির্বাচনে তাদেরকে জিততে হয়নি স্যার। নির্বাচনে না জিতেও আমরা দেখেছি

তারা প্রধান হয়েছে, সভাপতি হয়েছে। মানুষকে তাদেরকে নির্বাচিত করেনি। এতদ্‌সত্ত্বেও তারা আজকে পঞ্চায়েতের কর্মকর্তা হয়েছে। লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে যায় আমাদের রাজ্যের মানুষের। গোটা ভারতবর্ষের মানুষ তাকিয়ে আছে পশ্চিমবঙ্গে চির গণতান্ত্রিক আন্দোলনের পীঠস্থান। সেই রাজ্যে পরিবর্তন হয়েছে মা-মাটি-মানুষের নেত্রীকে বসিয়েছেন ক্ষমতায়, তারা সরকারের আসার পর মানুষের ভোট অধিকার কেড়ে নিয়েছে, বাক্ স্বাধীনতা কেড়ে নিয়েছে। এই সময়কালে আমরা দেখেছি, কামদুনি, খুরজুনা, মধ্যমগ্রাম এবং বীরভূমের লাভপুরের মত জঘন্য ঘটনা। লাভপুরের জঘন্য ঘটনা সারা ভারতবর্ষের মানুষ তাকিয়ে আছে। বিচারের নাম করে তারা আদিবাসী সমাজকে কলুসিত করেছে তৃণমূলের দল। আপনারা ভুলে গেছেন হয়তো আদিবাসী মাথা উঁচু করে দাঁড়াতে শিখেছে ১৯৭৭ সালের পর। তাদের সমাজ অনেক উন্নত মানের। একটি ঘটনা, একটি উদাহরণ আপনারা দেখাতে পারবেন না। এই ৩৪ বছরের মধ্যে তাদের যে সমস্ত সালিশি হয়েছে বিভিন্ন গ্রামে। আদিবাসীরা যে সমস্ত সালিশি সভা করে এই রকম নোংরা জঘন্য সিদ্ধান্ত তারা কোনোদিন করেনি। তাদের সিদ্ধান্ত পঞ্চায়েতকে সাহায্য করতে বাধ্য করেছিল। সেই চেতনা নিয়ে আদিবাসীরা আজও বেঁচে আছে। আর আজকে আপনাদের দল আসার পর পঞ্চায়েতের দায়িত্ব নিয়ে আদিবাসী সমাজকে কলুসিত করেছেন। আমি ধিক্কার জানাচ্ছি এই কথাটা অন্তত রাজ্যপালের মুখ দিয়ে দেশের মানুষ শুনত যে কাজটা ভালো হয়নি, সাধুবাদ জানাতাম, অভিনন্দন জানাতাম। আমরা এই সময়কালের মধ্যে দেখেছি সততার প্রতীক রাজ্যের মুখ্যমন্ত্রী, এই সততার প্রতীক সারদার প্রতীকে পরিণত হয়েছে। এই সততার প্রতীক আজকে সারদার প্রতীকে পরিণত হল। সাররায় যারা যুক্ত হয়েছে, কেলেঙ্কারির যারা নায়ক তাদেরকে শাস্তি দিতে সাহস পাচ্ছেন না। তাদেরকে লুকোনোর চেষ্টা করছেন। তারা যে সম্পত্তি ক্রয় করেছে সেই সম্পত্তি দখল না করে আজকে নিজে কিছুটা বাহবা নেওয়ার জন্য, রাজ্যের মানুষের কাছে কিছুটা মুখ দেখানোর জন্যে আজকে তাদেরকে বলা হচ্ছে ৫০০ কোটি টাকা দিয়ে দেব। যারা টাকা জমা দিয়েছে তাদের ৫০০ কোটি টাকা দেবেন। কোথা থেকে দেবেন ? সাধারণ মানুষ, আপনার আমার কাছ থেকে টাকা নিয়ে তাদের দিচ্ছেন, যারা চোর যারা চুরি করেছে, গরীব মানুষের টাকা আত্মসাৎ করেছেন, কৃষকের টাকা আত্মসাৎ করেছে তাদের শাস্তির জন্য তিনি এগোচ্ছেন না। বিষয়টা মানুষ দেখছে, অপেক্ষেরমান। আপনারা যেভাবেই বলুন না কেন মানুষ অপেক্ষা করছে। আমরা দেখেছি এই সময়কালের মধ্যে মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জীর পুলিশ প্রশাসন বাঁচতে দিল না সেই ২৩ বছরের যুবককে। ২৩ বছরের ছাত্র নেতা সুদীপ্ত গুপ্তের মৃত্যু পুলিশ হেপাজতে হয়েছে। কি অপরাধ ছিল তার ? অপরাধ ছিল সে ছাত্র সমাজকে সঙ্গে নিয়ে গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে তাদের দাবি-দাওয়া পূরণের জন্য মাঠে নেমেছিল। এই অপরাধে তাকে হত্যা করা হয়েছে। সে আর ২০১৪ সাল দেখতে পেল না। এই সরকার চলছে ভালো, এই সরকার আনন্দে চলছে, এই সরকার এগোচ্ছে, দ্রুত গতিতে এগোচ্ছে, প্রশাসন খুব ভালো বলছে দাবি করছেন আপনারা। আমরা দেখেছি এই সময়কালের মধ্যে কৃষক আত্মহত্যা করছে আমাদের রাজ্যে। কৃষকদের জন্যে আপনারা বামপন্থীদের তুলনায় অনেক বেশি দরদ

দেখিয়েছেন। সিঙ্গুরে আপনারা আন্দোলন করেছেন জমি নিয়ে। গোটা রাজ্যের কৃষক আজকে আত্মহত্যা করছে। বামপন্থী জামানাতে কজন কৃষক আত্মহত্যা করেছিল ? যখন আমরা দেখেছি সারা ভারতবর্ষে ২ লক্ষের বেশি কৃষক আত্মহত্যা করেছে, সেই সময় বামপন্থীরা কৃষকের পাশে দাঁড়িয়ে ভর্তুকি দিয়ে তাদের রক্ষা করার চেষ্টা করেছে। আর সেই সময় আমরা দেখলাম ১৯৮৪ সালে এই মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা ব্যানার্জী বি.জে.পি.-র সঙ্গে গাঁটছড়া বেঁধে আমাদের ভারতবর্ষের সার কারখানা বিদেশে পাঠিয়ে দিয়েছে, সার কারখানা বন্ধ করে দিয়েছে। সেই দিন প্রতিশ্রুতি দিয়েছিল আমাদের রাজ্যের কৃষকদের তারা ভর্তুকি দিয়ে সার দেবে। আজকে ভর্তুকি উঠে গেছে। আজকে তিনি সরকারে আছেন, ক্ষমতায় আছেন। লজ্জায় মাথা হেঁট হয়ে যায় আমাদের রাজ্যের কৃষক যখন আমাদের রাজ্যকে তিল তিল করে এক নম্বর জায়গায় নিয়ে গেছে খাদ্য উৎপাদনে, সেই রাজ্যের কৃষক আজকে আত্মহত্যা করছে। সরকারের দায়বদ্ধতা আছে বলে মনে করে না। সরকারের দায়বদ্ধতা নেই। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখছি, যদি আমরা মনে করি পুরনো দিনের কথা ১৯৭৭ সালে যখন বামপন্থীরা ক্ষমতায় এসেছিল, তখন কত খাদ্যশস্য উৎপাদন হত আমদের রাজ্যে ? মাত্র ৪৪ লক্ষ টন খাদ্য উৎপাদন হত, চাল উৎপাদন হত। তাতে আমাদের রাজ্যের মানুষের খাদ্য জুটত না, ঘাটতি পড়ে যেত। বামপন্থীরা ক্ষমতায় আসার পর সেই খাদ্য উৎপাদন ২০১১ সালে ১৭০ লক্ষ টনে পৌঁছে গেছে। ৯৮ শতাংশের বেশি খাদ্য উৎপাদন হল, তারপরে আমাদের রাজ্যটা আস্তে আস্তে করে দাঁড়াল। কে এর জন্যে বেশি অংশীদার ? আমাদের রাজ্যের কৃষক হচ্ছে সবচেয়ে বেশি অংশীদার। আমাদের রাজ্যে কৃষকরা রক্ষা করেছে আমাদের রাজ্যটাকে। সেই কৃষক আজকে আত্মহত্যা করছে। সেই কৃষকের পরিবারের সন্তানরা আজকে স্কুলে যেতে সাহস পাচ্ছে না। কন্যা সন্তানের জন্য কন্যাশ্রী করছেন, কেন কন্যা সন্তানরা স্কুলে যেতে সাহস পাচ্ছে না জবাব কে দেবে ? জবাব দেবে বিরোধী দলের নেতা ? কার জবাব দেওয়ার কথা ? এখানে বসে আছেন আপনারা। আপনারা কথা বলছেন আমরা শুনছি। এই সময়কালের মধ্যে সব চাইতে বেশি ড্রপ আউট হয়েছে আদিবাসী কন্যা সন্তানরা। কেন ড্রপ আটউ হচ্ছে ? আমি এই বইতে দেখেছি কত অসত্য কথা লেখা আছে। ১ লক্ষ ৩০ হাজার আদিবাসীদের আপনারা বার্ধক্য ভাতা দিয়েছেন। ১০০ শতাংশ অসত্য কথা লিখেছেন। বামপন্থীরা এই ১ লক্ষ ৩০ হাজার আদিবাসীকে পেনশান দেওয়ার ব্যবস্থা শুরু করেছিল। ৬০ বছর বয়েস হলে তাদের দিতে হবে। বামফ্রন্ট সরকারের স্বপ্ন ছিল একটাই যে ৬০ বছর বয়েস হলে, আদিবাসীরা বেশি পরিশ্রম করে বলে বাঁচবে না, পেনশান দিতে হবে।

[4.50 – 5.00 p.m.]

সেই পেনশন চালু করেছে। এই সময় তাদের মধ্যে ১ লক্ষ ৩০ হাজার মানুষ পেনশন পাচ্ছে না। নিয়মিত টাকা পাচ্ছে না তারা। যে টাকার উপরে পরিবারটা বেঁচে থাকে, সেই পরিবারটা আজকে হতাশাগ্রস্ত হচ্ছে। সন্তান তাকে ভাত দিচ্ছে না। সে আজকে রাস্তায় থালা নিয়ে বসে আছে। এই পরিবেশ পরিস্থিতি তৈরি করেছেন আপনারা। বনের অধিকার

পেয়েছি আমরা। দিল্লিতে লড়াই হয়েছে। লড়াই আন্দোলনের মধ্যে দিয়ে সারা ভারতবর্ষে আদিবাসীদের ঐক্যবদ্ধ করার মধ্যে দিয়ে ২০০৬ সালের বনের অধিকারের আইন তৈরি হয়েছে। ২৭ হাজার আদিবাসীরা পাট্টা পেয়েছে এই আইনের বলে। আপনারা ক্ষমতায় আসার পর আজকে বর্গাদার, পাট্টাদার, কৃষক, আদিবাসীদের যে ভূমি দেওয়া হয়েছে, সেই জমি কেড়ে নিচ্ছে তৃণমূলের জল্লাদ বাহিনী। আর পুলিশ তাদের হয়ে কাজ করছে। এই জায়গায় দাঁড়িয়ে আপনাদেরকে দায়িত্ব নিতে হবে। আজকের আদিবাসীরা কেন জমি হারাচ্ছে, আজকে বর্গাদারদের জমি থেকে কেন উচ্ছেদ করা হচ্ছে, পাট্টাদার কেন জমিতে যেতে পারছে না, জবাব আপনাদেরকে দিতে হবে। পবিত্র বিধানসভায় দেবেন না, সেই অপেক্ষমান মানুষ বাইরে আপনাদের জবাব নেওয়ার জন্য বসে আছে। স্যার, আমি একটা কথা বলে শেষ করতে চাই। আমাদের সুন্দরবনে যে আয়লা হয়েছে, সেই আয়লাতে ক্ষতিগ্রস্ত নদীবাঁধের জন্য কেন্দ্রীয় সরকার টাকা পঠিয়েছে, সেই টাকা আজ পর্যন্ত খরচ করতে পারেনি। এই ব্যর্থতা এই রাজ্য সরকারের। এই আয়লার বাঁধ যদি আজকে হত, তাহলে ওই এলাকার মানুষ, কৃষকরা বেঁচে যেত। তিল তিল করে উন্নয়ন হয়েছিল সুন্দরবনে। সেই সুন্দরবন আজকে প্লাবিত হয়ে গেছে। বামপন্থীদের কাজ ছিল, সেই সময় দাঁড়িয়ে তারা সুন্দরবনকে সুন্দরায়ন করেছে। সেই সুন্দরবন ভেসে গেছে। সেই কাজের দায়িত্ব এই সরকারকে নিতে হবে। সুন্দরবনের মানুষ কিন্তু অপেক্ষমান আপনাদের কাছ থেকে জবাব নেওয়ার জন্য। আপনারা বিধানসভায় উত্তর দিন আর না দিন, বাইরে কিন্তু দিতে হবে, জনগণকে দিতে হবে। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীমান রায় : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানে ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন যে ভাষণ দিয়েছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। সমর্থন করে গুটিকতক কথা আপনার কাছে এই পবিত্র হাউসে আমি নিবেদন করতে চাই। এর আগে আমাদের এক বামপন্থী বন্ধু নিরাপদ বাবু বললেন। আমি সেই প্রসঙ্গে যেতে চাই না এই কারণে যে ওনার প্রসঙ্গ বলতে গেলেই আমার উন্নয়নের কথা বলা যাবে না। তাই উন্নয়নের কথা বলি। শুধু আমি ওনাকে বলি, যুক্তি যেখানে শেষ, তর্ক সেখানে শুরু। যুক্তি ওনাদের শেষ হয়ে গেছে, তর্ক শুরু হয়েছে। তর্কের জন্য তর্ক করছেন আপনারা। আমি বললে অনেক কথাই বলতে পারতাম। আইন-শৃঙ্খলার কথা বললে আমাদের এই হাউসেই রয়েছেন আমাদেরই এক বন্ধু বিধায়ক, তার বাবা এম.এল.এ. হোস্টেলে হত্যা হলেন। আমি জানি, তারা এখনও জেলে বন্দী রয়েছেন। বলতে পারেন যে প্রশাসনে আপনারা একদিন ছিলেন, এই হাউসের যিনি বিধায়ক, তার বাবা কেমন করে হত্যা হলেন ? বলবেন। আমি ওই যে বললাম যদি একটা পরিসংখ্যান চান—আমাদের আড়াই বছর, আর আপনাদের আড়াই বছর কি করলেন তাহলে দেখবেন হত্যার লীলাতে কি হয়েছে। আমি দেখছিলাম আর একজন বিধায়ক বলছিলেন ১৪৩ কি ৪৪ জন মানুষ আমাদের গত আড়াই বছরে হত্যা হয়েছে। আমি আপনাদের বলি পরিসংখ্যানটা ভালো করে জেনে নিন। ১৪৩ না ৪৪। কিন্তু সেই সংখ্যা যদি বলতে চাই তাহলে জানবেন আড়াই বছরে মন্তিজ রহমান থেকে শুরু

করে হায়দার বিমান থেকে যদি শুরু করি, আড়াই বছরে অনেক বড় ইতিহাস হয়ে যাবে। আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। শুধু মানবিক ভাবে আপনাদের কাছে একটা প্রশ্ন রেখে যেতে চাই এই পবিত্র হাউসে। বলুন না, আমার এখানে রয়েছেন, আইন-শৃঙ্খলার কথা বলছেন। আমি একটু পরে আসব। ভাবতে পেরেছিলেন কেউ, কেউ কোনোদিন স্বপ্নে ভেবেছিলেন যে 'কন্যাশ্রী' প্রকল্প বলে একটা প্রকল্প করা যায়। সেই প্রকল্পের মাধ্যমে স্কুলের মেয়েরা আর্থিকভাবে সহায়তা পেতে পারেন। ১ লক্ষ ২০ হাজার টাকার নীচে যাদের পারিবারিক আয়, তারা ক্লাস এইটে ওঠার পরেই এইট, নাইন, টেন, ইলেভেন এবং ১৮ বছর বয়স হলেই সে এককালীন ২৫ হাজার টাকা সরকার থেকে পাবেন। একবার ভেবে দেখবেন অনেক বাবা আছেন, তার কন্যাদায়গ্রস্ত মেয়ের বিয়ের জন্য ৫ হাজার টাকা দিতে পারেন না। এ এক ঐতিহাসিক সিদ্ধান্ত। এ এক ঐতিহাসিক সিদ্ধান্ত। সমালোচনা করতে পারেন। ওই যে বললাম, যুক্তি যেখানে শেষ, তর্ক সেখানে শুরু। ভেবেছেন কোনো দিন ? অনারেবল মিনিস্টার এখানে রয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী, আমি সবকিছু ছেড়ে দিলাম। ৭০ পার্সেন্ট, ৭২ পার্সেন্ট—একশো টাকার ওষুধ ২৮ টাকায় ফেয়ার প্রাইস মেডিসিন শপে, ভাবতে পেরেছেন কোনো দিন ? ভাবতে পারেননি। আমি আপনাদের কাছে বলি, জানি আপনারা বলবেন, চিৎকার করবেন। ওই যে আপনাকে বললাম, একবার ভেবে দেখবেন। নগরোন্নয়ন মন্ত্রী এখানে আছেন, কলকাতার মানুষ আসতে ভয় পেতেন। আজকে আমার ছোট্ট ছেলেটা সে আমাকে বলে, বাবা আমি টিভি-তে দেখি, কলকাতায় কত সুন্দর সুন্দর হচ্ছে। এই এরা করছে। আমাকে নিয়ে যাবে। আমি গত ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসের দিন আমি কলকাতাতে এসেছিলাম। সারাদিন আমি আমার ছেলেকে নিয়ে ঘুরলাম। ভেবে দেখবেন, আমি জানি তো আপনারা বলবেন, আপনারা বলবেন জানি, তবু আমি বলি কয়েকটি কথা। মাত্র আড়াই বছরের মধ্যে—আমার জেলা থেকে যখন যাবেন তখন দেখবেন, বাগজোলা খাল সেখানে কাটা খাল বলা হত। লাস কাটা ঘরে যেমন করে মানুষকে রেখে দেওয়া হয় তেমন করে অনেক নিরীহ মানুষকে ওই খালের পারে ফেলে দেওয়া হত। বাগজোলার খাল গিয়ে দেখবেন আর ভাববেন। ভাবতে হবে, করতে হবে এবং চিন্তা করে করতে হবে যা আপনারা ভাবতে পারেননি। আপনারা ভাবতে পারেননি। দীঘায় ৮.৯ কোটি টাকা ব্যয়ে একটা বড় কল করা যায়। আপনারা কখনও ভাবেননি, সারা বাংলায় দু-টাকা কেজি দরে চৌত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার মানুষকে দেওয়া যায়। আমি তো বললাম, চিৎকার আপনারা করবেন—যুক্তি যেখানে শেষ তর্ক সেখানে শুরু। বামপন্থী দল করছেন, মহামতি লেনিন যদি বেঁচে থাকতেন, মহামতি লেনিন আপনাদের ধিক্কার জানাতেন। বলতেন, লাল পতাকা সঙ্গে রাখলেই বড় কমরেড হওয়া যায় না। লাল পতাকা সঙ্গে রাখলেই যদি বড় কমরেড হওয়া যেত, সবচেয়ে বড় কমরেড কারা জানেন যারা লেপ-তোষক তৈরি করে গ্রামে গ্রামে লাল শালু রেখে রাস্তায় ঘুরে বেড়াতেন তারাই বড় কমরেড হত। তা জীবন দিয়ে উপলব্ধি করতে হয়। প্রাণ দিয়ে উপলব্ধি করতে হয়। কাজ করা শিখতে হয়। আমি আপনাদের কাছে বলি, নথিভুক্ত বেকারদের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে দেড় হাজার টাকা করে দেওয়া হচ্ছে এবং তাদের বলা হয়েছে, এদের চাকরির জন্য যে যে ব্যবস্থা আছে সরকার যত তাড়াতাড়ি সম্ভব

সেটা চেষ্টা করছেন। সময় দিতে হবে। আপনাদের আড়াই বছর, আমাদের আড়াই বছর সময় দেবেন না ? আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই, বলুন না আপনারা, শ্রম দফতরে কত শ্রমদিবস নষ্ট হয়েছে আপনাদের ২০১০-১১ সালে ? আপনারা জানেন। ২০১০-১১ সালে ৯০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছে। একটা দিন কাগজে দেখাতে পারেন, এমনকি আপনাদের পত্রিকা—গণশক্তি পত্রিকা। তারা অবশ্য গণশক্তি বলেন, আমরা ওটাকে গণশত্রু পত্রিকা বলি। গণশত্রু পত্রিকায় দেখাতে পারেন, একদিন একটা শ্রমদিবস নষ্ট হয়েছে। উত্তর, না। এর পরে জানি আপনারা বলবেন, দার্জিলিং হাসছে। একটা ছোট্ট গল্প বলি স্যার—আপনাদের বামপন্থী বন্ধুরা শুনুন, আমার কলেজের এক মাস্টারমশায় তিনি নিজে গিয়েছিলেন বৃদ্ধ বয়েসে, তিনি এবং তার স্ত্রী—বৌদি। তিনি দার্জিলিং-এ গিয়েছিলেন। আমি ব্যাঙ্কে গিয়েছিলাম সেদিনকে আমার একটা কাজে। হঠাৎ করে আমাকে মাস্টার মশায় দেখে বললেন— কেমন আছিস ধীমান ? আমি বললাম, স্যার, ভালো আছি। পায়ে হাত দিয়ে প্রণাম করলাম। বললেন, একটা কথা চুপি চুপি বলে রাখি, বামপন্থী এতদিন করার পরেও বলছি, ওরে দার্জিলিং সত্যি তোরা ঠাণ্ডা করেছিস। জানি নিন্দুকেরা বলবে, ও সব বাজে কথা। আগে চেষ্টা করেছিল ওরা ওটাকে গণ্ডগোল করতে। আবার অনেকে তার চাইতেও চেষ্টা করেছিলেন। ঘরের শত্রু তো কখনও কখনও বাধন কাটে কেউ বড় একটা টিপ দিয়ে। দুটি রুটি—একটা খান, একটা কপালে দিয়ে দিন। দিয়ে নিয়ে গিয়েছিলেন আর একটা গণ্ডগোল করা যায় কিনা। কিন্তু লাভ হয়নি, সব বন্ধ হয়ে গেছে। এর পরে একজন তো বললেন, আদিবাসীদের জন্য কিছুই করেননি। অনেক কিছু করেছেন আপনারা জঙ্গলমহলে। করেছেন বলেই তো একটা জঙ্গলমহল তৈরি করতে পেরেছিলেন। আর আপনাদের যত অপকীর্তির জায়গাটা ওই জঙ্গলমহলে করেছিলেন। একজন মানুষ বলুন তো, একজন মানুষ বলুন, সে যত বড়ই বামপন্থী হন না কেন, যত বড়োই মমতা ব্যানার্জীর এই সরকারের বিরোধিতা করেন না কেন। আমি জানি, আপনি যদি আপনার বাড়িতে গিয়ে আপনার ছেলেকে বলেন, জঙ্গলমহল জ্বলছে ছেলে বলবে, বাবা পাগল হয়ে গেছে।

[5.00 – 5.06 p.m.]

দয়া করে আর পরিবারে কাছে পাগল হবেন না। একটু ধৈর্য ধরে বসুন। মাত্র আড়াইটা বছর হয়েছে এখনও অনেকদিন বাকি। অনেক পথ হাঁটতে হবে। অনেকদিন হাঁটতে হবে। তাই আমি আপনাদের সকলের কাছে বলতে চাই, আসুন এসব চিন্তা-ভাবনা না করে, স্বামী বিবেকানন্দের দেড়শ বছর হল স্বামী বিবেকানন্দ বলেছিলেন 'আমার মনে হয় দেশের জনসাধারণকে অবহেলা করাই আমাদের প্রবল জাতীয় পাপ'। তাই অবহেলাই হল আমাদের এই অবনতির অন্যতম কারণ। আমি আপনাদের সকলের কাছে বলব, বাংলার নেত্রী মাননীয়া মমতা ব্যানার্জী। বাংলার মানুষ রায় দিয়েছেন এবং সেই রায় নিয়ে তিনি বাংলার মানুষের উন্নয়ন করার চেষ্টা করছেন। অযথা আমি জানি এরপর আপনারা বলবেন 'আইন-শৃঙ্খলা', 'ধর্ষণ'। কিন্তু কমরেড আমি আপনাদের কাছে বলে যাই, হে বামপন্থী মানুষেরা, যাঁরা বামপন্থার কথা বলেন, যাঁরা মহামতী লেনিনের ছবি বুকে রাখেন, দয়া করে একবার

বলবেন, যেসব ঘটনা আপনারা বলবেন. প্রত্যেকটি জায়গাতে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর প্রশাসনকে কাজে লাগিয়ে তাদেরকে গ্রেপ্তার করেছেন। কিন্তু আপনারা বলুন তো আপনাদের কত কত কমরেড এই ঘটনার সঙ্গে যুক্ত ? তাদেরকে কীভাবে আপনারা আড়াল করার চেষ্টা করেছেন ! ওই যে বললাম 'যুক্তি যেখানে শেষ, তর্ক সেখানে শুরু'। মহামতি লেনিন যদি বেঁচে থাকতেন তাহলে তিনি বলতেন 'লাল পতাকা ধরার অধিকার এই বামপন্থীদের নেই, হতে পারে না'। এর পরেও কথা বলবেন ?

আমি আপনাদের কাছে কয়েকটা কথা শুধু নিবেদন করে যাই। আপনারা এখানে আছেন, আপনারা জানেন, বেলেঘাটা খাল সংস্কার আমার সরকার আসার পরই আরম্ভ হয়েছে। আপনারা জানেন খড়্গপুরে ইন্ডাস্ট্রিয়াল পার্ক করার জন্য ইতিমধ্যে ৬০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, কাজ শুরু হয়ে গেছে। আপনারা জানেন পাণাগড় ইন্ডাস্ট্রিয়াল বেল্টের জন্য প্রায় ৪৫০ কোটি টাকা ব্যায় হবে এবং তার কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। স্বামী বিবেকানন্দের দেড়শ বছর পূর্তি উপলক্ষে 'স্বামী বিবেকানন্দ স্ব-নির্ভর কর্ম সংস্থান প্রকল্প' করা হয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবক-যুবতীদের দক্ষতা বৃদ্ধি, সরকারি অনুদান সহ তাদের ব্যাঙ্কের লোনের ব্যবস্থা করে দেওয়া এবং আপনারা জানবেন এরা মাল তৈরি করার পরে কোন বাজারে বিক্রি করবেন সেই বাজারটাও ঠিক করে দেওয়ার দায়িত্ব নিয়েছে এই মা-মাটি-মানুষের সরকার। নিন্দুকেরা বলবে, জানি তো যাদের এক কান কাটা তারা গ্রামের ভিতর দিয়ে যায়, ওদের দু-কান কাটা তাই রাস্তার ওপর দিয়ে হাঁটে। ৩৪ বছরে লাজও নেই লজ্জাও নেই। বাংলার মানুষ আপনাদের ক্ষমার চোখে দেখে। এর পরেও যদি বেশি চিৎকার চেঁচামেচি করেন দেখবেন বাংলার মানুষ একদিন বলবে বাংলায় আরেকটা পাগলা গারদ তৈরি করতে হবে। আমরা বাংলায় নতুন করে আর পাগলা গারদ তৈরি করতে চাইছি না। বামপন্থী কমরেড আপনাদের কাছে বলে যাই, আপনারা জানবেন, উন্নয়নের সৎ ভাবনাকে সাথী করে মাননীয়া মুখ্যমন্ত্রী যে সাহসী পদক্ষেপ নিয়েছেন তা প্রত্যেকটি মানুষকে সমর্থন করা উচিত বাংলার স্বার্থে। কী রেখে গিয়েছিলেন আমাদের জন্য ? রেখে গিয়েছিলেন এম.এল.এ. হোস্টেলে এম.এল.এ.-র হত্যা। আর কী রেখে গিয়েছিলেন আমাদের জন্য ? ২ লক্ষ কোটি টাকার দেনা। কী রেখে গিয়েছিলেন আমাদের জন্য ? দার্জিলিংটা জ্বলছে। কী রেখে গিয়েছিলেন বাংলার জন্য ? জঙ্গল মহলটা জ্বলছে। কী রেখে গিয়েছিলেন বাংলার জন্য ? বাংলার মা-বোনেদের ইজ্জৎ নিয়ে আপনারা কীভাবে খেলাধুলো করেছেন আপনারাই তার সবচেয়ে বড় সাক্ষী। আর কথা বলবেন না। তাপসী মালিকের আত্মা এখনও ঘুরে বেড়াচ্ছে, বিচার চাইছে। লজ্জা করে না আপনাদের বলতে ? একটা জায়গা বলুন, তৃণমূলের একজন নেতা বলুন যে এই ঘটনার সঙ্গে যুক্ত। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনাদের কাছে বলতে চাই, আমাদের পাশেই যাঁরা রয়েছেন, জাতীয়তাবাদে বিশ্বাস করেন তাঁদের কাছে একটা কথা বলে যাই, আপনারা ভুলে গেলেন দেওয়ালের সেই লেখা ? দার্জিলিংয়ের সবুজ পাতায় রক্তের দাগ কেন ? প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কাছে চাইতেন। আপনারা ভুলে গেলেন, গণতন্ত্রকে বাঁচাবার জন্য একজন

অধ্যাপক স্কুল ইলেকশনে দাঁড়িয়ে থেকে তাঁর দুটো হাত কেটে নেওয়া হয়েছিল। এত তাড়াতাড়ি ভুলে গেলেন ? জানি তো আপনারা এক সঙ্গে নির্দল প্রার্থীকে মনোনীত করবার জন্য কখন যেন এক হয়ে গেলেন। জানবেন বাংলার মানুষ, ইতিহাস কোনোদিন ক্ষমা করবে না। এখনও ঠিক হোন না হলে দেখবেন একদিন ইতিহাসের আস্তাকুঁড়েয় ওঁদের মতো আপনাদেরকেও পাঠিয়ে দেবে। ধন্যবাদ। নমস্কার। এবং এই সঙ্গে আমি মহামান্য রাজ্যপালের যে বাজেট বক্তৃতা তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি।

Adjournment

The house was adjourned at 05.06 p.m. till 11.00 a.m. on Thursday the 13th February, 2014 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 13th February, 2014 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 32 Minister, 05 Minister of State, 19 P.S. and 167 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

নদীবাঁধ পুনর্গঠন ও নদী সংস্কারের পরিকল্পনা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮) শ্রী শাহজাহান চৌধুরী : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট কয়টি নদীবাঁধ পুনর্গঠন ও নদী সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে (জেলাওয়াড়ি তথ্যসহ) ; এবং

(খ) উক্ত পরিকল্পনাগুলি রূপায়ণে মোট কত পরিমাণ অর্থ এ পর্যন্ত ব্যয়িত হয়েছে ?

শ্রী রাজীব ব্যানার্জী : (ক) ৩১শে ডিসেম্বর ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট ৪৯৯টি নদীবাঁধ পুনর্গঠন ও নদী সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে। জেলাওয়াড়ি পরিকল্পনাগুলির বিন্যাস ও অন্যান্য তথ্যাদি সংযোজনী-১-এ বর্ণিত আছে সেটা মাননীয় বিধায়ককে দিয়ে দেওয়া হবে।

(খ) ৩১শে ডিসেম্বর ২০১৩ অবধি উক্ত পরিকল্পনাগুলিতে সর্বমোট ২৬০.২৩ কোটি টাকা খরচ হয়েছে।

শ্রী শাহজাহান চৌধুরী : আমার প্রথম প্রশ্ন, নদীবাঁধ পুনর্গঠন কেন্দ্র সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির নাম কি এবং কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ কত শতাংশ প্রদান করেছে এবং রাজ্য সরকারের দেওয়া অর্থ কত শতাংশ। তার আর্থিক পরিমাণ যথাক্রমে কেন্দ্রীয় সরকারের কত, রাজ্য সরকারের কত ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়ক যে প্রশ্নটা করেছেন সেটা এত ডিটেল যে এখানে বলা সম্ভব নয়, আমি আপনাকে লিখিত উত্তর পাঠিয়ে দেব।

শ্রী শাহজাহান চৌধুরী : আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন হচ্ছে নদী পলি সংস্কারের জন্য যৌথ নদী কমিশন গঠন এবং উপনদীগুলির সংস্কারের মিশে যাওয়ার বাস্তবায়নের প্রকল্প নেওয়া হয়েছে কিনা। যদি থাকে তাহলে কতগুলি প্রকল্প চালু আছে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের উত্তরে জানাই, একটা কমিশন তৈরি হয়েছে কিন্তু এখনও সেটা বাস্তবায়িত হয়নি কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আপনাকে ধন্যবাদ। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের জেলা পশ্চিম মেদিনীপুর ঘাটাল মহকুমায় বন্যা হয় এবং আমার কেশপুর বিধানসভা এলাকা বন্যাকবলিত। ৭টি ব্লক আছে পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরে। এই ঘাটাল মাস্টারপ্ল্যান কার্যকর হয়েছে সে নিয়ে বিজয় উৎসব হল, আবীর খেলা হয়েছে ঘাটালে। সেটা অনুগ্রহ করে জানাবেন কি এখন কোন অবস্থায় আছে ঘাটাল মাস্টারপ্ল্যান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, দীর্ঘদিন যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল তখন ঘাটাল মাস্টারপ্ল্যান নিয়ে কোনো উদ্যোগ আপনারা নেননি এবং যে ঘাটাল মাস্টারপ্ল্যানের উদ্যোগ আপনারা নিয়েছিলেন সেটা এত ভুলে ভরা যে সেই প্ল্যানের শুধু ডি.পি.আর.-টা পৌঁছে গিয়ে সেটাই ফেরত চলে এসেছে ভুলের জন্য। সুতরাং বিগত আমলে আপনাদের ভুলে ভরা সেই সমস্ত অভিশাপগুলো আমাদের বয়ে বেড়াতে হচ্ছে। তবে আপনার জ্ঞাতার্থে জানাই, নতুন করে আমরা ম্যাথামেটিক্যাল মডেলে আই.আই.টি. খড়্গপুরকে দিয়ে করিয়ে, সমস্ত কারেক্ট করে অলরেডি জমা হয়েছে, সেটা অনুমোদিত হয়েছে। যদি আমাদের ওখানে আবীর খেলা হয়ে গিয়ে থাকে তাতে কোনও ভুল হয়নি এবং আপনাদের সময় যে বাজেট ধরা হয়েছিল প্রায় দু'হাজার কোটি, সেটা অলরেডি কমে দাঁড়িয়েছে প্রায় ১৬০০ কোটি টাকার মতো এবং কেন্দ্রীয় সরকার এটার ভূয়সী প্রশংসা করেছেন। কিন্তু তার সঙ্গেও আমি আপনাদের জানাই যে অনুমোদিত হলেও যেহেতু হঠাৎ করে যেটা একটু আগেও বলছিলাম কেন্দ্রীয় সরকারের বঞ্চনা যে আগে আমাদের স্টেট এবং সেন্ট্রালের শেয়ার যেটা ছিল, আগে ছিল ৭৫ দিত কেন্দ্রীয় সরকার, ২৫ দিত রাজ্য সরকার। হঠাৎ করে যে কোনো কারণে হোক সেটা কমিয়ে ৫০, ৫০ অর্থাৎ ৫০% কেন্দ্র এবং ৫০% রাজ্য দেবে। এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমরা চিঠি দিয়েছিলাম, আমি নিজে দেখাও করেছিলাম। এমনকি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন। সুতরাং এই ব্যাপারটা নিয়ে একটা বিতর্ক রয়েছে। কিন্তু প্রাথমিকভাবে এই প্রকল্পটা অনুমোদিত হয়েছে। শুধুমাত্র এই ম্যাচিং গ্র্যান্টের ব্যাপারটা মিটে গেলে আমরা অতি সত্বর যে কোনো ভাবে—ঘাটাল মাস্টারপ্ল্যান আমাদের কাছে প্রায়োরিটি। ঘাটাল মাস্টার প্ল্যান পূর্ব-পশ্চিম মেদিনীপুরের মানুষের জন্য প্রয়োজন। সেটা করতে আমরা বদ্ধপরিকর।

মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন অতি সত্বর যাতে ঘাটাল মাস্টারপ্ল্যান হয় এবং আমরা তার জন্য অলরেডি পদক্ষেপ নিয়েছি। খুব শীঘ্র কাজ শুরু করার চেষ্টা করছি।

শ্রীমতী বীণা মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন—আমার স্বরূপনগর এলাকার মধ্যে বিলবলি যে এলাকাটা আছে, যেটা বাংলাদেশ লাগোয়া সোনাই নদী দিয়ে বয়ে চলেছে, সেখানে সাতটি জি.পি.-র মানুষ ওই বিলবলি এলাকার মধ্যে তাদের ধান এবং পাট—দুটো ফসল চাষ করেই তাদের পরিবারের, তাদের সংসার নির্বাহ করতে হয়। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে সোনাই নদী দিয়ে যে খালটি বয়ে চলেছে, এই খালটি যদি তাড়াতাড়ি সংস্কার করা যায়, তার যদি সদুত্তর আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় দেন, তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে জানাই যে উনি যেটা বলেছেন, এটার প্রপোজাল এসেছে। অলরেডি এটা আমরা ভিজিট করেছি। তার সার্ভে হয়েছে, এস্টিমেট করার কাজ প্রায় শেষের দিকে। বিলবলি এলাকার কথা উনি বলেছেন, এটা নিয়ে আমরা খুবই চিন্তিত এবং আগামী দিনে এটা আমরা টেকআপ করব।

শ্রী অপূর্ব সরকার : স্যার ধন্যবাদ, মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন—যে মাননীয় মন্ত্রী মহোদয় ঠিকই বলেছেন সেন্ট্রাল ফান্ডিংয়ের ব্যাপারে এখন ফিফ্‌টি ফিফ্‌টি শেয়ার করে দেওয়া হয়েছে। কিন্তু গত বিধানসভায় মাননীয় মন্ত্রী কান্দি মাস্টারপ্ল্যান নিয়ে বলেছিলেন যে ফিফ্‌টি ফিফ্‌টি শেয়ারের জন্য এটা করা যাচ্ছে না স্টেট যতক্ষণ না রাজি হবে। পাশাপাশি তিনি যেটা বলেছিলেন যে ইলেভেন ফাইভ ইয়ার প্ল্যান থেকে টুয়েলভ ফাইভ ইয়ার প্ল্যানে এটা স্পিলওভার না করার জন্য এটা করা যায়নি। কিন্তু আমার কাছে একটা মিনিটস্ আছে যে গত ১৯শে ডিসেম্বর ২০১৩-তে দিল্লিতে যে মিটিং হয়েছিল, সেই মিটিংয়ের মিনিটস্ মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছেও আছে। সেখানে ভারতবর্ষের ৫০টা প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে এবং তা কোন অর্থবর্ষে শেষ হবে সেটাও বলে দেওয়া হয়েছে। কান্দি মাস্টারপ্ল্যানের ক্ষেত্রে সেই মিনিটসে দেখা যাচ্ছে যে সেটা ইলেভেন ফাইভ ইয়ার প্ল্যান থেকে টুয়েলভ ফাইভ ইয়ার প্ল্যানে সেটা ইনক্লুড হয়েছে। এমনকি যে ফান্ডিং প্যাটার্ন ৫০, ৫০-এর জায়গায় বিগত দিনে ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা যখন মন্ত্রী ছিলেন, যে ফান্ডিং প্যাটার্নে এটা অনুমোদিত হয়েছিল ৭৫/২৫, ৭৫ কেন্দ্র দেবে, ২৫ রাজ্য দেবে। কিন্তু এখনও পর্যন্ত কান্দি মাস্টার প্ল্যানের টেন্ডার হয়ে গেছে, বেশ কিছু টেন্ডার হওয়ার পরেও সেই টেন্ডার এখনও খোলা হয়নি। এই কাজটা কোন অবস্থায় পড়ে আছে ? স্টেট শেয়ারের যে টাকা—বিগত আর্থিক বছরের টাকা, এই আর্থিক বছরের টাকা, সেই টাকাতেও কিন্তু কাজ শুরু হয়নি। সেন্ট্রাল গভর্নমেন্টের অনুমোদন দেওয়া সত্ত্বেও এখনও কাজ শুরু করা যায়নি। বিষয়টি কোন পর্যায়ে আছে মাননীয় মন্ত্রী যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে প্রথমেই আমি মনে করি যে আজকে আপনারা এই কথা বলছেন। এই প্রশ্নটা যদি আমি করি যে ২০১১-১২ কেন্দ্রীয় বাজেটে কান্দি মাস্টার প্ল্যানের ঘোষণা হয়ে যায়। আজকের যিনি মাননীয় রাষ্ট্রপতি, তৎকালীন তিনি অর্থমন্ত্রী ছিলেন, তিনি ঘোষণা করেছিলেন। অথচ ২০১১-১২-এর পরেও আজ অবধি কেন আমাদের ফাইনান্সিয়াল অ্যাপ্রুভাল এল না, এই প্রশ্নটা আমি আপনাকেই করছি। এটা আমাদের কাছে খুব দুঃখজনক যে ১১-১২ সালের কেন্দ্রীয় বাজেটে ঘোষণা হয়ে যায়। আর আজকে আমরা এসে কথা বলছি ১৩-১৪-র আর্থিক বর্ষে। এখনও অবধি আমাদের কাছে কোনও ফাইনান্সিয়াল অ্যাপ্রুভাল আসেনি। আর সেটা আপনি বলেছেন যে ৫০/৫০, ৭৫/২৫, এটা আর একটা সময় কেন্দ্রীয় সরকার ৭৫/২৫ বলেও পরে আবার এই কান্দি মাস্টার প্ল্যানেরও তিনি চিঠি দিয়েছিলেন যে এখন থেকে সমস্ত প্রোগ্রাম ৫০/৫০ হবে। এটার কৃতিত্বের দাবিদার কেউ নন। যদি একজনই কৃতিত্বের দাবিদার হন, তিনি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

[11.10–11.20 a.m.]

যিনি চিঠি দিয়ে প্রধানমন্ত্রীকে জানিয়েছিলেন। আমরা গিয়ে ওনার চিঠি নিয়ে দরবার করেছিলাম এবং তখনই এই কান্দি মাস্টার প্ল্যানের ব্যাপারটা, তখন কেন্দ্রের যিনি মন্ত্রী ছিলেন, আজকে তিনি উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী হয়েছেন। তিনি তখন বলেছিলেন এটাকে আমি অন্তত ক্যাবিনেট থেকে যেভাবে হোক পাশ করিয়ে ৭৫-২৫ নিয়ে আসব। সেটা ৭৫-২৫ হয়েছে, সেই চিঠিটা আমরা পেয়েছি। কিন্তু এখনও অবধি দুর্ভাগ্যের বিষয় ফাইনান্সিয়াল যে অ্যাপ্রুভাল আমাদের পাওয়ার কথা, আজকের তারিখ অবধি, আজকের সকাল ১১.১০ মিনিট অবধি অর্থের সংস্থান করবেন বলে যে ক্লিয়ারেন্স চিঠি দেয়া, সেই চিঠি আমরা পাইনি। কিন্তু আমি জানিয়ে রাখি আপনাদের ২০১১-১২ সালে এই ঘোষণাটা হয়ে যাওয়ার পর রাজ্যের সেচ দপ্তর, আমাদের মা-মাটি-মানুষের সরকার কিন্তু অলরেডি ৪৬ কোটি টাকা টেন্ডার ডেকে বসে রয়েছে। আমরা কাজ করতে পারছি না শুধুমাত্র কেন্দ্রীয় আর্থিক অনুমোদনের অপেক্ষায়। এটা ঠিক একটা অনুমোদন দিয়েছেন এবং ছাড়পত্র দেওয়া হয়েছে, কিন্তু আর্থিক ক্লিয়ারেন্স যেটা, যেটা না হলে আমরা শুরু করতে পারি না, সেই চিঠিটা আজকের ডেট অবধি এসে পৌঁছায়নি। যদি আসে আমরা নিশ্চিত ভাবে যত তাড়াতাড়ি সম্ভব---কান্দি মাস্টার প্ল্যান আমাদের কাছে প্রায়োরিটি, কান্দি মাস্টার প্ল্যান যত তাড়াতাড়ি রূপায়ণ করার চেষ্টা করব।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন শান্তিপুরে মেথিরডাঙা থেকে শুরু করে বিস্তীর্ণ এলাকা একদম চাকদহের সাতাশচর পর্যন্ত গঙ্গার যে ভাঙন, এই ভাঙন প্রতিরোধে কোনো পরিকল্পনা ইতিমধ্যে নেওয়া হয়েছে কি না জানাবেন কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : আপনার অলরেডি একটা প্রপোজাল আমাদের কাছে রয়েছে।

অলরেডি এটা নিয়ে আমরা লিখেছি, আমাদের এস্টিমেট রেডি হয়েছে। সান্ডালচরের যে কথাটা বললেন, অলরেডি আমাদের কিছু কাজ শুরু হয়েছে। আগামী দিনে বর্ষার আগে আমরা কিছু কাজ কমপ্লিট করার চেষ্টা করছি। বাদবাকি জায়গার কাজ আগামী অর্থ বর্ষে ধরা হবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মালদহ জেলার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত মেহাহাট সংলগ্ন ফুলহার নদীর যে ভাঙন, ফুলহার নদীর ভাঙনের ফলে মেহাহাটের বাঁধটা যদি এখন সংস্কার না করা হয়, এর আগে কিছু উদ্যোগ নিয়েছেন। এখন সমস্ত কাজ বন্ধ হয়ে পড়ে আছে। ওখানকার ইঞ্জিনিয়াররা আমাকে বলেছেন অবিলম্বে যদি সেখানকার বাঁধের কাজের সংস্কার না করা হয় তাহলে বাঁধটা এবার ভেঙে যাবে। তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন একটু দয়া করে জানাবেন। পাশাপাশি ভালুকাতেও একই সমস্যা।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তের জানাই আপনি জানেন অলরেডি আমি সবাইকে নিয়ে মেহাহাটের যে জায়গাটার কথা বলছেন আমি নিজে পরিদর্শনে গিয়েছিলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেই পরিদর্শনে সেদিন কিন্তু আপনি সামনে ছিলেন না, আজকে প্রশ্নটা করছেন। যাইহোক আপনার প্রশ্নের উত্তরে জানাই আমি অলরেডি মেহাহাটের এই জায়গাটা নিয়ে আমরা যথেষ্ট তৎপর। আমাদের কাজ আপনি দেখেছেন, বিগত দিনেও শুরু হয়েছে। আমরা পরিদর্শন করে আসার পর সঙ্গে সঙ্গে আমাদের বিভাগীয় ইঞ্জিনিয়ারদের বলে দিয়েছিলাম কাজ টেক-আপ করতে। অলরেডি কাজ হচ্ছে। আগামী বর্ষার মধ্যে যাতে ফুলহার এবং ভুতনী, যে জায়গাটা আপনি বললেন নিশ্চিতভাবে ওটা আমরা—আমার কাছে এগজাক্ট ফিগারটা নেই কত টাকা। অলরেডি ওটা স্যাংসান করে দেওয়া হয়েছে। আগামী দিনে তার কাজ শুরু হবে।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন ২০১০ সালে কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রক তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষিত করার পরে শর্তসাপেক্ষে ফেজ ওয়ানের স্টেজ ওয়ান রূপায়িত করবার জন্যে ১৬৫০ কোটি টাকা মঞ্জুর করে এবং একটা লক্ষ্যমাত্রা ধার্য করে যে ২০১৫ ভেতরে সাড়ে তিন লক্ষ হেক্টর জমিতে জল পৌঁছতে হবে। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, তিনি কি আদৌ বিশ্বাস করেন নির্দিষ্ট সময়সীমার ভেতরে এই লক্ষ্যমাত্রায় পৌঁছনো যাবে এবং মঞ্জুরিকৃত অর্থ সম্পূর্ণ ব্যয় করা সম্ভব হবে ?

শ্রী রাজীব ব্যানার্জী : এটা ঠিকই যে, তিস্তা প্রকল্পের কাজ শুরু হয়েছে ১৯৭৮ সালে বিগত বামফ্রন্টের সময় থেকে এবং ২০১০-১১ পর্যন্ত তারা সেই ভাবে প্রকল্পটির রূপ দিতে পারেননি, আর তিস্তা প্রকল্প নিয়ে বিগত সরকারের চরম ব্যর্থতা তো আছেই। যে লক্ষ্যমাত্রা ছিল, ইতিমধ্যেই আমরা বোরো চাষে হাইয়েস্ট রেকর্ড করেছি, ১ লক্ষ ১০ হাজার ৭৪০ একর জমিতে চাষের জল দিয়েছি। এখনও পর্যন্ত ৬৭.৫ কিলোমিটার, অর্থাৎ

নাগরডাঙ্গা, টাঙন অবধি যত দ্রুত সম্ভব চেষ্টা করছি কাজটা কমপ্লিট করতে। ওটা কমপ্লিট করে আরও ১ লক্ষ একর জায়গা আমরা নতুন করে সেচ সেবিত করতে পারব। তারপর মালদা পর্যন্ত গেলে, যে টার্গেটের কথা আপনি বললেন, সেটা হাইয়েস্ট টার্গেট। সুতরাং আমার মনে হয় আগে আমরা ধাপে ধাপে যাই। ইতিমধ্যে আমরা ৬৭.৫ কিলোমিটার চেনেজ পর্যন্ত টার্গেট নিয়েছি। সেই টার্গেটটা কমপ্লিট করলে—১ লক্ষ ১০ হেক্টর অলরেডি হয়েইছে—হাইয়েস্ট এবারে আমরা রিচ করেছি। আরও ১ লক্ষ রিচ করতে পারব। তারপর নেক্সট ফেজে আমরা ধরে রেখেছি মালদা।

শ্রী তপন চ্যাটার্জী : স্যার, আমার পূর্বস্থলী উত্তর বিধানসভার একদিকে ভাগীরথী নদী আর একদিকে খড়ি নদী। গঙ্গার ভয়ঙ্কর ভাঙনের ফলে ঝাউডাঙা, কুটুরিয়া, তামাঘাটা, পাটুলি, যজ্ঞেশ্বরপুর ন'পাড়া ইত্যাদি গ্রাম ভয়ানক বিপদের সম্মুখীন। এই সমস্ত জায়গায় গঙ্গার ভাঙন রোধ করতে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

শ্রী রাজীব ব্যানার্জী : আপনার প্রপোজাল অনুযায়ী ইতিমধ্যেই কিছু কাজ সেখানে টেক আপ করা হয়েছে। বাদবাকি যে কাজগুলো আছে তার জন্য আমরা কয়েকটা জায়গায় এস্টিমেট তৈরি করেছি। কিছু কিছু জায়গায় প্রবল ভাঙন হচ্ছে, সেখানে বর্ষার আগে কয়েকটা জায়গা টেক আপ করব। কোন কোন জায়গায় টেক আপ করেছি যদি জানতে চান তাহলে লিখিতভাবে চাইলে দিয়ে দিতে পারি।

শ্রী গোকুল চন্দ্র রায় : জমি জটের জন্য করণদিঘী এবং গোয়ালপুকুর ব্লক তিস্তা প্রকল্পের কাজ থেকে বঞ্চিত আছে এখনও পর্যন্ত। করণদিঘী ব্লকে ক্যানেলের কাজ জমি জটের জন্য একেবারেই বন্ধ। জমি জটের জন্য যে কাজ বন্ধ আছে, এই ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিয়েছেন অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : ১৯৭৮ সালে আপনারা এটা শুরু করেছিলেন, ২০১১ পর্যন্ত ছিলেন, এত বছর ধরে সেখানে কি করেছেন ? এত বছর ধরে শুনছি একটাই প্রকল্প—তিস্তা প্রকল্প, কিন্তু কাজ কিছুই হয়নি। ইতিমধ্যে আমরা ৬৭.৫, অর্থাৎ দিনাজপুর পর্যন্ত টার্গেট নিয়েছি। কাজটা দ্রুত সম্পন্ন করব। আমি গতকাল উত্তরবঙ্গে ছিলাম, সেখানে জমি জট আছে, গতকাল মিটিং হয়েছে, একটা জমিজট ইতিমধ্যেই ক্লিয়ার হয়েছে, একটা কবরস্থানকে স্থানান্তরিত করার প্রক্রিয়া। সুতরাং অতি দ্রুত যাতে আমরা দিনাজপুরে ৬৭.৫ চেনেজ অবধি জল দিতে পারি, আমরা বদ্ধপরিকর, খুব তাড়াতাড়ি সেই ব্যবস্থা নিচ্ছি।

দুঃস্থ মৎস্যচাষীদের উন্নয়নে গৃহীত প্রকল্প

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী কল্লোল খাঁ :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বয়স্ক ও অক্ষম মৎস্যচাষীদের জন্য 'ওল্ড এজ পেনশন' বা এইরূপ কোনো প্রকল্প চালু আছে কি ; এবং

(খ) থাকলে, ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত মোট কত জন মৎস্যচাষীদের ওই প্রকল্পে পেনশন দেওয়া হয়েছে ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : (ক) হ্যাঁ।

(খ) ৩১শে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত মোট ৭৪৬৫ জন মৎস্যচাষীকে ওই প্রকল্পে পেনশন দেওয়া হয়েছে।

[11.20–11.30 a.m.]

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে সাত হাজার চারশো পঁয়ষট্টি জন মৎস্যজীবী পেনশনভুক্ত হয়েছেন। আগামী দিনে আপনার মৎস্যজীবীদের পেনশনের কোনো টার্গেট আপনার দপ্তর থেকে নেওয়া হয়েছে কি না জানাবেন ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের মোট সাত হাজার পাঁচশো জনকে পেনশন দেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের ডিরেক্টর কলকাতায় এসেছিলেন। ওনার সঙ্গে আলোচনা করেছি যাতে সংখ্যাটা ডাবল করা হয়, এটা আমরা বলেছি। ওঁরা ইনিশিয়াল স্টেজে রাজি হয়েছেন। আমরা চেষ্টা করছি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে যাতে এটা আরও বাড়ানো যায়।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে সমুদ্রকূলবর্তী এলাকায় বা সুন্দরবন এলাকায় যে সমস্ত মৎস্যজীবী জীবন হাতে করে মাছ ধরতে যান তাদের দুর্ঘটনাজনিত ক্ষেত্রে মৃত্যু বা অক্ষম হলে তাদের পরিবারের কোনো পেনশন বা সুরক্ষার ব্যবস্থা আছে কি না ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : গ্রুপ ইনসিওরেন্সের মাধ্যমে তাদের ইনসিওরেন্স করা আছে। বছরে দশ লক্ষ টাকা আমরা প্রিমিয়াম দিই এবং যারা মারা যায় তাদের ডেথ সার্টিফিকেট দেখালে ইনসিওরেন্স কোম্পানীর পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ইনসিওরেন্স আছে। কিন্তু একটা মুশকিল হচ্ছে যাদের বডি পাওয়া যায় না সেই ব্যাপারে আমরা নতুন করে চিন্তা-ভাবনা করছি, যাদের বডি নিখোঁজ থাকে তাদের যদি কিছু দেওয়া যায় সেই ব্যাপারে আমরা চিন্তা-ভাবনা করছি। আশা করছি খুব শীঘ্রই আমরা এটা চালু করব।

শ্রীমতী অপর্ণা সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, রাজ্যের চারাপোনা তৈরির কোনো পরিকল্পনা মাননীয় মন্ত্রী নিয়েছেন কি না, যদি নিয়ে থাকেন তাহলে তার স্থানগুলো উল্লেখ করবেন এবং এর জন্য মৎস্যচাষীদের কোনও ঋণ বা অনুদানের ব্যবস্থা হয়েছে কি না ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : মাননীয় সদস্যার প্রশ্নের উত্তরে জানাই, যদিও প্রশ্নটা এর সঙ্গে সম্পর্কিত নয় তবুও জানাই আমরা চারাপোনার জন্য ব্যবস্থা নিচ্ছি এবং আমরা প্রতি ব্লকে একটা করে হ্যাচারি করার চেষ্টা করছি। যারা এই হ্যাচারি করবেন তাদের সাবসিডাইজড বিদ্যুৎ এবং কিছুটা আর্থিক সাহায্য করার চেষ্টা করছি।

শ্রী অসিত মাল : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রীমহাশয় জানিয়েছেন যে রাজ্যে বয়স্ক ও অক্ষম মৎস্যচাষীদের জন্য ওল্ডেজ পেনশন কত দিয়েছেন। তাঁকে ধন্যবাদ জানাই। আমার জানার বিষয় যে বয়স্কের ক্ষেত্রে বয়সের কোনও পরিসীমা আছে কিনা এবং অক্ষম চাষীদের জন্য যে ওল্ডেজ পেনশন দেওয়া হচ্ছে, অক্ষম বলতে তো মেডিক্যালি আনফিট বা প্রতিবন্ধী হয়ে গেছে কিছু এইটা যদি ক্লিয়ার করে বলেন মাননীয় মন্ত্রী এবং এই যে পেনশনটা পাবে, লিস্ট করবে এর পদ্ধতিটা সম্পর্কে যদি কাইন্ডলি বলেন।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : মাননীয় বিধায়ককে জানাই যে আপনি যে প্রশ্ন করেছেন ঠিকই, আমরা এটা জেলাতে ডি.এম বা আমাদের যে এ ডি এফ আছে এবং মৎস্য কর্মাধ্যক্ষ জেলাপরিষদ এই তিনজনের কমিটি আছে। এই তিনজনের কমিটির কাছে দরখাস্ত করলে এই তিনজন কমিটি এনকোয়ারি করে দেখে তার পরে নাম পাঠালে আমরা তাদের পেনশন দিই।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমরা জেনেছি যে মৎস্য দপ্তর থেকে রাজ্যে বহু মৎস্যজীবীকে গীতাঞ্জলি প্রকল্পে গৃহ নির্মাণের জন্য টাকা দেওয়া হচ্ছে। আপনি অনুগ্রহ করেন জানাবেন কি যে সারা রাজ্যে কত মৎস্যজীবীকে এই গীতাঞ্জলি প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে এবং আগামীদিনে টার্গেট কত আছে ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : স্যার, গীতাঞ্জলি স্কিমটা এর মধ্যে নয়। গীতাঞ্জলি আমরা দিই ঠিকই কিন্তু আমাদের যে আবাসন দপ্তর আছেন, তারাই স্যাংশন করেন। এই বছর আমাদের যেমন চার হাজার পাঁচশো বাষট্টিটা স্যাংশন করেছেন এবং আমরা সেইভাবেই সারা জেলায় ভাগ করে দিয়েছি এবং জেলাতে এম এল এ, বি ডি ও, এস ডি ও এই তিনজনের কমিটি আছে। তাঁরা যেগুলি করে দেয়, সেগুলিকেই আমরা আবাসন দপ্তরে পাঠিয়ে দিই।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—মাননীয় মন্ত্রী একটা তথ্য দিয়েছেন দু হাজার তেরো পর্যন্ত সাত হাজার চারশো পঁয়ষট্টি জন পেনশন পাচ্ছেন। এই তথ্যটা বিগতদিনের তথ্য। বর্তমান সরকার এই আড়াই বছরে কতজন মৎস্যজীবীকে পেনশন দেওয়ার ব্যবস্থা করেছেন, এই ব্যাপারে উত্তর ২৪ পরগনা জেলার তথ্যটা যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : এই তথ্যটা আমাদের তেরো সাল পর্যন্ত। আমাদের মোট কোটা আছে সাত হাজার পাঁচশো জন। এই সাত হাজার পাঁচশো জনের কেন্দ্রীয় সরকারের স্যাংশন আছে। সেই টাকাটা দিলে আমরা সাত হাজার পাঁচশো জনকে দিই। এবং যে কোটাটা হয়ে আছে, এই ব্যাপারে আপনি ঠিকই বলেছেন সেইভাবেই হচ্ছে। নতুন করে কিছু হয়নি। এবং

কিন্তু লোক মারা গেছে বলে সাত হাজার চারশো পঁয়ষট্টি, সেই লোকগুলি যারা মারা গেছে, সেই জেলাগুলি থেকে বাদ দিলে আবার আমরা নাম পাঠালে আমরা সেগুলিকে দিচ্ছি।

শ্রী কে পি সিং দেও : আমার অতিরিক্ত প্রশ্ন—যারা অক্ষম মৎস্যজীবী আছেন তাদের জন্য চিকিৎসা ব্যবস্থা বা হেল্‌থ কার্ডের কোনো ব্যবস্থা আছে কি ? দ্বিতীয়—যদি কেউ মারা যায় অঘটনে তাহলে কত সময় লাগবে যে মারা গেছে, বা মারা যায়নি তার ব্যাপারে ব্যবস্থা নিতে এটা যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : না সেই রকম কোনো স্কিম আমাদের নেই। আমরা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে বলতে চাইছি, যেহেতু এটা কেন্দ্রীয় সরকারের কৃষি দপ্তরের অধীনে, সেইজন্য আমাদের কৃষিজীবীদের সঙ্গে আমাদের সমান করা হোক। এই দাবি আমরা রেখেছি এবং এই নিয়েও আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কৃষিমন্ত্রীর সঙ্গে দফায় দফায় কথা বলেছেন। চিঠি চাপাটিও করেছেন। আশা রাখছি ভবিষ্যতে এটা হবে। এই মুহূর্তে এই রকম কোনো পরিকল্পনা আমাদের নেই।

শ্রী ধীরেন বাগদী : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—এখানে মৎস্য চাষীদের ওল্ডেজ পেনশনের প্রশ্নটা আছে। এখন মৎস্যজীবী যারা বংশানুক্রমে মাছ ধরেন, বিক্রি করেন, এই মৎস্যজীবী আর মৎস্যচাষী এদের মধ্যে প্রকৃতপক্ষে কাদের এই পেনশনের আওতায় এনেছেন। মৎস্যচাষী যারা লোন পায়, তারা ভালোভাবে চাষ করতে পারেন। তাদের আর্থিক অবস্থা এক রকম। আর যারা মৎস্যজীবী প্রকৃতই মাছ ধরামারার সঙ্গে যুক্ত তাদের অর্থনৈতিক অবস্থা সত্যিই খারাপ। তাদের কথা কি এখানে আপনি বলছেন, অথবা তাদের পেনশনের কথাটাই কি এখানে আছে ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : স্যার, আমি এই ব্যাপারে বলি মৎস্যচাষী বা আপনি যেটা মৎস্যজীবী বলছেন জিনিসটা একই এবং যারা মাছচাষের সঙ্গে যুক্ত বা যারা জাল নিয়ে মাছ ধরেন বা যারা সমুদ্রে মাছ ধরতে যান, তাদেরই বোঝাচ্ছে এবং আমরা তাদেরই বোঝাই। হয়তো ইনার মিনিং আলাদা হতে পারে। কিন্তু আমরা এটাকে বোঝাই এবং তারাই যারা অক্ষম হয়ে যান, তাদেরই আমরা দেওয়ার চেষ্টা করি। এবং একটা জিনিস পরিষ্কার, দীর্ঘদিন এই যে সাত হাজার পাঁচশো জন যে পেনশন ফিক্সড হয়েছে, কেন্দ্রীয় সরকার দিচ্ছে, এটা আজকের নয়। এই অনেকদিন ধরেই। কিন্তু আপনাদের সরকার যখন ছিলেন তখন এটা বাড়াবার কোনও চেষ্টা হয়নি। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন। আমরাও চিঠি চাপাটি করছি এবং কেন্দ্রীয় সরকারের ডিরেক্টর তিনমাস আগে এসেছিলেন। তার সঙ্গে আমরা কথা বলেছি এবং তাকে আমরা প্রাইমারি লেভেলে রাজি করিয়েছি। যেহেতু পশ্চিমবাংলাতে মাছচাষের সঙ্গে অনেক লোক যুক্ত আছেন এবং এই সংখ্যাটা অনেক বেশী। তাদের রাজী করাতে পেরেছি। আশা রাখছি এটা শীঘ্র আমরা বাড়াতে পারব।

[11.30–11.40 a.m.]

শ্রী দীপক হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মৎস্য চাষীদের মধ্যে যারা অক্ষম বা বয়স্ক, তারা একটা পেনশন পান। পরবর্তী সময়ে তিনি মারা গেলে, তার স্ত্রীও পান। আমরা পঞ্চায়েত সমিতি থেকে সেই জায়গাগুলোতে করে দেওয়ার চেষ্টা করি, তিনি পান। কিন্তু এমন কি কোনো আইন আছে যে, ধরুন মৎস্যজীবী মারা যাওয়ার পরে, তার স্ত্রী মারা যাওয়ার পরে তার যদি কোনো অক্ষম মহিলা থাকে, কিংবা প্রতিবন্ধী বা বয়স্কা মহিলা থাকে—তিনি কি ওই পেনশনটা পেতে পারেন ? এমন কি কোনো আইন আছে ? যদি জানান তাহলে খুশি হব।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : না এই রকম কোনো আইন নেই। আমরাও বুঝছি, আপনারাও বুঝছেন যে, এমনিতেই সংখ্যাটা খুবই কম এবং সেইজন্য যারা মৎস্যচাষের সঙ্গে যুক্ত, তারা অক্ষম হয়ে গেলে তাদের মধ্যেই ধরা হচ্ছে।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, মাছ ধরার জাল, পোনা বাবদ ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটিদের সরকার একটা আর্থিক সাহায্য করে থাকে। এই অর্থ বৎসরে এই ধরনের আর্থিক সহযোগিতা করার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা, যদি থাকে তাহলে তার টার্গেট কি, অর্থের পরিমাণ কত ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : এটা এই প্রশ্নের সঙ্গে যুক্ত নয়। আপনি যদি স্পেসিফিক প্রশ্ন করেন, তাহলে আমরা লিখিত উত্তর আপনাকে দিয়ে দেব।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, মৎস্য চাষীদের যে পেনশন দেওয়া হয়, এই পেনশনের পরিমাণ বাড়াবার কোনো পরিকল্পনা আমাদের সরকারের তরফ থেকে আছে কিনা, দয়া করে যদি জানান।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : এই মুহূর্তে হাজার টাকা করে পেনশন দেওয়া হয় এবং এটা পুরোটাই কেন্দ্রীয় সরকারের টাকা। আমরা ওখানে লেখালেখি করেছি যাতে এটা বাড়ানো যায় এবং এর সংখ্যাটাও যাতে বাড়ানো যায়।

শ্রী এস. এম. সাদি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প এবং এটা আগে থেকেই চলছে, নতুন করে কিছু হয়নি। আমার মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, যারা মৎস্যজীবী, বিশেষ করে নদীতে যারা মাছ ধরে, চটজাল ব্যবহার করার ফলে চারাপোনাগুলো নষ্ট হয়ে যাচ্ছে। এই চটজালের যে ব্যবহার, এটা নিষিদ্ধ আছে। এটাকে কিভাবে সরকার দেখছে ?

শ্রী চন্দ্রনাথ সিন্হা : আমরা এটাকে অ্যাওয়ারনেস করছি। গঙ্গার ধারে ধারে যে এলাকাগুলো আছে, সেখানে আমরা পঞ্চায়েতের সঙ্গে বসে ওই এলাকার যারা মাছ চাষের সঙ্গে যুক্ত, তাদের অ্যাওয়ারনেসের মাধ্যমে চেষ্টা করছি এবং ভবিষ্যতে আইন করে এটাকে কড়াকড়িভাবে ধরতে হবে। নাহলে আপনি ঠিকই বলেছেন যে, চটজাল ব্যবহার করার ফলে একটা চারাপোনা ধরতে গিয়ে অন্যগুলো নষ্ট হয়ে যাচ্ছে এবং আস্তে আস্তে নদীগুলোতে মাছও কমে যাচ্ছে। সেইসব নিয়ে আমাদের চিন্তা-ভাবনা চলছে।

জঙ্গলমহল ইরিগেশন ক্যানেল

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫) শ্রী বাসুদেব মেটে : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাঁকসা, বুদবুদ ও আউসগ্রাম এই ৩টি থানার অন্তর্ভুক্ত জঙ্গলমহল এলাকার উপর দিয়ে জঙ্গলমহল ইরিগেশন ক্যানেলের খনন কার্য ও ব্রীজ / কালভার্টটি তৈরির কাজ কোন্ মৌজায় এবং কত চেন পর্যন্ত সম্পূর্ণ হয়েছে :

(খ) উক্ত ক্যানেলটির বাকী খননকার্য সম্পূর্ণভাবে শেষ করতে আর কত দিন সময় লাগবে ; এবং

(গ) আগামী আমন চাষে কৃষকদের কত চেন পর্যন্ত জল দেওয়া হবে বলে আশা করা যায় ?

শ্রী রাজীব ব্যানার্জী : (ক) কাঁকসা, বুদবুদ ও আউসগ্রাম এই তিনটি থানার অন্তর্ভুক্ত জঙ্গলমহল মেন ক্যানালটি (সেচ খাল) অবস্থিত। ক্যানালটির খননকার্য আউসগ্রাম-২ ব্লকের ৮৬৫.০০ চেন পর্যন্ত (প্রতাপপুর অঞ্চল) সম্পূর্ণরূপে শেষ হইয়াছে এবং ৯৬২.০০ চেন পর্যন্ত (আলেফগড় মৌজা) পর্যন্ত আংশিক খনন হইয়াছে। এবং মোট ২৮টি কালভার্ট এবং ব্রীজ তৈরি হইয়াছে। যাহা দেবশালা, রানিগঞ্জ, প্রতাপপুর প্রভৃতি মৌজায় অবস্থিত।

(খ) এই ক্যানালটির ৯৬২.০০ চেন হইতে ১০৮৫.০০ চেন পর্যন্ত বন দপ্তরের অধীনে। সেইজন্য উক্ত ক্যানালটির বাকি অংশের খননকার্য শেষ করিবার তারিখ বন দপ্তর থেকে জমি হস্তান্তরের ছাড়পত্র পাইবার উপর নির্ভর করিতেছে।

(গ) আগামী আমন চাষে আউসগ্রাম-২ ব্লকের প্রতাপপুর অঞ্চল (চেন ৮২৩.০০) পর্যন্ত জল দেওয়া যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

শ্রী বাসুদেব মেটে : স্যার, আপনাকে আমার অতিরিক্ত প্রশ্ন—এই স্কীমটি হচ্ছে ১৯৭১ সালের। বিগত বামফ্রন্ট সরকারের আমলে এই স্কীমটির খননকার্য আরম্ভ হয়। বিগত বামফ্রন্ট সরকার চলে যাওয়ার সময় পর্যন্ত এই ক্যানেলটির উপর কত টাকা খরচ হয়েছিল আর এই বর্তমান মা-মাটি-মানুষের সরকার আসার পর এই ক্যানেলটির উপর কত টাকা অনুমোদন করা হয়েছে সেটা যদি অনুগ্রহ করে জানান তাহলে আমার বুঝতে সুবিধা হবে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, উনি যখন যেটা বলেছেন ১৯৭১ সাল থেকে শুরু হয়েছিল অর্থাৎ আপনাদের সময়ে কি অবস্থা সেটা আপনারা নিজেরাই প্রকাশ করে দিলেন। আমরা মা-মাটি-মানুষের সরকার আসার পরে এই যে চ্যানেলের কাজটা আমি বললাম আপনাকে অলরেডি আপনার প্রশ্নের উত্তরে রয়েছে যে, সব ৮৬৫ চেন অবধি আমরা কমপ্লিট করেছি। এটা মা-মাটি-মানুষের সরকার করেছে। সব টোটাল আর্থিক মূল্য হচ্ছে ৮৭ কোটি টাকা। সুতরাং এখনও অবধি সেটুকু কাজ বাকি আছে সেটা হচ্ছে, বন দপ্তরের অধীনে। বিগত দিনে আপনারাও বন দপ্তরের সঙ্গে সেইভাবে যোগাযোগ করে করাতে পারেননি। হোয়্যার অ্যাস আমরা ক্ষমতায় আসার পরে বন দপ্তরের সঙ্গে হস্তান্তরের কাজটার কথা চলছে এবং অনেক দূর এগিয়েছে। আমরা খুব আশা করছি যত দ্রুত সম্ভব এই কাজটা কমপ্লিট করব।

শ্রী বাসুদেব মেটে : আমার শেষ প্রশ্ন, আমাদের কাঁকশা, বুদবুদ, আউসগ্রাম এলাকার তিনটি থানার উপর দিকে যে ক্যানেলটির খননকার্য চলছে, একদিকে অজয় নদীর অববাহিকা অপরদিকে দামোদর নদীর অববাহিকা। তার মাঝখানে উঁচু যে জায়গাটা পুরো তিনটি থানার জঙ্গলমহল এলাকা। এবং ওই ভূপ্রকৃতি এত আপ-ডাউন যার ফলে দুই নদীর দিকে জল গড়িয়ে চলে যায়। ওই দুই ধারে আরও ডি.ভি.সি. ক্যানেল গেছে। এই এলাকাগুলো সেচ ক্যানেল এলাকা বলে ঘোষিত হয়েছিল কিন্তু ক্যানেলে জল পায় না। এই মেন ইরিগেশান ক্যানেলটি কাটা হলে এর উপর আরও কতগুলো শাখা ক্যানেল কাটার পরিকল্পনা রয়েছে সেটা যদি অনুগ্রহপূর্বক জানান তাহলে আমার সুবিধা হবে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের উত্তরে বলি যে, আপনারা জানেন জঙ্গলমহল নিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী খুবই চেষ্টা করছেন যাতে প্রতিনিয়ত জঙ্গলমহলের মানুষদের রিলিফ দেওয়া যায়। এটাও তার অঙ্গ। আপনার প্রশ্নের উত্তরে জানাই, সাত হাজার একর জমিতে অলরেডি সেচের জল দিচ্ছি। সুতরাং সেচের জল ওখানে পাচ্ছে এবং এটা কমপ্লিট হলে আমরা দশ হাজার একর জমিতে সেচের জল আরও দিতে পারব। আগামীদিনে বন দপ্তরের সঙ্গে যতক্ষণ না আমাদের হস্তান্তর প্রক্রিয়াটা চূড়ান্ত হচ্ছে আমরা সেইভাবে কমপ্লিট বলতে পারব না ক'টা শাখা ক্যানেল কাটা হবে। একবার চূড়ান্ত রূপ পেলে আমরা এটাকে কমপ্লিট করে এবং অফিসিয়ালি আপনাকে এটা জানিয়ে দেব।

শ্রী অশোক সাউ : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে, মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন—চন্দননগর বিধানসভার পূর্বদিক দিয়ে গঙ্গা নদী প্রবাহিত। চন্দননগরের বহু অংশে গঙ্গা নদীর ভাঙন ধরেছে। সেই ভাঙন রোধের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? বিশেষ করে মণ্ডলপাড়া এবং হাটখোলা এলাকায়। সেটা যদি দয়া করে একটু জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, বিগত দিনে যে ভাঙন হয়েছিল সেচ দপ্তর থেকে এবং আমি নিজে, আপনারাও ছিলেন পরিদর্শন করেছিলাম। টেম্পোরারি মেজারে কয়েকটা কাজ অলরেডি আমাদের টেকআপ করা হয়েছে। দুই/একটা

জায়গায় স্থায়ী বাঁধ মেরামতির জন্য যেটুকু করা যায় তার জন্য আমাদের এস্টিমেট হয়েছে। আগামীদিনে আমরা সেই কাজটা করব। আমি ডিটেল পরে আপনাকে জানিয়ে দেব।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী ভালো করেই জানেন আমাদের জঙ্গলমহলে পুরুলিয়ার বাগমুন্ডি এলাকায় সেচের ব্যবস্থার যা পরিস্থিতি সেখানে বড় ড্যাম টাইপের সেচ না করলে পুরুলিয়াতে হয় না। ওখানে মাটির যে নেচার সেই নেচার অনুযায়ী। ইতিমধ্যে মানসবাবু ইরিগেশান মিনিস্টার হওয়ার পরে সেখানে চারটি ড্যামের ব্যাপারে আমি বলেছিলাম এবং তার সমস্ত সার্ভে বা এস্টিমেট চলছিল। পরবর্তীকালে রাজীববাবু আসার পর তাকেও আমি বলেছিলাম এবং তিনিও যথেষ্ট গুরুত্ব দিয়ে সেই কাজগুলো দেখার কথা বলেছিলেন।

[11.40–11.50 a.m.]

আমি বিশেষ করে স্যার বলতে চাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে, এই কাররু ড্যাম যেটা, সেটা আপনি গুরুত্ব দিয়েছেন ঠিকই কিন্তু ওখানে জমিটা অলরেডি একোয়্যার করা হয়েছিল অনেকদিন আগেই। এদের আমলে সে বিষয়ে কিছুই হয়নি। পরবর্তীকালে এই সরকার আসার পরে কাজটা কিছুটা এগিয়েছিল। এখন সেই ব্যাপারটা অনেকদিন ধরেই একটু দেরি হচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী যদি একটু তৎপর হন এবং এটা কি পর্যায়ে আছে এটা যদি দয়া করে জানান তাহলে কৃতজ্ঞ থাকব।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, উনি ঠিকই বলেছেন যে, কাররু ড্যামের ব্যাপারটাকে অলরেডি আমরা কিন্তু ভীষণভাবে প্রাওরিটি দিয়েছি। যেখানে যেখানে জট রয়েছে, আপনি নিজেও জানেন যে, আমরা নিজেরা উদ্যোগ নিয়ে বহু জায়গায় মিটিং করেছি এবং এটা আমাদের কাছে প্রাওরিটি, অতি দ্রুত আমরা শেষ করব। একজাক্ট স্ট্যাটাসটা এই মুহূর্তে আমার কাছে ডিটেইলটা নেই। আমি আপনাকে অফিসিয়ালি পরে জানিয়ে দেব। আপনার জ্ঞাতার্থে বলি, পুরুলিয়ার মানুষদের জন্য আবার বলি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী বার বার জঙ্গলমহলের কথা বলেন এবং আমরা অলরেডি ১৪টা ছোটো ছোটো পুরুলিয়ার আরো চেক ড্যাম করছি। যেটা এলাকার মানুষদের সহায়তা করবে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, ইরিগেশান ডিপার্টমেন্টটাতো আমরা বর্ষাকাল ছাড়া জানতাম না যে, কে আছে ওই দপ্তরে। আপাতত আমরা জানি মন্ত্রী সারা বছর কাজ করেন। তার একটা মন্ত্রী আছে। অতএব আমি প্রথমেই মন্ত্রীকে ধন্যবাদ জানাই এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলি যে, আমার বিধানসভা চুঁচুড়ার পোলবা-দাশপুর ব্লকের অন্তর্গত কুন্তি নদীর উপর কোনো ব্রীজ উনি করছেন কিনা এবং যদি করে থাকেন তার খরচ কত ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, এটাতো ঠিকই যে, বিগত সরকারের আমলে সেচ দপ্তর মানুষ ভুলতে বসেছিল। সেচ

দপ্তরের কি ভূমিকা মানুষ জানত না। শুধু মনে হত বোধহয়, বর্ষার সময়ে ক'টা বোল্ডার ফেলাই তাদের কাজ ছিল। আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পরে মানুষ বুঝছে সেচ দপ্তর মানুষের জীবন জীবিকার উপরে নির্ভরশীল এবং বিরাট ভূমিকা মাননীয়া মুখ্যমন্ত্রীর আমলে সেচ দপ্তর পালন করছে। আপনার প্রশ্নের উত্তরে জানাই কুন্তি নদীর উপরে একটা ব্রীজ আমাদের অনুমোদিত হয়েছে। তার কাজ অলরেডি শুরু হওয়ার পথে। এর অনুমোদিত ব্যয়টা এই মুহূর্তে আমার কাছে নেই, আমি আপনাকে জানিয়ে দেব।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ এবং জলপথ মন্ত্রীকে আমার একটি বিশেষ প্রশ্ন। আপনার কাগজে দেখলাম, কয়েকদিন আগে আপনি বন্যার জন্য কিছু প্যাকেজ ঘোষণা করছেন বিভিন্ন জায়গায়। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, সব থেকে বন্যা প্লাবিত এলাকা আমাদের এই পশ্চিমবাংলার মধ্যে দক্ষিণবঙ্গের পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এবং হুগলীর একটা অংশ। এই জায়গাগুলোর উপর দিয়ে যে নদীগুলো বয়ে গেছে আপনার দ্বারকেশ্বর নদী, দামোদর নদী যেগুলো বয়ে গেছে তার পাড়গুলি ভগ্ন অবস্থা। সেই পাড়গুলির রিপেয়ারের কোনো ব্যবস্থা হয়নি। আমার বক্তব্য হচ্ছে, ১০০ দিনের কাজেই হোক আর আপনার দপ্তর থেকেই হোক সেই বাঁধগুলো রিপেয়ার করার জন্য কোনো ব্যবস্থা আছে কিনা। যদি ব্যবস্থা না হয় তাহলে ওই গ্রামগুলি বন্যার জলে ভাসবে, এক। দ্বিতীয় নম্বর হল যে, ঘাটাল মাস্টার প্ল্যানের যদি কার্যকারিতা হয় তাহলে আপনার এই দুটো ঘাটাল সাব-ডিভিশান এবং আরামবাগ সাব-ডিভিশান তার সঙ্গে মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকা প্রায় বলা যেতে পারে ১০-১৫ থানা এলাকা তারা উপকৃত হবে। সেই ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ কতদূর ? যদি দয়া করে আপনি বলেন। ধন্যবাদ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, আপনি যেহেতু দুটো প্রশ্ন করেছেন উত্তরটাও আমার মনে হয় একটু বড় হবে এবং শুনলে আমার মনে ভালো হয়। প্রথমেই বলি যে, বিগত সরকারের আমলে যখন আপনারা ছিলেন, আপনারা কোথাও কোনো নদীবাঁধ দিয়েছেন বলে আমার জানা নেই। আমি অন্তত রেকর্ড থেকে সেইভাবে দেখিনি। কারণ একটা খতিয়ান আমি আপনাদের দিচ্ছি। যে খতিয়ানটা দিলেই আপনারা বুঝতে পারবেন যে কি হয়েছে। ২০০৬ থেকে ২০১১ যদি আমি অ্যাভারেজ ক্যাপিটাল এক্সপেন্ডিচার ধরি। অর্থাৎ যেখানে আপনারা বলছেন নদীবাঁধ ভাঙন বা ইত্যাদি কাজ করা। আপনাদের সময়ে ক্যাপিটাল এক্সপেন্ডিচার অ্যাভারেজ ছিল ২০০-২১৫ কোটির মধ্যে। আর আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে শুধু ক্যাপিটাল এক্সপেন্ডিচার আমাদের ২০১১-১২ সালে ২০০-২১৫-এর অ্যাভারেজটা ছাড়িয়ে গেছে, ৩২৪ কোটি, ২০১২-১৩-র ক্যাপিটাল এক্সপেন্ডিচার হয়েছে ৬০৫ কোটি। আর ২০১৩-১৪, এ বছরে আমরা এখনও শেষ করিনি, প্রজেক্টেড ধরছি, ৮০০ কোটি টাকা ছাড়িয়ে যাবে। এটাতেই প্রমাণ করে যে মা-মাটি-মানুষের সরকার কি রকম কাজ করছে আর আপনাদের বিগত ৩৪ বছরের সরকার কি করেছেন! আরো একটা কথা আপনাদের জ্ঞাতার্থে জানাই, যে বিগত সরকারের আমলে অ্যাভারেজে আপনারা নদীবাঁধ

ভাঙন যেটি আপনি খুব গুরুত্ব দিলেন, মানে আপনাদের সময়ে আপনারা কাজ করেননি, এখন চাইছেন যাতে গুরুত্ব দিয়ে আমরা কাজটা করি এবং আমরা কাজটা করছি খুব সিনসিয়ারলি এটাও আপনাদের জানিয়ে রাখি। আপনাদের সময়ে অ্যাভারেজে নদীবাঁধ ভাঙন আপনারা বিগত ২০০৬ থেকে যদি আমি ধরি লাস্ট ৫ বছরে, আপনাদের অ্যাভারেজ নদীবাঁধ কিমি. কোথাও ১০০ কিমি. ক্রস করেনি বছরে, আর আমি আপনাদের জানাচ্ছি আজকের ডেটে, আমরা ৫১৮ কিমি. নদীবাঁধ আমরা কমপ্লিট করেছি। ১০২ কি.মি.-এর কাজ অলরেডি চলছে এবং আগামীদিনে আমাদের আরো প্রপোজাল রয়েছে, আরো ২০০ কি.মি. নদীবাঁধ ধরার, কারণ সারা পশ্চিমবঙ্গ জুড়ে আপনারা জানেন যে ১০ হাজার ৫১০ কি.মি. নদীবাঁধ রয়েছে। এই ১০ হাজার ৫১০ কি.মি. নদীবাঁধ একদিনে রাতারাতি আমাদের কাছেও কোনও ম্যাজিক নেই, আমাদের কাছেও কোনও আলাউদ্দীনের আশ্চর্য প্রদীপ নেই যে একদিনে আমরা করে দেব, যা দীর্ঘ ৩৪ বছর ধরে অবহেলিত ছিল। সুতরাং এই ৩৪ বছরের অবহেলা কাটাতে গিয়ে এই দুই বছরে ৫১৮,১০২ এবং আগামী দিনে আরও ২০০ কি.মি., অর্থাৎ ৫০০, ৬০০, ৮০০ কি.মি. যে আমরা এই দুই বছরে টেক আপ করেছি, যা আপনারা ৬ বছরে ৬০০ কি.মি.ও করতে পারেননি। আমার মনে হয়, আমরা ধীরে ধীরে এগুলো করার চেষ্টা করছি এবং আপনার জ্ঞাতার্থে জানাই, আপনি বললেন, পূর্ব এবং পশ্চিম মেদিনীপুরের বিষয়ে। পূর্ব এবং পশ্চিম মেদিনীপুরে অলরেডি আমাদের ৪০টা প্রকল্প আমরা হাতে নিয়েছি, যার ১৭৪ এবং ১৮ অর্থাৎ ১৯২ কি.মি. নদীবাঁধ এই বছরে আমাদের কাজ চলছে এবং কাজ শেষ করবার জন্য আমরা বদ্ধপরিকর। এছাড়া বাঁকুড়া, বর্ধমান থেকে শুরু করে সমস্ত জায়গায় ধরে ধরে, আমরা নদীবাঁধ যেখানে যা প্রয়োজন, আমরা দেবার চেষ্টা করছি। কোথাও কোনওরকম ভাবে, মানুষ যাতে কোনও রকম বিপন্ন না হয়, তার জন্য আমরা চেষ্টা করছি। আর ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে আপনি বলেছেন, আমি তার আগেই আমাদের মাননীয় বিধায়ক রামেশ্বর বাবু যে প্রশ্ন করেছিলেন, আমি তার উত্তর দিয়েছি। ঘাটাল মাস্টার প্ল্যান আমাদের কাছে প্রায়োরিটি, আমরা করতে বদ্ধপরিকর এবং আমরা সেটা করব।

শ্রী শ্রীকান্ত মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন, আপনি জানেন, আমাদের কংসাবতী ক্যানেলের উপর মুকুটমণিপুর একটা বড় ড্যাম ছিল। বিগত সরকারের সময় সেই ড্যাম এবং সেই ক্যানেলটা ভরাট হয়ে গেছে। মানে, ওই জল আর আসছে না। আপনার কাছে জানতে চাই, এই কংসাবতী ক্যানেল, ড্যামের মাধ্যমে বাঁকুড়া এবং মেদিনীপুরের বৃহৎ অংশ জঙ্গলমহল এলাকায় সেচ হত। সেটা রি-এক্সকাভেশান করার কোনও উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, যে এটা আমি আজকে যেহেতু আমার কাছে আপনার এটা রিলেটেড প্রশ্ন নয়, আমি এটা দেখে আপনাকে অফিসিয়ালি উত্তর দিয়ে দেব।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন করতে চাই, আপনারা জানেন যে আমার বড়এঞা বিধানসভায় বিগত

বামফ্রন্টের আমলে বারবার সেখানের থেকে সেচমন্ত্রী ছিলেন। কিন্তু আমরা দেখতে পেয়েছি, আমাদের ওখানে ময়ূরাক্ষী নদী আছে, আমাদের যেহেতু ময়ূরাক্ষী নদীটা কান্দী মাস্টার প্ল্যানের আওতায় এসেছে, কিন্তু বামফ্রন্টের আমলে মাস্টারপ্ল্যান-এর অনুমোদন পায়নি। যদিও নতুন সরকারের কাছে আমাদের আবেদন আছে, অবশ্যই হবে, কিন্তু আমি এর বাইরেও একটা প্রশ্ন করতে চাই, যেহেতু আমার ওখানে একটা বিল আছে, লাঙলহাটা বিল বলে, যেটা আমরা বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদ-এর মাঝখানে, মানে মুর্শিদাবাদ শেষ এবং বীরভূম ও বর্ধমানের শেষে, সেই বিলটা সংস্কারের কোনও ব্যবস্থা করা যায় কিনা ?

শ্রী রাজীব ব্যানার্জী : আমি অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, অলরেডি কান্দী মাস্টারপ্ল্যান নিয়ে আমি বলেছি, আমাদের মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে। এবং এটাও আমাদের কান্দী মাস্টারপ্ল্যানের মধ্যে অন্তর্ভুক্ত। সুতরাং কান্দী মাস্টারপ্ল্যান যদি আমরা ফাইনান্সিয়াল অ্যাপ্রুভাল পাই, তাহলে নিশ্চিতভাবে আপনার এটাও বিবেচনায় থাকবে।

দক্ষিণ ২৪ পরগনা জেলায় খাল সংস্কার

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫) **ডঃ তরুণকান্তি নস্কর :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকার দক্ষিণ ২৪ পরগনা জেলায় কয়টি খাল সংস্কারের পরিকল্পনা গ্রহণ করেছে ?

শ্রী রাজীব ব্যানার্জী : সেচ ও জলপথ বিভাগ, ৩১.১২.২০১৩ সাপেক্ষে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট ছয়টি খাল সংস্কারের পরিকল্পনা গ্রহণ করেছে। পরিকল্পিত খাল সংস্কারের মোট দৈর্ঘ্য ২৭.৯৮ কি.মি.। মূলত রাজপুর-সোনারপুর পৌরসভা, মহেশতলা পৌরসভা, গোসাবা ব্লক এবং মথুরাপুর ব্লকে উক্ত কাজগুলি চলছে যা বর্ষার আগেই শেষ হবে বলে আশা করা যায়। এছাড়া মহেশতলা পৌরসভা এলাকায় ৫.২ কি.মি. দৈর্ঘ্যে গঙ্গার মুখ পর্যন্ত সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে, যার কাজ শীঘ্রই শুরু হবে।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মধ্য দিয়ে আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয় আপনাকে আমি চিঠি দিয়েছিলাম যে ডায়মন্ড হারবারের ভাগীরথী নদী থেকে মগরাহাট ব্লকের মধ্য দিয়ে জয়নগর ১নং ব্লক পর্যন্ত যে খালগুলি আছে সেগুলি সংস্কারের ব্যাপারে। একইরকমভাবে মন্দিরবাজার ব্লকের মধ্য দিয়ে জয়নগর ২নং ব্লকে খালগুলির সংস্কারের ব্যাপারে আপনাকে চিঠি দিয়েছিলাম। দক্ষিণ ২৪ পরগনা মূলত একফসলি। ফলে এই গঙ্গা থেকে যদি মিঠে জল পায় তাহলে সেখানে বহুফসলি জমিতে পরিণত করা যেতে পারে। এই ব্যাপারে আপনি কিছু এগিয়েছেন কিনা সেটা যদি অনুগ্রহ করে জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে ঠিকই, আপনি

চিঠি দিয়েছিলেন। চিঠি দেওয়ার পর আমাদের বিভাগীয় ইঞ্জিনিয়াররা অলরেডি সার্ভেও করেছেন। যেহেতু আপনারা জানেন বিগত দিনে কোনো কাজ হয়নি। ন্যাচারালি আমাদের প্রচণ্ড পরিশ্রম করতে হচ্ছে। সবাই চাইছেন সব কাজ একদিনে হোক। যেটা আমার পক্ষেও সম্ভব নয়। আর্থিক একটা সমস্যাও রয়েছে। কিন্তু আপনার এই প্রোপোজালের ওপর অলরেডি সার্ভে চলেছে, এস্টিমেট হয়েছে। আগামীদিনে আমাদের অনেকগুলি খাল সংস্কারের পরিকল্পনা রয়েছে। সেচের জল দেওয়ার জন্য আমরাও বদ্ধপরিকর। আগামী অর্থবর্ষে কটা টেক আপ করতে পারব সেটা অফিসিয়ালি আপনাকে আমি জানিয়ে দেব।

ডঃ তরুণকান্তি নস্কর : আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্নের আগে আমি মাননীয় মন্ত্রীকে শুধু রিকোয়েস্ট করছি যে এটা করার আগে যদি একটু আমার সঙ্গে কথা বলেন তাহলে আমিও এই ব্যাপারে আপনাকে কিছু পরামর্শ দিতে পারব।

আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, আয়লা বিধ্বস্ত দক্ষিণ ২৪ পরগনায় যে নদী বাঁধগুলি সংস্কারের কথা হয়েছিল, মানসবাবু যখন মন্ত্রী ছিলেন তখন এই ব্যাপারে বলেছিলেন। এটা এখন কি অবস্থায় আছে, কংক্রিট দিয়ে বাঁধানো হয়েছে কিনা বা কাজটা কোথায় গিয়ে দাঁড়িয়ে আছে এই ব্যাপারটা যদি একটু বলেন।

[11.50–12.00 noon]

শ্রী রাজীব ব্যানার্জী : আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তর জানাই, প্রথমেই বলি আপনি যেটা বলেছেন আলোচনা করার জন্য, আমি নিশ্চিতভাবে এর আগেও আপনার সঙ্গে আলোচনা করেছি। আগামীদিনেও নিশ্চিতভাবে আপনাকে ডাকব আলোচনা করার জন্য।

আয়লা প্রসঙ্গে যেটা আপনি বললেন, সেক্ষেত্রে আমি জানি যে আয়লায় কোথাও কোনো কংক্রিটের বাঁধের প্রোপোজাল নেই। আয়লায় যে বাঁধটা আছে, সেটা মাটি দিয়ে করে এবং ব্রিক দিয়ে লাইনিং করে দেওয়ার ব্যবস্থা রয়েছে। কোথাও কোনো কংক্রিটের বাঁধ আয়লায় নেই। আপনাকে উল্লেখ করি, বিগত সরকারের আমলে আয়লার সময় দু বছরে কোনো কাজই হয়নি। আপনারা জানেন, শুধু কনসালট্যান্ট অ্যাপয়েন্ট করা হয়েছিল। হোয়্যার অ্যাজ, আমাদের সময় এই অবস্থার মধ্য দিয়ে আমরা অলরেডি, আপনারা জানেন বাজেটেও ঘোষণা করা হয়েছে, ২০ কিলোমিটার বাঁধ আমরা ৩১শে মার্চ ২০১৪-র মধ্যে কমপ্লিট করব। ১২ কিলোমিটার হয়ে গেছে। ৮ কিলোমিটারের কাজ এক মাসের মধ্যে আমাদের কমপ্লিট করা হবে। আরো ৪০ কিলোমিটার বাঁধের কাজ পুরোদমে চলছে। সুতরাং প্রথম পর্যায়ের ৬০ কিলোমিটার আমরা টেক আপ করেছি আয়লার বাঁধের জন্য।

শ্রীমতী শাওনী সিংহ রায় : ধন্যবাদ। মাননীয় স্পীকার–স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, মুর্শিদাবাদ জেলার লালবাগ, জিয়াগঞ্জ, যেখানে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে সিরাজদৌল্লার নানা ঐতিহাসিক স্থান। প্রতি মুহূর্তে ভাগীরথীর এপার ওপার যেভাবে ভাঙছে তাতে বহু ঐতিহাসিক স্থান নদীগর্ভে পতিত হচ্ছে।

ইতিমধ্যে আমাদের বিগত মন্ত্রী ডাঃ মানস ভূঁএ্যার নেতৃত্বে দুটি বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত চারকোলের মন্দির থেকে শুরু করে, সিরাজদৌল্লার সমাধি থেকে শুরু করে, বিভিন্ন জায়গায় যেভাবে ভাঙন হচ্ছে, সামনে বর্ষা আসন্ন, তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের বলিষ্ঠ দৃষ্টি আকর্ষণ করছি যাতে এক্ষেত্রে তিনি কোনো বলিষ্ঠ ভূমিকা গ্রহণ করেন। ধন্যবাদ।

শ্রী রাজীব ব্যানার্জী : আমার মনে হচ্ছে মাননীয় বিধায়িকার এটা প্রশ্ন নয়, তিনি এটা দৃষ্টি আকর্ষণ করলেন। তাসত্ত্বেও আমি আপনাকে বলি, অলরেডি মুর্শিদাবাদের কিছু কিছু জায়গায় যেখানে খুব সিরিয়াস ভাঙন ছিল সেগুলো আমরা অলরেডি টেক আপ করেছি। আপনি দৃষ্টি আকর্ষণে যে জায়গাটা বললেন আমি নিশ্চিতভাবে নোট করলাম। যদিও জানেন যে বিস্তীর্ণ জায়গায় মালদা এবং মুর্শিদাবাদে, ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট অথরিটি যেটা কেন্দ্রীয় সরকারের সংস্থা, যাদের গঙ্গা পদ্মা ভাঙনের জন্য মূলত পুরোপুরি টাকা দেওয়ার কথা, তাদের কাছ থেকে বিগত দিনে আমরা একটা টাকাও পাইনি। কিন্তু তাসত্ত্বেও রাজ্যের মানুষের স্বার্থে আমরা সবসময় চেষ্টা করছি আমাদের নিজেদের ফান্ড থেকে সেই কাজগুলো করতে। আপনি যেটা বললেন, সেই বিষয়টা যদি লিখিত আকারে আমাকে দেন তাহলে আমি বিষয়টা দেখব এবং বিবেচনা করব।

শ্রী জীবন মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটি প্রশ্ন করতে চাই, আমার সোনারপুর দক্ষিণ বিধানসভা কেন্দ্রে যে সমস্ত খালগুলো আছে তার উপরে ঘরবাড়ি তৈরি হয়ে গেছে। বিগত দিনে আমাদের সি.পি.এম-এর বন্ধুরা সেই খালের উপরে হোটেল পর্যন্ত নির্মাণ করেছে। তাদের মদতে খালের উপরে বড় বড় স্কুলবাড়ি তৈরি হয়ে গেছে। আগে এই দপ্তরের দায়িত্বে যখন মানসবাবু ছিলেন তখন তিনি গিয়ে এইগুলো দেখে এসেছেন। আমার বক্তব্য হচ্ছে, এইগুলো নিয়ে সরকারের কি কোনো পরিকল্পনা আছে ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, এটা শুধু আপনার এলাকা বা আপনার কেন্দ্রে নয়, সারা পশ্চিমবঙ্গ জুড়ে বিগত দিনে যেভাবে ওনারা নদীবাঁধ থেকে শুরু করে—যেহেতু আমি একটা দপ্তর দেখি সেইজন্য আমার দপ্তর সম্বন্ধে বলাই ভালো—প্রত্যেকটা জায়গায় এইরকম অবৈধ নির্মাণ করার পারমিশান তারা দিয়ে গেছেন, কোথাও কোনোরকম কিছু ভাবেননি। একটা নদী থেকে কত দূরত্ব মেইনটেইন করে কাউকে পারমিশান দেওয়া উচিত সেটা তারা গ্রাহ্য করেননি। আমরা চন্দননগরে গিয়ে দেখেছি নদী থেকে পঞ্চাশ মিটারের ভেতরে বিগত বামচালিত পৌরসভা পাঁচতলা বিল্ডিং তোলার অনুমতি দিয়েছে। শুধু চন্দননগরের একটা উদাহরণ আমি দিলাম, এই রকম উদাহরণ আমার কাছে হাজার হাজার আসছে। কয়েকদিন আগে আমার হাওড়া জেলায় দেখলাম গঙ্গার পাশে বাড়ি তোলার পারমিশান দিয়ে দিয়েছে। আমি পৌরসভার নাম বলতে চাই না, বাম পরিচালিত পৌরসভা, তারা সেখানে বাড়ি তোলার অনুমতি দিয়েছে। প্রত্যেক জায়গায়

শয়ে শয়ে এই রকম অনুমতি তারা দিয়েছে। সেচ দপ্তরের এন.ও.সি. না নিয়ে কোনো ক্লিয়ারেন্স না নিয়ে এইভাবে বাড়ি, হোটেল এবং ব্যবসার অনুমোদন তারা দিয়েছে। আমরা সিরিয়াসলি এই ব্যাপারগুলো টেকআপ করেছি। এই নিয়ে কড়া আইন আমরা আগামী দিনে আনতে চলেছি। নিশ্চিতভাবে আগামী দিনে আমরা এই ব্যাপারে সঠিকভাবে পদক্ষেপ গ্রহণ করব।

উচ্চশিক্ষায় ও.বি.সি. সংরক্ষণ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮) শ্রী আনিসুর রহমান : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ও.বি.সি.-দের জন্য উচ্চশিক্ষায় সংস্থান চালু হবে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ হলে কবে থেকে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : (ক) উচ্চশিক্ষায় ও.বি.সি.-দের আসন সংরক্ষণের বিষয়টি উচ্চশিক্ষা বিভাগের আয়ত্তাধীন। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা বিভাগ দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হায়ার এডুকেশনাল ইন্সটিটিউশনস (রিজার্ভেশান ইন অ্যাডমিশান) অ্যাক্ট ২০১৩ নামক আইন প্রণয়ন করেছেন।

(খ) উচ্চশিক্ষা বিভাগ প্রণীত আইনের ৬নং ধারা অনুসারে ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে পর্যায়ক্রমে এই সংস্থান চালু হবে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার দুটো প্রশ্ন আছে, আমি একসঙ্গে বলে দিচ্ছি। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার দুটি ছোট প্রশ্ন, একটা হচ্ছে, এই ও.বি.সি.-দের রিজার্ভেশানের সময় যেটা বলা হয়েছে যারা মুসলিম ও.বি.সি. তাদের জন্য ১০ ভাগ এবং অ-মুসলিম ও.বি.সি.-দের জন্য ৭ ভাগ সংরক্ষণ হবে। কিন্তু পরবর্তীকালে আইনের সংশোধন করে যেটা করা হয়েছে, তাতে আমার আশঙ্কা এই যে রেশিও যেটা বলা হয়েছে, সেটা সুরক্ষিত হবে না। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন, ১০ ভাগ যারা মুসলিম ও.বি.সি., এবং ৭ ভাগ যারা অ-মুসলিম ও.বি.সি. তারা এই ব্যাপারে উচ্চশিক্ষায় অ্যাডমিশানের ক্ষেত্রে নিশ্চয়তা পাবে কি না। দুই নম্বর হচ্ছে যে, ভারত সরকারের যে ও.বি.সি. তালিকা আছে এবং আমাদের যে ও.বি.সি. তালিকা আছে তার মধ্যে বিস্তর ফারাক আছে। কয়েকদিন আগে আমি দেখলাম যে আমাদের তালিকা থেকে ৩৭টি নিয়ে ওরা যুক্ত করেছে। এমন ঘটনাও ঘটেছে, এখানকার ও.বি.সি. তালিকা দিয়ে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিল, পরে দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় তালিকায় ওই ক্যাটাগরির নাম নেই। যার ফলে সে আত্মহত্যা করেছে। তাই কেন্দ্রীয় তালিকা এবং রাজ্য তালিকায় একই ক্যাটাগরির লোকেরা যুক্ত হতে পারবে এর ব্যবস্থা করার কোনো উদ্যোগ আপনি নিচ্ছেন কিনা জানাবেন।

শ্রী উপেন্দ্রনাথ বিশ্বাস : অনারেবেল স্পীকার স্যার, ওনার দুটি প্রশ্ন আছে। উনি বলছেন কি, রিজার্ভেশান অফ অ্যাডমিশান মুসলিম ও.বি.সি.-দের জন্য ১০ পারসেন্ট এবং অ-মুসলিমদের জন্য ৭ পারসেন্ট। কথাটা কিন্তু এই রকম নয়।

[12.00–12.10 p.m.]

ওখানে ১০ এবং ৭ আছে। 'A' যারা ও.বি.সি. আছে, তারা 'A' পাবে টেন পার্সেন্ট। আর 'B' যারা শুধু ও.বি.সি. তারা পাবে সেভেন পার্সেন্ট। This is what it is এবং আগেও যা, আপনারা যে আইনটা করেছিলেন সেই আইনটা একই রকম। অর্থাৎ প্রথম উত্তর আমার হবে যে এই তথ্যটা বোধহয় ঠিক নয় এবং But the fact remains যে এই ও.বি.সি.— 'A'-র মধ্যে যেখানে ম্যাকসিমাম টেন পার্সেন্ট রিজার্ভেশান সেখানে কিন্তু অধিকাংশই অ্যাকচুয়ালি হচ্ছে মুসলিম, মুসলিম সম্প্রদায়ের লোক এবং 'B'-র মধ্যে কম সংখ্যক লোক। অতএব এটা তো ঠিক যে এই রিজার্ভেশানে যেটা আপনারাও করেছেন এবং আমাদের সরকার তো সেই বিলটা গভর্নরের অনুমোদনে এবং আপনারা সবাই মিলে সেটা পাস করেছেন। সেখানে কিন্তু It is a fact that the Muslim communities are in the overwhelming majority এবং and they are in a very overwhelming majority Hon'ble Speaker Sir, They are in A group obviously তারাই কিন্তু সবচেয়ে বেশি সুবিধাটা পাবে। যারা গরীব মুসলমান ও.বি.সি.-র মধ্যে তারাই বেশি সুবিধা পাবে যেহেতু তারা অধিকাংশ লোক 'A'-র মধ্যে আছে। অতএব Therefore, there is no dichotomy here, The Beneficiaries primarily will be of the Backward classes Muslims who are in a 'A'. আপনারাও সেটা চিন্তা করেছিলেন, As a student of cultural anthropology, I was going through statement of the earlier Hon'ble Chief Minister আপনারা প্রথম স্টেপ নেওয়ার চেষ্টা করেছিলেন যে মুসলিমদের রিজার্ভেশান দিতে Later on you realized that the Constitution does not allow reservation on the basis of religion only. Therefore, you discarded it and you introduced this. A B on the basis on Backward classes irrespective of the religion. But the fact remains as I told you that most of the people belong to the Muslim OBC and they are in A group. Therefore, the conclusion is this that they are going to be the main beneficiaries.

এইবার আসুন আপনার সেকেন্ড কোয়েশ্চেনে। যে আপনারা সব সময়ই জানেন, অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই, যে আমাদের যে ও.বি.সি. লিস্ট আছে সেটাও ডায়নামিক, মানে সেটা সবসময় পরিবর্তন হতে থাকে। নতুন কমিউনিটি আসে তাকে গবেষণা করে, তাকে নানাভাবে চিন্তা চিন্তা করে আমরা সেটা সিদ্ধান্ত নিই। তারপরে সেটা পাঠানো হয়। আমরা নিজেরা করেই নিই। কিন্তু গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার যে লিস্ট নট নেসেসারিলি যে সবটা আইডেনটিকাল হয়। এটা হওয়া সম্ভবপর নয়। There is always a gap betwen the two। এবং সেই সময়, সেই জিনিসটা আগেও ছিল এখনো থাকবে। এইটা কিন্তু রিয়েলিটি, বাস্তব কথা। তার মানে এই না যে আমরা আমাদের লিস্টের মধ্যে ওইগুলো ইনক্লুড করব না। I am fully ceased with the matter

Hon'ble Member. I can assure you Sir, that I am fully seized with the matter and this matter is being looked into so that no injustice is done, thank you sir.

মি: স্পীকার : কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার। অনারেবল ফাইনান্স মিনিস্টার ইজ হিয়ার।

অর্থমন্ত্রীর অনেক কাজ আছে সেইজন্য আমি ওনাকে ছেড়ে দেব। ওনাকে একটা রুল লে করতে হবে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

ময়নাগুড়িতে পর্যটন কেন্দ্র গড়ে তোলার প্রস্তাব

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০) **শ্রী অনন্তদেব অধিকারী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়ি ব্লকের অন্তর্গত রামশাই এলাকায় কোন পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের অন্তর্গত রামশাই এলাকায় পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এটি ডুয়ার্স মেগা ট্যুরিজম প্রকল্পের অধীন। ইতিমধ্যেই এই প্রকল্পের জন্য জলপাইগুড়ি জেলাশাসককে ২,০৫,০৬,০০০ টাকা (দুই কোটি পাঁচ লক্ষ ছয় হাজার টাকা) মঞ্জুর করা হয়েছে। প্রকল্পের কাজ অতি শীঘ্রই শুরু হবে।

এছাড়া জেলাপ্রশাসন রামসাই এলাকার কদমবাড়ি-পানবাড়ি এলাকায় আকর্ষণীয় পর্যটন কেন্দ্র করার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে।

দামোদর ও অজয় নদী ভাঙন রোধ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৭) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দামোদর ও অজয় নদী এলাকায় নদী ভাঙন রোধে রাজ্য সরকারের গৃহীত ব্যবস্থাগুলি কি কি ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

অতি সম্প্রতি বীরভূম জেলার বোলপুর-নানুর থানায় অজয় নদীতে দুটি ভাঙন

প্রতিরোধী কাজ শেষ হয়েছে। যার মাধ্যমে ২.৮৬ কি.মি. নদী বাঁধের সংস্কার সাধিত হয়েছে। এছাড়া বর্ধমান জেলার আউসগ্রাম-২, মঙ্গলকোট, গলসী-১, বর্ধমান-২, মেমারী-১, কাটোয়া-১ এবং জামালপুর প্রভৃতি ব্লকে অজয় নদী, ভাগীরথী নদী ও দামোদর নদের উপর মোট ৯টি ভাঙনরোধী প্রকল্প গ্রহণ করা হয়েছে যার মাধ্যমে ৬.৭৭৫ কি.মি. দৈর্ঘ্যের নদীবাঁধের সংস্কার সাধিত হবে। কাজগুলি সবই শুরু হয়ে গেছে ও বর্ষার আগে শেষ করার উদ্যোগ নেওয়া হচ্ছে। এছাড়া বীরভূম জেলায় অজয় নদীর ভাঙন রোধে বোলপুর থানা, কেতুগ্রাম-২ ব্লক এবং নানুর থানায় আরও তিনটি নদী ভাঙন প্রতিরোধী কাজ পরিকল্পিত হয়েছে। এর মাধ্যমে আরও ৪.২৫ কি.মি. নদী বাঁধের সংস্কার সাধিত হবে। এই কাজগুলির ওয়ার্ক অর্ডার একটি ক্ষেত্রে দেওয়া হয়েছে ও দুটি ক্ষেত্রে টেন্ডার প্রক্রিয়াকরণের মধ্যে আছে। আশা করা যায়, বর্ষার আগেই কাজগুলি শেষ করা সম্ভব হবে।

তিলপাড়া ব্যারেজ সংস্কার

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩) শ্রী **সুনীল কুমার মণ্ডল** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় তিলপাড়া ব্যারেজ সংস্কার বিষয়ে রাজ্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) তিলপাড়া ব্যারাজ সংস্কার এবং তার মাধ্যমে এর জলধারণ ক্ষমতা পুনরুদ্ধারের জন্য রাজ্য সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) তিলপাড়া ব্যারাজ সংস্কার পরিকল্পনার প্রাথমিক ধাপ হিসাবে ব্যারাজ এলাকার বিস্তারিত কন্টুর সার্ভের কাজ সম্পূর্ণ হয়েছে। এই সার্ভের উপর ভিত্তি করে ব্যারাজের জলধারণ ক্ষমতা বৃদ্ধি এবং ব্যারাজের মূল অংশ এবং তৎসংলগ্ন অংশগুলির সংস্কারের কাজ ধাপে ধাপে গ্রহণ করা হবে।

তপশিলি জাতি ও উপজাতিভুক্ত আবাসিক ছাত্র-ছাত্রী

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) শ্রী **মনোরঞ্জন পাত্র** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কত সংখ্যক তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীরা ছাত্রাবাসে থাকে ; এবং

(খ) বর্তমানে কোনো ছাত্র-ছাত্রী আবাসের স্টাইপেন্ড বন্ধ হয়ে আছে কি ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১। কেন্দ্রীয় ছাত্রাবাসে তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪৩০০ জন।

২। আশ্রম ছাত্রাবাসে তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীর সংখ্যা—৯৩৬৫ জন।

৩। বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাসে তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীর সংখ্যা—১,০৪,৫৫০ জন।

(খ) না।

আইলা বিধ্বস্ত সুন্দরবনে নদী বাঁধ

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫) **শ্রী রামশঙ্কর হালদার :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আইলা বিধ্বস্ত সুন্দরবনে কংক্রিটের নদীবাঁধ নির্মাণের কাজ প্রায় শেষের পথে ; এবং

(খ) ৩১.১.২০১৪ তারিখ সাপেক্ষে উক্ত নির্মাণের জন্য কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) ৩১.০১.২০১৪ তারিখ সাপেক্ষে সুন্দরবন অঞ্চলে নদীবাঁধ নির্মাণের জন্য মোট ১৪১০ একর জমি অধিগৃহীত হয়েছে। এর মধ্যে উত্তর ২৪ পরগনায় ৪০২ একর এবং দক্ষিণ ২৪ পরগনায় ১০০৮ একর।

কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বাঁধ নির্মাণ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৭) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের প্রথম পর্যায়ের কাজের পর অতিবর্ষণের ফলে কপালেশ্বরী নদীর বাঁধে এবং সবং এলাকার বিভিন্ন খালের বাঁধগুলিতে ব্যাপক ধস দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ক্ষতিগ্রস্ত বাঁধগুলি মেরামতের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে / হবে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের প্রথম পর্যায়ের কাজে নদী এবং খালগুলি খননের ফলে যে মাটি উত্তোলিত হয়েছিল, তা বন্যা প্রতিরোধী বাঁধের উচ্চতা বৃদ্ধি এবং সঠিক আকৃতি প্রদানের জন্য, বাঁধের উপর পর্যায়ক্রমে রাখা হয়। এই বছরে অতিবর্ষণের ফলে উক্ত আকৃতিপ্রাপ্ত বাঁধের মাটিতে, কিছু অংশে (১৫%) বৃষ্টিজনিত খাদ সৃষ্টি হয়েছে। কিছু জায়গায় বাঁধের পার্শ্বঢালে 'স্লিপ' সৃষ্টি হয়েছে।

(খ) উপরে বর্ণিত খাদ / স্লিপ মেরামতির কাজ ইতিমধ্যে শুরু হয়ে কিছু জায়গায় সমাপ্ত হয়েছে। বাকি মেরামতির কাজ শীঘ্রই শেষ হবে।

পর্যটন পরিকাঠামো উন্নয়নে বরাদ্দ অর্থ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) শ্রী শাহাজাহান চৌধুরী : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩-এর নিরিখে পর্যটন বিভাগ বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করেছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১৩-১৪ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত পর্যটন বিভাগ বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের জন্য এ পর্যন্ত মোট ৬৭,৫০,০০,০০০/- (সাতষট্টি কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ করেছে।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিট ও তার উৎপাদন

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭) শ্রী কল্লোল খাঁ : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি লাইসেন্স প্রাপ্ত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিট আছে ; এবং

(খ) উক্ত সময়কালে রাজ্যে প্রক্রিয়াজাত খাদ্য উৎপাদনের মোট পরিমাণ কত ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এফ.এস.এস. অ্যাক্ট, ২০০৬ অনুযায়ী রাজ্যের সমস্ত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিটকে ফুড সেফটি লাইসেন্স অথবা রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা হয়েছে। আমাদের রাজ্যে ফুড সেফটি কমিশনার, স্বাস্থ্য দপ্তর সমস্ত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিটের লাইসেন্স অথবা রেজিস্ট্রেশন রূপায়ণ করেন।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে ওই তথ্য আনয়ন করবার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) ২০১২-১৩ এবং বর্তমানে ২০১৩-১৪ আর্থিক বর্ষে জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশনের আওতায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরে মোট ৩৮টি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিটের আবেদনপত্র মঞ্জুর করে প্রথম কিস্তির অর্থ প্রদান করা হয়েছে এবং ৬টি ইউনিটকে দ্বিতীয় কিস্তির টাকা প্রদান করা হয়েছে ফুড সেফটি লাইসেন্সের নথি পাওয়ার পর। উক্ত সময়কালে এই ৬টি ইউনিটের উৎপাদিত পণ্যের পরিমাণ নিম্নরূপ :—

ক্র. নং	ইউনিটের নাম	উৎপাদিত পণ্য	উৎপাদনের পরিমাণ
১।	কল্যাণী সলভেক্স প্রা. লি.	রাইস ব্রান অয়েল	১২,৯৪০ মে: টন
২।	আরিম আইসক্রীম প্রা. লি.	আইসক্রীম	১,৭৪,১০৭ লিটার
৩।	তেরাই ফুডস প্রা. লি.	বেকারি অ্যান্ড কনফেক্শনারী	২,৪০০ মে: টন
৪।	শ্রী কৃষাণ কোম্পানী ম্যানুফ্যাকচারার্স প্রা. লি.	আলু চিপস্	১,০০০ মে: টন
৫।	তারা অয়েল ইন্ডাস্ট্রিজ	রাইস ব্রান অয়েল	৩,০০০ মে: টন
৬।	এস এ. এক্সপোর্টস	চিংড়ি প্রক্রিয়াকরণ	২,২২৭ মে: টন

একলব্য আবাসিক ও পণ্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭) শ্রী বাসুদেব মেটে : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পরিচালিত একলব্য আবাসিক বিদ্যালয়গুলিতে স্থায়ী শিক্ষক নিয়োগ এবং অশিক্ষক কর্মীদের জন্য সরকারীভাবে কোন বেতন বা বেতন সংক্রান্ত প্যাকেজ ঘোষণা করা হয়েছে ; এবং

(খ) একলব্য আবাসিক বিদ্যালয়-এর মডেলে তৈরি পণ্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ এবং অশিক্ষক হোস্টেল কর্মীদের জন্য কোন বেতন ও বেতন সংক্রান্ত প্যাকেজ ঘোষণা করার কোনও চিন্তা-ভাবনা সরকারের আছে কি ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের বিবেচনাধীন রয়েছে।

(খ) এই বিষয়টি স্কুল শিক্ষা দপ্তরের অধীন। অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর কেবল স্কুলগুলি নির্মাণের দায়িত্ব পালন করছে।

LAYING OF RULES

The West Bengal Finance Commission (Salaries and Allowance of Chairperson and Members) Rules, 2013

Dr. Amit Mitra: Sir, I beg to lay the West Bengal Finance Commission (Salaries and Allowances of Chairperson and Members) Rules, 2013 published in the Kolkata Gazette, Extraordinary dated the 5th February, 2014 under Finance Department's Notification No. 8920-F(H) dated the 20th December, 2013.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker: Hon'ble Members, I have received an application from Shri DIBYENDU ADHIKARI desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

Date..............................

To
The Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Assembly House
Kolkata-700 001

Sub.: ABSENT FROM ASSEMBLY HOUSE DURING ON GOING SESSION ON MEDICAL GROUND

Sir,

Most respectfully, I beg to state that I felt acute stomach pain on 8th instant and rushed to Apollo Hospital, Kolkata on advice from my house physician on early morning next day. The board of medical Officer at the said Hospital, after vivid examination, decided to operate my appendicitis on emergent footing. The operation had successfully been completed on 09/02/2014. I am still admitted in the bed no.357 of the Hospital. Therefore, I shall not be able to attend the ongoing session till I am declared fit by the doctor.

This is submitted for your kind information and necessary directives.

Thanking you.

yours faithfully,

D. Adhikari

(DIBYENDU ADHIKARI)

Mr. Speaker : I now ask whether Shri Dibyendu Adhikari has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Dibyendu Adhikari has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 10th February, 2014 till the end of the Current Session of the Assembly.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Apurba Sarkar, Shri Manoj Chakraborty, Shri Rabiul Alam Chowdhury, Shri Ashis Marjit, Smt. Protima Rajak, Shri Asit Mitra, Shri Seikh Safiujjaman and Smt. Shaoni Sinha Roy on the subject of alleged non-cooperation of the State Government in construction of Rail over Bridge in Berhampore, Murshidabad.

The subject matter of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during discussion on Governor's Address which is now going on. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অপূর্ব সরকার : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল রেল মন্ত্রকের সিদ্ধান্ত অনুযায়ী মুর্শিদাবাদ জেলায় বহরমপুর শহরে চুয়াপুরে একটি রেল ওভারব্রীজ নির্মাণের জন্য রেল মন্ত্রকের অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা সত্ত্বেও তা বাস্তবায়িত হচ্ছে না। .....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

..... (গোলমাল)....

Mr. Speaker : You have already read the amended portion.

(At this stage Hon'ble Members of Indian National Congress walked out of the House.)

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received seven (7) notices of Calling Attention on the following subjects, namely :–

Subject	Name
(i) Urge for setting up of an Electric Crematorium in Uddharanpur Burning Ghat.	: Shri Sk. Sahonawez
(ii) Urge for introduction of regular State Bus Service from Joynagar to Kolkata via Baruipur.	: Dr. Tarun Kanti Naskar
(iii) Alleged attack on demonstrators in front of offices of the Geological Survey of India and Income Tax Department, Government of India on 12.02.2014.	: Shri Sahajahan Chowdhury
(iv) Progress of implementation of various schemes of the Department of Self-Group and Self Employment in the State.	: Shri K. P. Singh Deo
(v) Closing of Emergency Department of Khandaghosh Block Health Centre due to paucity of doctors.	: Shri Nabin Chandra Bag
(vi) Alleged delay in allotment of Second Installment of Gitanjali Scheme in Malda district.	: Shri Tajmul Hossain
(vii) Urge for construction of the proposed Polytechnic College in Narayanpur Mouza under Canning Block-II.	: Shri Shyamal Mondal

I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of "Urge for setting up of an Electric Cremation in Uddharanpur Burning Ghat".

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শেখ শাহনেওয়াজের উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রশ্নের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করব, এই অধিবেশন চলাকালীন উত্তর দিতে না হলে তার লিখিত উত্তর সংশ্লিষ্ট বিধায়কের কাছে পাঠিয়ে দিতে।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Report of the Select Committee on the Seacom Skills University Bill, 2013

Shri Bratya Basu : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to present the Report of the Select Committee on the Seacom Skills University Bill, 2013.

Presentation of the Seventh Report of the Committee on Public Accounts (2013-2014)

The Chairman (Shri Gyan Singh Sohanpal) : Mr. Speaker, Sir, I beg to present the Seventh Report of the Committee on Public Accounts (2013-2014) on Para nos. 6.3.8.1 and 6.3.9.1 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2009-2010 (RR) relating to the Forest Department.

[12.10–12.20 p.m.]

MENTION CASES

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মধ্যে দিয়ে দার্জিলিং হিলের যে সিংকোনা এবং তাকে ভিত্তি করে যে শিল্প সেটা সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। দার্জিলিংকে বায়োডাইভারসিটি হট স্পট বলা হয় এবং সেখানে নানা ধরনের ভেষজ উদ্ভিদ যেটা দেশের মোট ফ্লোরার প্রায় ৪৩% এখানে পাওয়া যায়। সিংকোনা, ইপিক্যাট, ডায়োকোরা এবং এইরকম নানা ধরনের উদ্ভিদ এখানে হয়। তার থেকে কুইনাইন যে মেডিসিন সেটাও তৈরি হত এবং ক্যানসারের নানা ঔষধ এখানে তৈরি হতে পারে। কিন্তু দেখা যাচ্ছে সিংকোনা থেকে কুইনাইন চাষ প্রায় ১৯৯৯ সাল থেকে বন্ধ এবং বাজার থাকা সত্ত্বেও আর্টিফিসিয়াল সিংকোনা থেকে কুইনাইন তৈরি হচ্ছে, কিন্তু ভেষজ উদ্ভিদগুলোকে ব্যবহার করা হচ্ছে না। এখানে ইতিমধ্যে প্রায় ৫৩৫০ জন কর্মী আছেন, যাদের দৈনিক ১৯১ টাকা করে তারা মাসে ২৬ দিন তারা এই ওয়েজটা পান। তাছাড়া ১৪০০ জন ম্যানেজারিয়াল

স্টাফ আছেন। এখন এই শিল্পটাকে যদি নতুন করে চালু করা হয় তাহলে এই শিল্পের সঙ্গে যুক্ত যে মানুষগুলো এবং আরও রিক্রুটমেন্ট হতে পারে এবং তাদের আরও নানা সুবিধা হতে পারে। এটাই আমি মাননীয় মন্ত্রীর কাছে আপনার মধ্য দিয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শাহজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় তথ্য জনসংযোগ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫ই জানুয়ারী ডেপুটি কমিশনার অফ পুলিশ, তিনি একটা সারকুলার পাঠিয়েছেন তথ্য সচিবের কাছে। সেখানে স্ট্যান্ডার্ড এস.ও.পি. স্ট্যান্ডার্ড অথরিটি প্রসিডিয়োর গণমাধ্যমের প্রতিনিধিরা সরকারের মূল নবান্নের প্রেস কর্ণার পর্যন্ত তারা যেতে পারবেন, তার বাইরে কোথাও ঘোরাঘুরি করতে পারবেন না। বিশেষ করে অন্যান্য ১৪-১৫ তলা, মুখ্যমন্ত্রী বা মুখ্যসচিবের ঘরে তারা যেতে পারবেন না, কোনও সংবাদ সংগ্রহ করতে পারবেন না। তাদের দেহ তল্লাসি করা হবে। পুলিশের থেকে নির্দেশে বলা হয়েছে যে তাদেরকাছে অস্ত্র-শস্ত্র থাকতে পারে। বিশেষ করে সাংবাদিকরা হলেন কি সমাজবিরোধী না সন্ত্রাসী যে তাদের কাছে এই ধরনের অস্ত্র থাকবে ? শুধু তাই নয় ১৯২৩ সালে...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী বাসুদেব মেটে : ম্যাডাম, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে জানাতে চাই, আমার বিধানসভা এলাকা আউসগ্রামের তকিপুর এবং গলসি বিধানসভার অন্তর্গত বাহিরঘোন্না এই দুটি সংযোগস্থলে খড়ি নদী রয়েছে। সেই খড়ি নদীর উপর একটা ব্রীজ তৈরির জন্য বারে বারে সমস্ত দপ্তরে আসা-যাওয়া হচ্ছে, কাগজপত্র দিয়েছে এলাকার মানুষ। কলকাতার যে মহাকরণ সেই পর্যন্ত মানুষ এসেছে এবং ৩০১ তার মেমো নম্বর। সেই কাজটা যাতে ত্বরান্বিত হয় সেই দাবি আমি রাখছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার অন্তর্গত রাস্তাঘাটের বিষয় নিয়ে বলছি। যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন না ঘটলে ব্যবসা-বাণিজ্য শিক্ষা-স্বাস্থ্য, কোনো কিছুর উন্নয়ন হতে পারে না। তাই আমি এই রাস্তার বিষয়ে বার বার বলেছি। হরিশচন্দ্রপুর হাইস্কুল থেকে ভায়া তালবাংরো হয়ে ফতেপুর পর্যন্ত এই বেহাল রাস্তাটার কথা বার বার বলা সত্ত্বেও এখনও পর্যন্ত সংস্কারের কাজটা হয়নি। পাশাপাশি সুলতাননগর অঞ্চলে অন্তর্গত কুশলগ্রাম থেকে....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উন্নয়নের পূর্ব শর্ত হল এলাকায় আইন-শৃঙ্খলা এবং গণতন্ত্র থাকা। আমি লক্ষ্য করছি যে, এই সব বিষয়গুলি লঙ্ঘিত হয়েছে। উন্নয়নের কাজ স্তব্ধ হয়েছে। আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটেছে। গণতন্ত্র আক্রান্ত হয়েছে।

এই ৩২ মাসের সরকারে ১৫৪ জন বামপন্থী কর্মীসমর্থক খুন হয়েছেন। এই সময়কালে এর মধ্যে সংখ্যালঘু ৫৩ জন, এস.টি. ৯ জন, ৩ জন মহিলা, নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধি ৫ জন খুন হয়েছেন। মহিলাদের উপর অত্যাচার হয়েছে ৭০০-এর বেশি। ঘর ছাড়া হয়েছে ৪৫ জনেরও বেশি। মিথ্যা মামলা বা ৮ হাজারের বেশি আক্রান্ত হয়েছে, জখম হয়েছে ৭ হাজারের বেশি মানুষ। কামদুনি, খরজুনা, কাটোয়া, গেদে, মধ্যমগ্রাম, হাওড়া এবং লাভপুরের মতো জায়গায় মহিলাদের উপর অত্যাচার হয়েছে এবং এই সময়কালে পুলিশের গুলিতে মারা গিয়েছে ৫ জন। এর মধ্যে মহিলা এবং ছাত্রীও আছেন। শাসকদলের গোষ্ঠী সংঘর্ষে এলাকা.... (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিম বাংলায় ছাত্রী আবাসন আছে। সেখানকার অবস্থা, পরিস্থিতি খুবই খারাপ। তাই আমার বিধানসভা এলাকা উল্লেখ করতে চাইছি। বেলপাহাড়ি রাষ্ট্রীয় আবাসিক আদিবাসী হোস্টেলের পরিস্থিতি খুবই খারাপ। সেখানকার পঠন-পাঠন একেবারে শিকেয় উঠে গিয়েছে। যার জন্য এই দাবি হিসাবে রাখছি যে, সেই রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়ে পড়াশোনা আবার সঠিকভাবে হয়। তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি এবং এই দাবি রাখছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : (নট প্রেজেন্ট)

শ্রী এস. এম. সাদি : ম্যাডাম, নতুন পেনশন নীতি প্রত্যাহার, সরকারী পরিষেবায় ঠিকাদারি ব্যবস্থা পরিহার আর মহার্ঘ্য ভাতাকে মূল বেতনের সঙ্গে যুক্ত করার দাবিতে সারা দেশের ১০ লক্ষ কেন্দ্রীয় সরকারী কর্মচারী দুদিনের ধর্মঘট করছেন। পরিতাপের বিষয় হল, এই গণতান্ত্রিক আন্দোলনে গতকাল পার্কস্ট্রিটে তৃণমূলের ঝাণ্ডা নিয়ে সমাজবিরোধীরা সেখানে আক্রমণ করে এবং সেখানে মহিলা কর্মী রেখা মণ্ডল, প্রদীপ মুখার্জী—জুয়োলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার কর্মী তারা, তাদেরকে বেধরক মারধর করা হয়। এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। আমি বলতে চাইছি, রাজ্য সরকারের সেখানে ঘটনাগুলো ঘটছে, রাজ্য সরকারের পুলিশ এখনও কাউকে গ্রেপ্তার করতে পারিনি। এই যে গণ-অন্দোলনে ক্রিমিনালদের আক্রমণ, সমাজবিরোধীদের আক্রমণ, একটা গণতান্ত্রিক আন্দোলন সারা দেশ জুড়ে চলছে। এই ঘটনাটা আমাদের রাজ্যে ঘটেছে। যার জন্য আমি দাবি করছি যে, পুলিশকে প্রকৃত অপরাধীদের গ্রেপ্তার করতে হবে এবং... (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিজ বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার কোচবিহার জেলায় সেখানে যারা নিয়ন্ত্রিত বাজার-হাট-বাজারের কর্মচারী আছেন তারা ১৭-১৮ মাস যাবৎ বেতন পাচ্ছেন না। এমন একটা অবস্থা হয়েছে যে, তাদেরকে যারা নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করে তারা সেটা দিতে চাইছেন না এবং অনেকেই ঋণের জালে জর্জরিত হয়ে গেছেন। এই অবস্থায় তাদের যে বকেয়া বেতন সেটা অবিলম্বে মিটিয়ে দেওয়ার জন্য এবং ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি। নমস্কার।

শ্রী সেখ শাহনেওয়াজ : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার কেতুগ্রাম বিধানসভার মধ্য দিয়ে অজয় নদী বয়ে গিয়েছে। অজয় নদীর বাঁধ দীর্ঘ ৩৪-৩৫ বছর যাবৎ সংস্কার ঠিক মতো হয়নি এবং বাঁধের ধারে গ্রামগুলো—নারেঙ্গা, বাকুলসা, কাঁকুড়হাটি, নবগ্রাম, চোড়কির বিস্তীর্ণ এলাকার গ্রামগুলি নদী ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত হয়। মাননীয় সেচমন্ত্রী কিছুক্ষণ আগেই বলেছেন যে, নদী বাঁধগুলি সংস্কারের জন্য আমাদের বিভিন্ন পরিকল্পনা নেওয়া হচ্ছে। তাই মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর নদীবাঁধগুলি মেরামত করা হয় এবং ভাঙন রোধ করা হয়। আপনার মাধ্যমে সেই দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[12.20–12.30 p.m.]

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কুলতলি বিধানসভার মধ্যে দিয়ে জীবন মণ্ডল হাট থেকে সোনাটেগরিয়া হাট পর্যন্ত একটি পাকা রাস্তা বেরিয়ে গেছে। রাস্তাটির অবস্থা খুব খারাপ। সেই সাথে এই রাস্তা দিয়ে যেতে গিয়ে চুপড়িঝাড়া খাল পড়ে। তাতে দুটো স্লুইস, টু ভেন্টেড স্লুইস আছে। সেই খালে শুধু মাত্র একটা কালভার্ট বসানো আছে। ওখানে একটা বড় কালভার্ট অথবা ব্রীজ এবং দ্রুত ওই রাস্তা মেরামতের জন্য আমি আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটা হল, পশ্চিমবঙ্গের রুরাল লাইব্রেরী তথা গ্রামীণ পাঠাগারগুলো কর্মীর অভাবে বন্ধের মুখে। এই সমস্যাটা সৃষ্টি হয়েছে বামপন্থী বন্ধুদের আমল থেকে। দীর্ঘদিন, প্রায় ১০ বছর যাবৎ কোনওরকম appointment নেই। কোথাও পিওন নেই। কোথাও লাইব্রেরীয়ান নেই। আবার কোথাও লাইব্রেরীয়ান এবং পিওন দুটোই নেই। এই সমস্যার সম্মুখীন হয়ে গ্রামীণ পাঠাগারগুলো জনশিক্ষার ক্ষেত্রে একটা বিপর্যয়ের মুখে পড়েছে। আমি বিনীতভাবে অনুরোধ করব, বামপন্থী বন্ধুরা বলেছিলেন যে কোর্ট-কাছারি আছে, appointment দেওয়া যাচ্ছে না, কিন্তু contractual হিসাবে লোক নিয়েও যদি লাইব্রেরীগুলো চালানো যায়, পাঠাগারগুলো চালানো যায় তার জন্য আমি বিনীতভাবে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী আশীষ মারজিৎ : (Not called).

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয়া ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভায় গত কয়েক মাস আগে ভাগীরথী গঙ্গায় উদয়চন্দ্রপুর, দাদপুর প্রভৃতি জায়গায় ভাঙন রোধের কাজ হয়েছিল। কিন্তু হঠাৎ বিপর্যয়ের ফলে সেই ভাঙন রোধের ব্যবস্থা নষ্ট হয়ে যায় ফলে দাদপুর, উদয়চন্দ্রপুর, চরকুমরীপাড়া এই বিস্তীর্ণ এলাকার মানুষ আতঙ্কের মধ্যে ভুগছে। অবিলম্বে তদন্ত করে গঙ্গা ভাঙন রোধের ব্যবস্থা করবার আবেদন ও অনুরোধ জানাই। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সার্ভে করে সেখানে দেখা গেছে মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রে আর্সেনিক-যুক্ত পানীয় জল আছে এবং অনেক লোক এর আগে মারা গিয়েছে। সেই হিসাবে ২০০৯ সালে একটা প্রকল্প শুরু হয় ৩৯৩ কোটি টাকার যা ২০১১ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হয়ে যাবে। কিন্তু অদ্যাবধি কাজ শেষ হয়নি। গত কয়েকমাস আগে আরও দুজন লোক আর্সেনিক-যুক্ত পানীয় জল খেয়ে মারা গেলেন। বার বার আমি মন্ত্রী মহোদয়কে চিঠি করেছি, বার বার মৌখিক বলেছি। অদ্যাবধি সেই কাজটা শেষ হচ্ছে না। অতিসত্বর যাতে সেখানে আর্সেনিক-মুক্ত পানীয় জল সরবরাহ করা হয় এবং এলাকার মানুষ বাঁচে, আর্সেনিক-যুক্ত পানীয় জল খেয়ে মারা না যায় তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আমি আপনার মাধ্যমে বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী তথা বাংলার উন্নয়নের কারিগর মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাতে চাই এই জন্য যে বাংলায় ৩৪ বছরে পশ্চিমবঙ্গ সরকারের যারা ক্ষমতায় ছিল সেই বামফ্রন্টের সময়ে স্বাস্থ্য কেন্দ্র বলে কিছু ছিল না। মাননীয়া মুখ্যমন্ত্রী প্রত্যেকটা ক্ষেত্রকে উন্নত করার সাথে সাথে আজকে স্বাস্থ্য ব্যবস্থাকে সমৃদ্ধ করার চেষ্টা করছেন। আমাদের এখানে স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী আছেন। তাঁদের ঐকান্তিক প্রচেষ্টার মধ্যে দিয়ে আজকে বাংলায় ৩৪টা সুপার স্পেশালিটি হাসপাতাল, SNCU ৩৬টা, ১৯৮টি SNSU সহ, ৭টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান চালু হয়েছে যেখান থেকে গরীব মানুষ ৭২ থেকে ৪৮ পারসেন্ট পর্যন্ত ছাড়ের সুযোগ পাচ্ছে। আজকে P.P.P. model-এ ৪৭টি Fair Price high-end Diagnostic Centre-র মাধ্যমে X-ray, MRI, CT Scan and dialysis-সহ স্বাস্থ্যক্ষেত্রে সামগ্রিক উন্নয়ন ঘটিয়েছেন। বিশেষ করে ডায়মন্ড হারবারে প্রত্যেকটি ক্ষেত্র বাস্তবায়িত হয়েছে। তার জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এবং রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যকে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই। নমস্কার।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ম্যাডাম গোটা রাজ্যজুড়ে বামপন্থীরা যে সমস্ত পঞ্চায়েতগুলিতে আছে সেই সমস্ত পঞ্চায়েতের কাজে নানান রকমের বাধার সৃষ্টি করা হচ্ছে। তৃণমূলের গুণ্ডাবাহিনী বিভিন্ন কাজে যাচ্ছে এবং তোলা তোলার চেষ্টা করছে। যেখানে তোলা দেওয়া হচ্ছে না সেখানে কাজ আটকাচ্ছে। গত ১০ তারিখে উত্তর ২৪ পরগনা জেলার সন্দেশখালির খুল্না গ্রাম পঞ্চায়েতের হাটগাছিয়াতে এন.আর.ই.জি.এ.-র কাজ হচ্ছিল। সেই কাজে যারা তোলা তুলতে গেছে, তোলা না দেওয়ার জন্য গ্রামের মানুষ বাধার সৃষ্টি করে। সেখানে তারা বোম্বিং করে, বোমা charge করে এবং গুলি করে। গুলি এবং বোমা charge-এর ফলে একজন মহিলা আক্রান্ত হয়েছে। এইরকম নক্কারজনক ঘটনা ঘটিয়েছে সন্দেশখালিতে। এই পঞ্চায়েতের কাজকে ব্যাহত করার জন্য তৃণমূল তোলা তোলার চক্রান্ত

করছে। এ যদি অনতিবিলম্বে বন্ধ করা না যায় আগামী দিনে কাজ শুরু হয়ে যাবে। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জীর দৃষ্টি আকর্ষণ করছি। সুব্রতবাবুর দৃষ্টি আকর্ষণ করে আমি এই কথা বলতে চাই, আমার বিধানসভা এলাকার একটি সেতু যেটি বর্তমানে জেলা পরিষদের তত্ত্বাবধানে করার কথা, এই কুলিয়া সেতু এখনও পর্যন্ত হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনেকবার গিয়েছি। টাকার স্যাংশান রয়েছে কিন্তু escalation কস্টটার পারমিশান দিচ্ছেন না, এর জন্য এটা করা যাচ্ছে না—এটাই বারবার বলা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে শুধু এই অনুরোধ করছি হাওড়া জেলার একটি মাত্র দ্বীপ আছে ভাটোরা, ঘোড়াবেড়িয়া এবং চিৎনান। ৬ কিলোমিটার রাস্তা বড় ব্রীজ হয়ে গেছে। বাকি আছে ওই ছোট্ট ব্রীজটা—কুলিয়া সেতু। যার বর্তমান কস্ট ৯ কোটি ৫৪ লক্ষ টাকা ধরা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করছি অবিলম্বে ওই সেতুর কাজ যাতে শুরু হয় তার জন্য ব্যবস্থা করুন। আপনি আছেন যদি বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : আমাকে উনি আগেও বলেছেন, আমরা ওটা দেখছি। হয়তো এই ফাইনানসিয়াল ইয়ারটা শেষ হলে আমরা এ সম্বন্ধে সিদ্ধান্ত নিয়ে কাজ শুরু করতে পারব।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে নারী ও শিশু কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে কেন্দ্র ও রাজ্য সরকারের সহযোগিতায় আই.সি.ডি.এস. প্রকল্প চালু আছে। এই আই.সি.ডি.এস. প্রকল্পগুলিতে ছোট ছোট শিশুরা পড়াশোনা করে এবং এখানে মা ও শিশুদের জন্য খাবার দেওয়া হয়। কিন্তু আমাদের মুর্শিদাবাদ জেলায় আমার যে Burwan বিধানসভা আছে সেই Burwan ব্লকে মা ও শিশুদের জন্য যে খাবার দেওয়া হচ্ছে তা অতি নিম্নমানের। এদের মাথাপিছু যে খাবার দেওয়া হয়—মা'দের জন্য দেওয়া হচ্ছে চালের পরিমাণ ৫০ গ্রাম এবং শিশুদের জন্য দেওয়া হচ্ছে ৩২ গ্রাম। মা'দের মাথাপিছু ডালের পরিমাণ হচ্ছে ১৫ গ্রাম আর শিশুদের হচ্ছে ১০ গ্রাম। আমরা জানি যে, এখন সব্জির দাম অনেক আছে। মা'দের মাথাপিছু সব্জির দাম দেওয়া হচ্ছে ৪৯ পয়সা আর শিশুদের দেওয়া হচ্ছে ২৫ পয়সা। তাহলে আপনারাই বলুন কিভাবে এই সেন্টারগুলি চলবে ? তাই আমি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের যিনি মন্ত্রী আছেন তাদের আবেদন করছি এই খাবারের পরিমাণ বাড়ানো হোক এবং এদের যাতে ভালো খাবার দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে আন্তরিকভাবে ধন্যবাদ, কৃতজ্ঞতা জানাচ্ছি ও দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলপি বিধানসভা এলাকায় গত আড়াই বছরে প্রায় ১৯৮টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে, এইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। বিগত সরকার কিন্তু মাত্র ৫০ ভাগ জায়গায় বিদ্যুৎটা পৌঁছাতে পেরেছিল। এখন সমস্যা হচ্ছে এত জায়গায় বিদ্যুৎ পৌঁছে যাবার ফলে

একটি মাত্র সাব-স্টেশনের পাওয়ার ভোল্টেজটা কম হয়ে যাচ্ছে। একটা অ্যাডিশনাল সাব-স্টেশন করা যায় কিনা এই জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[12.30–12.45 p.m.]

শ্রী শেখ সফিউজ্জামান : অনারেবেল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী এবং আমাদের স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন ওনাকে জানাতে চাই আমার বিধানসভা এলাকায় একটি রুরাল হাসপাতাল আছে মাত্র ৩০ বেডের। সেই হাসপাতালটি ৩টি বিধানসভার মধ্যে একটা রুরাল হাসপাতাল। নওদা বিধানসভার ৪টি অঞ্চল এবং রেজিনগর নতুন বিধানসভার ৬টি অঞ্চল এবং আমার বিধানসভা বেলডাঙা ১৩টি অঞ্চলের মধ্যে একটাই রুরাল হাসপাতাল। সেখানে রোগীদের এবং প্রসুতি মায়েদের বিশেষ অসুবিধা হয়। আমাদের মহকুমা হাসপাতাল নেই, একটি জেলা হাসপাতাল। এখানে যে সব মায়েরা বাচ্চা প্রসবের জন্য আসেন ডেলিভারির ক্ষেত্রে তাদের বিশেষ অসুবিধা হয় এবং যে সব মায়েরা সিজারের মাধ্যমে প্রসব করেন তাদের জেলা হাসপাতালে সরাসরি যেতে হয়। এই রুরাল হাসপাতালে ও.টি.-র ব্যবস্থা আছে এবং সেটা যাতে পূর্ণ পরিষেবা দেওয়ার জন্য—অপারেশান করার সুব্যবস্থা করা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে এখানে পৌর দপ্তরের মন্ত্রী উপস্থিত আছেন, পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী উপস্থিত ছিলেন। আসন্ন খরা মরসুম—আমরা বিগত দিনে লক্ষ্য করে দেখেছি খরা মরসুমের সময় গ্রাম বাংলা এবং শহরের মানুষ পানীয় জল থেকে বঞ্চিত হয় যেহেতু জলের অ্যাকুইফার লেভেল অনেক নিচে নেমে যায়। পঞ্চায়েত দপ্তর—পঞ্চায়েতের প্রধানরা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ বা পৌরসভা হোক অর্থের অভাবে টিউবওয়েলগুলো সারানো যায় না। যেখানে পাইপ ওয়াটার দেওয়া হয় সেটা পি.এইচ.ই. দেখে কিন্তু যেখানে হ্যান্ড টিউবওয়েল আছে সেই জায়গাগুলোতে পয়সার অভাবে, টাকার অভাবে টিউবওয়েলগুলো সারানো না যাওয়ার জন্য শহর এবং গ্রামের মানুষ পানীয় জল থেকে বঞ্চিত হয়। ইতিমধ্যে পৌর দপ্তর থেকে পৌরসভাগুলোকে টিউবওয়েল সারানো বাবদ টাকা দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই পঞ্চায়েত দপ্তরের কাছে, যে পি.এইচ.ই. তাদের যে পাইপ ওয়াটার সেটার ব্যবস্থা সঠিকভাবে রাখুক। পাশাপাশি গ্রাম পঞ্চায়েতগুলোকে—পশ্চিমবঙ্গের খরা প্রবণ এলাকার গ্রাম পঞ্চায়েতগুলোকে অতিরিক্ত ব্যয় বরাদ্দ করা হোক যাতে খরা মরসুমে টিউবওয়েলগুলো সচল থাকে এই আবেদন আপনার মাধ্যমে রাখছি।

শ্রী বিশ্বনাথ কারক : উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মারফত কৃষিমন্ত্রীর কাছে আমার আবেদন। পশ্চিমবাংলার হুগলী জেলায় আলু চাষ একটা বৃহৎ চাষ। সেখানে আলু চাষে ধসা রোগে আক্রান্ত হয়ে চাষীরা বিভ্রান্ত। আলুর যে ফলন সেই ফলন একেবারে নিম্নগামী। একবিঘা জমিতে এখন আলু হচ্ছে পার কাঠা হিসাবে আগে যেটা হত সেটা হল ৫-৬ বস্তা আলু। এখন

সেই আলু হচ্ছে ২.৫-৩ বস্তা। সেই আলুর দাম একেবারে কম এবং আলুর ফলনটাও কম। চাষীরা যেভাবে ঋণ নিয়ে এবং বিভিন্নভাবে তাদের জিনিসপত্র বন্ধক দিয়ে আলু চাষ করেছে সেই আলু লাভজনক অবস্থায় যায়নি। সেখানে হিসাব করলে দেখা যায় বর্তমানে আলুর দাম ২৫০-৩০০ টাকা চলছে। তাহলে তার দাম হয় ১৫ হাজার টাকা। যদি ৩০০ টাকা করে পার প্যাকেটে আলু বিক্রি হয় তাহলে তার দাম হয় ১৮ হাজার টাকা এক বিঘা জমিতে কিন্তু খরচ ১৭ থেকে ১৮ হাজার টাকা। তাহলে কিভাবে চাষীদের উপশম হবে, ঋণ মকুব হবে তার জন্য সরকার যদি কিছু ব্যবস্থা করেন। আমি এই কথা বলতে চাই, আলুর যখন দাম বাড়ছে তখন বর্ডার ঘেরাঘেরি হচ্ছে, বাজারে বাজারে ঘোরাঘুরি হচ্ছে। তখন বিভিন্ন রকম সমস্যা দেখা দিচ্ছে কিন্তু এই সময় চাষীদের স্বার্থে আলু চাষীরা যে দিশেহারা আলুর ধসা রোগে তার জন্য সরকার কি ব্যবস্থা করছে ? সেই ব্যবস্থা করলে চাষীরা উপকৃত হবে, ধন্যবাদ।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়ার মাধ্যমে আমি নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার সাহেববাঁধ একটি জাতীয় সরোবর হিসাবে ঘোষিত হয়েছে এবং এটা একটি পানীয় জলের প্রাণকেন্দ্র, ভ্রমণের প্রাণকেন্দ্র এবং পরিবেশেরও প্রাণকেন্দ্র। এই জায়গায় গোটা সাহেববাঁধটা কচুরিপানায় ভরে গেছে এবং প্রচণ্ডভাবে নোংরায় ভর্তি হচ্ছে। গত বছর জন্ডিস হয়েছিল, আপনারা হয়তো অনেকে জানেন না। সাহেববাঁধের জল টিনে করে বিক্রি করে মানুষ খায়। এই জায়গায় গত বছর তেইশ লক্ষ টাকার কচুরিপানা তোলা হয়েছে। এবছর আবার ভরে গেছে। মাননীয় মন্ত্রী মহোদয়, যদি এখনই আমরা ব্যবস্থা গ্রহণ না করি তাহলে এই যে গ্রীষ্ম আসছে, শহরে অনেক লোক জন্ডিস এবং আন্ত্রিক রোগে আক্রান্ত হবে। তার জন্য আমি বিশেষভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে এটাকে উদ্ধার করা হয় এবং যেসব রাস্তা-ঘাট, বিউটিফিকেশানের জন্য যে টাকা পড়ে আছে তার যাতে দ্রুত কাজ শেষ হয় তার জন্য অনুরোধ করে আমার কথা শেষ করছি।

ZERO HOUR

ম্যাডাম ডেপুটি স্পীকার : Now জিরো আওয়ার, ইন ব্রিফ বলবেন। সবাইকে অনুরোধ করা হচ্ছে।

শ্রী শাহজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ই ফেব্রুয়ারী জাতীয় মহিলা কমিশনের চেয়ারম্যান হাওড়া এবং লাভপুর—দুটি জায়গা পরিদর্শন করেছেন, ধর্ষিতাদের সঙ্গে কথাও বলেছেন এবং রাজ্য সরকারের আলস্যে উদ্বেগ প্রকাশ করেছেন। প্রথম কথা আদিবাসীদের জন্য বিশেষ ক্ষতিপূরণের ব্যবস্থা থাকা সত্ত্বেও রাজ্য সরকার এই আদিবাসীদের—ধর্ষিতাদের ক্ষতিপূরণের কোনো ব্যবস্থা করেননি। হাওড়ার আমতাতে মূল অপরাধী রঞ্জিত মণ্ডল—তাকে গ্রেপ্তারও করা হয়নি। স্বাভাবিকভাবেই এই ব্যাপারে সুপারিশ করেছেন। এই সুপারিশ যাতে কার্যকর হয় তার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করতে চাই। সারা রাজ্য জুড়ে আপনারা লক্ষ্য করছেন আদিবাসীরা এন.আর.ই.জি.এ.-এর কাজ থেকে কাজ হারাচ্ছে। জব কার্ড থাকা সত্ত্বেও তারা কাজ পাচ্ছে না। তাদেরকে নানাভাবে ভয় দেখানো হচ্ছে। তাদেরকে বলা হচ্ছে যে তৃণমূলে নাম না লেখালে তারা কাজ পাবে না। এই রকম জঘন্যতম রাজনীতি যারা করছে তাদের আমি শাস্তির দাবি করছি। সারা রাজ্যের যে সমস্ত দায়িত্ব ছিল আদিবাসীদের কাজে, সব থেকে কঠিন পরিশ্রম করে আদিবাসীরা। তারাই এই কাজ করতে ভালবাসে। অথচ তারা যাতে কাজ না পায়, তারা যাতে তৃণমূলে নাম লেখায় তার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছে। ফলে আদিবাসীরা কাজে যেতে সাহস পাচ্ছে না। এই বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য দাবি করছি।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্য যখন দেউলিয়া অবস্থায় তখন বিজ্ঞাপন, পাতা জোড়া বিজ্ঞাপন দেওয়া হচ্ছে, ঢাকী নিয়োগ করা হচ্ছে, অসত্য তথ্য সরকারের ফলাও করে খবরের কাগজে প্রচার করা হচ্ছে। জেলার তথ্য সংস্কৃতি দপ্তরকেও বলা হয়েছে যে অসত্য তথ্য পরিবেশন করবার জন্য। পশ্চিম মেদিনীপুর জেলার এই রকম তথ্য আধিকারিক দপ্তর আট লক্ষ টাকার পাতা জোড়া বিজ্ঞাপন, প্রতিদিন বের হচ্ছে, কোটি কোটি টাকার বিজ্ঞাপন বের হচ্ছে। বামফ্রন্টের আমলে তৈরি হওয়া স্কীম রঙ লাগিয়ে দিয়ে তাকে বলা হচ্ছে এই সরকারের আমলে হয়েছে। এই রকম....

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি একটি জরুরি বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী এখানে নেই তার জন্যই আমার কথাটা বলা। সারা রাজ্যব্যাপী আমাদের সামনে একটা ভীষণ সমস্যা। প্রাথমিক স্কুল থেকে একেবারে ইউনিভার্সিটি অব্দি শিক্ষকের ভীষণ অভাব। প্রায় লক্ষাধিক শিক্ষকের পদ খালি হয়ে আছে। প্রাথমিক স্কুলে পড়াশুনা হচ্ছে না, সেকেন্ডারিতেও হচ্ছে না, মাধ্যমিকেও হচ্ছে না। এই তিন বছর কলেজে কোনো নিয়োগ হয়নি। আমি নিজে একটা কলেজের চেয়ারম্যান, আমি জানি। সেই কলেজের জন্ম হয়েছে তিন বছর আগে। একটা ক্লার্কের নিয়োগও হয়নি, টিচার দূরে থাক। এই হচ্ছে অবস্থা। আর একজন মাত্র মন্ত্রী আছেন। আমাদের মন্ত্রী সংখ্যা এখন ৪৪ প্লাস ২৬, মানে প্রায় ৭০। ৭০ জন মন্ত্রী আছেন, আর একজন মন্ত্রী সমস্ত দায় ঘাড়ে নিয়ে বসে আছেন, তিনি পারছেন না। তিনি কার্যত পারছেন না স্বীকার করুন বা না করুন। যার ফলে রোজ মামলা মোকদ্দমা হচ্ছে। এটা না হলে ভীষণ ক্ষতি হবে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী শ্রী মণীশ গুপ্তর দৃষ্টি আকর্ষণ করছি। রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় ব্লকে ব্লকে পরিবার পিছু কৃষির কাজে বিদ্যুৎ সম্পন্ন হতে চলেছে। আমার বিধানসভা কেন্দ্রটি এই মুহূর্তে পশ্চিমবঙ্গে প্রথম বিধানসভা এবং ব্লক, যা গত মাসে কমপ্লিট

ইলেকট্রিফিকেশন হয়েছে। কিন্তু সমস্যা হচ্ছে সাব-স্টেশন না থাকায়। একটি মাত্র সাব স্টেশন, আর কোনো সাব-স্টেশন না থাকায় বিদ্যুৎ পরিবহণ এবং বিদ্যুতের এফেকটিভ ইউটিলিটি সার্ভিস ব্যাহত হচ্ছে। লোডশেডিং হয়ে যাচ্ছে। সেখানে ভোল্টেজ কমে যাচ্ছে। আর সবং বিধানসভা কেন্দ্র আপনি জানেন মহোদয়া বন্যাপ্রবণ এলাকা। এই বরো চাষটা খুব জরুরি আমাদের। এই বরো চাষের সময় যদি বিদ্যুতের স্টেবিলিটি না থাকে ইন সাপ্লাই অ্যান্ড সার্ভিস, কৃষকরা খুব ক্ষতিগ্রস্ত হয়। মাদুর চাষ আর ধান চাষ এই দুটোর উপর আমাদের জীবন জীবিকা। মাননীয় মন্ত্রী এই ব্যাপারে উদ্যোগ নিয়েছেন। কিন্তু এক বছর হয়ে গেল তিনি নির্দেশ দেওয়া সত্ত্বেও জেলা বিদ্যুৎ আধিকারিকগণ এবং বিদ্যুৎ দপ্তরের কর্মকর্তারা দুটো প্রপোজড সাব-স্টেশন, একটা বরোদা-মোহাড় এলাকায়, আর একটা দশগ্রাম। এখনও অবধি জমি চিহ্নিতকরণ করে কাজ খুব একটা বেশি এগোয়নি। অথচ এটা খুব জরুরি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মণীশ গুপ্ত মহোদয়কে জানাব তিনি উদ্যোগ নিয়েছেন, তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি কিন্তু এফেকটিভ ইমপ্লিমেন্টেশন এক বছর ধরে হচ্ছে না। আমি তাঁকে অনুরোধ করব এই বিষয়টি কৃষক স্বার্থে, চাষের স্বার্থে, মানুষের স্বার্থে দুটো সাব-স্টেশন যাতে অবিলম্বে হয় বরোদাতে এবং দশগ্রামে আপনার মাধ্যমে অনুরোধ রাখছি।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া ২০ জানুয়ারী উত্তর কন্যার শুভ উদ্বোধন, ১১ ফেব্রুয়ারী উত্তর কন্যায় মন্ত্রী সভার বৈঠক, ১২ ফেব্রুয়ারী মালবাজারে আদিবাসী এবং জনজাতিদের সমাবেশ—স্বাভাবিকভাবে উত্তরবঙ্গের মানুষের মধ্যে একটা আশার সঞ্চার করেছে। বারবিসা থেকে শুরু করে বালুরঘাট পর্যন্ত মানুষ বিশ্বাস করতে শুরু করেছে যে উত্তরবঙ্গের প্রতি সরকার দৃষ্টি দিচ্ছে। উত্তরবঙ্গ ৬টি জেলা নিয়ে বিস্তৃত এবং সেই ৬টি জেলার ভেতরে জলপাইগুড়ি বাদ দিলে বাকি সবগুলি জেলার গড়পড়তা আয়তন তিন হাজার বর্গকিলোমিটার, সেখানে জলপাইগুড়ির আয়তন সোয়া ৬ হাজার বর্গ কিলোমিটার। বাকি জেলাগুলোর জনসংখ্যা গড়পড়তা ২০ লক্ষ, জলপাইগুড়ি জেলার ৩৮ লক্ষ। জলপাইগুড়ি জেলার বারবিসা থেকে সদরে আসতে হয়, যদি জেলা শহরে আসতে হয় তাহলে ২৫০ কিলোমিটার পথ অতিক্রম করে আসতে হয়। জলপাইগুড়ি জেলার এই বিশালতাকে স্বীকৃতি দিয়ে, গুরুত্ব অনুভব করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কোচবিহার থেকে ঘোষণা করেছিলেন যে ২০১২ সালের নভেম্বরের মধ্যে আলিপুরদুয়ার মহকুমাকে জেলার স্বীকৃতি দেওয়া হবে। ২০১২ নভেম্বরে জেলার স্বীকৃতি হয়নি। আলিপুরদুয়ারের মানুষ প্রত্যাশা করছে যে নিশ্চয়ই এই দাবি পুরিত হবে। পরবর্তীকালে পঞ্চায়েত নির্বাচন চলাকালীন মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন পঞ্চায়েত নির্বাচনের পরে আমরা আলিপুরদুয়ারকে জেলার স্বীকৃতি দেব। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাতে চাই উত্তরবঙ্গের প্রতি যখন বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে, উত্তরবঙ্গের মানুষের মধ্যে যখন প্রত্যাশা সৃষ্টি করা হচ্ছে, তখন আলিপুরদুয়ারের দীর্ঘদিনের দাবি, ন্যায়সঙ্গত দাবি, আলিপুরদুয়ারের মানুষের আবেগ—তাকে স্বীকৃতি দিয়ে অবিলম্বে আলিপুরদুয়ারকে জেলা হিসেবে ঘোষণা করা হোক।

(এখন রিসেস, আমরা ১.৩০ মিনিটে মিলিত হব)

[1.30–1.40 p.m. (after recess)]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল বিধানসভার বাজেট অধিবেশনের সূচনা উপলক্ষে সংবিধানের নিয়ম অনুযায়ী যে বক্তব্য এখানে উপস্থাপিত করেছেন এবং রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, আমি সেই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই।

আমাদের সংবিধানের রীতি অনুযায়ী এই ভাষণটা রাজ্য সরকারের ভাষণ, যেটা রাজ্যপালকে পড়তে হয়। কিন্তু তা হলেও মূল বক্তব্য বিষয় হচ্ছে, এই ভাষণের ভিতর থেকেই রাজ্যের একটা সামগ্রিক বাস্তব চিত্র ফুটে ওঠার কথা। আইন-শৃঙ্খলার দিক থেকে, উন্নয়নের দিক থেকে এবং গণতান্ত্রিক অধিকার মানুষের কতখানি রক্ষিত হচ্ছে কি লঙ্ঘিত হচ্ছে, সেসব দিক থেকে একটা বাস্তব চিত্র ফুটে ওঠার কথা। কিন্তু আমরা দেখছি যে, এই তিনটে বিষয়ে, যেমন আইন-শৃঙ্খলা যেটা বলা হচ্ছে—ওভার অল সন্তোষজনক। বাস্তব চিত্রটা কি তাই ? রাজ্যে যেভাবে সমাজবিরোধীদের দৌরাত্ম্য দিনের পর দিন বাড়তে শুরু করেছে—আপনারা বলবেন যে, ঘটনা ঘটে গেছে, পুলিশ অ্যাকশন নিচ্ছে। হ্যাঁ, হতে পারে, তবে সেটা বড় কথা নয়, সেটা আইন অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। কিন্তু তার সাথে সাথে এই প্রশ্নটা কি আসবে না যে, একের পর এক, সিরিজের পর সিরিজ যেভাবে অপরাধমূলক কাজ ঘটে যাচ্ছে, নারী নির্যাতনের ঘটনা ঘটে যাচ্ছে, তাকে প্রশমিত করা, দমন করা যাতে এই ঘটনাগুলো এই ভাবে ব্যাপক আকারে ঘটতে না পারে ? সেটাকে বন্ধ করার জন্য সরকারের তরফ থেকে যে কঠোর মনোভাব সমাজবিরোধীদের উদ্দেশ্যে গ্রহণ করা উচিত ছিল সেখানে একটা শব্দও, একটাও সতর্কবাণী বা কঠোরবাণী সমাজবিরোধীদের উদ্দেশ্যে সরকারের পক্ষ থেকে উচ্চারিত হয়নি যে, এরপর থেকে যদি এই ধরনের ঘটনা হয় তাহলে প্রশাসন, পুলিশ তাদের রেয়াত করবে না। একটু ফোঁস-ফাঁস করার প্রয়োজন তো আছে। আমি বুঝতে পারছি না কোথায় গোলমালটা হচ্ছে বা কোথায় অসুবিধা হচ্ছে। অথচ দেখা যাচ্ছে নারী নির্যাতন রাজ্যে যে ভাবে, যে হারে বেড়ে যাচ্ছে তাতে সারা ভারতবর্ষের মধ্যে এই অপরাধমূলক কাজের ক্ষেত্রে আমরা প্রথম স্থানের দিকে চলে যাচ্ছি। এটা রাজ্যের গৌরব বৃদ্ধি করে না। এটা রাজ্যের পক্ষে অত্যন্ত দুঃখজনক, অত্যন্ত লজ্জাকর। আমরা চাইব রাজ্য সরকার আরও আন্তরিকভাবে এই আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে কঠোরভাবে মোকাবিলা করার চেষ্টা করবেন। দৌরাত্ম্য কোথায় হচ্ছে না ? শুধু নারী নির্যাতনের ক্ষেত্রই নয়, কাগজ খুললে দেখা যাবে যে অটোওয়ালারা দৌরাত্ম্য করছে। কলেজে কলেজে বিশৃঙ্খলা হচ্ছে। মারামারি হচ্ছে। রাজ্যপাল তখন ব্যক্তিগতভাবে যে মন্তব্য করেছেন বিভিন্ন ঘটনা ঘটার সময়ে আর তাঁর এই বক্তৃতার মধ্যে যে মনোভাব প্রকাশিত হয়েছে এই দুটো মনোভাবের মধ্যে একটা বিরাট ফারাক রয়েছে। সুতরাং এই সরকার, মানুষ যেটা চায় একটা সরকারের কাছ থেকে, প্রথম যে জিনিসটা চায়, যে, সে যাতে নিরাপদে, নিশ্চিন্তে বসবাস করতে পারে। আইন-শৃঙ্খলা যাতে বজায় থাকে তার চেষ্টা করা। কিন্তু সেই ক্ষেত্রে এই সরকারের সাফল্য সম্পর্কে

শুধু আমাদের নয় দেশের জনগণের, সাধারণ মানুষের যারা নিরপেক্ষ মানুষ, বুদ্ধিজীবী, সুশীল সমাজ তাদের প্রত্যেকের মনে এই সরকারের কাজকর্ম সম্পর্কে একটা প্রশ্ন, একটা সংশয় দেখা দিয়েছে। দ্বিতীয় হচ্ছে গণতান্ত্রিক অধিকার রক্ষা করা। এই গণতান্ত্রিক অধিকার রক্ষা করার ক্ষেত্রে দেখা যাচ্ছে সেখানেও আমাদের বক্তব্য আছে। হ্যাঁ, গণতান্ত্রিক অধিকার রক্ষিত হয়েছে কার ? হয়তো এক শ্রেণীর মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষিত হচ্ছে। আর এক শ্রেণীর মানুষের গণতান্ত্রিক অধিকার লঙ্ঘিত হচ্ছে। একটা গণতান্ত্রিক রাষ্ট্রে বহু দলের সমাবেশ থাকবে, প্রত্যেকে যে যার মতামত ব্যক্ত করতে পারবে। কিন্তু যদি প্রশাসন রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে কাজ পরিচালনা করে তাহলে সেখানে গণতান্ত্রিক অধিকার লঙ্ঘিত হচ্ছে। পঞ্চায়েত নির্বাচনে যেভাবে ঘটনা ঘটে গেছে আমরা সকলে জানি। অতএব এটা আমাদের মনে রাখা দরকার। তিন নম্বর যে কথাটা বলছিলাম সেটা হচ্ছে দুর্নীতি এই সময়ে দ্রুত ছড়িয়ে পড়ছে। তোলাবাজি টাজি এদিকে আমি যাচ্ছি না। সারদা কাণ্ড যে ভাবেই রাজ্যের অর্থনীতিকে একটা ভয়ঙ্করভাবে আঘাত করেছে এটা একটা কঠিন ব্যাপার এবং সেইটাকে নিয়ন্ত্রণ করার জন্য যে ব্যবস্থাগুলো গ্রহণ করা হচ্ছে সেটা কিন্তু আমাদের মনে হয় তাদের আড়াল করার চেষ্টা করা হচ্ছে। সুতরাং এই রাজ্যপালের ভাষণে অনেক প্রত্যাশার কথা বলা আছে, অনেক কথা রেখে ঢেকে বলা হয়েছে। তাই এই ভাষণে রাজ্যের প্রকৃত চিত্র উন্মোচিত হয়নি এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমেই মাননীয় রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন গত ১০ই ফেব্রুয়ারী যে ভাষণ দিয়েছেন এবং যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা নিবেদন করছি। প্রবোধদা সিনিয়র মেম্বার এবং দীর্ঘকাল আছেন কিন্তু দুর্ভাগ্যের বিষয় তিনি দীর্ঘকাল ধরে যে ভাবে কথা বলে এসেছেন তার থেকে একটুও বেরোতে পারলেন না এবং সেই একই বুলি তিনি কপচালেন। আমি শুধু একটি ঘটনার কথা জিজ্ঞাসা করি যে এম.এল.এ. হোস্টেলে খুন কোন সালে হয়েছিল ? কে খুন করেছিলেন ? তারা কোথায় আছেন এবং সেই খুনটাকে পশ্চিমবাংলায় কতভাবে, কিভাবে প্রচার করা হয়েছিল ? কিভাবে সেই খুনের কিনারা হয়েছিল ? মাননীয় রাজ্যপালের ভাষণকে আমরা ঐতিহাসিক দলিল বলে নন্দিত করতে পারি। শুধু ঐতিহাসিক নয় এটা অভিনব। স্যার, অভিনব এই জন্যই যে রাজ্যের একটি সার্বিক উন্নয়নের চিত্র এখানে অঙ্কিত। খুব সঙ্গতভাবেই মাননীয় রাজ্যপাল এই উন্নয়নের কাণ্ডারী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কর্মদক্ষতার দিকটি তুলে ধরেছেন।

[1.40–1.50 p.m.]

স্যার, একটা কথা আছে 'আপনি আচরি ধর্ম অপরে শিখাও'। যে কায়িক পরিশ্রম করে পাহাড় থেকে সাগর মাননীয়া মুখ্যমন্ত্রী উন্নয়নের প্রশ্নে বাংলাকে সোনার বাংলাতে রূপান্তরিত করার প্রশ্নে ঘুরে বেড়াচ্ছেন, এক একটি জেলাতে তিন তিনবার গিয়ে সেবা পরিষেবার তদারকি করছেন, তাতে সার্বিকভাবে সঠিকভাবেই রাজ্যপাল বললেন This

has never happened in the past, এটা অভূতপূর্ব। এই প্রথম কোনও মুখ্যমন্ত্রী জেলায় জেলায় তিনবার করে গিয়ে আধিকারিকদের সচেতন করছেন। মানুষকে সচেতন করছেন। তাঁর কর্মব্যস্ত জীবনের মধ্য দিয়ে তিনি প্রমাণিত করছেন যে তিনি বাংলার মানুষের সুখ দুঃখের অংশীদার। বিগত সরকার একটা স্লোগান তুলেছিলেন 'do it now'। বারোটার সময়ে সরকারী কাজকর্মের বারোটা বাজাতে বাজাতে বুকের মধ্যে প্ল্যাকার্ড ঝুলিয়ে কো-অর্ডিনেশানের নেতা, তিনি স্লোগান তুললেন 'do it now'। আর অজস্র মানুষ তার কাজের জন্য তার কাজ পাবার জন্য পরিষেবা পাবার জন্য হন্যে হয়ে ঘুরে বেড়ালেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বললেন এইসব হবে না। আধিকারিকদের হাতে অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার ধরিয়ে দিয়ে বললেন এই কাজের জন্য এই সময়সীমা বেঁধে দিলাম। কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন না হলে জবাবদিহি করতে হবে। বিধানসভায় এইজন্য বিল পাশ হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারী পরিষেবা অধিকার আইন তাকে কার্যকর করতে মাননীয়া মুখ্যমন্ত্রী এই অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার চালু করেন। এই উদ্যোগ এই দক্ষতা অভিনব। স্যার, বাড়ী ভেঙে পড়েছে। নজর নেই। বিপজ্জনক বৈদ্যুতিক অবস্থা, হুঁশ নেই। নথিপত্র নষ্ট হয়ে যাচ্ছে। তাকে রক্ষা করার কোনো আগ্রহ নেই। বিগত সরকারের এই শৈথিল্য এই উদাসীনতার ফল ভোগ করতে হয়েছে রাজ্যবাসীকে। তাদের খেয়াল ছিল কোনদিকে ! তাদের আলিমুদ্দিনের অফিসটা যেন ঝাঁ চকচকে হয়। তাদের খেয়াল ছিল কোনদিকে ! সি.পি.আই.এম. নেতাদের বসার গদিগুলি যেন আরামদায়ক হয়। নিরাপদ আশ্রয়ে যেন তারা থাকেন। চুলোয় যাক রাজ্যবাসী এবং চুলোয় যাক জনগণ। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এইভাবে চলতে শেখেননি। তাই বললেন রাইটার্স মেরামত হোক। নবান্নে সাময়িকভাবে রাজ্য সরকারের কার্যালয় স্থানান্তরিত হোক। মাননীয় রাজ্যপাল বললেন My Government has taken a historic decision. একটা ঐতিহাসিক সিদ্ধান্ত মমতা বন্দ্যোপাধ্যায় গ্রহণ করেছেন। বর্তমান রাজ্য সরকার গ্রহণ করেছেন। অপরদিকে উত্তরবঙ্গে উত্তরকন্যার উদ্বোধন এই সাফল্যের স্বর্ণদুয়ারকেই উন্মোচিত করেছে। এইসব ভাবনা দাম্ভিক বামফ্রন্টীয় মুখ্যমন্ত্রীদের কল্পনাতেও আসেনি। সাফল্য এখানেই। বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের প্রশ্নে তার প্রয়াস যেমন অব্যাহত, ঠিক তেমনি এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে রেজিস্টার্ড যুবক যুবতীদের মাসে ১৫০০ টাকা করে আর্থিক সহায়তা দিচ্ছেন এই সরকার। একলক্ষ কর্মপ্রার্থী এই সহায়তা পাচ্ছেন। সাড়ে সাত লক্ষ অসংগঠিত শ্রমিককে প্রভিডেন্ট ফান্ডের আওতায় আনা হয়েছে। তাদের সামাজিক মুক্তি নামে স্মার্ট কার্ড দেওয়া হয়েছে। কিসের সহায়তা পাবেন তারা—(১) দুর্ঘটনাজনিত তাদের মৃত্যু হলে, (২) চিকিৎসার ক্ষেত্রে, (৩) লেখাপড়ার জন্য—আর্থিক সহায়তা বৃদ্ধি করা হয়েছে। স্যার, পূর্ববর্তী সরকারের সঙ্গে বর্তমান মা-মাটি সরকারের মানুষের সঙ্গে একটা পার্থক্য আছে। পার্থক্যটা হচ্ছে গতির। পূর্বতন সরকারের ছিল অধোগতি। আর বর্তমান সরকারের উর্ধ্বগতি। বর্তমান সরকারের এই উর্ধ্বগতি এই উন্নয়নের গতি পশ্চিমবাংলায় এর আগে দেখা যায়নি। এই গতি আর্থিক বৃদ্ধির ক্ষেত্রেও সর্বভারতীয় গড়ের থেকেও বেশি। সবচেয়ে বড় কথা দু লক্ষ কোটি টাকার উপরে ঋণের বোঝা চাপিয়ে দিয়ে গেলেন বামফ্রন্ট সরকার। বর্তমান সরকারের অগ্রগতিকে

কিন্তু তাতেও ঠেকানো সম্ভব হল না। দু হাজার বারো তেরো সালের স্টেট প্ল্যান, আর্থিক বর্ষের ফার্স্ট কোয়ার্টারেই ৭৫% টাকা বিভিন্ন দপ্তরের জন্য রিলিজ করে দিলেন, যা এর আগে কোনো সরকার করতে পারেননি। উন্নয়নের একটা দিশা থাকা চাই। বামফ্রন্ট সরকার সেই দিশা স্যার দেখাতে পারেনইনি। বরং বেশি মনোযোগ ছিল কোন বিরোধীদের হত্যা করবেন, কার ঘরে আগুন লাগাবেন, কাকে মেরে ফেলে মাটির তলায় পুঁতে কঙ্কাল বার করে দেবেন। স্বাভাবিকভাবে স্যার রাজ্যের অর্থনীতিকে তারা পঙ্গু করে দিলেন। স্যার, আর একটা উল্লেখযোগ্য বিষয় হল—দু লক্ষের উপরে Vital posts needed in Health, Law and Order, Agriculture. ক্ষেত্রগুলিতে নিযুক্ত করা। ৪০,০০০ পুলিশ কর্মী, ১ লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ, ভল্যানটিয়ার্স নিযুক্ত করে পুলিশের লোকবল বাড়ানো হয়েছে। সঙ্গে সঙ্গে বেকার সমস্যার সমাধানের জন্য সক্রিয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্যার, সঙ্গে সঙ্গে স্পেশাল অপারেশনস্ গ্রুপ গঠন করে নিরীহ মানুষের ওপর যাতে হিংসার কাজ না চলে, অত্যাচার যাতে বিপথগামী মানুষ করতে না পারেন, সেই জন্য ব্যবস্থা নিয়েছে এই সরকার। বর্তমান মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন এনেছেন। একদিকে শিক্ষিত বেকার যুবকদের চাকরির বন্ধ দুয়ার খুলে দিলেন, অপরদিকে যে বিদ্যালয়গুলি বামফ্রন্ট সরকারের শাসনকালে বামফ্রন্ট সরকারের মতোই স্যার পঙ্গু হয়ে গিয়েছিল, সেই বিদ্যালয়গুলোর শূন্য পদ পূরণ করে শিক্ষক-শিক্ষিকার অভাব পূরণ করছেন। সব মিলিয়ে ৯০ হাজার শিক্ষক-শিক্ষিকা নিয়োগের কাজ চলছে। ছাত্র-ছাত্রীদের উপকারে এই সরকারের অগ্রণী ভূমিকা কেউই স্যার অস্বীকার করবেন না। তাই ১ হাজার স্কুলকে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকে উন্নীত করেছেন। ৩৯ হাজার ৬১৩টা অ্যাডিশনাল ক্লাস রুম করা হয়েছে। ১০ হাজারের মতো বয়েজ অ্যান্ড গার্লস টয়লেট নির্মাণ করা হয়েছে। ৯০০-র ওপর ড্রিংকিং ওয়াটারের জন্য টিউবওয়েল বসানো হয়েছে, বিনা মূল্যে বই বিতরণ করা হয়েছে। স্কুলে স্কুলে কম্পিউটার শিক্ষার সম্প্রসারণ করা হয়েছে, মডেল স্কুল করা হয়েছে, জঙ্গলমহলে—গোপীবল্লভপুর, ওন্দা, ছাতনা, মেজিয়াতে ক্লাস শুরু হয়েছে, ১১টা পিছিয়ে পড়া জেলায় ১০৫টা গার্লস হোস্টেল করা হয়েছে, ২৩টা নতুন স্কুল বিল্ডিং করা হয়েছে, আর.টি. অ্যাক্ট—রাইট টু এডুকেশন অ্যাক্ট—যাতে কার্যকরী হয়ে ওঠে, তার জন্য রাইট্ টু এডুকেশন প্রোটেকশন অথরিটি এবং স্টেট অ্যাডভাইসারি কাউন্সিল গঠন করা হয়েছে, প্রায় ৪৫ লক্ষ বাই-সাইকেল দেওয়া হয়েছে শুধুমাত্র জঙ্গলমহলের এলাকার ছাত্র-ছাত্রীদের। স্যার, আরেকটা কথা জানাই, মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবার প্রাইমারির ছাত্র-ছাত্রীদের হাতে যে বই উপহার দিয়েছেন, তাতে ভিন্ন রাজ্য থেকে আবেদন আসছে, কিভাবে এটা সম্ভব হয়েছে তা জানবার জন্য। আজ মমতা বন্দ্যোপাধ্যায়ের এই যে উদ্যোগ, এই উদ্যোগে এটাই প্রমাণিত হয়েছে—হোয়াট বেঙ্গল থিংস টু'ডে, ইন্ডিয়া থিংস টুমরো। অভিনবত্ব তো স্যার আরও আছে। কোনোদিন বামফ্রন্ট সরকার এসব ভেবে দেখেনি। ৮৮৪ জন অলচিকি, সাঁওতালি প্যারা টিচারকে নিযুক্ত করা হয়েছে। এই আদিবাসীদের কথা বামফ্রন্ট কোনোদিন এমন ভাবে ভাবতেই পারেননি। আমরা বলব স্যার। কলেজের ক্ষেত্রেও যুগান্তকারী সিদ্ধান্ত

নিলেন মমতা ব্যানার্জীর মা-মাটি-মানুষের সরকার। ছাত্র ভর্তির জন্য উচ্চশিক্ষা ক্ষেত্রে জেনারেল সিট না কমিয়েও রিজার্ভেশন করা হয়েছে। এক বছরের মধ্যে ৪টি বিশ্ববিদ্যালয় স্থাপন—এটা বামফ্রন্ট সারা জীবনে কল্পনা করতে পারেনি। ৩৪ বছরের ইতিহাসে এইরকম একটা লক্ষণও দেখা যায়নি যে, তারা কোনোভাবে বিশ্ববিদ্যালয় একটি বছরে ৪টি করবেন। সারা পূর্বভারতের মধ্যে প্রথম বিশ্ববিদ্যালয় মহিলাদের জন্য করলেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জে করলেন, বাঁকুড়ায় বিশ্ববিদ্যালয় করলেন, আসানসোলে কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় করলেন। এই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলো বাংলার গৌরবোজ্জ্বল অধ্যায়কে স্মরণ করায়। নিউ টাউনে প্রস্তাবিত সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস তৈরি—এসব অনেকে কল্পনাই করতে পারছে না। স্যার, কলেজে যে নিয়ম ছিল অবরুদ্ধ, তার দুয়ারোম্মচন করলেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং বললেন যে, না, কলেজে কলেজে এই যে শিক্ষকের অভাব, সেই অভাবকে পূর্ণ করতে হবে। তালিকা প্রকাশ হতে শুরু করেছে। গত পরশু দিনই স্যার, একটা তালিকা বেরিয়ে গেছে বামফ্রন্টের বন্ধুদের মুখে ছাই দিয়ে। যে লিস্টটা জেনারেল ডিগ্রি কলেজ স্থাপনের জন্য প্রশাসনিক কাজ-কর্ম শুরু হয়েছে। প্রাইভেট ইউনিভার্সিটি গঠনের জন্য নীতি গৃহীত হয়েছে এবং তার বাস্তবায়ন শুরু হয়েছে। শুধু এখানেই শেষ নয় স্যার। স্বামী বিবেকানন্দ—ডাব্লু.বি. গভর্নমেন্ট মেরিট-কাম-মিন্স স্কলারশিপ স্কিম, এটা স্বামী বিবেকানন্দের নামে অর্পিত করা হয়েছে, উৎসর্গীকৃত করা হয়েছে স্বামীজির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য। স্যার, বলতে গেলে সারা দিনেও এই ইতিহাস ফুরোবে না। আজকে সাধারণ যে দরিদ্র মানুষ, গরীব মানুষ, যারা কলকাতার হাসপাতালে হাসপাতালে ছুটে বেড়াত, আমাদের প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী—তার কাছে বহু আবেদন-নিবেদন করেও যে ফিজ্, সেই ফিজ্ কমাতে পারতাম না।

[1.50–2.00 p.m.]

কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, জেলায় জেলায় এই হাসপাতালগুলিতে এম.আর.আই. এর সুবিধা থাকবে, জেলায় জেলায় এই হাসপাতালগুলিতে স্ক্যানের ব্যবস্থা থাকবে। অর্থাৎ এই সুবিধাগুলি সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে হবে। টেকনিকাল এডুকেশানের ক্ষেত্রেও স্যার, যুগান্তকারী বিপ্লব সাধন করেছে এই সরকার। আপনারা জানেন স্যার, কন্যাশ্রী—এই কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে বামফ্রন্টের কিছু কিছু জায়গায়, কিছু কিছু ক্ষোভ যে ফর্ম পাচ্ছে না কিন্তু যখন ফর্ম গেল তখন আর কথা বলছেন না। যখন মেয়েরা এই ফর্ম পূরণ করে তাদের অধিকারকে প্রতিষ্ঠিত করবার জন্য এগিয়ে গেল তখন কিন্তু কথা বলছেন না। যখন তারা দেখলেন যে এই ২৫ হাজার টাকা ১৮ বছর পর তার অ্যাকাউন্টে সরাসরি ঢুকে যাবে এই ব্যবস্থা করলেন মমতা বন্দ্যোপাধ্যায় তার কথা বলছেন না। শুধু তাই নয় স্যার, এই প্রকল্পের উপকারিতা সেই উপকারিতা সম্পর্কে আমরা সবাই অবহিত। শুধু তাই নয় স্যার, নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন, দার্জিলিং পাহাড়ে পালনের সিদ্ধান্ত উৎসাহব্যঞ্জক। স্যার, আমরা জানি কার্সিয়াং-এর গিদ্যা পাহাড়ে সুভাষচন্দ্রের ঐতিহাসিক বক্তৃতা রচনা হয়েছিল। ভগিনী নিবেদিতার প্রতি শ্রদ্ধা নিবেদিত হয়েছে, দ্বিজেন্দ্রলাল রায়ের প্রতি শ্রদ্ধা নিবেদিত হয়েছে।

আমরা জানি স্যার, এই সরকার গরীব মানুষের অধিকার দিয়েছেন। অধিকার—বাড়ি করবার জন্য বি.পি.এল., এ.পি.এল. সমস্ত মানুষকে সংযোজিত করে তাদের উপকার সাধনে চেষ্টা করছেন। তাই এই রাজ্যপালের ভাষণ বাংলার উন্নয়নের চিত্রকেই প্রতিফলিত করেছে। এবং আমরা বিশ্বাস করি এই রাজ্যপালের ভাষণে বাংলার সার্বিক উন্নয়নের চিত্র প্রতিফলিত। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যে উদ্যম সেই উদ্যমের কথা প্রতিফলিত। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন, পেশ করেছেন ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের প্রেক্ষাপটে আলোচনা চলছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় পশ্চিমবঙ্গ বিধানসভার একটা ইতিহাস, কৃষ্টি, ঐতিহ্য রয়েছে। It is the pioneer institution in India. যা বিধানসভার মধ্য দিয়ে সংবিধানকে, সংবিধানের অধিকারকে, তার প্রেক্ষাপটকে জনগণের প্রতিনিধিদের দ্বারা আলোকিত হয়, উদ্ভাসিত হয়, প্রতিষ্ঠিত হয়। The custodian, Hon'ble Speaker—আপনি। মাননীয় রাজ্যপাল কি বলেছেন কি বলেননি, রাজ্য সরকারের তৈরি ভাষণের কতটা অতিরঞ্জিত, কতটা সত্য, কতটা অসত্য এই নিয়ে বিচার বিবেচনা মাননীয় সদস্যরা করছেন। আমিও ভাগ নেব। কিন্তু আমার কাছে যেটা মূল বিষয়বস্তু সেটা হল, এই পবিত্র সভার কনভেনশান, এই পবিত্র সভার আদি অনন্তকাল ধরে যে প্রথা সেগুলো লঙ্ঘিত হচ্ছে, না লঙ্ঘিত হচ্ছে না। বজায় থাকছে, না বজায় থাকছে না। এটা একটা গুরুত্বপূর্ণ পর্যালোচনার প্রেক্ষাপট তৈরি করেছে বাংলার মাটিতে। আমি এই বিষয় আলোকপাত করতে চাই প্রথমে তারপর অন্য বিষয় আসব। Hon'ble Chief Minister is the Leader of the House. The opposition Leader ডাঃ সূর্যকান্ত মিশ্র ডানদিকে বসে আছেন। আমরা দ্বিতীয় দল। সরকারে ছিলাম একসঙ্গে হাত ধরে ভোট করেছিলাম জোট করে। তারপরে আপনারা চলে গেলেন শাসক দলের নেতৃত্ব। আমরাও বেরিয়ে এলাম ২২শে সেপ্টেম্বর ২০১২। তারপর আমরা এই দিকের আসনে বসে সরকারের ভালো কাজের সমর্থন করি, খারাপ কাজের সমালোচনা করি, সাহায্য করি, দেখিয়ে দেওয়ার চেষ্টা করি। বিরোধিতার জন্য বিরোধিতা কখনও কংগ্রেস করেনি, কমিউনিস্টদের মতো। কক্ষণও করে না। ৩৪টা বছর তো বাংলাকে কালো অঙ্গারে পরিণত করেছেন। তারই পরিবর্তন করেছিলাম তো আমরা একসঙ্গে হাত ধরে। কিন্তু শাসকদল বললেন যে না, আমরা ১৮৫ আছি, দরকার নেই। আমরা বেরিয়ে এলাম, বেরিয়ে এলাম। আমরা কিন্তু কাউকে, (নয়েজ)

মিঃ স্পীকার : Please, ওনাকে disturb করবেন না। ওনাকে বলতে দিন, Please.

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : আমি আমার সংসদীয় জীবনে চিফ মিনিস্টার জ্যোতি বোসকে দেখেছি, আমি আমার সংসদীয় জীবনে চিফ মিনিস্টার বুদ্ধদেব ভট্টাচার্যকে দেখেছি, আমি ছাত্র জীবনে দূর থেকে প্রফুল্ল সেনকে দেখেছি, একবার বাবার সঙ্গে ডাক্তার দেখাতে

এসেছিলাম বিধানবাবুকে দেখেছি, অজয় মুখার্জীকে দেখেছি—তার পরিণতিও দেখেছি, সিদ্ধার্থবাবুকে দেখেছি, সিদ্ধার্থবাবুর সঙ্গে বিরোধীদলে থেকে কাজ করেছি। এখন ম্যাডাম, চিফ মিনিস্টার, রেসপেক্টেড মমতা বন্দ্যোপাধ্যায়কে দেখছি। হচ্ছেটা কি ? Why she is avoiding House ? Why she is avoiding House ? এই হাউসে মমতা বন্দ্যোপাধ্যায় মাননীয়া মুখ্যমন্ত্রী যদি ওঁর আসনটায় বসে থাকেন, এই হাউসটা উজ্জ্বল হয়। এটা শাসকদলের বোঝা উচিত। এখন, (নয়েজ) শুনুন না। আমরা চাই এবং আপনার কাছে বিনীত প্রার্থনা করব as a Speaker and custodian of the House. Please, direct the Leader of the House to be present during the Assembly session. (নয়েজ) এটাই constitutional commitment adherence, responsibility and commitment. No one can avoid the responsibility and commitment and adherence of the constitution–No one. এই জায়গাটায় দাঁড়িয়ে আমার দলের পক্ষ থেকে আপনার কাছে বিনম্র প্রার্থনা করব হাউসের convention বজায় যেন থাকে। BA Committee-র সিদ্ধান্ত হয়েছে। আমরা সেই নিয়ে debate করতে পারি না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্বাধীনতার পর এই হাউসের ইতিহাস যদি পর্যালোচনা করেন, পাশাপাশি অঙ্গরাজ্যগুলোর ইতিহাস যদি পর্যালোচনা করেন, Can anyone cite one example ? But on the day of submission of budget the reply of the Chief Minister and Leader of the House on Governor's address is tabled ? And allowed ? And took part ? Answer is–no. কিন্তু এই হাউসে হতে চলেছে। হচ্ছেটা কি ? কেন হবে ? কেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই convention-কে break করবেন ? কেন করবেন ? এই প্রার্থনা আপনার কাছে আমরা রাখতে পারি না ? আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আমরা দাবি পেশ করতে পারি না যে, Hon'ble Chief Minister, please be present. Reply on the day of last on Governor's address. Don't take part in the debate on the day of submission of the budget. আমরা আবার বলছি, মহামান্য অধ্যক্ষ আপনি ভাবুন, চিন্তা করুন, সিদ্ধান্ত নিন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন, its a prepared document of the government. It is a convention of the constitution. রাজ্যপাল কখনওই এটা avoid করতে পারেন না আমরা জানি। সেটা নিয়ে কোনো বিতর্ক করছি না। অনেক কাজ করেছেন মুখ্যমন্ত্রী, আমি অস্বীকার করছি না। চেষ্টা করছেন, অস্বীকার করছি না। প্রতিবন্ধকতা আছে, অস্বীকার করছি না। কষ্ট আছে, অস্বীকার করছি না। টাকা-পয়সার জটিলতা আছে, অস্বীকার করছি না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে কি এই প্রশ্ন রাখতে পারি, পশ্চিমবঙ্গের বিধানসভায় ২৯৪ জন বিধায়ক। এলাকাভিত্তিক, জেলাভিত্তিক তিনি যখন জেলায় জেলায় ঘুরে মিটিং করছেন, unprecedented, সিদ্ধার্থবাবু একটু করতেন। ইনি অনেক করছেন। ভালো। কিন্তু জেলায় গিয়ে যখন উনি প্রশাসনিক বৈঠক করেন, সেই জেলার বিধায়কদেরকে কি উনি ডাকেন ? হ্যাঁ ডাকেন। শাসকদলের, বিরোধীদলের কাউকে ডাকেন না। কেন হবে এটা ?

[2.00–2.10 p.m.]

উত্তর দেবেন, কেন এটা হবে ? কেন, হবে ? আমরা সেই অবস্থা থেকে বেরিয়ে আসতে পারি না যে মুখ্যমন্ত্রী সবাইকে ডাকছেন, আলোচনা করছেন। নাম্বার টু,-ইয়েস, ইয়েস— prerogative of the Chief Minister. It is not fair democratically। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আইনশৃঙ্খলা নিয়ে অনেক বিতর্ক হয়ে গেছে। আমি রিপিট করতে চাই না। শুধু একটা কথা বলব। মাননীয় রাজ্যপাল বলেছেন, Peaceful conduction of Panchayat election। ইট ইজ ট্রু ? আমার কাছে ডকুমেন্ট আছে। ২০০৮ সালে ডঃ সূর্য্যকান্ত মিশ্রদের রাজত্বে পঞ্চায়েত নির্বাচনে ৪০ জন খুন হয়েছিল। ফর্টি, রেকর্ডেড। রেকর্ডেড, রেকর্ডেড। রেকর্ডেড মার্ডার ফর্টি। ৪০ জন খুন হয়েছিল ওদের রাজত্বে। এই সূর্য্যকান্ত মিশ্র মহাশয়দের রাজত্বে। ২০০৯-তে পার্লামেন্ট ইলেকশান, মার্ডার নীল। ২০১১ বিধানসভার নির্বাচন একটি খুন। ২০১৩ পঞ্চায়েত নির্বাচন, ৬০ জন, সিক্সটি। রেকর্ডেড ডেথ সিক্সটি। এটা পীসফুল ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, সারা পশ্চিমবঙ্গে uncontested winning seats by the ruling party is 11.36% and in South Bengal particularly 16.43%. Is it peaceful democratic election ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু মাত্রাতিরিক্ত অসত্য ভাষণ হয়ে গিয়েছে। মাত্রাতিরিক্ত অসত্য ভাষণ হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, উত্তরকন্যা, আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রীকে। অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি যে দীর্ঘদিনের কমিউনিকেশন গ্যাপ। দীর্ঘদিনের প্রশাসনিক জটিলতার নিরসনের চেষ্টা করছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, উত্তরবঙ্গে অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ তৈরি করে। খুব ভালো, কাজের। কিন্তু তার সঙ্গে বলব শুধু ভিজিট আর অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ তৈরি করলে তো হবে না। গুজরাটের আমূল, সারা পৃথিবী ছড়িয়ে গেছে। আর উত্তরবঙ্গের হিমূল ঝরে ঝরে পড়ছে। এটার দিকে তাকাতে হবে তো। এই কমিউনিস্ট পার্টি শেষ করে দিয়ে গেছে। শেষ করে দিয়ে গেছে। উত্তরবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী অন্তত ২০বার এর বেশি গেলেন। একটাও ইন্ডাস্ট্রি হয়েছে ? হয়নি। একটাও ইন্ডাস্ট্রি হয়নি। জ্যোতিবাবুরা ইন্ডাস্ট্রির কথা বলতেন, বুদ্ধবাবু নিজে দার্জিলিং-এর দায়িত্বে ছিলেন, ফাঁকা করে দিয়ে চলে গেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন, ওই যাতায়াতটা হচ্ছে। মেটিরিয়ালাইজ করছে না। এটা দেখতে হবে। আমি খুব ব্যক্তিগতভাবে স্নেহ করি, ভালোবাসি, মাননীয় মন্ত্রী, সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়কে। যোগ্য ছেলে। যোগ্য মন্ত্রী। কিন্তু দুঃখের বিষয়, রাজীব, মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে বলছি, তোমার এক লাইনও জায়গা হয়নি রাজ্যপালের ভাষণে। এটা হল কেন ? তুমি এত ভালো কাজ করলে, মুখ্যমন্ত্রী তার নির্দেশে যে ভাষণ তৈরি হল, রাজ্যপালের ভাষণে সেচ দপ্তরের একটা লাইন নেই। না রাজীব ভালো কাজ করছে। একটা লাইন নেই স্যার। এটা দেখতে হবে। মাননীয় রাজ্যপাল হিউম্যান রাইটস নিয়ে বলেছেন যে ৯টি হিউম্যান রাইটস কোর্ট তৈরি হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, কোর্ট তো তৈরি হল, হিউম্যান রাইট যে সঙ্কটজনক অবস্থায়, আই.সি.সি.ইউ.-তে চেয়ারম্যান নেই। নপরাজিত মুখোপাধ্যায় পুলিশের

একজন এক্স ডিজি, তিনি One member Human Right Commission-এ বসে আছেন—no Human Right Commission but Human Right Court হয়ে গেছে। কে পাঠাবে কোর্টে বিচারের জন্য ? If there is no Chairman of the Human Rights Commission ? মাননীয়া মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলব এইটা দেখুন। The Human Rights লংঘিত হচ্ছে। এটা দেখতে হবে। law and order, উনি বলেছেন, peaceful state। বলেছেন তার কথা মাননীয় রাজ্যপাল। কিন্তু কি হচ্ছে ? মহামান্য আদালতকে ইনভেস্টিগেশানে intervene করতে হচ্ছে বীরভূমে। কে অফিসার যাবেন সেই ডাইরেকশান কোর্টকে দিতে হচ্ছে, গভর্ণমেন্ট নিতে পারছে না। কারা গ্রেপ্তার হবে, ইনভেস্টিগেশান কোন্ পথে চলবে, the Hon'ble High Court had to decide and intervene–is it not, is it not, a black face of the Government ? এটা সরকারের মুখে কালি নয় ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি Leader of the House, Hon'ble respected Madam, Chief Minister-এর কাছে আমাদের এই বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, The topmost priority of the Government is to protect the security of the women hood, বলেছেন। এটা আমারও লজ্জা নয়, আপনারও লজ্জা নয়, এটা একার কারো লজ্জা নয়। এই লজ্জাটা বাংলার। West Bengal secured first position on torture on women in India। ভারতবর্ষে ২৮টি রাজ্য। ৭টি কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গ secured the first position, is it not, is it not a burning sensation in the heart to all of us including the Chief Minister ? তারপরেও এখানে লেখা হবে, বলুন স্যার ! নারী পাচার, শিশু পাচার, The trafficking of women and the child, West Bengal is number one in India, out of 28 states and seven union territories till time. বুদ্ধবাবুর সময়ও ছিল। শ্রীমতী মুখ্যমন্ত্রীর সময়েও এটা চলছে। নারী নির্যাতনে বুদ্ধদেববাবুর শেষ বছরে Bengal first। নারী নির্যাতনে ২০১৩ শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় Hon'ble Chief Minister number one। নারী পাচার, শিশু পাচার বুদ্ধদেব ভট্টাচার্যের শেষ বছর পশ্চিমবঙ্গ এক নম্বর। নারী পাচার, শিশু পাচার বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ২০১৩ সাল number one। The rape, বুদ্ধদেব ভট্টাচার্যের সময়ে ছিল second position। Madam Chief Minister ২০১৩ second to Madhya Pradesh, second to Madhya Pradesh। এটা কি reflection of the proper law and order and the security of the women-hood in our state? উত্তর—না। আমরা সমালোচনার জন্য সমালোচনা করছি না। এই সরকারকে কলঙ্কিত করতে আমরা কোনোরকম আর্গুমেন্ট করছি না। আমরা অ্যালার্ট করছি। আমরা অ্যালার্ট করছি গভর্ণমেন্টকে। Please be alert and take step। এই যে সুব্রতবাবু বসে আছেন, তাঁর দপ্তর কাজ করছে ? কি করে বলব যে সুব্রতবাবু কাজ করছেন না ? বলতে পারব ? চেষ্টা করছেন। দিল্লি যাচ্ছেন। টাকা আনছেন। চেষ্টা হচ্ছে। তবুও মাঝখানে একটা গ্যাপ থেকে

গেছে। কি গ্যাপ ? রাজ্য সরকার বলছেন, কালকে চিফ মিনিস্টারও বলেছেন মালবাজারে। দিল্লি টাকা দিচ্ছে না NREGS-এর। আর ৭৬২ কোটি টাকা পড়ে আছে বিভিন্ন ব্লকে, জেলায় এন.আর.ই.জি.এস.-এর without any expenditure। unspent fund। এটা আমার কথা নয়। এটা Hon'ble Minister Jayram Ramesh চিঠি দিয়েছেন। উনি Contradict করেছেন। উনি Contradict করেছেন। কিন্তু টাকা খরচ হচ্ছে না। এ কথা কি সত্যি যে ২০১৩ সালে ৩৪ দিন মাত্র কাজ দিতে পেরেছে এই রাজ্যের সরকার একশো দিনের মধ্যে ? কিন্তু উনি চেষ্টা করছেন। He is trying his best। এই যে প্রতিদিন ঢাউস ঢাউস করে বেরোচ্ছে, একেবারে back page, back page আনন্দবাজার, back page আজকাল, back page প্রতিদিন। একটি পত্রিকা বঞ্চিত হচ্ছে দেখছি খুব, vividly, যে এখানে অমুক অমুক অমুক চলছে।

[2.10–2.20 p.m.]

আমার অঞ্চল প্রেসিডেন্ট নারায়ণ পাড়ি, পঞ্চায়েত নির্বাচনের সময় তার দুটো পা, দুটো হাত ভেঙে দেওয়া হল। পার্টি অফিস ভেন্ডালাইজ করা হল, কেউ গ্রেপ্তার হয়নি স্যার বিগত সাত মাসে। আজকে বাজার থেকে বাড়ি ফিরছে, পঞ্চায়েত অফিসে কথা বলতে গেছে, তাকে ১০-ভেমুয়াডিপি দক্ষিণবারি, শাসকদলের পার্টি অফিসে ধরে নিয়ে গিয়ে তাকে মারধোর করা হয়েছে। আমি এস.পি.-কে বললাম—উনি বললেন আমি ব্যবস্থা নিচ্ছি, আমি এখন কনফারেন্সে আছি। এর নাম শান্তি স্যার। কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার হচ্ছে। পশ্চিমবাংলায় এর নাম শান্তি ? এই জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিষাণ ক্রেডিট কার্ড, KCC,

(নয়েজ)

মিঃ স্পীকার : আপনি বলুন। আপনারা ওনাকে ডিস্টার্ব করবেন না।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : দেখুন স্যার, কি হচ্ছে। ইনটলারেন্স অফ দি মেজরিটি, ইনটলারেন্স অফ দি মেজরিটি, এই দোষে সি.পি.এম. ভুগছিল, সেই দোষে আপনারাও ভুগছেন। স্যার, কিষাণ ক্রেডিট কার্ড—মাননীয়া মুখ্যমন্ত্রী কি বলছেন, আমরাই সব দিয়ে দিলাম। কবে এলেন আপনি ? না, ২০১১ সালের ২০শে মে। সারা পশ্চিমবাংলায় কিষাণ ক্রেডিট কার্ড কত বিলি হয়েছে ? ৫৯ লক্ষ ৭৩ হাজার। পশ্চিমবাংলার ৩৪১টি গ্রামীণ ব্লকে, ৪১ হাজার গ্রামে ৫৯ লক্ষ ৭৩ হাজার কিষাণ ক্রেডিট কার্ড বিলি হয়েছে। আর ২০১১ সালের ২০শে মে থেকে আজ পর্যন্ত পাঁচ, ছয় লক্ষ বিলি হয়েছে। আরও বারো লক্ষ টার্গেট ফিক্সড করা হয়েছে এই আর্থিক বছরে। সবটাই তারা করছেন। এত দ্বিধা কেন, এত কৃপণতা কেন ? স্বীকারোক্তিতে এত চিন্তা কেন ? আমরা বলতে পারি না কেন্দ্র রাজ্য একসঙ্গে হাত মিলিয়ে এই কাজটা করছি। আমরা কেন বলতে পারব না এই কথা ? এর নাম কি ফেডারেলিজম। এর নাম কি যুক্তরাষ্ট্রীয় কাঠামো। আমার সময় হয়ে গেছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু আপনার মাধ্যমে বিনীতভাবে, বিনম্র চিত্তে লীডার অফ দি

হাউসকে অনুরোধ করব, কাউন্সিল অফ অনারেবল মিনিস্টারদের অনুরোধ করব, এই হাউসের মর্যাদা রক্ষা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিটি দপ্তরের, ইনক্লুডিং চিফ মিনিস্টার, একটা বিষয় আমি মাননীয় মন্ত্রিসভার নজরে আনছি। একটা জায়গাতে কি বলা হয়েছে—'ঘরে ঘরে আলো'—সেখানে রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনার কোন নাম নেই ; 'ঘরে ঘরে পানীয় জল', সেখানে রাজীব গান্ধী ন্যাশনাল রুরাল ড্রিংকিং ওয়াটার মিশনের কোন নাম নেই ; 'গ্রামে গ্রামে পাকা রাস্তা'—প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কোন নাম কোথাও বলা হয়নি। একশো দিনের কাজ, একশো দিনের কাজ....

(নয়েজ)

মি: স্পীকার : ওনাকে বলতে দিন। মাননীয় মন্ত্রীমহাশয় আছেন, তিনি উত্তর দেবেন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : 'একশো দিনের কাজ'—মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম, বিশ্লেষণ করে বলা হচ্ছে না। সবটাই নাকি রাজ্য করছে। ভালো কথা, রাজ্য করছে। কিন্তু যিনি ফেডারেল স্ট্রাকচার অ্যান্ড ফেডারেল ফ্রন্ট অ্যান্ড ফেডারেলিজমের নেত্রী হতে চলেছেন Why she is not giving respect to the stand of prospective of federalism under the Constitution ? Why she is not maintaining and taking the name of the Central Government। কেন বলবেন না ? এটাই আমাদের কথা। আমরা সূর্য্যকান্ত মিশ্রদের আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে বলতাম, সূর্যবাবু, বুদ্ধবাবু আপনারা সি.পি.এম.-এর প্রোজেক্ট বলে এগুলো চালাতেন, বামফ্রন্টের প্রোজেক্ট বলে চালাতেন। আর আজকে এই সরকারও বলছে মা-মাটি-মানুষের প্রোজেক্ট। কেন্দ্রীয় সরকারের নাকি কোনো কন্ট্রিবিউশান নেই। The same replica of the last Government in a different tune, in different language same replica—এই জায়গাটাতেই আমাদের আপত্তি। আমরা প্রতিদ্বন্দ্বিতা ভালোবাসি, কিন্তু প্রতিহিংসা ভালোবাসি না। স্যার, আপনার মাধ্যমে জানাই, ১৫ মিনিট আগে একটা ঘটনা ঘটে গেল। আপনারা জানেন বিভিন্নভাবে আমাদের কর্মীদের উপর আক্রমণ হচ্ছে বিভিন্ন জায়গায়।

(নয়েজ)

মি: স্পীকার : প্লিজ, আপনি বলুন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : এই হাউসকে অমর্যাদা করবেন না। convention ভাঙবেন না। রীতি ভাঙবেন না। institution-এর মর্যাদা রক্ষা করুন, আন্ডার দ্য ডোমেন অফ্, আন্ডার দ্য জুরিসডিকশান অফ্ দ্য কনস্টিটিউশান অফ্ ইন্ডিয়া। আমরা মনে করি, এটি একটি রাজনৈতিক দলিল। এটি একটি অসত্য ভাষণের দলিল। তাই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

মি: স্পীকার : শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়।

শোভনদেববাবু এক মিনিট। সুব্রত মুখার্জী কিছু বলছিলেন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি নির্দিষ্ট বক্তা নই এই বিষয়ের ওপরে।

মিঃ স্পীকার : আপনি মাননীয় মন্ত্রী হিসাবেও বলতে পারেন।

শ্রী সুব্রত মুখার্জী : আমি একটু আগেই মাননীয় সদস্য ডাঃ মানস ভূঞ্যার বক্তব্য শুনছিলাম। অতীতের কয়েকটা বক্তব্য শুনে আমার মনে হত যে উনি একটু হোম ওয়ার্ক করেই হাউসে আসেন এবং কম বলেন কিন্তু ভালো বলেন। কিন্তু আজ যে কেন ওনার পদস্খলন হল আমি বুঝতে পারলাম না। উনি গলাবাজিতে চলে গেলেন। আমি ওনাকে, আমার চেয়ে ছোট সেই হিসেবেই বলছি, আমার মনে হয় অতীতে ওনার যে পরম্পরা ছিল, যে হোম ওয়ার্ক করে এসে বলা সেটাকে রক্ষা করলেই বোধহয় ওর মর্যাদা বেশি বৃদ্ধি হবে এবং রক্ষা হবে।

আমি আমার বিষয়ে শুধু উল্লেখ করতে চাই, এটা কেন বললাম যে আপনি হোম ওয়ার্ক করেননি, কোনো সময়ে 'নারেগা' বা যে সমস্ত কাজ আমাদের দফতর পি. অ্যান্ড আর.ডি. করে তাঁরা কিন্তু টাকা পায় না। কাজ করে সেই টাকাটা নিয়ে মানুষের কাছে দিয়ে দেয়। এখানে অনেকে আমার পুরনো মন্ত্রীরা বসে আছেন তাঁরা নিশ্চয় এক মত হবেন। আমি নাটসেলে বলি, খুব ছোট্ট করে যে গত বছর আমরা, ওই কত পার্সেন্ট কার্সেন্ট ছেড়ে দিন। দুটো পয়েন্টের ওপর স্টে করুন যেটা মানুষের সাথে যুক্ত। কত কোটি টাকা দিল্লি থেকে নিয়ে এসে গরীব মানুষগুলোকে 'নারেগা'র নাম করে আমরা দিয়েছি, ৪ হাজার ৪০০ কোটি টাকা। সারা ভারতবর্ষে আপনি দেখবেন, বইপত্র আপনার কাছে আছে দেখবেন। একটা প্রদেশের নাম বলতে পারেন, যেখানে ৪ হাজার ৪০০ কোটি টাকা নিয়ে এসে তার রাজ্যে দিতে পেরেছে, আমরা পেরেছি। আমাদের মুখ্যমন্ত্রী পেরেছেন। আপনাকে আর একটু স্মরণ করিয়ে দিই, দুটো জিনিস খেয়াল করতে বলেছি, একটা এইচ.আর. আর হলো কত ম্যানডেজ। Labour Budget-এ গভর্ণমেন্ট অফ্ ইন্ডিয়া প্রথমেই একটা ম্যানডেজ ধার্য করে দেয়। আমাদের গত বছরে ধার্য করেছিল ২০ কোটি ম্যানডেজ। আমরা সেই ম্যানডেজটাকে ১০৭ পার্সেন্ট বাড়িয়েছি। অ্যান্ড দ্যাট ইজ অলসো রেকর্ড অলটাইম এবং ইন্ডিয়াতে। আপনি দায়িত্বশীল রাজনীতি করা মানুষ, আপনি জানেন যে আমাদের ওপর দিয়ে একটা নির্বাচন গেছে। তিন মাস আমাদের কোর্ট ঘর করতে হয়েছে। তার মধ্যে আপনারাও শরিক ছিলেন। চেষ্টা করেছিলেন নির্বাচনটা যাতে না হয়, পারেননি। কিন্তু আপনি এইটুকু জেনে রাখবেন, সেই নির্বাচনের ক্ষতি হওয়ার পরেও দ্য অনলি স্টেট মুখ্যমন্ত্রী নিজে সমস্ত মন্ত্রীসভার এম.এল.এ., এম.পি.-দের নিয়ে এক একটা কাজ করেছেন রিভিউ করেছেন শুধু পি. অ্যান্ড আর.ডি.-র জন্য, পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্টের জন্য। একটা কথা মুখ্যমন্ত্রী অলওয়েজ বলেন, বললেন না আপনি। বলা উচিত ছিল। কলকাতা মানে পশ্চিমবঙ্গ নয়, দিল্লি মানে ভারতবর্ষ নয়, গ্রাম ভারতবর্ষ। এইখানে এটা ওরা করেননি বলেই আজকে চলে যেতে হয়েছে। আর এখন আমরা সবটা মুখ্যমন্ত্রীর এই উদ্দেশ্য নিয়েই করছি যে গাঁগুলো পশ্চিমবঙ্গের, সেই গ্রামে কোথায় কাজ হয়েছে ? এই

আগের সরকার বলে গেল আমাদের রাস্তা হয়ে গেছে. পি.এম.জি.এস.ওয়াই.-এর রাস্তার দরকার নেই। আর আমরা মাত্র দেড় বছরের মধ্যে ১২ হাজার কিলোমিটার রাস্তার অনুমোদন নিয়ে কাজ করছি। এটা বলে দেওয়া উচিত ছিল আপনার। আপনি বললেন এই ডিপার্টমেন্টের কথা কিন্তু কেন এটা বললেন না ? আপনি বললেন যে ২ হাজার কোটি টাকা আমাদের পড়ে আছে। না। এটা ফ্যাক্ট নয়। on the contrary. আমি গিয়ে মন্ত্রীকে দেখিয়ে দিয়ে এসেছি, আমাদের সঙ্গে সাংবাদিকরাও ছিল। দিল্লির সেইসব সাংবাদিক এখানে আছে কিনা আমি জানি না। সেখানে দেখিয়ে দিয়েছি তার নিজের স্টেট অন্ধ্র ৭ হাজার কোটি টাকা লাইনে পড়ে আছে, পায়নি। ৭ হাজার কোটি টাকা। আমাদের কত আছে, আমাদের পশ্চিমবঙ্গের দেওয়া ২০০ কোটি টাকা। আর কেন্দ্রীয় সরকারের ১০০ কোটি টাকা।

[2.20–2.30 p.m.]

যেটা লাইনে না থাকলে কাজে অসুবিধা হয়, তার বেশি নয়। আমরা প্রায় এখনই সাড়ে সাতশো কোটি টাকা এখনই পাব। আমি on quote বলছি, আপনি নিজে গিয়ে মন্ত্রীকে জিজ্ঞাসা করবেন। বলছেন ১৭ তারিখের আগে বাজেট না হলে দিতে পারব না, There is no money. It is complete bankrupt of your information ১৭ তারিখের পর আমাদের টাকা দেবে। সেখানে মুখ্যমন্ত্রীর চাপ থাকার ফলে প্রতিদিন ১৮ কোটি টাকা করে আমাদের লাগছে নারেগার, টাকা দিতে পারছে না। সেখানে টাকা দিতে পারছেন না, সেখানে misguide করে আপনি বলে দিলেন আমাদের লাইনে হাজার কোটি টাকা পড়ে রয়েছে। তখন সেটা দুর্ভাগ্যের হয়। সেটা হাজার বলুন, সাতশো বলুন, পাঁচশো বলুন আমাদের লাইনে পড়ে নেই। লাইনে পড়ে আছে অন্ধ্র, লাইনে পরে আছে মধ্যপ্রদেশ, লাইনে পড়ে আছে তামিলনাড়ু, হাজার হাজার কোটি টাকা, পশ্চিমবঙ্গে নয়। আর সব শেষে বলি, আপনারা দিচ্ছেন তা নয়, আমরা তো আপনাদের কাজ করে দিচ্ছি দয়া করে। আর নাম্বার টু হল, এখান থেকে যখন ৪০ হাজার কোটি টাকা নিয়ে চলে যান, তখন বাংলার হয়ে বলতে পারেন না—সেই টাকা নিয়ে যাবেন না, আমাদের দিয়ে দিন। আর সব শেষে বলি. আমরা কেন্দ্রীয় সরকারের দয়ায় বেঁচে নেই, দয়ায় বাঁচব না, আজকে আমাদের হকটাও ছাড়ব না।

...(নয়েজ)...

মি: স্পীকার : আমি একটা কথা বলি, আপনি শুনুন, Dr. Bhunia, আপনি please—আমি শোভনদেব চট্টোপাধ্যায়কে অনুরোধ করেছি, আপনি শুনে নিন। শোভনদেব চট্টোপাধ্যায়কে অনুরোধ করেছি যে ওনাদের দলের যারা রয়েছেন তাদের থেকে সময়টা কেটে সুব্রতবাবুকে দেবেন।

...(নয়েজ)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি বসে দিচ্ছি, মানস এক মিনিট, মানস এক মিনিট। ...(নয়েজ)... মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১৪ সালের ১০ই ফেব্রুয়ারী রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নেওয়া হয়েছে তারই

সমর্থনে আমি দু-একটি কথা বলব। স্যার, আমি জানতাম যে এবং জানি আজকে আগেই আমি assess করতে পারি। একটা কথা বলে নিই সুব্রত মুখার্জী যে বক্তব্য রাখলেন যেহেতু বাজেটের time allotted আছে, আমি স্পীকার সাহেবকে অনুরোধ করেছি আমাদের একজন বক্তার থেকে সেই টাইমটা কেটে দেওয়ার জন্য। অর্থাৎ সুব্রত মুখার্জী one of the speakers হয়ে গেলেন, অন্যান্য বক্তার থেকে আমি সময় বার করে ওনাকে দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে নিশ্চিত ভাবে CPM-এর বিশেষ করে এবং Congress-এর একটু অসুবিধার কারণ। কারণটা এই কারণেই, কারণটা এই জন্যেই যে রাজ্যপাল আনন্দ প্রকাশ করেছেন, খুশি হয়েছেন এবং বিশ্বাস করেছেন, আশা রেখেছেন যে এই সরকার কাজের একটা গতি আনতে পেরেছে গোটা রাজ্য জুড়ে এবং তিনি বলেছেন এর আগে কোনো মুখ্যমন্ত্রী এইভাবে জেলায় জেলায় গিয়ে কাজের পরিদর্শন করা, administrative meeting করা, রাজনৈতিক দলের সঙ্গে যোগাযোগ করা, সামগ্রিক যে সমস্যা সেই সমধানের জন্যে এর আগে কোনও পরিলক্ষিত হয়নি সেটাই তিনি উল্লেখ করেছেন। এর মধ্যে অন্যায় কিছু নেই। মানস ভুঁইয়া বললেন, অতিরঞ্জিত, সূর্যবাবুও নিশ্চয় বলবেন অতিরঞ্জিতই। কিন্তু তথ্য বলবে যে অতিরঞ্জিত নয়, মুখ্যমন্ত্রী যেটা করেছেন সেটা সঠিক কাজ করেছেন এবং যা অগ্রগতি হচ্ছে সেটাও সঠিক। এর আগে মানস ভুঁইয়া যে কথা বলছিলেন, যে মুখ্যমন্ত্রী কেন House-এ আসছেন না, মুখ্যমন্ত্রী কেন বলছেন না, মুখ্যমন্ত্রী কবে আসবেন, কবে বলবেন ? এটা মুখ্যমন্ত্রীর উপরে নির্ভর করে। আর আইনে যা provision আছে, অবশ্যই মুখ্যমন্ত্রী তার বাইরে এক মিনিটও যাননি কখনই। কোন জায়গায়, কোন ভাবে, মুখ্যমন্ত্রী আইনকে লঙ্ঘন করেছেন একথা এই হাউসের কেউ বলতে পারবেন না এবং এই হাউস সম্পূর্ণভাবে পরিচালিত হয় rules-এর দ্বারা এবং সেই rule-কে তিনি মেনেই চলছেন। কোনও জায়গায় তিনি তার দায়িত্ব থেকে অব্যহতি নেননি, কোনও জায়গায় তিনি আইনকে লঙ্ঘন করেননি। উনি বললেন আইন-শৃঙ্খলা সম্পর্কে যে কথা, আমি এই ব্যাপারে একটু আগে বলতে চাইছিলাম, কংগ্রেস এবং সি.পি.এম. দুটো জায়গায় আক্রমণ করছে, ভেতরে করছেন বাইরে করছেন, বাইরে চার্জসিট দিচ্ছেন ভেতরেও চার্জসিট দিচ্ছেন। এই যে চার্জসিট দিচ্ছেন, আজকে যে পশ্চিমবাংলায় আমরা রয়েছি এই পশ্চিমবাংলায় দু-বছর ন-মাস কি দু-বছর দশ-মাস রয়েছে আমাদের সরকার। এর আগে দীর্ঘদিন বামফ্রন্ট চালিয়েছেন। এই রাজ্যে যে কালচারের জন্ম আপনারা দিয়েছেন, যে সংস্কৃতি তৈরি করেছেন এই পশ্চিমবাংলায়, হঠাৎ করে সেই সংস্কৃতি পরিবর্তন হয়ে যাবে আড়াই বছরে, এই কথা ভাবার কোনো যুক্তিসংগত কারণ নেই। কি সংস্কৃতি তৈরি করেছেন পশ্চিমবাংলায় ? আমি দু-একটা উক্তি বলি আপনাদের। প্রথম যেটা শুরু হয়েছিল পশ্চিমবাংলায়, যখন প্রথম যুক্তফ্রন্ট হয়, রাজ্যের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জীকে কার্জন পার্কে বসতে হয়েছিল অনশনে। আমার নিজের চোখে দেখা, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছেলেরা তাঁকে পুরুষাঙ্গ দেখিয়েছিলেন আমার চোখের সামনে। লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। এই রাজ্যকে বিনয় চৌধুরী বলেছিলেন যে, এই রাজ্য হচ্ছে কনট্রাক্টারদের রাজ্য, অফ দি কনট্রাক্টার বাই দি কনট্রাক্টার ফর দি কনট্রাক্টার। এই রাজ্য সম্পর্কে

বুদ্ধদেববাবুর মেয়ে তার বাড়িতে সাংবাদিকদের সামনে বলেছিলেন, 'আমার বাবা চোরেদের ক্যাবিনেটে থাকবে না।' পরবর্তীকালে আবার বুদ্ধদেববাবু সরকারে জয়েন করেছিলেন। কিন্তু যে দায়িত্ব যে দাবি করছেন এখানে মানসবাবু সেই দাবি সূর্য্যবাবু একটিবারও করবেন যে মুখ্যমন্ত্রী সবার কাছে দায়বদ্ধ। বলুন আপনারা যে বুদ্ধদেববাবু কেন পদত্যাগ করেছিলেন তা জানিয়ে ছিলেন কিনা আবার কেন সরকারে এসেছিলেন সেটা তিনি হাউসের সামনে অথবা বাংলার মানুষের কাছে জানিয়ে ছিলেন কিনা। জানাননি। এখানেই শেষ নয়। আরও অনেক উক্তি আছে যে উক্তিগুলো শুনলে ক্রমাগত ডাঃ মিশ্রের মাথা আস্তে আস্তে নিচুর দিকে নেমে যাবে। আমি বলি দু-একটা। সুভাষ চক্রবর্তী বলেছিলেন, সিঙ্গুরে ধোলাই না দিয়ে হরিনাম করতে গিয়ে রাজ্য ডুবেছে। সুভাষ চক্রবর্তী। কি মহত কালচার! রবীন্দ্রনাথের দেশের লোক আমরা, শরৎ-বঙ্কিমের দেশের লোক আমরা, স্বামী বিবেকানন্দ দেশের লোক আমরা, সেই রাজ্যের একজন মন্ত্রী বলছিলেন। গান্ধীর জন্মদিনে মেদিনীপুর কলেজ ময়দানে—আপনাদের মেম্বার গতকাল কি বলে গেলেন তখন তো হাত তোলেননি!

(এ ভয়েজ : প্রমাণ করতে পারবেন)

আপনাদের মেম্বার গতকাল কি বলছিলেন, হ্যাঁ প্রমাণ করে দেব, প্রমাণ করে দেব।

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ, আপনারা ওনাকে বলতে দিন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, মহাত্মা গান্ধীর জন্মদিনে ২.১০.১০, মেদিনীপুর কলেজ ময়দানে বুদ্ধদেববাবু বললেন, তৃণমূলকে বাঁচায় কে দেখব, মাথা ভেঙে দেব। এই কালচার দিনের পর দিন পশ্চিমবাংলার মাটিতে আপনারা আস্তে আস্তে তৈরি করেছেন। আজকে হঠাৎ রাতারাতি স্বর্গ তৈরি হবে না। আরও আছে। রেজ্জাক সাহেব বললেন কো-অর্ডিনেশন কমিটির মিটিং-এ গিয়ে, ধর্মতলায়, মমতাকে কি বলেছিলেন ? কথাটা, এখানে বাচ্চারা আছে বলাটা ঠিক হবে কিনা বুঝতে পারছি না, বলেছিলেন [***]। আপনাদের মন্ত্রী রেজ্জাক মোল্লা, যিনি অহরহ পোষাক পালটান, তিনি বলেছিলেন মুখ্যমন্ত্রী সম্পর্কে, একজন মহিলা সম্পর্কে বলেছিলেন [***]। সেইদিনের কাগজ আমার কাছে আছে। আসছি—আসছি—আসছি। বিনয় কোঙার, বলেছিলেন—কি বলবেন আপনি

(গোলমাল)

মিঃ স্পীকার : এখানে কোনও সদস্যের বিরুদ্ধে আপনি, আমাদের যারা সদস্য রয়েছে তাঁদের সমালোচনা করে কিছু বলবেন না। যাঁরা এখানে সদস্য রয়েছেন তাঁদের ক্রিটিসাইজ করে কিছু বলবেন না। ওই পোরসানটা, যে পোরসানটা উনি বলছেন, আমাদের যাঁরা সদস্য রয়েছেন, বিধানসভার একজিসটিং সদস্য...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : বাংলা সাহিত্যের অনেক বই-তে আছে স্যার কথাটা।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : আমাদের যাঁরা সদস্য রয়েছেন তাঁদের উল্লেখ করে, তাঁদের সমালোচনা করে যে পোরশানটা আছে ওই পোরশানটা যাবে না। নামটা যাবে না, নামটা যাবে না, নামটা যাবে না, নাম যাবে না, [***] নাম করে বলা যাবে না, নামগুলি যাবে না, নাম যাবে না, নাম যাবে না। ....(নয়েজ)...

[2.30–2.40 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী [***] নাম বাদ, স্যার। ...(নয়েজ)...

মিঃ স্পীকার : নামটা বলবেন না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী—নাম বাদ স্যার, নাম বাদ।

মিঃ স্পীকার : ঠিক আছে, বলে দিয়েছি, যাবে না বলে দিয়েছি। আমি বলে দিয়েছি, [***] নামটা নেওয়া যাবে না। যাবে না, যাবে না, বলে দিয়েছি। ওই নামটা এক্সপাঞ্জ হবে। ...(নয়েজ)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : যে সদস্য সভায় নেই তার নাম উল্লেখ করলে আমি স্পীকারকে বলছি, এক্সপাঞ্জ করে দেওয়ার জন্য। ঠিক আছে তো ?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমাদের রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন— they have been paid by their own coin, ইটের জবাব পাথর দিয়ে দিয়েছি নন্দীগ্রাম ঘটনার পর। স্যার, এই পশ্চিমবাংলায় স্বাধীনতা উত্তর ভারতবর্ষে, স্বাধীনতা উত্তর ভারতবর্ষে যে ঘটনা ঘটেনি নন্দীগ্রামে একই ছাতার তলায়, একই ছাদের নিচে মা আফরোজা বিবি এবং মেয়ে আনুসুয়া খাতুন এবং মনুসুয়া খাতুন দুই মেয়েকে [***] লোকেরা মায়ের সামনে মেয়েকে এবং মেয়ের সামনে মাকে ধর্ষণ করেছিল। ভুলে যাচ্ছেন কেন ! আজকে ধর্ষণ, ধর্ষণের কথা বলে চিৎকার করে ...(নয়েজ)... তাতে অসুবিধা কি হচ্ছে ?

মিঃ স্পীকার : [***] এই শব্দটা আপনার যাবে না। ...(নয়েজ)...

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আরও আছে।

মিঃ স্পীকার : [***] আপনি বলবেন না, আপনি অন্যভাবে বলুন। [***] আপনি বলবেন না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি কারও নাম বলছি না।

মিঃ স্পীকার : আপনি [***] লোকেরা বলেছেন তো, ওটা আপনি সংশোধন করে নিন। ....(নয়েজ)....

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি বলি, এরপরেও স্যার আছে। অল ইন্ডিয়া লিডার—ওনাদের অল ইন্ডিয়া মহিলা নেত্রী বক্তৃতা করতে এসে, ২১-১-৫ বলেছিলেন, আমাদের নেত্রী, এখন বর্তমান মুখ্যমন্ত্রী সম্পর্কে উক্তি করেছিলেন, দমদম দাওয়াই-এর কথা বলেছিলেন, দমদম দাওয়াই-এর কথা বলেছিলেন। আজকে কালচারের কথা বলছেন, ধর্ষণের কথা বলছেন, নারী নির্যাতনের কথা বলছেন। আজকে রাজ্যের যে অবনতি হয়েছে। এই বিষ তো আপনারা পুঁতেছিলেন। যে বিষবৃক্ষ পুঁতেছিলেন সেই গাছে আজকে ফল হয়েছে। আমরা ওই গাছটার শেকর-সমেত তুলে দেব। কোন দিক থেকে চিন্তা করার কারণ নেই। চিন্তা করার কোনো কারণ নেই। আপনার পাশে বসে আছে। এখন উনি নেই, সুশান্ত ঘোষ সভার সদস্য, উনি বলেছিলেন, আমি হলে সিঙ্গুর আন্দোলনের পর, সিঙ্গুর আন্দোলনের পর বলেছিলেন, আমি হলে ওকে আছাড় মেরে জেলে পুরে দিতাম। মমতা বন্দ্যোপাধ্যায়কে মেরে, আছাড় মেরে জেলে পুরে দিতেন। এই কথাগুলো বলার জন্যে আজকে এই জায়গায়। এর পরেও যদি বলেন, এরপর ভ্যানিস হয়ে যাবেন, আর দেখা যাবে না। ...(নয়েজ)...

মি: স্পীকার : আমি দেখে নেব। আমি দেখে নেব। স্টেটমেন্ট-টা আপনি আমাকে দেখাবেন, যেটা অসঙ্গতি হবে আমি সেটা বাদ দিয়ে দেব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : কি হচ্ছে কি ? I have every liberty to say. ...(নয়েজ)...

মি: স্পীকার : আমি আপনাকে বলেছি, স্টেটমেন্ট-টা দেখব, I will examine the statement, I told you. বসুন, বসুন। ...(নয়েজ)...

আমাকে দেখাবেন ওনার স্টেটমেন্ট-টা, আমাকে দেখাবেন। I will examine the statement, I will examine his speech. আপনার স্পীচটা আমাকে দেখাবেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি আসব আমাদের ডেভেলপমেন্টের কথাই। কিন্তু আজকে যে কথাগুলো আপনারা বলছেন, বাইরে চার্জসিট দিচ্ছেন সেই চার্জসিট দেওয়ার আগে একবার আয়নায় নিজেদের মুখটা দেখে নিতে হবে। এই চার্জসিট দেওয়ার কোনো অধিকার আপনারা অর্জন করেছেন কিনা তারপরেই আপনারা চার্জসিট দেবেন।

(গোলমাল)

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিশ্বাস করেন একটা কবিতায়। কবি সুকান্তের কথায় বলি, 'চলে যাব তবু যতক্ষণ দেহে আছে প্রাণ, প্রাণপনে বাংলার সরাব জঞ্জাল। এ বাংলাকে শিশুর বাসযোগ্য করে যাব আমি। নবজাতকের কাছে এ আমাদের দৃঢ় অঙ্গীকার। কর্তব্য সমাপ্ত হলে তারপর হব ইতিহাস।' স্যার, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী প্রাণপন চেষ্টা করছেন ওঁদের রেখে যাওয়া স্তূপীকৃত জঞ্জালকে আস্তে আস্তে অপসারণ করার। ওই জঞ্জালের সঙ্গে এঁদেরও অপসারণ করে দেব স্যার কোনো চিন্তা নেই। কোনো চিন্তা নেই স্যার।

স্যার, কী করছেন মাননীয়া মুখ্যমন্ত্রী ? স্যার, আমি দ্রুত বলে যাব। ...(গোলমাল)... এই রাজ্যকে আইন-শৃঙ্খলা থেকে শুরু করে, তার সাংস্কৃতিক জীবন, সমস্ত কিছুর মধ্যে এক ব্যাপক পরিবর্তন আনছেন স্যার। তিনি স্যার ২০টা মহিলা থানা করেছেন। Empowerment of the women—মেয়েদের আরও শক্তিশালী করার লক্ষে। ৫টি কমিশনারেট হয়েছে স্যার। বিশেষ বিশেষ জায়গায় close circuit T.V.-র ব্যবস্থা করেছেন। C.B.I. আদালত তৈরি করেছেন ১০০ এবং এই প্রশাসনকে সাজাবার জন্য ৪০০ সাব-ইন্সপেক্টর তিনি নিয়োগ করেছেন। আর ১ লক্ষ ৩০ হাজার অসামরিক পুলিশ নিয়োগ করা হয়েছে। ৪০ হাজার constable নিয়োগ করা হয়েছে। কেন ? যাতে করে এই যে রাজ্যের অবস্থা তৈরি করে দিয়ে গেছেন, সেখানে পুলিশ এবং প্রশাসন যা কম ছিল, লোক কম ছিল, যেখানে পুলিশ কম ছিল, সেই পুলিশ যাতে সব জায়গায় ঠিকমতো থাকে, প্রত্যেকটা থানা তৈরি করে, আরও ভালো করে পশ্চিমবাংলার প্রশাসনকে, আরও সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য পুলিশ এবং প্রশাসনে কর্মী সংখ্যা বাড়াচ্ছেন। এতে তো রাগের কিছু নেই আপনাদের। অসুবিধার কিছু নেই।

আমি খালি দুটো তথ্য দেব স্যার। মানসবাবু বলে গেছেন। সেটা হচ্ছে [***] সময় পর্যন্ত নারী পাচারে ...(গোলমাল)... সরি স্যার, সরি, সরি, বাদ বাদ ...(গোলমাল)...

মি: স্পীকার : বসুন, বসুন, বসুন তো। Please বসুন। আমি শুনছি সব, দেখব পরে। বসুন, আমি দেখব, আমি সব দেখব। বসুন। আপনি complete করুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : বাদ স্যার। বাদ, বাদ, বাদ দিয়ে দিন স্যার।

মি: স্পীকার ; ঠিক আছে, আপনি বলুন না। আমি বাদ দিয়ে দেব। আমি বলেছি তো, আমি দেখে বাদ দিয়ে দেব। যেগুলো বাদ যাবার বাদ দিয়ে দেব, বলছি তো।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : বিগত মুখ্যমন্ত্রীর সময় নারী পাচারে এই রাজ্য এক নম্বরে ছিল। আর গোটা ভারতবর্ষের মধ্যে যতগুলো জেলা, গোটা ভারতবর্ষের সমস্ত জেলার মধ্যে মুর্শিদাবাদ প্রথম স্থানে ছিল। এটা তো ওনাদের কৃতিত্ব, না বলতে পারবেন না। স্যার, আমাদের মেম্বারদের থেকে একটু সময় দিন আমার অনেক কথা বলার বাকি আছে। ...(গোলমাল)... দু'মিনিট দিন স্যার।

মি: স্পীকার : আপনি এক্সট্রা যতটা সময় বলবেন তা আপনাদের অন্য বক্তার সময় থেকে বাদ দিয়ে দেব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্বাস্থ্যের ব্যাপারে আমাদের মাননীয় সদস্যারা বলেছেন এবং বলবেন। স্বাস্থ্যে একটা ঐতিহাসিক পরিবর্তন এসেছে। কী ঐতিহাসিক পরিবর্তন এসেছে ? আজ পর্যন্ত ভারতবর্ষের কোনও নেতা কোনও কালে ভাবতে পারেননি যে গরীব

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মানুষের সেবা করার জন্য, তারা যাতে অল্প পয়সায় ওষুধ পেতে পারে তার জন্য ৩০ থেকে ৭৮ পার্সেন্ট পর্যন্ত কম দামে ওষুধ দেওয়ার কথা। ভাবেননি আপনারাও। ভাবেননি ভারতবর্ষের কোনও রাজ্যের লোক।

আরও অনেক কিছু বলার ছিল তবে 'কন্যাশ্রী'র কথা বলে শেষ করব। মমতা বন্দ্যোপাধ্যায় পঞ্চায়েতে ৫০ পার্সেন্ট মেয়েদের ভোটে দাঁড়াবার অধিকার এই বিধানসভায় পাশ করেছেন।

[2.40–2.50 p.m.]

একই সঙ্গে তিনি যে কন্যাশ্রী প্রকল্প ঘোষণা করেছেন তাতে করে আজকের গরীব মেয়েরা তার খাবার টাকার অভাবের জন্য হয়তো স্কুলের পড়া ছেড়ে দিত। আজকে সেই মেয়েটি ক্লাস এইট থেকে টুয়েলভ পর্যন্ত ৫০০ টাকা করে পাবে। তারপরে আরো পড়াশোনা চালাবার জন্য তাকে ২৫ হাজার টাকা দেওয়া হবে। স্যার, সামগ্রিকভাবে আমি মনে করি ওদের কাছে বিশেষ বলার কিছু নেই। স্যার, যা ছিল আমি বলার পর সেগুলো হারিয়ে যাবে। স্যার, যাই হোক আমি এই ভাষণকে সমর্থন করে, ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

(এই সময় শ্রী সুশান্ত ঘোষ উঠে কিছু বলার চেষ্টা করেন)

মি: স্পীকার : আনিসুর রহমান বলুন, আনিসুর রহমান বলুন, আনিসুর রহমান বলবেন। I shall not allow you. অনিসুর রহমান বলবেন। আপনি আপনার চিফ হুইপকে বলুন। আমি কার সময় কেটে আপনাকে বলতে অ্যালাও করব সেটা আপনি আপনার চিফ হুইপকে বলুন। চিফ হুইপ যদি বলেন অন্য সদস্যের সময় কেটে আপনাকে বলার অনুমতি দিতে তাহলে আমি আপনাকে দেব। কার সময় কাটব বলুন। না-না, বলুন আমাকে সেটা বলতে হবে। আদার ওয়াইজ আমি অ্যালাও করব না। আপনি বলবেন না, চিফ হুইপ বলবেন। চিফ হুইপ বলুক। ওনার টাইম যখন আসবে উনি তখন বলবেন। ওনার নাম যখন ডাকব তখন উনি বলবেন। আনিসুর সাহেব আপনি বলুন। ওনার দিনেই উনি বলবেন। একি কথা। আনিসুর রহমান বলুন।

...(তখনও শ্রী সুশান্ত ঘোষ উঠে দাঁড়িয়ে কিছু বলার চেষ্টা করে যান)...

যখন আপনার নাম ডাকব তখন বলবেন। তাহলে আপনাকে আমি আগে দিচ্ছি, আনিসুর রহমান পরে বলবেন। আমি জানি না আপনার কত নম্বরে নাম আছে, লিস্টে আপনার কত নম্বরে নাম আছে। লিস্টে না থাকলে আমি বলতে দেব না। লিস্টে নাম নেই, কালকে আপনার নাম আছে আপনি কালকে বলবেন। আনিসুর রহমান বলুন। আমি কিন্তু বিরোধী দল থেকে সময় কেটে নেব যা সময় আপনি নষ্ট করেছেন।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমেই আমার একটা কথা বলতে খুব লজ্জা হচ্ছে। আমাদের মুখ্য সচেতক শোভনদেববাবু তার কথা শেষ করলেন

...(গোলমাল)... বলুন তাহলে বলব না ...(গোলমাল)... কি বলছি আগে শুনুন, তারপরে বলবেন। কি হচ্ছে কি ?

মি: স্পীকার : বলুন, বলুন, ওনাকে প্লিজ ডিস্টার্ব করবেন না। বলুন।

শ্রী আনিসুর রহমান : বলার দরকার নেই যদি বলেন তাহলে বলব না। আরে আগে শুনুন, মাননীয় মুখ্য সচেতক শেষ করলেন একটা ভালো কথা দিয়ে, তার নাম হচ্ছে কন্যাশ্রী যোজনা। আমাদের সৌভাগ্য উপরে অনেকগুলো ছাত্রী ছিল তারা এই কথাগুলো শুনছিল। কিন্তু শোভনদেববাবুরা এমন ভাষায় কথা বললেন ওরা লজ্জা পেয়ে চলে গেছে। এটা আপনাদের সব থেকে বড় কথা, এটা মনে রাখবেন। স্যার, দ্বিতীয় হচ্ছে—এটা সংবিধানের নিয়ম রাজ্যপাল যখন বক্তৃতা করেন তখন ধন্যবাদ জানাতে হয়। আমি তাকে ধন্যবাদ জানাই। যদিও তার বক্তব্যের ব্যাপারে আমার আলাদা কিছু বলার আছে। সেগুলো আমি নিশ্চয়ই বলব। প্রথম হচ্ছে—রাজ্যপাল তার বক্তৃতায় যা যা বলেছেন সরকার কতখানি ভালো কাজ করেছে, মন্দ কাজ করেছে ও তো সরকারের লিখে দেওয়া আছে কখনোই কেউ আপন ঘোলকে টক বলবে না তা নিয়ে প্রশ্ন আমার নেই। যা বলেছেন বলেছেন দেখা যাবে। কিন্তু প্রশ্ন হচ্ছে কতগুলো মৌলিক বিষয়ে। ধরুন, ৩০শে মে ২০১১ তারিখটা আমার মনে আছে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিধানসভায় এসেছিলেন, বক্তৃতা করেছিলেন। বক্তৃতা আমার মুখস্ত হয়ে আছে। তিনি বলেছিলেন ...(গোলমাল)... এটাও খারাপ—তিনি বক্তৃতায় বলেছিলেন এই বাড়িটা হচ্ছে গণতন্ত্রের মন্দির, গণতন্ত্রের মসজিদ, গণতন্ত্রের গুরুদোয়ারা। আমি গণতন্ত্রকে সম্মান করি, আর এখানে বিরোধী দল হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। সেই বিরোধী দলকে আমি সম্মান করি। তিনি স্পীকারকে ডেকে বলেছিলেন আমাদের সময় কম হলেও বিরোধীদের বেশি সময় দেবেন, বিরোধীদের কথা শুনবেন। এটা উনি বলেছিলেন। কিছুটা অবাক হয়েছিলাম ঠিকই। এই মুখ্যমন্ত্রীর সম্মতি নিয়ে আমাদের বিধানসভার বাইরে চেয়ার, টেবিল ভাঙা হয়েছিল, তার সঙ্গীরা ভেঙেছিলেন। তবুও আনন্দিত হয়েছিলাম হয়তো পরিবর্তন হয়েছে, ভালো খবর। কিন্তু আস্তে আস্তে কি দেখছি—আপনাদেরও কাজে লাগবে—আমরা এখানে চিরকাল থাকব না, আপনিও এখানে চিরকাল থাকবেন না। আমাদের এই মন্ত্রীরাও এখানে চিরকাল থাকবেন না কিন্তু বাড়িটা থাকবে। ৭৫ বছর ধরে আছে, আরো কত ৭৫ বছর ধরে চলবে কিন্তু এর কতগুলি নিয়ম-নীতি আছে। পৃথিবীতে এমনও দেশ আছে যাদের লিখিত কোনো সংবিধান নেই, দেশ চলে। আমাদের এই বিধানসভার জন্য একটা রুলস্ অফ বিজনেস তৈরি হয়েছে। সব কথা লেখা নেই কিন্তু বেশিরভাগ কথা লেখা আছে। আমাদের পার্লামেন্টেও একটা এই রকম রুলস্ অফ বিজনেস আছে। অনেক কথা লেখা আছে, কিছু লেখা নেই। বিধানসভা যেমন রুলসে চলে তেমন কনভেনশানেও চলে। একটা হচ্ছে রুলস্, আর একটা হচ্ছে কনভেনশন। আমি দুটোরই বিরোধী। পরিবর্তন আমিও চাই। আমার কষ্ট হয়, আগে হালিম সাহেবকে দেখতাম ওই যে "নোজ হ্যাবিট" "নোজ হ্যাবিট" করতে করতে, একঘণ্টা ধরে করেই যাচ্ছে—আমি বললাম, পরিবর্তন করতে পারি না। কবে ইংরেজ চলে গেছে,

আমাদের এখান থেকে ৬৭ বছর আগে, এখনও কেন থাকবে এটা। পরিবর্তন আমিও চাই। কিন্তু পরিবর্তন মানে এই নয় যে বইয়ের পরিবর্তন করলাম না, কোনো কিছুর পরিবর্তন করলাম না, আমি খুশি মনে সরকারে আছি, আমি ডিকটেটরশীপ চালাবো—একে পরিবর্তন বলে না। যদি পরিবর্তনের ইচ্ছা থাকে মিটিং করুন, বাদ দিয়ে দিন আমাদের বাজেটে চারদিন আলোচনা হওয়ার দরকার, হবে না একদিনে হবে। আমাদের রাজ্যপালের উপর আলোচনা একদিনে হয়ে যাবে কোনো দরকার নেই। কিন্তু চালু যে নিয়ম আছে সেটা ভেঙে চুরমার করে দেব এটা কখনই কাম্য হতে পারে না। আজকে হল কি ? এই কদিন ধরে আমরা দেখছি, এর আগেও দেখেছি। একদিন অবাক হয়ে গেলাম সবচেয়ে বড় একটা অ্যামেন্ডমেন্ট হচ্ছে পঞ্চায়েতের, সবচেয়ে গুরুত্বপূর্ণ আধঘণ্টা আগে আমাদেরকে দিলেন। আধঘণ্টা আগে দেওয়ার পর আলোচনা শুরু হয়ে গেল। আধঘণ্টায় পাস হয়ে গেল। এর নাম গণতন্ত্র ? আপনাদের গণতন্ত্র হতে পারে। গণতন্ত্র মানে যেটুকু লেখাপড়া শিখেছি, কম জানি। গণতন্ত্র মানে এই নয় যে একজন ব্যক্তি যা করবে তার নাম গণতন্ত্র। এ কখনও হতে পারে না। আপনারা আমাদের কথা শুনবেন না, বেশি ডাকলেও আমাদের কথা শুনবেন না তার পরিণতি একদিন ভোগ করতে হবে। আজকে মজা লাগছে, আমাদেরও ছিল একদিন। এর পরিণতি হবে খারাপ। আজকে সেই জিনিস করার চেষ্টা করছেন সর্ব ক্ষেত্রে। তাকিয়ে দেখুন, আমি এই হলে আছি ২৩ বছর। ৩ জন মুখ্যমন্ত্রীকে দেখলাম। আমি বিধানসভা, লোকসভার খবর জানি। যখন এই বিধানসভার শেসান বসার তারিখ ঠিক করা হয় তখন প্রথম যদি কারোর সাথে আলোচনা করা হয় তার নাম মুখ্যমন্ত্রী, তার নাম হচ্ছে প্রধানমন্ত্রী। তার সঙ্গে আলোচনা করে দিন ঠিক হয়। ২৩ বছরে একদিনও আমি দেখিনি যেদিন বিধানসভা বসল মুখ্যমন্ত্রী নেই। ২৩ বছর আমি একদিনও দেখিনি আমাদের স্পীকারকে ধন্যবাদ দেওয়া হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী নেই আমি কোনোদিন দেখিনি। এই প্রথম আমাকে দেখতে হচ্ছে ২ দিন, ৩ দিন রাজ্যপালের ভাষণ ছাড়া আমাদের মুখ্যমন্ত্রী কোনোদিন এখানে আসেননি। কোথায়ও দেখিনি আমরা। শোকপ্রস্তাব হয়, মুখ্যমন্ত্রী অ্যাবসেন্ট আমি কখনও দেখিনি। চোখের সামনে দেখতে হয়েছে। ৭৫ বছর পূর্তি উৎসব হয় সেদিন আমার মনে আছে হালিম সাহেব বক্তব্যে বলেছিলেন জ্যোতিবাবু একদিন দিল্লিতে জরুরি মিটিংয়ের জন্য ছিলেন না, এখানে আসতে পারেননি তারজন্য অনুতপ্ত হয়ে স্পীকারকে বলেছিলেন আমার একটা দিন সারাদিন নির্দিষ্ট করে দেবেন এবং সেই যে নির্দিষ্ট হয়েছে তারপরে একদিনও উনি অ্যাবসেন্ট হয়নি। ওনার সামনে বলে দিয়েছিলেন, আপনারা সবাই সেখানে ছিলেন। আর এই প্রথম আমরা দেখছি.... (এই সময় ট্রেজারি বেঞ্চ থেকে কিছু বলতে থাকেন।)... আমার রেকর্ড আছে, আমার রেকর্ড আছে। আমার কাছে বক্তৃতার রেকর্ড আছে। ওই সব কথা বলবেন না। আর আজকে আমরা দেখতে পাচ্ছি উনি থাকছেন না। এটা শুধু সি.পি.এম.-এর অপমান নয়, এটা বামফ্রন্টের অপমান নয়। আজকে বিধানসভাকে ছেলেখেলায় পরিণত করে দিয়েছেন। কোনো দাম নেই। কালকে আমি শুনলাম ঘরের মধ্যে যে এই হাউসের মধ্যে ৪ জন না ৫ জন বসে আছে। কেন বসে আছে ? কেন বসে আছে বলুন ? আপনারা তো সরকার চালাচ্ছেন। মাত্র ৪ জন এম.এল.এ. বসে আছে

কেন ? সবাই বুঝে গেছে আলোচনার কোনো দাম নেই। এই আলোচনার কোনো দাম নেই। আর বিরোধীরা কার সামনে আলোচনা করবে ? এম.এল.এ.-দের শোনানোর জন্য ? পৃথিবীর কোথায়ও হয় না যে একটা বিধানসভা চলছে আর মুখ্যমন্ত্রী-সহ সব মন্ত্রীরা শিলিগুড়িতে গিয়ে ক্যাবিনেট মিটিং করছে—পৃথিবীর কোথায়ও হয়নি। পৃথিবীতে কোথায়ও হয়নি আজ অবধি। সেই জিনিস আপনারা করলেন। এখানে বলছেন যে আজকে বাজেট হবে, ১৭ তারিখে বাজেট হবে। কোনোদিন আমি শুনিনি—বাজেটের আগে হয়তো ক্যাবিনেট মিটিং হয়। কিন্তু এই প্রথম আমরা দেখছি সব নিয়ম-কানুন ভেঙে দিয়ে সেদিন আর একটি ব্যবস্থা করা হয়েছে। এটা কোথায়ও হয় না, সেটা যদি ভালো মনে হয় করুন। আপনারা যদি মনে করেন ভালো হয় হয় করুন কিন্তু চিরকাল ওখানে থাকবেন না।

[2.50–3.00 p.m.]

এখানে যেমন পার্থবাবুরা বসতেন, ছয়জন মন্ত্রীর কম হলে, একজন কম হলে হৈচৈ বাধিয়ে দিতেন। ছয়জন মন্ত্রী না থাকলে হৈচৈ লাগিয়ে দিতেন। আর কালকে তিনজন মন্ত্রী বসেছিলেন, পরশু দিন। কে উত্তর দেবে ? কে উত্তর দেবে ? এগুলো কি অন্যায় কথা বলা হচ্ছে ? আপনারা ভেবে দেখুন, কে আছে এখানে বুঝতে পারবে। আজকে কাজের প্রশ্নের দিকে তাকিয়ে দেখুন। অনেক কাজের কথা বলা হচ্ছে। আমি তো অবাক হয়ে যাচ্ছি কাজের থেকে বড় অকাজ হচ্ছে। যেমন কোনো কাজ না পেয়ে নাম পরিবর্তন করা একটা ধারা হয়ে গেছে। এটা তো অদ্ভুত ব্যাপার। এটা তো ভাবা যায় না যে কিভাবে নাম পরিবর্তন হচ্ছে। আপনি অবাক হয়ে যাবেন কিভাবে নাম পরিবর্তন হচ্ছে। এই একটা কথা আমি শুনছিলাম আমাদের পঞ্চায়েত দপ্তরের কতকগুলি কাজের ব্যাপারে। একটা নাম আমি শুনলাম 'জল ধরো, জল ভরো'। আমি মনে করলাম একটা নতুন নাম, নতুন কিছু একটা। তারপরে বই পড়তে গিয়ে দেখছি যে, যেদিন একশো দিনের কাজ শুরু হয়েছে তখন থেকে নামটা দেওয়া আছে। ওটা ইংরাজিতে। ওটার নাম হচ্ছে ওয়াটার কনজারভেশান অ্যান্ড ওয়াটার হারভেস্টিং। মানে কি ? ওয়াটার কনজারভেশান মানে কি ? জল ধরে রাখো। আর ওয়াটার হারভেস্টিং মানে জল যোগাড় কর, হারভেস্ট কর বা জল ভরো। কোনো পার্থক্য আছে ? এই রকমই চার-পাঁচটা স্কীম আছে তার ফলাফল যদি আপনি শোনেন, তার যদি শুধু ফলাফলটা শোনেন তাহলে মাথা ঘুরে যাবে। ফলাফলটা দেখুন।

....(গোলমাল)....

বামফ্রন্টের আমলের তিন বছর—বামফ্রন্ট আমলের তিন বছরে একটা প্রকল্পের নাম হয়েছে 'জল ধরো, জল ভরো'। তাতে আমাদের লক্ষ্য ছিল ৯৬ হাজার ৩২০। আমরা করেছি ৬২ হাজার ২৫১। এটা হচ্ছে আমাদের টার্গেটের ৬৪% আমরা করেছি জলের জন্য পুকুর। মনে হচ্ছে আপনারাই প্রথম করলেন। আর আপনারা করেছেন—এই তিন বছরে লক্ষ্য ছিল কত ? লক্ষ্য ছিল ৮৬ হাজার ৬৩৫। করেছেন আপনারা ২৬ হাজার ২৪৫—৩১%। আমরা করলাম ৬৪ ভাগ, আপনারা করলেন ৩১ ভাগ। আর বলছেন দারুণ সাফল্য। তারপরে

দেখুন তার একটা হচ্ছে মাইক্রো ইরিগেশান। এটা এন.আর.ই.জি.এ.-তে পড়ে। এই তিন বছরে আমরা করেছিলাম—লক্ষ্য ছিল ৩০ হাজার ১২। আমরা করেছি ২০ হাজার ২২৭, ৬৭%। আপনরা কত করেছেন ? ৪০ হাজার ৭৩১টি লক্ষ্য ছিল। করেছেন ১৫ হাজার ৫৯৮। এটা হয়েছে ২৪%। আমাদের হচ্ছে ৬৭%, আপনাদের ২৪%। এটার নাম হচ্ছে প্রভিশান অফ ইরিগেশান ইন প্রাইভেট ল্যান্ড—ব্যক্তিগত জমিতে পুকুর করে জল রাখা যায়, সেচ দেওয়া যায়। তাতে আমাদের সময়ে লক্ষ্য ছিল ২২ হাজার ৭১। আমরা করেছি ১৪ হাজার ৬৯-৬৩.৭%। আপনাদের লক্ষ্য ছিল ৭৪ হাজার ৯৮। আপনারা করেছেন ২৩ হাজার ৭৬২। এটা হচ্ছে ৩১%। তারপরে হচ্ছে রেনোভেশান অফ একজিস্টিং ওয়াটার বডিজ, যেখানে রেনোভেশান সংস্কার—এটাতে আমাদের সময়ে লক্ষ্য ছিল ৬৭ হাজার ৮৫১। আমরা করেছিলাম ৪৩ হাজার ৩৭১। এটা হচ্ছে ৬৩.৯ ভাগ। আর আপনাদের লক্ষ্য ছিল একলক্ষ কুড়ি হাজার ৭৬। করেছেন ৪৬ হাজার ৫৪৯। এটা হচ্ছে ৪১%। কি বলবেন ? মনে হচ্ছে কিছুই হয়নি। এগুলো মিথ্যা কি ? কিছুই হয়নি বলছেন। আজকে পঞ্চায়েত দপ্তর নিয়ে দেখলাম আমাদের সুব্রতবাবু ফার্স্ট বয়। কদিন আগে যে পরীক্ষা হল তাতে উনি ফার্স্ট হয়েছেন, ভাল খবর। আমরা খুশি তাতে যে উনি ফার্স্ট হয়েছেন। কিন্তু যা বলছেন তার সাথে বাস্তবের কি মিল আছে ? এই যে গতবারে যে কথা আলোচনা হল—এই চিঠিখানা হচ্ছে কেন্দ্রীয় মন্ত্রী রমেশের চিঠি। তাতে কি লেখা আছে ? গতবারে যে টাকার পরিমাণ উনি বললেন যে চার হাজার চারশো না পাঁচশো বললেন, উনি লিখে দিয়েছেন, এটা হচ্ছে ৩৪৯৩। নট ফোর থাউজেন্ড ফাইভ হান্ড্রেড, ওনার লেখা। আর উনি এবারে বলেছেন, গতবারে যে সমালোচনা করেছেন, আমি বাদ দিলাম। প্রথম হচ্ছে টাকা। আজকে বলছেন টাকার কথা, এই টাকার নিয়ম ঠিক করেছিল কে ? তখন আপনাদের মন্ত্রী ছিলেন শিশিরবাবু, তিনি মন্ত্রী ছিলেন। আমি গিয়েছিলাম যে কেন আমাদের টাকা আটকিয়েছেন ? উনি বললেন এম.আই.এস. না হলে টাকা দেব না। এম.আই.এস. না হলে টাকা দেবেন না, তা সমর্থন করেছেন শিশির অধিকারী, তিনি মন্ত্রী ছিলেন। আমি তাকে বারবার বলেছিলাম এই বাধা তৈরি করবেন না, সর্বনাশ হবে। সেই বাধা তৈরি হয়েছিল। তারই ফল আজ ভোগ করতে হচ্ছে। কিন্তু কি বলেছেন উনি ? এই বছরের জন্য বলেছেন। এই বারে এখনও অব্দি এত ঢাক ঢোল পিটিয়ে বললেন যে আশি দিন কাজ দেব। মুখ্যমন্ত্রী তো বললেন যে বেশির ভাগই একশো দিন কাজ পেয়ে গেছে। আর মন্ত্রী বললেন যে আশি দিন কাজ দেব এবং দিনে দিনে টাকা দেব। কি হয়েছে তার অবস্থা ? মাত্র ২১ দিন এখনও অবধি কাজ পেয়েছে। ২১ দিন গড়ে per family কাজ পেয়েছে। আর রমেশজি কি বলেছেন ? Only 1% of the total households who demanded households completed 100 days. Only 1%, মাত্র শতকরা একভাগ যারা ১০০ দিন কাজ করতে পেরেছে। গতবার ছিল চার, এবার হয়েছে এক। তারপরে ৫৭ ভাগ, only 57% of the total person-days projected in the Labour Budget have been achieved, মাত্র ৫৭ ভাগ এখনও অবধি achieve হয়েছে। Around 24% of the total wage payments due are delayed for more than

1 month. ২৪ ভাগেরও বেশি টাকা পাচ্ছে এক মাসেরও পরে। তারপর উনি বলেছেন প্রায় ৮৬০টি গ্রাম পঞ্চায়েত, মানে 860 Gram Panchayats in the State show an expenditure of more than 1 crore, যা ১ কোটির বেশি খরচ দাঁড়াচ্ছে তাতে সন্দেহ প্রকাশ করে বলেছেন expenditure is not usual. এটা ভালো করে দেখুন। আপনি চলে যান এখন দেখতে পাবেন। আমি যেটা বলতে চাইছিলাম সুব্রতবাবুকে, পঞ্চায়েতে কতখানি কাজ হল না হল সেটার থেকে বড় কথা হচ্ছে এই যে ব্যবস্থাটা তৈরি হয়েছে তাকে ভেঙে দেওয়ার চেষ্টা হচ্ছে। আজকে অসুবিধা হবে বুঝতে। একটা পঞ্চায়েত সমিতির নাম ছিল বি.ডি.ও. অফিস। এই বি.ডি.ও. অফিসে একজন আমার scheduled caste, scheduled tribe মেয়েকে বসিয়ে তাকে বি.ডি.ও.-র ওপরওয়ালা করিয়ে ওই অফিসের নামটা পঞ্চায়েত সমিতি করতে কি পরিশ্রম করতে হয়েছে তা আপনারা জানেন না। জেলা লেভেলে একজন মহিলাকে সভাধিপতি বানিয়ে মন্ত্রীর র‍্যাঙ্ক দিয়ে ডি.এম.-এর সঙ্গে কাজ করানো কত জটিল কাজ, আজকে মুখে বলা সহজ কিন্তু অত সহজ নয়। আমি অনুরোধ জানাব এই কারণে, অনেক পরীক্ষা নিরীক্ষা করলেন। বললেন ডি.এম.-দেরকে দিলে দারুণ কাজ হবে। বি.ডি.ও.-দের ডেকে মিটিং করলে দারুণ কাজ হবে। ফলটা দেখুন ফিগার বলছে এবারে মাত্র ২১ দিন কাজ হয়েছে। গতবার হয়েছিল ১৯ কোটি শ্রমদিবস, এবার হয়েছে মাত্র ৯ কোটি। গতবার ছিল আমাদের রাজ্যের পজিশান ২০ নম্বরে, এবার চলে গেছে ২৬ নম্বরে। এই তো অফিসারদের দিয়ে ফল পেলাম। এটা কি ভালো কাজ ? একই জিনিস হচ্ছে আপনার নবান্নতে। নবান্ন ঘরটা আমরাই করেছি। স্বীকার করুন বা না করুন ওটা আপনাদের করা নয়। রাইটার্স বিল্ডিং-এর নাম পাল্টে দিয়ে হয়তো বলবেন এটা মমতা ব্যানার্জী করেছে, আমাদের আপত্তি নেই। আমার প্রশ্ন হচ্ছে এই যে ব্যবস্থা যেটা করা হয়েছে, এটা ভাঙবেন কেন ? এটা ভাঙলে তো সবারই সর্বনাশ হয়ে যাবে। আমি এই জন্য আবেদন জানাব আপনার কাছে যে—কাজের ব্যাপারে অনেক কিছু বলার আছে, সেগুলো পরে আলোচনা হবে। কিন্তু আমার বিনীত অনুরোধ এই বিধানসভার যে নিয়মকানুন আছে, পঞ্চায়েতের যে নিয়মকানুন আছে, যে সমস্ত গণতান্ত্রিক ব্যবস্থাগুলো আছে, প্রতিষ্ঠানগুলো আছে তাদেরকে যদি আমরা ভেঙে দিই তাহলে আমাদেরই একদিন কৈফিয়ত দিতে হবে। আজকে আপনাদের আমাদের দায়িত্ব একই। সবাই তো পশ্চিমবাংলার মানুষ, একসঙ্গে তো কাজ করতে চাই আমরা। বৃহৎ হতে পারেন....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, গত ১০ ফেব্রুয়ারি এই পবিত্র সদনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে তথ্যপূর্ণ বক্তব্য রেখেছেন, ভাষণ রেখেছেন তার সমর্থনে আমি কিছু কথা বলতে চাই। স্যার, ইংরেজিতে একটা প্রবাদ আছে 'Coins always noise, but currency notes are silent; when your value increase, you should be calm and silent". অর্থাৎ খুচরো পয়সার আওয়াজ আছে, শব্দ আছে কিন্তু টাকার নোটের কোনো শব্দ নেই। আমার বামপন্থী বন্ধুদের মূল্য দিন দিন, বিভিন্ন নির্বাচনে কমে যাচ্ছে। তাই এই বিধানসভার মধ্যে ওরা খুচরো পয়সার মতো

ঝনঝন করছে স্যার। ১৯৭৭ সালে তৎকালীন বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমরা রাইটার্স বিল্ডিং থেকে সরকার চালাব না, আমরা গ্রামে-গঞ্জে গিয়ে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়ে সরকার চালাব। ৩৪ বছরে বামফ্রন্ট সরকার রাইটার্স বিল্ডিং-এ আবদ্ধ ছিল। গ্রাম শাসন করেছিল জোনাল কমিটি, লোকাল কমিটি। যেটুকু ছিটেফোঁটা দয়া দাক্ষিণ্য সরকারি সুযোগ সুবিধে সাধারণ মানুষের জন্য ছিল, সেগুলো ওরা ডিসক্লোজ করত না যাতে গোপনে কেডারদের পাইয়ে দেওয়া যায়। আর আমাদের সরকারকে দেখুন স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী সমগ্র মন্ত্রীসভাকে নিয়ে মহাকরণকে নিয়ে, নবান্নকে নিয়ে জেলায় পৌঁছে যাচ্ছেন।

[3.00–3.10 p.m.]

সেখানে গিয়ে প্রশাসনিক মিটিং করছেন। এর ফলে এস.ডি.ও., বি.ডি.ও. এবং ডি.এম.-দের তৎপরতা যেমন বৃদ্ধি পাচ্ছে, সঙ্গে সঙ্গে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষের সামনে সরকারি সুযোগ-সুবিধাগুলো তিনি বেনিফিসিয়ারিদের হাতে তুলে দিচ্ছেন এবং সরকারি সুযোগ-সুবিধাগুলো কি আছে সেই সম্বন্ধে মানুষকে সচেতন করছেন, অবহিত করছেন, মানুষকে তার অধিকার বুঝে নেওয়ার জন্য আহ্বান জানাচ্ছেন। একটা সরকারের কতখানি স্বচ্ছতা থাকলে, একটা সরকার কতখানি ট্রান্সপারেন্ট হলে এইভাবে কাজ করতে পারে ভাবুন। আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের মুখ্যমন্ত্রীকে যে, এই বিরল দৃষ্টান্ত তিনি স্থাপন করেছেন, যেটা শুধু ভূভারতে কেন, পৃথিবীতে নেই। স্যার, যে কোনো সরকারের উন্নয়নের একটা অভিমুখ থাকে। আমাদের সরকারের উন্নয়ন ধাবিত হচ্ছে, সমাজের সর্বস্তরের মানুষের জন্য। আজকে দরিদ্র থেকে দরিদ্রতম জনগোষ্ঠির কাছে আমাদের সরকারের উন্নয়ন পৌঁছে গেছে। আমরা ইতিমধ্যেই ২৩ লক্ষ কৃষকের হাতে নতুন করে Kisan Credit Card তুলে দিতে পেরেছি। আমাদের সরকার এই আড়াই বছরের মধ্যে ১০৭টা ব্লকে কিষাণ মান্ডি তৈরি করার কাজ শুরু করে দিয়েছে। আমরা একদিকে যেমন বড় চাষীদের জন্য tractor, mini deep tube well, electric connection-এর জন্য সরকারি সুযোগ-সুবিধা দিচ্ছি, তেমনি সঙ্গে সঙ্গে ক্ষুদ্রতম চাষী, প্রান্তিক চাষী, ক্ষেতমজুর যারা তার বাড়ির উঠোনে একটা কাচা ধানের গোলা করতে চায় তার জন্য আমাদের সরকার ৫ হাজার টাকা আর্থিক অনুদান দিচ্ছে 'আমার ধান আমার গোলা' প্রকল্পে। অর্থাৎ সমাজের উচ্চস্তর থেকে নিম্নস্তর পর্যন্ত সমস্ত মানুষই আমাদের এই উন্নয়নের বৃত্তের মধ্যে থাকছে, কেউ এই বৃত্তের বাইরে যাচ্ছে না। স্যার, SC, ST সংরক্ষণ ছিলই। আমাদের সরকার ১৭% অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছেলে-মেয়েদের পড়াশোনার জন্য উচ্চশিক্ষায় দিয়েছে। পাশাপাশি ১২% সরকারি চাকুরিতে reservation দিয়েছে এই সরকার তাদের জন্য। অর্থাৎ একদিকে যেমন শিক্ষার ব্যবস্থা করা হল, অন্যদিকে তেমনি কর্মসংস্থানের ব্যবস্থাও করা হল। দুটো পথই আমাদের সরকার বাতলে দিচ্ছে। স্যার, আমাদের সরকারই পারে ভারতের সংবিধানকে লঙ্ঘন না করে, violate না করে সংখ্যালঘু পরিবারের ৯৫ শতাংশ ছেলেমেয়েকে এই সংরক্ষণের আওতার মধ্যে নিয়ে আসতে। আমরা ইতিমধ্যেই প্রায় ৫৭ লক্ষ সংখ্যালঘু ছেলে-মেয়েকে

বিভিন্ন রকম scholarship দিয়েছি, ১ লক্ষ ৬০ হাজার স্টাইপেন্ড দিয়েছি উচ্চ মাদ্রাসার ছাত্রীদের জন্য যাতে তাদের স্কুলে যেতে সুবিধা হয়। স্যার, রামমোহন রায় সতীদাহ প্রথা উচ্ছেদ করেছিলেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, এখনও আমাদের সমাজে নাবালিকা অবস্থায় বিয়ে হয়ে যায়। এটা সমাজকে কুরে কুরে খাচ্ছে, এটা একটা সামাজিক ব্যাধি। কবি লিখেছিলেন, 'নারীকে আপন ভাগ্য জয় করিবার কেহ নাহি দিবে অধিকার।' আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, বাংলার মা-কে, বাংলার নারীকে সেই অধিকার ফিরিয়ে দিতে চাই। তাই তার ভাবনা থেকে সৃষ্টি হল কন্যাশ্রী প্রকল্প। আমার আগের বক্তা বলেছেন, এই প্রকল্পে একদিকে যেমন নাবালিকা অবস্থায় বিয়ে হয়ে যাওয়া রোধ হবে, সঙ্গে সঙ্গে পরিবারের কাছে একটা মেয়ের মর্যাদা তৈরি হবে। অবহেলিত হিসেবে সে যেভাবে লালিত-পালিত হত, সেটা কিন্তু অনেকটা দূর হয়ে যাবে। আমাদের সরকারই স্যার গ্রামীণ প্রশাসনে পঞ্চায়েতি ব্যবস্থায় ৫০ শতাংশ মহিলাদের জন্য সংরক্ষণ দিয়ে কবির সেই স্বপ্নকে সার্থক করতে চলেছে। 'এ বিশ্বে যা কিছু মহান চির কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর।' স্যার, আমরা শুধুমাত্র ৩৬টা Sick New born Care Unit স্থাপন করেছি এই আড়াই বছরে। আপনারা ৩৪ বছরে মাত্র ৬টি করেই ক্লান্ত হয়ে গিয়েছিলেন। আমরা ১৯৭টা Sick New Born Stability Unit স্থাপন করেছি। কারণ পশ্চিমবাংলায় ৩৫ হাজার শিশু জন্মানোর সঙ্গে সঙ্গে মারা যায়। ইতিমধ্যেই কিন্তু শিশুমৃত্যুর হার অনেকটা কমে গিয়েছে। এবং যে সমস্ত শিশুরা heart-এর অসুখ নিয়ে জন্মায়, তাদের heart operation করতে গেলে সরকারি বেসরকারি হাসপাতালে দেড় লক্ষ থেকে ৬ লক্ষ টাকা খরচ হয়। আমাদের মুখ্যমন্ত্রী বললেন যে, ওই শিশুদের দায়িত্ব আমাদের সরকার নেবে। আমরা ইতিমধ্যে 'শিশুসাথী' প্রকল্প চালু করেছি। SSKM hospital-সহ তিনটি বড় বেসরকারি হাসপাতালে এর বন্দোবস্ত করা হয়েছে। স্যার, কবি সুকান্ত বলেছিলেন, 'যত দিন দেহে আছে প্রাণ, প্রাণপনে সরাব জঞ্জাল, এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি।' আজকে আমাদের সরকার তার সেই স্বপ্নকে বাস্তবায়িত করছে। আমরা স্বাস্থ্য প্রকল্পে বিভিন্ন অসংগঠিত শ্রমিকদের জন্য যে সমস্ত সুযোগ-সুবিধা আছে, সেইগুলো যেমন বাড়িয়েছি তেমনি সঙ্গে সঙ্গে নতুন কিছু প্রকল্প আমরা সংযোজন করেছি। একজন অসংগঠিত শ্রমিক, তার যদি নথিভুক্তিকরণ থাকে, তিনি স্বাভাবিকভাবে ৬০ বছরের মধ্যে মারা গেলে তার পরিবার ৫০ হাজার টাকা পাবে রাজ্য সরকারের কাছ থেকে। তিনি যদি অস্বাভাবিক কারণে মারা যান রাজ্য সরকারের পক্ষ থেকে তার পরিবার দেড় লক্ষ টাকা পাবে। একটা উন্নয়নের কর্মযজ্ঞ চলছে সারা রাজ্য জুড়ে। আমি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতা স্মরণ করতে চাই। 'আমি ভিক্ষে করে ফিরতেছিলেম গ্রামের পথে পথে। তুমি তখন চলেছিলে তোমার স্বর্ণরথে। কি বিচিত্র শোভা তোমার, কি বিচিত্র সাজ, আমি মনে ভাবতেছিলেম এ কোন মহারাজ ! আমি ভাবলাম এ কোন শুভক্ষণ এল যে তুমি মণি মুক্তো ছড়াবে, আর আমি মুঠো মুঠো করে সেটা সংগ্রহ করে নেব। কিন্তু সহসা তুমি তোমার সামনে এসে দাঁড়ালে, আমায় কিছু দাওগো বলে বাড়িয়ে দিলে হাত। আমি ভাবলাম এ কি ছলনা আমার সঙ্গে ! এই ভিক্ষুকের কিইবা দেওয়ার আছে তোমাকে ? আমি একটা শস্যকণা

আমার থলি থেকে তুলে নিয়ে তোমার পাত্রে দিয়েছিলাম এবং বাড়ি ফিরে দেখলাম সেই শস্যকণা স্বর্ণকণায় রূপান্তরিত হয়েছে। তখন আমার অনুশোচনা হল কেন আমি নিজেকে উজাড় করে আমি সম্পূর্ণ শূন্য করে তোমাকে দিতে পারিনি। ২০১১ সালে বাংলার মানুষ নিজেকে উজাড় করে শূন্য করে তৃণমূল কংগ্রেসকে সমর্থন দিয়েছিল, বাংলার মুখ্যমন্ত্রী করেছিল মমতা বন্দ্যোপাধ্যায়কে। তাই আজ আড়াই বছরের মধ্যেই বাংলা শস্য শ্যামলা হয়ে উঠেছে, বাংলা ধনধান্যে পূর্ণ হয়ে উঠছে। বাংলা আজ উন্নয়নের পথে এগিয়ে চলেছে। আমি আজ শেষ করব একটা কথা বলে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে. শুধু একটা কথাই আপনাদের বলতে চাই. হাত দিয়ে বল সূর্য্যের আলো ঢাকতে পারে কি কেউ ? নমস্কার।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি রাজ্যপালের ভাষণের উপরে আলোচনা শুরু করছি। এই পুস্তিকাতে বিভিন্ন জায়গায় লেখা আছে, তার বিভিন্ন অংশের কিছু জায়গা আমি কোট করছি। তার কারণ সময় সংক্ষেপ। এক জায়গায় মহামান্য রাজ্যপাল বলেছেন,

> 'মুখ্যমন্ত্রী বিভিন্ন জেলায় রাজ্যের প্রতিটি প্রত্যন্ত অঞ্চলে গিয়ে সরকারের কাজ সম্পাদন করছেন, অক্লান্ত পরিশ্রম করছেন'। খুব ভালো কথা। আচ্ছা যদি খুব সুদক্ষভাবে, বিচক্ষণভাবে চিন্তা করি। মুখ্যমন্ত্রী কি করছেন ? কোন কাজটা ? কোন কাজটা করছেন ? কোন সিমেন্ট ফ্যাক্টরি উদ্বোধন করছেন ? কোন ব্রিজ উদ্বোধন করছেন ? কোন স্টীল প্ল্যান্ট উদ্বোধন করছেন ? কোন সুপার স্পেশালিটি হাসপাতাল উদ্বোধন করছেন ? কোন একটা মেডিকেল কলেজ উদ্বোধন করছেন ? না, না, না। কি করছেন বলুন তো ? আমি বলি।

...(নয়েজ)...

ওরা জ্বলবে স্যার। ওদের টি আর পি হাই করতে হবে। কার কাছে কত দাম হবে। দামের ব্যাপার ট্যাপার আছে ওদের। পরিষদীয় হয়ে যাবে কেউ। মন্ত্রীর তো জায়গা নেই। মন্ত্রীর কিছু মুহুরী হয়েছে। স্যার, আপনি অশোক স্তম্ভের নীচে বসে আছেন প্রোটেকশন দিয়ে আমাকে বলতে দেওয়ার দায়িত্ব আপনার। এই নৈতিক দায়িত্বটা পালন করুন। দে শুড বি স্টপড। আর যদি বলতে না দেওয়া হয় তাহলে আমি বাইরে গিয়ে প্রেসে গিয়ে বলি স্যার। যে কথা বলছি স্যার, কি করছেন ? উনি করছেনটা কি। ছ-ছটাক জমির পাট্টা দেওয়া ! উনি করছেন কি ? একটা সাইকেল বিলি। উনি করছেনটা কি ? একটা জেলের মাছ ধরার একটা হাঁড়ি আর জাল দেওয়া ! আরে ওটা বিডিও করে। ওটা পঞ্চায়েতের প্রধান করে। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান করে। আমি যখন কাউন্সিলার ছিলাম দুটো ঘরে বিলির পাট্টা আমি নিজে দিয়েছি। ওটা মুখ্যমন্ত্রীর কাজ নয়। কোটি কোটি টাকা নয়ছয় করে, হেলিকপ্টারে করে গিয়ে, ভলভো গাড়িতে করে অফিসারদের নিয়ে গিয়ে এপ্রান্ত থেকে ওপ্রান্তে ঘুরে বেড়িয়ে সরকারি কোষাগার নষ্ট করছেন, নয়ছয় করছেন। নয়ছয় করছেন। বোকা বানাচ্ছেন। চালাক চালাক কথাবার্তা। কলকাতা কেন লন্ডন হবে না। আরে, কলকাতা কেন

লন্ডন হবে ? যে ব্রিটিশ দুশো বছর ভারতকে শোষণ করেছে, যে ব্রিটিশের অত্যাচারে বিনয় বাদল দীনেশ ক্ষুদিরামকে ফাঁসির মঞ্চে যেতে হয়েছে। যে ব্রিটিশ গোটা ভারতবর্ষ শেষ করেছে, সেই ব্রিটিশের রাজধানী কলকাতা কেন লন্ডন হবে ?

[3.10–3.20 p.m.]

ব্রিটিশরা গোটা ভারতকে শেষ করেছে। সেই ব্রিটিশের রাজধানী কলকাতা কেন লন্ডন হবে না। আরে কলকাতা কেন লন্ডন হবে ? চালাকি স্লোগান। কলকাতার বিবেকানন্দ আছে। কলকাতার রবীন্দ্রনাথ আছে। কলকাতার নেতাজী সুভাষ আছেন। কলকাতার ঋষি অরবিন্দ আছেন। কলকাতার বঙ্কিমচন্দ্র আছেন। সে বঙ্কিমচন্দ্র বন্দেমাতরম গান গেয়ে গোটা ভারতকে স্বাধীন করেছিলেন। সেই ব্রিটিশের রাজধানী কলকাতা লন্ডন হবে কেন ? দিদিমণির লন্ডন দু দিনের বৃষ্টিতে লণ্ডভণ্ড হয়ে যায়। নৌকা চালাতে হয়। কি বলে জানেন ? লোকে কি বলে জানেন ? সাগিনা মাহাতোর সেই বিখ্যাত গানটা আমার মনে পড়ছে। ট্যাকসিতে যেতে যেতে আর রাত্রিতে অটোয় যেতে যেতে বলছে 'আরে ম্যয় তো গোরা বন গ্যয়া, গোরা বনকে ক্যয়সা তন গ্যয়া, আরে দিদিমণি কা লণ্ডন বন গ্যয়া'। লন্ডন না, হাতে লণ্ঠন দিয়ে দিয়েছে। কি হয়েছে ? নীল সাদা রঙ আর তিনটি বাতি। তাও দুর্নীতির বাতি। দুর্নীতির বাতি। ওখানে আমাদের মন্ত্রী বসে আছেন। উনিও ভালো জানেন। ওই নিয়ে কত তদন্ত হয়েছে। এর নাম লন্ডন ! লন্ডনের নামে চালাকি। আর একটা জায়গায় বলি একটু জানা দরকার। কি সরকারের কাজ। প্রতি মাসে ধার করে মাইনে দেওয়া। ৩৬% ডি এ বাকি। বলছেন সব করে দিয়েছি। কোন কাজটা করেছেন ? আর একটা কথা বলি। যে সব বিপথগামী মানুষ হিংসার আশ্রয় নিয়ে নিরীহ মানুষের বিপদের কারণ হয়ে ওঠে, আমার সরকার তাদের কোনও রকম সহনশীলতা দর্শন করার নীতি গ্রহণ করবে না। ইজ ইট ট্রু ? ইজ ইট ট্রু ? ক্যালকাটা হাইকোর্ট এখনও বলছে পারুই মামলায় ওই মহামান্য ওই যে পরমানুব্রত এখনও কেন গ্রেপ্তার হয়নি। যে বলছে, যারা বিরোধী, ওই [* * *]—তার বাড়ি বোমা মেরে জ্বালিয়ে দাও। আগুন দিয়ে পুড়িয়ে দাও। পুলিশের গাড়িতে বোম মার। গ্রেপ্তার হয়েছে সেই মহামান্য, সেই মহামান্য পুরুষ পরমানুব্রত ? না। যে বলছে কাটোয়ার বিধায়ক রবীন্দ্রনাথের হাত কেটে দাও, জ্বালিয়ে দাও। আর একজন বলছে আমি মাথা আইদা করে দেব। আমি তিনজনকে পা দিয়ে পিষে মেরেছি। তিনি এখন নাকি কি একটা মন্ত্রীর মুহুরি হয়েছেন। এটা সরকারের কথা ? পুরোটা জালিয়াতি। পুরোটা ধাপ্পা। পুরোটা মানুষের সঙ্গে তঞ্চকতা। প্রতিটি জায়গায় মানুষকে বিভ্রান্তির মধ্য দিয়ে এই সরকার তার নিজের সমস্ত কিছু ঢাকার চেষ্টা করছে। "Under whose instruction is the CID conducting the probe ? Why has it not yet done the test identification parade of the accused ?" Justice Dutta asked. লজ্জা। লজ্জা, জাস্টিশ বলছেন এটা লজ্জা। কলঙ্কের ইতিহাস। কেন এখনও এফ আই আর নেম, ফার্স্ট নেম ওই আপনাদের মহাপুরুষ গ্রেপ্তার হয় না ?

(***—এই জায়গায় মাননীয় চেয়ারম্যানের নির্দেশক্রমে নাম বাদ দেওয়া হল...)

হাইকোর্ট স্ট্রিকচার দিয়েছেন। হাইকোর্ট বলছে যে ওখানে ওইভাবে হবে না। ওখানে আপনি যাকে তাড়িয়ে দিয়েছিলেন দময়ন্তী সেন, তার প্রতি সরকারের আস্থা না থাকতে পারে, কিন্তু হাইকোর্টের আস্থা আছে। কোন জায়গায় নিয়ে গেছেন ? প্রশাসনটাকে কোন পর্যায়ে নিয়ে গেছেন ? আজকে বলতে হবে, আমাদেরকে জবাবদিহি করতে হবে। আর একটা জায়গায় দেখলাম, এক জায়গায় বলছেন রাজ্যপাল---আমি এই বিষয়টিতে আনন্দ প্রকাশ করছি যে আমার সরকার সারদা কেলেঙ্কারিতে সঞ্চিত অর্থ হারানোর ফলে—কত ক্ষতিগ্রস্ত, দু লক্ষ সাঁইত্রিশ হাজারেরও বেশি ক্ষুদ্র বিনিয়োগকারী। কত দু লক্ষ সাঁইত্রিশ হাজার ক্ষুদ্র বিনিয়োগকারী। পরিমাণ দু লক্ষ সাঁইত্রিশ। অনুদান—পঞ্চাশ কোটি জোগাড় হয়েছে। বলেছে পাঁচশো কোটি দেব। কেন সারদায় এত বাধ্যবাধকতা। কেন ? কেন সরকারি এক্সচেকার থেকে সারদার চিটিং ফান্ডে টাকা দিতে হবে ? কেন ওই চিট ফান্ডের মালিকের সব কিছু সিজ করে সেখান থেকে দেওয়া হবে না ? কেন এত বাধ্যবাধকতা ? আমি চোর, [* * *] চোর, [* * *] চোর, [* * *] চোর। (গোলমাল) হ্যাঁ, [* * *] চোর। (গোলমাল) ....(গোলমাল).... [* * *] জেলে বসে আছে, [* * *] জেলে পচছে, [* * *] জেলে পচছে, [* * *] এখনো জেলে পচছে। [* * *] বলছে, কোন জায়গায় দাঁড়িয়ে আছে ? কোন জায়গায় ? লোকে ঠাট্টা করে বলছে, 'পায়ে হাওয়াই চটি, আঁচলে সারদার হাজার হাজার কোটি।' ...(গোলমাল).... আর নিজের ছবির দাম ১ কোটি ৮৬। ১.৮৬ কোটি। ...(গোলমাল)... কোন জায়গায় দাঁড়িয়ে ?

মিঃ চেয়ারম্যান : যে কটা নাম দেওয়া হয়েছে, নামগুলো সব বাদ যাবে। আপনি কন্টিনিউ করুন মনোজবাবু।

শ্রী মনোজ চক্রবর্তী : কোন জায়গায় দাঁড়িয়ে ? ...(গোলমাল)... স্যার, ভালো লাগছে না। ঝাল লেগেছে, ঝাল। ঝাল লেগেছে। সোজা কথা বললে ঝাল লাগছে। লোকে বলছে ঠাট্টা করে, 'ছবির দাম ১.৮৬ কোটি, পায়ে হাওয়াই চটি, আঁচলে সারদার হাজার হাজার কোটি।' মানুষ ঠাট্টা করে বলছে। কোন জায়গায় নিয়ে গেছে প্রশাসনটাকে। কোন জায়গায় নিয়ে গেছেন—সারদা চিটিং ফান্ড—এই কাগজটা দেখতে পাচ্ছেন ? কাকে রাজ্য সভায় পাঠিয়েছেন ? কাদেরকে রাজ্য সভায় পাঠিয়েছেন ? অ্যালকেমিষ্ট চিট্ ফান্ডের মালিক, সে ঝাড়খণ্ডের ব্ল্যাকলিস্টেড, সে সেবির ব্ল্যাকলিস্টেড—তাকে রাজ্য সভার মেম্বার করে আপনাদের পাঠাতে হচ্ছে। তার দেড় বছর এখনো টার্ম বাকি। ডাল মে কুছ কালা হ্যায়। আর কাকে পাঠিয়েছেন ? বলি আমি—বিশেষ সূত্রের খবর—১৯৭৭ সালে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে যখন সিমি প্রতিষ্ঠা লাভ করেছিল। ....[* * *].... যে সিমিকে ব্যান্ড করেছিলেন তৎকালীন যিনি মন্ত্রী ছিলেন, মমতা ব্যানার্জী, তার এন.ডি.এ.-র সরকার। এই যে তার প্রতিচ্ছবি। কোন জায়গায় যাবেন ? কোন জায়গায় দাঁড়িয়ে কথা বলবেন ? সততার মূর্ত প্রতীক কাকে পাঠিয়েছেন ? এখনো দেড বছর তার টার্ম বাকি। অ্যালকেমিষ্টের তিনি মালিক। তিনিও আজকে চিটফান্ডের মালিক। [* * *] দাঁড়িয়ে বলছে, 'আমি যদি জেলে

(***—এই জায়গায় মাননীয় চেয়ারম্যানের নির্দেশক্রমে নাম বাদ দেওয়া হল...)

থাকি, তাহলে ওরা থাকবে না কেন ?' যে ফর্মান দিয়েছিল, ১৬৪-এ স্টেটমেন্ট দিতে চেয়েছিল, সেই স্টেটমেন্ট দিতে দেওয়া হচ্ছে না কেন ? কেন সি.বি.আই. তদন্ত চাওয়া হচ্ছে না ? সারদা কাণ্ডে কেন সরকার—অন্য সরকার, ঝাড়খণ্ড সরকার, ত্রিপুরা সরকার, বিহার সরকার সি.বি.আই. চাইছে, আপনারা কেন সি.বি.আই. চাইছেন না ? কেন চাইছেন না ? আপনারা ভয় পাচ্ছেন, ভয় পাচ্ছেন। তাই আপনারা সি.বি.আই. চাইছেন না। কোনো কিছু মানছেন না। কোনো কিছু মানছেন না। আইন মানছেন না, শাসন মানছেন না, বিধানসভার আপনারা কোনো আইন মানছেন না। আমি আপনাদের নোটিশ দেখাই। এটা দেখুন, পড়ুন এটা স্যার, আপনার চেয়ার থেকে এসেছে, ওই চেয়ার থেকে অর্ডার বেরিয়েছে। কি অর্ডার ? অর্ডারটা একটু ছোট্ট করে পড়ি—"I am desire to inform that the Governor of West Bengal will address the West Bengal Legislative Assembly in the Chamber of the Assembly at 3.00 p.m. on the 10th February, 2014. Members are requested to be in their seats by 2.45 p.m. The Speaker will receive the Governor in the Entrance Hall and the Governor will proceed to the Chamber." পড়াশুনা করুন, শেখার চেষ্টা করুন। কি বলেছে ? যেখানে বলা হয়েছে "The Governor will ascend the dais by the steps on the West and the Speaker will occupy the seat to the right of the Governor. When the Governor leaves the Chamber, all Members present will rise and the procession will leave the Chamber in the above mentioned order.'— মুখ্যমন্ত্রী যেতে পারে না এই অর্ডারে। This is the order from this chair sir. মুখ্যমন্ত্রী হেঁটে চলে গেলেন।

[3.20–3.30 p.m.]

কোনো আইন মানেন না—কোনো আইন মানেন না, কোনো কানুন মানেন না, কিচ্ছু মানেন না। সেই জায়গায় দাঁড়িয়ে বিধানসভাতে প্রহসন হচ্ছে। রাজ্যে আজকে, রাজ্যে আজকে ৩২-৩৬% ডি.এ. বাকি, দেড় হাজার কোটি টাকা প্রতি মাসে ধার করে মাইনে দিচ্ছে সরকার আর বলছে সব করে দিচ্ছি। চালাকি চলছে। বাংলার মানুষের সঙ্গে শুধু ধোঁকাবাজি চলছে, বাংলার মানুষকে নিয়ে ছেলেখেলা হচ্ছে। বাংলাকে আজকে যে জায়গায় পৌঁছে দেওয়া হয়েছে, বামপন্থীরা সর্বনাশ করেছিল আর ইনি কবরের মাটিতে কফিনের শেষ পেরেকটা পুঁতে দিচ্ছেন, বাংলার মুখ্যমন্ত্রী। তাই আমি এই বক্তব্য রেখে, এই যে প্রস্তাব তাকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

মি: চেয়ারম্যান : মনোজবাবু আপনি নিশ্চয়ই আইন-টাইন মানেন, আপনি রুলস্ জানেন। এই হাউসে যিনি মেম্বার নন, আপনার হাউসের মেম্বার বা যিনি উপস্থিত নেই তাঁর নাম করা যায় না যার জন্য আমি বাদ দিয়েছি। আপনি তারপরেও যখন আর একবার নাম করেছেন সেটাও বাদ যাবে।

শ্রীমতী নিলীমা নাগ (মল্লিক) : মাননীয় চেয়ারম্যান সাহেব, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল এম. কে. নারায়ণন গত ১০ই ফেব্রুয়ারি এই ঐতিহাসিক সদনে যে ভাষণ দিয়েছিলেন এবং তার জন্য পশ্চিমবঙ্গের মাননীয় পরিষদীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী যে ধন্যবাদ জ্ঞাপন সূচক প্রস্তাব উত্থাপন করেছেন, তারই সমর্থনে আমি আমার বক্তব্য করছি। আমি কয়েকটা কথা বলার আগে আমার পূর্ববর্তী বক্তা যিনি কথাগুলো বলেছেন, আমি ওনার কথা ওনাকেই ফিরিয়ে দিচ্ছি। যখন ওই চেয়ারে বসেছিলেন তখন এই ভঙ্গিমাটা ছিল না। আজকে এত ঝাল কেন ? ভালমে কুছ কালা হে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজনীতি দুর্ভাগ্যের ব্যাপার। আমাদের বিরোধী বন্ধুরা মুখে আর মনে একরকম হতে পারলেন না। বিরোধী দলনেতা সূর্যবাবু যতই গঠনমূলক বিরোধিতার কথা বলুক না মা-মাটি মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রীর উন্নয়নের গতিবেগ যতই বাড়ছে সূর্যবাবুদের আতঙ্ক ততই তীব্র থেকে তীব্রতর হচ্ছে। স্যার, অতি সাম্প্রতিক সমাজকর্মী প্রবীণ গান্ধীবাদী নেতা আন্না হাজারে ভারতবর্ষের সমস্ত মুখ্যমন্ত্রীদের মধ্যে বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়কে দৃষ্টান্ত স্বরূপ বলেছেন। তখন বাম বন্ধুদের অবস্থা হিংসায় জ্বলে পুড়ে মরার মতো। আসলে কি—আমাদের মুখ্যমন্ত্রীর কাছে একটা ওষুধ নেই। সব অসুখের ওষুধ আছে কিন্তু হিংসার কোনো ওষুধ নেই। আমাদের মুখ্যমন্ত্রীর কাছে সেই হিংসার ওষুধ নেই। তাছাড়া দীর্ঘ ৩৪ বছর রাজত্ব করার ফলে বিরোধীরা বামপন্থী না হয়ে চেয়ারপন্থী হয়ে গিয়েছিলেন। আর এখন যত পেছনে ফিরছেন চেয়ার আর দেখতে পাচ্ছেন না। ফলে কি হল ? ফলে হল তারা দিশেহারা, যুক্তিহীন, তথ্যহীন, পরিসংখ্যানহীন। বিরোধিতার নামে বিরোধিতা করে চলেছেন। রাজ্যপালের ভাষণের বক্তব্যের জন্য ধন্যবাদ কেন ? ধন্যবাদ এই কারণেই, তিনি সাংবিধানিক নিরপেক্ষ পদে থেকে রাজ্যের আর্থসামাজিক পরিস্থিতির কথা সঠিকভাবে তুলে ধরেছেন। ধন্যবাদ এই কারণেই, পশ্চিমবাংলার রাজ্যপাল তার ভাষণের মাধ্যমে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কর্মপদ্ধতি, উন্নয়ন, সততা, নিষ্ঠা এবং নিরলস কর্মোদ্যোগের যথার্থ মূল্যায়ন করেছেন। ধন্যবাদ এই কারণেই, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হয়েও কেন্দ্র এবং রাজ্যের আর্থিক উন্নয়নের তুলনায় রাজ্যের আর্থিক বৃদ্ধি সর্বভারতীয় গড়ের তুলনায় যে উন্নততর তা স্পষ্ট করে উল্লেখ করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন এই পশ্চিমবাংলার দায়ভার—দায়িত্ব নিলেন, দায়িত্ব পেলেন, তখন উত্তরবঙ্গের দার্জিলিং জ্বলছে, পাহাড় জ্বলছে, কামতাপুরী আন্দোলনের অগ্নিশিখা উত্তরবঙ্গকে গ্রাস করেছে। আজ আড়াই বছরে তার সম্পূর্ণ বিপরীত চিত্র। বিরোধীরা তাদের বক্তব্যের মাধ্যমে দুটি বিষয় বার বার তুলে ধরছেন, উল্লেখ করছেন, সারদা প্রসঙ্গ। ভাবটা যেন এমনই, সারদা দুবছর ধরে ব্যবসাটা করছে। কিন্তু সবাই জানে, সারদার জন্ম বামফ্রন্ট আমলে, শাখা-প্রশাখা বৃদ্ধি, এরা সব গুলিয়ে এই মা-মাটি-মানুষের সরকারের গায়ে কালিমালিপ্ত করছেন। সবচেয়ে বড় কথা কি জানেন চোরের মায়ের বড় গলা। পকেটমার যখন পকেট মারে তখন নিজেকে সাধু প্রমাণ করার জন্য পকেটমার পকেটমার বলে চিৎকার করে। যাতে পকেটমারকে ধরতে না পারে। এদের এই অবস্থা হয়েছে।

স্যার, মহিলা ক্ষমতায়নে, কল্যাণসাধনে মমতা ব্যানার্জীর অবদানকে লঘু করতে বামপন্থীরা সচেষ্ট। গত পঞ্চায়েত নির্বাচনে অনধিক পঞ্চাশ শতাংশ সিট রিজার্ভ করে মমতা ব্যানার্জী যে ইতিহাস রচনা করেছেন তা বামপন্থীরা গত ৩৪ বছরেও কল্পনা করতে পারেননি, আপনারা পঞ্চাশ শতাংশ করেননি। স্যার, মহিলাদেরও উপর যে নির্যাতনই হোক না কেন সেটা নিন্দনীয়। একথা ঠিক যে, মহিলাদের সংখ্যা বেড়েছে, দুর্দশার সংখ্যা বেড়েছে, প্রশাসনের প্রতি বিশ্বাসও বেড়েছে। যাইহোক, আমি লাস্ট একটা কথা বলি, আমাদের নেত্রী বিশ্বাস করেন সত্যের জয় একদিন হবেই। হাতি যখন রাস্তা দিয়ে হেঁটে যায় অনেক ইতর প্রাণী চিৎকার করে, হাতি কিন্তু তার গতিতেই চলতে থাকে। তেমনি আমাদের মুখ্যমন্ত্রীর অগ্রগতির ধারা, আপন গতিতেই চলবে, মুখ্যমন্ত্রীর স্বপ্ন এ বাংলা 'বিস্ময় বাংলা' হবে। নমস্কার।

শ্রী আখরুজ্জামান : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১০ই ফেব্রুয়ারী ভারতীয় সংবিধানের ১৫৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এম.কে. নারায়ণ মহাশয় যে বক্তব্য রেখেছেন, সেই ধন্যবাদসূচক প্রস্তাবে রাজ্যপালকে অবশ্যই ধন্যবাদ জানাব। কিন্তু মাননীয় রাজ্যপালের মুখ দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের লিখে দেওয়া একটা অসত্য তথ্য ভরা ভাষণ এই ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে আমি কতগুলো কথা এই মহতি সদনে তুলে ধরতে চাই। কিছুক্ষণ আগে দু'জন আমার সিনিয়র বর্ষীয়ান এই হাউসের সদস্য আমার দলের নেতা ডাঃ মানস রঞ্জন ভুঁইঞা বক্তব্য রাখছিলেন। সেই বক্তব্যকে খণ্ডন করে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী উনি ওনার বক্তব্য এখানে তুলে ধরেছেন। আমি দুই সিনিয়র সদস্যের বক্তব্যের কোটে না গিয়ে, মাননীয় রাজ্যপালকে দিয়ে যে অসত্য কথা আপনারা এখানে পাঠ করিয়েছেন, আমি একটা তথ্য দিয়ে এখানে তুলে ধরতে চাই। আপনারা এখানে লিখেছেন মহাত্মা গান্ধী জাতীয় কর্মনিশ্চয়তা MGNREGA প্রকল্পে আমার সরকার গত বছরে বরাদ্দ করা সম বাজেটের ১০৯ শতাংশ ব্যয় করেছে। যা দেশে সর্বোচ্চ। এটা ডাহা মিথ্যা কথা স্যার। আমি আপনার কাছে একটা তথ্য তুলে ধরতে চাইছি, আমাদের ভারত সরকারের Minister of Rural Development, Government of India-র মন্ত্রী শ্রী জয়রাম রমেশজী আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে গত ১৭ ডিসেম্বর, ২০১৩ সালে একটা চিঠি লিখেছিলেন। চিঠিতে কি লিখেছিলেন ? The State Government has a projected Labour Budget of 22.6 crore person-days, up to December 10th 2013 out of which the State has achieved only around 6 crore person-days i.e. 26 per cent of the projected Labour. মাত্র ডিসেম্বর মাসের ১৭ তারিখে লেখা মাননীয়া মুখ্যমন্ত্রীকে কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রী, তাতে বলছেন মাত্র ২৬% উনি এখানে কাজ করতে পেরেছেন। আরও কি বলছেন স্যার, এই চিঠিতে ? আমাদের কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীকে লিখছেন, কি লিখছেন ?

[3.30–3.40 p.m.]

the average person-days of work per household is only 18 days which is unusually low অর্থাৎ মাত্র ১৮ দিনের কাজ যেটা ডিসেম্বর মাসের তথ্য মাত্র দুই মাস আগের তথ্য হাউসের কাছে আমি তুলে ধরছি। আমাদের কেন্দ্রীয় পঞ্চায়েতমন্ত্রী. আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছেন। এবং এর মধ্যেও একটা ডিবেট দেখলাম। উনি বলছেন যে সরকারের কাছে এখনও in addition to this there are unspent funds of Rs. 584 crores। এখনও পশ্চিমবঙ্গে ৫৮৪ কোটি টাকা তারা কাজ করতে না পারার কারণে আজকে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের আজকে আপনারা বিভিন্ন জায়গায় গিয়ে সরকারের সমালোচনা করছেন যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না, টাকা দিচ্ছে না। আর আপনারা সঠিক কাজ করতে পারছেন না বলে আপনাদের সমস্ত টাকা আটকে যাচ্ছে, এটা আপনারা কেন বলতে ভয় পাচ্ছেন ? আপনারা সঠিকভাবে সঠিক কথা এখানে তুলে ধরছেন না। আমার সামনে বসে ছিল, এক সময়ে কংগ্রেসের নেতা ছিলেন, আমার ছাত্রকালে নেতা ছিলেন, তাপস রায়, তাপস রায়ের নেতৃত্বে এক সময়ে কলকাতা শহরের রাজপথে আমরা আন্দোলন করেছিলাম। কি কারণে আন্দোলন করেছিলাম, বিগত দিনে. এই রাজ্যের মুখ্যমন্ত্রী, যিনি এক সময়ে. আমরা দেখেছিলাম, বানতলার অনিতা দেওয়ানের ধর্ষণের পর, যখন সরকারের মুখ্যমন্ত্রী বলেছিলেন, যে এই রকম ঘটনা ঘটেই থাকে, তখন সারা বাংলা জুড়ে, ধিক্কার ধিক্কার হয়েছিল। আমরা এখানকার তাপসদা এবং আমাদের অশোক দেবের নেতৃত্বে ছাত্র আন্দোলনের কারণে আমরা কলকাতা শহরে আমরা আন্দোলন করেছিলাম। কিন্তু আমরা যখন ২০১১ সালে, আমাদের হাত ধরে যখন পশ্চিমবঙ্গের মাননীয়া মহিলা মুখ্যমন্ত্রী, হ্যাঁ আমাদের হাত ধরে বলছি, আপনারা শুনে রাখুন, ভুলে যাবেন না, ২০০৪ সালে আপনারা ১ জন সাংসদ নিয়ে পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত হয়েছিলেন, আমাদের হাত ধরেছিলেন, ২০০৯ সালে, আমাদের হাত ধরে ১ থেকে ১৯-এ গিয়েছিলেন। ভুলে গেলে চলবে না। আপনারা ২০০৬ সালে এম.এল.এ. ছিলেন ৩২ থেকে আমাদের হাত ধরে ১৮৫ হয়েছেন। এই কথা ভুলে গেলে হবে না। বাংলার ইতিহাস বলবে। বাংলার ইতিহাস বলবে। কংগ্রেসের হাত ধরে ১ থেকে ১৯ হয়েছেন। কংগ্রেসের হাত ধরে ৩২ থেকে ১৮৫-র গরম দেখাচ্ছেন। এই কথা ভুলে গেলে চলবে না যে কংগ্রেসের হাত ধরে আপনারা আজকে এখানে এসেছেন। আমরা সেই সময় ২০১১ সালে যখন আমাদের হাত ধরে বাংলায় পরিবর্তন হয়েছিল, আমরা বড় আশা করেছিলাম, বাংলার মহিলা মুখ্যমন্ত্রী করেছি, ৩৪ বছর বামফ্রন্টের জমানায়, বাংলার মা বোনেরা যেভাবে লুণ্ঠিত হয়েছে, ধর্ষিত হয়েছে. মহিলা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাংলা হয়তো আজকে সেখান থেকে প্রাণ পাবে। আমরা দুই বছরের মাথায়, দুই বছর আগে কি লক্ষ্য করলাম, পার্ক স্ট্রিটে একজন মহিলা ধর্ষিতা হলেন, আমাদের পশ্চিমবঙ্গের মাননয়া মহিলা মুখ্যমন্ত্রী বললেন, ঘটনা, সাজানো ঘটনা। ওইটা সাজানো ঘটনা। আমার সরকারের বিরুদ্ধে চক্রান্ত চলছে। ভাবতে অবাক লাগে, একজন মহিলা মুখ্যমন্ত্রী যখন পার্ক স্ট্রিট কলকাতায় মহানগরীতে একজন মহিলা ধর্ষিতা হয়, তখন এই সরকারের মহিলা মুখ্যমন্ত্রী বলেন, ওইটা

সাজানো ঘটনা। কিন্তু বাংলার মানুষ পরবর্তীকালে দেখেছে, ঘটনা সাজানো কিনা। যখন ওই সরকারের একজন দায়িত্বশীল অফিসার দময়ন্তী সেন যখন বললেন, ঘটনা সাজানো নয়, এর সত্যতা আছে। এই সঠিক কথাটা বলার জন্য এখানকার সেই সরকারের পুলিশ আধিকারিককে ডিমোশান দিয়ে কলকাতার বুক থেকে তাড়িয়ে দেওয়া হয়। আজকের এই সদনে দাঁড়িয়ে প্রশ্ন করতে ইচ্ছা করে যে স্বচ্ছতার প্রতীক আজকে আপনারা যাকে বলছেন, তার চোখে আমরা কি দেখলাম। পার্ক স্ট্রিট কাণ্ডে যিনি আজকে সাজানো ঘটনাকে নস্যাৎ করে দিয়ে সত্যতা প্রমাণ করলেন, সেই দময়ন্তী সেনকে ডিমোশান দিয়ে আপনারা এখান থেকে তাড়িয়ে দিলেন। আজকে স্বচ্ছতার প্রতীক বলে যারা এখানে বড় বড় করে ফলাও করে আপনারা বিভিন্ন জায়গায় আপনারা ফলাও করে পোস্টার ছাপাচ্ছেন, বলছেন সত্যতার প্রতীক। আপনারা বলছেন আমার প্রশাসন নিরপেক্ষ প্রশাসন। আজকে এই মহতী সদন থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে ইচ্ছা করে এস.জে.ডি.এ. শিলিগুড়ি এবং জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদ এর এই দেড়শো কোটি টাকা যেখানে চুরি হয়েছিল, লুটপাট হয়েছিল, আমরা দেখেছিলাম, পশ্চিমবঙ্গ সরকারের একজন পরিস্কার অফিসার কে জয়রামন সঠিকভাবে তদন্ত করে সেই সময় গোদালা কিরণকুমার, মালদার ডি.এম. একজন প্রশাসনিক অফিসারকে গ্রেপ্তার করে যখন জেলে পাঠানো হয়, বাংলার মানুষ ধন্য ধন্য করেছিল, এই সরকার স্বচ্ছ সরকার। সরকারি আধিকারিক যদি আজকে চুরি করে, তাহলে একজন দক্ষ প্রশাসনিক হিসাবে সেই পুলিশ অফিসারকে গ্রেপ্তার করে জেলে ভরা হয়, সরকারের পক্ষ থেকে বলেছিল, তাকে তিন দিনে রিমান্ড নেওয়া হবে, তাকে রিমান্ড অর্ডার দেওয়া হয়েছিল, আমরা বাংলার মানুষ আশ্চর্য হয়ে গেলাম, তারপরের দিন দেখলাম, ওই সরকারের পিপি দাঁড়িয়ে বলছে, সেই রিমান্ডকে ক্যান্সেল করার জন্য। সেই কিরণকুমার গোদালাকে তাকে রেহাই করার জন্য এই সরকারের পক্ষ থেকে সেখানে প্রস্তাব আনা হয়। তখন এই সরকারের স্বচ্ছতা নিয়ে বাংলার মানুষ প্রশ্ন করছে। কেন প্রশ্ন করবে না ? আপনারা স্বচ্ছতা, স্বচ্ছতা করে চিৎকার করবেন। আর একজন অফিসার কে. জয়রামণকে কেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটে ডিমোশান করা হল ? আজকে সেই কথাগুলো আমরা এখানে তুলে ধরতে চাইছি। আজকে স্বচ্ছতার কথা বলছেন। আজকে খবরের কাগজে দেখলাম উত্তরবঙ্গে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন যে কেন্দ্রীয় সরকার খবরের কাগজ দিয়ে প্রচারের কাজ করছেন। বাংলার মানুষ বলছে পশ্চিমবঙ্গের কি উন্নয়ন হচ্ছে। বাংলার মানুষ দেখতে পাচ্ছে। আজকের এই সরকারকে দেখছি কোটি কোটি টাকা খরচ করে এমন কোনোদিন সংবাদপত্র খুললে দেখতে পাবেন না যেখানে পশ্চিমবঙ্গ সরকার মিথ্যা ভাঁওতা দিয়ে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলো নিজের নামকরণ করে আজকে তারা ঢাকঢোল পেটাচ্ছেন। বাংলার মানুষ লক্ষ্য করছে। আজকে সেই কথাগুলো আমরা এখানে বলতে চাই। আজকে সারদা নিয়ে অনেক কথা হয়েছে। সারদা নিয়ে আজকে যখন বাংলার বুকে তোলপাড় হচ্ছে, আজকে বাংলার বুকে অনৈতিক চিট ফাণ্ড কোম্পানিগুলো এখনো গজিয়ে আছে, তাদের বিরুদ্ধে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করছেন না। সারদার ব্যাপারে আজকে সরকারের কেন মাথাব্যথা ? একজন প্রাক্তন রাজ্যসভার সদস্য আজকে জেলে পচছেন।

জেলে যাওয়ার আগে উনি বলছেন শুধু আমাকে জেলে পুরলে হবে না, এই সরকারের আরও মহারথী আছে যারা বাংলার নেতৃত্ব দিচ্ছে, সরকারের কর্ণধার, তারা আমার সঙ্গে যুক্ত আছে। তাদের জেরা করলে সঠিক তথ্য সব বেরিয়ে আসবে। সততার প্রতীক বলে যাকে দাবি করা হয়, যিনি সততার প্রতীক হিসাবে নিজেকে পরিচয় দিচ্ছেন, আজকে তার দৌলতে একজন সাংসদ সদস্য যখন বলছেন এই সরকারের যিনি চিফ তাঁর দিকে আঙুল তুলে, তখন সততার প্রতীক হিসাবে তাকে তুলে ধরার জন্য কেন বলছেন না সি.বি.আই. তদন্ত করা হবে। আজকে বাংলার বেকার যুবক সমাজ বাংলার বুকে একটা কথা বলছে। কি বলছে—টেট পরীক্ষা নিয়ে বলছে। এটা টিচারের এলিজিবিলিটি টেস্ট নয়। এটা তৃণমূল এলিজিবিলিটি টেস্ট হয়েছে। আজকে টিচার এলিজিবিটি টেস্টে গ্রামবাংলার মেধাবী ছাত্ররা কোনো সুযোগ পায়নি। স্যার, আপনি জানেন এখানে লক্ষ লক্ষ দরখাস্ত পড়েছিল। তার মধ্যে মাত্র ৩৫ লক্ষকে এখানে পরীক্ষায় ডাকা হয়েছিল। প্রায় ১৭ লক্ষ পরীক্ষায় বসেছিল। তার মধ্যে আমরা কি লক্ষ্য করেছি—আমরা লক্ষ্য করেছি মাত্র ১৮,৭৯৩ জনকে পাশ করানো হয়েছে। কাদের পাশ করানো হয়েছে ? আমরা দেখলাম দক্ষিণ ২৪ পরগনায় প্রাইমারি স্কুল শিক্ষক পর্ষদের চেয়ারম্যান বলছেন, চলে যাও নিজাম প্যালেসে আমাদের এক দাদা আছেন। তুমি কেন চলে গেলে ? সেখানে গেলে তো আমরা তোমার নাম লিস্টে তুলে দিতাম। পশ্চিমবাংলার এই হাউস থেকে আমার একজন বন্ধু বলছিলেন যে মন্ত্রীর ছেলে হলে কি তারা চাকরি পাবে না ? নিশ্চয় পাবে। কিন্তু যদি....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডাঃ আব্দুর কাশেম মোল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার এই বাজেট অধিবেশনে মহামান্য পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম কে নারায়ণনের ভাষণ নিয়ে যে আলোচনা চলছে সেই সময়োচিত ভাষণকে স্বাগত জানিয়ে আমি ২-১টি কথা বলতে চাই। প্রথমেই আমি ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মাননীয়া নেত্রী, সততার প্রতীক, উন্নয়নের প্রতীক বাংলার মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীকে। বিগত মাত্র আড়াই বছরে যেভাবে পিছিয়ে পড়া বাংলাকে উন্নয়নের শিখরে নিয়ে গেছেন—স্বাস্থ্য, শিক্ষা, সংখ্যালঘু উন্নয়ন, কৃষি, শিল্প উন্নয়ন থেকে সমস্ত দিকে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে। কিছুক্ষণ আগে আমাদের এখানকার ডানদিকের বন্ধু বিধায়ক ডাঃ মানস ভুঁএ্যা এবং মনোজ চক্রবর্তী অনেক কথা বলছিলেন, সমালোচনা করছিলেন। বাংলার শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী, বাংলার উন্নয়নের প্রতীক মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি ভুলে যাচ্ছেন বিগত নির্বাচনে সেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতটা যদি মাথায় না থাকত তাহলে আজ এই বিধানসভায় বসে আপনি আলোচনা করতে পারতেন না। আপনি থাকতেন গ্রামে ১৪ হাজার ভোটে হেরে। আর মনোজবাবুকে বলছি কংগ্রেস দলটাকে বাঁচাতে হলে ওই [* * *] আনবেন না। তাহলে আগামী নির্বাচনের দু-মাস পরে আপনারা শেষ হয়ে যাবেন। আপনাদের একজনও কেউ থাকবে না লোকসভায় যাবার জন্য।

....(নয়েজ)....

(*** মিঃ চেয়ারম্যানের নির্দেশক্রমে বাতিল)

[3.40–3.50 p.m.]

বসুন, বসুন। স্যার, মাননীয় মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে স্বাস্থ্যের ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই।

....(নয়েজ)....

আপনাদের সঙ্গে কোনো লোক নেই, হাওড়াতে আপনি একাই আছেন। সঙ্গে একজনও নেতা নেই, একজনও কর্মী নেই। আপনি আর বাতি জ্বালাবেন না, আপনার বাতি হাওড়া জেলায় কেউ দেখবে না। তাই যে কথা বলছিলাম, আমি একজন চিকিৎসক, আমি স্বাস্থ্যের ব্যাপারে বলতে চাই, আমার সামনে বসে আছেন ডাঃ সূর্যকান্ত মিশ্র। উনি বলুন, উনি যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন ভারতবর্ষ পোলিওমুক্ত দেশ হয়নি। একটাই কারণ, হাওড়া জেলার পাঁচলায় পোলিও ধরা পড়েছিল।

মি: চেয়ারম্যান : ডাঃ মোল্লা, এক মিনিট। [* * *] শব্দগুলো বাদ যাবে।

ডাঃ আবুল কাশেম মোল্লা : কিন্তু বিগত আড়াই বছরে বাংলায় কোনো পোলিও ধরা পড়েনি এবং মাত্র দুদিন আগে ভারতবর্ষ পোলিও মুক্ত দেশ হিসাবে ঘোষিত হয়েছে। চৌত্রিশ বছরে সূর্যবাবুরা যা পারেননি, আড়াই বছরে তা মমতা বন্দ্যোপাধ্যায় করে দেখিয়ে দিয়েছেন। খুব জ্বালা আপনাদের, মমতা বন্দ্যোপাধ্যায় কেন হাউসে আসছেন না। চৌত্রিশ বছরে আপনারা বাংলায় যে জঞ্জাল সৃষ্টি করেছেন, সেই জঞ্জালগুলো সরাতে গেলে হাউসে এলে বাংলার উন্নয়ন হবে না। হাউসে উনি নিশ্চয় আসবেন, কিন্তু বাংলায় স্বাস্থ্যের উন্নয়ন, শিক্ষার উন্নয়নটা জরুরি। আজকে আমাদের রাজ্যে ৩৪টি মাল্টিস্পেশালিটি হাসপাতাল তৈরি হয়েছে। ৬১টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান তৈরি হয়েছে এবং মানুষ সেখান থেকে ওষুধ পাচ্ছে ষাট থেকে সাতাশি পারসেন্ট ডিসকাউন্টে। এই কথা শুধু বাংলার মুখ্যমন্ত্রী হয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ভেবেছিলেন, ভারতবর্ষের কোনও নেতা-নেত্রী তা ভাবতে পারেননি। তাই আজকে ভারতবর্ষের স্বাস্থ্যমন্ত্রী গোলাম নবী আজাদ বলে গেছেন বাংলাকে আপনারা সামনে রেখে ভারতবর্ষের স্বাস্থ্যনীতি তৈরি করুন। একসময় গোখলে বলে গিয়েছিলেন, What Bengal thinks today, India thinks tomorrow. আর চৌত্রিশ বছরে সূর্যবাবুদের সরকার, আনিসুরবাবুদের সরকার সেই স্লোগানটাকে পাল্টে দিয়েছিলেন, What India thinks today, Bengal will think after thirty four years. আমরা গোখলের সেই বক্তব্যকে আবার সঠিক প্রমাণ করে দিয়েছি, What Bengal thinks today, India thinks tomorrow. ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রী জঙ্গলমহলে শান্তি স্থাপনের জন্য এই সরকারের প্রশংসা করেছেন এবং বলেছেন, নকশাল আন্দোলনকে ভারতবর্ষ থেকে সরাতে হলে ছত্রিশগড়ে এবং ঝাড়খণ্ডে মমতা বন্দ্যোপাধ্যায়ের পথ অনুসরণ করতে হবে। গত দুই বছরে শিশু মৃত্যুর হার ২০% কমেছে। নেই নেই করে প্রায় ৬৭টি NICU তৈরি হয়েছে।

(*** মি: চেয়ারম্যানের নির্দেশক্রমে বাতিল)

মানুষ আজকে স্বাস্থ্যের পরিষেবা পাচ্ছে। শিক্ষার বিষয়ে আমি একটা-দুটো কথা বলতে চাই। ৯০% বেশি প্রাথমিক বিদ্যালয়ে এবং ৯৮% বেশি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিলের বন্দোবস্ত করা হয়েছে। ৯৮.২৬% বিদ্যালয়ে শৌচাগার তৈরি হয়েছে, ৮২% বেশি বিদ্যালয়ে বালিকাদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা করা হয়েছে। ৬টা নতুন বিশ্ববিদ্যালয় ভাবতে পেরেছেন কোনোদিন ? আড়াই বছরে ৬টা নতুন বিশ্ববিদ্যালয়, ৩১টা সরকারী কলেজ। কত কথা বলব। কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে যেভাবে ভারতবর্ষকে পথ দেখানো হয়েছে ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও কন্যাশ্রী প্রকল্পের মতো প্রকল্প তৈরি করার কথা ভাবছে। সংখ্যালঘু মানুষ আমি। আনিস ভাইও সংখ্যালঘু। কিছুক্ষণ আগে আমাদের একজন সংখ্যালঘু কংগ্রেসের মাননীয় বিধায়ক অনেক বড়ো বড়ো কথা বলে গেলেন। সংখ্যালঘু উন্নয়নে মমতা বন্দ্যোপাধ্যায় যে কাজ করেছেন, ৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হয়েছে, কোনও মুখ্যমন্ত্রী ভাবেনি পশ্চিমবঙ্গের এই সংখ্যালঘুদের বুকের ব্যাথা বেদনার কথা। ভেবেছিলেন ৬ ফুট বাই ৮ ফুট ঘরে থাকবে ওরা। মমতা বন্দোপাধ্যায় তাই তো ইমাম ভাতা—তাই তো মোয়াজ্জম ভাতা, ভারতবর্ষে কেন, পৃথিবীর কেউ এইভাবে ভাবেনি। একটা দৃষ্টান্তমূলক সিদ্ধান্ত নিয়ে তাদের সাহায্য করা হয়েছে, গরীব ইমামদের। নেই নেই করে ৫৭ লক্ষ ছাত্রছাত্রীকে বৃত্তি দেওয়া হয়েছে। সূর্যবাবুদের সময় মাত্র ৭ লক্ষকে আপনারা দিয়েছিলেন দু'বছরে। আমরা দু'বছরে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ৫৭ লক্ষ ছাত্রছাত্রীকে অনুদান দিয়েছি। কাজ কিভাবে করতে হয় মমতা বন্দ্যোপাধ্যায় জানেন। তাদের সাথী সঙ্গীরা জানেন, আপনারা জানেন না। সেইজন্য বাংলার মানুষ ২০১১ সালে এইখানে আপনাদের বসিয়ে দিয়েছে। সমালোচনা করবেন না। মমতা বন্দ্যোপাধ্যায়ের গুণগান করুন। নাহলে আগামী দিনে দেখবেন আপনাদের দলের লোকগুলো একে একে এদিকে চলে আসছে। সূর্যবাবু একা বসে থাকবেন। পেছনের সব সিটগুলো খালি হয়ে গেছে, আপনি একা বসে সবেধন নীলমণি, আর মমতা বন্দ্যোপাধ্যায়ের গুণগান করতে বাধ্য হবেন। তাই আজকের দিনে রাজ্যপালের এই সময়োচিত ভাষণকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় চেয়ারম্যান স্যার, রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা করার আগে দু-একটি কথা বলতে চাইছি। আমি প্রথমবারের বিধায়ক। আমার মতো অনেকে আছেন। এই বিধানসভায় এসেছিলাম, পবিত্র এই বিধানসভায় অনেক কিছু শেখার আছে। যারা সিনিয়ার আছেন আমাদের এখানে দীর্ঘদিনের বিধায়করা তাদের কাছ থেকে অনেক কিছু শিখব। ভেবেছিলাম। কিন্তু সভা শুরুর একটা মুহূর্তে স্কুলের অনেক শিশুরা এখানে বসে, খুব সখ করে ভোরবেলায় উঠে গাড়িতে চেপে তারা এখানে এসেছিল খেয়ে না খেয়ে, আমার মতো। আমি যে প্রথমবারের বিধায়ক, খুব স্বপ্ন ছিল, বিধানসভার ভেতরে এখানে আসব, এই পবিত্র সদনে অনেক কিছু শিখব। সিনিয়ারদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করব। ঠিক সেইভাবে, একইভাবে ওই শিশুরা এসেছিল আমাদের বড়োরা যারা আছেন তাদের কাছ থেকে শিখবে বলে। খুবই দুঃখ লাগছে। মুখ্যসচেতক, সম্মানীয়

শোভনদেব যেভাবে বাবু তার বক্তব্য বিধানসভায় তুলে ধরলেন, আমি ভাবছি যে কোন সময়ে এসে আমি বিধায়ক হলাম। গ্রামের মানুষকে গিয়ে কি বলব, যে কি শিখে আসলাম সিনিয়ারদের কাছ থেকে। আমি যা শিখলাম শিখলাম। ওই ছোটো ছোটো শিশুরা যারা দৌড়ে পালালো এখান থেকে, আমার সামনে থেকে গালে হাত দিয়ে দৌড়িয়ে পালাচ্ছে। তারা গিয়ে তার বাবা মাকে কি বলবে, স্কুলে বন্ধু বান্ধবদের কি বলবে। এটাই আজকে সদনে দেকে খুব আশ্চর্য হয়ে গেছি। আলোচনার শুরুতেই, চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, যে এখানে একটা কথা বলা হয়েছে। বার বার বলা হচ্ছে, অনেকে বললেন যে কৃষকের জন্য এই সরকার দারুণ করেছে। কৃষক স্বার্থে ব্যাপক কাজ হয়েছে। কৃষকের সম্পূর্ণ কাজ শেষ হয়ে গেছে বলছেন। একটা কথা এখানে লেখা আছে, ৯ পাতায়। কৃষকদের কাছে দ্রুত নতুন নতুন প্রযুক্তি পৌঁছে দেওয়া এবং তাদের জন্য গৃহীত বিভিন্ন কর্মপ্রকল্প সেই সংক্রান্ত সুযোগ-সুবিধা জনপ্রিয় করে তোলার জন্য সাফল্যের সঙ্গে, কৃষি উদ্যান পালন মৎস্য ও প্রাণী সম্পদ মেলা করা হচ্ছে ব্লকে ব্লকে।

[3.50–4.00 p.m.]

আমি মনে করি যে মেলাগুলো বিভিন্ন জায়গায় হচ্ছে, সেই মেলা এই কর্মসূচি জনপ্রিয় করে তোলার জন্য তাদেরকে সচেতন করা হচ্ছে, তার জ্ঞান দেওয়া হচ্ছে। যে মেলাগুলো বিভিন্ন ব্লকে হচ্ছে সেখানে কৃষকদের উপস্থিতির হার কি ছিল ? কারা সেই মেলায় উপস্থিত ছিলেন ? পার্টির ক্যাডাররা। লক্ষ লক্ষ টাকা খরচ করে একটা একটা ব্লকে। এই মেলাগুলো কৃষকদের সচেতন করে গড়ে তোলার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী নাকি ঘোষণা করেছিলেন। আমি মনে করি যে এই মেলা যে প্রকল্প চালু করেছেন মা-মাটি-মানুষের সরকার 'জল ধর, জল ভরো'। আমার মনে হয়েছে এই মেলার মাধ্যমে কর্মীদেরকে বলা হয়েছে এই মেলার মাধ্যমে টাকা ধরো, পকেট ভরো। আমার মনে হয়েছে এই জন্যই এ ধরনের মেলাগুলো চালু করা হয়েছে। কোনো কৃষক টু পারসেন্ট, ওয়ান পারসেন্ট কৃষক—এই ধরনের মেলাতে যান না। এখানে আপনার বিধায়ক আছেন, আমি নিজেও জানি না। ব্যানার টাঙানো আছে, প্যান্ডেল হচ্ছে, মাইক বাজছে, জিজ্ঞাসা করছি—কি হচ্ছে ? বলছে, কৃষি মেলা হচ্ছে। ওটা কি হচ্ছে ?—মৎস্য মেলা হচ্ছে। ওটা কিসের মেলা আমরা বিধায়করা জানতে পারব না। বলল—না, ওটা গোপন ব্যাপার। ওটা গোপন ব্যাপার, গোপনে হচ্ছে, বিধায়কদের জানানো হবে না। অর্থাৎ এই ধরনের প্রকল্পের মধ্যে দিয়ে কোটি কোটি টাকা নয়-ছয় করা হচ্ছে। একটা জায়গায় সম্মানীয় বিধায়ক কাশিমদা মাইনোরিটির কথা বলছিলেন। সরকার বলছে, একটা জায়গায় দাঁড়িয়ে যে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন এবং তাদের কল্যাণের জন্য এই মা-মাটি-মানুষের সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আমি যখন বিধায়ক হয়ে প্রথমবার এসেছিলাম, মাননীয়া মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে চিৎকারের সুরে বলেছিলেন, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য দশ হাজার মাদ্রাসা এক বছরের মধ্যে করে দেবে এই সরকার, আমি প্রতিশ্রুতিবদ্ধ—উনি চিৎকার করে বলেছিলেন। বুক ভরা আশা নিয়ে আমরা যারা গ্রামের মানুষরা ছিলাম সংখ্যালঘু সম্প্রদায়ের খবরের কাগজে বেরিয়েছিল তারা দুই হাত দিয়ে আশীর্বাদ দিয়ে

বললেন, দারুণ মুখ্যমন্ত্রী তো। এই মুখ্যমন্ত্রী তো সত্যিই সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য ভাবছে। ২৮ মাস, ২৯ মাস অতিবাহিত একটা বলুন—দশ হাজারের মধ্যে একটা মাদ্রাসা হয়েছে কোথাও। প্রতিশ্রুতি শুধু দিয়ে যাচ্ছেন। প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিবদ্ধ ....(নয়েজ).... না, ওই মাদ্রাসা হয়নি। ওই মাদ্রাসা হয়নি স্যার। প্রতিশ্রুতিবদ্ধ এবং মাইনোরিটিদের জন্য—সংখ্যালঘু সম্প্রদায়ের ইমাম ভাতা নিশ্চয় সম্মানের জিনিস। ইমামদের ভাতা দিচ্ছেন কোন টাকা থেকে ভাতা দিচ্ছেন ? ওয়াকফ বোর্ড থেকে। ওয়াকফ বোর্ডে কাদের টাকা।—সংখ্যালঘুদের টাকা। সেখানে সেখানে ওয়াকফ বোর্ডের মসজিদ আছে, সেখানে তো ইমাম ভাতা পাচ্ছেই। ওয়াকফ বোর্ডের টাকা থেকে ওটা দেওয়া হয়। মিডিয়া প্রচার, মিডিয়া প্রচারের জন্য, মানুষকে বিভ্রান্ত করার জন্য, সংখ্যালঘুদের ঠকানোর জন্য—বলে দেওয়া হল, এই ভাতা দেওয়া হচ্ছে। আচ্ছা, ইমাম ভাতা কি মাইনোরিটি ডেভেলপমেন্ট উন্নয়ন ? ইমামদের দিয়ে দিলে সমস্ত মাইনোরিটিদের উন্নয়ন হয়ে গেল। কি করে সম্ভব ? সেটা একটু বলুন। গ্রাম-গঞ্জে যারা মাইনোরিটি বাস করছে, তাদের জন্য কি করেছেন বলতে হবে তো। এখানে যেমন বলছেন ...(নয়েজ)... যেটা আগে ছিল, সেটাই বলছেন। আনিসুরদা বলছিলেন যে, নবান্নতে রং করে দিয়ে আমাদের তৈরি করা ঘরকে—আপনারা বলছেন সেটা আমরা তৈরি করেছি। ঠিক সেইভাবে মাইনোরিটি কাজগুলো বিগত সরকার করছিলেন সেটাকে একটু রং লাগিয়ে দিয়ে বলছেন এগুলো আমরা করেছি। এম.এস.ডি.পি. প্রকল্পে যে কাজগুলো হওয়ার দরকার ছিল—আমি নিজে দিল্লিতে মাইনোরিটি দপ্তরকে জানিয়েছিলাম, এখানে সার্ভে করে ফেসিলিটর নিযুক্ত করা হবে। ব্যাকওয়ার্ড প্লেসেস যেগুলো মাইনোরিটির জায়গাগুলো আছে সেখানে কি কি ধরনের প্রকল্প রূপায়িত হতে পারে। চিঠি দিয়ে জানিয়েছিলাম, বলা হল—এই সমস্ত ফেসিলিটর নিযুক্ত করার টাকা নেই। কেন্দ্রীয় সরকার বলছে যে, ফেসিলিটার নিযুক্ত করেই ওখান থেকে প্রকল্পগুলোকে তুলে নিয়ে ডোমা অফিসে দিতে হবে। একটা ডোমা অফিস খোলা হয়েছে। সেই ডোমা অফিস চলে না। সেখানে সরকারী যারা কর্মচারী আছে যারা অবসরপ্রাপ্ত যাদের বয়স ৭০-৭৫ হয়েছে তারা কোনো কাজ করতে পারেন না। একজন ডোমা যিনি আছেন অফিসার, তিনি পাঁচটা দায়িত্বে আছেন। মাইনোরিটিকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন এই সরকার আপনারা বলছেন। আমি মনে করি যে এই সরকার মাইনোরিটিদের শুধুমাত্র ধোঁকা দিচ্ছেন ভাঁওতা দিচ্ছেন, মিডিয়া প্রচার পাওয়ার জন্যই মাইনোরিটির নাম করেই অন্য সব কাজ করে বেড়াচ্ছেন। আর একটা কথা বলে চেয়ারম্যান সাহেব, শেষ করব। নারী এবং শিশু একটা দপ্তর আছে, একটা কলম এখানে লেখা হয়নি। কিন্তু শিশুরাই হচ্ছে দেশের ভবিষ্যত। শিশু সম্পর্কে একটা আলোচনা এখানে করা হয়নি। এই দপ্তরটা আস্তে আস্তে উঠে যাচ্ছে। শিশুদের সুরক্ষা দেওয়া তো দূরের কথা প্রতিদিন শিশু মরছে বিভিন্ন হাসপাতালে। আই.সি.ডি.এস. যে দপ্তর ছিল, নারী এবং শিশু কল্যাণ দপ্তর, সেই দপ্তর তো কোনো কাজ করে না, শুধু মন্ত্রীর পরিবর্তন ঘটাচ্ছেন। এই ২৮ মাসের মধ্যে ৩টি মন্ত্রী হয়ে গেছে। আমি মনে করি ৫ বছর পড়তে পড়তে ৭-৮ খানা মন্ত্রী হয়ে যাবে। নারী এবং শিশুদের উন্নয়নের জন্য কোনো কাজ হয় না, শুধু মন্ত্রী পরিবর্তনের কাজ চলছে। এই সরকার একটা মনগড়া কাল্পনিক নাট্য

পুস্তিকা যা রাজ্যপালের মুখ দিয়ে বলানো হয়েছে, এই নাট্য পুস্তিকাকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় চেয়ারম্যান স্যার, রাজ্যপালের ভাষণের উপর কয়েকটি গুরুত্বপূর্ণ আলোচনা আমি আপনার সামনে রাখছি। রবীন্দ্রনাথের একটা কবিতা দিয়ে আমি শুরু করব। এর আগে যে রাজ্যপালের ভাষণ হয়েছিল ২০১৩ সালের ৮ই মার্চ। আবার এই বছর ২০১৪ সালের রাজ্যপালের ভাষণ। কবিতা যেটা সেটা হচ্ছে "হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান, অপমানে হতে হবে তাদের সবার সমান। মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে সম্মুখে দাঁড়ায়ে রেখে তাদের কোলে দাও নাহি স্থান"। এই লাইনটা এখানে বোঝা যাচ্ছে। আর একটা জিনিস বোঝা গেছে এই আড়াই বছরের সরকারের আমলে, আমার কাছে পরিষ্কার আর এই রাজ্যবাসীর কাছে পরিষ্কার, সেটা হচ্ছে, যেটা বলেন তার উল্টোটি করেন। আর যেটা উনি করেন সেটা বলেন না। যেটা করেন, ওই মেলা বিভিন্ন জায়গায় যেখানে টাকার উৎস আছে সেইগুলো উনি কাউকে বলেন না। এমনকি বিধায়কদেরও বলেন না। আর উনি যেটা বলেন সেটা করেন না। আমি উদাহরণ দিচ্ছি। নির্বাচনের আগে, ২০১১ সালে ক্ষমতা পাওয়ার আগে তিনি কি বলেছিলেন ? উনি বলেছিলেন জঙ্গলমহলে কোনো মাওবাদী নেই, ওখানে যে কেন্দ্র বাহিনী আছে সেই কেন্দ্র বাহিনীকে তুলে নেওয়া দরকার। এটা হল এক। দ্বিতীয় হল, আমরা যদি ক্ষমতায় আসি তাহলে আমাদের ছোট্ট মন্ত্রীসভা হবে, ছোট্ট মন্ত্রীসভা। ক্ষমতায় আসার পর সেই কেন্দ্র বাহিনী তোলা হল না। আর ছোট্ট মন্ত্রীসভার জায়গায় যদি হিসাব করা যায় তার লম্বাটা অনেক অনেক বড়। তাহলে কথা রাখলেন না। তিনি যেটা বলেছিলেন সেটা করলেন না। তৃতীয় হচ্ছে, তিনি যেটা বললেন এই মহতি সদনে যে দলতন্ত্র নয় গণতন্ত্র। আজকে সেই গণতন্ত্র কি দলতন্ত্র সেটা আপনারা বুঝতে পারছেন। বিভিন্ন জায়গায় তা প্রতিফলিত হচ্ছে। তিনি বললেন যে বিরোধীদের বেশি সময় দেওয়া হবে। বিরোধীদের আমাদের সময় দেওয়া হয়নি। আমাদের বিরোধী দলনেতা যখনই বলতে ওঠেন তখন তাঁর মাইক কেটে দেওয়া হয়, তাঁকে বলতে দেওয়া হয়নি। তিনি বলেছিলেন কি ? পশ্চিমবাংলায় শিল্প আসেনি বামফ্রন্টের আমলে, আমরা শিল্প আনব। শিল্প আসেনি, একটাও শিল্প হয়নি কোথাও। তিনি বললেন কি ? তিনি বললেন চুক্তির ভিত্তিতে কাজ করছে বিভিন্ন জায়গাতে সরকারী দপ্তরে। এইগুলোকে পারমানেন্ট করতে হবে। তিনি করলেন না। বরং চুক্তিকে বেশি করে মর্যাদা দিলেন তিনি। কোথাও একটা নিয়োগ করেননি। এই মহতি সদনে আজকে আমি আবেদন করতে চাই যে আজকে কোথাও কোন জায়গাতে কোন ডিপার্টমেন্টে, আজকে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, দেখাতে পারবেন যে কোথাও নিয়োগ হয়েছে চুক্তি ভিত্তিতে ছাড়া ? কোথাও নিয়োগ হয়েছে দেখাতে পারবেন ? পারবেন না। করেননি। অতএব এটা বোঝা গেছে যে যেটা বলেন সেটা করেন না। ইত্যাদি। আমি আপনাদের কয়েকটি উদাহরণ দিয়ে বলব, আমি বেশি কথা বলব না কারণ অনেক কথা হয়েছে, আলোচনা হয়েছে, আমি বেশি কথা বলব ন।

[4.00–4.10 p.m.]

এই কেন্দ্রীয় সরকার যে টাকা দেয়—আপনারা বললেন কেন্দ্র টাকা দেয়নি, আমরা উন্নয়ন করতে পারছি না, আমরা আগাতে পারছি না ইত্যাদি এই সব। আপনারা টাকা তো খরচাই করতে পারছেন না। এই আয়লায় যে টাকা দিয়েছিল সেই আয়লার ৩২১ কোটি টাকা ফেরত যাচ্ছে। কেন কাজ করতে পারলেন না ? আপনারা মাঝে মাঝে বলেন—বিভিন্ন জায়গায় অর্থমন্ত্রীও বলেন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীও বলেন যে, আমাদেরকে বঞ্চনা করছে, আমাদেরকে টাকা দিচ্ছে না, আমরা এগোব কি করে ? কিন্তু আপনাদের তো টাকা দেওয়া হয়েছিল আয়লায়। সেখানে ৩ হাজার ৩২ কোটি টাকা দিয়েছিল। এ রকম ৫৪টি প্রকল্পে টাকা দেয় কেন্দ্র। সেখানে ৩২১ কোটি টাকা ফেরত যাচ্ছে। আপনারা সেখানে কাজে লাগাতে পারলেন না। আপনাদের মিড-ডে মিলের সাত মাস টাকা নেয়, মিড-ডে মিল যে সমস্ত চলছে, সেখানে টাকা নেই। এবারে বাজেটের বিষয়ে আসি। ২০১৩-১৪ সালের বাজেটের পর ২৫ হাজার রেশনের এ.পি.এল., বি.পি.এল., অন্নপূর্ণা, অন্তদ্যায় যোজনায় কেন্দ্রের যে বরাদ্দ হয় তাতে ২০১৩-১৪ সালে বরাদ্দ হয়েছিল ১ লক্ষ ১৯ হাজার ২১৩ মেট্রিক টন চাল, আপনারা তুললেন কত ? এই রাজ্য সরকার কত তুলেছে ? ১৪ হাজার ৫৫৭ মেট্রিক টন। কেন তুলতে পারলেন না ? এর দায়ভার কে নেবে ? এতে পশ্চিমবাংলার গ্রামবাসীদের ক্ষতি। কেন তুলতে পারলেন না ? গম—১ লক্ষ ৫৯ হাজার ১৮৪ মেট্রিক টন, তুললেন কত ? ১ লক্ষ ২৬ হাজার ৩০৬ মেট্রিক টন। এটা একটা সরকারের ব্যর্থতা। এটা কেন করলেন ? কেন করতে পারলেন না ? অথচ আপনারা বলছেন, আমরা আগাচ্ছি, আমাদের সরকার আগাচ্ছে। কাজ করছি। আপনারা করতে পারলেন না। এবার আমি আসি সারদার বিষয়ে। আমি এমন কোনও দেখিনি—আমি ছোটবেলা থেকে শুনে আসছি, যদি চোর ধরা পরে পুলিশ চায় যে, চোরের কাছ থেকে একটু বেশি করে জানার চোর ধরা পড়লে। সে যদি বলতে না চায় তাকে একটু প্যারাপেরি করে, মারধর করে, তাকে শাস্তি দেবার ভয় দেখায়— বলে। কিন্তু এখানে, আমি নাম করব না, আপনাদেরই রাজ্যসভার সদস্য, ধরা পড়লেন। আমি সব কথা বলব, কোথা থেকে কি হয়েছে। তাকে বলছে, বলতে দেওয়া হবে না। তুমি চুপ কর এখন, তুমি চুপ কর। তাকে বলতে দেওয়া হবে না। তুমি চুপ কর। কেন ? কিসের জন্যে ? এ কি ! এতো জীবনে কখনও দেখিনি এবং তাকে যাতে বলতে দেওয়া না হয় তার জন্য আইন করা হচ্ছে যাতে সে বলতে না পারে। এইটা আগাচ্ছে ? অথচ চিট ফান্ডের চেক বিলির জন্যে আপনার খরচা হচ্ছে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এই অর্থ দফতরের হিসাব পাওয়া গিয়েছে। ৩০শে সেপ্টেম্বর ২০১৩ ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে তার চেক বিলি হবে, দেওয়া হবে। সেটা তো জনগণেরই টাকা দিচ্ছেন, চিট ফান্ডের টাকা ফিরিয়ে দিচ্ছেন না। সে ক্ষমতা নেই আপনাদের। জোর গলায় বলতে পারছেন না, যে চিট ফান্ড মালিক ঠকিয়েছে তার টাকা আমরা দেব। বলতে পারছেন না। সেখানে আইনের কচকচানি আছে। আপনি নিজেদের মান রাখার জন্যে, নিজেদেরকে আড়াল করার জন্যে তাদের টাকা দেওয়ার ব্যবস্থা করছেন।

টাকা যা না দিলেন তার থেকে রাজ্য সরকারের বেশি টাকা খরচা হল ভোজে। সেখানে ৪০ লক্ষ টাকা ভোজের জন্য বিভিন্নভাবে খরচা হল। এইভাবে রাজ্য আগাবে, রাজ্য চলবে ? আড়াই বছরে কর্মসংস্থান আপনারা করতে পারলেন না। দিনে দিনে এটা আমাদের কাছে ব্যাপক ক্ষতি হবে, জেনে রাখুন। ২০১১-১২ যে ভোগ্যমূল্য স্ফীতি হচ্ছে, এটার জন্য সরকারের কোনও কর্ণপাত নেই। আগামী দিনে খাদ্য সঙ্কট দেখা দেবে। সেইজন্যে ২০১১-১২-তে ভোগ্যমূল্য স্ফীতি ১০.৩ শতাংশ। ২০১২-১৩-তে ভোগ্যমূল্য স্ফীতি ১০.৪ শতাংশ। ২০১৩-১৪-তে ভোগ্যমূল্য স্ফীতি ৯.৫ শতাংশ। নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র যেগুলি কেনা-কাটা করা দরকার তা বেড়েছে। জীবনযাত্রার জন্য যেগুলি প্রয়োজন আছে সেগুলি বেড়েছে। যেমন, এই সবজি ৩০ শতাংশ বেড়েছে, ফলে ১২ শতাংশ, মাছ-মাংসে ৭ শতাংশ, শিক্ষায় ১৬.৮ শতাংশ, পরিবহনে ৬.৯ শতাংশ বেড়েছে। এগুলির জন্য কিন্তু আপনারা চিন্তা-ভাবনা কিছু করছেন না। আপনারা বিভিন্নভাবে বলছেন যে, আমরা সংস্কৃতি চাই, আমরা তথ্য-সংস্কৃতি বিভাগের মাধ্যমে আমরা মানুষের কাছে এগিয়ে যেতে চাই। যখন বিধানসভায় জন্ম-মৃত্যু পালিত হয়—কিন্তু ভেবেছিলেন কোনোদিন, আপনারা তো গেলেন দেবানন্দপুরে হুগলীতে সেখানে এখনও শরৎ চন্দ্রের বাড়িতে তালা-চাবি দেওয়া হয়েছে। তার খোলার কোনও ব্যবস্থা করেন না। মাঝে মাঝে আপনরা যান, এম.এল.এ.-রা যায়। ওই মাঝে মাঝে যায়, বক্তৃতা দিয়ে আসে যে, দেখছি, করবো, এই হচ্ছে—এই সমস্ত তথ্য আমরা সংগ্রহ করে রাখব। কিন্তু সেটা আপনারা করলেন না। বক্তব্য অনেক ছিল। ....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী অর্ঘ্য রায় প্রধান : মাননীয় স্পীকার স্যার, আমি ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল M. K. Narayanan যে ভাষণ রেখেছেন এই মহতি সদনে তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

মাননীয় স্পীকার স্যার আমি এই সদনের নতুন সদস্য। আমি গতকাল থেকে বিভিন্ন বক্তার বক্তৃতা শুনছিলাম। গতকাল, আমার সামনে বসে আছেন সুভাষবাবু, তিনি কয়েকটি কথা বলেছেন। এখানে কিছু ব্যক্তির নাম রাখা হয়েছে যাঁরা প্রয়াত হয়েছেন। এরকমই একটি নাম পীযূষ তিরকি। একটা সময় আপনাদের দলের সাংসদ ছিলেন। হয়তো ভুল ছাপার জন্য আপনি কথাটা বলেছিলেন। সদস্য ছিলেন। তাঁর চা-বাগানের আন্দোলন নিশ্চয় এতদিনে ভুলে গেছেন। যেটা আপনাদের কর্তব্য। বিবেচনা, বিবেচনা-বোধ, সবই তো উঠে গেছে আপনাদের। বলতে শুরু করলেন এমনভাবে এবং যে শ্লেষাত্মক ভাষায় কথাগুলো বলছিলেন তাতে আমার খুব দুঃখ এবং বেদনা হচ্ছিল। আপনি উত্তরবঙ্গের চা-বাগানে উপজাতি সমাজের যে সমস্ত মানুষরা বাস করেন তাদেরকে ওই পীযুষ তিরকি, দশরথ তিরকি, এই সমস্ত নাম দিয়ে সবাইকে ওই ব্রাকেটের মধ্যে ফেলে দিতে চাইছিলেন। সেখানকার সমস্ত মানুষই মনে হয় এভাবেই আপনাদের দ্বারা বার বার প্ররোচিত হয়েছে আজকেও প্ররোচিত হচ্ছে। তাই আমি সম্মান জানাচ্ছি। এই মহতি সদনে, যারা এখানে

সবাই প্রয়াত হয়েছেন তাদের অবশ্যই কোনো কৃতিত্ব ছিল। তার জন্য গণতন্ত্রের এই প্রতিষ্ঠানে তারা আসতে পেরেছিলেন।

অনারেবল স্পীকার স্যার, এই কয়েকদিন আগে, এখন মাননীয় সূর্যবাবু এখানে বসে নেই, মূল্যবোধের রাজনীতির কথা ওই শহীদ মিনার না কি ব্রিগেডে ভাষণ দিচ্ছিলেন : চার্জসীট ইত্যাদি অনেক কিছু দিলেন। বলছেন, কোথাও কিছু হয়নি, এই সরকার কিছু করেনি, চার্জসীট দিচ্ছেন। ওনারা তো দেখতে পান না। দেখতে পাচ্ছেন না উন্নয়ন কোথায় হচ্ছে। কীভাবে উন্নয়ন হচ্ছে জানবারও চেষ্টা করেন না। তাই এই বিধানসভায় এসে মুখ্যমন্ত্রী কেন বলছেন না, মুখ্যমন্ত্রী কেন নেই—এই নিয়ে অনেক কথা বলছেন। শুনতে বেশ ভালো লাগে। কারণ আপনাদের বলবার জায়গা তো খুব সীমিত হয়ে এসেছে। কারণ গ্রাম-বাংলার মানুষ আজ আর আপনাদের বিশ্বাস করে না। তাই বলবার যখন এখানে জায়গা পেয়েছেন বলুন তাতে কোনো আপত্তি নেই। কিন্তু মিথ্যা কথাগুলো, মিথ্যাচারগুলো বার বার করে করবেন না।.এই মিথ্যাচারগুলো করতে করতে আপনারা বার বার করে বলছিলেন নিরাপত্তার কথা। গতকাল আমার থেকে বয়সে একটু ছোট-ই হবেন, আমার চেয়ে বিধায়ক হিসাবে মনে হয় একটু বেশিদিন ধরে এই সদনে আছেন। আমাদের খুব দুঃখ হচ্ছিল। নেতাজি সুভাষচন্দ্র বোসের রাজনীতি করেন, পার্টি করেন। তাঁর যে মিনিমাম সম্মানবোধ থাকা উচিত ছিল মাননীয়া মুখ্যমন্ত্রী সম্পর্কে বলবার সময় সেটুকুও হারিয়ে ফেললেন। নিরাপত্তার কথা যখন বলেন, যখন সব কথায় মাননীয়া মুখ্যমন্ত্রীর দোষ ধরতে থাকেন, এই সরকারের দোষ ধরতে শুরু করেন তখন আপনাদের কাছে একটা প্রশ্ন। ওই M.L.A. hostel-এ কিন্তু একজন বিধায়ক খুন হয়েছিলেন। সেটা আপনাদের বামফ্রন্টের আমলে। পরে আমরা জানতে পারলাম প্রণয়ঘটিত কারণে তাঁর স্ত্রী তাঁকে মেরে ফেলেছে সায়ার দড়ি গলায় পেঁচিয়ে। সূর্যবাবু এবং সি.পি.এম.-এর বেঞ্চে যাঁরা আছেন তাঁরা একবার তো ভেবে দেখবেন, যাঁরা ফরোয়ার্ড ব্লক করছেন তাঁরাও একবার ভাববেন তো এই দোষটা কার ছিল, কোন সরকারের ছিল ? একবারও ভেবে দেখেছেন ? যা কিছু ঘটছে, যা কিছু ঘটেছে তার জন্য সবাই সাজা পাচ্ছে। এটাই পার্থক্য। আমাদের কুচবিহারে একটা কথা চালু আছে। কী বলে জানেন ? আপনাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কমরেডদের দেখে বিভিন্ন লোক বিভিন্ন কথা বলতেন। তার মধ্যে একটা কথা আমার মনে পড়ে গেল। সেই কথাটা হচ্ছে 'বিলাই হইতে কুকুর আর তপন হইতে সুকুর' সবই আপনাদের সম্পদ। আমাদের কেউ সম্পদ নেই। যারা অন্যায় করে তারা সাজা পায়, তারা জেলখানায় থাকে। তার ব্যবস্থা মাননীয়া মুখ্যমন্ত্রী আড়াই বছরের এই শাসনে দেখিয়ে দিয়েছেন। কেউ বাদ যায় না। কেউ বাদ যাবে না।

[4.10–4.20 p.m.]

কেউ বাদ যাবে না যদি কেউ অন্যায় করে মাননীয়া মুখ্যমন্ত্রীর আজকের এই সরকারের সময়। তাই আমি আরও কিছু কথাগুলো বলব। এই নিরাপত্তাহীনতার কথা বলতে বলতে অনেকগুলো কথাই চলে এসেছে। মাননীয় রাজ্যপাল তার ভাষণের ভেতর দিয়ে বিভিন্ন

সময় বিভিন্ন কথা বলেছেন। সেই কথা আজকে বার বার করে অনেকে বলেছেন। আমি সে বিষয়ে আর বলছি না। উন্নয়নের কথা যখন আসে তখন যে কথাটা না বললে নয়, এখানে কংগ্রেসের বেঞ্চেও যারা আছেন তারাও দয়া করে একটু শুনবেন। যদি উন্নয়নের কথা বলতে হয় তাহলে বলতে হবে আর্থিক সমীক্ষা ২০১১-১২ এবং ২০১২-১৩ আপনারা যদি না পড়েন তাহলে পশ্চিমবঙ্গের উন্নয়নকে আপনারা সেভাবে লক্ষ্য করতে পারবেন না। কোন জায়গায় সেই উন্নয়নটা ছিল ? এটা আমাদের কথা নয়, আমি একটা পত্রিকায় দেখতে পাচ্ছিলাম। সেই পত্রিকার থেকে উদ্ধৃতি এবং সেই সমীক্ষা মিলিয়ে নিয়েছি, দেখেছি হ্যাঁ মিলে গেছে। সেটা হচ্ছে ২০১১-১২ সালে পশ্চিমবঙ্গের জি.ডি.পি. যেটা ছিল সেটার থেকে আমরা বেড়ে দাঁড়িয়েছি। আর ভারত সরকারের ২০১১-১২ সালের যে জি.ডি.পি. ছিল সেখান থেকে ভারত সরকার কমে গিয়েছিল, তারা বাড়াতে পারেনি। উন্নয়নটা যেভাবে ঘটে অর্থাৎ এগ্রিকালচার সেক্টর বলুন, আপনি ম্যানুফ্যাকচারিং সেক্টর বলুন, আপনি ইন্ডাস্ট্রিয়াল সেক্টর বলুন, এই সমস্ত সেক্টরগুলিকে বিচার করে যে জি.ডি.পি. দাঁড়ায় সেই জি.ডি.পি.-তে কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার নিজেদেরকে অনেক উপরে নিয়ে গেছে। সেইজন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে যেমন ধন্যবাদ জানাব সঙ্গে সঙ্গে মাননীয় অর্থমন্ত্রী—আজকে সদনে নেই—তাকেও ধন্যবাদ জানাচ্ছি। এই জায়গা থেকে আপনাদের উন্নয়নটাকে ধরতে হবে। যদি এই জায়গা থেকে উন্নয়নটাকে না ধরে বিশ্লেষণ করেন তাহলে আপনি উন্নয়নের খাতায় পৌঁছতে পারবেন না। এখানটাতে কচকচানি করছেন কোথায় উন্নয়ন ? কোথায় উন্নয়ন ? আমরা তো উন্নয়ন দেখতে পাচ্ছি না। উন্নয়ন কোথায় হারিয়ে গেল। উন্নয়ন কোথাও হারায় না, উন্নয়ন তার গতিতে চলতে থাকে। আমি এই কথাগুলো বললাম সঙ্গে সঙ্গে বলি মাননীয় স্পীকার স্যার, আমি উত্তরবঙ্গের ছেলে, উত্তরবঙ্গের মানুষ। জল, জংলার দেশের মানুষ। বঞ্চিত, অবহেলিত উত্তরবঙ্গ। স্বাধীনতার পর থেকে কোনো কিছুই হয়নি। আজকে দেখলাম এখানটাতে বসে আনিসুর সাহেব বলছিলেন এই মহতী সদনকে বাদ দিয়ে উনি উত্তরকন্যায় গেছেন। আপনি কি বলতে চাচ্ছেন আমি জানি না—আমি উত্তরবঙ্গের মানুষদের এই মহতী সদনে অপমান করলেন। এটা দীর্ঘদিনের দাবি ছিল। উদয়নবাবু আছেন, উনি বলতে পারবেন। জেনে নেবেন এই দাবি উত্তরবঙ্গের প্রতিটা মানুষের। কোচবিহার থেকে যে পরিবহন ব্যবস্থা আপনারা গত ৩৪ বছরে করেছিলেন—কোচবিহার থেকে একটা সরকারী বাসে উঠলে কলকাতায় কখন পৌঁছবেন তা ভাবতে পারতেন না। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন রেলমন্ত্রী ছিলেন বহু ট্রেন করে দিয়েছেন। আজকে উদয়নবাবুদের, আমাদের আসতে অসুবিধে হয় না। আজকে বাস দিয়েছেন, সড়ক পরিবহন বেড়েছে। সমস্ত কিছুর জায়গায় আজকে উত্তরবঙ্গকে নিয়ে গেছেন। সেই উত্তরবঙ্গের কথা আপনারা অবহেলার চোখে দেখছেন। উত্তরবঙ্গে আজকে নিউ সেক্রেটারিয়েট হয়েছে। সেখানে সচিবরা সবাই গিয়ে বসছেন। সাধারণ মানুষকে দাবি দাওয়া জানাতে আর কলকাতায় আসতে হবে না। সেখানটাতে বক্স খুলে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর দপ্তরও সেখানটাতে থাকছে। উত্তরবঙ্গের মানুষ হিসেবে আমি গর্ব বোধ করছি। আমি গর্ব বোধ করছি এই কারণে যে উত্তরবঙ্গের জন্য কি করেননি ? আজকে সেচের কথা বলছিলাম। মাননীয় মন্ত্রী

রাজীব বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে কথা হচ্ছিল। সেচমন্ত্রী থাকলে খুব ভাল হত, প্রাক্তন সেচমন্ত্রী চলে গেলেন, পালিয়ে গেলেন। তিন বছর তো তিনি শেষের দিকে সেচমন্ত্রী ছিলেন। ক'বার উত্তরবঙ্গে গিয়েছিলেন ? ক'টা প্রকল্প দেখে এসেছেন ? উত্তরবঙ্গের ক'টা প্রকল্পের জন্য তিনি কাজের কথা বলেছেন ? একটি বারের জন্যও বলেননি। গতকাল কিন্তু এখানটাতে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী সম্পর্কে আপনি মন্তব্য করছিলেন, মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গের মানুষের সঙ্গে প্ররোচনা করছেন, প্রতারণা করছেন। আমি শুধু একটা হিসাব দিচ্ছি। আমি রাজীববাবুর সঙ্গে কথা বলে যে কথাটা না বললেই নয়, সেই কথাটা আপনাদের বলছি। মাননীয় স্পীকার স্যার, আজকে উত্তরবঙ্গের জন্য কত কিলোমিটার বাঁধ তৈরি হয়েছে ? প্রায় দুশো-মাত্র একবছরে। আমি রাজীববাবুর সঙ্গে কথা বলছিলাম। ২১০ কিলোমিটার নদীবাঁধ তৈরি হয়েছে শুধুমাত্র উত্তরবঙ্গের বুকে এই এক বছরের মধ্যে। আরও ৩৭৪টি প্রকল্প ঘোষণা করা হয়েছে। যারা জলপাইগুড়ির বিধায়ক আছেন জানলে খুশি হবেন গতকাল মাননীয়া মুখ্যমন্ত্রী জলপাইগুড়ি জেলায় ঘোষণা করেছেন—আমার সঙ্গে রাত্রিবেলায় যাকে আপনারা ওই ঘোড়া কেনা বেচার মধ্যে রেখেছিলেন না, বলছিলেন—তার সঙ্গে রাত্রিবেলা ফোনে কথা হচ্ছিল মাননীয় সদস্য অনন্তদেব অধিকারী। হ্যাঁ অনন্তবাবুর সঙ্গে কথা হচ্ছিল। ১৫ কোটি টাকা তিনি দিয়েছেন। সেই ১৫ কোটি টাকার মধ্যে নতুন প্রকল্প এবং জানলে পরে খুশি হবেন এই দাবি উনি করেছিলেন গত ২০ বছর ধরে আপনাদের কাছে, সেই দাবি আপনারা কোনোদিনও দেখেননি। সেই প্রকল্পের জন্য ১৫ কোটি টাকা তিনি দিয়েছেন। আজকে জানলে খুশি হবেন করলা নদী, সেই করলা নদীকেও সেচের আওতাভুক্ত করা হয়েছে। আজকে সেই জায়গায় নিয়ে গেছে। কোচবিহারের মানুষ হিসাবে বলতে পারি, আজকে উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় একটা মাত্র ছিল। সেখানে ঠাকুর পঞ্চানন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা হয়ে গেছে, পঠন-পাঠন চলছে। রাজবংশী আকাডেমি—আমি একজন রাজবংশী সম্প্রদায়ভুক্ত মানুষ। ২ কোটি মানুষ আছে প্রায় আসাম থেকে শুরু করে মালদা অবধি সেই সমস্ত জায়গায়, বিহার থেকে শুরু করে ইউ.পি.-তেও অল্প কিছু রয়েছে সেই রাজবংশী ভাষাকে স্বীকৃতি দেওয়ার জন্য রাজবংশী ভাষা আকাডেমি তৈরি হয়েছে। কলেজ তৈরি হচ্ছে, ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি হচ্ছে। আপনারা উন্নয়ন চোখে দেখতে পারেন না কারণ আপনাদের জায়গাটা সীমিত হয়ে আসছে।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ এখানে প্রদান করেছেন এবং মাননীয় পরিষদীয় মন্ত্রী যে ধন্যবাদসূচক প্রস্তাব তার উপরে রেখেছেন আমি সেই প্রস্তাবের উপরে কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপাল মহাশয় যে ভাষণ প্রদান করেছেন সেটা সম্পূর্ণ বাস্তবতার বিপরীত। কারণ এটা সরকারের ভাষণ, সরকার যেমন লিখেছেন তিনি তেমন পাঠ করেছেন এটা রীতি। স্বাভাবিকভাবেই সরকার তার কথাগুলো সেইভাবেই লিখেছেন কিন্তু মহামান্য রাজ্যপাল বছরখানেক আগে বলেছিলেন, এই রাজ্যে গুণ্ডারাজ চলছে। সে

বিষয়ে তিনি এই ভাষণের মধ্যে কিছু বলেননি বা লেখা হয়নি। আমি কটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই প্রতিশ্রুতি চলছে চরিদিকে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিধানসভায় এসে বলেছিলেন যে সুন্দরবনের ভাঙ্গন প্রবণ নদীবাঁধ সেখানে যারা জমি দেবে তাদের চাকরি দেওয়া হবে। তিন বছর হয়ে গেল, আমার মনে হয় নদী বাঁধের কাজের অগ্রগতি বাঁধা এটাই কারণ মানুষজন আশা করেছিল নতুন সরকারের কাছ থেকে চাকরি পাওয়া যাবে। সেটা কিন্তু হল না। ফলে জমি পাওয়ার ক্ষেত্রে এটা একটা বাধা। সুন্দরবনের সাড়ে তিন হাজার কিলোমিটার নদী বাঁধের মধ্যে ৭৭৮ কিলোমিটার হচ্ছে ভাঙ্গনপ্রবণ। আশ্চর্য হয়ে গেলাম এখনও ২০ কিলোমিটার বাঁধের কাজ শেষ হয়নি। তিন বছর এই সরকারের অতিবাহিত হল। নদী মজে যাচ্ছে, আবার যদি প্রাকৃতিক দুর্যোগ ঘটে সুন্দরবনের মানুষের সর্বনাশ হবে। গোটা সুন্দরবন তলিয়ে যাবে এবং কলকাতার একটা অংশ কিন্তু রেহাই পাবে না। সুতরাং আমি সরকারকে সতর্ক করাতে চাই, কেন্দ্র সরকারের টাকা এবং রাজ্যের টাকায় বাঁধ শক্তপোক্ত, মজবুত করার জন্য। সেই টাকার ইমিডিয়েট কিভাবে রক্ষা করা যায় এবং কাজে লাগানো যায় বাঁধের অগ্রগতি কিভাবে ঘটে সেদিকে নজর দেওয়া প্রয়োজন। আমি আর একটা কথা এখানে উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে এই বামফ্রন্ট সরকারের সময় যিনি সুন্দরবন উন্নয়ন মন্ত্রী ছিলেন সন্দেশখালি, জেলিয়াখালি এবং দুর্গামণ্ডপের মধ্যে একটা সেতুর শিলান্যাস করেছিলেন। সরকার চলে গেল, নতুন সরকার এল। নতুন সরকারের যিনি সুন্দরবন উন্নয়ন মন্ত্রী প্রথম দিকে তিনি আবার সেখানে শিলান্যাস করতে গেলেন। দুঃখের বিষয়, মাঝখানে কনট্রাক্টর যে মাল ফেলেছিল সেতু নির্মাণের জন্যে দ্বিতীয়বার শিলান্যাসের পর কনট্রাক্টর তার মালপত্র নিয়ে চলে গেল। তিন বছর হয়ে গেছে এই সরকারের সেই সেতু নির্মাণ সম্পর্কে এখনও কিছু বোঝা যাচ্ছে না। এই প্রসঙ্গে আর একটি কথা বলি, মাতলা নদীর ব্রীজের কাজ বামফ্রন্ট সরকারের আমলে শেষ হয়েছে। তৎকালীন মুখ্যমন্ত্রী এবং সেচ মন্ত্রী তারা উদ্বোধন করলেন নির্বাচন ঘোষণার আগে। মানুষজন চলছিল, গাড়ি-ঘোড়া চলছিল। আমি দেখলাম নির্বাচনের পর নতুন সরকার হল, সেই সরকারের মন্ত্রীরা গিয়ে আবার সেখানে উদ্বোধন করলেন। তার মানে অন্যের সাফল্য নিজে আত্মসাৎ করার চেষ্টা—কথাটা আমি বলছি এই কারণে যে আজকে খবরের কাগজে দেখলাম একটা জেলায় বামফ্রন্টের সময়কার নির্মিত সেতু রং করে সেখানে মন্ত্রীদের নামের প্লেট লাগানো হচ্ছে।

[4.20–4.30 p.m.]

এম.পি.-দের নামের প্লেট লাগানো হচ্ছে। এটা খুবই লজ্জাজনক। দ্বিতীয় বিষয় আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে কৃষির বিষয়। কৃষির জন্য অনেক কথা বলা হচ্ছে। 'জল ধরো, জল ভরো', ১৭৬টি কৃষক বাজার হবে, হবে, হয়নি এখনও সবটা। আগে বলতাম কৃষক মান্ডি, কিন্তু এই কাজগুলো কবে শেষ হবে তার ঠিক নেই। বলা হয়েছে চলতি বছরে ১৭৩.২৬ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদনের সম্ভাবনা আছে বলে মনে করা হচ্ছে। সবটাই মনে করা হচ্ছে। কিন্তু এই পর্যন্ত ৮৯ জন কৃষকের যে আত্মহত্যার ঘটনা, তার উল্লেখ কিন্তু এই

ভাষণের মধ্যে নেই। আমি বলতে চাই আপনারা স্বীকার করুন বা না করুন সর্বদলীয় কমিটি হোক। যাওয়া হোক সেখানে। মদ খেয়ে মরে গেলে দু'লক্ষ টাকা আর কৃষিতে উন্নয়ন বাড়াবেন বলে বলছেন। এত বড় একটা ঘটনার কথা আড়াল করে রেখে কৃষিতে কিভাবে উন্নতি ঘটাবেন ? আজকে সরকার যে লক্ষ্যমাত্রা ঠিক করছে সে ধান কেনার ক্ষেত্রে হোক, গম কেনার ক্ষেত্রে হোক, সেই লক্ষ্যমাত্রা—ধান কিনতে পারছেন না। তার বাইরের ধান এবং যেটা কিনতে পারছেন না, অভাবের দায়ে ফোড়েদের কাছে কম দামে বিক্রি হয়ে যাচ্ছে। ডিজেলের দাম বেড়েছে। বিদ্যুৎ—তারও সমস্যা আছে, দাম বাড়ছে। কৃষির যন্ত্রপাতির দাম বাড়ছে। উৎপাদনের খরচ বেড়েছে। আর সমবায়গুলোকে তো আপনারা পঙ্গু করে দিয়েছেন। ঋণ পাওয়া সেখান থেকে খুব কষ্টকর ব্যাপার। এই রকম একটা পরিস্থিতিতে মহাজনী ঋণের খপ্পরে পড়ে, ঋণের জালে আটকে পড়ে কৃষক সেই ঋণ শোধ করতে না পেরে যন্ত্রণার দায়ে আত্মহত্যা করছে। যদি এই সমস্যার গভীরে ঢুকতে না পারেন তাহলে কৃষির অগ্রগতি ঘটবে না। আর এই কৃষির অগ্রগতির উপর নির্ভর করছে যদিও সেটা শুধু আমাদের রাজ্যের নয়, গোটা ভারতবর্ষের ভূমি সংস্কারের প্রশ্ন সেখানে যুক্ত আছে। খাদ্য নিরাপত্তা একটা সাংঘাতিক ধরনের সমস্যা। সুতরাং আমি বলব যে কৃষকদের ব্যাপারে আপনাদের গুরুত্ব দেওয়া উচিত, আপনারা গুরুত্ব দিন।

গণতন্ত্রের উপরে আক্রমণ হচ্ছে। সাংঘাতিক ধরনের আক্রমণ। কিছুদিন আগে পত্রপত্রিকায় প্রকাশিত যে লাইব্রেরিগুলো সরকারের নির্দেশিত পত্রিকা ছাড়া পত্রিকা রাখতে পারবে না। পুলিশদের সংগঠন করতে দেওয়া হবে না। সমবায়গুলো ভেঙে দেওয়া হল কোর্টের নির্দেশে। আবার সেখানে কমিটি হল, কিন্তু জোর করে সেখানে টি.এম.সি. পরিচালিত কমিটি বসিয়ে দেওয়া হল। ধর্মঘট—বলা হয়েছে ধর্মঘটের কারণে একটা শ্রমদিবস নষ্ট হয়নি। ধর্মঘট কিন্তু গণতান্ত্রিক অধিকার শ্রমিক শ্রেণী এবং শ্রমজীবী মানুষের, কর্মচারী, চাকুরীজীবীদের। আজকে দিল্লির—কেন্দ্রীয় কর্মচারীরা ধর্মঘট করছে। বাধা দিতে পারবেন ? কিন্তু আপনারা এখানে কি বললেন ? চাকরির ছেদ ঘটবে, বেতন বন্ধ করে দেওয়া হবে। কিন্তু লকআউটের ফলে যে কর্মদিবস যায় তার বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা গ্রহণ করতে পারেন ? পারেন না। সুতরাং ধর্মঘট যে গণতান্ত্রিক অধিকার, সেই অধিকারের উপরে আপনারা হস্তক্ষেপ করছেন। সাংবাদিকদের হুমকি দিচ্ছেন। পত্রপত্রিকাকে নিষিদ্ধ করার চেষ্টা করছেন। সুতরাং দলতন্ত্র নয়, গণতন্ত্র এই কথা বলার পর গণতন্ত্রের উপর এই যে তীব্র আক্রমণ আপনারা নামিয়ে আনছেন এ কোনোমতেই সহ্য করা যায় না। আমি যেটা আপনাদের কাছে বলতে চাই সেটা হচ্ছে এই যে পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণ এবং নিরপেক্ষ হয়েছে বলে বলা হচ্ছে। পঞ্চায়েত নির্বাচন নজিরবিহীন ঘটনা। তিনবার ডেট পরিবর্তন হয়েছে। কোর্টের নির্দেশে ভোট হয়েছে। সরকারের আন্তরিকতার অভাব ছিল। আর মনোনয়নপত্র দাখিল করতে দেওয়া হয়নি কয়েক হাজারকে। যারা মনোনয়নপত্র দাখিল করলেন উইথড্রলের সময় উইথড্র করিয়ে দেওয়া হল। তারপর যারা টিকে থাকল জিতল। তাদের লোভ দেখানো হল, ভয় দেখানো হল, দল ভাঙানোর কাজ করা হল। তাতেও যখন না হয়েছে—খুন, হাসনাবাদের সভাপতি খুন হয়েছেন। পঞ্চায়েতের পাঁচজন সদস্য এইভাবে

খুন হয়েছেন। সুতরাং মুক্ত এবং নিরপেক্ষ নির্বাচন হয়েছে এই কথা কখনোই মেনে নেওয়া যায় না। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির দ্রুত অবনতি ঘটছে। আমি আশা করব এই সরকার সেদিকে নজর দেবেন। আর নারী ধর্ষণ—আগে যে ছিল না আমি সেকথা বলছি না। কিন্তু ন্যাশানাল ক্রাইম ব্যুরো কি বলছে ? আমরা প্রথম স্থানে। স্টেট ক্রাইম ব্যুরো কি বলছে ? যে গতবারের তুলনায় এবারে ৫৯৫ জন—ধর্ষণের ঘটনা বেড়ে গেছে এবং এটা নথিভুক্ত। গতবারে যা ছিল ২০১২-তে, ২০১৩-তে আরও অনেক বেড়ে গেছে—৯৯৫ জন বেড়ে গেছে। সুতরাং এটা একটা ভয়াবহ ঘটনা। স্টেট ক্রাইম ব্যুরো এ কথা বলছে। আর সারদা নিয়ে... (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, সাংবিধানিক বাধ্যবাধকতার জায়গা থেকে মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন এই ভাষণ রাখার জন্য মাননীয় রাজ্যপালকে আন্তরিক অভিনন্দন জানাই। কিন্তু যে ভাষণ রেখেছেন, যা এই সরকার অত্যন্ত নির্লজ্জের মতন একজন সাংবিধানিক সর্বোচ্চ নাগরিক পশ্চিমবঙ্গের, তাঁকে দিয়ে যে অসত্য কথাগুলো বলালেন, তার জন্য স্যার এই ভাষণ সম্পর্কে দু-চার কথা বলতে চাই। আর যে কথাটা ভেবেছিলাম বলব না অনেকেই বলেছেন বলে—মন ভারাক্রান্ত করে শুনলে, বললেও—সেটাই বাধ্য হতে হচ্ছে শুরুতেই বলবার জন্যে। এইমাত্র স্যার, খবর এসে পৌঁছেছে বর্ধমানের আউসগ্রাম বিধানসভা এলাকায় কাঁকসা থানা ঘেরাও করেছে সেখানকার আদিবাসী মানুষজন। কাঁকসা থানা আদিবাসীদের দ্বারা ঘেরাও হওয়ার দরুণ সেখানকার ও.সি. বাধ্য হয়েছেন দুজন সমাজবিরোধীকে গ্রেফতার করতে। তারা হল [* * *] এবং [* * *]। কি কারণে গ্রেফতার করতে বাধ্য হয়েছে স্যার ? একজন আদিবাসী মহিলা তার আত্মীয়ের বাড়ি থেকে বাড়ি ফিরছিলেন। অপরাধ স্বামী সি.পি.আই.এম.-এর কর্মী। তার জন্য স্বামীকে গাছের সঙ্গে বেঁধে রেখে গতকাল সন্ধ্যাবেলায় সেই মহিলাকে ধর্ষণ করা হয়, তার ইজ্জত লুটে নেওয়া হয়। আর সেই ইজ্জত লুটেছেন এই দুইজন কারিগর [* * *] এবং [* * *]।

মি: স্পীকার : [* * *] এবং [* * *] নাম দুটি বাদ যাবে।

শ্রী শেখ আমজাদ হোসেন : আর যারা বর্ধমানের এখানে ট্রেজারি বেঞ্চের নেতা আছে জানেন এদের পরিচয়। স্যার, এরা তৃণমূলের নেতা এলাকায়। তার জন্য স্যার কাঁকসা থানা আজকে ঘেরাও হয়ে আছে সেখানকার আদিবাসী মানুষদের দ্বারা। এই হচ্ছে স্যার গণতন্ত্রের পীঠস্থান। এই কথা বলেছিলেন, যে পশ্চিমবাংলায় না কি গণতন্ত্রের নতুন সূর্যোদয় হবে। নতুন সূর্যোদয়ের গণতন্ত্র পশ্চিমবাংলায় এইরকম, আজকে গোটা বাংলার মা-বোনের অবস্থা প্রত্যেক দিন ধর্ষণের লাইন লম্বা হচ্ছে। তাই স্যার এই কথা না বাড়িয়ে যে কথা বলতে চাই, রাজ্যপালের ভাষণে যে কথা বললেন সেখানে মুখ্যমন্ত্রী শিক্ষার কথা বলতে গিয়ে রোর্ড ম্যাপের কথা বলেছেন। বুঝতে পারলাম না যে শিক্ষামন্ত্রীর রোর্ড ম্যাপ আর

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মুখ্যমন্ত্রীর রোর্ড ম্যাপ আলাদা হয়ে যাচ্ছে যেন। মুখ্যমন্ত্রী চলন্ত গাড়িতে, চলন্ত রাস্তায় সভা করতে যাচ্ছেন, সেখানে একরকম ম্যাপ বানাচ্ছেন। সেখানে গিয়ে ঘোষণা করছেন ওমুক জায়গায় কলেজ করে দিলাম, এখানে কলেজ করে দিলাম, ওখানে কলেজ করে দিলাম। রোর্ড ম্যাপ বলতে তো সে কথা নয়। রোর্ড ম্যাপের যা অর্থ আমরা বুঝি, যে রোর্ড ম্যাপ বলতে দিক নির্দেশিকা। কি দিক চাইছে সরকার। শিক্ষাক্ষেত্রে সরকারের দিশা কি। আমরা যা বুঝি শিক্ষার যা দিক, শিক্ষার মানকে উন্নত করা, শিক্ষার সুযোগকে আরও বেশি সম্প্রসারিত করা। যে কাজ স্যার ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর থেকে ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ থেকে শুরু করে ডঃ মুদালিয়া থেকে কোঠারি কমিশন, এক একটা কমিশন যা বলেছেন শিক্ষাকে সার্বজনীন করার জন্য। তাদের অপেক্ষায় বসে না থেকে বামফ্রন্ট সরকার ১৯৭৭-এ পশ্চিমবাংলায় পাকাপাকিভাবে সরকার পরিচালনার দায়িত্ব নেওয়ার পর শিক্ষাকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে গোটা বাংলার প্রান্ত যে মানুষ, তাদের কাছে শিক্ষার আলো পৌঁছে দিয়েছিল। সমস্ত মানুষ শিক্ষার সুযোগ পেয়েছিল। আর সেখান থেকে শিক্ষার যে সুযোগ, একে সম্প্রসারিত করার বদলে—শিক্ষার মানকে উন্নত করার জন্য আপনারা কি করছেন ? স্যার ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ২০০৫, আর.টি.আই. অ্যাক্ট ২০০৯, এই বিষয়গুলোকে মাথায় রেখে যদি বলতে হয়, তাহলে আধুনিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষাকে সার্বজনীন করবার জন্যে তিনটে শর্ত অন্যতম প্রধান শর্ত। শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ, শিক্ষায় ধারণ এবং সমতা বা ন্যায্যতা। আর শিক্ষার এই মানোন্নয়ন করার জন্যে প্রথাগত শিক্ষা ব্যবস্থায় সবচাইতে অত্যন্ত গুরুত্বপূর্ণ দুটো উপাদান হচ্ছে শিক্ষক এবং শিক্ষার্থী।

[4.30–4.40 p.m.]

সেই শিক্ষার্থীর অন্তর্ভুক্তিকরণ হবে এবং তাকে ধারণ করতে হবে, ধরে রাখতে হবে এবং তার জন্য ৩০ : ১ রেসিওতে শিক্ষক নিয়োগ করতে হবে বিদ্যালয়গুলোতে। আর সেখানে দাঁড়িয়ে শিক্ষার মানোন্নয়ন, অন্তর্ভুক্তি এই সমস্ত বিষয়টা পরিষ্কার হয়ে যায় সরকারের দিশা যখন প্রাইমারিতে শিক্ষক নিয়োগের দিকে দৃষ্টি যায় গোটা রাজ্যের। কি হল স্যার ? শিক্ষাক্ষেত্রকেও ছাড়লেন না, সেটাকেও কালিমালিপ্ত করলেন আপনারা। শিক্ষাক্ষেত্রটাকে রাজনীতির আঙিনা থেকে বলেছিলেন একটা নিরপেক্ষ শিক্ষা ব্যবস্থা, এটা নাকি গড়ে তুলবেন আপনারা বলেছিলেন। আর সেখানে কি করলেন ? ঠিক পঞ্চায়েত নির্বাচনের আগে ৪৫ লক্ষ ছেলে-মেয়েকে ভোটে খাটাবার জন্য, পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল কংগ্রেসের ঝান্ডা বহনের জন্য ৪৫ লক্ষ ছেলে-মেয়েকে দিয়ে ফ্রম ফিল-আপ করালেন প্রাইমারিতে। শুধু এই ৪৫ লক্ষ ছেলে-মেয়েই প্রতারিত হ'ল না, তাদের বাবা, মা, অভিভাবক, অভিভাবিকারাও প্রতারিত হলেন। একটা হলে স্যার তিনবার পরীক্ষা হল। একই পরীক্ষা কেন্দ্রে, একই প্রশ্নপত্রে ৩ বার করে তিনজন পরীক্ষার্থী পরীক্ষা দিলেন স্যার। এই দিয়ে কি পরীক্ষার গোপনীয়তা, সততা রক্ষা করা যায় ? এতে পরীক্ষার গোপনীয়তা, সততা রক্ষা হয়েছে বললে কেউ বিশ্বাস করবে ? রেজাল্ট বার হল। কেমন দ্বিচারিতা দেখুন। ফ্রম

ফিল-আপ-এর সময় বলা হল ৪৫ লক্ষ ছেলেমেয়ে ফ্রম ফিল-আপ করেছে। রেজাল্ট বের হবার সময় একই মন্ত্রী বলছেন, ১৮ লক্ষ ছেলেমেয়ে পরীক্ষা দিয়েছিল। আর কতজন পাশ করল ? ১.০৭% পাশ করালেন। যে ছেলেমেয়েরা স্যার মাধ্যমিকে ৬০% থেকে ৮০% নম্বর পেয়েছে, উচ্চমাধ্যমিকে ৭০% থেকে ৮০% নম্বর পেয়েছে, গ্রাজুয়েশন করেছে স্যার। সরকার বলেছিল মাস্টার্স ডিগ্রি থাকলে পরীক্ষায় বসা যাবে না, মাস্টার্স ডিগ্রি পাওয়া ছেলেমেয়েরা নিজেদের কোয়ালিফিকেশন লুকিয়ে পরীক্ষা দিয়েছিল স্যার, যাতে পরীক্ষা দিতে পারে। তাহলে কি দাঁড়াল এতে ? এই সমস্ত ছাত্রছাত্রীরা মাধ্যমিকে ৮০%, উচ্চমাধ্যমিকে ৭০% নং পেতে পারে, গ্রাজুয়েশন করতে পারে, মাস্টার্স ডিগ্রি করতে পারে, কিন্তু আমার প্রাইমারির টেট পাশ করতে পারে না ? আমার প্রাইমারি, দিদিমণির প্রাইমারির টেট পরীক্ষায় পাশ করতে পারে না স্যার। প্রশ্নপত্রে কি ছিল ? আপনি কি আকাশ বিদ্যা নিয়ে প্রশ্ন করেছিলেন ? ভূ-বিদ্যা নিয়ে প্রশ্ন করেছিলেন ? সমুদ্র বিদ্যা নিয়ে প্রশ্ন করেছিলেন ? অধ্যাত্মবাদ ? না কি গোটা রাজ্যে তৃণমূলের যে নৈরাজ্য চলছে সেই নিয়ে প্রশ্ন করেছিলেন, যে প্রশ্নপত্রে পাশ করতে পারল না গোটা রাজ্যের ছেলেমেয়েরা ? ৪৫ লক্ষ বেকার ছেলেমেয়েদের মধ্যে থেকে ৩৫ হাজার যোগ্য প্রার্থী খুঁজে পেলেন না ? আসলে স্যার গল্পটা অন্য জায়গায়। চাকরি হবে শেখ জুয়েলদের। হোক না স্যার শেখ জুয়েলদের চাকরি। তৃণমূল বলে আপত্তি নেই স্যার, তৃণমূলের ছেলেমেয়েরা পাক চাকরি। কিন্তু তার মেধা কি হবে ? তার যোগ্যতার কি হবে ? মাধ্যমিকে ফেল, উচ্চমাধ্যমিকে ফেল, পরের বার পরীক্ষা দিয়ে ৩০১ নং পেয়ে মাধ্যমিকে পাশ করেছে, সেই শেখ জুয়েল আমার স্কুলের মাস্টারমশাই হবে ? আমার আগামী প্রজন্মের ভবিষ্যতকে মানুষ করবে ? সে হবে মানুষ গড়ার কারিগর ? আর পাণ্ডুয়া পঞ্চায়েত সমিতির সদস্য শেখ সাবির মাধ্যমিকে ৮৪ শতাংশ নম্বর নিয়ে পাশ করে, উচ্চমাধ্যমিকে ৭০% নম্বর নিয়ে পাশ করে, বর্ধমান ইউনিভার্সিটি থেকে ইংরাজিতে অনার্স করে, ইংরাজিতে মাস্টার্স ডিগ্রি করে, ইগনু থেকে বি.এড. করে, সেই ছেলের স্যার এই টেট পরীক্ষায় জায়গা হয় না। তারা এই টেট পরীক্ষায় পাশ করতে পারে না। আর শেখ জুয়েলদের মতো শুধু তৃণমূলের প্রতীক এই মেধা থাকলে এই টেট পরীক্ষায় পাশ করে যায় স্যার। আসলে আপস করছেন স্যার। মেধার সঙ্গে আপস, অন্তর্ভুক্তির সঙ্গে আপস। তাই দু-দিক থেকেই স্যার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে এই প্রাথমিক টেট ব্যবস্থার মধ্যে দিয়ে লাটে তুলতে চাইল এই সরকার। কি হল স্যার ? মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা কি রকম চলছে স্যার। স্কুল সার্ভিস কমিশন। বিদ্যালয়গুলো শিক্ষক হীনতায় ভুগছে, সেখানে অবিলম্বে শিক্ষক নিয়োগ করতে হবে। স্কুল সার্ভিস কমিশনকে এমন করলেন যে, তাকেও কোর্টের দোরগোড়ায় পাঠিয়ে দিলেন। সে এখন কোর্টে ফাইল বন্ধ হয়ে পড়ে আছে। গোটা রাজ্যের কয়েক হাজার ছেলেমেয়ে, তারা জয়েন করতে পারছে না। মেধাবী ছাত্রছাত্রীরা যারা যোগ্যতায় চাকরি পেয়েছে তারা চাকরিতে জয়েন করতে পারছে না এদের এই কাণ্ডের দরুণ। কেমন অবস্থা স্যার ? ওনারা বলেছিলেন রোড ম্যাপ হচ্ছে। এই রোড ম্যাপে যা দেখা যাচ্ছে এটা হচ্ছে নৈরাজ্যের রোড ম্যাপ, বিশৃঙ্খলার রোড ম্যাপ। ওরা বলেছিলেন নিরপেক্ষ শিক্ষা ব্যবস্থা। স্যার, প্রাইমারি শিক্ষা ব্যবস্থায় প্রাইমারি বোর্ডের

চেয়ারম্যান যাকে করা হয়েছে। তিনি একদিকে প্রাইমারি বোর্ডের চেয়ারম্যান, একদিকে এখনও কলেজে প্রিন্সিপ্যালগিরি করছেন। আবার ভোটেও দাঁড়িয়েছিলেন। কোনটা পার্ট টাইম তার ? কোনটা পার্ট টাইম আর কোনটা পুরো সময় ? কোনোটাই বোঝা যাচ্ছে না। আসলে স্যার, গোটা ব্যবস্থাটাই একটা নৈরাজ্য সৃষ্টি হয়েছে। আপনাদের যে নিরপেক্ষ শিক্ষাব্যবস্থা তার একটা নমুনা বলি স্যার। এইচ.এস.-এর যিনি বোর্ডের সভাপতি ছিলেন তিনি তো পালাবার পথ পেলেন না। একটা উদাহরণ স্যার ? হুগলী জেলার চাপাডাঙা কলেজ। মন্ত্রী গভর্নিং বডির প্রেসিডেন্ট হবেন না, বিধায়ক প্রেসিডেন্ট হবেন এই নিয়ে কলেজে মারামারি হল। মারামারি করল কারা ? ছাত্ররা। ছাত্ররা বইখাতা ফেলে হাতে বন্দুক নিয়ে ঘুরছে। ৫০ রাউন্ড গুলি চলল। আরামবাগ কলেজের তৃণমূল ছাত্র পরিষদের প্রাক্তন জি.এস., মহারাজ বন্দুক নিয়ে দৌড়াচ্ছে স্যার। এই রকম এক ভয়ঙ্কর অবস্থা। (মাইক অফ।)

শ্রীমতী মাহমুদা বেগম : নমস্কার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে গত ফেব্রুয়ারির দশ তারিখে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ পঞ্চদশ বিধানসভার স্মরণে অধিবেশনে রাজ্যপাল মাননীয় এম কে নারায়ণন মহাশয় যে ভাষণ দিয়েছেন সম্পূর্ণরূপে সেই ভাষণকে সমর্থন করে আমি দু-একটি কথা বলব। আজকে যারা বলছেন বড় বড় কথা প্রাইমারি সম্বন্ধে তাদের বলি, স্যার, আমার দক্ষিণ দিনাজপুর জেলা সেখানে আমাদের যে গঙ্গারামপুর বিধানসভার আন্ডারে যে [***] মিনিস্টার ছিলেন তার জোনাল সেক্রেটারি ভাই-ভাইপোদের পর্যন্ত চাকরি হয়েছে। তারা কি আমাদের তৃণমূলের লোক।

মি: স্পীকার : ওই নামগুলো বাদ যাবে।

শ্রীমতী মাহমুদা বেগম : এই কথাগুলো এরা বলছেন। ৩৪ বছরে ওরা যা করেছেন, আমাদের মা-মাটি-মানুষের সরকারে এসে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে, তাঁর আদর্শে আমরা সুষ্ঠুভাবে আমরা সব কিছু পালন করছি। ৩৪ বছরে স্যার, ওরা কিছু করতে পারেনি। এখন আমি শুধু উত্তরবঙ্গের নতুন বিধায়ক হিসাবে বলতে চাই, আজকে যে কথাগুলো অনেক বিধায়ক বলেছেন, আজকে আমাদের এই পবিত্র সদনকে উল্টো রূপ দিচ্ছেন তারা কিন্তু জানেন না। আমাদের বিধানসভার একজন প্রাক্তন বিধায়িকা ছিলেন এই বিধানসভায়। স্যার আমাদের একটা কলেজ স্যাংশন হয়েছিল, সেই কলেজটা কুমারগঞ্জে হবে বলে আমরা সকলে আশা করেছিলাম। সেই কলেজটা আমরা কুমারগঞ্জে পাইনি। ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায় যখন মা-মাটি-মানুষের সরকারে এসেছিলেন তখন আমরা আমাদের দুঃখের কথাগুলো বলেছিলাম। আজকে আমাদের সেই কুমারগঞ্জ বিধানসভায় আজকে দু-দুটো কলেজ হচ্ছে। আমাদের সংখ্যালঘু মানুষদের জন্য আমাদের ছেলেমেয়েদের জন্য সংখ্যালঘু হোস্টেল হচ্ছে। সংখ্যালঘু বিধায়ক হিসাবে আমি বলতে চাই যারা

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

৩৪ বছরে কিছুই করেননি তারা চোখে কালো চশমা দিয়ে আজকেও ভাবছেন যে কিছুই হয়নি। কিন্তু দেখতে পাচ্ছি প্রত্যেক সংখ্যালঘু মানুষদের, মসজিদে ইমাম মোয়াজ্জেনদের আমাদের সরকার ভাতা দিচ্ছেন স্যার। রাজ্যের যতগুলো মাদ্রাসা আছে সেই মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য সাইকেল দিচ্ছেন। সংখ্যালঘু ছেলেমেয়েদের পড়াশোনার জন্য স্কলারশিপ দিচ্ছেন। বিগত দিনে যা ছিল তার তিন গুণ চার গুণ বেশি আমাদের ছেলেমেয়েরা পাচ্ছে। আগে দেখেছি কমরেড বন্ধু যারা ছিলেন, জেলা নেতৃত্ব থাকাকালীন দেখেছি তারা একটা লাল ঝোলা কাঁধে করে আমাদের যারা স্কলারশিপের ফর্মগুলো পাবে সেগুলো যারা নিজেদের দলের তাদেরকে একটা করে ফর্ম দিয়ে সেই টাকাগুলো দেওয়ার ব্যবস্থা করতেন। এখন কিন্তু স্যার, আমরা সেই কাজটা করছি না। স্কুলের মাধ্যমে আমাদের সরকার মা-মাটি-মানুষের সরকার সেইসব ব্যবস্থাগুলো করছে।

[4.40–4.50 p.m.]

তবুও এদের চোখে সেইসব ওঠে না। আজকে যে ছেলেটা বললেন তিনিও একজন সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলে। তবুও আজকে সেইসব কথা না বলে উল্টোপাল্টা কথা বলছেন। আমাদের জেলায় সাতশো প্রাইমারী ভ্যাকান্সী থাকার পরেও মাত্র দুশো কুড়ি খানা ভ্যাকান্সী পূরণ হয়েছে। সেখানে আমরা হিসাব করে দেখেছি প্রায় বামফ্রন্টের ছেলেরাই আছে। তারাই বেশি সেখানে আছে। (গোলমাল) আমাদের উত্তরবঙ্গে অনেক কাজ হচ্ছে। উত্তরবঙ্গের এই ছটি জেলাতে বিগত ৩৪ বছরে কোনোদিন বামফ্রন্ট সরকার কিছুই করেননি। আজকে সেখানেই বিভিন্ন রকমের কাজ হচ্ছে। গত এগারো তারিখে সেখানে উত্তরকন্যা নামে একটা সচিবালয় হয়েছে। সেখানে আমাদের উত্তরবঙ্গের মানুষগুলো তাদের কথা জানবার একটা সুযোগ পেয়েছে। আমার উত্তরবঙ্গ থেকে কলকাতাতে আসার খুবই কষ্টের, অনেক দূরত্ব। তারা সবসময় কলকাতায় আসতে পারে না। দীর্ঘ ৩৪ বছরে কোনোদিন সংখ্যালঘু মানুষদের বলবার জায়গা ছিল না। আমাদের মা মাটি মানুষের সরকার এসে প্রত্যেকটা জেলাতে সংখ্যালঘু ভবন তৈরি করা হয়েছে আমাদের সরকার থেকে। মাত্র দু-বছরের মধ্যে এটা করা হয়েছে। আজকে এরা অনেক কথাই বলছেন। এঁনারা কিছু করতে পারেননি। তাই আমরা যখন এইসব করছি, তখন এদের শরীরে জ্বালা হচ্ছে। বুঝতে পারছেন স্যার। তাই এই কথাগুলি এরা এখানে বলছেন। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় রাজ্যপাল মহাশয় ১০ই ফেব্রুয়ারি ২০১৪ যে ভাষণ রেখেছেন, তাকে আমি মর্যাদা দিয়েই ওঁনার চল্লিশ মিনিটের বক্তব্য আমি সমর্থন করতে পারছি না। কারণ পশ্চিমবাংলায় যেখানে ত্রি-স্তর পঞ্চায়েতী ব্যবস্থা করে উন্নয়নের কাজ শুরু হয়েছিল, সেই উন্নয়নের জন্য আজকে গোটা পশ্চিমবাংলায় অনেক কাজ হবার পরেও দু হাজার এগারো সালে যখন আমাদের এখানে পশ্চিমবাংলাতে পরিবর্তনের সরকার যারা চেয়েছিল, সেই পরিবর্তনের সরকার পশ্চিমবাংলাতে পঞ্চায়েত নির্বাচন করতে দু হাজার তেরো সালে যে ঘটনাগুলি তারা ঘটিয়ে

গেলেন, সাতজন পঞ্চায়েত নির্বাচনের সময়ে মারা গেলেন, তাদের নাম কিন্তু এই রাজ্যপালের ভাষণে নেই। পঞ্চায়েত নির্বাচনের প্রত্যেকটা মুহূর্তেই যখনই নমিনেশন পত্র তুলতে যান, তখন নমিনেশন পত্র তারা তুলতে পারেননি। ভোটকেন্দ্রে যাদের গণতান্ত্রিক অধিকার প্রত্যেকটা মানুষের আঠারো বছর হবার পরে যে ভোট দেওয়ার অধিকার থাকে সেই ভোট দেবার গণতান্ত্রিক অধিকার তাদের প্রয়োগ করতে দিলেন না এই গুণ্ডাদলের সরকার, শাসকদলের সরকার। তাই আজ প্রতি মুহূর্তেই মধ্যমগ্রাম থেকে শুরু করে বিভিন্ন জায়গায় বিভিন্ন গোষ্ঠীদ্বন্দ্বের মধ্য দিয়ে যে ঘটনাটি ঘটে গেল, সেই ঘটনাগুলি রাজ্যপালের ভাষণে আজ উল্লেখ করেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই মহতি সদনে বলতে চাই যে রাজ্যপালের মুখ দিয়ে যে কথাগুলি বলেছেন, তিনি সত্যের অপলাপ করে গেলেন। আজকে উনি একটা প্রতিবেদন বের করেছিলেন। এই প্রতিবেদনে শুধুমাত্র ফুলঝুরির মতো কতগুলি সাজানো কথা আর কতগুলি প্রতিশ্রুতি দেওয়া। যে প্রতিশ্রুতি মতো আজকে কোনো কাজ করা হয়নি। আজকে কৃষকদের সমস্যা, সাধারণ মানুষের সমস্যা, আদিবাসীদের সমস্যা, কারোর সমস্যারই কোনো সমাধান হল না। শুধু প্রতিশ্রুতির পরে প্রতিশ্রুতি দিয়ে গেলেন। উনি উত্তরবঙ্গে চলে গেলেন। ১০ তারিখে যেখানে আমাদের বিধানসভা শুরু হল, এগারো তারিখে উনি উত্তরবঙ্গে চলে গেলেন। উত্তরবঙ্গে ৩৩ জন মন্ত্রীকে নিয়ে উনি সেখানে কি আলোচনা করলেন সেটাও জানার ব্যাপার আছে। শুধু ফুলঝুরির মতো কতকগুলি প্রকল্পের প্রতিশ্রুতি ঘোষণা করে, ঘোষণা শুধু ঘোষণাই থেকে যায় তার কার্যকরী কিছু করা হয় না। তাই আমি বলতে চাই, আজকে তিনি উত্তরবঙ্গে গেলেন কন্যাশ্রী প্রকল্পের কথা বললেন। কিন্তু আমি যতটুকু জানি আমাদের জলপাইগুড়ি জেলাতে আদিবাসী এবং বিভিন্ন জনজাতি বসবাস করেন। তিনি এখানে আমলাসোলের কথা বলেছিলেন। আমলাসোলের ঘটনা এবং আজকে আমাদের জলপাইগুড়ি জেলার বন্ধ চা বাগানের শ্রমিকরা না খেয়ে এবং বিনা চিকিৎসায় মারা গেলেন। কয়েকজন পরিবহন শ্রমিক এবং ৩২ মাসে ৯২ জন কৃষক আত্মহত্যা করলেন সেই সম্পর্কে কিন্তু এই প্রতিবেদনে কোনো উল্লেখ নেই। তাই আমি মনে করি নারী নির্যাতনের ঘটনা এবং ধর্ষণের ঘটনা প্রত্যেকটা মুহূর্তেই বেড়ে চলেছে। যেখানে মুখ্যমন্ত্রী একজন নারী হয়ে গোটা পশ্চিমবাংলা পরিচালনা করবেন সমস্ত পশ্চিমবাংলার মানুষ তার দিকে তাকিয়ে আছেন যে তিনি মহিলাদের জন্য নিরাপত্তার ব্যবস্থা করবেন। আমি মাননীয় রাজ্যপালের কাছে প্রশ্ন রাখতে চাই মহিলারা আজকে কোন জায়গায় এসে দাঁড়িয়ে আছে, তারা কি কোনো নিরাপত্তা পাচ্ছে ? না, আজকে মহিলাদের কোনো নিরাপত্তা নেই। বলুন—এখানে আপনাদের অনেক মহিলা উপস্থিত রয়েছেন। কেন আজকে আমাদের রাতের অন্ধকারে ভয় হয়, সন্ধ্যা হলে পড়ে আমরা ঘরের থেকে বাইরে বেরোতে পারি না, কেন আজকে আমাদের সেই স্বাধীনতা হরণ হচ্ছে ? আমরা চাই আমাদের এই মুখ্যমন্ত্রী মহিলাদের নিরাপত্তায় রাখুন। আমরা চাই মহিলাদের মানসম্মানকে রক্ষা করতে হবে। তাই আমি উত্তরবাংলার একজন নতুন বিধায়িকা হিসাবে মুখ্যমন্ত্রীকে বলব, আমাদের নিরাপত্তায় রাখুন। এই বলে আমার সংক্ষিপ্ত বক্তব্য এখানেই শেষ করছি। নমস্কার।

ডঃ তরুণকান্তি নস্কর : অনারেবল স্পীকার স্যার, I rise to oppose the spirit of the speech delivered by Hon'ble Governor on 10th February. আমরা কিছুদিন আগে এই বিধানসভাতে প্ল্যাটিনাম জুবলিতে একটা বিষয় নিয়ে আলোচনা করেছিলাম, Challenges before parliamentary democracy. আমার মনে হয় আজকে সব থেকে বড় চ্যালেঞ্জ এটা—সেটা হচ্ছে, disregard to Parliament, disregard to Assembly. যেটা এখানে বারবার দেখছি। কথাগুলো অনেক উচ্চারণ করেছেন কিন্তু আমারও উচ্চারণ করা জরুরি বলে মনে হয়েছে। Parliamentary Democracy-র ক্ষেত্রে একটা স্টেটে highest form of parliamentary democracy হচ্ছে Assembly. সেই অ্যাসেম্বলিকে যেভাবে ইগনোর করা হচ্ছে বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রীর তরফ থেকে যেভাবে ইগনোর করা হচ্ছে সেটা parliamentary democracy-র পক্ষে মোটেই সুখকর নয়। আমি বলতে চাই, I respect her for her dynamicity, for her limitless initiative. এটা কিন্তু আমি অস্বীকার করব না। তিনি খুব ব্যস্ত সেটাও মনে করি। কিন্তু এই scant regard which she shows to this August House cannot be supportable in a parliamentary democracy. আমি জানি না, she would reply to the debate but how? She is not listening, she is not in the House, she is not in her chamber. ফলে তিনি কিভাবে উত্তর দেবেন সেটা কিন্তু আমার পক্ষে বোঝা একেবারেই সম্ভবপর নয়। Also she is reluctant to make herself available in the questionnaire earmarked for her. এটা কেন আমি জানি না। দিনের পর দিন এটা আমি দেখছি এবং এই ঘটনাই চলছে। মাননীয় স্পীকার মহাশয় আজকে recess hour-এ বি.এ. কমিটির যে মিটিং হয়েছিল সেখানে আমি এবং আরও অনেকেই বারবার রিকোয়েস্ট করেছিলাম যে, অন্তত শুক্রবার, সামনের শুক্রবার অর্থাৎ ২১ তারিখে যে হাউস হবে সেখানে নর্মাল যে হাউস হয়, নর্মালি যেভাবে হয় কোশ্চেন আওয়ার থাকুক, মেনশান আওয়ার থাকুক তারপর অন্য বিজনেসগুলো থাকুক। সেইভাবেই আলোচনা হোক। কিন্তু সেটা কোনোভাবেই হতে পারল না।

[4.50–5.00 p.m.]

এবং যেটা দেখলাম, এই এবারের যে সেশানে দুটো যে শুক্রবার, সেই দুটো শুক্রবারে কিন্তু আমরা পেলাম না, মাননীয়া মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে পারলেন না, তিনি উত্তর দেওয়ার জন্য। একটা কথা বার বার বলা হচ্ছে সিনিয়র মিনিস্টাররা সেখানে উপস্থিত ছিলেন, পার্থবাবু উপস্থিত ছিলেন, সংসদীয় পরিষদীয় মন্ত্রী হিসাবে তিনি সেখানে উপস্থিত ছিলেন। তিনি বার বার একটা কথা বলছেন যে, এর আগের সরকার বিগত সরকার তারা আলোচনা করতে দেননি, তারা কোনো প্রশ্ন তুলতে দেননি, তারা কোয়েশ্চেন তুলতে দেননি এ কথাগুলো তিনি বলছেন। হয়তো সত্যি, আমি জানি না। আমি তো সেই হাউসে ছিলাম না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে অন্য। সেটা হচ্ছে, একটা ব্যাড ট্রেন্ড যদি থাকে একটা ব্যাড

ট্রাডিশান যদি থাকে সেই ট্রাডিশানটাকে কি আমি ওয়ার্স্ট ট্রাডিশান দিয়ে সেটাকে ফাইট করতে পারব ? আমি তো এটাই জানি যে, ভালোর শত্রু আরো ভালো। তারা দাবি করছেন যে তারা ভালো ছিলেন। তাহলে আরো ভালো দিয়ে তো সেটাকে ফাইট করতে হবে। একটা নতুন ট্রাডিশান গড়ে তুলতে হবে। তারা বলছেন, তারা নতুন ট্রাডিশান গড়ে তুলবেন, কিন্তু সেই ট্রাডিশানটা কেমন হবে। সেই ট্রাডিশানটা কি এমন হবে যে, ডিসরিগার্ড টু অ্যাসেম্বলি ? যেটাকে তারা বার বার বলছেন, এটাকে তারা ওই মন্দিরের মতো, মসজিদের মতো তারা রেসপেক্ট করেন। তাহলে তারা তো পার্লামেন্টারি ডেমোক্রেসির কথা বলেন। আমরা তো বিপ্লবী দল। আমরা বিপ্লবের কথা বলি। কিন্তু পার্লামেন্টারি ডেমোক্রেসির যারা ঝাণ্ডা তুলে ধরছেন তারা পার্লামেন্টারি ডেমোক্রেসিকে যদি আজকে এই জায়গায় নিয়ে আসেন তাহলে পার্লামেন্টারি ডেমোক্রেসিটা কোথায় চলে যায়। এই কথাটা আমি বলতে চাইছি। এখানে একটা সরকারে আপনারা—ভেবে দেখুন, একটা সরকারের পারফরমেন্স সব থেকে ভালো করে বা প্রোজেক্টেড হবে কিন্তু তিনটে বিষয়ে, যদি তার পারফরমেন্স ভালো থাকে। এক হল, নারী নির্যাতন এবং আইন শৃঙ্খলার পরিস্থিতির ক্ষেত্রে তার যে ভূমিকা। আমরা দেখছি কি, বিগত সরকারের সময়ে নারী ধর্ষণের ক্ষেত্রে আমরা ছিলাম দু'নম্বর জায়গায়। এখনও আমরা দু'নম্বর, MP হচ্ছে প্রথম জায়গায়। নারী পাচারে তখনও এক নম্বরে ছিলাম, এখনও আমরা এক নম্বর জায়গায়। এটা তাহলে কি ধরনের জায়গা ? কোন পরিবর্তনের জায়গায় আমরা এসে দাঁড়ালাম। মাননীয় শোভনদেববাবু, চিফ হুইপ বলছিলেন একটু আগে যে, রাতারাতি আইন শৃঙ্খলার পরিস্থিতি পরিবর্তন হবে না। আমিও সেটা মনে করি। বিগত সরকার আইন শৃঙ্খলা পরিস্থিতিকে যে জায়গায় দাঁড় করিয়ে নিয়ে গিয়েছিলেন সেখানে আপনারা হঠাৎ একেবারে তড়িঘড়ি করে সমস্ত পরিবর্তন করে দেবেন সেটাতে আমি বিশ্বাস করি না। সেটা সম্ভব নয়। কিন্তু তার একটা ট্রেন্ড তো থাকবে, একটা লক্ষণ তো থাকবে যে সেটা আপনারা করার চেষ্টা করছেন। প্রত্যেকদিন খবরের কাগজে যে রিপোর্টগুলো আসে এবং সেখানে যে ধরনের স্টেটমেন্ট; রেসপন্সিবল মিনিস্টার এবং নেতাদের তরফ থেকে যে ধরনের স্টেটমেন্ট সেখানে পাওয়া যায় এবং সেখানে বাধ্য করা হয়। বাধ্য হন তাদেরকে অ্যারেস্ট করতে—যখন কোর্ট একমাত্র অর্ডার দেয়। এই যদি চলে তাহলে এই আইন-শৃঙ্খলা পরিস্থিতি সত্যি কি উন্নতি করার চেষ্টা হচ্ছে ? একটা পরিবর্তন করার চেষ্টা হচ্ছে বলে দাবি করা যেতে পারে ? এবং যেভাবে নারী নির্যাতনের ঘটনা প্রত্যেকদিন রিপোর্টে আসে—এইটা একেবারেই ঠিক নয় যে, আগে রিপোর্ট করো। আগে থানায় যাওয়ার কোনো সুযোগ ছিল না। এখন থানায় যাওয়ার সুযোগ আসছে বলে এত রিপোর্টেড হচ্ছে। এভাবে যদি প্রজেক্ট করা হয় তাহলে সত্যি কিন্তু তাকে অনেকটা গার্ড করার চেষ্টা করা হবে। তার বিরুদ্ধে ফাইট করা এবং সেই দুষ্কৃতিদের সত্যিকারের শাস্তি দেওয়ার একটা পরিবেশ সমাজের মধ্যে তৈরি করা সেটা কিন্তু করা হবে না। আপনারা ভেবে দেখতে পারেন বিষয়টা। আর একটা বিষয় হল, এটা হল প্রথম, একটা সরকারের পারফরমেন্স নিয়ে। দ্বিতীয় যেটা মূল্যবৃদ্ধি। মূল্যবৃদ্ধিটা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে ? দিনের পর দিন ? এই যে আপনারা দাবি করেছেন রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে এই যে, কৃষিকর্মণ আপনারা

বলছেন একটা পুরস্কার দেওয়ার ইত্যাদি ইত্যাদি কথা। অর্থাৎ প্রচুর প্রোডাকশান হয়েছে আপনারা দাবি করছেন। হয়তো প্রচুর প্রোডাকশান হয়েছে। কিন্তু একটা কথা বলুন তো, প্রচুর প্রোডাকশান হয়েছে, ইকনোমিক্সের তো একটা মিনিমাম নিয়ম আছে। প্রচুর প্রোডাকশান হলে মানুষ হাতে অন্তত তার খাদ্যদ্রব্য পাবে। মানুষ হাতে খাদ্যদ্রব্য পাচ্ছে ? মূল্যবৃদ্ধি কোথায় গিয়ে দাঁড়াচ্ছে ? শীতকালে সবজি সব থেকে কম দামে পেতে পারে গরীব মানুষ। সেখানে শীতকালে সবজি কোথায় গিয়ে দাঁড়িয়েছে। এর পেছনে ভূমিকা আছে সারের দাম বাড়ানো—কেন্দ্রীয় সরকারের ভূমিকাও কিছু আছে। এটা মেনে নিচ্ছি। কিন্তু তার পেছনে আমার যেটা বক্তব্য যে, মূল্যবৃদ্ধি যে কারণে হয় এবং মিডলম্যান, ফোড়ে, কালোবাজারি তাদের যে ভূমিকা সেই ভূমিকাকে নিয়ন্ত্রণ করা, সেই ভূমিকাকে নিয়ন্ত্রণ করার সত্যি কোনো ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হচ্ছে কি না ? যে কৃষি বাজার তৈরি হয়েছে সেই কৃষি বাজার থেকে কিনবে কারা ? কৃষি বাজার থেকে সাধারণ মানুষ কিনবে, না কৃষি বাজার থেকে কিনবে ওই প্রাইভেট অপারেটররা, মিডলম্যান তারা গিয়ে কিনবে—এটা কিন্তু ভাবার দরকার আছে। আর একটা প্রশ্ন সরকারের পারফরমেন্স, সেটা হল, বেকারির ক্ষেত্রে সরকারের ভূমিকা কি ? আজকে আপনারা দাবি করছেন যে, অনেক সংরক্ষণ করেছেন। হ্যাঁ, OBC সংরক্ষণ আপনারা করেছেন। আপনারা মুসলিমদের মধ্যে ৯৪.৫% অর্থাৎ কাউকে বাদ দেননি। প্রায় সবাইকে আপনারা OBC ক্যাটাগোরিতে এনেছেন। এবং তাদের জন্য আপনারা চাকরিতে সংরক্ষণ করেছেন সত্যি কথা। কিন্তু একটা বলুন তো, চাকরিটা কোথায় ? সংরক্ষণ করে দিলেন, সংরক্ষণ করে চাকরিটা পাবে কোথায়, পদ কোথায় ? যে পদগুলো আছে সেই পদগুলোকে সত্যি ভর্তি করার চেষ্টা করা হচ্ছে অথবা নতুন নতুন পদ সৃষ্টি করা হচ্ছে, শিল্প তৈরি হচ্ছে এবং তার মধ্য দিয়ে নতুন পদ সৃষ্টি হচ্ছে, নতুন চাকরির সুযোগ তৈরি হয়েছে, এটা যদি হত তাহলে সংরক্ষণের একটা মানে গিয়ে দাঁড়াত। কিন্তু সেটা তো কোথাও হচ্ছে না। নতুন শিল্প একেবারে শিল্পায়ন বলে যে দাবি আগের সরকারের তরফ থেকে হচ্ছিল এবং এখনও মাঝে মাঝে করা হয় সেই শিল্পায়ন কি সত্যি আজকে সম্ভব, না সেই শিল্পায়ন করা হচ্ছে ? তাহলে গোটা বিষয়টা আপনাদের ভাবার জন্যই আমি আমার দলের তরফ থেকে অনুরোধ করছি এবং আবারও আজকের আলোচনায় রাজ্যপাল যে স্পিচ দিয়েছেন সেই স্পিচের স্পিরিটকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়কে শ্রদ্ধা জানিয়ে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গে মহামান্য রাজ্যপাল এম. কে. নারায়ণন যে ভাষণ উপস্থাপন করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে দু-একটি বিষয় উপস্থাপন করতে চাই। আমার বক্তব্য যে, আমি যদিও এখানে নতুন বিধায়ক হিসাবে এই সদনে এসেছি, আমরা এসে যেটা উপলব্ধি করার চেষ্টা করেছি, পশ্চিমবঙ্গের রাজনৈতিক প্রেক্ষাপটে বিগতদিনের যে রাজনৈতিক অস্থিরতা, যে জটিলতা ছিল, যে রাজনৈতিক হিংসা কাণ্ড চলছিল, গোটা

পশ্চিমবঙ্গে যেভাবে অরাজকতা চলছিল, সেরকমই একটা অবস্থার মধ্য দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী হওয়ার আগে, তাঁর রাজনৈতিক চেতনার মধ্য দিয়ে অন্যায়ের বিরুদ্ধে আন্দোলনের মধ্য দিয়ে বিভিন্ন জায়গায় যে পরিবেশ তৈরি করতে পেরেছিলেন এবং তারপর তিনি দায়িত্বে আসার পরবর্তীকালে পশ্চিমবঙ্গে যে অচলাবস্থা ছিল, একদিকে জঙ্গলমহল অন্যদিকে ছিল পাহাড়। যে জঙ্গলমহলে, এর আগের যিনি মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন, যাওয়ার সাহস দেখাতে পারতেন না। সেই জায়গায় প্রতিনিয়ত যেভাবে রক্তক্ষয়ী সংগ্রাম চলত, প্রতিদিন পেপারে, টেলিভিশানের মধ্য দিয়ে যেভাবে মানুষ খুনের রাজনীতির কথা আমরা জানতে পারতাম, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী সেই জায়গায় আসার পরে তাঁর সেই জায়গায় জনসংযোগের মধ্য দিয়ে, মানুষের কল্যাণকামী চিন্তার মধ্য দিয়ে, সেই জায়গায় ST সম্প্রদায়ের মানুষ, তাদের দৈনন্দিন আহারাদির ব্যবস্থা গ্রহণ করার পরবর্তীকালে যে পরিবেশ, যে পরিমণ্ডল, এলাকার উন্নয়ন, সেতু নির্মাণ থেকে, পঠন-পাঠন থেকে আরম্ভ করে তারা মূল স্রোতে ফিরে আসার জন্য সচেষ্ট হয়েছে। মাওবাদীদের আক্রমণকে উপেক্ষা করে সেই জায়গাটা তৈরি করেছে। যেটাকে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বার বার বলার চেষ্টা করেছে যে মাওবাদী এলাকাগুলোকে দমন করতে গেলে মাননীয়া মুখ্যমন্ত্রী যে নীতিটাকে অবলম্বন করেছেন কাজের মধ্য দিয়ে, ভালোবাসার মধ্য দিয়ে মানুষকে পাশে টেনে নেওয়ার পরে যে একটা উন্নত দিগন্তের সূচনা করেছে, তাকে অনুকরণ করবার জন্য নির্দেশ দিয়েছেন। একইভাবে পাহাড়ে যে অবস্থা ছিল সেই জায়গার মধ্য দিয়ে, যখন তিনি দায়িত্বে এলেন, আস্তে আস্তে করে সুন্দর একটা পরিমণ্ডলের মধ্যে নিয়ে এলেন। আপনারা নিশ্চয়ই জানেন সেই সময়ে পুরাতন যে বামপন্থী সরকার, যারা দায়িত্ব পালন করে গেছেন, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা চাপিয়ে দেওয়ার কারণে প্রতি বছর ২৫-২৬ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার কেটে নেয়। এইরকম একটা অচলাবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গকে যেভাবে অর্থনৈতিক দিক থেকে একেবারে দেউলিয়া করে দিয়ে গেছে। সেটাকে সামনে রেখে পশ্চিমবঙ্গের মানুষের ভালো করবার জন্যেই তিনি প্রতিনিয়ত কেবলমাত্র মহাকরণের নির্দিষ্ট গণ্ডীর মধ্যে আবদ্ধ না থেকে একের পর এক প্রত্যেকটি জেলাতে তিনি দুবার তিনবার করে উপস্থিত হয়েছেন। এবং আধিকারিকদের সঙ্গে আলাপ-আলোচনার মধ্য দিয়ে কিভাবে বাংলাকে বাঁচানো যাবে, অর্থনৈতিক বুনিয়াদকে কিভাবে দৃঢ় করা যাবে—মাননীয় অর্থমন্ত্রীর প্রচেষ্টার মধ্যে দিয়ে ট্যাক্সের সরলীকরণের মধ্য দিয়ে, রাজস্ব বৃদ্ধি সংগঠিত করার কারণে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক যে অভাব অনটন, যেটাকে বার বার করে বলার চেষ্টা করছেন, সেটা কিন্তু আজকে আমরা দেখতে পাইনি। এইভাবে তিনি একের পর এক উন্নয়নকে সংগঠিত করবার জন্য বিভিন্ন জায়গায় তিনি চলে যাওয়ার চেষ্টা করেছেন। আমি বলতে চাই বিরোধী দলের পক্ষ থেকে যারা দায়িত্ব পালন করছেন, তাদের সময়কার যে অবস্থা ছিল, কোথায় তারা কি সংগঠিত করেছিলেন সেটা তারা ভালোভাবে জানেন। আজকে আমাদের মাননীয়া বামপন্থী বিধায়িকা যেভাবে বলছিলেন, আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে তাদের গণতন্ত্র বিঘ্নিত হয়েছে, কথা বলার অধিকার নেই। আমি বলি

আপনাদের যারা বামপন্থী দায়িত্বশীল ব্যক্তিত্ব থেকে গেছেন, আপনাদের পিরিয়ডে কোথায় এই গণতান্ত্রিক অধিকারটিকে রক্ষা করে চলেছিলেন ?

[5.00–5.10 p.m.]

কোন জায়গায় সেখানে অধিকার রক্ষা করতে পেরেছিলেন ? যেভাবে অন্যায়, অবিচার অত্যাচারের মধ্যে দিয়ে বিভিন্নভাবে গণতন্ত্রকে রক্ষা করতে পারেনি—এ অসংখ্য নজির থেকে গেছে। বানতলা, ধানতলা থেকে আরম্ভ করে, একেবারে সেই নন্দীগ্রাম থেকে আরম্ভ করে, অন্যান্য যে সমস্ত জায়গায়, যে সমস্ত অন্যায় কাজ করেছেন, তার জন্য কোনোদিন আপনারা অনুতাপ করেননি, এবং তার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। আজকে যখন আমরা দেখতে পাই, পশ্চিমবঙ্গে যখন যেখানে কিছু অন্যায় সংগঠিত হয়ে থাকে, আজকে ধর্ষণ-এর ব্যাপারটায় বলছেন, ধর্ষণ সংগঠিত হচ্ছে, এটা নিঃসন্দেহে সামাজিক দিক থেকে মেনে নেওয়া যায় না। কিন্তু এটা কি বলতে পারবেন ? আপনাদের সময়ে এইভাবে কোনো ঘটনা ঘটে যাওয়ার পর সেটা বিশেষভাবে ফ্লাশ হত না, তাদেরকে অধিকার দেওয়া হত না, গণতান্ত্রিক অধিকার থাকত না, তারা মানুষের কাছে গিয়ে থানায় গিয়ে অভিযোগ রাখতে পারত ? আজকে যেটুকু হচ্ছে, আমরা দেখতে পাচ্ছি, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো, প্রত্যেকটি জায়গাতে যে ধর্ষণক্রিয়া চলছে, সঙ্গে সঙ্গে যারা আসামী রয়েছে, তাদের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখানে তপন সুকুরের মতো নিজেদের দলের সম্পদ বলে, সেখানে যখন আমরা দেখতে পাই—নন্দীগ্রামে, নন্দীগ্রামে হত্যাকাণ্ড করার পরে যখন লাশগুলোকে পাচার করছিল, ধরে নিয়ে যাওয়ার পরে, তারা কিসের কৌশলে অল্পদিনের মধ্যে তারা বেরিয়ে গিয়েছিল। তখন আপনাদের নেতৃত্ব সেখানে উপস্থিত থেকে তার গলায় মালা পরিয়ে দিয়ে বলেছিলেন, এরাই আমাদের দলের সম্পদ। মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকে চেষ্টা করছেন, এই যে ঘটনাগুলো ঘটছে, তাকে কি ভাবে কি করে নির্বাপিত করা যায়, তার জন্য চেষ্টা করছেন। আমাদের তরুণবাবু বলছিলেন—তরুণবাবুর বক্তব্যের মধ্যে দিয়ে—মাননীয়া মুখ্যমন্ত্রী কেন এখানে উপস্থিত থাকেন না। নিশ্চয়, সংসদীয় রীতি অনুসারে, তিনি হয়তো থাকতে পারেননি, কাজের জন্য আসতে পারেননি। কিন্তু আমরা দেখেছি, মাননীয়া মুখ্যমন্ত্রী যখন বক্তব্য রাখতে ওঠেন, তখন বিরোধীদলের পক্ষ থেকে প্রতিবাদ করা হয়েছে, প্রতিরোধ করা হয়েছে এবং তারা ওয়াক আউট করে গেছে। ফলে কেবলমাত্র মুখ্যমন্ত্রী নেই, এই অজুহাত দেখিয়ে যে অভিব্যক্তি প্রকাশ করার চেষ্টা করা হচ্ছে, এটা বোধ হয় ঠিক নয়। আনন্দবাবু বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন যে আজকে দক্ষিণ ২৪-পরগনায় আইলায় যে সমস্ত কাজ হয়েছে, সেই কাজ নাকি সঠিকভাবে হয়নি। আমি আইলার প্রত্যন্ত এলাকার পাথরপ্রতিমার মানুষ হিসাবে দেখেছি যে আজকে সেই জায়গাতে আজকে ২০০৯ সালে ২৫শে মে তারিখে যে আইলা হয়েছিল, সেই ২০০৯ সালে ২৫শে মে-র পর থেকে তারা দায়িত্বে ছিলেন। ২০১১ সালের ২০ তারিখে নতুন গভর্নমেন্ট দায়িত্ব গ্রহণ করল, তখন পর্যন্ত আপনারা কেন দায়িত্ব পালন করতে পারেননি ? আমি জানি, আমার পাথরপ্রতিমা ব্লকে, আমার ৩৬টা পয়েন্ট এর মধ্যে ১৯টা পয়েন্টের টাকা

অলরেডি দিয়ে দেওয়া হয়েছে এবং প্রায় সব জায়গাতে কাজ আরম্ভ করা গেছে। আপনারা যেখানে থেকে পেরেছেন, কি ভাবে কৌশল করে বাধা দিয়ে, কাজ যাতে করতে না পারা যায়, তার জন্য চেষ্টা করছেন। তা বলে কিন্তু আজকে আড়াই বছর সরকার আসার পরে কোথাও কোনো বন্যা হয়ে গিয়ে সেই জায়গা ভেসে গিয়েছে সুন্দরবনের, এইরকম কোনো নজির নেই। এটার দ্বারা আমরা বোঝাতে চাই যে আজকে মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে কিন্তু উন্নয়নশীল কাজের ভূমিকা আজকে গ্রহণ করা হয়েছে। সে কৃষির ক্ষেত্রে হতে পারে, শিল্পের ক্ষেত্রে হতে পারে, অন্যান্য উন্নয়নের ক্ষেত্রে আমরা জোর দিয়ে বলতে পারি, সেই উন্নয়ন যদি না সংগঠিত হতে পারত, পশ্চিমবঙ্গে যদি এইভাবে উন্নয়নকে ত্বরান্বিত না করতে পারতেন তাহলে আড়াই বছর কি তিন বছর এই সময়ের মধ্যে এই সরকারের বিরুদ্ধে আপনারা জনমত কেন তৈরি করতে পারেননি ? আপনারা পঞ্চায়েতের কথা বলছেন, পঞ্চায়েতে আপনারা নাকি ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। এস.ডি.ও. অফিসে আপনাদের ভোটাধিকার প্রয়োগ করবার জন্য নমিনেশান দেওয়ার জন্য সুযোগ ছিল, সেখানে আপনাদের লোককে হাজির করতে পারেননি। আর দায়টা চাপিয়ে দিচ্ছেন তৃণমূল কংগ্রেসের উপরে। অতএব এই সমস্ত বলে আর যদি মনে করেন আড়াই বছর থেকে তিন বছরে মা-মাটি-মানুষের সরকার, কোনো কিছু কাজকর্ম করে উঠতে পারেনি, তাহলে কেন আজকে জনমত তৈরি করতে পারেননি। কেন পঞ্চায়েত নির্বাচনের পর থেকে মিউনিসিপ্যালিটির যতগুলি নির্বাচন হয়েছে, সমস্ত নির্বাচনে আপনারা আজকে পিছিয়ে পড়েছেন। জনসাধারণের কাছ থেকে আপনারা সরে গেছেন। আর একটি কথা বলব, কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী যে যুগান্তকারী সিদ্ধান্তটাকে সমস্ত জায়গায় ঘোষণা করেছে, সেটা শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষের সমস্ত প্রান্ত থেকে সাধুবাদ জানানোর চেষ্টা হয়েছে। আজকে এক লক্ষ কুড়ি হাজার টাকা বেতন যাদের, সেই জায়গায় যে সমস্ত মায়েরা, যে সমস্ত মেয়েরা গরীব হওয়ার কারণে পড়াশুনা করতে পারছে না, ১৪ বছর, ১৫ বছর বয়সে তাদের বিয়ে দেওয়ার ব্যবস্থা হত, এই যুগান্তকারী সিদ্ধান্তের ফলে আজকে পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষের সমস্ত অঙ্গরাজ্য থেকে এই কন্যাশ্রী প্রকল্পের জন্য সাধুবাদ জ্ঞাপন করছে। ফলে এই যে একের পর এক উন্নয়ন সংগঠিত হচ্ছে, সেই কারণের জন্য আমরা মনে করি মিথ্যার দোহাইটা না দিয়ে বাস্তব অবস্থাটা বুঝে মানুষের কাছে চলে যান, মানুষের কাছ থেকে আপনার অধিকারটা পাওয়ার চেষ্টা করুন। কেবলমাত্র মা-মাটি-মানুষের সরকারের বিরুদ্ধে কথা বলে কিছু লাভ নেই। এই কথা বলে আমাদের আজকের মহামান্য রাজ্যপাল যে ভাষণটা দিয়েছিলেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী অশোক রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী এম.কে. নারায়ণন যে বক্তব্য পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করে আমার ২-১টি কথা আপনাদের সকলের সামনে তুলে ধরতে চাই।

প্রথমত, এই যে সরকার চলছে আমি মনে করি এই সরকার একটা বিকলাঙ্গ সরকার। এই সরকার কর্ণেন বধির, কানে কালা। এই সরকার চক্ষু সার, চোখে দেখতে পায় না। এই সরকার পৃষ্ঠেন কুব্জ। অসংখ্য প্রতিশ্রুতির বোঝা বয়ে চলছেন। এই সরকার পাদেন খঞ্জ, পায়ে খোঁড়া। কোনদিকে হাঁটবে বুঝতে পারছেন না। অথচ মাননীয় রাজ্যপাল সেই সরকারের স্তাবকতা করেছেন। আমি মনে করি এটা সম্পূর্ণ অন্যায় এবং অযৌক্তিক। তাছাড়া এই পশ্চিমবাংলার বুকে যে সমস্ত ঘটনা ঘটে তাৎক্ষণিক তার প্রতিক্রিয়া তিনি দেখিয়েছেন। তার বিন্দুমাত্র নমুনা তার এই ভাবণের মধ্যে আমি পেলাম না। সুতরাং সেইজন্য আমরা সমর্থন করতে পারছি না। এখানে একটা জায়গায় বলা হয়েছে, যদিও এই বিষয়টা সবাই তুলেছেন, তবুও আংশিকভাবে তুলেছেন বলে আমি আবার তুলছি। মুক্ত, নিরপেক্ষ বাতাবরণে ত্রি-স্তর পঞ্চায়েতী রাজ প্রতিস্থানে অষ্টম সাধারণ পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন হয়েছে। আমি ২-৪টি উদাহরণ তুলে ধরি। আপনারা জানেন যে কিভাবে পঞ্চায়েত সদস্য নির্বাচিত হয়েছেন। আমি বীরভূম জেলার অন্তর্গত ময়ূরেশ্বরের বাসিন্দা হলেও বোলপুর মহকুমায় একটা বিরোধী দলের প্রার্থীকে নোমিনেশান দিতে দেওয়া হয়নি। এমনকি এখানে অনেকেই বলেছেন যে মহকুমা শাসকের অফিসে জমা দিলে পারতেন। মহকুমা অফিসে যাবে কি, রাস্তার ধারে ধারে এমনভাবে তারা শাসকদলের কর্মীরা দাঁড়িয়ে আছে আমাদের কর্মীদের পুলিশের মতো সার্চ করা হয়েছে। যেটুকু আমরা নোমিনেশান দিতে পেরেছিলাম বীরভূম জেলায়, সেখানেও আমরা কি লক্ষ্য করলাম—ভোটারদের হুমকি দেওয়া হচ্ছে, পাড়ায় পাড়ায়, গরীব মানুষের পাড়াকে অবরুদ্ধ করে রাখা হয়েছে। নির্বাচনের দু-দিন আগে আমরা ঘুমোতে পারিনি। বিভিন্ন জায়গা থেকে আমাদের কাছে বিভিন্ন প্রশ্ন এসেছে। বিভিন্ন কথা তারা বলেছেন। গোটা গরীব মানুষের পাড়াকে তারা ঘিরে রেখেছেন। গরীব মানুষের পাড়াতে তারা বোম, পিস্তল নিয়ে বোম ফাটিয়েছেন, পিস্তল দেখিয়েছেন। এইরকম একটা সন্ত্রাসের বাতাবরণ তৈরি করেছেন। সেটা তৈরি করে তারা নির্বাচনে জিতেছেন। আজকে এত জিতছেন, মিউনিসিপ্যালিটিতে জিতেছেন, তর্কের খাতিরে ধরে নিচ্ছি পঞ্চায়েতে জিতেছেন, তাহলে এত ভয় কিসের লাল ঝাণ্ডাকে ? লাল ঝাণ্ডা দেখলেই, লাল ঝাণ্ডার লোক বললেই আপনারা আতঙ্কগ্রস্ত হচ্ছেন কেন ? দ্বিতীয়ত, সমস্ত বুথে আমাদের পোলিং এজেন্ট দেওয়া হয়নি। পোলিং এজেন্টদের ঘর থেকে বের করে দেওয়া হয়েছে। তারপরে এমনকি ময়ূরেশ্বর বিধানসভা কেন্দ্রে—সে জায়গায় জানানো হয়েছে এই অবস্থা, সেখানেই তারা ক্ষান্ত হননি—শাসকদলের কর্মীরা। আমরা কি দেখলাম—কর্মকর্তা নির্বাচনের দিনে যাতে বিরোধী দল যেতে না পারে, যাতে বিরোধী দল পঞ্চায়েত গঠন করতে না পারে, সেইজন্য বিরোধী দলকে যেতে না দেওয়ার জন্য সদস্যরা যাতে উপস্থিত হতে না পারে, তার জন্য শাসক শ্রেণী দুষ্কৃতিকারীদের জড়ো করে বোম, পিস্তল নিয়ে সেদিন আক্রমণ করেছেন চিকুৎদা পঞ্চায়েত, নাম করেই বলে দিলাম।

[5.10–5.24 p.m.]

সেখানে আক্রান্ত হয়েছেন কে ? আক্রান্ত হয়েছেন আমাদের এই সভারই একজন প্রাক্তন

সদস্য, তিন-চারটি টার্মের তিনি সদস্য ছিলেন এবং বীরভূম জেলার প্রাক্তন সভাপতি, তিনি আক্রান্ত হয়েছেন এবং শেষে ডাক্তারের কাছে গিয়ে তাকে চিকিৎসা করাতে হয়েছে। এই যে অবস্থা, এর পরেও আপনারা বলবেন, শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। কিসের শান্তি বিরাজ করছে ? এখানে বিরাজ করছে শ্মশানের শান্তি, বিরাজ করছে গুণ্ডাদের শান্তি। আজকে কাজী নজরুল ইসলামের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে হয়—'যে যত ভণ্ড ভৈরব, আজ সেই তত বলবান, ...বলে জ্ঞান-বিজ্ঞান।' এই তো অবস্থা চলছে। তারপরে আমরা যেটা দেখলাম আইন-শৃঙ্খলার প্রশ্নে মাননীয় রাজ্যপাল বলেছেন খুব ভালো চলছে। আইন-শৃঙ্খলার প্রশ্নে বীরভূম জেলার লাভপুরের ঘটনা আজকে আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। দুঃখের বিষয়, রাজ্যপালের ভাষণে সেই ঘটনার বিন্দুমাত্র প্রতিফলন ঘটল না। কোন জায়গায় দাঁড়িয়ে আছি আমরা, কোন জায়গায় আমরা চলেছি। এই অবস্থার উপরে দাঁড়িয়ে আমাদের আজকে চলতে হচ্ছে। প্রথমে আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন দলতন্ত্র নয়, গণতন্ত্র। দলতন্ত্র, গণতন্ত্র না আমলাতন্ত্র কোনটা চলছে, তার একটা প্রকৃষ্ট উদাহরণ আমি তুলে ধরি। গীতাঞ্জলির যে ঘর, সেই ব্যাপারে যেটা বলা হয়েছে সেটা আমি পড়ে শোনাই—As desired by Hon'ble MOS (Independent Charge), Housing Department, Government of West Bengal, the selection of beneficiaries in respect of EWS Housing Scheme, "Gitanjali" in rural areas is to be done through concerned BDO with the administrative supervision of SDO, Hon'ble MLAs of the concerned Assembly Constituency / DM of the concerned district may be involved in the process... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারী ২০১৪ তারিখে এই সভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ প্রদান করেছে, সেই ভাষণের উপরে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের বেঞ্চ থেকে বার বার আইন-শৃঙ্খলার কথা বলা হচ্ছে। স্যার, গত কয়েকদিন আগে একটা ঘটনা ঘটেছে এবং খবরের কাগজেও আপনারা তা দেখেছেন, নন্দীগ্রামে এক তৃণমূল কংগ্রেস কর্মীকে রাতের অন্ধকারে খুন করা হয়েছিল। সি.পি.এম. পার্টির পূর্ব মেদিনীপুর জেলার কৃষক সভার সম্পাদক অশোক গুড়িয়া সহ ছয়জনকে পুলিশ চব্বিশ ঘণ্টার মধ্যে গ্রেপ্তার করা হয়েছে। স্বাভাবিক কারণেই এই ঘটনা থেকেই প্রমাণ হয় প্রশাসন কতটা তৎপর আইন-শৃঙ্খলা রক্ষা করবার জন্য। বামফ্রন্টের বেঞ্চ থেকে বারে বারে মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রশাসনিক কাজকর্ম সম্পর্কে সমালোচনা করা হচ্ছে। এটা স্বাভাবিকই। বামফ্রন্ট সরকারের আমলে একটা জায়গীরদার প্রথা চালু ছিল। এখানে বিগত সরকার প্রাক্তন মন্ত্রীরা অনেকেই উপস্থিত আছেন। তখন একটা কথা ছিল বামফ্রন্ট সরকারের সময়, বর্ধমানের একজন জায়গীরদার ছিলেন, তিনি বর্ধমান জেলাটা দেখবেন। তার কথায় চলবে। মেদিনীপুর জেলা যখন ভাগ হয়নি তখন মেদিনীপুর জেলার একজন জায়গীরদার ছিলেন। আবার মেদিনীপুর

জেলা ভাগ হওয়ার পর, পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়াতে একজনকে দায়িত্ব দেওয়া হল। সি.পি.এম. পার্টি থেকে তিনি হলেন জায়গীরদার। চব্বিশ পরগনার একজন জায়গীরদার। বর্ধমানের একজন জায়গীরদার। তিনি সমগ্র জেলাটাকে দেখবেন। সেখানে প্রশাসন কোনো কাজকর্ম করতে পারবে না, নিরপেক্ষভাবে প্রশাসন কোনো কাজকর্ম করতে পারবে না। পার্টি থেকে এবং সরকার থেকে তৎকালীন বামফ্রন্টের সরকার থেকে জায়গীরদার প্রথা চালু হয়েছিল। কিন্তু এখন মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে প্রশাসন কাজকর্ম করছে। কোথায় ? আমাদের জেলায়, পূর্ব মেদিনীপুর জেলায় আড়াই বছরে ৬ বার গেছেন, তিনি ৬ বার গেছেন জেলায়। তাকে প্রশাসনিক স্তরে একেবারে পঞ্চায়েতের প্রধান বি.ডি.ও., এস.ডি.ও., ডি.এম. সবাইকে নিয়ে তিনি আলোচনা করেছেন। কংগ্রেসের বেঞ্চ থেকে একটা অসত্য কথা বলেছেন। আমি নামটা ধরতে চাই না। যেহেতু নাম-টাম বাদ যাচ্ছে। দুটো কথা অসত্য বলেছেন মানসবাবু, তিনি একজন সিনিয়ার মন্ত্রী ছিলেন। তিনি এই সভার অনেক দিনের সদস্য। তিনি দুটি অসত্য কথা বলেছেন। প্রশাসনিক স্তরে মিটিং করছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া, একেবারে প্রশাসনিক স্তরে সেখানে কোনো জায়গীরদার প্রথা নেই। আমার বিধানসভা কেন্দ্রে তিনি তিনবার গেছেন। বি.ডি.ও.-দের ডেকে সরাসরি নির্দেশ দিয়েছেন এই কাজটা করুন। তিনি এমনও বলেছেন, যদি জনপ্রতিনিধি আপনারা যদি কাজ করতে না পারেন আমি যে কাজকর্ম দিচ্ছি, তাহলে বি.ডি.ও.-কে দিয়ে এস.ডি.ও.-কে দিয়ে ডি.এম.-কে দিয়ে প্রশাসনকে দিয়ে আমি উন্নয়নমূলক কাজকর্ম করব। জায়গীরদার প্রথা তুলে দেওয়া হয়েছে বামফ্রন্টের আমলে যে জায়গীরদার প্রথা ছিল। স্বভাবত কারণেই আজকে এই প্রশাসনে কর্মসংস্কৃতি বেড়েছে। আড়ালে আবডালে পরোক্ষ ভাবে কংগ্রেস বেঞ্চ থেকে এবং বামফ্রন্টের বেঞ্চ থেকে তা সরাসরিভাবে অনেকটাই স্বীকার করে নেওয়া হয়েছে। তাই এই বইতে যা লিখিত ভাষণ আছে তার সবটাই বিরোধিতা না করে তারা বিরোধিতার জন্যই বিরোধিতা করেছেন। এই ভাষণটা কে পড়েছেন ? গভর্নর পড়েছেন। সরকারের কথা বলেছেন। কংগ্রেসের বেঞ্চে লোকেরা নেই। চলে গিয়েছেন। গভর্নর কার লোক ? কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রপতির মনোনীত লোক। তাহলে কংগ্রেস কি বলতে চাইছেন ? তিনি তো বলেছেন যে সরকার এই ধরনের কাজকর্ম করছে। সরকারের কর্মসংস্কৃতি বেড়েছে, গতিশীলতা বেড়েছে প্রশাসনিক স্তরে। গভর্নর রাষ্ট্রপতির মনোনীত ব্যক্তি। তিনি আজকে এই সরকারের প্রশংসা করছেন। শুধু কি গভর্নর প্রশংসা করছেন ? আমরা না হয় একটা রাজনৈতিক দলের লোক আমরা প্রশংসা করছি। আপনারা বিরোধিতা করছেন। ভারতবর্ষের একজন লোকের নাম বলুন, একটা ব্যক্তির নাম বলুন সে কোনো রাজনৈতিক দলের লোক নয়, সে নিরপেক্ষ ব্যক্তি। সাম্প্রতিককালে মমতা বন্দ্যোপাধ্যায়ের কাজের প্রশংসা করছেন আন্না হাজারে। আন্না হাজারে প্রশংসা করছেন। আর সি.পি.এম. বিরোধিতা করছেন। গান্ধীবাদী নেতা দিল্লিতে দাঁড়িয়ে বলছেন ভারতবর্ষের একজন নেতৃত্ব, একজন ব্যক্তি, মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশংসা করছেন। সি.পি.এম. বিরোধিতা করছে। স্বভাবত কারণেই আমরা মনে করেছি আজকের এই পশ্চিমবঙ্গ সরকারের যে কর্ম সংস্কৃতি যে কাজকর্ম মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মমতা

বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে কাজকর্ম হচ্ছে, যে উন্নয়ন চলছে, তা পশ্চিমবঙ্গে নিশ্চিতভাবে একদিন বিশ্ব বাংলার তিনি যে আওয়াজ তুলেছেন, সেই বিশ্ব বাংলায়, আজকে বাংলা নিশ্চিতভাবে শুধু ভারতবর্ষে নয়, অনেক জায়গা ছাড়িয়ে তার স্থান করে নিতে পারবে। তিনি দুটো ভুল কথা কি বলেছেন ? তিনি বলছেন জোট থেকে আমাদের তাড়িয়ে দেওয়া হয়েছে। কংগ্রেসের সঙ্গে থেকে নির্বাচন হয়েছে এটা আমরা স্বীকার করছি। কিন্তু জোটটাকে ভেঙে দেওয়া হয়েছে কেন ? জোট থেকে আমরা চলে এলাম কেন ? বাংলার মানুষকে রক্ষা করবার জন্য। আমরা দায়বদ্ধ বাংলার মানুষের কাছে। মমতা বন্দ্যোপাধ্যায় বারে বারে বলেছেন, আমাদের মন্ত্রীত্ব থেকে বাংলার মানুষ আমাদের কাছে বড়। কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতি, বারে বারে মানুষের ওপর চাপিয়ে দেওয়ার জন্যেই তিনি বলেছেন আমি জোটে থাকতে চাই না। আমি এই জনবিরোধী নীতির আমি বিরোধিতা করতে চাই। তার জন্যেই আমরা জোটের থেকে বেরিয়ে এসেছি। তাই তিনি বলেছেন যখন মিটিং হচ্ছে জেলায় জেলায়, শাসক দলের এম.এল.এ.-দের ডাকা হচ্ছে। আমরা ডাক পাই না তো। মুখ্যমন্ত্রী আমাদের জেলায় যতগুলো প্রশাসনিক মিটিং করেছে আমরা তো যেতে পারিনি, আমাদের তো ডাকা হয়নি, আমরা তো শাসকদলের, আমরা তো যেতে পারেনি। শাসকদল-বিরোধীদল বলে কি আছে ? তিনি প্রশাসনিক স্তরে মিটিং করেছেন। আমাদের ডাকেননি উনি। তাই স্বাভাবিক কারণেই সেখানে শাসক দলের এম.এল.এ.-কে ডাকা হলে বিরোধী দলের এম.এল.এ.-কে ডাকা হত। এই দুটো কথা উনি অসত্য কথা বলেছেন। স্বাভাবিক কারণেই রাজ্যপাল যে কথা বলেছেন, সেটা নিশ্চিতভাবে আজকের দিনে সি.পি.এম.-এর বিরোধী Bench থেকে আপনারা বলছেন—লক্ষ লক্ষ টাকা খরচ করে প্রচার করা হচ্ছে বিজ্ঞাপনে। আপনারা একদিন বলেছিলেন, আপনাদের নেতা একদিন বলেছিলেন, 'পুলিশকে ঢিল মারলে পুলিশ কি গঙ্গাজল দেবে ? আপনাদের পার্টির নেতা বলেছিলেন যে, পুলিশকে ইঁট ছুঁড়লে, পুলিশ গুলি চালাবে না তো কি করবে। আপনারা যদি অপপ্রচার করেন তাহলে আমরা কি করব ? আমরা প্রচার করব। আপনারা অপপ্রচার বন্ধ করুন, আমাদের প্রচার বন্ধ হবে। আমাদের প্রচারটা কেন ? অপপ্রচারের জবাব দিতে আমাদের প্রচার করতে হচ্ছে। প্রচারটা কেন করতে হয় ? পিপলস কনসার্সনেস, পিপলস অ্যাওয়ারনেস। পিপলকে জাগাতে হবে, পিপলকে জাগাতে হবে। সরকারের কাজকর্ম কেমন করে জানব আমরা। আপনারা অপপ্রচার করছেন কৃষি মেলা নিয়ে। আপনাদের সময় কৃষি মেলা নাম ছিল, আমাদের সময় কৃষি, উদ্যান পালন, মৎস্য, প্রাণী সম্পদ মেলা। কেন ? মাটির সাথে যতগুলো দপ্তরের যোগাযোগ আছে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন, সেই সেই দপ্তরের মেলা হবে। আপনারা তো বার্ড ফ্লু বলে মুরগিগুলোকে মেরে ফেললেন। আর মা-মাটি-মানুষের সরকার সেই মুরগি পালন করে প্রাণী সম্পদ দপ্তরের মাধ্যমে ওদেরকে সাহায্য করে। আজকে আপনারা বলছেন, জল ধরো, জল ভরো' প্রকল্পে লক্ষ লক্ষ টাকা চুরি হচ্ছে বলছেন। জল ধরো, জল ভরো—প্রকল্পটা কার ? ব্যক্তিগত বাড়ির পুকুর, আপনার বাড়ির পুকুর। খনন করছে কে—পঞ্চায়েত দপ্তর। কোথায় টাকা চুরি হচ্ছে, কে টাকা চুরি করছে ? আপনারা তো অপপ্রচার করছেন। তাই এই অপপ্রচারের জবাব দিতে আমাদের প্রচার

করাতে হবে। তার জন্য আজকে প্রশাসন প্রচার করছে, সাধারণ মানুষকে জানাতে হচ্ছে। তার জন্য মেলা, প্রদর্শনী এই সমস্ত কাজকর্ম করতে হচ্ছে। পঞ্চায়েত দপ্তরের কাজকে গতিশীল করবার জন্য এ পর্যন্ত যে ট্রেনিং-এর ব্যবস্থা হয়েছে ৩৩৪৯টি গ্রাম পঞ্চায়েতের, সমস্ত পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান—সবারই ট্রেনিং-এর ব্যবস্থা করেছে এই সরকার। ...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)... এবং গ্রামীণ বিকেন্দ্রীকরণ কর্মসূচির মাধ্যমে সমস্ত ট্রেনিং-এর আরও পঞ্চায়েতগুলোকে শক্তিশালী করার জন্য পঞ্চায়েত দপ্তর, রুরাল ডেভেলপমেন্ট আরও শক্তিশালীভাবে গ্রামে গ্রামে প্রশিক্ষণের ব্যবস্থা করছে। তাহলে আজকে প্রশাসনিক কর্মসংস্কৃতি মমতা বন্দ্যোপাধ্যায়ের বলিষ্ঠ নেতৃত্বে সারা বাংলার উন্নয়নের কর্মযজ্ঞ চলছে বলেই আজকে আপনারা বিরোধিতা করছেন। তাই আমি মনে করি যথাযথভাবে তিনি ভাষণ দিয়েছেন। এই ভাষণকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

Adjournment

(At this stage the House was adjourned at 5.24 p.m. till 10 a.m. on Friday, 14th February, 2014 at the Assembly House, Kolkata)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 14th February, 2014 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers, 06 Ministers of State, 19 Parliamentary Secretaries and 147 Members

[10.00 – 10.10 a.m.]

(Hon'ble Member of the Congress Legislature Party Shri Md. Sohrub rose to speak)

(noise)

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Dr. Abu Nasar Khan Choudhury desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

(At this stage Hon'ble Members of the Congress Legislature Party came down to the well and raised slogans) (noise)

(Hon'ble Members of the Left Front also rose to speak)

Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Kolkata,

Sub : Application for leave of absents from the assembly.

Respected Sir,

While I was in assembly on the 7th of February, 2014 I was suddenly fallen ill and have to be hospitalised. From that day I am at the Rabindranath Tagore Hospital for my treatment. I am not sure when I may be released from this Hospital, after leaving this hospital I am advised to be admitted at the AIIMS New Delhi for further investigation and treatment at the moment. I don't know how long I will have to be absent from my assembly

function. However, keep you inform I take this opportunity also grant me permission to go to Delhi for treatment.

I shall be gratefull if you pass the necessary order under circumstances.

With best Regards,

Yours Sincerely

Sd/- (Dr. A. N. Khan Choudhury)

(Noise)

Mr. Speaker: This will not go on record. Nothing will go on record. Hon'ble Members, please, please.

I now ask whether Dr. Abu Nasar Khan Choudhury has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Dr. Abu Nasar Khan Choudhury has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 13th February, 2014 till the end of the Current Session of the Assembly.

(Noise)

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Report of the West Bengal Electricity Regulatory Commission For the year 2012-2013

Shri Manish Gupta: Sir, I beg to lay the Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2012-2013.

(Noise)

The Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2012-2013

Shri Manish Gupta: Sir beg to lay the Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2012-2013.

(Noise)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী এস. এম. সাদি : মাননীয় স্পীকার স্যার, গত ১০ তারিখে মহামান্য রাজ্যপাল এই সদনে যে বিবৃতি পেশ করেছেন আমি সেই বিবৃতিকে সমর্থন করতে পারছি না। ইতিমধ্যেই রাজ্যপালের বক্তব্যের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে আমি তার উপর সংশোধনী জমা দিয়েছি।

(Noise)

Mr. Speaker : You cannot obstruct the proceedings of the House. Hon'ble Members, please. He is delivering his speech. Mr. Mitra, it's not the way. It's not the way. Mr. Sohrab please control your Members. একজন সদস্য তাঁর বক্তব্য রাখছেন। আপনারা দয়া করে ওনাকে এভাবে অবস্ট্রাক্ট করবেন না। প্লিজ, আপনারা নিজ নিজ জায়গায় গিয়ে বসুন।

.... (গোলমাল) ....

শ্রী এস. এম. সাদি : মাননীয় স্পীকার স্যার, এ সরকারের সময়টা খুব ভালো যাচ্ছে না। এই বছরটা যখন শুরু হয়েছিল তখন আপনাদের মনে আছে আমরা দেখেছি ২৫শে অক্টোবর বারাসাতের হুমাইপাড়াতে একটা অবাঙালি কিশোরীকে ধর্ষণ করা হল। সে গেল মমতা ব্যানার্জীর পুলিশের কাছে। বলল, আমার বিচার চাই। ফিরে যখন এল, ২৭ তারিখে আবার তাকে ধর্ষণ করা হল।

.... (এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ শ্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।).........

তারপর আপনারা জানেন, আমরা দেখেছি গত ২৩শে ডিসেম্বরে তার গায়ে তৃণমূল আশ্রিত সমাজবিরোধীরা আগুন লাগিয়ে দিল। আটদিন ধরে সে জীবন-মৃত্যুর সম্মুখীন হয়ে ৩১ তারিখে মারা গেল। আমরা দেখেছি মমতা ব্যানার্জীর পুলিশ ৩১ তারিখের রাতে—সেদিনকে যখন সারা দেশ নতুন বছরকে স্বাগত জানাচ্ছে—এই মমতা ব্যানার্জীর পুলিশ এই সরকারের পুলিশ তার বাবার কাছ থেকে তার মায়ের কাছ থেকে মৃতদেহ কেড়ে নেওয়ার চেষ্টা করেছে। আজকে বিরোধীদের ছিনতাই করতে চেয়েছিল। জোর করে তার পারলৌকিক কাজকর্ম, শেষকৃত্য সম্পন্ন করতে দেবে না। পুলিশ লাগিয়ে দিয়েছিল। ভয় কেন ? আজকে আমাদের মাননীয় সদস্যরা বলেছেন যে মাননীয়া মুখ্যমন্ত্রীর আজকে থাকার কথা প্রশ্নোত্তর পর্বে, তিনি পালিয়ে বেড়াচ্ছেন। কেন সম্মুখীন হচ্ছেন না ? কেন গণতন্ত্রের সম্মুখীন হচ্ছেন না ? আজকে কার স্বার্থে সেখানে আদিবাসী মহিলাকে ধর্ষণ করা হল। আমরা জানতে চাইতে পারি না ? মাননীয়া মুখ্যমন্ত্রী পালিয়ে বেড়াচ্ছেন। সেই জন্য ধিক্ লাগে, লজ্জা লাগে। এই সরকার আজকে মুখ

লুকিয়ে রাখছেন, মুখ্যমন্ত্রী মুখ লুকিয়ে রাখছেন। এই হাউসকে এড়িয়ে তিনি পালিয়ে বেড়াচ্ছেন। মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালকে দিয়ে [***] কথা বলানো হয়েছে, অসত্য কথা বলানো হয়েছে।

মিঃ স্পীকার : এই [***] শব্দটা বাদ যাবে, এক্সপাঞ্জ করা হবে।

শ্রী এস. এম. সাদি : এখানে লেখা হয়েছে বিগত মরশুমে খোলা বাজারে ধানের দাম মিনিমাম সাপোর্ট প্রাইস কত ছিল ? আমাদের রাজ্যে মিনিমাম সাপোর্ট প্রাইস সেন্ট্রাল গভর্নমেন্ট কত ঘোষণা করে ? আমরা দেখেছি স্যার, ১ হাজার ৩১০ টাকা। আমাদের রাজ্যের কৃষকরা ১ হাজার টাকায় ধান বিক্রি করেছে। সরকার বলতে পারবে ? সরকারের যে লক্ষ্যমাত্রা ছিল ৩৩ লক্ষ মেট্রিক টন, ৫ লক্ষ মেট্রিক টন ধান কম সংগ্রহ করা হয়েছে। যখন বামফ্রন্ট সরকার ছিল, কেন্দ্রীয় সরকার যখন ধানের সংগ্রহের উপরে সাপোর্ট প্রাইস ঘোষণা করত, বামফ্রন্ট সরকার তখন সেখানে ভর্তুকি দিত। কারণ সেটা কৃষকের সরকার ছিল, গরীব মানুষের সরকার ছিল। আকাশে উড়ে যাবে, আকাশে বিমানের জ্বালানির জন্য যে তেল, সেই তেলের উপর যে কর, এই সরকার, যারা ওখানে বসে আছে ট্রেজারি বেঞ্চে, সেই কর ছাড় দেবে। কিন্তু কৃষকদের জন্য, ৭৯ জন কৃষক আত্মহত্যা করছে, যারা মানুষদের মুখে অন্ন জোগায়, তাদের সংস্থান করতে পারছে না। আজকে বিমানের কর ছাড় দিতে হচ্ছে। তাহলে বুঝতে অসুবিধা হয় না ? যারা মুখে বলে মা-মাটি-মানুষের সরকার, যার জন্য তারা বড়লোকদের সরকার, কত টাকা যাচ্ছে ? ৪০ ঘণ্টায় ৫০ লক্ষ, কোন মুখ্যমন্ত্রী সততার প্রতীক অনাড়ম্বর জীবন যাপন করেন ? রাজ্যের কোষাগার থেকে ৪০ ঘণ্টায় পবনহংস হেলিকপ্টার, তার খরচ হচ্ছে ৫০ লক্ষ টাকা। কি, এরা বলে, এরা গরীব মানুষের সরকার ? আমি বলতে চাইছি স্যার এখানে এক জায়গায় উল্লেখ করা হয়েছে যে তা খুব খুশি। খুশি কেন ? কারণ রাজ্যের শ্রমদিবস নষ্ট হয়নি। আমি বলতে চাই, এই সরকার হচ্ছে মালিকদের সরকার। ধর্মঘট করবার অধিকার শ্রমিক শ্রেণীর অর্জিত অধিকার। আর মমতা ব্যানার্জীর সরকার সেই অধিকারকে কেড়ে নিচ্ছে। আমরা একটা তথ্য দিতে পারি। এই সময়কালের মধ্যে আমাদের রাজ্যে কত শ্রমদিবস নষ্ট হয়েছে ? আমরা দেখেছি আমাদের সরকারের যে প্রকাশিত 'লেবার ইন বেঙ্গল', সেখানে বলছে ২০১২-১৩ আর্থিক বছরে স্ট্রাইক এবং লক আউট মিলিয়ে ২৯৫টি ঘটনা ঘটেছে। তার মধ্যে স্ট্রাইক হয়েছে কটা ? ১টি। তার মধ্যে মালিকদের জন্য লক আউট হয়েছে কটা ? ২৯৪টি। বুঝুন। আর ক্ষতিগ্রস্ত কত ? ৯১ হাজার শ্রমিক। কই, তাদের জন্য তো সরকারের কোনো বক্তব্য নেই ? শ্রমদিবস নষ্ট হয়নি, উল্লসিত হচ্ছে। এইজন্য আমি মনে করি এই সরকার হচ্ছে মালিকদের সরকার, বড়লোকদের সরকার, শ্রমিকদের সরকার নয়। এই সরকারের যে চেহারা সেই চেহারা প্রকাশ হয়ে পড়েছে।

[***] 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

[10.10 – 10.20 a.m.]

সে কথাটা তো অনেক বলা হয়েছে। স্যার, আমাদের মাননীয় গোল্লা মন্ত্রী চ্যাটার্জী, ও! উনি তো পরিবর্তন হয়ে গেছেন, তার তো চাকরি চলে গেছে। কত কথা হয়েছিল, শিল্পে বিনিয়োগ হবে—বেঙ্গল-লিড্‌স—আমরা কেউ ভুলিনি, হলদিয়াতে। মিলনমেলাতে বেঙ্গল-লিড্‌স—শিল্পপতিদের ডেকে শোনানো—'বাংলা আবার জগৎসভায় শ্রেষ্ঠ আসন লবে!' তথ্য কি বলছে এই সময়কালে ? যখন বাম সরকার ছিল, তৃণমূল সারা রাজ্যে নৈরাজ্য সৃষ্টি করছে সেই সময়। আমরা দেখেছি, সর্বোচ্চ বিনিয়োগ হয়েছে পশ্চিমবাংলাতে ১৫ হাজার ৫২ কোটি ২৩ লক্ষ টাকা। ৩২২টি ডি.পি.আর. এবং প্রোজেক্ট চালু করা হয়েছিল, উদ্যোগ নেওয়া হয়েছিল। আর, এই সরকারের সময় ২০১২ সালে কত ? মাত্র ১২টি, বিনিয়োগ কত ? ৩১২ কোটি টাকা। বুঝতে অসুবিধা হয় ? এটা কি উন্নতি না অধোগতি এর ? সরকার পিছিয়ে চলেছে স্যার। এই কথাগুলো মহামান্য রাজ্যপালের ভাষণে উল্লেখ হয়নি। এগুলিকে গোপন করাহয়েছে। যে সরকার চলছে, হত্যাকারী সরকার চলছে। নৈরাজ্যের সরকার চলছে। তথ্যকে গোপন করছে, জাগলারি করছে, স্যার। জাগলারি করে পশ্চিমবাংলার মানুষকে বোকা বানাবার চেষ্টা করছে ধোঁকাবাজির সরকার। আমি বলতে চাইছি স্যার, এই সময়কালের মধ্যে আমাদের রাজ্যে সংখ্যালঘুদের ক্ষেত্রে যা ঘটেছে, মোয়েজ্জম ভাতা, ইমাম ভাতা, মাথায় হিজাব পরা, এই করে তো সংখ্যালঘুদের মূল যে সমস্যা—আর্থিক, সামাজিক, উন্নয়নের যে সংস্থানের কথা, আমরা তো তথ্য দিয়েছি। কর্মসংস্থানের তথ্য, সেই কর্মসংস্থানের তথ্যে কি বলছি ? ২০১৩ সালে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ৭৩ জন সংখ্যালঘু যুবকের চাকরি হয়েছে। তার মধ্যে মুসলমান কত ? ৭১ জন। নাম লেখানো কত আছে ? ৫৯ হাজার সংখ্যালঘুর নাম লেখানো আছে। তার মধ্যে মুসলমান কত ? ৫৬,৩৭১ জন। এই ৭১ জন যে চাকরি পেয়েছে, ট্রেজারিরা দাবি করতে পারবে না, সবটাই সরকারি কর্মচারী। বুঝতে অসুবিধা হয় ? ১০ হাজার মাদ্রাসা, কোথায় ? ধোঁকাবাজি ছাড়া আর কিছু নয়। আর সংরক্ষণের কথা বলছেন ? কালকে তো একজন বলতে বলতে বলেই ফেলেছেন, ওই সংরক্ষণ মন্ত্রী যে, বাম সরকার যখন ছিল, রঙ্গনাথ মিশ্র কমিশনের রিপোর্ট যখন দিল্লিতে শেষ পর্যন্ত গ্রহণ করা হয়, একমাত্র পশ্চিমবাংলাতে রঙ্গনাথ মিশ্র কমিশনের যে রিপোর্ট তা কার্যকরার করার ক্ষেত্রে বিগত বাম সরকারের বুদ্ধদেব ভট্টাচার্য, মুখ্যমন্ত্রী এটা কার্যকর করার জন্য উদ্যোগ গ্রহণ করেন। ধন্যবাদ ও.বি.সি. মন্ত্রী তিনি। এটা কালকে শিকার করেছে যে, বাম সরকার এটা ঘোষণা করেছে। আজকে সংখ্যালঘুদের ঋণ নিয়ে অনেক কথা বলা হচ্ছে। ২০১১-১২ সালে কত ? ২৮৪৩ জনকে ৮ কোটি ৫৯ হাজার ৭৩ টাকা ঋণ দেওয়া হয়েছিল। আর ২০১২-১৩ প্রায় চার কোটি টাকা। এত বড়াই কীসের ? তথ্য-পরিসংখ্যান নিয়ে জাগলারি করা হয়েছে। মিথ্যাচার করা হয়েছে। প্রকৃত তথ্যকে গোপন করা হচ্ছে। তাই রাজ্যপালের যে ভাষণ সরকার লিখে দিয়েছে সেটা কখনো আমরা সমর্থন করতে পারি না। মাননীয় স্পীকার স্যার, এখানে যারা আছেন, অনেকে আসেননি। এদের সব সেটিং হয়ে গেছে, সেটিং হয়ে গেছে সব। টেট্ পরীক্ষার মধ্য দিয়ে এদের অনেক আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব, নিরাপত্তারক্ষী, ভাবী স্ত্রী এমনকি

বাড়ির পরিবারের চাকর তিনি হয়ে গেছেন টেট্‌ পরীক্ষার মধ্য দিয়ে। এটা ভয়ঙ্কর দুর্নীতি। ভয়ঙ্কর দুর্নীতি আমরা বলছি না, স্যার। দক্ষিণ চব্বিশ পরগনার প্রাইমারি বোর্ডের চেয়ারম্যান, সমস্ত ভিডিওর মাধ্যমে, অডিও-ভিজুয়ালের মাধ্যমে দেখানো হয়েছে। আমরা চাই তদন্ত হোক। তদন্ত হবে না কেন ? এইজন্য স্যার বলতে চাইছি আমি যে, এটা ভয়ঙ্কর। আজকে আমার বলার কথা। এটা প্রচার করা হচ্ছে। আজকে আমার প্রশ্ন ছিল যে, তথ্য-সংস্কৃতি দফতরে বিজ্ঞাপন বাবদ কত খরচ হচ্ছে অডিও-ভিজুয়াল মারফৎ ? বিভিন্ন দৈনিক পত্রিকাতে। কতবার আমরা আলোচনা করেছি যে, এগুলো প্রকাশ করা হোক। সরকার পক্ষ জানাক মানুষের কাছে। মুখ্যমন্ত্রীর কত ছবি ছাপানো হয়েছে, কত খরচ হয়েছে ? বিজ্ঞাপনের জন্য কত খরচ হয়েছে ? এত গোপন কেন ? এত ভয় কীসের ? কত হাজার হাজার কোটি টাকা খরচ হয়েছে, সেগুলোতে। সেইজন্য স্যার, আমি বলতে চাইছি কথাটা। আজকে পশ্চিমবাংলাতে, সেটা হচ্ছে—আপনারা জানেন একটা উর্দু শের আছে-- 'সারফরোসি কি তামান্না আব হামারে দিল মি হ্যায়, দেখনা হ্যায় জোর কিতনা বাজুয়ে কাতিল মে হ্যায়। ...(এই সময় মাইক অফ হয়ে যায়)...

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণ, যা ১০ই ফেব্রুয়ারি ২০১৪-তে দেওয়া হয়েছে আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি।

কয়েকদিন যাবৎ মহামান্য রাজ্যপালের মহামূল্যবান ভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব যা আমাদের মাননীয় মন্ত্রী, পার্থ চ্যাটার্জী মহাশয় এনেছেন, সত্যতার ভিত্তিতে তাকে আমি পূর্ণ সমর্থন করি। কয়েকদিন যাবৎ আপনাদের চর্চা চলছে। প্রথম দু-দিন আমি মনোযোগ সহকারে শুনেছি এবং আজও সাদি সাহেবের বক্তব্য শুনলাম। আপনারা মূলত যেটা বলতে চাইছেন, একটা কথাই বলতে চাইছেন, ধর্ষণ, মুখ্যমন্ত্রীর অনুপস্থিতি এবং পার্লামেন্টারি ডেমোক্রেসি বিনষ্ট হচ্ছে। তিন নম্বর, অনুন্নয়ন। চার নম্বর, আইনের অনুশাসন। ছোটবেলায় একটা ইংরেজি কবিতা পড়েছিলাম। We have two kinds of eyes. One is outer eye, other is inner eye. With the help of the outer eye we see the things which are physically present before us. অর্থাৎ আপনারা বসে আছেন আমি দেখছি এবং আমাকে আপনারা দেখছেন। আর, with the help of the inner eye, we see the things which are not physically present before us. We see the things by our imaginative power. আমরা দেখতে পাচ্ছি আড়াই বছরে আপনার দুটো চোখই নষ্ট হয়ে গেছে। Outer and inner—দুটো চোখই নষ্ট হয়ে গেছে। আর ডানপন্থী বন্দুদের নষ্টটা হয়েছে এক বছরেই। যখন আমাদের সঙ্গে ছিলেন যখন বুক ফুলিয়ে গর্ব করে বক্তব্য রাখতেন। আর, আমাদের ছেড়ে যাওয়ার পর তাঁরা দেখছি এক বছরের মধ্যেই ওই outer, inner —সবই হারিয়ে ফেলেছেন। কিন্তু একটা জিনিস আপনাদের জ্ঞাতার্থে বলি, এই যে ধর্ষণ, ধর্ষণ করে আপনারা চিৎকার-চেঁচামেচি করছেন, ধর্ষণ একটা সামাজিক ব্যাধি। এর সম্বন্ধে, এই নোংরা

জিনিসকে যত বেশি ঘাঁটাঘাঁটি না করবেন তত ভালো। কারণ এই ধর্ষণ আপনাদের সৃষ্টি। সমাজ ব্যবস্থাকে আপনারা যে জায়গায় পৌঁছে দিয়েছেন, সমাজ ব্যবস্থাকে, যুব-সম্প্রদায়কে যে জায়গায় পৌঁছে দিয়েছেন তার প্রায়শ্চিত্ত করতে হচ্ছে কিন্তু আমাদের। চিৎকার-চেঁচামেচি না করে এই সামাজিক ব্যাধি কী করে দূর করা যায় সেটা দেখা দরকার। আপনাদেরও দায়িত্ব আছে, কর্তব্য আছে। আপনারা সেই কর্তব্য অবহেলা করে চলে যেতে পারেন না। অতএব এই ধর্ষণ সম্বন্ধে আপনারা যা মন্তব্য করছেন, কেউ কেউ বলছেন—'হাফ-ধর্ষণ'। আপনাদের বেঞ্চ থেকেই বক্তব্য রাখছিলেন একজন আমি মন দিয়ে শুনছিলাম। 'হাফ-ধর্ষণ' আর 'ফুল ধর্ষণ'। আমি জানি না, masterpiece. Masterpiece, expert in comments ধর্ষণ সম্বন্ধে। ...(গোলমাল)... এই সব বক্তব্য আপনারা বিধানসভায় করছেন। আমি আশ্চর্য হয়ে যাই। এই 'হাফ-ধর্ষণ' আর 'ফুল ধর্ষণ'-র clarification-টা কী আছে তা আমার জানা নেই। মনে হয় যিনি বক্তব্য রাখছিলেন তিনি expert in comments. ....(গোলমাল).... "মুখ্যমন্ত্রী parliamentary democracy-কে ধ্বংস করছেন"—আপনারা বক্তব্য রাখছেন. ডানপন্থী বন্ধুরা বক্তব্য রাখছেন। অতীতেও, আমি ২০০১ সাল থেকে এই বিধানসভার সদনে আছি। প্রাক্তন মুখ্যমন্ত্রীদের বক্তব্য শুনেছি। তিনি শ্বেত-শুভ্র বসনে এসে এখানে মাঝেমধ্যে বক্তব্য রাখতেন। বক্তব্যে কী ছিল ? কী তথ্য ছিল ? কী তত্ত্ব ছিল ? কোনো তথ্য ও তত্ত্ব থাকত না, কেবল verdict দিয়ে যেতেন এখানে। ২৩৫ এবং ৩৫-র 'আমরা-ওরা'-র তত্ত্বকে publish করে আমাদের বিরোধী পক্ষ এবং বিরোধী দলের নেতাকে পর্যন্ত আপনারা কম হেনস্থা করেননি। আমার তখন মনে হত একজন মুখ্যমন্ত্রীর, একজন প্রাক্তন মুখ্যমন্ত্রীর এই যে বক্তব্য, এই বক্তব্য শোনার থেকে বোধহয় এই সদনে অনুপস্থিত থাকা উচিত ছিল। কিন্তু আমাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি জনগণের মুখ্যমন্ত্রী। মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়ে যাওয়ার পরও তিনি গ্রামে-গঞ্জে যেতেন, যান। আর, আপনাদের মুখ্যমন্ত্রীদের আমরা দেখেছি পালিয়ে পালিয়ে বেড়াতেন। জঙ্গলমহলে যখন মানুষ খুন হচ্ছে সেখানে ক'বারে গিয়েছেন আপনাদের মুখ্যমন্ত্রী ? বলতে পারবেন হিসেব করে ?

[10.20—10.30 a.m.]

বলতে পারবেন একবারও গেছেন ? মানুষ যখন চারদিকে মরছে, মানুষ যখন হা-হুতাশ করছে তখন তিনি বিদেশ ভ্রমণ করছেন। এমন নজির অনেক আছে। জঙ্গলমহলে যখন অত্যাচার চলছে, গোর্খাল্যান্ডের দাবি হচ্ছে তখন ক-বার গিয়ে তিনি মীমাংসার চেষ্টা করেছেন ? আমরা গর্ব করে বলতে পারি, বাংলা গর্ব করে বলতে পারে—বাংলার একজন মুখ্যমন্ত্রী তিনি অন্ততপক্ষে প্রত্যেকটা জায়গায় একাধিকবার গিয়ে গিয়ে মানুষের মধ্যে অভাব-অনটনের কথা শুনে সেখানকার উন্নয়নের পথে এগিয়ে যাবার চেষ্টা করছেন। অতএব এখানে সদনে বসে থেকে আপনাদের মন জোগানোর থেকে আমারমনে হয় তিনি যে গ্রামে গ্রামে ঘুরে মানুষের মধ্যে তার উন্নয়নের যে ছোঁয়া দিয়েছেন, বাংলার মানুষ পেয়েছে—সেই বাংলার মানুষের কাছে তিনি যে পৌঁছে দিচ্ছেন এটা মনে হয় অনেক বেশি

কৃতিত্বের, অনেক বেশি মানুষ এর দ্বারা উপকৃত হবে। আপনারা বিভিন্ন মেলা সম্বন্ধে উপঢৌকন দেন, মেলার উদাহরণ দেন। শুধু মেলাই হচ্ছে আর কিছু হচ্ছে না। কিন্তু আপনাদের বিবেকবোধকে আমি জাগ্রত করে বলি, আপনাদের জানা উচিত এখন প্র্যাকটিক্যাল মানুষ জানতে পারছে। আগে পঞ্চায়েতে জিনিসপত্র যেত, পঞ্চায়েত ভাগ করে দিত। পঞ্চায়েত কে বেনিফিসিয়ারি, কে উপভোক্তা, কে পাচ্ছে কি পাচ্ছে না জানত না। কিন্তু মেলার মাধ্যমে মানুষর প্রত্যক্ষভাবে সচেতনতা বৃদ্ধি হচ্ছে। তারা জানতে পারছে যে সাসফাউ করলে, নির্মাণকর্মী লাইসেন্স করলে টাকা দিলে আমরা কি পেতে পারি ? মঞ্চে দাঁড়িয়ে তারা অভিজ্ঞতা সঞ্চয় করছে। তারা উদ্বুদ্ধ হচ্ছে, তারা পঞ্চায়েতমুখী হচ্ছে। আর আপনাদের সময় তো পঞ্চায়েতমুখী হত না। ঘাড় ধরে বার করে দিতেন. মানুষকে মেরে বার করে দিতেন। আপনাদের বিরুদ্ধে যারা বলত তার ফলশ্রুতি কি হত ? হয় পুকুরে বিষ পড়ত, না হয় আগুন ধরিয়ে দেওয়া হত ধানের গাদায়, ঘরে আগুন ধরিয়ে দেওয়া হত। নানাভাবে শোষণ এবং শাসনের অপকর্মগুলো আপনারা করেছেন। কিভাবে বলেন, বক্তব্য রাখেন যে আপনারা অনুন্নয়নের ছোঁয়া থেকে পাচ্ছেন, উন্নয়নের ছোঁয়াটা দেখতে পাচ্ছেন না। আপনাদের চোখটা পরিষ্কার করুন। তাহলে কিন্তু আপনারা দেখতে পাবেন সার্বিকভাবে কত উন্নয়ন মানুষের মধ্যে হচ্ছে। মিনিমাম সাপোর্ট প্রাইস সম্বন্ধে সাদি সাহেব বলেছেন আমার মনে হয় আপনাদের কৃতজ্ঞ থাকা উচিত। আমাদের সরকার আসার পর মিনিমাম সাপোর্ট প্রাইস, চাষীদের অভাবী বিক্রি রোধ করবার জন্য তিনি করেছিলেন এবং ১০৮০ টাকা কুইন্ট্যাল দরে ধান কেনা—এখন দেখবেন আমার শ্যামপুরে আমি যে কনস্টিটিউশনে থাকি, যে কনস্টিটিউশন থেকে নির্বাচিত হই সেখানে দেখবেন ওই মিনিমাম প্রাইস, ওই যে সাপোর্ট প্রাইস আর নেই। সাপোর্ট প্রাইসের অনেক উর্ধ্বে ধান কেনা-বেচা হচ্ছে, চাষীরা দুটো পয়সা পাচ্ছে, তাদের মুখে হাসি ফুটেছে। জেনে রাখবেন, যে সাপোর্ট প্রাইসকে আপনারা অবলম্বন করে বক্তব্য রাখছেন সেই সাপোর্ট প্রাইসের আর কেউ ধার ধারে না। তার উপরে বেশি দামে তারা বিক্রি করতে পারছে, সাধারণভাবে বিক্রি করতে পারছে। গভর্নমেন্ট অ্যাকোয়ার করুক আর নাই করুক মুখাপেক্ষী নেই। কিন্তু এর পায়োনিয়ার কে— আপনারা একটু ভাববেন না ? আমাদের মা-মাটি-মানুষের সরকার প্রথম সাপোর্ট প্রাইসটা চালু করেছিল। তারপরে মানুষ দুটো পয়সা পাচ্ছে। আপনারা একটু চোখ চেয়ে দেখুন আমাদের রাজ্যপাল মহাশয় তার ভাষণে পরিষ্কারভাবে বলেছেন, আমি প্রথম ছত্রটা পড়ে দিচ্ছি— আমি অত্যন্ত আনন্দিত যে এই রাজ্য আর্থিক বৃদ্ধির ক্ষেত্রে সর্বভারতীয় গড়ের তুলনায় উন্নততর ফলাফল প্রদর্শন করেছে। এটা বাস্তব সত্যি কথা। আমরা সাধারণত একটা রাজ্যের যে উন্নয়ন, রাজ্যের যে কর্মধারা সেই সম্বন্ধে জি.ডি.পি. কোন জায়গায় পৌঁছেছে সেটা আপনারা একটু ভাববেন না ? আজকে ভাবতে হবে ভারতবর্ষের অভ্যন্তরীণ উৎপাদনের যে হার 4.96% সেখানে আমাদের পশ্চিমবঙ্গের 7.6%, কৃষিক্ষেত্রে এবং সংশ্লিষ্ট এলাকায় ভারতবর্ষে 1.79% সেখানে আমাদের 2.56%। শিল্পক্ষেত্রে ভারতের ৩.১২% সেখানে আমাদের ৬.২৪%। পরিষেবার ক্ষেত্রে সার্ভিস সেক্টরে ৬.৫৯%, সেখানে আমাদের ৯.৪৮%। জেনে রাখুন এটা আমার বক্তব্য নয়, এটা যোজনা কমিশনের রিপোর্ট। একটু

পড়াশুনা করুন, পড়লে তবে বুঝতে পারবেন পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্রে কিন্তু উন্নয়নের ভাবধারাটা কিন্তু এগিয়ে নিয়ে যেতে সক্ষম হয়েছে আমাদের মা-মাটি-মানুষের সরকার। আজকে কৃষিক্ষেত্রে যে উন্নয়ন আপনারা বলে থাকেন, একজন বোধহয় বলছিলেন, ২৩ লক্ষ কিষান ক্রেডিট কার্ড দেওয়া হল এটা তো আমাদের আমলে অর্ধেক দেওয়া হয়ে গেছে। মা-মাটি-মানুষের সরকার কতটুকু দিতে পেরেছে ? কিন্তু সালটা ২০১১। ২০১১ সালে আমরা এসেছিলাম, ২০১১ সালের পর থেকে এখন পর্যন্ত ২৩ লক্ষ কিষান ক্রেডিট কার্ড কৃষকদের দিতে সক্ষম হয়েছি। আজকে আপনারা বলতে পারেন আপনাদের গোডাউন কত ছিল—৪৮ হাজার মেট্রিক টন। আপনারা রাখতে পারতেন গোডাউনে যেটা সৃষ্টি করেছিলেন। আর এখন আমরা রাখতে পারি ৭.৬৮ লক্ষ মেট্রিক টন, আমাদের ক্যাপাসিটি আছে। অতএব আপনাদের ভাবতে হবে উন্নয়নের রূপরেখা কিন্তু ক্রমে এগিয়ে চলেছে। আপনাদের একটা কবিতা দিয়ে আমার কথা শেষ করছি, সময় কম। আপনারা আত্মবিলাপ কবিতা পড়েছেন ? 'আশার ছলনে ভুলি কি ফল, লভিনু হায় তাই ভাবি মনে। এই জীবনপ্রবাহ কালসিন্ধু পানে যায়, ফিরাবো কেমনে। দিন দিন আয়ুহীন, হীনবল দিন দিন। তবুও আশার নেশা ছুটিল নয় একি দায়। রে প্রমত্ত মন মম কবে পোহাইবে রাতি, জাগিবে রে কবে। জীবন উদ্যানে তব যৌবন কুসুম ভাতি। নীরবিন্দু দূর্ব্বাদলে নিত্য কিরে ঝলমলে। কেনা জানে অম্বু বিম্বু অম্বুসুখে সদ্যপাতি।' অতএব জলের যে বুদবুদ হাওয়ার মতো উড়ে যায়, উড়ে না গিয়ে একটু ফিরে দেখুন তাহলে উন্নয়নের ধারাটা দেখতে পাবেন। আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় ধন্যবাদ আমাকে বলার জন্য সুযোগ দিয়েছেন। গতকাল আমি যখন আমার সম্পর্কে সরকারি দলের মুখ্য সচেতক নির্দিষ্টভাবে একটি কথা উল্লেখ করেন, দাঁড়িয়ে উঠে আমি বলতে চেয়েছিলাম পয়েন্ট অফ অর্ডার তুলে। তখন আপনি বলেছিলেন যে আমার বলার সুযোগ যখন আসবে তখন বলবেন, এখন সময় দেওয়া যাবে না।

মিঃ স্পীকার : আমি ওটা এক্সামিন করে যেটা irrelevent. I will expunge it. I can assure you.

শ্রী সুশান্ত ঘোষ : যে বক্তব্য উনি উল্লেখ করেছিলেন আমি সেটা উল্লেখ করছি না এই জন্যই। কিন্তু আমি বলতে চাই এই কথা, একজন সরকারি দলের মুখ্য সচেতক মাননীয় শোভনদেব বাবু যে কথা বললেন বিধানসভায় দাঁড়িয়ে আপনি সেটা এক্সপাঞ্জ করে দিয়েছেন সেইজন্য ধন্যবাদ। কিন্তু কালকে আমি বলতে চেয়েছিলাম, এই কথা উনি যদি প্রমাণ করতে পারেন তাহলে আমি বিধানসভার সদস্যপদ ত্যাগ করে চলে যাব, আর যদি প্রমাণ করতে না পারেন উনি পদত্যাগ করবেন—এই চ্যালেঞ্জ ওনাকে দেওয়া থাকল। আমি এই বক্তব্য বলেছিলাম এই কথা প্রমাণ করতে পারেন আমি সদস্যপদ ত্যাগ করে বিধানসভা থেকে বেরিয়ে যাব। তা না হলে আপনি বের হবেন কিনা মাননীয় অধ্যক্ষ মহোদয় সেই বিচারের ভার আপনার উপরে থাকল। এবার অন্য কথায় আসছি, আমি বলার শুরুতেই

চিৎকার হয়েছে যে প্রসঙ্গ নিয়ে আপনি আইনজ্ঞ মানুষ, যে বিষয় বিচারাধীন সেই বিষয় নিয়ে কোনো কথা বলা যাবে না। আপনি আগের দিনও আমাকে বলেছিলেন। তবু এই কথা আমি এই মহতী সদনে বলতে চাই, এই প্রসঙ্গ আমি বলব না কিন্তু যে বিষয়টির উপরে সর্বোচ্চ আদালত স্থগিতাদেশ দিয়েছে তারপরেও আপনাদের সদস্যারা যে কথা উল্লেখ করছেন সেটা উল্লেখ করা যায় কিনা ওদের শিক্ষা দেওয়ার জন্য আপনার রুলিং দেওয়া দরকার। এর পরের কথা, আমি যে কথা বলতে চাই....(গোলমাল).... (আপনারা যদি চিৎকার করেন, আমিও চিৎকার করে গলার জোর দেখাবো কিন্তু সেটা বোধহয় শোভনীয় নয়।) ....(গোলমাল).... এই মহতী সদন, এখানে মহামান্য রাজ্যপাল সংবিধানের রীতি অনুযায়ী তিনি তার বক্তব্য এখানে উপস্থিত করেছেন বাজেট শেসানের শুরুতে।

[10.30 – 10.40 a.m.]

সরকারি দলের যিনি পরিষদীয় মন্ত্রী, তিনি ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন, তার উপর আলোচনা হচ্ছে। মহামান্য রাজ্যপাল বক্তব্য রেখেছেন, সেইজন্য ধন্যবাদ। কিন্তু বক্তব্যের বিষয়বস্তু নিয়ে আলোচনার সময়ে আপনারা আপনাদের সরকারের যে সাফল্যের দিক সেকথা বলবেন। আর আমরা বিরোধী দল হিসাবে আমাদের গঠনমূলক সমালোচনার মধ্য দিয়ে যে ত্রুটিগুলো আমাদের মনে হয়েছে, সেটা আমরা উল্লেখ করব। এটাই প্রথা, এটাই রীতি। আপনারা আপনাদের দিক থেকে যে কথা বলছেন, একদিন আমরাও ওইদিকে ছিলাম। আমার পূর্বের বক্তা শ্রদ্ধেয় সদস্য-শিক্ষক কালীপদবাবু বলতে গিয়ে বললেন যে আমাদের চোখে নাকি আমরা দেখতে পাচ্ছি না। আপনারা ওইদিকে বসে আছেন। হয়তো মনে হচ্ছে আপনারা যা দেখছেন সবই ঠিক। আমরা যা দেখছি সবই ভুল। কিন্তু দিনের পরিবর্তনের পর আপনারা ওখানে গেছেন, আমরা এইখানে এসেছি। আপনাদের বক্তব্য মানুষ গুরুত্ব দিয়েছেন। নির্বাচনের মধ্য দিয়ে মানুষ আমাদের ওখান থেকে সরিয়ে এদিকে বসিয়ে দিয়েছেন। গণতন্ত্রের রীতি অনুযায়ী এটাই হয়। সব দিন সব জিনিস একই জায়গায় থাকে না। তাই আপনারা যখন এখানে বসে সমালোচনা করেছিলেন হয়তো হতে পারে যে আমরা আপনাদের গুরত্ব দিই না। কিন্তু মানুষ আপনাদের গুরুত্ব দিয়েছিলেন। কিন্তু আজকে আমরা যে কথা বলছি সে কথার গুরুত্ব যদি আপনারা না দেন তাহলে সেদিন বেশি দূরে নেই, যেদিন আপনাদের ৩৪ বছর নয়, ৩৪ মাস, সবে সম্পন্ন হতে যাচ্ছে ৩৪ মাস। এর মধ্যেই পশ্চিমবাংলার মানুষের—তাদের অভিব্যক্তি কি নিশ্চয় বলবেন যে—আর ৯ তারিখের ব্রিগেড সমাবেশের কথা বলছেন। আমি সেকথা বলছি না। আমি বলছি এই কথা যে আইন-শৃঙ্খলার প্রশ্ন নিয়ে আমাদের সদস্যরা আলোচনা করেছেন। উন্নয়নের প্রশ্ন নিয়ে আমাদের সদস্যরা আলোচনা করেছেন। আমি সেই আলোচনার মর্মবস্তুর ভেতর না গিয়ে যে কথাগুলো বলব, যেদিন আপনারা এদিকে দাঁড়িয়ে বিধানসভায় বক্তব্য রাখতেন, আপনাদের সেই বক্তব্যের সমর্থনে পশ্চিমবাংলার যারা বিদ্বজ্জন হিসাবে পরিচিত, তারা আপনাদের পক্ষে গলা মিলিয়ে আমাদের সরকারের সমালোচনা করেছেন, রাস্তায় পথ হেঁটেছেন। আর আজকে সেই বিদ্বজ্জনেরা—তারা কোথায় দাঁড়িয়ে আছেন ? কোথায় তাঁরা

দাঁড়িয়ে আছেন ? [***] মহাশয় কোথায় ? এই সরকার আসার পরেই যাকে গুরুত্বপূর্ণ পদ দিয়েছিলেন, এক বছরের মধ্যেই পদত্যাগ করে চলে গেলেন। তিনি কি বলছেন ? যে অধ্যাপিকা [***] যার কথা.....

মিঃ স্পীকার : এই নামগুলো বাদ যাবে।

শ্রী সুশান্ত ঘোষ : ওরা তো বিধানসভার সদস্য নয়। তাহলে নাম বলতে পারব না কেন ? বিধানসভার যারা সদস্য তাদের নাম বলা যাবে না। অন্যদের নাম বলা যাবে না কেন ? আমি কাউকে ছোটো করছি না। আমি বলছি যাদের কথা পশ্চিমবাংলার মানুষ মন দিয়ে শোনেন আজকে তারা কী বলছেন। আজকে শ্রীমতী বোলান গঙ্গোপাধ্যায় সভার সামনের সারিতে দাঁড়িয়ে আপনাদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে আওয়াজ তুলতেন। আজকে তিনি কি বলছেন ? এই রকম অনেক জনের কথা বলা যায়। যে তারা আজকে কি বলছেন ? এইগুলো আপনারা মন দিয়ে শুনবেন না ? আমাদের কথা শোনার দরকার নেই পশ্চিমবাংলার আপামোর মানুষ, তারা কি বলছেন ? আজকে বলতে শুরু করেছেন, শুনবেন না ? পশ্চিমবাংলার সংখ্যালঘুদের জন্য আপনারা নাকি অকৃপণভাবে কাজ করেছেন। সংখ্যালঘু মানুষদের যারা তথাকথিত নেতা, সমাজের যারা মাথা, তারা আজকে কি বলছেন ? কান দিয়ে শুনবেন না ? আমাদের কথা শোনার দরকার নেই। আমি গত বছর এই রাজ্যপালের ভাষণের উপর যখন আলোচনা করতে যাই তখন বলেছিলাম, বিষয়টি বিচারাধীন বলে আমার সেই বক্তব্য বাদ দেওয়া হয়েছিল। কিন্তু আজকে আমার কাছে একটা বই আছে। এই বইটার লেখক কে ? আপনাদের সরকারের বর্তমান কর্তব্যরত একজন আই.পি.এস. অফিসার নজরুল ইসলাম।

......(গোলমাল)......

বামফ্রন্টের বিরুদ্ধে বলেছিলেন, বামফ্রন্ট চলে গেছে। আপনাদের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী যখন রেল দপ্তরের মন্ত্রী ছিলেন তাকে গুরুত্বপূর্ণ পদে নিয়ে গিয়েছিলেন। যখন পশ্চিমবাংলার পদে ফিরে এলেন আবার তাকে ফিরিয়ে নিয়ে এসে এখানে তাকে দায়িত্ব দিতে চেয়েছেন। তিনি কি বলেছেন ? বইটার নাম 'বিরোধের কারণ'। কি বলেছেন তিনি ? প্রথম শুরু হয়েছে আইনের শাসন বলে পশ্চিমবাংলায় কিছু নেই। আমার কথা নয়, একজন কর্তব্যরত আই.পি.এস. অফিসারের কথা। তার নাম নজরুল ইসলাম। তিনি বলেছেন, "পশ্চিমবাংলায় আইনের শাসন নেই"। বলতে গিয়ে কি বলেছেন ? একটু আগে চিৎকার করছিলেন যে কারণ নিয়ে, তিনি বলেছেন আইনকে ব্যবহার করে, প্রশাসনকে ব্যবহার করে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য কাজ হচ্ছে পশ্চিমবাংলার মাটিতে। পারবেন, ক্ষমতা আছে এই কথার জন্য আই.পি.এস. অফিসার নজরুল ইসলামকে গ্রেফতার করে জেলে পাঠাতে ? আপনাদের সে ক্ষমতা নেই। পারবেন না। কি বলেছেন তার বক্তব্যের মধ্যে দিয়ে ? যদি ওই বক্তব্য আমাকে এখানে হাজির করতে হয় তাহলে দীর্ঘ সময় ধরে

[***] অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

আমাকে সেই আলোচনার মধ্যে যেতে হবে। আমি আবারও বলছি আপনারা আপনাদের কথা বলবেন, আমরা আমাদের কথা বলব। সেই কথা বলার ক্ষেত্রে আমি অধ্যক্ষ মহোদয়ের সহায়তা চেয়েছি। যে বিষয়ে আপনারা বলতে চেয়েছেন সেই বিষয়ে বলা যায় আমরা রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্যে কাজ করিনি, আপনারা করেছেন। আমার আগের বক্তারা বলেছেন, প্রাথমিক শিক্ষক নিয়োগ নিয়ে বলতে গিয়ে তারা বলছিলেন—আমি এই প্রসঙ্গে যাব না আপনাদের কে চাকরি পেয়েছে, কি পায়নি। এখানে মাননীয় শিক্ষামন্ত্রী নেই। আপনারা রয়েছেন। আপনাদেরকে জিজ্ঞেস করছি যখন পরীক্ষা হয় তখন বলা হয়েছিল ৪৫ লক্ষ কর্মপ্রার্থী ছাত্র-ছাত্রী পরীক্ষায় বসেছেন। তারপর যখন ফলাফল প্রকাশ পেল তখন ১৮ হাজার জনের তালিকা প্রকাশ পেল। বললেন শতকরা এক ভাগ উত্তীর্ণ হয়েছে। যখন কোর্টে হলফনামা দেওয়া হল তখন বলল ৩০ লক্ষ পরীক্ষার্থী ছিল। কোনটা ঠিক ? আপনাদের একবার জানতে ইচ্ছে হয় না কোনটা ঠিক ? হ্যাঁ, পরীক্ষার্থীর মধ্যে কত পার্সেন্ট পাশ করেছে ? এক পার্সেন্ট বলেছিলেন, কতটা ঠিক ? আমাদের চাকরি দিতে হবে না। ৩০ লক্ষ পরীক্ষায় বসেছিল যদি কোর্টে হলফনামা দিয়ে বলা হয়, তার ১.৭ পারসেন্ট হলে ১৮ হাজার হয়। এ অঙ্ক আমরা শিখিনি, আপনারা শিখতে পারেন। যে অঙ্ক দিয়ে আপনারা পশ্চিমবাংলার উন্নয়নের মূল্যায়ন করছেন, সেই অঙ্ক থেকে আপনারা করতে পারেন, আমরা করতে পারব না। আমার কথা এই জায়গাতে যে চাকরি আপনাদের লোককেই দিতেন। আজকে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে অবস্থা, আপনারা আমাদের দিকে আঙুল তুলবেন। তিন বছরের মধ্যে আপনারা নিয়োগ করলেন—যদি আমি আপনাদের যুক্তিও ধরে নিই ১৮ লক্ষ ছেলে-মেয়ে টেট পরীক্ষা দিয়েছিল, তার থেকে ৩৬ হাজার যোগ্য প্রার্থী খুঁজে বের করা গেল না ? আপনাদের দলেরই বের করতেন। তাহলে তো এই প্রসঙ্গ অবতারণা করার কোনো সুযোগ থাকত না। আপনারা আপনাদের যারা পরিবার, তাদেরই দিতেন। এতে আমাদের কোনো আপত্তি নেই।

মিঃ স্পীকার : আপনি ওনাদের কথার উত্তর দিবেন না, আপনি নিজের কথা বলুন।

শ্রী সুশান্ত ঘোষ : শিক্ষা ব্যবস্থা কত উন্নত হয়েছে ! আজকে মহামান্য রাজ্যপাল শিক্ষা ব্যবস্থা প্রসঙ্গে এখানে তিনি বলেননি কিন্তু বাইরে দাঁড়িয়ে মহামান্য রাজ্যপাল পশ্চিমবাংলার শিক্ষা অঙ্গন সম্পর্কে কোনো উষ্মা প্রকাশ করছেন তা কি বলার কোনো প্রয়োজন রাখে ? না, বলার কোনো প্রয়োজন রাখে না। আমরা বলছি এগুলো আমাদের বলার মধ্যে দিয়ে আপনারা সংশোধন করবেন, তা না। আপনারা বিচার করবেন, তুল্যমূল্য বিচার করবেন, সত্যি কি তাই। কলেজ নির্বাচন স্থগিত হয়ে গেল। তারপর যখন নির্বাচনের প্রক্রিয়া শুরু হল, দেখা গেল কলেজ প্রাঙ্গণে গুলি চলছে প্রকাশ্যে। সেই ছবি বেরল। শিক্ষা অঙ্গনকে উন্নত করার জন্যে এ কোন প্রচেষ্টা ? বলবেন না আপনারা ? ভাববেন না আপনারা ? আমাদের ছাত্র নেতা সুদীপ্ত খুন হয়ে গেল। পুলিশ হেফাজতে থাকার সময় খুন হলেন। আমরা চাইলাম সি.বি.আই. তদন্ত, বিচার বিভাগীয় তদন্ত। এখনও বিচারাধীন। বলা যাবে না। কিন্তু পুলিশে দায়িত্বে থাকার সময় যে মৃত্যু হল তার যথাযথ তদন্ত হবে না ?

একথা আমরা বলতে পারব না ? আপনারা সংখ্যাগরিষ্ঠতার জোরে আমাদের বক্তব্যকে উপেক্ষা করতে পারেন, আমাদের বক্তব্য না শুনতে পারেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ, পশ্চিমবাংলার ছাত্রসমাজ, তাদের কাছে তো এ বক্তব্য আমাদের পৌঁছাতে হবে। কি অপরাধ করেছিল তরতাজা একটা যুবক ছাত্র সুদীপ্ত ? সে কোনো অপরাধ করেনি। সে অপরাধ করেনি। সে বাঁচতে চেয়েছিল, সে স্বপ্ন দেখতে চেয়েছিল নতুন করে। তাঁকে বাঁচতে দেওয়া হয়নি। একই ভাবে কামদুনির ঘটনা।

[10.40 – 10.50 a.m.]

আমি সেই ঘটনার চুলচেরা বিশ্লেষণ করব না, ওটা বিচারাধীন। কিন্তু ভারতবর্ষে কোথাও আছে এই ঘটনা, যারা দোষী হিসাবে অভিযুক্ত, তাদের পরিবারের লোকেদের পুলিশের গাড়িতে চাপিয়ে মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরে নিয়ে যাওয়া হচ্ছে, অভিযুক্তদের ছাড় দিতে হবে ? ভারতবর্ষে কোন রাজ্যে আছে, যারা বলেন অন্য রাজ্যের ঘটনা ? অন্য রাজ্যে এই ধরনের ঘটনা ঘটলে সেই রাজ্যের মুখ্যমন্ত্রী ভুল স্বীকার করেন, ক্ষমা প্রার্থনা করেন। আজকে এই ঘটনার পর আমরা কি দেখলাম ? মুখ্যমন্ত্রী যখন এলাকায় গেলেন—সঠিক ভাবেই তিনি গেছেন—তারপর যখন সেখানকার মা-বোনেরা তাঁকে প্রশ্ন করলেন, সেই প্রশ্নের উত্তর দেওয়ার পরিবর্তে তাদের মাওবাদী তকমা দিয়ে তিনি সেখান থেকে চলে এলেন। সেখানকার মানুষের মধ্যে কোনো প্রতিক্রিয়া ? সেই মেয়েটার ভাই কালকে টি.ভি.-র সামনে কোন কথা বলছিলেন ? যা বিচারাধীন বিষয় তা আমি বলছি না। আমি বলব না। [***]

মিঃ স্পীকার : এইগুলো বিচারাধীন, এইগুলো যাবে না।

শ্রী সুশান্ত ঘোষ : আমার বক্তব্য হচ্ছে, সেই পরিবার বাংলা ছেড়ে চলে গেল। আপনাদের বিবেকের সঙ্গে আপনারা সেতু স্থাপন করতে না পারেন, কিন্তু সারা পশ্চিমবঙ্গে হাজার হাজার বিহারের মানুষ আছে, তারা আজকে বুক চাপড়ে বলছে, আজকে বাংলায় তারা নিরাপদ নয়, বাংলায় তাদের জন্য থাকার জায়গা নেই। এর জন্য আপনারা ভাববেন না ? আপনাদের অনুশোচনা হবে না ? ওই বোলপুরে যখন আদিবাসী মেয়েটা গণধর্ষিতা হল, সেই ঘটনা বিচারাধীন। আপনারা ভাবতে পারেন, ২১ বছরের এক মহিলার উপরে ১২/১৩ জনের গণধর্ষণ ? স্তম্ভিত করে দেয়। আপনারা আমাদের দিকে আঙুল তুলে যা কিছু বলতে পারেন, কিন্তু এই ঘটনাগুলো নিয়ে আপনারা নিজেরা যদি ভাবেন যে এইগুলো যথাযথ দিক, শুধু এইরকম দিকগুলিই নয়, কেন প্রশ্রয় পাচ্ছে এই ধরনের ঘটনা ? (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

মিঃ স্পীকার : সুশান্তবাবু, প্লিজ বসুন। সময়ের দিকে আপনারা একটু লক্ষ রাখবেন, এটা আমি রিকোয়েস্ট করছি।

[***] 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

শ্রী সুজিত বসু : মাননীয় স্পীকার স্যার, সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এম. কে. নারায়ণন গত ১০ই ফেব্রুয়ারি যে ভাষণ এখানে রেখেছেন, সেই ভাষণকে সমর্থন করে আমার দু-একটা কথা এই সভায় উপস্থাপিত করতে চাই।

গত কয়েকদিন ধরে আমি লক্ষ করছি, বিশেষ করে যারা বিরোধীরা আছেন তাদের মধ্যে কোনো পজিটিভ আলোচনা দেখতে পাচ্ছি না। তারা কতগুলো নেতিবাচক কথা এই বিধানসভার মধ্যে উপস্থাপিত করছেন, যে কথাগুলোর কোনো ভিত্তি আছে বলে আমার মনে হয় না। (নয়েজ...) দাঁড়ান, দাঁড়ান। আমি একটা কথা আপনাদের বলি, গণতন্ত্রে বিরোধীদের নিশ্চয় বলবার সুযোগ আছে, আপনারা বলবেন। আপনারা তো গণতন্ত্র কোনোদিন মানেন না, ডেমোক্রেসি বলে কিছু নেই আপনাদের।

মিঃ স্পীকার : প্লিজ, আপনি ওদের কথার জবাব দেবেন না, আপনার বক্তব্য আপনি রাখুন।

শ্রী সুজিত বসু : আমরা সরকারে এসেছি ২০১১-তে, তার আগে দুটো বড় ঘটনা ঘটে গেছে—একটা দার্জিলিং আর একটা জঙ্গলমহল। আজকে আমরা আনন্দিত এই কারণে যে, জঙ্গলমহল এবং দার্জিলিং, যে দুটো বড়ো সমস্যা ছিল, সেই দুটো বড়ো সমস্যা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে শান্ত হয়েছে। আজকে দার্জিলিং শান্তিপূর্ণ আছে। জঙ্গলমহলও আজকে শান্তিপূর্ণ অবস্থানে আছে। তার কারণ আপনারা এটা লক্ষ্য করবেন যে দার্জিলিংয়ে যে সমস্যা ছিল, আমাদের বিধানসভায় যখন জি.টি.এ. বিল আসে, জি.টি.এ.-তে আমরা বলেছিলাম জি.টি.এ. সেখানে গঠন হবে এবং সেখানে নির্বাচন করতে হবে। নির্বাচন সেখানে হয়েছিল। আমরা জানি দার্জিলিংয়ে আমাদের রাজনৈতিক শক্তি হয়তো তেমন ছিল না। কিন্তু আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এটা অনুধাবন করেছেন যে গণতন্ত্রকে এখানে প্রসারিত করতে হবে। যার জন্য জি.টি.এ. নির্বাচন করে সেখানকার পাহাড়ে যে সমস্ত সমস্যাগুলো ছিল—সেখানে জলের সমস্যা, রাস্তার সমস্যা, নিকাশির সমস্যা, এইগুলো দীর্ঘদিন ধরে সেখানে ছিল। আমার একটা কথা মনে আছে ৩৫ বছর ধরে আপনারা ছিলেন। এই কথাগুলো নিয়ে আপনারা কোনোদিন কোথাও আলোচনা করেননি। কোথাও কোনোদিন ভাবেননি। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী প্রথম কাজ যেটা করেছিলেন জি.টি.এ. নির্বাচন করার পরে সেখানে বলেছিলেন যে, যা যা উন্নয়নের কাজ বাকি আছে সেগুলো সম্পন্ন করতে হবে। আগে এখানে উন্নয়নের কাজ করতে হবে এবং সেখানে তাদের অনেক দাবি ছিল হয়তো, তারা রাজ্যকে ভাগ করার কথা বলেছিল, কিন্তু আমরা সেটাকে সমর্থন করিনি। এটা আমরা বারবার বলেছি। আমরা কোনোদিন কোনো বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদত দিইনি। কালকেও আপনারা পার্লামেন্টে দেখেছেন খুব বড়ো ঘটনা ঘটে গেছে। আমরা যেটায় বিশ্বাস করি, আমরা চাই সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় থাকুক। কোনো বিচ্ছিন্নতাবাদী শক্তিকে আমরা মদত দিই না। তার প্রমাণ হচ্ছে দার্জিলিং এবং দার্জিলিং আজকে সুস্থ। তারাও বুঝতে পেরেছে তারা যে দাবিটা করছিল সেই দাবিটা

অন্যায়. সেটা তারা বুঝতে পেরেছেন। আজকে দার্জিলিং শান্ত হয়েছে। আজকে জঙ্গলমহলের যে দীর্ঘদিনের যে সমস্যা সেই সমস্যার কথা আপনারা কোনোদিনও. কখনো আপনারা ভাবেননি। সেখানকার মানুষের যে প্রকৃত সমস্যা ছিল—খাদ্যের সমস্যা ছিল, সেখানকার মানুষের বাসস্থানের সমস্যা ছিল, পানীয় জলের সমস্যা ছিল, শিক্ষার সমস্যা ছিল, রাস্তাঘাটের সমস্যা ছিল। সেই মানুষগুলো যখন দীর্ঘদিন ধরে তাদের এই সমস্যাগুলো নিয়ে আলোচনা চাইছিলেন তখন আপনারা সেগুলোর দিকে না তাকিয়ে মানুষ খুন করেছিলেন আপনারা। একটার পর একটা মানুষকে আপনারা খুন করেছিলেন জঙ্গলমহলে। যখন মানুষ প্রতিবাদ করেছিল, যখন মানুষ গণতান্ত্রিক কথা বলতে চেয়েছিল তখনও আপনারা কিষেনজিকে আমদানি করেছিলেন। কখনও মাওবাদীদের আপনারা উসকেছিলেন। কখনও সি.পি.এম.-রা তাদের লোকেরা সাধারণ মানুষকে খুন করে সেখানে হত্যা করেছিল। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী যখন তিনি ক্ষমতায় এলেন, আমি বলছি বিগত দিনের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তিনি একবারের জন্যও মনে করলেন না যে জঙ্গলমহলের মানুষগুলোর যে সমস্যা আছে, রাজ্যের প্রান্তে আমলাশোল থেকে শুরু করে যেখানে যেখানে যা সমস্যা আছে, সেখানে অন্তত সেই মানুষগুলোর কাছে গিয়ে তাদের বক্তব্য শোনা। তিনি রাইটার্স আর নন্দন নিয়ে এত ব্যস্ত ছিলেন তার সময় হল না একবারও জেলায় জেলায় যাওয়ার। আজকে মুখ্যমন্ত্রী এক-একটা জেলায় তিনবার করে ভিজিট করছেন। বলছেন মুখ্যমন্ত্রী হাউসে নেই কেন। হাউসে উনি আসবেন। সোমবার দিন তিনি উত্তর দেবেন। উত্তর দেবেন তিনি। কিন্তু জঙ্গলমহলে যে সমস্যা ছিল আজকে জঙ্গলমহলের সমস্যা তিনি প্রথমদিন গিয়ে বলেছেন এখানকার প্রত্যেকটা মানুষকে বি.পি.এল.-এর যে সুযোগ-সুবিধা আছে, দু-টাকা কিলো চালের ব্যবস্থা তিনি করে দিয়েছেন। আমাদের ক্যাবিনেটের যারা মাননীয় মন্ত্রী আছেন প্রত্যেকটা ক্যাবিনেট মিনিস্টারকে তিনি সেখানে ভিজিট করিয়েছেন। বলেছেন এখানে পানীয় জলের ব্যবস্থা করতে হবে। পি.এইচ.ই-কে দিয়ে পানীয় জলের ব্যবস্থা করিয়ে দিয়েছেন। সেখানে রাস্তার সমস্যার সমাধান করে দেওয়া হয়েছে। সেখানে ১০ হাজার যুবক-যুবতীকে পুলিশে চাকরির ব্যবস্থা করে দিয়েছে। তাহলে কোনটা ভাল, কোনটা খারাপ সেটা মানুষ বলবে। আপনারা বলবেন না। আর একটা কথা আমি বলে দিই আজকে রাজ্যের ল অ্যান্ড অর্ডারের কথা বলছেন। আপনারা বলুন এত বড়ো একটা পরিবর্তন হয়েছে ৩৫ বছর পরে।

[10.50—11.10 a.m.]

আপনারা নিজেরাই বলুন ৩৫ বছরের পরে এই পরিবর্তনের পরে কোন কোন এলাকায় কোথায় কোথায় অশান্তি আছে। আপনারাই বলুন কোথায় অশান্তি আছে। কিন্তু আমরা বিগত দিনে দেখেছি বিরোধী রাজনীতি করার পরে, দেখুন এখানে অনেক বামপন্থী বন্ধুরা আছেন, আমি বলি আমি সতেরো বছর বামপন্থী রাজনীতি করেছি। যেদিন আমি রাজনীতি ছেড়েছি নিরানব্বই সালে সেই দিন থেকে আমার বিরুদ্ধে খুনের চক্রান্ত করা হয়েছে। দু-দুবার আমাকে আক্রমণ করা হয়েছে। আমার বাড়িতে গুণ্ডা পাঠিয়ে দেওয়া হয়েছে

আমাকে হত্যা করবার জন্য। আমরা নির্দ্বিধায় বলতে পারি এই কথা, তার কারণ আপনারা খুনের রাজনীতি বিশ্বাস করেন, কিন্তু আমরা খুনের রাজনীতি বিশ্বাস করি না। আপনাদের পরিষ্কারভাবে একটা কথা বলে দিই রাজ্যের উন্নয়ন আপনাদের সহ্য হচ্ছে না। তার কারণ এই রাজ্যের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বিভিন্ন যে নির্বাচন হয়েছে, সেই নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে। এমনকি জঙ্গলমহলে যে নির্বাচন হয়েছে রাত্রি দুটো-তিনটে পর্যন্ত, সেখানে নির্বাচনে মানুষ ভোট দিয়েছে। কেউ একটা মানুষ বলতে পারবে না যে আমরা ভোট থেকে বিরত হয়েছি। সুতরাং আপনাদের আমলের কথা আমাদের বলবেন না। গণতন্ত্র বলে কিছু ছিল না। নির্বাচনটাকে প্রহসনে পরিণত করেছিলেন। দু-হাজার এক, দু-হাজার ছয়ের যে নির্বাচন হয়েছিল বিভিন্ন জায়গায় সল্টলেক স্টেডিয়াম থেকে যাদবপুর স্টেডিয়ামে যে সমস্ত সমাজবিরোধীদের আপনারা জড়ো করেছিলেন পরবর্তী সময়ে আপনাদের মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন, সেই স্টেটমেন্টের কথা আপনাদের যদি বলি আপনারা লজ্জা পেয়ে যাবেন। কারা সেই সমস্ত স্টেডিয়ামে ছিল ? বহিরাগতদের আপনারা সংগঠিত করেছিলেন বিভিন্ন জেলা থেকে। কেউ যাদবপুর স্টেডিয়ামে জড়ো করে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে জিতিয়েছিলেন। কেউ হয়তো সল্টলেক স্টেডিয়ামে জমায়েত করে প্রাক্তন ক্রীড়ামন্ত্রীকে জিতিয়েছিলেন। এই কথা ইতিহাস হয়ে আছে। এবং আজও পর্যন্ত তাদের মামলা চলছে এই কথা আপনারা অস্বীকার করতে পারেন না। আপনাদের একজন মন্ত্রী ক্রীড়ামন্ত্রী বলেছিলেন যে 'আমি যদি জিতি এই সমাজবিরোধীদের দিয়ে তাহলে বুদ্ধদেববাবু যাদের দিয়ে জিতেছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তাহলে প্রাক্তন মুখ্যমন্ত্রী কি সংস্কৃতিপ্রেমী মানুষদের দ্বারা জিতেছিলেন ? এই কথা আমার নয়। এই কথা আমার নয়। এই কথা প্রাক্তন ক্রীড়ামন্ত্রীর কথা। এই বিধানসভায় তিনি বলেছিলেন। উন্নয়নের কথা আপনাদের বলি। এই রাজ্যে উত্তরপ্রদেশ এবং অন্যান্য রাজ্যের মতো সাম্প্রদায়িক দাঙ্গার ঘটনা ঘটে না। বাংলায় বড় ধরনের কোনো সন্ত্রাসবাদী ঘটনা ঘটে না। সবচেয়ে বড় উদাহরণ আইন-শৃঙ্খলা বিচারব্যবস্থার উন্নতির দ্বারা জঙ্গলমহল দার্জিলিং-এর সমস্ত সমাধান হয়েছে এই রাজ্যের। বিগত সরকারের সময়ে জঙ্গলমহলে এবং দার্জিলিংয়ে পুলিশ প্রশাসন বলে কিছু ছিল না। আমাদের আমলে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পাঁচ-পাঁচটা কমিশনারেট গঠিত হয়েছে। বিধাননগর, ব্যারাকপুর, হাওড়া, শিলিগুড়ি এবং আসানসোল-দুর্গাপুর কমিশনারেট হয়েছে। ভাবতে পেরেছেন ! প্রত্যেকটা কমিশনারেটে আই.জি. পদমর্যাদার একজন ব্যক্তি সেখানে কমিশনার হিসাবে গেছেন। সেখানে ডি.সি. হেড কোয়ার্টার হয়েছেন। সেখানে ডি.সি. ট্র্যাফিক হয়েছেন। আজকে সেখানে মর্যাদা পেয়েছে। কিছুই তো করেননি ৩৫ বছর। ৩৫ বছর ধরে ঘুমিয়ে কাটিয়েছেন। আর ৩৫ বছর ধরে কিছু করেননি আপনারা। আজকে আমাদের এখানে নবান্ন হয়েছে। দীর্ঘদিন ধরে রাইটার্স বিল্ডিং যেটা ছিল সেটা আপনারা সংস্কার করবার কথা কোনোদিন ভাবেননি। আমাদের মুখ্যমন্ত্রী সেটা ভেবেছেন তার জন্য কিছুদিনের জন্য নবান্নতে যাওয়া হয়েছে এবং রাইটার্স বিল্ডিংও সংস্কার হচ্ছে। এবং উত্তরকন্যা করা হয়েছে উত্তরবঙ্গের উন্নয়নের জন্য করা হয়েছে।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, ১০ তারিখ এই রাজ্যের মাননীয় রাজ্যপাল বিধানসভার ভেতরে তাঁর যে বক্তব্য পেশ করেছেন, সেটা নিয়ে ১২ তারিখ, ১৩ তারিখ, আজ ১৪ তারিখ আলোচনা হচ্ছে। শেষ দিনে আলোচনায় এলে যে অসুবিধা হয়, যে সব বিষয়গুলোর ওপরই কেউ না কেউ তাঁদের বক্তব্য রেখেছেন। সুতরাং বিষয় খুঁজে পাওয়াটা একটা কঠিন ব্যাপার হয়। আমি চেষ্টা করব তার মধ্যে থেকে কিছু বিষয় তুলে ধরার। আমি কোচবিহারের মানুষ, স্বাভাবিকভাবেই কোচবিহারের কথা বলব। স্যার, এটা আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি বলব। একটা জিনিস, এই বক্তব্যের মধ্যে দিয়ে ইতিহাসকে বিকৃত করা হয়েছে। বলা হয়েছে, কোচবিহারে নতুন বিমানবন্দর তৈরি হচ্ছে। আমি আপনাদের বলি যে, ভারতবর্ষ যখন ব্রিটিশের অধীনে ছিল, সেই সময় কোচবিহার একটা স্বাধীন করদমিত্র রাজ্য ছিল। সেই স্বাধীন করদমিত্রের যে রাজ্য, তার রাজকন্যা গায়েত্রীদেবীর বিয়ে হয়েছিল জয়পুরের মহারাজ সোয়াই মানসিং-এর সাথে আজ থেকে প্রায় ৮০ বছর আগে। সোয়াই মানসিং-এর সাথে গায়েত্রীদেবীর বিয়েতে যাঁরা বরযাত্রী এসেছিলেন, তাঁরা বিমানে করে এসেছিলেন, প্লেনে করে এসেছিলেন এবং কোচবিহার এয়ারপোর্টেই তাঁরা নেমেছিলেন। আর আপনারা দাবি করছেন যে নতুন বিমানবন্দর কোচবিহারে তৈরি হচ্ছে ! এই ভাবে যদি ইতিহাসকে বিকৃত করেন, তাহলে আমি—এখানে বিনয়বাবু আছেন—মন্ত্রী—আমি ওনাকে বলব, মহারাজা নৃপেন্দ্রনারায়ণের আত্মা রাজভবনের অলিন্দে ঘুরে ঘুরে পাগলা মেহের আলির মতো চিৎকার করে বলবে, 'সব ঝুট্ হ্যায়, তফাৎ যাও'। এখানে আইন নিয়ে আলোচনা হয়েছে, আইন-শৃঙ্খলার ব্যাপারে আলোচনা হয়েছে। গতকাল কংগ্রেসের মাননীয় মানস ভূঞ্যা বলেছেন। আমি মনে করি যে আজকে বিরোধী দলের নেতা—তিনিও বলবেন। আমি আর আইন-শৃঙ্খলার ব্যাপারে নতুন করে কিছু বলব না। শুধু আমার ছোটবেলায় শোনা একটা কথা বলব যে, "ঘন যদি এত ফাঁক, ফাঁক তবে কত ফাঁক ?" এটা যদি ভালো হয়, তাহলে খারাপটা কত ? খারাপটা কি হতে পারত ? স্যার ২০১৩ সালের ৩১ মার্চ আমরা সকালবেলা থেকে দেখলাম, এই বাংলার হাজার হাজার, লক্ষ লক্ষ মা-বাবা তাঁদের সন্তানদের নিয়ে ছোটাছুটি শুরু করলেন। কেউ কেন্দ্র খুঁজে পাচ্ছেন না, কেউ সিট খুঁজে পাচ্ছেন না। সারা রাজ্য জুড়ে ছোটাছুটি, যানবাহনের অভাব, গাড়িতে করে যাওয়ার চেষ্টা, দুর্ঘটনা ঘটল। একজনের মৃত্যু হল। সন্ধ্যাবেলা রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রী এবং প্রাইমারি স্কুল কাউন্সিলের চেয়ারম্যান বক্তব্য রাখলেন যে ৪৫ লক্ষ ছাত্র-ছাত্রী আজ পরীক্ষায় অংশগ্রহণ করেছে, এটা একটা ইতিহাস এবং এটা মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আছে বলেই সম্ভব হল। ৮ মাস বাদে ফলাফল বেরোল। সেদিন যেটা শুনেছিলাম, ৪৫ লক্ষ পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে। ৮ মাস বাদে জানতে পারলাম ১৭ লক্ষ ৫১ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে। আমি ওই বিতর্কের মধ্যে যাচ্ছি না—১৭ লক্ষ ৫১ হাজার না ৪৫ লক্ষ। পাশ করেছে ১.০%, ১৮ হাজার ৮০০ জন পাশ করেছে। হ্যাঁ, এটাই আমার মনে জেগেছিল যে, বাংলার শিক্ষা, বাংলার মেধা এত নীচে নেমে গেল ! যেখানে রাজ্য উচ্চমাধ্যমিকে পাশ করে ৯০ শতাংশ, যেখানে বি.এ., বি.এস.সি., বি.কম. পাশ করে ৮০ থেকে ৮৫ শতাংশ, যেখানে জোড়াসাঁকোর ঠাকুর পরিবার ছিল, যেখানে এলগিন রোডের

বোস পরিবার ছিল, যেখানে স্যার আশুতোষ মুখার্জীদের পরিবার ছিল—যাঁরা বাংলার মুখ উজ্জ্বল করেছেন, সেই বাংলার এমন অবস্থা যে ১৭ লক্ষ ৫১ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দেওয়ার পর মাত্র ১৮ হাজার ৮০০ পাশ করে ! কিন্তু এই হতাশা কাটতে বেশি সময় লাগেনি। জোড়াসাঁকোর ঠাকুর পরিবার নেই, এলগিন রোডের বোস পরিবারের সেই অতীত গরিমা নেই, কিন্তু এখনও আছে, রবীন্দ্রনাথ তো বলে গিয়েছিলেন যে "ওরে বিহঙ্গ, ওরে বিহঙ্গ, এখনই অন্ধ, বন্ধ করো না পাখা।" তেমনি সংবাদ মাধ্যমে দেখলাম যে আমাদের বাংলায় এখনও আছে কালনার কুণ্ডু পরিবার। আটে আট, আটজন পরীক্ষা দিয়ে আটজনই পাশ করেছে। সারা রাজ্যে যখন ১.০৭% তখন কুণ্ডু পরিবারের ১০০%। গত পরশু আমার স্ত্রীর ভাই নৈহাটির বিধায়ক শ্রীমান পার্থ ভৌমিক বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন যে "আমি এম.এল.এ., আমার স্ত্রী কি চাকরি পাবে না ?" একজন মন্ত্রীর স্ত্রী তিনি কি চাকরি পাবেন না! নিশ্চয়ই পাবেন, একশো বার পাবেন। আমার কোচবিহার জেলায় একজন চাকরি পেয়েছেন, তিনবারের মাধ্যমিক, দুবারের উচ্চমাধ্যমিক, তার বাবাও বলেন যে আমি তৃণমূলের ব্লক সভাপতি, তা বলে কি আমার ছেলে চাকরি পাবে না। আমি স্যার, আপনার কাছে আপনারার মাধ্যমে মাননীয় রাজ্যপালকে বলব যুবশ্রী আছে, কন্যাশ্রী আছে, কেন্দ্রে পদ্মশ্রী দেবার ব্যবস্থা আছে, আমাদের রাজ্যের এই ১৮,৮০০কে এবারে টেটোশ্রী উপাধি দিয়ে সম্মানিত করা হোক। কারণ তারা পশ্চিমবাংলার মুখকে উজ্জ্বল করেছে।

স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয়, শিল্পের ব্যাপারে খুব বড় দাবি এবার করেননি। কারণ শিল্পের ব্যাপারে বড় দাবি না করার কারণও আছে। তিনি দুটো কথা বলেছেন, একটা হচ্ছে সাড়ে তিন লক্ষ কর্মসংস্থানের সম্ভাবনা আছে, আর হচ্ছে ১ লক্ষ ২০ হাজার কোটি টাকা থেকে ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা বিনিয়োগ হবার সম্ভাবনা আছে। তিনি দুটো সম্ভাবনার কথা বলেছেন, আর কোনো বড়ো দাবি করেননি। এই ব্যাপারটায় আমি মাননীয় রাজ্যপালের সাথে একমত যে, বড়ো দাবি করাটা ঠিক নয়। এই পশ্চিমবাংলায় একটা সময় শিল্পে শ্রমিক ছাঁটাই হত। সংগঠিত শ্রমিক আন্দোলনের মধ্যে দিয়ে সেটা শুধু বামপন্থীদের কৃতিত্ব নয়, আমি বলব তার মধ্যে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী ছিলেন, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ছিলেন, এঁরা সবাই মিলে আন্দোলন করে পশ্চিবাংলায় শ্রমিক ছাঁটাইটাকে বন্ধ করতে পেরেছিলেন। তৃণমূল কংগ্রেস আস্তে আস্তে শক্তিশালী হয়েছে, এই রাজ্যে হলদিয়া থেকে এ.বি.জে. চলে গেছে, সিঙ্গুরের থেকে টাটারা চলে গেছে, শিল্পে শিল্প ছাঁটাই হয়েছে। আর ওনারা ক্ষমতায় আসার আড়াই বছরের মাথায় পারফরমেন্সের ভিত্তিতে মুখ্যমন্ত্রী এই রাজ্যের শিল্পমন্ত্রীকে ছাঁটাই করেছেন। যে রাজ্যে শিল্পমন্ত্রী ছাঁটাই হয়, সেই রাজ্যের রাজ্যপালের শিল্প নিয়ে বড়ো বক্তব্য রাখা উচিত নয়, তিনি রাখেননি। আমি স্যার, একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলব, এখানে মাননীয় মন্ত্রীরা আছেন আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করে বলব যে এখানে বলা হয়েছে যে ৪০০ জন সাব-ইন্সপেক্টর নিয়োগ হয়েছেন। ৪০,০০০ কনস্টেবল রিক্রুট করা হয়েছে। আপনার মনে আছে কি না জানি না স্যার, গত পঞ্চায়েত নির্বাচনের আগে যখন রাজ্য নির্বাচন কমিশন এবং রাজ্য সরকারের

মধ্যে টানাপোড়েন চলেছে যে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন আছে, কি নেই। সেই সময় রাজ্য সরকারে তরফ থেকে হাইকোর্টে এবং সুপ্রীম কোর্টে হলফনামা জারি করে বলা হয়েছিল, রাজ্যে পুলিশের সংখ্যা সশস্ত্র বাহিনীসহ ৫৫ হাজার। ৫৫ হাজার পুলিশের সংখ্যা এক বছর আগে এই রাজ্যে। ৪০ হাজার পুলিশ কনস্টেবল নাকি এই আমলে নিয়োগ হয়েছে। তাহলে বাম আমলে কি রাজ্যে পুলিশের সংখ্যা ছিল মাত্র ১৫ হাজার ? এই কথাটা কোথা থেকে পেলেন, কেমন করে পেলেন এটা আমার বোধগম্য হচ্ছে না। এরপরে আসছি স্যার, ১ লক্ষ ৩০ হাজর সিভিক পুলিশ নিয়োগের ব্যাপারে। আমরা পঞ্চায়েত নির্বাচনে হেরেছি নানা কারণে। তার মধ্যে একটা মুখ্য কারণ হচ্ছে এই সিভিক পুলিশ। যেখানেই গেছি বেকার যুবকরা এই সিভিক পুলিশ। তারা সিভিক পুলিশে চাকরি পাবেন, তারা আমাদের সাথে থাকবেন না, তারা তৃণমূল কংগ্রেসে যাবেন, আমাদের কাছ থেকে সরে গেছেন। আমার বিরক্তি হয়েছে, আমরা এটা মনে হয়েছে আমাদের রাজ্যে ৩৪ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল দু-দুজন মুখ্যমন্ত্রী ছিলেন তাঁরা পারলেন না আর একজন মুখ্যমন্ত্রী আড়াই বছরের মধ্যে দেড় লক্ষ সিভিক পুলিশ নিয়োগ করছেন। আর এই সিভিক পুলিশটা কী— এই প্রশ্নটা আমার মনে জেগেছে যে এটা জানতে হবে। গিয়েছিলাম কোচবিহারে পুলিশ অফিসারের কাছে সিভিক পুলিশ কি জানতে। বামফ্রন্টের আমলে হল না আর আড়াই বছরে ১ লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ নিয়োগ। তা পুলিশ অফিসারকে গিয়ে জিজ্ঞাসা করলাম যে, আমাকে একটু বুঝিয়ে বলুন তো সিভিক পুলিশটা কি ? তিনি মাথা নীচু করে লিখছিলেন। ওই অবস্থাতেই আমাকে জিজ্ঞাসা করলেন যে, আপনার নাম কি ? আমি একটু হতভম্ব হয়ে গেলাম যে, জেলায় আমার পার্টির আমি সম্পাদক, একজন বিধায়ক আর পুলিশ অফিসার আমার নাম জানেন না। আমি বললাম কেন আমার নাম উদয়ন গুহ। তিনি তখন ওই অবস্থাতেই গম্ভীর হয়ে জিজ্ঞাসা করলেন আপনি তো উদয়ন গুহ, তাহলে বাবুন গুহ কে ? আমি বললাম যে আমার ডাক নাম বাবুন গুহ আর ভালো নাম উদয়ন গুহ। তখন উনি আমার মুখের দিকে তাকিয়ে হেসে বললেন, ওটাও সেই রকম। ডাক নাম হোম গার্ড, ভালো নাম সিভিক পুলিশ। জিজ্ঞাসা করলাম যে মাইনে কত ? বলল, মাইনে ১৪১ টাকা ৮১ পয়সা। আমি বললাম, এটা মাইনে হয় নাকি ১৪১ টাকা ৮১ পয়সা। বললেন, না না যেদিন যেদিন কাজ করবেন সেদিন সেদিন ১৪১ টাকা ৮১ পয়সা। তো আমি বললাম, কবে কবে কাজ করবেন ? বললেন, কেন যেদিন যেদিন খেলা হবে আর যেদিন যেদিন মেলা হবে সেদিন সেদিন কাজ করবেন আর সেদিন সেদিন ১৪১ টাকা ৮১ পয়সা। ১৪১ টাকা ৮১ পয়সা যেদিন যেদিন কাজ করবেন, যেদিন যেদিন খেলা হবে, মেলা হবে। তার জন্য মাননীয় রাজ্যপাল মহোদয় বলছেন, ১ লক্ষ ৩০ হাজার নিয়োগ। এতদিনে আন্ডার ওয়্যারের ব্যাক পকেট কথাটার মানে কি তা বুঝলাম। স্যার, আমি আপনার কাছে এ কথা বলব, আপনি জানেন, অনেকেই বলেছেন, আমি আবার বলব, [***]

[***] 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : আপনি ইনভেস্টিগেশনের পার্ট বলছেন।

শ্রী উদয়ন গুহ : আমি একবারও কারো নাম বলিনি যা সংবাদপত্রে বেরিয়েছে আমি সেটাই বলছি স্যার।

মিঃ স্পীকার : আপনি সংবাদপত্রের উপর বেস করে এখানে ইনভেস্টিগেশানের পার্ট বলতে পারেন না। এটা আপনি বলতে পারেন না। এটা যাবে না।

শ্রী উদয়ন গুহ : আমি বলছি না, আমি বলছি না, ঠিক আছে আমি যাচ্ছি না স্যার। মেয়েটি ৩১ ডিসেম্বর মারা গেছে এটাতো বলা যাবে ? মেয়েটি ২৩ ডিসেম্বর হাসপাতালে ভর্তি হয়েছে এবং ৩১শে ডিসেম্বর সেই মেয়েটি মারা গেছে। ওই একই সময়কালের মধ্যে কলকাতায় আর একটি উল্লেখযোগ্য ঘটনা ঘটেছে।

[11.10 – 11.20 a.m.]

পশ্চিমবাংলার অতীতের চলচ্চিত্র জগতের মহানায়িকা সুচিত্রা সেন তিনি গুরুতর অসুস্থ হয়ে কলকাতার একটি বিখ্যাত নার্সিংহোম বেলভিউয়ে ভর্তি হয়েছিলেন। সারা রাজ্যের মানুষ উদ্বিগ্ন হয়েছিলেন। স্বাভাবিক কারণে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বিগ্ন হয়েছিলেন। রুটিন করে তিনি মাননীয়া সুচিত্রা সেনকে দেখতে গিয়েছিলেন। আমার হিসেবে তিনি পাঁচদিন গিয়েছিলেন। একদিন মাননীয়া মুখ্যমন্ত্রীর ফেসবুকে আমি দেখলাম ৩০ বছর অন্তরালে থাকবার পরে শ্রীমতী সুচিত্রা সেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে ডাক দিয়ে কথা বলেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী ফেসবুকে লিখলেন, আমি আপ্লুত, আমি ধন্য, আমি গর্বিত যে মহানায়িকা আমার সাথে কথা বলেছেন। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী থাকলে বলতাম যে, আমিও আপ্লুত হতে পারাতাম, আমিও ধন্য হতে পারতাব, আমিও গর্বিত হতে পারতাম যদি আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী পাঁচদিন সুচিত্রা সেনকে দেখতে গিয়ে পাঁচ মিনিটের জন্য একবার ওই গরিব ট্যাক্সি ড্রাইভারের মেয়েকে R. G. Kar-এ গিয়ে দেখা করতেন। তাহলে আমিও গর্ব করে সেই কথাটা বলতে পারতাম। আমি বলতে পারিনি, বলা যায়নি। কিন্তু প্রশ্ন উঠছে, প্রশ্ন উঠেছে যে, কেন মাননীয়া মুখ্যমন্ত্রী, কেন মাননীয়া মুখ্যমন্ত্রী এই গরিব ট্যাক্সি ড্রাইভারের মেয়েকে দেখতে গেলেন না। কেন গেলেন না ? আমি বিশ্বাস করি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর লড়াই, তাঁর সংগ্রাম, তাঁর আন্দোলনের মধ্য দিয়ে ক্রমশ এই রাজ্যের মা-মাটি-মানুষের নেত্রীতে পরিণত হয়েছিলেন। ক্ষমতায় আসবার আগে তিনি মা-মাটি-মানুষের নেত্রী হয়েছিলেন। মুখ্যমন্ত্রীর চেয়ারে বসবার পর তিনি আস্তে আস্তে টালিগঞ্জের টুনির মায়েদের নেত্রীতে পরিণত হচ্ছেন। তাই বেলভিউ যেতে পারেন আর R.G. Kar-এ তাঁর যাওয়ার সময় হয় না। আমি স্যার, এই ভাষণে দেখলাম মাননীয় রাজ্যপাল মহোদয় সন্তোষ প্রকাশ করেছেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রী নেতাজি সুভাষচন্দ্র বোসের ১১৭তম জন্মদিন এবার দার্জিলিংয়ে পালন করেছেন। এটা কোনো অসুবিধা নেই। দার্জিলিংয়ে নেতাজী সুভাষচন্দ্র বোসের জন্মদিন পালন করেছেন। কিন্তু বিপদটা হয়ে গেল নেতাজিকে দার্জিলিংয়ে রেখে কলকাতায় এসে তিনি ব্রিগেড থেকে ডাক দিলেন দিল্লি চলো। নেতাজী সুভাষচন্দ্র দিল্লি চলোর ডাক

দিয়েছিলেন। আর এখন মাননীয়া মুখ্যমন্ত্রী নেতাজিকে দার্জিলিংয়ে রেখে ব্রিগেড থেকে ডাক দিলেন দিল্লি চলো। উনি দিল্লি যান তাতেও আপত্তি নেই। কিন্তু আমার ভয় হচ্ছে ওই সময়কালটার জন্য। এই যে আড়াই বছর সময়, এই আড়াই বছর সময়—তরুণ মজুমদারের বিখ্যাত সিনেমা পলাতক, জমিদার আংটি চ্যাটার্জীর ভাই সংসারে মন বসে না। স্ত্রীর দিকে নজর নেই, জমিদারির দিকে নজর নেই—শুধু শুধু পালাই পালাই ভাব। আড়াই বছর সময় হলে সেই পলাতকের আংটি চ্যাটার্জীর ভাইয়ের মতো একটা পালাই পালাই রব উঠেছে। সেই পালাই পালাই রবটাকে আটকাতে হবে। স্যার, কবি সুভাষ মুখোপাধ্যায়, তাঁর একটি কবিতায় দুটো লাইন লিখেছিলেন, "এখন উঠেছে এক হাওয়া, পরে এসে আগে চলে যাওয়া।" এই যে পরে এসে আগে চলে যাওয়া, এটা আমাদের [***]।

মিঃ স্পীকার : এই পোর্শানটা যাবে না। This portion will not go. This portion will not go on record. এটা যাবে না। আপনি অনেক অভিজ্ঞ, আপনি একটু ভাষণ নিয়ে বলুন। তার বাইরে বক্তব্য রাখবেন না।

(গোলমাল)

তার পরে এসে আগে চলে যাওয়া, এটাকে বন্ধ করবার জন্য, আমি সবাইকে বলব, আমি সবার কাছে আবেদন করব, আসুন, আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে কবি সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার সুরে সুর মিলিয়ে বলি, 'এখন হবে না যাওয়া—এখন হবে না যাওয়া, আগে প্রতিশ্রুতি পালন, তারপরে দিল্লি যাওয়া, এখন রাজ্য সামলান।' ধন্যবাদ স্যার। ধন্যবাদ জানিয়ে এই বক্তব্যকে সমর্থন করতে পারছি না, এই কথা জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন যে প্রতিবেদন পেশ করেছেন তাঁকে আমি পূর্ণ সমর্থন জানাই। সেই সাথে সাথে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি সারা বাংলাব্যাপী সারা বাংলার মানুষের মধ্যে নতুন দিশার আলো দেখিয়ে দিচ্ছেন, এবং বাংলার এ প্রান্ত থেকে ও প্রান্তে তিনি দিশার আলো জ্বালিয়ে দিচ্ছেন, মানুষের মধ্যে ২০ মে, ২০১১ সালেতে কলকাতার রাজপথ এক ইতিহাসের সাক্ষী হয়ে থাকল অগণিত নারী-পুরুষকে নিয়ে তিনি যে ইতিহাস গড়লেন তা তুলনাহীন। ৩৪ বছরের ইতিহাস ছিল বাম সন্ত্রাস আর বাম অপশাসন, মাত্রা আড়াই বছরে সেই চিত্রটা মুছে দিয়েছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবং মানুষের মধ্যে তিনি দিশার আলো দেখিয়ে দিয়েছেন। এবং তিনি ক্ষমতায় এসে কি দেখলেন যে দু লক্ষ তিন হাজার কোটি টাকার দেনার বোঝা চাপিয়ে দিয়ে সি.পি.এম. সরকার তারা চলে গিয়েছেন। এবং সেই ভেঙে পড়া অর্থনীতির মধ্যে দাঁড়িয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি উন্নয়ন করে যাচ্ছেন। এবং কিভাবে

[***] অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

উন্নয়ন করতে হয় সেটা তিনি দেখিয়ে দিয়ে যাচ্ছেন। পঞ্চায়েতে ৫০ শতাংশ আসন তিনি সংরক্ষণ করেছেন এবং গত যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল সেই পঞ্চায়েত নির্বাচনে আমরা কি দেখলাম, আমরা দেখলাম যে মানুষ তীর্থযাত্রীর মতো দাঁড়িয়ে থেকে তারা রোদ-জল-ঝড়কে উপেক্ষা করে তাদের প্রতিবাদটা উগরে দিয়েছেন তাদের ভোট বাক্সে এবং গণশুনানিতে এক ভয়ঙ্কর জনজাগরণ-এর সাক্ষী হয়ে থাকল, সেই সুনামির স্রোতে খড়কুটোর মতো ভেসে গেল, সি.পি.এম.-এর ক্যাডার বাহিনী। আর আমাদের পঞ্চায়েতের শেষ কথা হল মা-মাটি-মানুষের পঞ্চায়েত এবং তিনি নারীদের মুক্তির পথ দেখিয়ে দিলেন মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। "নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার। হে বিধাতা শুধু শূন্যে চেয়ে রব ? কেন নিজে নাহি লব চিনে। সার্থকের পথ ? হে বিধাতা আমাকে রেখো না ভাগ্যহীনা, রক্তে ভোর জাগো রুদ্রবীণা।" আজকের মেয়েরা তারা কর্মের মধ্য দিয়ে নিজেকে বড়ো করে তুলছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি তাঁর স্বপ্নের কন্যাশ্রী চালু করে দিলেন। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে তিনি প্রতিটি পরিবারের মেয়েরা তারা এই সুযোগটা পেয়ে থাকবেন। এবার ১৮ বছর উত্তীর্ণ হয়ে গেলে তার অ্যাকাউন্টে ২৫ হাজার টাকা দিয়ে দেবেন, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমাদের মা-মাটি-মানুষের নেত্রী তিনি যে মহিলাদের কথা বেশি করে ভাবছেন, যে সকল মহিলারা সরকারি চাকরিরতা কর্মচারী, সেই সকল মহিলাদের সন্তান-পরিচর্যাজনিত কারণের জন্য ৭৩০ দিনের ছুটি মঞ্জুর করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার তিনি দিকে দিকে মহিলাদের জন্য উন্নয়ন করে যাচ্ছেন। জঙ্গলমহল থেকে শুরু করে সারা বাংলাব্যাপী তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যে-সকল মেয়েরা আছেন, ছাত্রীরা আছেন, তাদের বিদ্যালয়ে যাতায়াতের জন্য এবং তাদের চলাফেরার সুবিধার জন্য ২ লক্ষেরও বেশি বাইসাইকেল বিতরণ করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এটা সি.পি.এম.-রা তারা চোখে দেখতে পাচ্ছেন না। ২০টি অতিরিক্ত মহিলা থানা স্থাপন করেছেন। ৪৫টি মহিলা আদালত, ১৯টি মানবাধিকার আদালত, ৩টি সি.বি.আই. আদালত স্থাপন করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ৪০০ জন মহিলা সাব-ইন্সপেক্টার, প্রচুর সংখ্যক মহিলা কনস্টেবল নিযুক্ত করা হয়েছে।

[11.20—11.30 a.m.]

উচ্চ শিক্ষার মানোন্নয়নের জন্য তিনি ছয়টি বিশ্ববিদ্যালয় স্থাপন করেছেন। কোচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, বাঁকুড়া বিশ্ববিদ্যালয়, উত্তর দিনাজপুরের রায়গঞ্জে একটি বিশ্ববিদ্যালয়, সল্টলেকে টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয় এবং ডায়মন্ডহারবারে মহিলা বিশ্ববিদ্যালয় তিনি স্থাপন করেছেন, যার উপাচার্য হচ্ছেন মহিলা। কর্মহীন যুবক-যুবতীদের জন্য তিনি 'যুবশ্রী' প্রকল্প চালু করেছেন। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করলে প্রতিটি ছেলে-মেয়ে দেড় হাজার করে টাকা পাবেন। সি.পি.এম.-এর বন্ধুরা এই সমস্ত কাজ চোখে দেখতে পাচ্ছেন না, তারা বড়ো বড়ো কথা বলছেন। টাটা বিড়লার কোলে দুলতে দুলতে তারা রাজ্য থেকে বিদায় নিয়েছেন। আগে যখন গ্রাম বাংলায়

মিটিং করতেন তখন তারা বলতেন দুনিয়ার মজদুর এক হও। কিন্তু গ্রাম বাংলার সাধারণ মানুষ, খেটে-খাওয়া মানুষের কথা এরা কোনোদিন ভাবেনি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি অধিকাংশ গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন এবং প্রতিটি পরিবারে বিদ্যুতের আলো পৌঁছে দিয়েছেন। লোডশেডিং শব্দটি আজকে মানুষ আজকে ভুলে গেছেন। 'সবার ঘরে আলো' নামে প্রবর্তিত একটি নতুন প্রকল্পের মাধ্যমে এ.পি.এল., বি.পি.এল., উভয় পরিবারকে বিদ্যুৎ সংযোগের আওতায় নিয়ে এসেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। বিগত চৌত্রিশ বছরে ওরা সংখ্যালঘুদের কথা ভাবেনি, তাই সংখ্যালঘু ইমামদের ভাতা, মোয়াজ্জিনদের ভাতা এবং 'নিজ ভূমি নিজ গৃহ' প্রকল্পে তারা পাবে বাসস্থান। সংখ্যালঘুদের জন্য 'গীতাঞ্জলি' প্রকল্প এবং সংখ্যালঘু ছেলে-মেয়েদের জন্য বৃত্তি প্রদানের ব্যবস্থা করেছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। পঞ্চায়েতে বি.পি.এল.-এ যাদের নাম নথিভুক্ত আছে, IAY তারা ঘর বাঁধছেন এবং যে সকল বেনিফিশিয়ারির নাম নথিভুক্ত আছে, তারা জিরো ব্যালান্সের অ্যাকাউন্ট খুললে তাদের অ্যাকাউন্টে টাকা ঢুকে যাবে। 'জল ধরো, জল ভরো', প্রকল্পের কথা আমাদের নির্বাচনী ইস্তাহারে ছিল, আমাদের মা-মাটি-মানুষের নেত্রী বলেছিলেন পাঁচ বছরে আমরা ৫০ হাজার জলাশয় খনন করব। কিন্তু আমরা দেখতে পেলাম মাত্র আড়াই বছরের মধ্যে সেই প্রকল্প দ্বিগুণ আকার ধারণ করেছে। সেখানে ১ লক্ষ ১ হাজার ৮৮৬টি জলাশয় খননের কাজ সম্পন্ন হয়েছে। প্রতিটি কিষানের ঘরে যাতে কিষান ক্রেডিট কার্ড পৌঁছে যায়, তারও ব্যবস্থা করেছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তেইশ লক্ষেরও বেশি কিষান ক্রেডিট কার্ড তিনি প্রতিটি গ্রাম বাংলার কৃষকের ঘরে পৌঁছে দিয়েছেন। ১০০ দিনের কাজের ক্ষেত্রেও আমাদের সরকার সাফল্য নিয়ে এসেছে। সেখানে ফিফটি পারসেন্ট হচ্ছেন মহিলা। বাম অভিশাপে অভিশপ্ত গ্রামবাংলার কথা ওরা কখনো ভাবেনি, গ্রামবাংলার খেটে-খাওয়া মানুষের দিকে ওরা কখনো ফিরেও তাকায়নি। তাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সারা বাংলাব্যাপী দিশার আলো দেখিয়ে দিয়ে যাচ্ছেন। তাই ত্রিশ হাজার গ্রামে ১৬ হাজার কিলোমিটার রাস্তা তৈরি হবে। ৭ জানুয়ারি প্রতিটি গ্রাম পঞ্চায়েতে এই কাজের উদ্বোধন হয়েছে এবং প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পাঁচটি করে রাস্তার কাজও সেখানে শুরু হয়েছে। চৌত্রিশ বছরে ওরা কখনো কোনোদিন গরীব মানুষের কথা ভাবেনি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে যে উন্নয়নের কর্মযজ্ঞ পশ্চিমবাংলায় শুরু হয়ে গিয়েছে বিরোধী বন্ধুরা তাতে হিংসায় জ্বলে পুড়ে মরছে। সব শেষে বলি—

কত দিন, মনে পড়ে না,
সামাজিক অবমাননা,
তিমির মেখেছে মেয়েটি,
কতদিন পরে জানি না,
পিতৃতন্ত্র ধারণা,
ভেঙে দিয়ে গেল মেয়েটি।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 43rd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business from 18th to 21st February, 2014 as follows :

18.02.2014, Tuesday	:		General Discussion on Budget	.. 5 hrs.
19.02.2014, Wednesday	:		General Discussion on Budget	.. 5 hrs.
20.02.2014, Thursday	:	(i)	General Discussion on Budget	.. 5 hrs.
		(ii)	Motion for Vote on Account	
		(iii)	Motion for Demands for Grants of all Departments	
		(iv)	Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2013-2014	.. $1^1/_2$ hrs.
21.02.2014, Friday	:	(i)	The Seacom Skills University Bill, 2013 as reported by the Select Committee (Consideration and Passing)	.. $1^1/_2$ hrs.
		(ii)	The West Bengal Panchayat (Amendment) Bill, 2014 (Introduction, Consideration and Passing)	.. $^1/_2$ hr.
		(iii)	The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 (Introduction, Consideration and (Passing)	.. $^1/_2$ hr.
		(iv)	The West Bengal State Health Service (Amendment) Bill, 2014 (Introduction, Consideration and Passing)	.. $^1/_2$ hr.
		(v)	The West Bengal Finance Bill, 2014 (Introduction, Consideration and Passing)	.. $1^1/_2$ hrs.
		(vi)	The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2014 (Introduction, Consideration and Passing)	.. $^1/_2$ hr.
		(vii)	The West Bengal Appropriation Bill, 2014 (Introduction, Consideration and Passing)	.. 1 hr.

N.B. : The House will sit at 10.00 a.m. on Friday, the 21st February, 2014 and there will be no Questions for Oral Answers, Mention Case and Calling Attention on that day. Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

MOTION

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৪৩ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to move a motion of amendment on the resolution moved by Hon'ble Minister, Shri Partha Chatterjee that

1. On 21.02.2014, Friday – there shall be Question Hour.
2. The Seacom Skills University Bill, 2013, The West Bengal Panchayat (Amendment) Bill, 2014 and any other Bill introduced by Today in the House will be taken for consideration on 24.02.2014.
3. There shall be Question Hour on 24.02.2014.

I move this amendment, Sir, and if the Hon'ble Minister kindly accept it I would have nothing to say otherwise I have to place for a division. Sir, I demand a division.

Mr. Speaker : I disallow this division. ....(Noise)....

I have to take the sense of the House. I can show you the rule আমি আপনাকে রুল দেখিয়ে দেব। ...(Noise)... No, No, No. This is abuse of process of rule.

The question before the House is the amendment moved Dr. Surjya Kanta Mishra. As many as are of the same opinion will please say, Aye ; as many as are of the contrary opinion will please say, No.

Noes have it. Noes have it.

Now the question before the House is the main motion moved by Shri Partha Chatterjee. As many as are of the same opinion will please say, Aye ; as many as are of the contrary opinion will please say, Noe.

Ayes have it. Ayes have it.

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের ওপরে ...(গোলমাল)... আজকে আমাকে বলতে দেওয়ার জন্যে আমি প্রথমেই আপনাকে এবং হাউসকে ধন্যবাদ জানাই। স্পীকার স্যার, কাল থেকে এবং দু-দিন ধরে দেখছি, যে এখানে রাজ্যপালের ভাষণের ওপরে, এখানে যারা এসেছেন তারা অনেক কথাই বলেছেন। কিন্তু

আমি প্রথমেই বলি, মহামান্য রাজ্যপাল আমাদের যা বলে গেছেন তার ওপরে পূর্ণ সমর্থন এবং আস্থা রেখে আমি শুধু বলি, যারা মারা গেছেন বা আমাদের ছেড়ে চলে গেছেন তাদের পরিবারের প্রতি আমি আমার সমবেদনা জানাই এবং তাদের আত্মার শান্তি কামনা করি। এবার আপনাদের সামনে দু-চারটে কথা তুলে ধরতে চাইছি, মাননীয় স্পীকার স্যার, আমি আশা করব যে আমার সহকর্মী বন্ধুরা আমাদের সহযোগিতা করবেন। শুধুমাত্র বিধানসভার সময় নষ্ট না করে তারা এখানে বিধানসভার কাজটাকে সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে সহযোগিতা করবেন। তার কারণ যদি বিধানসভাকে তারা এখানে, কার্যকরী ....(গোলমাল)....

[11.30—11.40 a.m.]

উনি জিজ্ঞাসা করছেন ওয়ার্কআউট করবেন কি, করবেন না। এটাই সব থেকে দুঃখের। ওনার আগে তৈরি হয়ে আসা উচিত ছিল যে, ওয়ার্কআউট করা উচিত কি, উচিত নয়। .....(নয়েজ)..... আমার মনে হয় যে স্পীকার স্যার, আপনি যখন বক্তব্য রাখার সুযোগ দিয়েছেন, সেখানে দুই-চার কথা আপনার মাধ্যমে এই হাউসের সামনে তুলে ধরতে চাইছি। সব থেকে ভালো হচ্ছে এই পশ্চিমবঙ্গ সরকার মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখিত হয়েছে যে, পশ্চিমবঙ্গে এই প্রথম একটি আইন প্রণয়ন তৈরি হয়েছে। পশ্চিমবঙ্গে যে আইনটি হচ্ছে Implementation of the West Bengal Right to Public Service Act, 2014. এই Public Service Act ২০১৪ যেটা বিগত কোনো সরকার কখনো করেননি এবং অন্য কোনো রাজ্যে আছে কিনা আমার জানা নেই। সেইখানে দাঁড়িয়ে স্পীকার স্যার, এই আইনটাকে যদি ত্বরান্বিত করা যায় এবং আইনটাকে ইউ.এল.বি. মানে urban local bodies পঞ্চায়েত এবং statutory bodies-এর ক্ষেত্রে এই আইনটাকে ত্বরান্বিত করা যায় তাহলে কিন্তু মানুষের ক্ষেত্রে অনেক বেশি উপকারিতা হয়। আমরা আশ্চর্য হয়ে যাই যে আজকে হাউসকে অচল করে দেওয়ার জন্য যে ....(নয়েজ).... মাননীয় স্পীকার স্যার, আমি চাই যে, এখানে ....(নয়েজ).... আপনারা জানেন যে নিউটাউন বিধানসভা কেন্দ্র থেকে আমি নির্বাচিত সেই বিধানসভা কেন্দ্রতে অলরেডি পশ্চিমবঙ্গের একমাত্র জায়গা এবং ভারত সরকার সেটাকে অলরেডি solar city declare করেছে। Solar city-র মধ্যে আমরা green building, clean building যেটা mandatory করার জন্য আমি এখানে আমাদের Urban Minister আমি তাঁকে অনুরোধ করব যে নিউটাউনে green building, clean building যদি করেন তাহলে কিন্তু এটা সেটা দৃষ্টান্তমূলক স্বরূপ উদাহরণ হয়ে থাকবে। আমি আপনার কাছে আর একটি কথা তুলে ধরতে চাই যে, সেটা হচ্ছে স্বাস্থ্য পরিষেবা। .....(নয়েজ)..... স্বাস্থ্য পরিষেবার সঙ্গে আমরা দেখে চলেছি আজকের স্বাস্থ্য পরিষেবা শুধুমাত্র বড়ো বড়ো হসপিটালে নয় বা বড়োলোকেদের জন্য নয়। আজকে এখানে স্বাস্থ্য পরিষেবাকে শুধুমাত্র মানুষের কাছে গ্রহণযোগ্য করার জন্যে ...(নয়েজ)... আজকে স্বাস্থ্য পরিষেবা গরিব মানুষের কাছে এবং পশ্চিমবঙ্গের সাড়ে আট কোটি মানুষের কাছে গ্রহণযোগ্য করার জন্য আজকে শুধুমাত্র

....(নয়েজ).... এবং সেই স্বাস্থ্য পরিষেবাকে। তাই আমি আপনার মাধ্যমে হাউসকে অনুরোধ করব যে, স্বাস্থ্য পরিষেবাকে যদি ....(নয়েজ).... সেই ভাবে করে দেওয়া যায় ....(নয়েজ) .... তাহলে কিন্তু আমরাও অনেক উন্নত হব। ....(নয়েজ).... মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ....(নয়েজ)....

মিঃ স্পীকার : প্লীজ, ওনাকে বলতে দিন।

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব যে, পশ্চিমবঙ্গকে যদি সুন্দর করা যায়, পশ্চিমবঙ্গকে সুন্দরী করতে হলে আমাদের কিন্তু একটা লক্ষ্য রাখতে হবে। এখানে যে সমস্ত slum আছে, যে সমস্ত ঝুপড়ি আছে, এখানে যে সমস্ত উদ্বাস্তু জায়গা আছে—সেগুলোকে সুন্দর ভাবে গড়ে তোলা। আমি অনুরোধ করব আপনার মাধ্যমে স্পীকার স্যার, এটা আমাদের শুধু রাজ্যের ব্যাপার নয়, তাই আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, বেশির ভাগ ....(নয়েজ).... মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন এবং পশ্চিমবঙ্গ সুন্দর হলে শুধুমাত্র মাননীয়া মুখ্যমন্ত্রী বা কোনো নির্দিষ্ট দলের জন্য সুন্দর হবে না। পশ্চিমবঙ্গ সুন্দর হলে কলকাতাকে যদি লন্ডন বানানো যায়—এটা আমাদের একটা দিশা। সেই দিশাকে আমরা সামান্যতম কার্যকরী করতে পারি তাহলে কিন্তু পশ্চিমবঙ্গে সব থেকে বেশি যে slum আছে বা যে উদ্বাস্তু ঝুপড়ি আছে সেটা কিন্তু রেলের জায়গায় আছে। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ভারতীয় রেলের কাছে অনুরোধ করে বলব যে, রেলের জমিগুলো হয় তারা slumকে কোনো চিন্তা-ভাবনা করুক, তা নইলে রাজ্য সরকারের হাতে সেই জমিগুলোকে হস্তান্তর করে দিক। আমাদের নগরোন্নয়ন মন্ত্রী আছেন, তিনি আপনাদের সামনে একটা দৃষ্টান্তমূলক উদাহরণ তুলে ধরেছেন দত্তাবাদে রেলের জমি আমরা দেখিয়েছি—কি ভাবে দত্তাবাদে রেলের জমি যেখানে উদ্বাস্তু পরিবার আজকে অনেক বছর ধরে বসে আছে, তাদের শুধু ভোটের কাজে লাগানো হয়েছে, বিগত সরকারগুলো। সেখানে কিন্তু নগরায়ণ মন্ত্রী দত্তাবাদের পুনর্বাসন দিয়ে রেলের জমিতে রেলের কাজ, ত্বরান্বিত করার ব্যাপারে দৃষ্টান্তমূলক উদাহরণ স্থাপন করেছেন। তাই মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি অনুরোধ করব যে রেলের জমিগুলোতে যে উদ্বাস্তু বসে আছে তাদের উচ্ছেদ করে নয়, তাদের তাড়িয়ে দিয়ে নয়, তাদের উৎখাত করে নয়, তাদের পুনর্বাসন দিয়ে—সেইজন্য যদি কেন্দ্রীয় সরকারের রেল দপ্তর পারে খুব ভালো, যদি না পারে দত্তাবাদ মডেলকে মডেল হিসাবে গ্রহণ করে আমাদের রাজ্য সরকারের হাতে তুলে দিক আমরা তাকে মডেল ভাবে সেটাকে তৈরি করে দেব। কারণ এখানে নগর উন্নয়ন মন্ত্রী আছেন, তিনি হয়তো বয়সে অনেক বর্ষীয়ান নয়, তিনি কিন্তু করে দেখিয়েছেন। এবং দত্তাবাদ মডেল, রেলের জমি থেকে কি করে মানুষকে উচ্ছেদ না করে, উৎখাত না করে দত্তাবাদ মডেল করে আমরা কিন্তু দেখিয়েছি যে, আজকে প্রায় ৫০ বছর ধরে বসে আসে তাদের পুনর্বাসন দিয়ে তাদের স্থানান্তরিত করে আমরা কিন্তু রেলের কাজকে ত্বরান্বিত করতে পেরেছি। এটার জন্য আমি মাননীয় রেল মন্ত্রীকে বলব যে তিনি ধন্যবাদ দিয়ে শুধু নয় তিনি যেন পশ্চিমবাংলায় যে সমস্ত রেলের জায়গা আছে সেইগুলোকে পুনর্বিবেচনা করেন। মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীর একটা স্বপ্ন হচ্ছে জল ধরো জল ভরো।

তার সঙ্গে সঙ্গে আমি আপনার মাধ্যমে অ্যাড করতে চাই যে শুধুমাত্র পুকুর খনন নয়, আমদের এটা করতে হবে যে, রেন ওয়াটার হারভেস্টিং, বর্ষার জল এবং বৃষ্টির জলও ধরতে হবে।

(এই সময় নীলবাতি জ্বলে ওঠে)

মাননীয় স্পীকার স্যার, আমার সময় হয়ে গেছে আমি আমার সহকর্মী বন্ধুদের বলব, আমি একজন নতুন বিধায়ক আমাকে এইভাবে ডিসটার্ব করে আপনারা যে দৃষ্টান্ত স্থাপন করলেন আগামী দিনে যেটা আপনারা করলেন সেটা কিন্তু ফিরে যাবে। আমি ধন্যবাদ জানাচ্ছি, এই জিনিসটা কিন্তু ভালো নয়। নমস্কার।

Mr. Speaker : Hon'ble Leader of Opposition, Dr. Mishra, I read out from page no. 929 of Kaul and Shakdher. "The Speaker has to see that a division is not claimed unnecessarily." I have taken the sense of this House. I have seen the strength of the Ruling Party and the Opposition Party. "Frivolous requests for division have been disallowed by the Speaker." —So I think it was a frivolous request that is why I have disallowed it.

"...(At this state, the Leader of the Opposition, Dr. Surjya Kanta Mishra, tried to speak something)...

No, no, please, you also know it. In accordance with this Rule I have disallowed this because according to me, the strength of the Ruling Party and the strength of the Opposite Party are not equal. The Members of the Ruling Party are quite good in number whereas the Members of the Opposition Parties, are few in number. Therefore, allowing a division would have been abuse of process of law. Therefore, I have disallowed it.

...(At this stage, Hon'ble Leader of the Opposition, Dr. Surjya Kanta Mishra rose to speak something)...

No, there will not be a decision. I said when I think it is frivolous, then I can disallow it.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অ্যামেন্ডমেন্ট যেটা মুভ করা হয়েছে সেটাও কি ডিসঅ্যালাও হবে ?

Mr. Speaker : This has been recorded. Whatever amendment you have moved that has been recorded.

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে আজকে রাজ্যপালের ভাষণের উপর আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে। গত

১০ তারিখে মাননীয় রাজ্যপাল এই সদনে পশ্চিমবাংলার উন্নয়ন সম্পর্কে একটা রিপোর্ট যেটা রাজ্যপালের ভাষণ বলে পরিচিত সেটা পেশ করেছিলেন, যার উপর আজকে এই বিতর্ক চলছে চতুর্থ দিনে, সেই বিতর্কে অংশগ্রহণ করে আমি প্রথমে বিরোধীদের একটা কথা বলি, আপনারা যারা এখানে অংশগ্রহণ করেছেন, আলোচনায় মূল আলোচনার বাইরে চলে গিয়ে আপনারা অনেক প্রথাগত কনভেনশানের কথা তুলছেন। গতকাল আনিসুর সাহেব বলেছেন, আমি একমত ওনার সঙ্গে, আমার মনে হয় স্পীকার সাহেবকেও বলব, আপনাকেও ভাবতে হবে, বিধানসভায় অনেক কিছু নিয়ম-কানুন যেগুলো নাকি খুব বিশেষ প্রয়োজন হয় না, অথচ সময় নষ্ট হয়।

[11.40—11.50 a.m.]

সেই সমস্ত অপ্রয়োজনীয় জিনিসগুলো বাদ দিয়ে সময়কে কাজে লাগিয়ে আরও বিধানসভাকে প্রাণবন্ত করা যায় কিনা, সেই বিষয়টা আগামীদিনে দেখার কথা বলব। কিন্তু সেই সঙ্গে একটা কথা আমি আপনাদের কাছে আগেও অনেকবার মনে করিয়ে দিয়েছি এখনও মনে করাচ্ছি যে রাজ্যপাল একজন মানুষ, তিনি মেশিন নয়। তিনি একটা রিপোর্ট এখানে পেশ করেছেন। যার পাতার সংখ্যা হচ্ছে ১৮, আর অনুচ্ছেদের সংখ্যা ৫২। প্রত্যেক কটা অনুচ্ছেদে উনি পশ্চিমবাংলার বিগত বছরে কতটা কি উন্নয়ন হয়েছে না হয়েছে তার কথাগুলো তুলে ধরেছেন। মাননীয় রাজ্যপাল যখন তার সরকারের উন্নয়নের কথা বলছেন স্বাভাবিকভাবেই আমরা সমর্থন করব আপনারা বিরোধিতা করবেন। এটা খুবই স্বাভাবিক। কিন্তু কতকগুলো জায়গায় আমি বিরেধী পক্ষকে বলব যে আমরা কথায় কথায় আপনাদের বলি যে ৩৪ বছর। আপনারাও একটা সময় বলতেন যে ৭২-৭৭ বছর। আজকে তাঁরা নেই, তাঁরা আজকে আপনাদের বন্ধু হয়েছে। ১৯৭২-এর থেকে ১৯৭৭-এর কথা আপনারা এখানে কম বলেন। আমরা একটু বেশি ৩৪ বছরের কথা বলি। তার কারণ ৩৪ বছর ছিলেন, অপব্যাখ্যা করেছেন, অন্যায় করেছেন, অত্যাচার করেছেন। সকালবেলা সুশান্তবাবু একটা অত্যন্ত ভালো কথা বললেন। মানুষ হিসাবে ওনাকে ভালো লাগে। কিন্তু উনি যে আবার এই মানুষটাই এত জঘন্য কাজ করতে পারেন, সেটা ওনাকে আমি বলছি ওনার বিবেককে জিজ্ঞাসা করে দেখুন। মানুষকে মেরে নুন দিলে মানুষ গলে যায়। এই যে বিজ্ঞানভিত্তিক মানুষকে হত্যা করার যে একটা পরিকল্পনা, এইসব জিনিসগুলো যখন রাজ্যপালের ভাষণে থাকে বা থাকে না, এই নিয়ে আলোচনা আমরা করি। একটা বিষয় আপনাকে জানতে হবে যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কি বলেছিলেন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বলেছিলেন "দেশের উন্নতি বলিতে কাহাদের উন্নতি বোঝায়। রামাকৈবর্ত্য রহিম শেখের উন্নতি ?" তা যদি না হয়ে থাকে তাহলে বুঝতে হবে এই উন্নতি বা উন্নয়ন হয় নি। আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের এই মা-মাটি-মানুষের সরকার সেই সামাজিকতায় সেই জায়গাটা স্পর্শ করতে পেরেছেন। স্বামীজি কি বলেছেন ? তিনি বলেছেন, "গ্রামের দরিদ্র মানুষের ঘরেই পাওয়া যায় জাতীয় জীবনের স্পন্দন।" সেই জাতীয় জীবনের স্পন্দনকে উনি আরও বেশি ত্বরান্বিত করার জন্য **আজকে বিধানসভার মধ্যে সময় কম** দিয়ে তিনি বাংলায় ঘুরে

বেড়াচ্ছেন। ভাবতে পারেন ? যে একজন মুখ্যমন্ত্রী ৩৪ মাসের সরকার, আর আপনারা বসে আছেন ৩৪ বছরের সরকার। এই ৩৪ মাসের সরকারের একজন মুখ্যমন্ত্রী ইতিমধ্যে ২৫ বার দার্জিলিং গেছেন, ২৩ বার জঙ্গলমহলে গেছেন। আজকে আপনারা এখানে সমালোচনা করছেন যে তিনি কেন হাউসে আসছেন না। আমি জানি এটা আপনাদের একটা বিশেষ কায়দা। আজকে তিনি পশ্চিমবাংলার গ্রাম-গঞ্জে ঘুরে বেড়াচ্ছেন। তাঁর টোটাল ক্যাবিনেটকে তুলে নিয়ে গিয়ে তিনি গ্রামের মানুষের সঙ্গে সেই রামাকৈবর্তো রহিম শেখদের পরিচয় করিয়ে দিয়ে তাদের আঙুল দিয়ে কাজ শেখাবার ব্যবস্থা করছেন। আর সে কথাগুলো যখন রাজ্যপাল বলছেন আপনাদের গায়ে লেগে যাচ্ছে। একটা গল্প আমার মনে পড়ে গেল। একটা গরীব মানুষ রোজ মদ খেয়ে বাড়িতে ঢোকে, আর তার স্ত্রীকে পেটায়। কেন জানেন ? তাকে মুরগির মাংস দিতে হবে বলে তার স্ত্রীকে পেটায়। স্ত্রী মুরগির মাংস জোগান দিতে পারেন না। গরীব মানুষ, কোথা থেকে দেবেন। কিন্তু স্বামী শুনবেন না, স্বামী রোজ মদ খেয়ে এসে স্ত্রীকে পেটাচ্ছেন। স্ত্রী তখন বাধ্য হয়ে একদিন ছেলের সঙ্গে পরামর্শ করলেন। ছেলেটি অল্পবয়সি ছেলে। বলল, দ্যাখ তোর বাবা রোজ মদ খেয়ে এসে আমাকে মারছে। মুরগির মাংস খাওয়াতে হবে। কিন্তু আমার তো সেই ক্ষমতা নেই। আমি তাই ঠিক করেছি তোর বাবাকে আজ থেকে ব্যাং খাওয়াব। তুই কিন্তু বলিস না বাবাকে। গল্পটার নাম হচ্ছে 'বলে দিলে মা মার খাবে, আর না বললে বাবা ব্যাং খাবে।' ছেলেটি উপলব্ধি করছে, আপনাদের অবস্থাও তাই ছেলেটির মতো হয়েছে। উন্নয়ন হচ্ছে, আপনারা উপলব্ধি করছেন, কিন্তু সেটা বলতে গেলে পার্টি থেকে বার করে দেবে। আর না বললে মানুষ বার করে দেবে। বড় কষ্টের মধ্যে পড়ে গেছেন। তাই আজকে আপনাদের আমি এই কথাই বারবার বলতে চাইছি যে রাজ্যপালের ভাষণে যে কথাগুলো বলা হয়েছে প্লিজ একটু অনুধাবন করুন। যদি কোথাও ভুল হয়, আমাদের অল্পদিনের সরকার, আমরা তো আপনাদের মতো পাকাপোক্ত চোর নই, আপনাদের মতো পাকাপোক্ত বেহিসাবি নই। আপনারা পরিকল্পনা করে মানুষ খুন করতে পারেন। আপনারা পরিকল্পনা করে অপচয় করেন। আপনারা পরিকল্পনা করে গণতন্ত্রকে প্রহসনে পরিণত করেন। আমরা সাদাসিধে মা-মাটি-মানুষের দল। এসেছি, মাত্র ৩৪ মাস শাসন করছি। সামগ্রিক ভাবে কোথাও আমাদের মন্ত্রীরা ভুল করতে পারেন, সচিবরা ভুল করতে পারেন। তা বলে এত সমালোচনা না করে আপনারা এই কথাগুলো বলবেন না যে আজকে 'কন্যাশ্রী' হয়েছে, আপনাদের সময়ও উপস্থিতি ছিল। আজকে আপনাদের গ্রামের মেয়েরা পড়াশোনা করবে, ৫০০ টাকা স্টাইপেন্ড পাবে। বিয়ের সময় ২৫ হাজার টাকা পাবে। একটা ছেলে বেকার ভাতার নাম করে আপনাদের সময় প্রহসনে পরিণত হয়েছে। আমরা যখন ওখানে ছিলাম ওখান থেকে বহুবার বেকার ভাতা নিয়ে কটূক্তি করেছি। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যুবশ্রী নাম দিয়েছেন। সেখানে যুবক-যুবতীরা পড়াশোনা করে বেকার হয়ে বসে থাকলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ব্যাঙ্কে নাম লেখাবে। দেড় হাজার টাকা করে প্রতি মাসে পাবে। ১ লক্ষ ছেলেকে বেছে নেওয়া হয়েছে। এইসব জিনিসগুলো আপনাদের ভালো লাগছে না। এগুলো তো একটু বলতে হবে আপনাদের। আজকে চৌত্রিশ বছরের সরকারে আপনারা যা করেছেন তার থেকে আমরা অল্প সময়ের মধ্যে অনেক

অনেক বেশি কাজ করতে পেরেছি। আজকে ৪৫টি—ভাবতে পারছেন, মহিলা আদালত হয়েছে, ৪৫টি মহিলা আদালত হয়েছে, ১৯টি মানবাধিকার আদালত হয়েছে, ৩টি সি.বি.আই. আদালত হয়েছে। এগুলো কাদের জন্য হয়েছে ? এই যে আপনাদের চৌত্রিশ বছরের ব্যর্থতায় মানুষ আজকে যেখানে অবনতি হয়ে পড়েছিল, মহিলারা যেখানে অবহেলিত হয়ে পড়েছিল, আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেই জায়গাটা লিফ্‌ট করার চেষ্টা করছেন। আজকে তিনি চেষ্টা করছেন গ্রামের পিছিয়ে-পড়া মানুষদের জন্য। আজকে ব্রিগেডে তো এত লোক হল, আমাদের লোক হয়েছে, তার অর্ধেক লোক আপনাদের হয়েছে, তার অর্ধেক লোক হয়তো বি.জে.পি.-র হয়েছে। কার কত লোক হয়েছে সেটা বলছি না। কিন্তু সূর্যবাবু একটা জিনিস লক্ষ্য করেছেন ? খুব সিরিয়াসলি বলছি। অতীতে ব্রিগেড হয়েছে, আমরা দেখেছি। আপনাদের ব্রিগেডে হত দরিদ্র মানুষেরা আসত। তাদের গায়ে জামা-কাপড় থাকত না। দেখলেই বোঝা যেত বুভুক্ষু মানুষ তারা। তারা ব্রিগেডে এসেছেন আপনাদের মতো নেতার কাছ থেকে পরিত্রাণ পেতে। সেই দুঃখ-কষ্ট থেকে পরিত্রাণ পেতে। আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্রিগেড দেখেছেন। এমনকি আপনাদের ব্রিগেড, এমনকি বি.জে.পি.-র ব্রিগেড, যে ব্রিগেডে লক্ষ লক্ষ গ্রামের মানুষ ছিল। যাদের গা চক্ চক্ করছে। যাদের দেখলেই মনে হচ্ছে, খেয়ে-পরে আছে। তারা বুঝতে পারছে যে, হ্যা, আমাদের এটাই সরকার। তারা এই পশ্চিমবাংলার মানুষ। এই গ্রামের মানুষ। যে গ্রামের মানুষকে আপনারা অবহেলিত রেখে শুধুমাত্র পার্টির লোককে পাইয়ে দিয়েছিলেন। আজকে মমতা বন্দ্যোপাধ্যায় সেগুলোকে কেড়ে নিয়েছে। আজকে গ্রামের সমস্ত মানুষকে বিলিয়ে দিয়েছেন। তাই জন্য এত ঝাঁ চকচকে। একটা সুন্দর ব্রিগেড আপনার আমার সকলের মধ্যে হয়েছে। এটা তো গর্বের বিষয়। এটাতো বলবেন। এটা তো বলা দরকার আপনাদের। আমি সেই জন্যে আপনাদের বলি যে, আজকে শিক্ষাবর্ষে—অনেকে অনেক কথা বললেন, আমাদের ফরওয়ার্ড ব্লকের নেতা, উদয়নবাবু আমার বিশিষ্ট বন্ধু, অনেক কথা বললেন। উনি তো বাজেটের ধার-কাছ দিয়ে গেলেন না। কিছু গল্প জুড়ে—সুচিত্রা সেন, অমুক, তমুক, এটা-ওটা সেটা বলে চলে গেলেন। রাজ্যপালের ভাষণের দিকে গেলেন না। তিনি বলে গেলেন কথাগুলো শুনুন ভালো করে—উনি রাজ্যপালের ভাষণের কথা না বলে সুচিত্রা সেন থেকে উত্তমকুমার সকলের কথা নিয়ে এলেন। লজ্জা লাগছে ? মনে নেই আপনাদের, মহানায়ক উত্তমকুমার যেদিন মারা গিয়েছিলেন এই নন্দনে রবীন্দ্রসদনে দাঁড়িয়ে একটা মালা দিতে আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কুণ্ঠিত হয়েছিলেন। আপনাদের নির্দেশ দিয়েছিলেন, মালা দেবেন না। আজকে সেই উত্তমকুমারকে তাঁর জন্মদিনে মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর পায়ে ফুল রেখে সম্মান করেছেন। গোটা পশ্চিমবাংলা তথা গোটা ভারতবর্ষের মানুষকে যদি সম্মান জানায় সেটা অন্যায় কাজ হবে ?

আপনি সেটাকে নিয়ে ব্যঙ্গ করছেন। সুচিত্রা সেনকে দেখতে গেলেন পাঁচবার। আপনার গাত্রদাহ হচ্ছে। আপনাকে একবারও দেখতে যায়নি, বর্ণালিকে আপনার জেলায় যখন ধর্ষণ করা হয়েছিল আপনি ক-দিন দেখতে গিয়েছিলেন ? আপনি তার পাশে দাঁড়িয়েছিলেন ? আপনি যাননি, দেখেননি। শুনুন, উচিত হচ্ছে আয়নাটা একটু রাখবেন

সামনে, রেখে দেখবেন নিজেদের চেহারাগুলো। আপনাদের, এইসব বসে আছেন যাঁরা, মুণ্ডু কেটে মায়ের পান্তা ভাতে রক্ত দিয়ে মাখিয়ে ছেলেকে খাইয়েছেন। এই জিনিস আমরা পশ্চিমবাংলায় দেখেছি। আপনারা তখন কোথায় ছিলেন জানি না। কিন্তু আজকে মমতা বন্দ্যোপাধ্যায় সমস্ত কিছু ভুলে আপনাদের সকলকে নিয়ে যখন কাজ করতে চাইছেন, নতুন নতুন বিশ্ববিদ্যালয় করছেন, আজকে কলেজ স্থাপন করছেন। আজকে প্রত্যেকটা ব্লকে—আপনার ব্লকেও হবে, আপনার ছেলে-মেয়েরা পড়বে। তার জন্য আই.টি.আই. কলেজ করছেন। সেখানে কারিগরি শিক্ষায় শিক্ষিত হয়ে তারা যাতে কাজ করতে পারে। মহিলা বিশ্ববিদ্যালয় করছেন। ৬টি মহিলা বিশ্ববিদ্যালয় হচ্ছে। এগুলো কাজ নয় ? এত অল্প সময়ের মধ্যে এগুলো ভালো কাজ নয় ? আজকে গ্রামের কৃষকদের মুখে হাসি ফুটাবার জন্য কৃষাণ-ক্রেডিট কার্ড করছেন। আপনারা স্বাস্থ্য ব্যবস্থাটা ভেঙে ফেলেছিলেন। ফলে স্বাস্থ্য ব্যবস্থাটা নষ্ট হয়ে গিয়েছিল। আজকে ভাবতে পারছেন, স্বাস্থ্যের মধ্যে কি বিপ্লব ঘটে গেল। একটা গ্রামের গরিব মানুষ ৬৭ পার্সেন্ট লেসে ওষুধ পাবে। এটা একটা স্বপ্ন ছিল। চৌত্রিশ বছর ধরে কি করছিলেন ? সময় কম পেয়েছেন ? আপনারা জোচ্চুরি করে জিতুন আর বাংলার মানুষের ভোটে জিতুন, চৌত্রিশটা বছর পেয়েছেন। মাত্র চৌত্রিশ মাসে আজকে মমতা বন্দ্যোপাধ্যায় গ্রামের সাব-ডিভিশনে, গ্রামের সাব-সেন্টারে মানুষকে যে বিনা পয়সায় ওষুধ দিচ্ছেন, তো এর প্রশংসা করবেন না ? শুধুমাত্র সমালোচনা করে যাবেন ? সামান্য সামান্য বিষয়ে ডিভিশন চাইবেন—ডিভিশন চাই। এতগুলো অনুচ্ছেদে মাননীয় রাজ্যপাল তাঁর পশ্চিমবাংলার উন্নয়নের কথা বলেছেন। আমি যদি সব কটাকে ব্যাখ্যা করতে চাই তাহলে আমি একমাত্র বক্তা হব। সূর্যবাবু আপনি সুযোগ পাবেন না।

[11.50 a.m.—12.01 p.m.]

আমি সেটা চাই না। আমি চাই Parliament is for the Opposition. আমরা জানি তাই আপনাদের সুযোগ দিচ্ছি, আপনারা বলুন। কিন্তু গঠনমূলক ভাবে বলুন। আজেবাজে কথা বলে, বাজার গরম না কর গঠনমূলক কথা-বার্তা বলুন।

তাই শেষ কথাটুকু এই ভাবে বলতে চাইছি, স্যার আমি দু-মিনিট সময় নেব, যে কথাটা বলে শেষ করতে চাইছি সেটা হয়তো আপনার কাছে হিংসার কারণ হতে পারে, টোন-টিটকিরি করবেন, কটূক্তি করবেন কিন্তু আমি অন্তর থেকে উপলব্ধি করে এটা বলছি। স্বামীজি বলেছিলেন, "অধিনায়ক যেন একজন সেবক হয়, অধিনায়ক যেন স্বার্থপরতা বর্জন করতে পারে, অধিনায়ক যেন সবাইকে নিয়ে চলতে পারে।" আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয়া মুখ্যমন্ত্রী স্বার্থপরতার ওপরে, তিনি একজন সেবক। তাই আপনাদের বলছি, আসুন তাঁর পাশে দাঁড়ান, তাঁর হাত আরো শক্ত করুন, আমরা সকলে মিলে আজকে পশ্চিমবাংলাকে নতুন করে গড়ে তুলি। তাই শেষ কথাটা বলি, শুনুন ভালো করে। ভালো করে শুনে নিন কাজে লাগবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলেছিলেন, "তোদের চৈতন্য হোক"। সেই কথাটাই আমি বলছি "তোদের চৈতন্য হোক, তোরা মানুষ হ"। ধন্যবাদ। নমস্কার।

श्रीमती जहाँनारा खान : सम्माननीय अध्यक्ष महोदय, भारतीय संविधान के 176 नम्बर धारा के अनुसार पश्चिम बंगाल के राज्यपाल साहेब श्री एम० के० नारायनन ने 10.2.2014 मे जो वक्तव्य पेश किये है, मै उसके विरोध मे कुछ बोलना चाहती हूँ। हमलोग पहली बार विधायक हुए है जितना दिन जा रहा है, उतना ही नई-नई शिक्षा मिल रही है। जैसे हाथी के दाँत दिखाने के कुछ और खाने के कुछ। राज्यपाल महोदय के किताब में जो लिखे है वो किये नही है और जो किये हैं वो लिखे नही हैं। मै पहले ये बात बोलना चाहती हूँ कि राज्यपाल महोदय बोले है कि पंचायत चुनाव बहुत शान्तिपूर्वक हुए है। मै ये बोलना चाहती हूँ कि वास्तविक चित्र क्या हैं। 6 हजार आसन मे विरोधी प्रार्थी को कोई nomination file करने ही नही दिया गया। जोर-जबरदस्ती कर प्रार्थी को मनोनयन पत्र वापस करने के लिये मजबूर किया गया। पंचायत चुनाव मे 3 हजार booth दखल किया गया। विजयी सदस्य का खुन करके पंचायत दखल किया गया। मेरे विधानसभा के पंचायत चुनाव के दिन जामुडिया विधानसभा क्षेत्र मे क्या हुआ आपलोग जानते है। चुनाव के दिन मे जो महिला कर्मी खडे हुए थे मदलगढ पंचायत के मधुडाँगा गाँव के पंचायत मेम्बर के husband को, शेख हसनत को तृणमुल के गुण्डों ने ले जाकर मार डाला गया। पंचायत चुनाव मे 7 आदमी की मौत हुई है। फिर भी हमारे राज्यपाल साहब बोल रहें है कि पंचायत चुनाव शान्तिपूर्वक हुए है। मै ईसलिए इसकी विरोध करती हूँ। और इसके बाबजूद भी हमलोगों ने क्या देखे सिर्फ पंचायत नही पंचायत चुनाव के बाद पौरसभा चुनाव भी ठीक इसी तरह का चित्र देखने को मिला। वर्धमान, पानीहाटी, चाकदा, हावडा सभी एक-के-बाद एक बुथ कब्जा करके और चुनाव के बाद भी वामफ्रन्ट के पंचायत सदेस्यों का खुन करके पंचायत हासिल करने का काम किया है। हासनावाद पंचायत समिति के सदस्य जहाँगीर आलम का खुन हुआ है। करीमपूर से रंजीत मिस्त्री का खुन हुआ है। चाकदा, हलदिया, हालीशहर, आरामबाग, साइथिया सभी पौरसभा एक ही तरह जबरदखल किया गया है। सिर्फ पौरसभा ही नहीं, स्कुल के चुनाव मे भी हमलोग क्या देखे है सभी जगह तृणमूल के वाइक वाहिनी पिस्तोल लेकर चुनाव किया है। रायगंज इटाहार प्रेसीडेन्सी सभी जगह मे एक ही चित्र हमलोग को देखने के लिए मिला है। डाइमण्ड हार्बर के कॉलेज मे भाँगड के काँलेज मे जहाँ हमलोग देखें है वहाँ वार्षिक सभा हो रहा है उस सभा मे हमलोग क्या देखे हैं ये तृणमूल की जो संस्कृति है वो हमलोग टी०भी- के द्वारा शोरगुल होता है। आपलोग का जो कल्चर है हमलोग ही नहीं सारे बंगाल के आदमी देखे हैं कि वहाँ किस तरीके से दमन किया जा रहा हैं और वहा तृणमूलके नेता रूपया फेक रहे है एक लड़की के उपर, ये देखकर तो शर्म से सिर झुक जाता है। छि: यही आपलोग का कल्चर है। पश्चिम बंगाल मे सबसे बुरा हाल है महिला लोगों का। आज बंगाल मे चाहे वह 7 साल की हो या 70 साल की कोई भी बच्ची, महिला कोई भी सुरक्षित नहीं है। पहले हमलोग टी० भी० सिरियल एक साथ देख नहीं पाते थे मगर आज हमलोग टी०भी० न्यूज एक साथ परिवार के साथ बैठकर देख नहीं पाते है। हमलोग क्या देखे है कामदुनी, कटवा, नवापूर, फलाकाटा, मध्यमग्राम, आसानसोल, कोलकाता, लाभपुर अभी जगह एक ही किस्म का महिला के उपर अत्याचार

का मामला देखने को मिलता हैं माननीय अध्यक्ष महोदय राज्यपाल महोदय के भाषण मे लिखा गया है पुलिस कमिशनरी बनेगा। यह देख हमलोगों को बहुत खुशी हुआ। जो अच्छा काम करते है उसके काम मे बाधा नहीं देने है, ये वामफ्रन्ट की आवाज हैं। मगर हमलोग देखे 5 पुलिस कमिशनर बना है-वहुत खुशी है। हम भी जहाँ रहते है जामुडिया में, आसानसोल मे पुलिस कमिशनर बने है और हर साल में इस कमिशनरियट का हाल तो सुनिये। और हर साल मे आसानसोल-दुर्गापुर सबडिविशन मे 40 आदमी खुन हुए है। हमारा मंत्री जी को तो पता नहीं आज नहीं आये है। आज मंत्री साहब रहते तो उन्हे हम पूछते जो वहाँ पर हमारा यहाँ दिन-दहाडे जो मर्डर हुए हैं। उसमे हमारा प्रमोटर खुन हुए है विजनेसमैन खुन हुए हैं। Ex. M.L.A. दिलीप सरकार खुन हुए हैं। अपूर्व मुखर्जी, श्री अस्मत ठाकुर, तरन्नुम परवीन, निर्भय दूवे ये बहुत सारे नाम है। 40 आदमी का नाम बोलने जाएगे तो मेरा टाइम खतम हो जाएगा। सभी दिनदहाडे हुये है। खुद मंत्री के घर के सामने मे लूट हुए है। नियामतपूर पुलिस थाना के सामने मे चोरी हो रहा हैं कोयला चोरी दिन दहाडे चोरी-डकैती हो रहा है। आपलोग जितना वैठ है-जाकर देखिये। मिट्टी उठाने से खाली कोयला चोर का लाश मिलेगा। मगर आपलोग डर के मारे डेथ बॉडी नहीं निकालने दे रहे है। सारे के उपर मिट्टी चडाकर रख रहे है। सभी दिन मे हो रहे है। आसनसोल मे पुलिस थाना बना पहले हमलोग को बहुत खुशी हुई। मगर पुलिस थाना के पहले पुलिस अफीसर के पिता का खुन दुर्गापुर रात मे खुन हुए। आजतक एक भी खुनी को पकडा नहीं गया।

Mr. Speaker : Please, শেষ করুন।

श्रीमती जहाँनारा खान : संख्यालघु के वारे मे बोलते है। सी० एम० बनने के बाद बोले कि 10 हजार मदरसा बनेगे, हुआ कितना 355 कोई सरकारी अनुदान नही मिलेगा। उसके बाद में आपलोग कहते है संखालघु Marketing Hub 56 जो सी० एम० साहेव 2012-13 मे घोषणा की थी। मगर आजतक नही हुआ, 56 हजार नौजवान लडके लडकी को काम मिलेगा मगर आज तक एक को भी नहीं मिला। ऐसी बहुत सारी घोषणा है ! मुख्यमंत्री बोलती है पर करती नहीं है। यही बोलकर राज्यपाल के भाषण को मैं समर्थन नहीं करते हुए मेरा वक्तव्य खतम करती हूँ। नमस्कार।

(At this stage the House was adjourned till 1.00 p.m.)

[1.00—1.10 p.m.]

After Adjournment

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন যে ভাষণ দিয়েছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করি। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বর্তমান মা-মাটি-মানুষের সরকারের যে নিরলস প্রচেষ্টা, অক্লান্ত পরিশ্রমে রাজ্যের সার্বিক উন্নয়নের যে ছবি তা বাস্তবিকভাবেই রাজ্যপালের

ভাষণের মধ্য দিয়ে ফুটে উঠেছে। তার জন্য আবার তাঁকে আর একবার ধন্যবাদ জানাই। আমি শুনছিলাম বিরোধী দলের সদস্যদের বক্তব্য। আর কালকে লোকসভায় জঘন্যতম ঘটনা ঘটানোর পর আজকে মুখ দেখাতে পারবে না বলে কংগ্রেস বিধায়ক তারা নিজেরাই চলে গেছে। এই রকম লজ্জাজনক ঘটনা তো দেখিনি। তাই প্রত্যেকের বক্তব্যের মধ্য দিয়েই একটা জিনিস আমরা লক্ষ্য করলাম যে বিরোধী দলের—আমরা ওই আসনে বসেছি, আমরাও ওখানে ছিলাম। যে অভিজ্ঞতা জন্মাচ্ছে তাতে মনে হচ্ছে যে মাঠে-ঘাটে বক্তৃতা দিয়ে যখন আমরা জনপ্রতিনিধি নির্বাচিত হই, যে ধরনের কথা বলি, আমরা বোধহয় বিধানসভার মধ্যে এসে, বসে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার খুঁটিনাটি বিচার বিশ্লেষণ করি না। করি না বলেই অনেক সদস্য যারা বক্তৃতা দিলেন, তারা নিজেরাই তাদের সরকারের আমলে দেওয়া রাজ্যপালের শেষ বক্তব্য, সেটুকুও পড়বার সময় পান না। যদি পেতেন তাহলে নিজেরাই বুঝতেন যে এই রাজ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সরকার অনেক বেশি অগ্রগতির পথে হাঁটছে। এখন দুটো কারণে আপনাদের মনে হতে পারে যে এটা স্বীকার করলে আবার কি করে যাব, যে সংখ্যা আমাদের আছে, সে সংখ্যাও হয়তো কমে যাবে। তা এমনিই কমবে। তার কারণ আপনারা যে ধরনের ভূমিকা পালন করছেন তাতে আপনাদের জনমানসে যে প্রতিচ্ছবি, সেই জনমানসে প্রতিচ্ছবি টিকিয়ে রাখাটা চেষ্টা করছেন শুধুমাত্র সংবাদমাধ্যমে হইহট্টগোল করে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাদের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে একটি কথা বলতে চাই। একটি ইনঅ্যাডভারটেন্টলি মুদ্রণ ভুল আছে পীযূষ তিরকে সম্পর্কে। আমি আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই সেটা সংশোধনের জন্য আমি রাজ্যপাল মহোদয়ের কাছে তার দৃষ্টি আকর্ষণ করব এবং যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাব। আমরা এবার দেখি যে ২০১০ সালে এম. কে নারায়ণন— যার সম্পর্কে আপনারা এত কিছু বলছেন, জোর করে লিখিয়ে নেওয়ার কথা বলছেন। আমরা বলছি যে রাজ্যপাল সরকারের কাজকর্মের একটা প্রতিচ্ছবি তুলে ধরেন। আমরাও বলেছিলাম সেইসময়, আপনারা তখন শোনেননি। আমি প্রথমটায় আসি রাজ্যপালের ভাষণে ৯ মার্চ ২০১০-এ তিনি কি বলেছিলেন ? তিনি বলেছিলেন, যে আইন-শৃঙ্খলা, যেটা নিয়ে আপনারা এতক্ষণ হইহই করলেন, অনেকে হিন্দি, বাংলা, উর্দু সব মিলিয়ে বলছেন। আমি সেখানে বলি কি বলেছিলেন তিনি ৯ মার্চ ২০১০-এ ? বলেছিলেন, "যে এই রাজ্যের মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া শুধু তিনটি জায়গাতেই ২৮টি থানা বাম উগ্রপন্থী দ্বারা উপদ্রুত। বলেছিলেন এখানে তিন বছর ধরে প্রতিনিয়ত থানায় আক্রমণ, অস্ত্র ছিনতাই, মাইন বিস্ফোরণ, তোলা আদায়, ব্যাঙ্ক লুটের মতোন কার্যকলাপ চলছে। চলতি বছরে তারা বহুসংখ্যক সাধারণ মানুষ এবং পুলিশ কর্মীকে হত্যা করেছে।" এবার আপনাকে বলি তার প্রেক্ষাপটে দাঁড়িয়ে এই ৩৪ মাসের জঙ্গলমহলের চেহারাটা কি ? সেখানে ৩৪ মাসে আজকে জঙ্গলমহল হাসছে। আপনারা কটাক্ষ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। বলেছিলেন পাহাড় হাসছি বলেছিলেন, কোথায় গেল হাসি। যখন বিমল গুরুংরা একটুখানি—মনোবেদনা প্রকাশ করেছিলেন তখন। আজকে সেই জঙ্গল মহলে যুবক-যুবতীরা ক্রীড়া পরিচালনা করছে, তারা উৎসবে আছে, তাদের মাথার ছাদ হচ্ছে, তারা

স্কুল-কলেজে যাচ্ছে, তারা বন্দুক ছেড়ে স্বেচ্ছাসেবক বাহিনীতে পুলিশের খাতায় তাদের চাকরির সুযোগ হচ্ছে, সস্তা দরে চাল দিয়ে তাদের ক্ষুধা নিবৃত্তি হচ্ছে, তাদের পিঁপড়ে খেয়ে বাঁচতে হচ্ছে না। এই কথাগুলো রাজ্যপাল বলেছে, তাতেই আপনাদের ঈর্ষা। উষ্মা হচ্ছে এই কারণেই যে আপনারা ৩৪ বছর ধরে সেই কাজটা করেননি। শুধু বক্তৃতায় বলে গেছেন আর্থ-সামাজিক উন্নয়নের কথা। আর ভোট কুড়িয়েছেন। কিন্তু আর্থ-সামাজিক উন্নয়নের বিষয়টি মার্কেসের বই পড়েও আপনারা সেখানে ছুঁয়ে যেতে পারেননি। সুতরাং আপনাদের এই কথার পরিপ্রেক্ষিতে এই ৩৪ মাসের যে এত কথা বলছেন, তাতেই রাজ্যপাল মহোদয় জঙ্গলমহলের যে উন্নতির ছবি, যে আর্থ-সামাজিক উন্নয়নের ছবি, যে পুনর্গঠনের ছবি, সে শান্তির ছবি এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে বার বার লালগড়, এই উপদ্রুত অঞ্চলে গিয়ে মানুষের মন জয় করার যে সাহসিকতা দেখিয়েছেন, এতে আপনাদের মুখ ঢাকতে হবে লজ্জায়। মুখটা ঢাকতে হচ্ছে বলেই কখনও কখনও আপনারা পিছপা হয়ে নানারকম অছিলায় বেরিয়ে যাচ্ছেন এবং আপনাদের অকর্মণ্যতার ছবি আপনারা তুলে আনছেন। দ্বিতীয় প্রশ্ন এসেছিল ওই ভাষণে তিন নম্বর পাতায়। আপনারা নিজেরাই বলেছিলেন যে আপনাদের দ্বারা সম্ভব হচ্ছে না গোর্খা জনমুক্তি মোর্চার আন্দোলনে পাহাড়ে শান্তি ফেরানো। পাহাড়ে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে কোনোদিন দেখিনি। অশোক ভট্টাচার্য কালিম্পং পর্যন্ত গিয়ে বাড়ি ফিরে চলে এসেছিলেন। এই হচ্ছে আপনাদের তৎকালীন পাহাড়ের শান্তি প্রতিষ্ঠার ইতিহাস। আর একটি ইতিহাস আছে। আপনারা তাদেরকে নেপালি ভাষায় এখানে বক্তৃতা দিয়ে এয়ারপোর্টে নিয়ে গিয়ে বললেন কালকের পর থেকে আপনারা সমস্ত কিছু করে দিচ্ছেন ওদের জন্য। সুভাস ঘিসিংকে গান্ধীমূর্তির পাদদেশে পাঠিয়ে দিয়ে বললেন গান্ধীকে প্রণাম কর। আর বিমল গুরুংকে ডেকে আনলেন চা খাওয়ার নাম করে মহাকরণে বললেন বুদ্ধবাবুকে প্রণাম কর। এই দুটো প্রণামের কোনোটারই কাজ হয়নি। তার কারণ পাহাড়ের মানুষের প্রতিদিনের পর দিন যে অবিচার, যে অন্যায়, যে অনুন্নয়ন, যে বেকারিত্ব, পর্যটনে উন্নতমানের পরিষেবা দেওয়ার কোনো সুযোগ তাদেরকে দেওয়া হয়নি। চাকরির সুযোগ তাদেরকে দেওয়া হয়নি। তাদের অধিকার কেড়ে নিয়ে শুধুমাত্র অশোকবাবুর অধিকার, সি.পি.এম.-এর অধিকার প্রতিষ্ঠিত করেছিলেন।

[1.10 – 1.20 p.m.]

তার মুখোমুখি দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায় বারবার উত্তরবঙ্গে গিয়ে, বারবার পাহাড়ে গিয়ে বুঝিয়ে এসেছেন—পাহাড় আমাদের অবিচ্ছেদ্য অঙ্গ এবং পাহাড় আমাদের ভাই-বোন। যেরকম সমতলের লোকেরা আমাদের ভাই-বোন, তেমনি পাহাড়ের লোকেরাও আমাদের ভাই-বোন। এই ভাই-বোন কথাটা বলবার অধিকার থেকে তারা বঞ্চিত ছিলেন। কেন? কেননা সেই সাহসিকতা ছিল না বিগত সরকারের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সমস্ত মন্ত্রী এবং তাদের পার্ষদদের। সেখানে এখন শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। ম্যালে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী বলতে পেরেছেন যে, এটা যেমন আমাদের অঙ্গ, তেমনি এটাও সঠিক যে তাদের অনুন্নয়ন হয়েছে। সেই অনুন্নয়নের কথা তিনি উপলব্ধি করতে পেরেছিলেন এবং উপলব্ধি করেই তিনি ব্যবস্থা

গ্রহণ করেছেন। আজকে পাহাড়ে পর্যটকদের ভিড় হচ্ছে। আপনারাও ফোন করে জানতে চান সেখানে যাওয়া ঠিক হবে কিনা। আজকে বিদেশিরাও সেখানে যাচ্ছে, তাতে রাজ্যের মুখ উজ্জ্বল হচ্ছে, রাজ্যের অর্থনীতি বাড়ছে। সেই কারণে পাহাড় এখন শান্ত। যে পাহাড় সম্বন্ধে লিখেছিলেন যে, পাহাড়ে অশান্তি চলছে, অনেক কিছু কেন্দ্রীয় সরকার এবং মোর্চার মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকের উদ্যোগ নিয়েছেন '৮৬ সাল থেকে এবং তার কোনোটাই ফলপ্রসূ হয়নি। এবং নিজেরাই বলেছেন সেখানে হিংসাত্মক ঘটনা ঘটছে। সমতলেও ছড়িয়ে পড়ছে, জাতিগত সংঘর্ষের জন্ম দিচ্ছে। আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তার মোকাবিলা করে সেখানে শান্তি প্রতিষ্ঠা করেছে। উন্নয়নের হাসিতে বাংলার মানুষ হাসছে, পাহাড়ের মানুষ হাসছে, আর তাই দেখে আপনারা শুধু দুঃখে কাঁদছেন আর কাঁদছেন, আর মিথ্যাচারে নামছেন। তাই পাহাড় আর জঙ্গল, এই দুটো কথা দিয়েই যদি আপনাদের আইন-শৃঙ্খলার কথা বলি তাহলে এটা ঠিকই যে, এই আমলে মাটির নিচে কঙ্কাল পাওয়া যাচ্ছে না। অন্য আমলে কঙ্কাল খুঁজে পাচ্ছি। গণতন্ত্রটা এতটাই বিস্তৃত, যাদের বিরুদ্ধে অভিযোগ আছে কঙ্কাল মাটির তলায় পাঠিয়েছেন, তারাও এই বিধানসভায় বলবার সুযোগ পাচ্ছেন। গণতন্ত্র বিস্তৃত বলেই এবং গণতন্ত্র ভালো বলেই। তাই আজকে যারা দোষী বলে অভিযুক্ত হয়েছেন, চিহ্নিত হয়েছেন—এখন আর বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদবে না, একদিন নিশ্চয় সেই অভিযুক্তরা শাস্তি পাবে। কিন্তু কঙ্কাল আর পাওয়া যাচ্ছে না। আগের আমলে প্রতিদিন এখানে দাঁড়িয়ে, এই পাশের সিটে দাঁড়িয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধবাবু বলেছিলেন। প্রশ্ন করেছিলাম, বলেছিলেন মেরুদণ্ড আছে কিনা। তিনি স্বর্ণপদক পেয়েছিলেন। তার আমলের সরকারের শেষ বছরের হিসাবে ২২ হাজার নারীর অসম্মান, শ্লীলতাহানি, ধর্ষণ-অত্যাচারের ইতিহাস তিনি অকপটে স্বীকার করেছিলেন এখানে প্রশ্নের উত্তরে। আজকে দু-চারটে বিচ্ছিন্ন ঘটনায়, কোথাও নারীধর্ষণের ঘটনায়, এটাতে আমরা যেমন ব্যথিত, মর্মাহত, তেমনি প্রশাসনিক ভাবে এর মোকাবিলা হচ্ছে। সেদিন প্রশাসনিকভাবে মোকাবিলা হত না। সেদিন কোনো মুখ্যমন্ত্রীকে দেখিনি ধর্ষিতার বাড়িতে মোটরবাইকে চেপে গিয়ে বলতে—আমি তোমার পাশে আছি। সরকারকে কোনোদিন দেখিনি ৫৫ দিনের মধ্যে মধ্যমগ্রামে অভিযুক্তদের বিরুদ্ধে চার্জশিট পেশ করা। সরকার কি কাজ করতে পারে ? সরকার প্রশাসনিকভাবে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পারে। আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী সেই প্রশাসনের কাজটাই করেছেন এবং করবেন এবং নির্মম শাস্তির ব্যবস্থার জন্য সরকারি প্রশাসন থেকে যতটুকু করা দরকার ততটুকুই করবেন। কিন্তু এই সামাজিক ব্যাধি নিয়ে নাড়াচাড়া কেন ? হাতে কর্মসূচি নেই বলেই এরা অন্য কর্মসূচির দিকে মুখ বাড়াতে পারছে না। এখন চোখের সামনে যে এত উন্নতির খবর, এই যে আপনাদের সামনে এত বিজ্ঞাপন থাকে, কই কোনোটা নিয়ে তো বলতে পারেন না যে বিজ্ঞাপনগুলো ভুল হচ্ছে বা ঠিক হচ্ছে। আমরাও একদিন ওখানে ৩০ ছিলাম, কোনো সময় ২৯ও ছিলাম, সম্মান পাইনি। কিন্তু আমরা মানুষের দায় পালন করেছিলাম। আপনারা মানুষের দায় পালন করছেন না। আপনারা আমাদের নেতাই কাণ্ড বলতে দেননি। আপনারা আমাদের সিঙ্গুর নিয়ে বলতে দেননি। আপনারা নন্দীগ্রামের মতো বীভৎস গণহত্যার কথা

এখানে তুলতে দেননি। আজকে দিনের পর দিন অত্যাচার হয়েছে বিরোধী দলের উপরে। আর আপনারা গণতান্ত্রিক যে শিষ্টাচার সেই শিষ্টাচারের মধ্যেই কাজ করার সুযোগ পাচ্ছেন। আর খালি কাঁদছেন মুখ্যমন্ত্রী এল না কেন ? ব্রিগেডে গিয়ে বলছেন চার্জশিট দেব আর ভিতরে এসে বলছেন মুখ্যমন্ত্রীর কাছে মোয়া খাব। এই দুটো একসঙ্গে করা যায় কী করে ? বাংলার মানুষ জানে, বাংলার মানুষ জানে মুখ্যমন্ত্রীকে কি ভাবে গভীর সংকটের মধ্যে দিয়ে চলতে হচ্ছে, ৩৫ বছরের সরকার যে গভীর সংকটের মধ্যে বাংলাকে ফেলে দিয়েছে সেই গভীর সংকট থেকে তাকে দিশা দেখাতে হবে। বাংলার মানুষের প্রত্যাশা অনুযায়ী তাকে কাজ করতে হবে। সূর্য্যবাবু একটা প্রশ্ন করলেন, ৬৪টা প্রশ্ন করলেন। ১৬৪টা প্রশ্ন আমি করেছিলাম। তার একটা উত্তর আপনি পেয়েছেন। আমি একটা উত্তরও পাইনি। সুতরাং আপনারা সেই গভীর সংকটের কথাটা মনে করে দেখুন। অন্ধকারের মধ্যে ১ লক্ষ ৩৭ হাজার কোটি টাকার ঋণের বোঝা দিয়ে গেছেন। বেকারিত্ব দিয়ে গেছেন। ধোঁয়া বন্ধ কারখানা দিয়ে গেছেন। বন্ধ কারখানা দিয়ে গেছেন। সারদা কাণ্ডের নায়কদের দিয়ে গেছেন। তার কারণ সারদা প্রতিষ্ঠিত হয়েছে আপনাদের আমলে। কারা কারা টাকা পেয়েছে, কারা প্যান কার্ড রাখতে জানে না। অথচ ব্যাঙ্ক অ্যাকাউন্টে কাদের ১৬ কোটি টাকা জমা থাকল। এ প্রশ্ন বাংলার মানুষ নিশ্চয়ই করবে। আপনারা মুখ ঢাকতে পারবেন না। কি করে সঞ্চয়িতার মালিক পড়ে গেল, না আত্মহত্যা করল, না, মেরে ফেলল। আজও কেউ জানে না। তাই সারদা কাণ্ড-সহ সব কাণ্ডের নায়ক আপনারা। আপনারাই চালিয়েছেন। আপনাদের কমরেডরা বিভিন্ন দিকে চালিয়েছে। বহুবার এই চিট ফান্ড নিয়ে আলোচনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুলিশ বাহিনীকে আধুনিকীকরণের বহু সুযোগ তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী পেয়েছিলেন। কিন্তু সে কাজে হাত দিতে পারেননি। সে কাজ করেনওনি। আজকের বাংলার মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে মমতা বন্দ্যোপাধ্যায় তিনি নিজে, পাঁচটি এবং কলকাতা শহরকে আরও বর্ধিত করে কমিশনারেট তৈরি করেছেন। হাওড়ার মাস্তানি বন্ধ হয়েছে বলেই হাওড়ার পুরসভাটা মানুষ দখল করে নিয়েছে ভোটের মাধ্যমে। ভেবেছিল আমরাই দখল করে থাকব, তা আর হয়নি। তাই এই সমস্ত কিছু প্রমাণ করছে রাজ্যের আইন-শৃঙ্খলাকে রক্ষার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর এবং সেই কারণেই যে রাজ্যপাল মহোদয় অভিযোগ তুলেছিলেন আইন-শৃঙ্খলায়, এটা একটু খেয়াল রাখুন আপনারা, সেই রাজ্যপালই আবার ভাষণ দিয়ে বলছেন আমি আইন-শৃঙ্খলার ব্যাপারে সন্তুষ্ট হচ্ছি। এটা সবচেয়ে বড়ো পাওনা। এটা সবচেয়ে বড়ো পাওনা এই কারণে যে আজকে আপনাদের কোনো কাজ নেই। আপনাদের বাধাদান, আপনাদের বয়কট, আপনাদের টি.ভির সামনে মুখ দেখিয়ে কিছুটা বলা, এছাড়া আপনাদের আর কোনো কাজ নেই। কারণ আপনাদের কোনো কাজ নেই তাই বলেন। দ্বিতীয় আসুন। পুলিশ গেল এবার তথ্য প্রযুক্তি। তথ্য বলছে আপনাদের পেজ ফাইভ ছিল। তথ্য প্রযুক্তি। মানসবাবু নেই কি আর বলব। বাইরে গিয়ে বলে এলেন ১২ হাজার লোক নাকি তথ্যপ্রযুক্তির এ রাজ্য থেকে অন্য রাজ্যে চলে গেছে। হিসাব তো অন্য বলছে। হিসাব বলছে সি.পি.এম. সরকারের আমলে, বামফ্রন্ট সরকারের আমলে আমাদের রাজ্যে আই. টি., আই. টি. সি. এসে ৯০ হাজার লোকের মতো কাজ করত।

[1.20—1.30 p.m.]

বর্তমানে সেই সংখ্যা দুই লক্ষের কাছে চলে গেছে। এবং ডাইরেক্ট-এর সংখ্যা এক লক্ষ পঞ্চাশ হাজার। অর্থাৎ ৪৫% কর্মসংস্থান বৃদ্ধি হয়েছে। কেউ চলে যায়নি। দ্বিতীয়, আগে এর মধ্যে ৬২০টি সংস্থা কাজ শুরু করেছে। আগে ৫০০টি ছিল। তার মধ্যে একশো চলে গেছে। আবার টেনে টুনে আনতে হচ্ছে। এইসব তো আপনারা জানেন। চলে যায় কেন এইসব জানেন তো। আবার তাদের আনতে হয়েছে। ফলে কাজ হয়েছে। আর একটু ভালো খবর শুনে রাখা ভালো। আপনাদের আবার প্রয়োজনে দরকার হবে। সেটা হচ্ছে আপনাদের ৩৪ বছর যার মধ্যে দু হাজার এক সাল থেকে এই তথ্য প্রযুক্তিতেই আপনাদের রপ্তানি ছিল আই. টি. আই. টি. এসে মাত্র ছয় হাজার কোটি টাকা। সেই টাকা বেড়ে আজকে দু হাজার এগারো-বারোতে হয়েছে এগারো হাজার দুশো কোটি টাকা। এটা গেল আপনাদের পেজ (৫)। এবার আসুন কৃষি বিপণন নিয়ে। আপনারা বলছেন না চার্জশিট দেবেন ! আমি আপনাদের কাছেই এটা জানবার চেষ্টা করছি যে আপনাদের রিপোর্টের সঙ্গে আমাদের রিপোর্টকে একটু মেলাবার চেষ্টা করছি। আমরা এইকথা বলিনি যে আপনাদের রিপোর্টটা সেদিন ছিল আমরা বহুবার জিজ্ঞাসা করছি না। আপনারা বলছেন ওটাই সত্য, ওটাকেই ধরছি। ওটাকে ধরে দেখা যাচ্ছে নিরানব্বইটি বিপণন অনুসন্ধান কেন্দ্র আপনারা তৈরি করছেন। বিপণন অনুসন্ধান কেন্দ্র—অথচ আমরা আমাদের এই রাজ্যে ইতিমধ্যে ১৪৭টি কৃষি বিপণন কেন্দ্র আমরা খুলছি, যার জমি চিহ্নিত হয়েছে একশো সাতটি। এগুলি নিয়ে আলোচনা করুন না ! আপনারা বলুন যে আপনাদের ওইখানে এটা করার দরকার, এইখানে এটা হয়নি, এগুলি আমরা করতে পারিনি, কিন্তু আপনারা করুন। কৃষকদের জমি জোর করে লুঠ করে নিয়েছেন সিঙ্গুরে। জোর করে জমি দখল করেছেন আপনারা। জোর করে কৃষিতে ধ্বংস করে দিয়েছেন।' এই কথাগুলি বলুন। বলে বলুন যে আমরা করিনি, এখন মমতা বন্দ্যোপাধ্যায় এসেছেন, আপনারা কৃষিতে এগোচ্ছেন। আপনারা কৃষিতে ফসলে এগোচ্ছেন। আপনারা কৃষকদেরকে সস্তা দরে সার কেনবার ব্যবস্থা করে দিচ্ছেন। তাদের সাপোর্টিং প্রাইসটাকে অ্যাসিওর করছেন, তাদের কেনার ব্যবস্থা করছেন। বলুন তাদের যন্ত্রপাতি দেবার ব্যবস্থা করছেন। বলুন কিষান ক্রেডিটের সংখ্যা তেইশ লক্ষ ছাড়িয়ে যাচ্ছে। এই কথাগুলি আপনারা বলুন। আপনারা কেউ আর নেই। আর চাষার বেটা তো আজকে এখানে নেই। এখানে তো দেখলাম চাষার বেটা বলে যিনি গামছা পরে আসেন তিনি নেই। আমি তাই বলছি কৃষি বিপণনের ক্ষেত্রে আপনারা বলেছিলেন নিরানব্বইটা বিপণন অনুসন্ধান কেন্দ্র গঠন করা হয়েছে। আর ৪৬টি নিয়ন্ত্রিত বাজার কমিটি গঠন করা হয়েছে। বাজার কমিটি গঠন না করলে পয়সা আসবে কি করে ! বাজার কমিটি গঠন করেছে। তাতে নিজেদের লোক ভাগ বাটোয়ারা করে উদয়নবাবুকে কিছুটা দিয়ে, সূর্য্যবাবু কিছুটা নিয়ে, সুভাষ নস্করবাবু কিছুটা নিয়ে নিয়ন্ত্রিত বাজার কমিটি তৈরি হয়ে গেল। কিন্তু বাজার যেখানে বিক্রি হবে সেই বাজার গঠন করা হল না। এই আপনাদের নীতি ছিল। সেই নীতি থেকে বেরিয়ে এসে আমাদের সরকার সার্বিক উন্নয়নের চেষ্টা করছে। এবং সেই উন্নয়নে আপনাদের প্রজন্মও নিশ্চয় লাভবান হবে। আপনারা তো লাভবান হবেনই। আমাকে

তরুণবাবু একটা কথা শোনালেন যে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। সরকার ঠিক দায়িত্ব পালন করছে কিনা বুঝতে পারছেন না। তরুণবাবুকে জিজ্ঞাস্য যে আমরাও তো ছিলাম নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কেন বৃদ্ধি পায় সেটা উনি ঠিকই বলেছেন কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতির ফলে। কিন্তু এটা কি কেউ কখনো শুনেছেন যে মুখ্যমন্ত্রী প্রতি সপ্তাহে একবার করে জিনিসপত্রের দাম যাতে ঠিক থাকে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম যাতে ঠিক থাকে, তার জন্য সভা করেন। এটা কি কখনো শুনেছেন, আলুর দাম বৃদ্ধি হলে তিনি নিজে বাজারে যান। কখনো কি শুনেছেন, আলু চাষীদের বীজ কেনার জন্য সরকার ব্যবস্থা করে ? এই সমস্ত কিছু ব্যবস্থাই হচ্ছে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যকে কি করে নিয়ন্ত্রণ করা যায় তার জন্য এবং চাষীদের মুখে হাসি ফোটানোর জন্য। আজ চাষীরা জানতে পারে যে, বন্যা আসলে তাকে সরে যেতে হবে। সেই প্রযুক্তিগত ব্যবস্থা হয়েছে। আজ চাষীরা জানে যে, সে যদি মাল তৈরি করে, তার উপযুক্ত ব্যবস্থা সেই গুদাম ঘরে। আমরা প্রতিটি জায়গায় কোল্ড স্টোরেজ তৈরি করছি। আমরা প্রতিটি জায়গায় শুধুমাত্র বেকারত্বের জ্বালায় যারা ভুগছেন, তাদের গিয়ে বলা তুমি বেকার—আমরা সেখানে গিয়ে বলছি, তোমরা কারিগরি শিক্ষা নাও। আমরা শিক্ষায় এগিয়েছি, উচ্চ শিক্ষায় এগিয়েছি, স্বাস্থ্যে এগিয়েছি এবং শিশু মৃত্যুতে—আপনারা বলেছেন ১৪৫, ২০% কমে গিয়ে সেটা এখন দাঁড়িয়েছে ১১৭। এই এতগুলো কাজ এই ৩৪ মাসের মধ্যে আমরা করেছি এবং সেই কারণেই আপনাদের জ্বালা হয়েছে। আপনারা কোনো বক্তৃতার মধ্যে দিয়ে রাজ্যপালের ভাষণের বিভিন্ন বিভাগ নিয়ে আলোচনা করেননি। আপনারা আলোচনা করেছেন রাজনৈতিকগত ভাবে, রাজনৈতিক অভিসন্ধিতে এবং রাজনৈতিক দিশা নিয়ে। কারণ, মানুষের কাছে আপনারা দিশেহারা। মানুষ দেখছে এই সরকার কাজ করছে, মানুষ দেখছে এই সরকার এগিয়ে গেছে, তার সুফল পাচ্ছে। আর সুফল পাচ্ছে বলেই লালবাতিতে যেরকম সব কিছু স্তব্ধ করে দেয়, সেই লালবাতিআলা—ওই লাল পতাকার কথা কেউ কেউ বললেন, সব লাল পতাকা খারাপ না হলেও আপনারা যে পতাকা ধরে কাজ করছেন, সেটা আর লাল নেই, ওটা ফিকে হয়ে গেছে। মানুষ তাই আপনাদের চিনেছে। এখানে যতই বক্তৃতা দিন, এখানে যতই রেকর্ড করান, বাংলার মানুষ আপনাদের বক্তৃতা শোনার জন্য ৫ জনও জড়ো হয় না। এই কথা বলে রাজ্যপাল মহোদয়কে আবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। রাজ্যপাল মহোদয়কে অনুরোধ, এই সভাকে অনুরোধ—আবার বলছি, রাজ্যপাল মহোদয় যে—তার উদ্দেশ্যে, তাকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব নীতি, সেই প্রস্তাব সমর্থন করবার জন্য।

ডঃ সুখবিলাস বর্মা : ....(অনুপস্থিত)

শ্রী রফিকুর রহমান : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, গত ১০.১২.২০১৪ তারিখ এই পবিত্র সভায় রাজ্যের মাননীয় রাজ্যপাল যে বাস্তব ভাষণ পেশ করেছেন, তাকে সমর্থন করে এই সভায় আমি আমার বক্তব্য পেশ করছি। আমি এই বক্তব্যকে এইজন্য সমর্থন করছি যে, মাননীয় রাজ্যপাল মহোদয় একটা বাস্তব চিত্র তুলে ধরে, বাংলার উন্নয়নের যোগ্যের একটা চিত্র তুলে ধরে শুধু বঙ্গবাসীকে নয়, ভারতবাসীর কাছে একটা বার্তা পাঠিয়ে

দেওয়ার চেষ্টা করেছেন যে, বন্ধ্যা পশ্চিমবাংলা চলতে শুরু করেছে। একটা বার্তা দেওয়ার চেষ্টা করেছেন, ৩৪ বছরে অনুন্নয়নের পশ্চিমবাংলা নতুন করে উন্নয়নের গতি পাচ্ছে। এই বার্তা ভারতবাসীর কাছে যাচ্ছে বলে আমি একে আরেকবার ধন্যবাদ জানাই। আমি উল্লেখ করি—তিনি উল্লেখ করেছেন যে, রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাইটার্স বিল্ডিং এবং নবান্নে বসে বাংলার প্রশাসন এবং উন্নয়নকে দেখছেন না। কারণ, তিনি অনুধাবন করেছেন, ৩৪ বছরে একটা অপদার্থ সরকার, একটা পঙ্গু সরকার প্রশাসনকে রাজনীতিকরণ করার সরকার প্রশাসনকে পঙ্গু করে ফেলেছে। অতিরিক্ত দেখভাল না করলে সেই প্রশাসন সচল হবে না।

[1.30 – 1.40 p.m.]

তাই মাননীয় মুখ্যমন্ত্রী বি.ডি.ও. থেকে শুরু করে ডি.এম. পর্যন্ত সমস্ত আধিকারিককে নিয়ে বাংলার উন্নয়নকে ত্বরান্বিত করার চেষ্টা করেছেন তাইতো বাংলা এগিয়ে যাচ্ছে। সেজন্য রাজ্যপালকে আর একবার ধন্যবাদ দিই। আমার সামনে বসে আছেন বামপন্থীরা, যাঁরা ৩৪ বছর বাংলাকে শাসন করেছেন। আমি তাঁদের কাছে বলব আপনারা দাঁড়িয়ে বলতে পারবেন ৩৪ বছর পর মমতা বন্দ্যোপাধ্যায়কে যখন বাংলার ভার দিয়ে দিলেন তখন বাংলাকে কি দিয়ে গিয়েছিলেন। আমি যদি বলি রক্তাক্ত জঙ্গলমহল দিয়ে গিয়েছিলেন, আমি যদি বলি জঙ্গলমহল দিয়ে গিয়েছিলেন যেখানে মৃত্যুর মিছিল। আমি যদি বলি যে জঙ্গলমহলে বারুদের গন্ধ পাওয়া যেত, রাইফেলের শব্দ শোনা যেত, সেই জঙ্গলমহল দিয়ে গিয়েছিলেন। আমরা দেখতাম কাগজে। কি দেখতাম ? সরকার শংকিত। কি বলছে ? কেন্দ্রীয় সরকার নাকি যৌথ বাহিনীকে তুলে নেবে। সরকার শংকিত। আরও বেশি সেখানে সন্ত্রাস সৃষ্টি হবে। যেটা গত ২০১০ সালের রাজ্যপালের ভাষণে বামপন্থীরা স্বীকার করেছিলেন পশ্চিমবাংলায় সন্ত্রাস বাড়ছে, জঙ্গলমহলে সন্ত্রাস বাড়ছে। মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসার পর মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর বন্দুক ডাকেনি, যৌথ বাহিনীকে আহ্বান করেননি। অনেক মহিলা এখানে আছেন, অনেক মা এখানে আছেন, তাঁদের কাছে বলি শিশুর চোখে যখন জল আসে, যখন সে কাঁদে, মা কিন্তু তার মনোভাব বুঝতে পারে, মা তখন কি করে ? মা তখন তাকে কোলে টেনে নিয়ে তার আঁচল দিয়ে চোখটা মুছিয়ে দেয়। শিশু কিন্তু ফোঁপাতে ফোঁপাতে তার কান্না বন্ধ করে, খেলার মাঠে যায়, বই পড়তে চলে যায়। মমতা বন্দ্যোপাধ্যায় অনুধাবন করেছিলেন যে কেন ওই জঙ্গলমহলের যুবকরা ওই রাইফেল ধরেছে, মমতা বন্দ্যোপাধ্যায় বুঝতে পেরেছিলেন যে কেন জঙ্গলমহলে আগুন জ্বলছে। মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর মমতাময়ী আঁচল দিয়ে জঙ্গলমহলের যুবকদের বললেন হে জঙ্গলমহলের যুবক তোমাদের বন্দুক ধরতে হবে না, আমি জানি তোমাদের মনের কথা। এতদিন ৩৪ বছর যে সরকারটা সর্বহারার প্রতিনিধি হিসাবে বাংলায় রাজত্ব করেছে সেই সরকার তাদের মনের কথা বুঝতে পারেননি। বুঝতে পেরেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়, তাই মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়নের দাবী নিয়ে জঙ্গলমহলে গিয়ে জঙ্গলমহল ঠাণ্ডা করেছেন। আমি জানি কোনো মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে যাননি, কোনো পন্থীরা জঙ্গলমহলে যাননি। বামপন্থী বিধায়করা, বামপন্থী মন্ত্রীরা জঙ্গলমহলে যাবার জন্য, থাকার জন্য রাজকোষ থেকে লক্ষ লক্ষ

টাকা খরচ করে দশ থেকে পনেরো জন সিকিউরিটি নিয়ে নিতেন। আমি সেই বুদ্ধবাবুকে বলতে চাই বুদ্ধবাবু আপনার দল ৩৪ বছর শাসন করেছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের ৩২ মাস শাসনে আপনাকে আবেদন করব আপনি যান একটা হুড-খোলা জিপে ঘুরে আসুন, সেখানে কোনো বারুদের গন্ধ পাবেন না, সেখানে রাইফেলের শব্দ পাবেন না, মৃত্যুর মিছিল পাবেন না। কি পাবেন ? জঙ্গলমহলে পাবেন কোকিলের ডাক। জঙ্গলমহলের শান্তি ফিরিয়ে দিয়েছেন। তাইতো মমতা বন্দ্যোপাধ্যায় মহান, সে কথাই বলতে চেয়েছেন মাননীয় রাজ্যপাল। তাইতো বলতে এসেছিলেন এই বিধানসভায় যে আপনাদের শুভ বুদ্ধির উদয় হোক। আপনারা সমর্থন করুন রাজ্যপালের এই ভাষণকে। আমি বঙ্গসন্তান, আপনিও বঙ্গসন্তান। বাংলার উন্নয়ন, বাংলার শান্তি আপনাার ভালো লাগা উচিত, একথাই বলতে এসেছিলেন এই সভায়। আমি বলতে এসেছি মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর ৩৪ মাসের শাসনে এমন কোনো ক্ষেত্র নেই যে সেখানে উন্নয়নের জোয়ার আনেননি। এমন কোনো ক্ষেত্র নেই যে সেখানে এগিয়ে যাননি। আমি কৃষিক্ষেত্রের কথা বলব, আপনাদের শুনলে বুকে ব্যথা হতে পারে। যদিও আমাদের বিরোধী দলের নেতা নিজে ডাক্তার, বুকে ব্যথা উঠলে নিজে ওষুধ খেতে পারবেন। তাই আমার ভয়টা কম, ওনার বুকে ব্যথা লাগলেও উনি মরবেন না, উনি বেঁচে থাকবেন। শুধু বলব এই বছর কৃষিতে পশ্চিমবাংলায় শস্য উৎপাদনে প্রথম হওয়ার জন্য কৃষিকর্মণ পুরস্কার পশ্চিমবঙ্গ সরকার পাচ্ছে। এটা জেনে রাখুন বামপন্থীরা। আমি জানি না এখানে কৃষকের ছেলে কতজন বিধায়ক হয়ে এসেছেন। আমি নিজে একজন কৃষকের ছেলে। সারের দাম কেন্দ্রীয় সরকার বাড়ায়। সারের দামে রাজ্য সরকারের কোনো ভূমিকা নেই এটা আমি দায়িত্ব নিয়ে বলতে পারি। কৃষকের কোনো বন্ধু যদি বিধায়ক হয়ে আসেন তাহলে আপনি দাঁড়িয়ে উঠে বলুন, সারের দাম ৩০০ প্রতি বস্তায় ১০০ টাকা বেশি বিক্রি হত। আমি নিজে আন্দোলন করেছি। আমি যখন জেলায় কৃষি অধিকর্তার কাছে গিয়ে বলছি, আপনি অপদার্থ, আপনি সারের দাম কমাতে পারছেন না। সারের দাম সব কালোবাজারিতে বিক্রি হচ্ছে। আমায় ওই কৃষি অধিকর্তা কি বলছে জানেন, আমায় বলছে, শুধু সার নিয়ে পড়লেন কেন সিমেন্টের কালোবাজারি সে কথা তো বলছেন না, কয়লায় কালোবাজারি সে কথা বলছেন না। এই ধরনের আধিকারিক আপনারা পশ্চিমবাংলায় তৈরি করেছিলেন তাই আপনাদের ধিক্কার না দিয়ে আমি পারছি না। দীর্ঘ বক্তব্য রাখার অবকাশ নেই। আমার সময় শেষ হয়ে গেছে আমি চেয়ারম্যান সাহেবেকে বলব, আমাকে তিন মিনিট সময় দেবেন। আমি বলব, আপনারা জানেন মমতা বন্দ্যোপাধ্যায় যুবশ্রী থেকে কন্যাশ্রী তিনটে স্কীম নিয়ে এসেছেন। আমি সবকটা বলব না, কন্যাশ্রীর কথাই বলব। আর বলব, আমরা পড়েছি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে, আমরা পড়েছি রাজা রামমোহনকে। তারা কি বলেছিলেন ? বাল্যবিবাহ বন্ধ করতে হবে। তারা কি বলেছিলেন ? নারী শিক্ষার প্রগতি না হলে জাতির উন্নয়ন হবে না। ২০০ বছর পর মমতা বন্দ্যোপাধ্যায় সেই বাণী কিন্তু শুনতে পেয়েছেন। তাই কন্যাশ্রী এনে শুধুমাত্র সভা করে, সমিতি করে; ঈশ্বরচন্দ্রের গলায় মালা দিয়ে ঈশ্বরচন্দ্রকে সম্মান জানাননি, কন্যাশ্রীর মাধ্যমে....(মাইক অফ)।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান স্যার, বিগত ১০ই ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল আমাদের এই পবিত্র সদনে যে ভাষণ দিয়েছেন আমি তাকে সর্বতোভাবে সমর্থন

করছি। এই ভাষণ পশ্চিমবঙ্গের একটি বাস্তব চিত্র। এই ভাষণ পশ্চিমবঙ্গের উন্নয়নের একটি সার্বিক দলিল। এই দলিলে সমাজের সর্বস্তরের মানুষের সম্পর্কে আলোচনা করা আছে। একটি সরকারের সার্বিক সমস্ত কাজকর্মের বিবরণ এর মধ্যে রয়েছে। বন্ধু, দীর্ঘ ৩৪ বছরে বাম অপশাসনে সোনার বাংলা শ্মশানে পরিণত হয়েছে। লুটতরাজ, দাঙ্গা, হাড়-হিম করা রাষ্ট্রীয় সন্ত্রাস, কঙ্কাল কাণ্ডের নায়কদের দাপাদাপি, বন্ধ কলকারখানার বেকার শ্রমিকদের দীর্ঘশ্বাস, ধর্ষিতা এবং নির্যাতিতা মা-বোনদের মর্মভেদী কান্না, জমি লুঠেরাদের বন্দুকবাজিতে ভীত সন্ত্রস্ত কৃষকদের সীমাহীন অব্যক্ত যন্ত্রণা এসবের অবসানের পর আজকে পশ্চিমবাংলার বুকে আমরা প্রাণের স্পন্দন দেখতে পাচ্ছি। আজকে আমরা পশ্চিমবাংলায় শ্মশানের বুকে সবুজের সমারহ লক্ষ্য করছি। দীর্ঘ দু-দিন ধরে আজকে তৃতীয় দিন, আমাদের বামপন্থী বন্ধুরা রাজ্যপালের যে ভাষণ এর সম্পর্কে তারা অনেক রকম সমালোচনা করলেন। আমার মনে হচ্ছে, যেন স্বর্গ থেকে কিছু দেবশিশু আমাদের মর্ত্যভূমিতে নেমে এসেছেন। একেবারে মঙ্গল গ্রহ থেকে তারা যেন এসেছেন। দীর্ঘ ৩৪ বছরে পশ্চিমবঙ্গের যে অবস্থাটা ছিল এটাকে তারা উপেক্ষা করতে চলেছেন। তারা অনেক রকমের সমালোচনা করলেন। এবং তারা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সম্পর্কে নানারকম ব্যক্তিগত সমালোচনাও করলেন। তারা বললেন, দেশে গণতন্ত্র নেই। ওরা বললেন, দেশে আইনের শাসন নেই, rule of law নেই, নারীদের নিরাপত্তা নেই, শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া হয় না, কর্মসংস্থান হচ্ছে না। এই ধরনের যতরকমের নেতিবাচক কথা সব তারা এখানে বললেন।

[1.40 – 1.50 p.m.]

তা বন্ধু, স্যার, আমি জিজ্ঞাসা করি একটা কথা, ওরা বললেন যে, পশ্চিমবঙ্গ গণতন্ত্র নেই, Rule of law নেই। এরা সঠিক বলছেন ? আজকে পশ্চিমবাংলার বুকে নন্দীগ্রাম হয় না, সিঙ্গুর হয় না, নেতাই হয় না, মরীচঝাঁপি হয় না, সূচপুর হয় না, ছোটো আঙারিয়া হয় না, বিজন সেতুর মতো সেই মর্মান্তিক ঘটনা হয় না। আজকে বাইক বাহিনী অবসৃত, আজকে কঙ্কাল কাণ্ডের নায়করা অবসৃত। বিরোধী নেতা তাঁকে মঙ্গলকোটে তাকে ধুতি হাতে নিয়ে দৌড়তে হয় না—এককালে পশ্চিমবঙ্গের অবস্থা ছিল এইরকম। একজন প্রকাশক একটা বই বের করছেন, নাম হচ্ছে "পশ্চিমবঙ্গের বাম শাসনের ৩৪ বছর"। আমাকে তিনি জিজ্ঞাসা করলেন যে, কোন মলাটটা দেব ? দুটি মলাট তিনি পছন্দ করেছেন। একটি মলাট হচ্ছে বুদ্ধবাবুর সেই ছবি এবং সেখানে রক্ত—পাশে লেখা ছিঃ ! এরকম পোস্টার হয় না। উনি বললেন এইটা পোস্টার করব নাকি আমাদের এক নেতা ধুতি হাতে তিনি দৌড়োচ্ছেন, আন্ডারউইয়ার পরে তিনি দৌড়োচ্ছেন, কোনটা দেব ? আমাকে জিজ্ঞাসা করছেন তিনি। দুটিই তো পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র—আমাদের পশ্চিমবঙ্গে দীর্ঘ বাম শাসনে এই অবস্থা ছিল। আমরা দেখেছি এই সময়ে তো থানাগুলো তাদের ডাইরি করতে যাবে, ডাইরি নেওয়া হচ্ছে না। আমি দেখেছি আমার এলাকাতে থানার সামনে আমরা লোক রেখে দিতাম। গ্রাম থেকে নির্যাতিত মানুষজন আসছেন—থানাতে ডাইরি নেবে না। আমাদের লোকজন গিয়ে ওদেরকে থানায় সাহায্য করত। আপনাদের মন্ত্রীসভায় যারা আলো করেছিলেন, কারা

তারা ? এবং এদের মধ্যে অনেকেই ছিলেন, অনেকের বিরুদ্ধে অনেক অভিযোগ আছে। এর মধ্যে কঙ্কাল কাণ্ডের নায়ক আছেন, এর মধ্যে এমন মানুষ আছেন দক্ষিণ ২৪-পরগনাতে একজনের বিরুদ্ধে ৮১টা খুন-খারাপের অভিযোগ আছে। এর মধ্যে এমন মানুষ আছেন, যারা একাধিকবার তাদের নাম পরিবর্তন করছেন। এই সমস্ত কৃতী মানুষরা আপনাদের মন্ত্রীসভাকে আলো করে বসেছিলেন। আর আপনাদের রুচি, আপনাদের রুচির কথা বলব ? আপনারা রটিয়ে দিলেন প্রফুল্ল সেন স্টিফেন হাউস কিনে নিয়েছেন। মানুষটা থাকতেন পরের বাড়িতে—খেতে দিলে খেতেন তিনি। অতুল্য ঘোষকে আপনারা বলছেন, কানা অতুল্য। দেওয়ালে লিখছেন, পুকুরের শত্রু কচুরিপানা, দেশের শত্রু অতুল্য কানা—এ কি এগুলো ? এগুলে রুচি ? আপনারা শালীনতা আনবেন ? এইসব তো হয়েছে। অথচ আপনারা জানেন না যে, স্বাধীনতা সংগ্রামে অংশ নিয়ে এই অতুল্য ঘোষের চোখটি নষ্ট হয়েছিল। তো বন্ধু, আপনারা শান্তিপুরের কৃষক হত্যা, বানতলায় নারী নির্যাতন, বিজন সেতুতে আনন্দমার্গী হত্যা—আপনাদের মুখ্যমন্ত্রী বলছেন, এমন ঘটনাতো হয়েই থাকে। উত্তর হচ্ছে এইটা। SUCI-এর কর্মী মাদাই হালদার মারা গেছেন, বিক্ষোভ দেখাতে গিয়েছিলেন, গুলি চালিয়ে তাকে হত্যা করা হয়েছে। আপনাদের মুখ্যমন্ত্রী বললেন যে, ওরা নিরামিষ আন্দোলন করছিল আমি আন্দোলনটাকে আমিষ করে দিলাম। এখন বন্ধু, সময় পাল্টেছে, অপরাধ করলে শাস্তি হয়। অপরাধী অ্যারেস্ট হয়। শাস্তি হয় তাদের—আজকে দিন পাল্টেছে। আপনাদের আমলে কিন্তু এগুলো হয়নি। আপনারা নারী নির্যাতন নিয়ে তো অনেক কিছু বলে গেলেন। দীপালি বসাক, দীপালি বসাক তার কি হয়েছিল ? সৌভাগ্য সরকার কে ? সে তো আপনাদের কর্মী। আমার নেত্রী মমতা ব্যানার্জী অভিযোগ নিয়ে গিয়েছিলেন, চুলের মুঠি ধরে তাঁকে বের করে দেওয়া হয়েছিল। ফুলবাগানের নেহার বানু, সে কে ? ঝুপড়িবাসী, একজন অতি দরিদ্র মহিলা। আপনাদের নীলকমল ঘোষ পুলিশের লোক তাকে ধর্ষণ করল। বানতলা, মধ্যবয়স্কা তিনজন স্বাস্থ্য আধিকারিক এদের উপর কি হয়েছিল ? ধানতলায় কি হল, কারা যুক্ত ছিল এর সঙ্গে ? ঘোকসাডাঙা এর সঙ্গে যুক্ত ছিল কারা ? আপনাদের এক শীর্ষ নেতা বলছেন যে, মেয়েটির চরিত্র ভালো নয়। এই তো অবস্থা। আমার কাছে একটা স্ট্যাটিসটিক্স রয়েছে, এখন বিশদ আলোচনা করার অবকাশ নেই এবং সেই স্ট্যাটিসটিক্সে আমি দেখতে পাচ্ছি যে আপনাদের আমলে নারীধর্ষণ একেবারে সাংঘাতিক আকৃতি নিয়েছে। ক্রাইম ব্যুরোর রিপোর্ট, ওদের রিপোর্ট, এ আমার রিপোর্ট নয়, এ রিপোর্ট তৃণমূল কংগ্রেসের রিপোর্ট নয়। এটা হচ্ছে স্টেট ক্রাইম ব্যুরোর রিপোর্ট। এতে বলছে, ২০০৫ সালে ধর্ষিতা হয়েছিলেন ১৬৮৬ জন, ২০০৮ সালে ধর্ষিতা হয়েছেন ২২৬৩ জন, ২০১০ সালে ২৩১১ জন। তা বন্ধু, প্রশ্ন আপনাদের কাছে, কতজন অ্যারেস্ট হয়েছে, কত জনের শাস্তি হয়েছে ? আমাদের আমলে অপরাধ করলে শাস্তি হয়, আমাদের আমলে অপরাধ করলে বিচার হয়, তা এগুলি আমাদের আমলে হয়, আপনাদের আমলে হয় না। আপনারা অভিযোগ করছেন শিক্ষার অবস্থা শোচনীয়। সব এখানে আছে। শিক্ষার ক্ষেত্রে হয়েছে কি, অগ্রগতির চিত্র এখানে স্পষ্ট। আজকে সকালবেলায় একজন বলছিলেন, টেট পরীক্ষাতে পাস করেছে মাত্র ১ শতাংশ। এটা হল কেন ? এটা হল কেন ? ৩৪ বছরে স্কুল-কলেজগুলির অবস্থা কি হয়েছিল, ৩৪ বছরে লেখাপড়ার স্ট্যান্ডার্ডটা কোথায়

এসেছিল ? এর রেজাল্ট তো এটাই হবে। তা বন্ধু. আপনাদেরকে বলব, বাজে সমালোচনা বন্ধ করুন, গঠনমূলক কথাবার্তা বলুন। আজকে সারা পশ্চিমবঙ্গ জুড়ে একটা পরিবর্তন এসেছে। সবদিকে সার্বিক উন্নতি ঘটছে। শিক্ষা স্বাস্থ্য, নারী কল্যাণ সবদিকে উন্নতি সাধন হচ্ছে। এদিকে নজর দিন। গঠনমূলক সমালোচনা করুন। এতে দেশের উন্নতি হবে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সারাদিন তিনি পরিশ্রম করে যাচ্ছেন, এবং তার চিন্তা-ভাবনায় আপনারা লক্ষ্য করছেন এগুলো। অথচ ওইদিকে না গিয়ে নানা রকম উল্টোপাল্টা সমালোচনা করছেন। এবং একজন নেতা উনি বলছেন, যে দিদি আপনার দাম কত ? ঘেন্না লাগে। যে মাতৃজঠরের অসম্মান করে যারা, তারা এইসব নেতারা। যাই হোক বন্ধু, আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী এ.টি.এম. আবদুল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন কর্তৃক যে প্রদত্ত ভাষণ গত ১০ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে, আমাদের বিধানসভায় এসে তাঁর ভাষণের মধ্যে দিয়ে আমাদেরকে গর্বিত করেছেন, সেই ভাষণকে আমি সর্বতোভাবে সমর্থন জানাই। আজকে সকাল থেকে বামপন্থী বন্ধুদের বিভিন্ন বক্তব্য শুনছি, বিগত কয়েকদিন ধরেও তাদের বক্তব্য শুনছি। বামফ্রন্টের যে সমস্ত বিধায়ক যারা এখানে তাদের মূল্যবান বক্তব্য রাখলেন সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে একটা কথাই বলতে পারি যে পশ্চিমবাংলার বুকে বিগত ৩৪ বছরে যে অন্ধকার যুগ, সেই অন্ধকার যুগের অবসান ঘটিয়ে যখন বাংলার জনমানসের জননেত্রী বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে গ্রাম বাংলার প্রত্যন্ত এলাকা থেকে সার্বিক বাংলার যখন উন্নয়নের প্রচেষ্টা চলছে, কর্মযজ্ঞ চলছে, তখন সেই কর্মযজ্ঞকে অস্বীকার করার জন্য, সেই কর্মযজ্ঞকে নস্যাৎ করার জন্য, বামফ্রন্টের বন্ধুদের যে সমস্ত অশোভন বক্তব্য এবং আচরণ আমরা প্রত্যক্ষ করলাম তা এক কথায় নিন্দনীয়। আমি শুধু তাদেরকে একটা কথাই বলতে চাই, কমরেড বন্ধুদেরকে বলার দরকারও আছে, ''সাপো কি মুকাদ্দর মে ও জহর কাহা হোগা, কমরেড যো জহর আদায়ত মে উগাল তা হ্যায়।'' সাপের কতটা বিষ আছে ? আজকে ঈর্ষাই, কমরেড বন্ধুরা, আজকে বামফ্রন্টের এম.এল.এ.-রা যে ধরনের বক্তব্য রাখছেন, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে তাদেরকে বলার প্রয়োজনও আছে যে আপনারা একটা দীর্ঘ সময় পশ্চিমবাংলার জন্য পেয়েছিলেন—আপনারা জোর করেই নিন, আর বাংলার মানুষ ভোট দিন—৩৪ বছর কিন্তু সামান্য নয়। কিন্তু এই সময়ের মধ্যে আপনারা বাংলার মানুষের জন্য বাংলার উন্নয়নের জন্য কি করেছেন তার কতকগুলি নজির আপনাদের সামনে তুলে ধরার প্রয়োজন আছে।

[1.50 – 2.00 p.m.]

আজকে আপনারা কেলেঙ্কারির কথা বলছেন। যদি আমরা বলি চিটফান্ড সঞ্চয়িতার কথা, সঞ্চিতার কথা, ভেরোনার কথা, ওভারল্যান্ডের কথা—তাহলে কোথায় আপনারা মুখ লুকোবেন, টাকাগুলো কি মানুষ ফেরত পেয়েছিল ? আজকে আপনারা যে সমস্ত কথা বলছেন তার উত্তরে যদি বলি—আপনারা কি ভুলে গেছেন বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারির কথা। কিন্তু বাংলার মানুষতো তা ভোলেননি ! রডন স্কোয়ার থেকে ট্রাম কেলেঙ্কারি,

আলিপুর ট্রেজারি কেলেঙ্কারি—একানে বিগত দিনের অনেক মন্ত্রীরা আছেন—এমনকি সূর্যমুখী ফুলের বীজ কেলেঙ্কারিও আমরা তখন দেখেছি। এমনকি হলদিয়ার বুকে লোহা চূর্ণ কেলেঙ্কারিও আমরা দেখেছি। আজকে কেলেঙ্কারির ইতিহাস আপনারা বাংলার বুকে রচনা করে দিয়ে গেছেন। আজকে আপনারা বলছেন বাংলার বুকে নাকি আইন-শৃঙ্খলা নেই. বাংলার বুকে নারী নির্যাতন হচ্ছে। আমি নিজে ব্যক্তিগত উপলব্ধি দিয়ে বলি—খবরের কাগজ আমি ত্রিশ বছর হল পড়ছি. এমন দিন আমি দেখিনি যেদিন একটা খুন. একটা ডাকাতি. একটা রাহাজানি. একটা নারী নির্যাতনের ঘটনা আমরা খবরের কাগজে দেখিনি। এটা একটা জেনারেল ক্রাইম, এটা বিশ্বের বুকে সর্বত্র আছে। আজকে আমেরিকার বুকেও নারী নির্যাতন হয়। এই ক্রাইম পশ্চিমবাংলায় আছে, বিহারে আছে, অন্ধ্রপ্রদেশে আছে. উত্তরপ্রদেশে আছে, দিল্লিতে আছে, বাংলার পার্শ্ববর্তী দেশ বাংলাদেশে আছে. পাকিস্তানে আছে, ইংল্যান্ডে আছে, জার্মানিতে আছে, অস্ট্রেলিয়াতেও আছে। কোথায় নেই এই জেনারেল ক্রাইম ? কিন্তু আজকে তাকে তুলে ধরে যে ধরনের কথা আপনারা বলছেন, তার উত্তরে যদি বলি, জেনারেল ক্রাইমের সঙ্গে আজকে কিন্তু গুলিয়ে ফেলবেন না রাষ্ট্রীয় সন্ত্রাসের কথা। যে রাষ্ট্রীয় সন্ত্রাস আমরা প্রত্যক্ষ করেছি সিঙ্গুরের বুকে। সিঙ্গুরের তাপসী মালিকের ইতিহাস মানুষ কি ভুলে গিয়েছে ? উত্তর দিতে পারবেন আপনারা ? একটা মেয়ে যে, জীবনের নতুন পথ চলার জন্য এগিয়ে চলেছে, আপনাদের লোকেরা তাকে ধর্ষণ করে পুড়িয়ে খুন করল। আপনারা নিজেদের মুখটা আয়নায় দাঁড়িয়ে দেখুন একবার। আজকে নারী নির্যাতনের কথা বলছেন আপনারা। আমরা তো সাতগাছিয়ার কথা ভুলিনি ? সেখানে সাত বছরের একটি মেয়ে আপনাদের দলের কমরেডদের দ্বারা নির্যাতিত হয়েছিল, লাঞ্ছিত হয়েছিল। আজকে পাশকুঁড়া থেকে বানতলা, বানতলা থেকে ধানতলা, ধানতলা থেকে বিরাটি—বর্ণালী দত্ত—অনেক ইতিহাস আছে আপনাদের। আমি যখন সকালে হাউসে ঢুকলাম, তখন হার্মাদ নেতা বক্তব্য রাখছিলেন। কেশপুরের ইতিহাস, ছোটো আঙারিয়ার ইতিহাস, দাসের বাঁধের ইতিহাস বাংলার মানুষ কিন্তু ভুলে যাননি, বাংলার মানুষ তা মনে রেখেছে। মনে রেখেছে বলেই, আপনারা বিরোধী পক্ষের বেঞ্চে বসে যতই চেঁচান, যত নির্বাচন হবে, প্রত্যেকটা নির্বাচনে মানুষ আপনাদের ধুয়ে-মুছে সাফ করে দেবে। সব শেষে বলব, আয়নায় নিজেদের মুখটা দেখুন আপনারা। আজকে সাঁইবাড়ির ইতিহাস কি মানুষ ভুলে গিয়েছে ? সন্তানের রক্ত মায়ের গায়ে ছিটিয়ে দেওয়া হয়েছিল। মরিচঝাঁপিতে পূর্ব বাংলার উদ্বাস্তু মানুষদের খুন করে তাদের রক্তে সুন্দরবনের নদীকে লাল করে দিয়েছিলেন আপনারা। আজকে কমরেড বন্ধুদের জিজ্ঞাসা করি কলকাতার বিজন সেতুতে আনন্দমার্গীদের কারা খুন করেছিল ? তাহলে আপনারা উত্তর দিতে পারবেন তার। নেতাই, নন্দীগ্রামতো সেদিনের ঘটনা। বীরভূমের সূচপুরে কি ঘটনা দেখেছি আমরা ? সেখানে এগারো জন শ্রমিককে কুপিয়ে কুপিয়ে হত্যা করে সূচপুরের মাটিকে আপনারা লাল করে দিয়েছিলেন। আজকে আপনাদের মুখে ধর্মের কথা মানায় না। কমরেড বন্ধুরা নন্দীগ্রাম বলুন, নেতাই বলুন, গণহত্যার বীভৎস রাজনীতি আমরা প্রত্যক্ষ করেছি সেখানে। আমরা প্রত্যক্ষ করেছি ভারতবর্ষের বুকে সবচেয়ে লজ্জাকর দিন, যেদিন একই বাড়ির ছাদের নীচে মা এবং তার নাবালিকা কন্যাদের ধর্ষণ করেছিল আপনাদের হার্মাদ বাহিনী। বাংলার মানুষ

আপনাদেরকে সাজা দিয়েছে, বাংলার মানুষ আপনাদেরকে বিরোধী বেঞ্চে বসতে বাধ্য করেছে, বাংলার মানুষ আপনাদেরকে প্রতিটি নির্বাচনে উত্তর দিচ্ছে। তাই বলব বন্ধু, মন দিয়ে একটা কথা শুনবেন—'আয়না যব হাত মে উঠায়া করো—কমরেড বন্ধু, পহেলে দেখা করো, ফির দেখায়া করো'—আয়না যখন হাতে তুলবে, চেহারাটা নিজের দেখো, তারপর অন্যদেরকে বলো। আজকে বাংলার বুকে মমতা ব্যানার্জীর নেতৃত্বে শিক্ষা থেকে শুরু করে, স্বাস্থ্য থেকে শুরু করে, কৃষি থেকে শুরু করে, রাস্তা থেকে শুরু করে, পানীয় জল থেকে শুরু করে, বিদ্যুৎ থেকে শুরু বাংলার প্রত্যন্ত এলাকার মানুষের কাছে তা পৌঁছে দেওয়ার চেষ্টা হচ্ছে। গ্রাম বাংলার নির্যাতিত মানুষকে তার পরম স্পর্শে যখন নতুন বাংলা গড়ে তোলার জন্য, তাদের মুখে হাসি ফোটানোর জন্য প্রচেষ্টা করছে, তখন আপনাদেরকে বলব, আসুন সেই স্রোতে আমরাও সামিল হই, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমরা সবাই মিলে সমর্থন জানাই, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ চেয়ারম্যান : 'হার্মাদ' শব্দটা আমি ডিকশনারি দেখে নেব, যদি অসংসদীয় হয় তাহলে ওটা বাদ যাবে। আমি দেখার জন্য ওয়েট করছি। ...(নয়েজ)... আমি দেখে নিচ্ছি, সেটাই দেখে নিচ্ছি। হার্মাদ শব্দের ওপর ওটা রিলেটেড আছে তো।

...(নয়েজ)...

শ্রী আবির রঞ্জন বিশ্বাস : অ্যাবসেন্ট।

শ্রী অপূর্ব সরকার : অ্যাবসেন্ট।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : চেয়ারম্যান স্যার, গত ১০ ফেব্রুয়ারি, মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে যে ভাষণ এখানে দিয়েছেন, সেটার আমি বিরোধিতা করছি। আমাদের পক্ষের অনেক বিধায়ক, অনেক কথা আলোচনা করেছেন। আমিও কয়েকটা কথা বলব। আমি প্রথম থেকে শুরু করি। জঙ্গলমহল। কারণ জঙ্গলমহলের কথা বলেছেন হাসছে। আমি মাননীয় সরকার পক্ষের বিধায়কদের জিজ্ঞেস করব হাসিটা কেমন ভাবে হচ্ছে ? হা-হা, না হি-হি, না ফুস-ফুস। হাসিটা কেমন হচ্ছে। আপনারা বলতে পারেন ? আমি আপনাদের যদি জিজ্ঞেস করি, জঙ্গলমহলে কাদের জন্যে অশান্তি হচ্ছিল ? এটা কি আপনারা অস্বীকার করতে পারেন যে ছত্রধর মাহাতোর মোটরসাইকেলে আমাদের বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী তার মোটরসাইকেলের পেছনে চেপে গেছেন এবং কানে কানে কি মন্ত্র দিয়েছিলেন ? তারপরে এই যে সুচিত্রা মাহাতো, প্রবীর গড়াই অনেকেই এখন নির্বাচিত প্রতিনিধি হয়েছেন, সম্মানীয় নির্বাচিত প্রতিনিধি। কারণ আমরা সবাইকে সম্মান করি। আমরা ব্যক্তিগত প্রতিহিংসা করি না। আপনারা উন্নয়নের কথা বলছেন। এটা অস্বীকার করবেন ? অনেক কথা বলেছেন, রাজ্যপালের ভাষণে বলা আছে অনেক কথা কিন্তু একটাও হয়নি। বামফ্রন্টের যে উন্নয়নগুলো ছিল, সেগুলোকে রং লাগিয়ে নতুন দেখাচ্ছে, সেগুলোকে রং লাগিয়ে এটা বলছেন যে আমরা উন্নয়ন করেছি। কত উন্নয়ন করছি। না প্রচুর উন্নয়ন

হয়েছে। বামফ্রন্টের যে উন্নয়নগুলোকে, সেটাকে নিজের সাফল্য বলে মনে করছেন। একবারও রাজ্যপালের ভাষণে নেই কৃষকেরা আত্মহত্যা করছে! আপনারা এখানে অস্বীকার করবেন না! তারা ফসলের দাম পাচ্ছে না। জিনিসপত্রের দাম বাড়ছে, এক সময় আমরা যখন সরকারে ছিলাম, তখন বলেছিলেন জিনিসপত্রের দাম বাড়ছে খাব কি ? তখন আপনাদের মুখে বোল ছিল। এইজন্যে বলছি, ভূতের মুখে রাম নাম। আপনারা কি শোনাচ্ছেন ? এই যে ৩৪ বছরের সঙ্গে আপনারা তুলনা করছেন, ঠিকই, আমরা তা বলছি না, এই, যে আমাদের আড়াই বছরের সরকার, সেটা আমরা কখনো তুলনা করব না।

[2.00 – 2.10 p.m.]

কিন্তু আপনারা আমাদের কোনোদিন সহযোগিতা করেননি যে পশ্চিমবাংলাকে আমরা এগিয়ে নিয়ে যাব, তখন আপনারা সহযোগিতা করেননি, আপনারা বিরোধিতা করে গেছেন। এটা আপনারা অস্বীকার করবেন ? যখন আয়লা হল, যখন বন্যা হল—তখন আপনারা কি বললেন ? এখন যারা সরকারে আছেন তারা নিশ্চয় অস্বীকার করবেন না, এখন আপনারা এটা অস্বীকার করতে পারেন না। তখন আপনারা বলছিলেন, এটা বামফ্রন্টের তৈরি করা বন্যা, এটা ম্যানমেড, এতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনো সহযোগিতা দেওয়া হবে না। তখন ছিলেন না আপনারা, এখন বড়ো বড়ো কথা বলছেন। আমরা বলছি, আমাদের রাজ্যের উন্নয়নের জন্য আপনাদের পাশে আছি। আমরা গঠনমূলক সমালোচনা করব। যেটা অন্যায় সেটা অন্যায় বলব। যেটা ভালো কাজ করছেন সেটা সমর্থন করব! আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী জেলায় জেলায় খুব ঘুরছেন ভাল কথা। আমরা বলছি, অনেক ভালো কথা। কিন্তু আমরা যারা নির্বাচিত যারা প্রতিনিধি আছি, আমরা জনগণ দ্বারা নির্বাচিত হয়েছি। আপনারা সেখানে মিটিং করছে, সেখানে উন্নয়নের নাকি কি হচ্ছে ? সেটা আমরা বুঝতে পারছি না। আপনারা বলছেন যে, আমরা গণতন্ত্র করব। কোথায় গণতন্ত্র ? দলতন্ত্র হচ্ছে। আপনারা দলতন্ত্র ছাড়া আপনারা গণতন্ত্র করতে পারেননি। এই যে পঞ্চায়েত নির্বাচন হল, আমাদের অনেক বিধায়করা বলেছেন—এই পঞ্চায়েত নির্বাচন রাজ্যপালের ভাষণে আছে, নাকি এবারে মানুষ স্বতঃস্ফূর্ত ভাবে, শান্তিপূর্ণ ভাবে ভোট দিয়েছে। এটা কখনো বলতে পারেন না, এটা কখনো হয়নি। আমাদের যারা নির্বাচিত প্রতিনিধি তাদের আপনারা পদত্যাগ করাচ্ছেন, হুমকি দেখিয়ে ভয় দেখিয়ে। এই যে ১০০ দিনের কাজ নিজেদের বলে দাবি করছেন, সেটা নিয়ে আমরা অনেক আন্দোলন করেছি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে—তখন আপনারা সহযোগিতা করেননি। এটা আপনারা অস্বীকার করবেন তো ? এটা করেছেন ? আপনারা তখন আমাদের সহযোগিতা করেননি। কিন্তু আমরা সেটা করেছিলাম। তখন বামপন্থীরা বাইরে থেকে কেন্দ্রীয় সরকারকে সমর্থন করেছিলাম। আমরা বলেছিলাম আমাদের মন্ত্রীর দরকার নেই। আমাদের পশ্চিমবঙ্গের মানুষ কাজকর্ম যাতে পায় সেটা আমরা বলেছিলাম। আমরা সেই সময় সেই কাজটা আদায় করে নিয়েছিলাম। আজকে দেখছি, বনসৃজন। আপনারা অনেকে বলছেন, কিছুদিন আগে বেরিয়েছিল, আমার খুব গর্ব হচ্ছে—ওই এলাকার বিধায়ক, হয়তো আপনারা দেখেছেন আমাদের রাণীবাঁধে। সেখানে আমরা আমের বাগান করছিলাম। সেখানে আমরা পুরস্কার পাচ্ছি। সেখানে আপনারা

বলছেন, আমরা করেছি। একি ! আপনারা সত্যিটা মানবেন না ? হ্যাঁ ! এখন বলছেন, আমাদের সব। আমরা করেছি। দুই বছর আম হয়ে গেল, আম হয়ে গেছে। আপনারা বলছেন যে, পানীয় জল। আমার বিধানসভা এলাকায়, এলাকার মানুষের জন্যই আমরাই করেছিলাম। আমার বিধানসভা কেন্দ্র পর্যন্ত গেছে। সেই জলটা কংসাবতী থেকে তুলে নিয়ে গেছি। সেই জলটা এখন দুই-তিনদিন ধরে পাচ্ছে না। আমার ফোন করছে ওখান থেকে। এটাও বলছেন, হ্যাঁ, দিচ্ছেন তো। আপনারা বলছেন, আমরা দিয়েছি। কিন্তু আমাকে ফোন করছে দুই-তিনদিন ধরে জল পায়নি লাইনে। এটা আপনারা অস্বীকার করবেন ? খোঁজ নেবেন। আমি শুধু বিরোধিতার জন্য বলছি, না। আমি সত্য ঘটনাই বলছি। এই যে আমাদের আদিবাসীদের জন্য উন্নয়ন করছেন, আদিবাসীরা প্রতিদিন ধর্ষিতা হচ্ছে। মেয়েরা ধর্ষিতা হচ্ছে।....(নয়েজ).... আজকে আইন-শৃঙ্খলার কথা বলছেন, আইন-শৃঙ্খলা আজকে ভেঙে পড়ে গেছে, তছনছ হয়ে গেছে। আপনারা কখনও সেটা মানতে পারবেন না যে, আমাদের পশ্চিমবাংলা শান্তিতে আছে। আজকে শিক্ষার কথা বলছেন। আজকে আমি একজন মা। আমাদের যারা বিধায়করা আছে—মা, বাবা সবাই। আজকে তাদের মেয়েদের স্কুলে পাঠাতে ভয় হচ্ছে। বুকে হাত দিয়ে দেখুন আপনারা, আপনাদের ভয় হচ্ছে কিনা, আমাদের মেয়েটা ঠিকমতো আসবে কিনা, আমার ছেলেটা ঠিকমতো আসবে কিনা, যারা চাকরি-বাকরি করছে তারা। প্রতিদিন, প্রতিদিন সন্ত্রাস হচ্ছে। প্রতিদিন মেয়েরা নির্যাতিত হচ্ছে। আমরা গর্ব করতাম। আমাদের পশ্চিমবাংলায় যখন বামফ্রন্ট সরাকর ছিল তখন দেশ-বিদেশে সবাই গর্ববোধ করত পশ্চিমবাংলায় আমরা ঘুরে আসব। আজকে পশ্চিমবাংলার নাম শুনলে, সবাইয়ের একটা আতঙ্ক হচ্ছে। আমাদের লজ্জা হয়। আমাদের যে পশ্চিমবাংলার গর্ব ছিল, সেখানে আজকে মেয়েদের নির্যাতনে, ধর্ষণে ভারতবর্ষে এক নম্বরে গিয়েছে—এটা অস্বীকার করতে পারবেন ? এটা আপনাদের শুধু লজ্জা হয়, এটা আমাদেরও লজ্জা, এটা সবার লজ্জা হওয়া উচিত। আমাদের বিধায়করা অনেক কথা বলেছেন, আপনাদের মুখে সে কথা মানায় না, আপনারা বড়ো বড়ো কথা বলছেন। এই কথাগুলো আপনাদের মানায় না। আমি তো প্রথমেই বললাম আমাদের পশ্চিমবাংলা আরো এগিয়ে যাক আমরা আপনাদের পাশে আছি, আমরা আপনাদের সমর্থন করব। কিন্তু আজকে আদিবাসীদের উন্নয়ন, শিক্ষা স্বাস্থ্য একদম ভেঙে পড়েছে। আমাদের আদিবাসী ছেলে যারা হোস্টেলে থাকত, যারা মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, সেই ছেলে-মেয়েদের আজকে তাড়িয়ে দিচ্ছে। খবর নেবেন। এটা অসত্য ঘটনা নয়। এইরকম অনেক ঘটনা আছে, সময় কম, সেইজন্য আমি বলতে পারলাম না। অনেক ছেলে-মেয়েরা যারা পড়ে, মাধ্যমিক পরীক্ষা দেবে, তারা বাড়ি চলে গেছে। আমরা বিভিন্ন জায়গায় খোঁজ নিয়েছি। এটা কি করছেন ? উন্নয়ন করছেন ? রং লাগিয়ে নতুন নতুন রাস্তা-ঘাট করে দিয়েছেন। আদিবাসীদের ভাতা বন্ধ হয়ে গিয়েছে, আর বলছেন উন্নয়ন করছি। আমরা যখন সরকারে ছিলাম কৃষিতে প্রথম ছিলাম, মৎস্যে প্রথম ছিলাম, বনসৃজনে প্রথম ছিলাম। সবগুলো তছনছ করে দিয়েছেন, আপনারা কিছু করতে পরেননি। সেইজন্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১০ ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল কর্তৃক যে ভাষণ প্রদত্ত হয়েছে এই ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি জোহার জানাচ্ছি এবং

পূর্ণ মাত্রায় আমি সমর্থন করছি। মাননীয় রাজ্যপাল যে বক্তব্য রেখেছিলেন সেটা অত্যন্ত বাস্তবোচিত। বিরোধীরা বলছেন যে আইন-শৃঙ্খলা নাকি ভেঙে পড়েছে। আমি জঙ্গলমহলের ছেলে, জঙ্গলমহলে যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, জঙ্গলমহলে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অবদানে যে ২ টাকা দরে চালের ব্যবস্থা করে দিয়েছেন সেই দু-টাকা দরের চালের ভাত খেয়ে কমরেড বন্ধুদের ভুঁড়ি বেড়ে শান্তিতে বসবাস করছে। এর থেকে বড়ো সত্য হতে পারে না। মানুষের স্বার্থে, দেশের স্বার্থে, রাষ্ট্রের স্বাথে, বাংলার স্বার্থে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে শান্তি সম্প্রীতি উন্নয়নের কর্মযজ্ঞ করছেন সেটা সারা বাংলা কেন সারা ভারতবর্ষের মধ্যে একটা নজির সৃষ্টি করেছে। এটা অস্বীকার করার জায়গা নয়। এটা মানতে আপনাদের কষ্ট লাগছে, অস্বস্তি বোধ করছেন। আপনারা তো জানেন জঙ্গলমহলে একসময় ল্যান্ডমাইনের আওয়াজ, গুলির শব্দ, বারুদের গন্ধ। সূর্যাস্তের সাথে সাথে হার্মাদদের গুলির আওয়াজ এবং হামলা চলতো। এটা অস্বীকার করা যাবে না। জঙ্গলমহলের মানুষদের ভীত সন্ত্রস্ত হয়ে জীবন কাটাতে হত। বহু নরনারী, বহু মায়েরা, তাদের কোল শূন্য করে দিয়েছে হার্মাদরা। বহু মহিলাদের সিঁথির সিঁদুর মুছে দিয়েছে হার্মাদরা। সেই জায়গায় আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জঙ্গলমহলে শান্তি প্রতিষ্ঠিত করেছেন। উন্নয়নের কর্মযজ্ঞে জঙ্গলমহল আজকে এগিয়ে যাচ্ছে। এটাই নাকি মমতা বন্দ্যোপাধ্যায়ের অপরাধ। পাহাড়ে শান্তি প্রতিষ্ঠা করা নাকি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অপরাধ। জঙ্গলমহলে, এম.ভি.এফ.-এ চাকুরী, হোমগার্ডের চাকুরী, গ্রীন পুলিশের চাকুরী সাঁওতালি ভাষায় অলচিকিতে প্যারাটিচারের রিক্রুটমেন্ট।

[2.10 – 2.20 p.m.]

এটাই নাকি মমতা বন্দ্যোপাধ্যায়ের অপরাধ। অবাক হতে হয় স্যার। বিস্মৃত হতে হয়। এরা দেশকে ভালোবাসে না। বাংলাকে ভালোবাসে না। এরা শুধু মানুষের বিরুদ্ধে। মানুষকে হত্যা করার জন্য একটা জল্লাদ বাহিনী হচ্ছে। অবাক হতে হয়। দেশের স্বার্থে, জঙ্গলমহলের স্বার্থে, বাংলার স্বার্থে, পাহাড়ের স্বার্থে মমতা বন্দ্যোপাধ্যায়ের কোনো বিকল্প নেই। আজকে একজন বিধায়ক বলছিলেন, 'টেটশ্রী'। ব্যঙ্গ করে বলছেন 'টেটশ্রী'। কিন্তু আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী পশ্চিম মেদিনীপুরে গিয়ে কি বললেন, উনি পশ্চিম মেদিনীপুর গিয়ে বললেন নেতাইয়ে আপনাদের ছেলেরা ভুল করেছিল। অর্থাৎ কি বোঝায় ? প্রাক্তন মুখ্যমন্ত্রী কি দিলেন ? 'হার্মাদশ্রী' দিলেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী 'হার্মাদশ্রী' দিলেন। আরও আপনারা যাতে খুন করেন, আরও যাতে আপনারা মার্ডার করেন। তাই একটা 'পদ্মশ্রী' ভূষণের মতো 'হার্মাদশ্রী' সেখানে চালু করে গেলেন। এটাই হচ্ছে আপনাদের নীতি। এটাই হচ্ছে আপনাদের আদর্শ। আমি মনে করি মমতা বন্দ্যোপাধ্যায়ের উপরে বাংলা কেন, ভারতবর্ষ কেন, সারা বিশ্বের মধ্যে সাম্যবাদ প্রতিষ্ঠা করার কোনো মানুষ নেই। মমতা বন্দ্যোপাধ্যায় 'কন্যাশ্রী' চালু করেছেন। এটাই সাম্যবাদ। 'যুবশ্রী' চালু করেছেন, এটাই সাম্যবাদ। আপনারা মুখে বলেছেন শুধু সাম্যবাদ। জঙ্গলমহলের মানুষের, শহরের মানুষের, সুন্দরবন এলাকার গরীব মানুষের মেয়েদের জন্য নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সাইকেল দেওয়ার ব্যবস্থা করেছেন। এটাই সাম্যবাদ। মমতা বন্দ্যোপাধ্যায়ের উপরে কেউ সাম্যবাদী হতে পারে না স্যার। তর্কের জন্য

তর্ক করছেন। গঠনমূলক আলোচনা করার জন্য. আমি বুঝতে পারিনি স্যার। এরা ৩৪ বছর ছিল, রাজ্য চালিয়েছে। কি যে শিক্ষা পেয়েছেন, আমি বুঝি না স্যার। কি শিক্ষা পেয়েছেন আমি জানি না। দেশের স্বার্থে আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের দৌলতে রেকর্ড পরিমাণ কনস্ট্রাকশানের কাজ চলছে জঙ্গলমহলে। দুশো কোটি টাকা দিয়ে রাস্তাঘাট ব্রিজ, কয়েক কোটি টাকা দিয়ে কলেজ নির্মাণ চলছে সারা পশ্চিমবাংলায়। আপনাদের আমলে কতকগুলো নতুন ইউনিভার্সিটি হয়েছিল ? আপনারা করতে পেরেছিলেন নাকি ? ৩৪ বছরে কি করেছেন—এই খুনখারাপি, আর মোরামগুলো নুনের মতো ছিটিয়েছেন। আর প্রাইমারি স্কুলগুলোকে চুনকাম করেছেন। এটাই হচ্ছে আপনাদের বাহাদুরি। কোথায় ? আপনাদের শুনতে খারাপ লাগছে। আমি জানি, আপনাদের শুনতে খারাপ লাগবেই। দেশের জন্য যারা কিছু করতে পারেন না তাদের মুখোশ খুলে দিলে তো খারাপ লাগবেই। অতএব, মানুষের স্বার্থের জন্য, দেশের স্বার্থের জন্য, বাংলার স্বার্থের জন্য মমতা বন্দ্যোপাধ্যায় গরিব মানুষগুলোকে বেছে নিয়েছেন, যে মমতাদি আমাদের সাথে আছেন, আমাদের উনি বিপদ-আপদ থেকে রক্ষা করবেন, জঙ্গলমহল থেকে বাংলাকে এগিয়ে নিয়ে যাবেন। সার্বিক দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষের স্বার্থে, উন্নয়নের স্বার্থে নিজে ছুটে বেড়াচ্ছেন। আমি তো বলব, আপনাদের আমলে পশ্চিমবাংলার কোন মুখ্যমন্ত্রী আমলাশোলে যেতে পেরেছিলেন ? আমলাশোলে যেতে পেরেছিলেন নাকি ? আমি বলব, আমলাশোল যদি যেতে পারত সেই ছিল মরদের বেটা, সেই ছিল মরদের বেটা, পারেননি। ওরা উন্নয়ন করতে পারবে স্যার ? আমার বলাটা যদি অনৈতিক তাহলে দয়া করে বাদ দিয়ে দেবেন স্যার। ওরা উন্নয়ন করতে পারেননি স্যার। এই বাম-বন্ধুরা একটা রোগে আক্রান্ত, সেই রোগটি হচ্ছে, জন্ডিস রোগ স্যার। যার জন্য উন্নয়নটা দেখতে পারছেন না। সম্ভব কি করে ? সবকিছুই হলুদ দেখছে স্যার, হলুদ। তাই আমি মনে করি স্যার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সাথে সারা বাংলার মানুষ থাকবে। মাননীয় রাজ্যপাল যে ভাষণ বক্তব্য দিয়েছিলেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম স্যার, নমস্কার।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১০ তারিখে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপর আলোচনা করার আগে একটা কথা বলি। আজকে জুম্মাবার, শুক্রবার। বাংলার মুখ্যমন্ত্রী বাংলার মানুষের সংখ্যালঘু সম্প্রদায় মানুষের কাছে এ কথা বলেছিলেন যে, তোমাদের পাশে আছি। যেখানে নামাজ, রোজা, ইফ্তার হত সেখানে ঘোমটা টেনে ছুটে চলে যেতেন। পবিত্র বিধানসভায় এসে বলেছিলেন শুক্রবারে আমি সমস্ত প্রশ্নের উত্তর দেব। আজকে আড়াই বছর হয়ে গেল মুখ্যমন্ত্রী এই শুক্রবারে এখানে এসেছিলেন। তিনি এই মাটিতে বিধানসভায় উপস্থিত হন না। তিনি পালিয়ে বেড়াচ্ছেন। তিনি বিধানসভাকে ভয় করছেন বিরোধীদের সম্মুখীন হতে। গত ন-তারিখের ব্রিগেড সমাবেশ সেই সমাবেশ তারা করে বেড়াচ্ছে স্যার। আমি এই জন্য এই কথাটা বললাম। আজকে বিরোধীদের যে দাবি তার কণ্ঠরোধ করতে চাইছে। বিরোধীদের প্রশ্নের উত্তর দিতে এরা ভয় করছে। কারণ বাংলার মানুষ সেটা জেনে নেবে বিধানসভার ভেতরে বললে। দ্বিতীয় কথা যেটা বলি, আজকে আমার একটা কথা মনে পড়ছে। দুই বন্ধু—গোপাল এবং

নেপাল। নেপাল চাটুকার, গোপাল ভালো ছেলে। ও বদমায়েসিটা করলে গোপাল তাকে বাঁচায়। নেপাল গেল তার একটা বাড়িতে সেখানে গিয়ে মিথ্যা কথা—একশো বিঘা সম্পত্তি আছে, দশটি গোলা আছে, দশটি পুকুর আছে, তোমার মেয়ের সঙ্গে আমার বিয়ে। মেয়ের মা বলছে এত ভালো পাত্র পাচ্ছি, গোপালকে সাক্ষী করছে, গোপাল বলছে, খুব ভালো। আমার মনে হচ্ছে, রাজ্যপালকে দিয়ে যা বলিয়ে নেওয়া হয়েছে এই রকম একটা চাটুকার অসত্য কথা রাজপালকে দিয়ে এই পবিত্র সদনে সেটা পরিবেশন করা হয়েছে। রাজ্যপালকে আমি দোষ দেব না স্যার। কিন্তু যারা বলেছেন তাদেরকে এই বিষয় নিয়ে ধিক্কার জানাই। কারণ আজকে আমার মনে পড়ে,. তিনি যখন রেলমন্ত্রী ছিলেন তিনি হাজার শিলান্যাস করেছিলেন। বাংলার মুখ্যমন্ত্র তখন রেলমন্ত্রী ছিলেন। দুটি রেল বাজেট করে ৫২২টি হাসপাতাল এবং তিনি ১৫টি মাল্টিস্পেসিয়ালিটি হাসপাতাল করব বলেছিলেন। আজ পর্যন্ত একটাও হয়নি। একটাও হয়নি। তিনি উৎসব করেছেন, সর্বত্র উদ্বোধন করেছেন। স্টেশনের উপর স্টেশন। তিনি আড়াই বছর, পাঁচ বছর পূরণ করতে পারেননি। বাংলার রেল পরিষেবা আজকে বিপর্যস্ত। আজকে বাংলার মানুষ সেটা অনুভব করছেন। এটা আমরা অনুভব করছি। তারা বলেছিলেন সংখ্যালঘু উন্নয়নের কাজের কথা। আপনি অবাক হয়ে যাবেন। বামফ্রন্টদের ভালো কাজ দেখতে পারেন না। আড়াই বছরে তিনি সব করে দিয়েছেন। সব করে দিয়েছেন। সব করে দিয়েছেন। আমরা অবাক হয়ে যাই কথা তিনি বিজ্ঞাপন দিয়ে এই সব প্রচার করছেন। আজকের খবরের কাগজ যদি দেখেন, আমি প্রথম যে কথা দিয়ে শুরু করেছিলাম, উৎসব, মাটি উৎসব। কী বলছেন ? 'মাটির মাঝে বেদ-বেদান্ত, বক্ষে আজানের ধ্বনি, মাটির সাথে কোরান-পুরাণ, সংহতির মিলন বাণী।' মাটি উৎসব ১৪ই ফেব্রুয়ারি, ২০১৪। লালাবাবা আশ্রম মাঠ, পানাগড়, দুপুর দুটোয়। কারা আছেন ? কাদের কে ডেকেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী ? .....(গোলমাল)..... এ কথা বলতে হবে। ডেকেছেন [***] একজন বাম-বিধায়ককেও ডাকেননি। একজনকেও ডাকলে বোঝা যেত। ...(গোলমাল)...

মিঃ চেয়ারম্যান : তিনটে নাম বাদ যাবে।

[2.20 – 2.30 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : এই হচ্ছে দলতন্ত্র স্যার। আমি এই খবরের কাগজ থেকে বলছি। তিনি পালিয়ে বেড়াচ্ছেন। বামপন্থী বিধায়কদের নিয়ে কাজ করতে গেলে ভেতরের কথা বেরিয়ে যাবে। তিনি আমলাশোলে গিয়ে বললেন 'আমি ১৬ হাজার কিলোমিটার রাস্তা করে দেব'। তাঁকে ইঁট গাঁথতে হল। কিন্তু বাংলার কোনো জায়গায় এক কিলোমিটার ওই রাস্তা হয়নি। টাকা কোথায় ! পঞ্চায়েত বলছে টাকা নেই। বি.ডি.ও. বলছেন চলে যাও। উদ্বোধন করতে ? টাকা নেই। আজকে অবাক হয়ে যাই। এই মুখ্যমন্ত্রী তিনি নম্বর দিচ্ছেন তাঁর মন্ত্রীসভার সদস্যদের। তিনি আটটি দপ্তর নিয়ে আছেন। তিনি সবাইকে নম্বর দিচ্ছেন।

[***] মিঃ চেয়ারম্যানের আদেশক্রমে বাতিল'

তাঁকে নম্বর কে দেবে ? তাকে মনে হয় ব্রিগেডের জনগণ নম্বর দিয়েছেন—'তুমি শূন্য পেয়েছ'। কম্পার্টমেন্টাল। কারণ এখন ফাইভ টু এইট 'শূন্য' পেলেও পাশ, প্রোমোশন হয় কিন্তু লজ্জা লাগে গ্রাম বাংলার মানুষের কাছে। এইভাবে মানুষের কাছে গিয়ে মিথ্যা কথা বলছেন। মিথ্যের ঝুলি নিয়ে এগিয়ে যাচ্ছেন। আমি যে কথা বলছিলাম। সংখ্যালঘুদের জন্য অনেক কেঁদেছেন, অনেক বলছেন, কিচ্ছু হয়নি। সংখ্যালঘু দপ্তরের মন্ত্রী যদি থাকেন তিনি বলবেন 'আমি কিছু জানি না।' আড়াই লক্ষ সংখ্যালঘু যুবক-যুবতীদের তিনি স্বনিযুক্তির জন্য ৪৬২ কোটি টাকা দিয়েছেন বলছেন। কিন্তু হিসাব বলছে, ২০১১ সালের মার্চ মাস পর্যন্ত ৪৬২-র মধ্যে ৩৯৭ কোটি বামফ্রন্ট সরকারের আমলে বিলি হয়েছে। ৪৬২ থেকে ৩৯৭ মাইনাস করুন। তাহলে আড়াই বছরে ক-টাকা খরচ হল ? এত অসত্য কথা ! এত অসত্য কথা এই পবিত্র সদনে বলার চেষ্টা করেছেন মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে।

আজকে MSDP-র যে কাজ হচ্ছে তা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। বামফ্রন্টের আমলে যত সব স্যাংশন হয়েছে। সেই প্রকল্পগুলো ছিল, সেই কাজগুলো হয়েছে। ২০১১ সালের পর নতুনভাবে কোনো জায়গায় একটাও কাজ হয়নি। কারণ আমাদের জানা আছে। আমিও একটা বিধানসভা কেন্দ্র থেকে এসেছি। চলে যান আমার বিধানসভা কেন্দ্রে যদি একটাও কাজ হয়ে থাকে ২০১১ সালের পর তাহলে আপনি বলবেন।

শেষ কথা বলব। আমার খুব মনে পড়ে। আমাদের বাড়িতে গৃহপালিত প্রাণী থাকে। সকালবেলা যখন বেরোতে যাই সে যায় আমাদের সঙ্গে। খুব প্রভুভক্ত। আর, যেতে যেতে ঝোপ-ঝাড় দেখলে ইউরিন ত্যাগ করে। এঁরা বলছেন 'বয়স্ক লোকরা বার বার ইউরিন ত্যাগ করেন কেন' ? সেইজন্য তাকে কাশীতে পাঠানো হয় না। সেইজন্য ওই প্রাণীটিকেও কাশীতে দেওয়া হয় না। তিনি উৎসব নিয়ে ব্যস্ত থাকবেন। মাটি উৎসব, কৃষি উৎসব, মেলা উৎসব, সিনেমা উৎসব। কিন্তু তিনি অভিষ্ঠ লক্ষে পৌঁছতে পারবেন না। তাকে বাংলায় মিথ্যা প্রতিশ্রুতি নিয়ে ঘুরতে হবে। এই হচ্ছেন বাংলার মুখ্যমন্ত্রীর, এই হচ্ছে সরকারের চেহারা। এটা মনে রাখতে হবে। তিনি উৎসব নিয়ে থাকবেন। আমার এলাকায় কৃষিমেলা হল। দেড় লক্ষ টাকা খরচ করা হল। ভোজসভা করলেন কিন্তু এম.এল.এ., সভাপতি জানতে পারলেন না। এই হচ্ছে বর্তমান সরকারের কীর্তি-কলাপ। তাই আমি এই ভাষণকে সমর্থন করতে পারলাম না। আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী পুলক রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, বিগত ১০ই ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপালের ভাষণকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। আমি প্রথমে স্মরণ করি এই বাংলার বিশিষ্ট জনেরা, যারা বিগত দিনে এই সদনের সদস্য ছিলেন। রাজনৈতিক নেতৃত্ব, অভিনেতা, সমাজের সর্বস্তরে প্রতিষ্ঠিত মানুষরা যারা আজকে আমাদের মধ্যে নেই তাদের সশ্রদ্ধ চিত্তে, তাদের আত্মার শান্তি কামনা করে, তাদের পরিবার-পরিজনদের শ্রদ্ধা জানিয়ে তাদের সমবেদনা জানাই। স্যার, আমি সকাল থেকে রাজ্যপালের ভাষণের উপর বিরোধী দলের বক্তব্যগুলি শুনছিলাম। আমি নতুন সদস্য, এইবার প্রথম এই বিধানসভার সদস্য। বিরোধীদের বক্তব্য শুনে আমার মাঝে মধ্যে যেন মনে হচ্ছিল বিরোধিতা করার জন্য তারা বিরোধিতা-শূন্য বক্তব্য রাখছেন। আমি বিরোধী

বন্ধুদের কাছে বলতে চাই বিবেকের কাছে প্রশ্ন করুন। আমার আগের বক্তা ইনসার, তার ইনসারকে সামনে রেখে বলতে চাই আপনারা ৩৪ বছর ছিলেন, আজকের দিনে দাঁড়িয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকার ৩৪ মাসে—প্রথমেই তিনি মহাকরণটাকে সংস্কার করার জন্য সাময়িক স্থানান্তর করলেন হাওড়ার নবান্নয়। আমি একজন হাওড়াবাসী হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীকে কৃতজ্ঞতা জানাই। হাওড়াকে যে সম্মান দিলেন, হাওড়ার বুকে বসে রাজ্যপাট চালানোর জন্য আমরা হাওড়াবাসী হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীকে কৃতজ্ঞতা জানাই। ঠিক তেমনই ভাবে উত্তরবঙ্গের মানুষের অনেক দিনের দাবি ৩৪ মাসের মধ্যে 'উত্তরকন্যা' সচিবালয় স্থাপন করে একটা উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করলেন উত্তরবঙ্গের মানুষের কাছে। আমি ৩৪ বছর আর ৩৪ মাসের তফাৎ করার চেষ্টা করছি। আমি বিরোধী বন্ধুদের বলব দয়া করে বিরোধিতা করার জন্য বিরোধিতা করবেন না। আসুন এই বাংলাকে প্রতিষ্ঠা করার জন্য আমরা নতুন করে ভাবি। এই বাংলাকে আসুন আমরা চেষ্টা করি—আমরা বলতে শুরু করি 'বল বল বল সবে বাংলা আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে।' যার নেতৃত্বে, যাকে সামনে রেখে তার নাম এই হাউসের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাকে সামনে রেখে আমরা এগোতে চাই। আমি বলি আপনাদের এই ৩৪ মাসে কি শিক্ষা, কি স্বাস্থ্য, কি শ্রম, কি শিল্পবাণিজ্য, কি পঞ্চায়েত-কৃষি, কি বিদ্যুৎ, কি সংস্কৃতি, কি সংখ্যালঘু দপ্তর সর্বক্ষেত্রে কিন্তু এগিয়ে চলেছে। আমি আপনাদের কাছে বলতে চাই এই ৩৪ মাসে আমাদের সরকার ৬টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন চূড়ান্ত করেছে। আপনারা প্রাইমারি নিয়ে বলতে পারেন। বিরোধিতা করার জন্য বিরোধিতা। কিন্তু মনে করে দেখুন ৩৪ বছরে আপনারা কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করেছিলেন ? আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করতে চাই। আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করতে চাই, কতজন শিক্ষক এস.এস.সি.-তে নিয়োগ করেছিলেন ৩৪ বছরে ? আর ৩৪ মাসে আপনারা দেখে নিন। আর কলেজ, বিশ্ববিদ্যালয়ে কতজন নিয়োগ করেছিলেন আপনাদের বিবেকের কাছে প্রশ্ন করতে চাই। সাথে সাথে বলতে চাই এই ৩৪ মাসে সংখ্যালঘু এবং তফশিলি জাতির ২ লক্ষ ছাত্রী নতুন সাইকেল পেয়েছে। তারা সাইকেল চালিয়ে গ্রাম থেকে দূরের বিদ্যালয়ে যাচ্ছে নতুন উদ্যমে। এর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে আবার আমরা সেলাম জানাই, কৃতজ্ঞতা জানাই। আজকে 'কন্যাশ্রী' আমি জানি আপনাদের ভালো লাগবে না তাই চলে যাবেন। কিন্তু শুনতে থাকুন, আপনি ঠাণ্ডা মাথায় শুনুন, যথেষ্ট আপনার বয়স হয়েছে।

[2.30—2.40 p.m.]

'কন্যাশ্রী' প্রকল্প ভারতের কাছে একটা ইতিহাস। ইতিমধ্যে ৯ লক্ষ ২৯ হাজার ছাত্রী তাদের নাম নথিভুক্ত করেছে। যেটা মাননীয়া মুখ্যমন্ত্রীর মস্তিষ্কপ্রসূত। আপনারা ধন্যবাদ জানান, কৃতজ্ঞতা জানান। রাজনীতি রংটাই বড়ো কথা নয়, বিবেকটাই বড়ো কথা। আলিমুদ্দিন স্ট্রিটে বিবেককে বন্ধক রেখে এখানে চিৎকার করবেন না। আগে বিবেকটাকে সামনে রেখে এই সরকারকে সম্মান জানান। আমরা বলতে এসেছি স্বাস্থ্য—আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে স্বাস্থ্য দপ্তরকে হাতে রেখেছেন। আজকে কংগ্রেসের বন্ধুরা থাকলে আনন্দ লাগত। আমাদের ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশানের সভাপতি বসে আছেন ডাঃ নির্মল মাজি।

আমরা সম্মান জানাই, এই মা-মাটি-মানুষের সরকারকে এই ৩৪ মাসে ৭টি ফেয়ার প্রাইস শপ সাধারণ মানুষের স্বার্থে করা হয়েছে যা দেখে উল্লসিত হয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী মনমোহন সিং বলছেন এটাকে মডেল করব আগামীদিনে ভারতবর্ষে। আপনাদের গর্ব হয় না ? বামপন্থী বন্ধুদের কাছে প্রশ্ন করতে চাই। আপনারা গর্বিত হন না ? আপনারা বলেন, আমার মজা লাগে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভায় আসে না কেন ? মুখ্যমন্ত্রী বাড়িতে বসে থাকেন না। নর্থ বেঙ্গলে ক্যাবিনেট মিটিং করতে যান। মুখ্যমন্ত্রী পানাগড়ে মাটি উৎসব করতে যায় কৃষকদের অনুপ্রেরণা দেওয়ার জন্য। আর আপনাদের এই ৫৯ জনের এই দুরবস্থা কেন ? দুজন-তিনজন বসে আছেন। আপনারা কোথায় যান ? আপনাদের কাছে আমরা প্রশ্ন করতে চাই। আপনারা বিধানসভায় দীর্ঘদিন ধরে আছেন। "আপনি আচরি ধর্ম পরেরে শেখায়" নিজে আগে ধর্ম পালন করুন, তারপরে অন্যজনকে বলবেন। অন্যজনকে বলার অধিকার আপনাদের নেই। আমরা বলতে এসেছি, এই ৩৪ মাসে ৩টি মেডিকেল কলেজ আমাদের রাজ্যে হয়েছে, ৩টি নার্সিং ট্রেনিং কলেজ হয়েছে। রাজ্যে ১০ হাজার নতুন হাসপাতালে বেড তৈরি করেছেন আমাদের মুখ্যমন্ত্রী। ২ হাজার ডাক্তারি সিট বাড়িয়েছেন এবং আপনাদের আমলে আপনাদের নেতা কমরেড সূর্যবাবুর প্রশ্রয়ে যারা পেছনের দরজা দিয়ে পার্টিকে অর্থ সাপ্লাই করত---ব্যাঙ-এর ছাতার মতো নার্সিং হোম বন্ধ হওয়া শুরু হয়েছে। মানুষ এখন হাসপাতালমুখী হয়েছে। গরীব মানুষ তার চিকিৎসা পাচ্ছে এটা আমাদের গর্বের। সূর্যবাবু বড়ো বড়ো কথা বলেন, এরপরেও বক্তৃতা রাখবেন। বিরোধী দলের নেতা, তিনি যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি শিশুমৃত্যু এবং প্রসূতি মায়ের মৃত্যু ঘটেছিল। আমাদের ৩৪ মাসে ২০% কমে গেছে, উল্লেখযোগ্যভাবে কমছে প্রসূতি মা এবং শিশুমৃত্যুর এটাও আমাদের গভর্নমেন্টের বড়ো অ্যাচিভমেন্ট। আমাদের শ্রম দপ্তর—আমরা গর্বিত আমাদের আমলে নতুন করে একটা কারখানাও বন্ধ হয়নি। উল্টে আপনাদের ৩৪ বছরের অনেক কলকারখানা আমরা এই বাংলায় ৩৪ মাসে খুলে দিয়েছি। এটা আমাদের কাছে অত্যন্ত গর্বের। তার প্রথম উদাহরণ কানোরিয়া জুট মিল। আমরা প্রমাণ করে দিয়েছি কানোরিয়া জুট মিল থেকে আরো অন্যান্য মিল। আমরা বলতে এসেছি, আমরা বলতে চাই আমাদের সরকার কর্মহীন যুবক-যুবতীদের জন্য 'যুবশ্রী' প্রকল্প করে ১৮ থেকে ৪৫ বছর বয়সের ১ লক্ষ যুবক-যুবতীকে দেড় হাজার টাকা করে দেওয়ার ব্যবস্থা করেছে। আপনি ৩৪ মাসে শুনতে থাকুন আমার সরকার নির্মাণ ও পরিবহন কর্মী-সহ ১০ লক্ষ অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য ভবিষ্যৎনিধি সংক্রান্ত রাজ্য সামাজিক মুক্তি কার্ড নামে স্মার্ট কার্ড প্রদান করেছে প্রায় সাড়ে ৭ লক্ষ। এটা অনেক বড়ো অ্যাচিভমেন্ট আমাদের সরকারের কাছে। আপনারা দেখুন বাংলার মানুষের জন্য মা-মাটি-মানুষের সরকার কিভাবে কাজ করছে দেখতে থাকুন। এবার আসুন পঞ্চায়েত ব্যবস্থায়—পঞ্চায়েতী ব্যবস্থা আপনাদের আমলে ছিল এলোমেলো করে দে মা, লুটে পুটে খাই। পঞ্চায়েতের প্রধানগুলোকে চোর তৈরির কারখানায় রূপান্তরিত করেছিলেন। সেখান থেকে ৩৪ মাসে ঘুরে দাঁড়িয়ে আমরা প্রকৃত গ্রামবাংলার উন্নয়ন শুরু করেছি। আমাদের মুখ্যমন্ত্রী আমলাশোলে পৌঁছে গিয়ে খয়রাশোল গ্রামে নিজের হাতে ইঁট পেতে এক-একটা গ্রামীণ

এলাকায় ৫টি করে রাস্তা করে ১৬ হাজার কিলোমিটার রাস্তা সারা বাংলায় চালু করলেন এটা একটা ঐতিহাসিক দৃষ্টান্তমূলক সিদ্ধান্ত।

[2.40 – 2.50 p.m.]

ভারতবর্ষের কোনো রাজ্যের কোনো মুখ্যমন্ত্রী আজ অবধি করেনি। এটার জন্য আমরা মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা পশ্চিমবাংলায় কৃষক ওরিয়েন্টেড, আমাদের ৭০% কৃষক। সেই কৃষকদের ২০১২-১৩ সালে আমরা কৃষিকর্মণ পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছি, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ। ২০১১ সালের মে মাস থেকে কৃষকদের জন্য ২৩ লক্ষেরও বেশি নতুন কিষান ক্রেডিট কার্ড আমাদের সরকার চালু করেছে। এটা আমাদের গভর্নমেন্টের—আমরা গর্বিত মনে করি। সিঙ্গুর-নন্দীগ্রামের জমির ব্যাপারে বলি। জমির হাঙর আপনারা। আর আমাদের আমলে ইতিমধ্যে গরীব মানুষের হাতে এক লক্ষ পাট্টা পৌঁছে দিয়েছি। আরও ৫২ হাজার পাট্টা রেডি। যে কোনো সময় কৃষকদের হাতে পৌঁছে যাবে, সাধারণ মানুষের কাছে পৌঁছে যাবে। এটা আমাদের সরকারের যথেষ্ট বড়ো অ্যাচিভমেন্ট। পঞ্চায়েতী ব্যবস্থায় নারী-পুরুষের সমান অধিকার। এই পৃথিবীতে অর্ধেক নর আর অর্ধেক নারী। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সবার আগে পঞ্চায়েত নির্বাচনে ৫০% সংরক্ষণ করে মহিলাদের যে সম্মান দিয়েছেন, সেটার জন্য আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। মহিলাদের জন্য ৫০% করেছেন। আপনারা শুনতে থাকুন। আপনাদের কাছে তাই বলতে চাই বিদ্যুতের ব্যাপারে। বামফ্রন্টের আমলে সাধারণ মানুষ স্লোগান দিত। "লোডশেডিংয়ের সরকার, বামফ্রন্ট সরকার, আর নেই দরকার।" আজকে লোডশেডিং বিলুপ্ত হয়ে গেছে। লোডশেডিংয়ের ব্যাপারটি মানুষ ভুলে গেছে। আজকের এই সভা থেকে আমরা মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই। আমরা মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে ধন্যবাদ জানাই। পশ্চিমবাংলার মধ্যে হান্ড্রেড পারসেন্ট ইলেকট্রিফিকেশান আমাদের হাওড়া জেলাকে করার জন্য, আমাদের হাওড়া জেলাকে হান্ড্রেড পারসেন্ট বৈদ্যুতিকরণে দাঁড় করিয়ে দিয়েছে আজকের মা-মাটি-মানুষের সরকার। হাওড়া জেলা হাসপাতাল স্বাস্থ্যে ভারতবর্ষের মধ্যে এক নম্বরে। এর জন্য আমরা গর্বিত। স্যার, আমাকে আর দু-মিনিট সময় দেবেন! আরও দু'মিনিট বলতে দেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এদেরকে একটু বলাতে চাই, মানে এরা বলার জন্যই বলে। আপনারা জানেন আমাদের যুব কল্যাণ মন্ত্রী এবং ক্রীড়া মন্ত্রীর নেতৃত্বে ২০১১ সালের মে মাস থেকে ১০,১৭৮টি ক্রীড়া এবং যুব ক্লাবকে মোট ১২৬ কোটি টাকার আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে যুবকদের আরও বেশি করে অনুপ্রেরণা দেওয়ার জন্য, যাতে যুবকরা এগিয়ে যায়। আপনারা অনেক আইন-শৃঙ্খলার কথা বলেন। আইন-শৃঙ্খলার কথা এদেরকে বলতে গেলে—ভূতের মুখে রাম নাম। আমাদের লজ্জা লাগে যখন দেখি রাজ্যের এক প্রাক্তন মন্ত্রী, এই সদনের এক সদস্য। বিধানসভা নির্বাচনের পর মানুষের মুখকে থেঁতলে দিয়ে সোডা আর নুন দিয়ে মাটির তলায় জীবন্ত মানুষকে মেরে কঙ্কালের নায়ক হয়ে যাদের পাশে বসে থাকেন, আর যাই হোক তাদের মুখে আইন-শৃঙ্খলা বলার অধিকার আছে বলে অন্ততঃপক্ষে আমার মনে হয় না। ধর্ষণের কথাও তারা বলে! আজকে বলতে দ্বিধা নেই সিঙ্গুরের জমি

আন্দোলনে ষোলো বছরের মহিলা তাপসী মালিককে যারা ধর্ষণ করে জীবন্ত পুড়িয়ে মারে তার নাম হয় সি.পি.এম. জোনাল কমিটির সম্পাদক। এর চেয়ে লজ্জা, এর চেয়ে ঘৃণা আর হতে পার না। 'বেহায়ার নাহি আছে লাজ, নাহি আছে অপমান'। এরা দু-কান কাটা। এদের লজ্জা নেই। এরা রাস্তার মাঝখান দিয়ে যায়। আবারও বলি আগামী দিনে ভারতবর্ষের বুকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে আমাদের বাংলা ভারতবর্ষকে পথ দেখাবে। এই কথা বলে আজকের এই সদনে এই বক্তব্যকে পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল চেয়ারম্যান স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে মহামান্য পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণনের ভাষণকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আপনারা জানেন বিরোধী পক্ষে যারা আছে, তারা সব সময় যারা সরকার পক্ষে থাকে তাদের কিভাবে হেনস্থা করা যায়, উন্নয়নকে কিভাবে স্তব্ধ করা যায়, অসত্য কথা বলে পাড়ায় পাড়ায় প্রচার করা যায় এবং মানুষকে ধোঁকা দেওয়া যায়—আপনারা এই পবিত্র হাউসে এসে হইচই করেন। মানুষের জন্য তারা আসেনি, নিজের পদকে ঠিক রাখার জন্য এসেছে। আপনাদের জানাতে চাই আজকে আমাদের মুখ্যমন্ত্রী, মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে মানুষের সঙ্গে থেকে পরিশ্রম করে বাংলার উন্নয়ন করার জন্য চেষ্টা করছেন, তাকে স্তব্ধ করবার জন্যে এরা বারবার আঙ্গুল তুলে এই মা-মাটি-মানুষের সরকারকে দূষিত করছে। যাই হোক মানুষ এখন সচেতন হয়েছে। মানুষ এখন দেখছে রাস্তার কাজ হচ্ছে, বৈদ্যুতিকরণ হচ্ছে, গরিব মানুষ দু-টাকা কেজি দরে চাল পাচ্ছে, জঙ্গলমহল হাসছে, জঙ্গলমহলের ছেলে-মেয়েরা সাইকেল পাচ্ছে, পড়াশোনার সুবিধা পাচ্ছে, স্টেডিয়াম করে তাদের খেলাধুলো করার সুযোগ করা হয়েছে, যারা বন্দুক হাতে তুলে নিয়ে মানুষকে মারতেন তাদের হাতে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আইন-শৃঙ্খলা এবং শান্তি বজায় রাখার জন্য তাদের হাতে বন্দুক তুলে দিয়েছেন। ১০ হাজার কনস্টেবল নিযুক্ত করেছেন। সেই মানুষকে যদি আমরা কোনোরকম জীবিকা অর্জন করবার জন্য কোনো রাস্তা না দেখাতে পারি তাহলে মানুষ কোরাপ্‌টেড্ হয়ে যাবে। ৩৪ বছর ধরে এই সি.পি.এম সরকার কি করেছে ? জঙ্গলমহলের মানুষকে হেনস্থা করেছে। তাদেরকে ভালোবাসা দেয়নি। শিক্ষাক্ষেত্রে, স্বাস্থ্যক্ষেত্রে তাদের কোনোরকম সহযোগিতা করেনি। সেইজন্য আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনবার নিজের জীবনকে তোয়াক্কা না করে নিজে গিয়ে ওখানকার মানুষের সঙ্গে বসে ভাই-বোনদের নিয়ে সেখানকার মানুষের পাশে দাঁড়িয়ে তাদের উন্নয়নের কাজ করছেন। আপনারা প্রশংসা করবেন না ? সংসার চলে রমণীর গুণে—আপনারা ভালো করে জানেন। রমণী হয়ে এসেছেন আজকে এই পবিত্র হাউসের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আপনারা মহিলা হয়ে একটা মহিলার দুর্নাম করছেন। একজন পুরুষমানুষ হয়ে একজন মহিলার বিরুদ্ধে অপপ্রচার করছেন। কোনোদিন এইরকম করা উচিত নয়। এই পবিত্র হাউসের মধ্যে আপনারা সকলকে সম্মান দিতে শিখুন। অসম্মান করার কারোর অধিকার

নেই। তার সাথে আমি বলতে চাই সংখ্যালঘু মানুষের জন্য আপনারা কি করেছেন ? বিরোধী পক্ষের একজন সদস্য বলছিলেন। আমাদের হজ কমিটি টাওয়ার হাউসের জন্য রাজারহাটে ৫ বিঘা জমি দিয়েছে ট্রান্সফার বিল্ডিং-এর কনস্ট্রাকশন করার জন্যে। সেখানে কাজ চলছে। আলিয়া ইউনিভার্সিটির জন্যে ১৫ বিঘা জমি দিয়েছে। তার কাজ সম্পন্ন হতে চলেছে। আপনারা এগুলোকে অসহ্য বলবেন ? সংখ্যালঘু মানুষদের জন্য কিছু দেয়নি ? মাদ্রাসার মেয়েদের সাইকেল দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ শিক্ষা পর্ষদের মতো সমানভাবে আমাদের মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। ২৫৬টি মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। আপনারা প্রশ্ন করছে ১০ হাজার মাদ্রাসা স্বীকৃতি দেওয়ার কথা ছিল, কেন এখনও পর্যন্ত করা হয়নি। ঠিকমতো ডকুমেন্টস না পাওয়াতে, আপনারা জোগাড় করে না দেওয়াতে আজকে আমরা স্বীকৃতি দিতে পারছি না। তার সঙ্গে আমি বলতে চাই ৩৪টি সুপার স্পেসালিটি হসপিটালের মধ্যে আমরা মেটিয়াবুরুজ কনস্টিটিউয়েন্সির মধ্যে গার্ডেনরিচ স্টেট জেনারেল হসপিটালকে সিলেকশান করার জন্যে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। এখন আমাদের কনস্ট্রাকশন চলছে, বিউটিফিকেশন চলছে, নার্সিং হোস্টেল কনস্ট্রাকশন চলছে এবং ডাক্তারদের কোয়ার্টারের কাজ চলছে।

[2.50 – 3.00 p.m.]

আপনারা গিয়ে দেখে আসুন, মিথ্যা বা অসত্য কথা নয়। বাচ্চাদের জন্য S. & N. N. Care Unit চলছে এবং সেখানে প্রতিদিন ৫০০/৬০০ জন আউটডোরে চিকিৎসা পাচ্ছে। ফেয়ার প্রাইস মেডিসিন শপ খোলা হয়েছে। আপনারা গিয়ে দেখে আসুন। মানুষ কিচ্ছু পায়নি বললে চলবে না। সত্যকে সত্য, অসত্যকে অসত্য বলতে হবে। কাজ হচ্ছে, উন্নয়ন হচ্ছে। আপনারা তো ২ লক্ষ ২৬ হাজার কোটি টাকার দেনার বোঝা আমাদের সরকারের মাথায় চাপিয়ে দিয়ে গেছেন। কি ভাবে উন্নয়ন হবে ? তা সত্ত্বেও আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজের সাহসে এই উন্নয়নের কাজ চালিয়ে যাচ্ছেন। আপনারা হিসাব কিতাব দেখাচ্ছেন, কিন্তু কেন ডিপার্টমেন্টে গিয়ে কাজগুলো আদায় করতে পারছেন না ? রাস্তাঘাটগুলো মেইনটেন্যান্স করাবার জন্য চার মাস আগে অর্ডার পাশ হচ্ছে। দশটি মহিলা থানা স্থাপন করা হয়েছে। মেয়েরা যাতে নিজেদের দুঃখের কথা, সমস্যার অকপটে মেয়েদের সামনে বসে জানাতে পারে, এফ.আই.আর. করতে পারে। মহিলারা যাতে সুষ্ঠুভাবে বিচার পায় তার জন্য এসব করা হয়েছে। আর একটা আমি আপনাকে বলতে চাই, কন্যাশ্রী প্রকল্প, এটা হচ্ছে উন্নত প্রকল্প। এটা আবিষ্কার করেছিলেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার সঙ্গে সঙ্গে করেছেন গীতাঞ্জলি আবাসন, জল ধরো জল ভরো, কিষাণ ক্রেডিট কার্ড এবং অসংগঠিত শ্রমিকদের জন্য সামাজিক মুক্তির কার্ড নামে স্মার্ট কার্ড দেওয়া হয়েছে। আজকে দার্জিলিঙে যেসব পর্যটকরা যাচ্ছেন তাঁরা হাসিমুখে ফিরে আসছেন। তারা বলছেন, আগে তো এমন ছিল না, এখন দার্জিলিঙে গিয়ে খুব আনন্দ পাচ্ছি। বিদেশিরাও বলছেন এরকম। কে করেছে ? মমতা বন্দ্যোপাধ্যায়। কার জন্য হয়েছে ? আমাদের এই বাংলার মানুষের জন্য হয়েছে। আমরা যদি বাংলার মানুষের উন্নয়নের পাশে দাঁড়াতে না পারি তাহলে এই সরকার হোক কি বিগত সরকারই হোক মানুষ

আমাদের ভালো বলবে না। সেইজন্য আমাদের সকলকে হাতে হাত মিলিয়ে কাজ করতে হবে। তাই আমি বলি, এই মাটি আমার তোমার, এই মাটিতে সবার গতি। সর্বশেষে মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবীর রঞ্জন বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিধানসভার দ্বাদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে ভাষণ পাঠ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। স্যার, এই কদিন আমি এখানে বসে ডিবেট শুনছিলাম। আমার আশ্চর্য লাগল যে, রাজ্যপালের ভাষণে এত ইতিবাচক দিক থাকা সত্ত্বেও শুধুমাত্র বিরোধিতা করার জন্যই বিরোধিতা করে যাচ্ছেন বিরোধীরা। এবং সেই বিরোধিতা করতে গিয়ে একটা অস্বাস্থ্যকর প্রতিযোগিতা শুরু হয়েছে বললে অত্যুক্তি হয় না। সেখানে ধ্বংসাত্মক সমালোচনা করার ক্ষেত্রে বামফ্রন্ট এবং কংগ্রেস একে অন্যকে ছাপিয়ে যেতে গিয়ে যে নেতিবাচক সুনামিতে ভেসে গেল দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে, সেটা যে জনসাধারণের কাছে তাদের হাসির খোরাক করে তুলেছে, সেই বোধটুকুও তাদের লোপ পেয়েছে। বিরোধিতা করতে গিয়ে তারা সকলেই প্রায় বলেছেন যে এই ভাষণে ভালো কিছু দেখতে পাচ্ছেন না। স্যার, আমার মনে হয় তারা ভাষণটা মন দিয়ে শোনেননি বা বইটার পাতা উল্টে দেখার অবকাশ পাননি তাদের বিস্তর কাজের মধ্যে। ওই ভাষণের প্রায় প্রতি পাতায় সরকারের যেসব ভালো পদক্ষেপের কথা আছে, সেইগুলো যদি পড়তেন তাহলে আমার নিশ্চিত ধারণা যে বিরোধীদের ভুলগুলো ভেঙে যাবে। স্যার, এই ভাষণে আছে ২০১৩ সালের পশ্চিমবঙ্গ সরকারি পরিষেবা আইনকে কার্যকর করার কথা। যা এক যুগান্তকারী পদক্ষেপ রূপে এখানে অবতীর্ণ হচ্ছে। স্যার, আমরা কুখ্যাত রেড টেপিজম কালচারের কথা জানি এবং আমরা এটাও অনুধাবন করতে পারছি সেই রেড টেপিজম কালচারকে শেষ করতেই এই আইন এবং এর মাধ্যমে সুনির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি পরিষেবা লাভকে সুনিশ্চিত করা যাচ্ছে। স্যার, আমরা রাজ্যপালের ভাষণের মধ্যেই দেখেছি রাজ্যে আর্থিক বৃদ্ধির হার যে গড় জাতীয় হারকে ছাপিয়ে গেছে সে কথা তিনি এখানে বলেছেন। তাও আমাদের বিরোধীরা এখানে সদর্থক কিছু খুঁজে পাননি। দীর্ঘ ৩৪ বছর বাংলার যে তারুণ্য ও যৌবন বেকারত্বের জ্বালায়, হতাশার অন্ধকারে অতল গহ্বরে তলিয়ে যেতে বসেছিল যে যৌবন তারুণ্য ধুঁকছিল তাদের মনে আশার আলো সঞ্চারকারী যুবশ্রী প্রকল্পের কথা আছে স্যার এই রাজ্যপালের ভাষণে যে এমপ্লয়মেন্ট ব্যাংকে নথিভুক্ত ১৮ থেকে ৪৫ বছরের এক লাখ জনকে দেড় হাজার টাকার মাসিক ভাতার নিশ্চয়তা দিচ্ছে এবং এমপ্লয়মেন্ট ব্যাংকের সকল নথিভুক্তকে চাকরি পাওয়ার প্রত্যয় জোগাচ্ছে। স্যার, এই ভাষণেই আছে অসংগঠিত শ্রমিকদের জন্যে ভবিষ্যনিধি সহায়তা প্রকল্প যে প্রকল্প রাজ্যের ১০ লাখ শ্রমিককে এ যাবৎ অনিশ্চিত ভবিষ্যতকে নিশ্চয়তা দিচ্ছে। আরও সাড়ে সাত লক্ষকে সামাজিক মুক্তি কার্ডের মাধ্যমে দিচ্ছে অ্যাক্সিডেন্টাল বেনিফিট। দিচ্ছে চিকিৎসা, লেখাপড়ার ক্ষেত্রে আর্থিক সহায়তার নির্ভরতা। আমরা জানি এই ভাষণে আমরা দেখেছি ও.বি.সি.-দের জন্য ২০১৪-১৫ শিক্ষাবর্ষে নতুন করে আসন সংরক্ষণের কথা বলা আছে। মুসলিম মাইনরিটি যাদের প্রায় ৯৪.৫ শতাংশ ও.বি.সি. হওয়ার যোগ্য মানুষ তাদেরকে ও.বি.সি. রিজারভেশনের

সুযোগ দেওয়ার কথা বলা আছে। তাও আশ্চর্য হই স্যার, এত কিছু এত সদর্থক কথার মধ্যেও কোনো সদর্থক কিছু খুঁজে পাননি বিরোধীরা। নির্দিষ্ট প্রকল্পের মাধ্যমে প্রতি গ্রাম পঞ্চায়েতে অন্তত পাঁচটি করে রাস্তা নির্মাণের মাধ্যমে গোটা বাংলা জুড়ে ১৬ হাজার কিলোমিটার গ্রামীণ রাস্তা নির্মাণের কথা আছে এবং এ ক্ষেত্রেও রাজ্য দেশের মধ্যে পথিকৃৎ হতে চলেছে। স্যার, আমরা এই রাজ্যে অনেকগুলো কেলেঙ্কারি দেখেছি। আমরা ভেরোনা দেখেছি, আমরা ওভারল্যান্ড দেখেছি, আমরা সঞ্চয়িতার মতো কুখ্যাত চিটফান্ডগুলোর বাড়বাড়ন্ত দেখেছি। সেগুলো স্যার কোনো সরকারের সৌজন্যে দেখেছিলাম সেটা বোধহয় বলা বাহুল্য। কত ক্ষুদ্র বিনিয়োগকারীকে আমরা সর্বস্বান্ত হতে দেখেছি। তখন কিন্তু স্যার তাদের চোখের জল মোছাতে তাদের পুঁজি উদ্ধারের কোনো উদ্যোগ, কোনো বাঁধন সেই সরকার নিতে পারেননি। সারদা কেলেঙ্কারি হওয়ার পরে জাস্টিস শ্যামল সেন কমিশন গঠন করা হয়েছে। আমরা দেখেছি ২ লক্ষ ৩৭ হাজার ক্ষুদ্র বিনিয়োগকারী স্বার্থ রক্ষার ব্যবস্থা করছে এই কমিশন। আমরা এও দেখেছি এই ক্ষেত্রে স্পেশালি ইনভেস্টিগেশন টিম এস.আই.টি. গঠন করা হয়েছে যা কিনা দোষী ব্যক্তিদের যথাযথ বিচার করে শাস্তির ব্যবস্থা করার উদ্যোগ নিয়েছে। এই কথাগুলো স্যার এই রাজ্যপালের ভাষণের মধ্যেই আছে। রাজ্যপাল তার সরকারে যে ফার্স্ট প্রায়োরিটি-সর্বোচ্চ প্রায়োরিটির ক্ষেত্রে স্বাস্থ্য। সেটাও স্যার এখানে উল্লেখ করেছেন। সেখানে তিনি বলেছেন যে এই উদ্দেশ্যে সরকার ৩৪টি নতুন মালটি সুপার স্পেশালিটি হসপিটাল গড়ে ওঠার কথা রাজ্যপাল এখানে উল্লেখ করেছেন। তিনি বলেছেন ৩৬টি এস.এন.সি.ইউ. এবং ১৯৮টি এস.এন.এস.ইউ. অর্থাৎ সিক নিউ বর্ন কেয়ার ইউনিট এবং সিক নিউ বর্ন স্টেবিলাইজেশন ইউনিট পূর্বতন সরকারের আমলে আমরা কদাচিৎ দেখতে পেতাম। তার কিন্তু ব্যবস্থা করা হয়েছে। স্যার, এখানে সদর্থক একটি স্বাস্থ্য ব্যবস্থার কথা মহামহিম রাজ্যপাল বলেছেন। কুড়ি শতাংশ প্রসূতির মৃত্যু হার কমে যাওয়ার কথা যেটা একটা দৃষ্টান্তস্বরূপ। এছাড়াও বলেছেন, 'গত এক বছরে সস্তা ন্যায্যমূল্যের দোকান থেকে ৪৭ লাখ ক্রেতা উপকৃত হয়েছেন'। আরো উল্লেখযোগ্য স্যার, প্রাইমারি হেল্‌থ সেন্টার এবং রুরাল হসপিটালগুলোতে সব রোগীকে বিনামূল্যে ওষুধ যে সরকার দেবে সেটাও তিনি এখানে উল্লেখ করেছেন। তিনি আরো একধাপ এগিয়ে বলেছেন পি.পি.পি. মডেলে আগামীদিনে সরকার এক্স-রে, এম.আর.আই. সিটি স্ক্যান এবং ডায়ালিসিসের সুবিধাযুক্ত ৪৭টি ফেয়ার প্রাইস হাই অ্যান্ড ডায়গনস্টিক সেন্টার চালু করতে চলেছে এ বছরের মধ্যেই। যত বলছি ততই আশ্চর্য হচ্ছি। এত কিছুর মধ্যেও বিরোধীরা এর মধ্যে ইতিবাচক কিছু খুঁজে পাননি সমর্থন করার। তাই বলছি বিরোধীরা শুধুমাত্র বিরোধিতা করার জন্যই বিরোধিতা করে গেছেন। এই ভাষণে আছে কৃষি উৎপাদনের মধ্যে দেশের শ্রেষ্ঠ উৎপাদনকারী রাজ্য হিসাবে বারো-তেরো সালে কৃষিকর্ম পুরস্কার পাওয়ার ঘটনা ও এই বছর রাজ্যে সর্বকালীন রেকর্ড ১৭৩.২৬ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদনের গৌরবজনক উল্লেখ। তেইশ লক্ষ কিষান ক্রেডিট কার্ড প্রদানের কথাও এখানে বলা আছে। তার সাথে আছে কোল্ড স্টোরেজ যুক্ত ১৭৬টি কিষান মান্ডি করার কথা, যা কিনা কৃষি বিপণনের ক্ষেত্রে সবকিছু আরও সুবিধাজনক করে দেবে। স্যার, আমরা দেখেছি উনি বলেছেন গণবণ্টন ব্যবস্থাতে স্বচ্ছতা আনতে বাংলায় ডিজিটাল রেশন কার্ড তৈরি করার

প্রক্রিয়া চালু হয়েছে। এছাড়াও এই বাংলার গরীব মানুষ বি.পি.এল. তালিকাভুক্ত মানুষকে এবং অন্যান্য এবং স্পেশাল ক্যাটাগরিযুক্ত মানুষকে তিন কোটি কুড়ি লক্ষ মানুষ যাদেরকে দুই টাকা কেজি দরে চাল দেবার কথাও বলা হয়েছে। এখনে উল্লেখযোগ্য একটা জিনিস দেখেছি; বিগত সরকারের আগের বামফ্রন্ট সরকার মিনিমাম সাপোর্ট প্রাইসে তারা ধান কিনত। আর এই সরকারও দু-হাজার এগারো সালে প্রতিষ্ঠিত হবার পরে ধান কেনা শুরু করেছে। মাত্র দুটো বছর এই সরকার অপারেট করেছে। যদি ইচ্ছা থাকে আমরা জানি ইংরেজিতে একটা কথা আছে। দেয়ার ইজ এ উইল, দেয়ার ইজ এ ওয়ে। যদি ইচ্ছা থাকে, তাহলে উপায় হয়। মাত্র দুটো বছর নিষ্ঠার সঙ্গে এই কাজ করার পরে এই প্রথমবার আমরা দেখতে পেয়েছি মিনিমাম সাপোর্ট প্রাইসের থেকে ধানের যে ক্রয়মূল্য ছিল বাজারে সেটা মিনিমাম সাপোর্ট প্রাইসের থেকে বেশি। এর থেকে একটা জিনিস কিন্তু খুব পরিষ্কার— ফোড়েদের আজকে অনেকটা নিয়ন্ত্রিত করা গেছে এই সরকারের সদিচ্ছার কারণে। এবং এর সঙ্গে এই বছর এত কিছু প্রতিকূলতা সত্ত্বেও কৃষকরা সন্তোষজনক লাভের মুখ দেখতে পেয়েছে। সেটা এই বছরেই উল্লেখ আছে। এখানেই উল্লেখ আছে কন্যাশ্রী প্রকল্পের কথা। যা ভারতের মধ্যে দৃষ্টান্তস্বরূপ। মধ্যপ্রদেশ সরকারের লছমী লাডলি যোজনাকে কন্যাসন্তানের সামাজিক সুরক্ষা প্রদানের ক্ষেত্রে পিছনে ফেলেছে। এছাড়াও এযাবৎ ছাত্রীদের পড়াশোনার সুবিধার্থে দুই লক্ষেরও বেশি সাইকেল দেবার কথা এখানে উল্লেখ করা আছে। স্যার, ৪০টি নতুন কলেজ, ৬টি আরো নতুন ইউনিভার্সিটি স্থাপনের কথাও চলছে। এই কথাও মহামান্য রাজ্যপাল উল্লেখ করেছেন। তিনি বলেছেন সাড়ে তিন লক্ষ ব্যক্তিকে কর্মসংস্থানের সম্ভাবনাময় প্রস্তাবিত ও রূপায়িত মিলিয়ে মোট এক লক্ষ চল্লিশ হাজার কোটি টাকার শিল্প বিনিয়োগের কথা যেখানে স্যার, দু হাজার দশ সালে আমরা দেখেছিলাম বামফ্রন্টের আমলে ধর্মঘটের জন্য নব্বই লক্ষ শ্রমদিবস আমরা নষ্ট হতে দেখেছিলাম। সেখানে বিগত বছরে একটিও শ্রমদিবস নষ্ট না হওয়ার গৌরবজনক উল্লেখও মহামান্য রাজ্যপাল করেছেন। লোডশেডিং-এর কথা বলি—বাম আমলে বঙ্গ জীবনের অঙ্গ হয়ে গিয়েছিল বোরোলিনের মতো। তা কিন্তু বিস্মৃতপ্রায়। উল্টে আজ আমরা উদ্বৃত্ত বিদ্যুৎ উৎপাদন করছি। এই বছরই সাগরদিঘি থার্মাল পাওয়ার প্ল্যান্ট এবং দুর্গাপুর প্রজেক্টস লিমিটেডের ডি.পি.এল.-এর সৌজন্যে আমাদের উৎপাদন ক্ষমতা আরও ১২৫০ মেগাওয়াট বৃদ্ধি পাবে। স্যার, নতুন একটা স্কিম নেওয়া হয়েছে এই সরকারের পক্ষ থেকে— 'সবার ঘরে আলো'। যে স্কিমের আওতায় আগামী দুই বছরের মধ্যে এ.পি.এল. থেকে বি.পি.এল. বাংলার কোনো গৃহকোণ আর অন্ধকারে থাকবে না। এত কিছুর পরেও স্যার, অত্যন্ত দুর্ভাগ্যজনকভাবে বিরোধীরা সদর্থক কিছু দেখতে পাননি। তাই স্যার, আপনার মাধ্যমে তাদের কাছে অ্যাপিল করছি আই অ্যাপিল টু দেয়ার গুড সেনসেস, দেওয়াল লিখনটা স্পষ্ট। সেটা দেখতে শিখুন। চোখের লাল ঠোলটা খুলে ফেলুন এবং যথার্থ জনগণের চাহিদা অনুযায়ী উন্নয়নের জোয়ারে গা ভাসান। ধন্যবাদ।

শ্রী তাপস রায় : অনারেবল স্পীকার স্যার, এই পবিত্র সদনে গত সোমবার পশ্চিমবঙ্গের রাজ্যপাল **এম.কে. নারায়ণন যে ভাষণ রেখেছেন** এবং পরিষদীয় মন্ত্রী যে

ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি বক্তব্য রাখছি। স্যার, পরিষদীয় রীতিনীতি অনুযায়ী বক্তৃতা করলে শুনতে হয়। এটাই সংসদীয় গণতন্ত্রের রীতিনীতি। আমি দেখতে পাচ্ছি আমার কংগ্রেসের বন্ধুরা তো কেউ নেই, যারা বাম বিধায়করা বলে গেছেন তাদের অনেককেই আমি দেখতে পাচ্ছি না।

[3.00—3.10 p.m.]

এটা পরিষদীয় রীতি-নীতি বিরোধী বক্তৃতা করে চলে যাওয়া, তারপর উত্তর না নেওয়া। আমি মোটামুটি কয়েকজনের বক্তৃতা শুনেছি। শুনে আমার মনে হয়েছে যে, এটা শুধুমাত্র পশ্চিমবাংলার মানুষের দ্বারা উপেক্ষিত, পশ্চিমবাংলার মানুষের দ্বারা প্রত্যাখ্যাত, বিরোধীদের হাহাকার, আর্তনাদ প্রতিফলিত হয়েছে, তাদের বক্তব্যের মধ্যে দিয়ে, তাদের ভাষণের মধ্যে দিয়ে। আমি শুধু এই কথাই বলব, সূর্যবাবু রয়েছেন—বিরোধী দলনেতা—এবং আরো অন্যান্যরাও রয়েছেন। আপনারা এই কথাই বলুন না, আমাদের বলারও দরকার নেই, শোনারও দরকার নেই। আপনারা ৩৪ বছর ক্ষমতায় থাকার পর ওখানে কেন গেলেন, কেন এমন হল, এমন হল কেন ? সেটাই আপনারা বক্তৃতাতে বলুন না। ৩৪ বছর মানুষের আশীর্বাদ নিয়ে হোক, ভোট নিয়ে হোক, বলপূর্বক হোক, পুলিশ-প্রশাসনকে ব্যবহার করে হোক, হার্মাদদের ব্যবহার করে হোক—আপনারা ক্ষমতায় ছিলেন। সময় পেয়েছিলেন, সহযোগিতা পেয়েছিলেন, সাহায্য পেয়েছিলেন। তারপরেও ৩৪ বছর ক্ষমতায় থাকার পরেও আপনারা বাংলার মানুষের দ্বারা প্রত্যাখ্যাত হলেন কেন ? এটাই আপনারা বিবেচনা করে বক্তব্য রাখবেন, আমি সূর্যকান্ত মিশ্রের কাছে সেটা আশা করব। আমি এই কথা বলতে চাই সূর্যবাবু আপনাকে, আপনি একটা ৩৪ বছরের যুবক। আপনি ৩২ মাসের শিশুকে একটা ডাক্তার হিসেবে চার্জশীট দিচ্ছেন ? সে নিওনেটাল। তাকে চার্জশীট দিচ্ছেন ? আপনাদের ৩৪টা চার্জের ভল্যুম্ রয়েছে বাংলার বুকে, ৩৪টা ভল্যুম্, শীট নয় ভল্যুম্। আগে সেগুলোর উত্তর বাংলার মানুষকে দেবেন পাতার পর পাতা, তারপর আপনি চার্জশীট আনবেন। আমি তিন-চারজনের বক্তৃতা শুনলাম। তার মধ্যে বামপন্থী তিনজন, একজন কংগ্রেসের। সুভাষবাবু—তিনি তো নেই। আপনারা বলে দেবেন। তিনি বলেছেন যে, পঞ্চায়েতে ৫৪ জন মানুষ খুন হয়েছে গত ৭৭ সাল থেকে ২০১১ পর্যন্ত ৮ হাজার ৪২৭ শুধু নির্বাচনে খুন হয়েছিল। ৫৪ জন মানুষের খুন নিশ্চয়ই দুর্ভাগ্যের, দুঃখজনক। কিন্তু পরম্পরাটা কি ? কি ছেড়ে গেছেন আপনারা আমাদের ? আপনারা আমাদের স্বাস্থ্য দিয়ে গেছেন, আপনারা আমাদের শিক্ষা দিয়ে গেছেন, আপনারা আমাদের পরিস্থিতি দিয়ে গেছেন, আপনারা আমাদের পরিবেশ দিয়ে গেছেন, আপনারা আমাদের ঋণ দিয়ে গেছেন আপনারা আমাদের সুদ কেটে নিচ্ছেন—সেটা দিয়ে গেছেন, আপনারা আইন-শৃঙ্খলা দিয়ে গেছেন এবং সেই সমস্ত মানুষদেরকেও আপনারা বসিয়ে দিয়ে গেছেন, যারা এখনো কাজ করছে বা কাজ না করার চেষ্টা করছে, আমাদের কাজকে ব্যাহত করার চেষ্টা করছে। সুভাষবাবু এসেছেন। সুভাষবাবু এখানে বলছেন, গোসাবার ব্রীজ হল না কেন ? "লজ্জা-ঘৃণা-ভয় বামফ্রন্টের তিন থাকতে নয়।" আপনাদের লজ্জাও নেই, ঘৃণাও নেই ভয়ও নেই। আপনারা ৩২ মাসের

মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের কাছে ব্রীজের কথা বলছেন ? আপনি তো মন্ত্রী ছিলেন, ৩৪ বছরে গোসাবায় ব্রীজ হয় না, এর উত্তর ৩২ মাসের সরকার দেবে, ৩৪ বছর দেবে না—খুব ভালো কথা। আপনি বলছেন, মুখ্যমন্ত্রী শ্লীলতাহানি—একটা কথাও বলছেন না। তিনি কথা বলছেন না, তিনি কাজ করছেন। আর আমাদের বাংলার মুখ্যমন্ত্রী, কি করেছেন কি বলে গেছেন ? আমাদের বাংলার মুখ্যমন্ত্রী নারী নিগ্রহের পর যখন বলেন যে, "এমন ঘটনা তো কতই ঘটে।" তার এই বলবার পরে দুবৃত্তরা কি উৎসাহিত হয় না ? সেই দুর্বৃত্তরা আজও রয়েছে। আপনারা ৭৭ সালে আসার পরে ৪২ হাজার দুর্বৃত্তকে, ৪২ হাজার দুষ্কৃতীকে বাংলার বিভিন্ন জেল থেকে আপনি ছেড়ে দিলেন। তার একজন করে যদি দুর্বৃত্ত তৈরি করে থেকে থাকে, তাহলে আরও ৪২ হাজার দুর্বৃত্ত এই বাংলার বুকে রয়েছে। সেই ৪২ হাজার দুর্বৃত্ত কাজ করে চলেছে। নারী নিগ্রহ-নারী নিগ্রহ, নারী নির্যাতন, শ্লীলতাহানি—আমি ওই শব্দ ব্যবহার করি না, যে শব্দ আপনারা ব্যবহার করেন বা অন্যরা করেন। নারীর শ্লীলতাহানি, যন্ত্রণা। বাংলার মা কেন চোখের জল ফেলবে ? কেন যন্ত্রণা পাবে ? কেন কষ্ট হবে ? কেন তাদের ওপর বলাৎকার হবে ? প্রশ্ন সেটা নয়, এটা সামাজিক ব্যাধি। সামাজিক আন্দোলন গড়ে তুলেছেন ? আজকে উৎসব বলে আপনাদের গায়ে ব্যথা লাগছে। আপনারা চান, বাংলা গোমড়া মুখ করে ভুকরে ভুকরে কাঁদবে, বাংলাকে উৎসবমুখী আপনারা দেখতে চান না। উৎসব-মুখরিত বাংলা আপনারা দেখতে চান না। সেটাই তো আপনাদের ব্যথা। সেটাই তো আপনাদের যন্ত্রণা। সেটাই তো আপনাদের দুঃখ। আজকে উৎসব কারা করছে ? আপনাদের কাছ থেকে মুক্তি পাওয়া মানুষ। মুক্তির স্বাদ পেয়েছে। মুক্তির নিশ্বাস ফেলছে তারা। মুক্তির আনন্দে তারা—আমি দেখে এলাম সেদিন পুরুলিয়ার কাশীপুরে গিয়ে—আমি জীবনে দেখিনি, আমার ৪১ বছরের রাজনৈতিক জীবনে। ধামসা মাদল নিয়ে এক কিমি রাস্তা ডান দিকে এবং বাম দিকে আমার আদিবাসী ভাই-বোনেরা পলাশ ফুলের মালা মাথায় পরে, নতুন জামা-কাপড় পরে উৎসব করছেন তারা, তারা নৃত্য করছেন। সেই উৎসব আপনারা দেখতে চান না ? বাংলার গোমড়া মুখ আপনারা দেখতে চান, যন্ত্রণাক্লিষ্ট বাংলাকে আপনারা দেখতে চান, আর সেই যন্ত্রণাক্লিষ্ট মানুষকে ব্যবহার করে বছরের পর বছর আপনারা ক্ষমতায় থাকতে চান। তাইতো আজকে আপনাদের এই দুর্দশা। এই দুর্দশাতো আপনাদের হওয়ার কথা নয়। আমাদের তো এখানে থাকার কথা নয়, আমরা কি এখানে এসেছি আমাদের ইচ্ছায় ? এখানে আমরা এসেছি আপনাদের ব্যর্থতা, অপদার্থতা, আর মমতা বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব, বাংলার মানুষ তাঁকে সিম্বল মনে করেছে, মুক্তির স্বাদ তাঁকে দিয়ে দেখতে চেয়েছে এবং দেখতে চেয়েছে, দেখেছে এবং পেয়েছে। আপনারা বলেছেন নারী নিগ্রহের কথা, একটা কোর্ট করেছেন ? ৪৫টা special court হয়েছে High Court Identified। জানেন সেটা, খবর রাখেন সেটা। শুধুমাত্র শ্লীলতাহানি হওয়া নারীদের বিচার তাড়াতাড়ি পাওয়ার জন্য। একটা ক্ষেত্রে বলুন, রাধারানি মণ্ডলের বিচার হয়নি। ঘোকসাডাঙ্গা কাদের আমলে ? কুচবিহারের বর্ণালী দত্ত কাদের আমলে, বানতলা, ধানতলা কাদের আমলে ? এটাতো যন্ত্রণা, এটাতো দুঃখ। গত পরশুদিনও পার্লামেন্টে হোমমিনিস্টার সুশীল কুমার সিন্দে যে কথা বলেছেন, আমি আহ্লাদিত নই, ৬ নম্বরে কলকাতা। আমাদের আগে পাঁচটা। আমি আহ্লাদিত নই, কেন ৬ নম্বরে থাকবে কলকাতা। কোনো নম্বরে থাকবে

না কলকাতা। কেন নারী নির্যাতন হবে, কেন নারী নির্যাতন হবে ? আমি কয়েকদিন আগে একটা weekly পড়ছিলাম, সেই weeklyতেও লিখেছে, সেই weeklyতেও আমি দেখলাম যে নারী পাচার এবং শিশু পাচার সারা ভারতবর্ষে ৫৮%। ভাবা যায় ? ৫৮%। আপনারা যে পরম্পরার সৃষ্টি করে গেছেন সেটাকে পরিবর্তন করতে তো একটু সময় লাগবে। আমি পরিবর্তন দেখতে পাই সূর্যকান্ত মিশ্রর মধ্যে দিয়ে। সূর্যকান্ত মিশ্র এখন কত বিনয়ী, এখন বিনয়ের সঙ্গে কথা বলেন। যখন এইখানে বসতেন, উনি পঞ্চায়েতমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী হওয়াকালীন ১০টা বছর আমি পেয়েছিলাম। ৫ বছর স্বাস্থ্য দপ্তরের ডিবেটে আমি প্রশ্ন করতাম, বলুন যাঁরা বক্তৃতা করলেন। আপনি দাম্ভিকতার সঙ্গে প্রতিটা প্রশ্ন এড়িয়ে যেতেন। একটা প্রশ্নের আপনি উত্তর দিতেন ? একটা প্রশ্নের কখনও আপনি উত্তর দিয়েছেন আমাদের ? আমরা যখন হাসপাতালের চিত্র, আমরা যখন বাংলার স্বাস্থ্যের চিত্র আপনার কাছে তুলে ধরতাম, আপনি একটাও উত্তর দিতেন না। আমি আপনাকে বলতে চাই, আমি আপনাকে সেদিনও বলেছিলাম, আমি আজও বলছি আপনাকে যে, আমরা বাংলায় একজন ডাক্তার স্বাস্থ্যমন্ত্রী পেয়েছিলাম। কিন্তু আমরা কি দেখলাম ? বাংলার ডাক্তার স্বাস্থ্যমন্ত্রী তিনি বাংলার স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখেননি। যদি লক্ষ্য রাখতেন তাহলে আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং চন্দ্রিমা ভট্টাচার্যকে SNCU-র কথা ভাবতে হত না, ৩৯টা করতে হত না। বেড বাড়াতে হত না, PHCগুলোকে হাসপাতালে পরিণত করতে হত না। আজ আপনাদের গাত্রদাহ কেন হয় আমি জানি, ভারতবর্ষের বুকে যখন প্রথম গরীব মানুষদের কম দামে ৬১টা ওষুধের দোকান খোলা হয়। আপনারা এগুলো দেখতে পান না। আপনি অন্ধ বলে আমাদের বিপ্লব, বিপ্লব মানে আমাদের যে কাজের বিপ্লব, কাজের অগ্রগতি সেটাতো থেমে থাকবে না। আপনারা দেখতে না পেলে, না পাবেন, না পেতে পারেন। কিন্তু আমাদের কাজের গতিতো থেমে থাকবে না। মমতা বন্দ্যোপাধ্যায় ছুটছেন, আপনাদের যন্ত্রণা হচ্ছে, আপনাদের দুঃখ হচ্ছে। আপনারা এক থেকে দুবার দু-দুটো মুখ্যমন্ত্রী দার্জিলিংয়ে গেছেন ? আর আমাদের, আমি গুনে শেষ করতে পারব না, তিনি কতবার গেছেন। কেন যাবেন না ? যেতে হবে, ছুটতে হবে, দৌড়োতে হবে। উত্তর বাংলার বুকে আমাদের নতুন সেক্রেটারিয়েট হয়েছে। করতে পারতেন না আপনারা ? আমাদের করতে হয়েছে, আমাদের দেখতে হয়েছে, আমাদের সে কাজগুলোকে করতে হচ্ছে। এখন ৬টা সাবডিভিশন, একটা rural upgraded হয়েছে district hospital-এ। এবং প্রতিটি মেডিকেল কলেজ হসপিটালে Observation ward হয়েছে। কেন হয়নি ডাঃ মিশ্রর সময় ? কেন হয়নি বামফ্রন্টের সময় ? আজকে তাই মমতা বন্দ্যোপাধ্যায় দার্জিলিংয়ের ঘুম থেকে শুরু করে সুন্দরবনের সজনেখালি গ্রাম পর্যন্ত ছুটে বেড়াচ্ছেন। আপনাদের কষ্ট হচ্ছে, যন্ত্রণা হচ্ছে। কারণ একজন মুখ্যমন্ত্রী ছিলেন bowl syndrome ছিল তাঁর। তিনি দৌড়োতে পারতেন না, হপ্তাবাবু ছিলেন। আর একজন ছিলেন, তিনি পরবর্তীকালে কতক্ষণে নন্দনে যাবেন, তার সেই টান ছিল, আকর্ষণ ছিল। মমতা বন্দ্যোপাধ্যায়ের আকর্ষণ বাংলার উন্নয়ন, বাংলার মানুষ ছাড়া অন্য কোনো কিছু নয়, তাই জন্য তিনি দৌড়োন। আর তিনি Robert Frost-এর ভাষায় বলেন 'The woods are lovely, dark and deep but I have

promises to keep and miles to go before I sleep and miles to go before I sleep.

[3.10—3.20 p.m.]

এটাই তো বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়। আপনাদের গাত্রদাহ হয়, আপনাদের যন্ত্রণা হয়, আপনাদের দুঃখ হয় আমাদের কিছু করণীয় নেই এই পরিতাপের মধ্যে দিয়েই থাকতে হয়। আনিসুর রহমান বলেছেন। কি বলেছেন ? আপনারা কি চিরকাল থাকবেন ? চিরকাল কমিউনিস্ট পার্টি আছে রাশিয়ায়, ইস্ট ইউরোপে ? আপনারা আছেন ? আপনারা কোথায় ? কে বলে চিরকাল থাকবে ? মানুষ চাইলে থাকবে, মানুষ চাইলে থাকবে। সুতরাং মানুষ আপনাদের চায়নি তাই আপনারা নেই। আপনাদের কেন চায়নি আপনারা সেটা একটু দয়া করে ভাবুন, সেই জায়গায় এক্সপ্লোর করুন। আমি সেটাই আপনাদের বলছি। এখন প্রশ্ন হল, সুশান্তবাবু আপনি বলেছেন—হয়তো। কেন হয়তো ? বিরোধীদের আপনারা গুরুত্ব দেননি—হয়তো। কেন দেন নি ? আপনারা ৩৪ বছরে বিরোধীদের গুরুত্ব দেননি কেন ? এ প্রশ্ন আমি আপনার কাছে রাখতে পারি না ? আপনি বিরোধীদের গুরুত্ব দেবেন না। আপনি বলুন বাংলার বুকে কেশপুর এবং গড়বেতায় ১ লক্ষ ভোটে জিতছে নন্দরানি ডল। আপনি জিতছেন লক্ষের কাছাকাছি ভোটে। ভারতবর্ষের মাটি খুঁড়ে সোনা পাওয়া যায়, কয়লা পাওয়া যায়, ইউরেনিয়াম পাওয়া যায়, প্ল্যাটিনাম পাওয়া যায় আর বাংলার বুকে মাটি খুঁড়লেই মানুষের কঙ্কালসার দেহ অথবা কঙ্কালের হাড় পাওয়া যাচ্ছে, সুশান্তবাবু। তারপরেও আপনাদের কথা আমরা শুনছি। আপনারা বলছেন গণতন্ত্র নেই, আপনারা বলছেন গণতন্ত্র নেই। গণতন্ত্র যদি না থাকতো তাহলে এই ব্রিগেড সমাবেশ নিয়ে আহ্লাদিত হতে পারতেন ? গণতন্ত্র যদি না থাকতো, ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির পার্টি কংগ্রেস এই কলকাতার বুকে হয়, বাংলার বুকে হয় অন্য কোথাও হয় না। গণতন্ত্র বাংলার বুকে আছে বলেই। তা না হলে হত না। সুতরাং সে কথা আপনারা স্বীকার করুন, আপনাদের মানতে হবে। এতদিন আমি জানতাম যে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি রবীন্দ্রনাথকে কোড করে, কাজী নজরুল ইসলামকে কোড করে আজকে আমি দেখলাম যে, কি দুর্দশা, কি দৈন্যতা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির। সুশান্ত ঘোষ আই.পি.এস. অফিসার নজরুল ইসলামকে কোড করছে। এটা আমাকে ব্যথা দেয়, আমাকে যন্ত্রণা দেয়, আমাকে কষ্ট দেয়। আপনাদের দৈন্যতার কথা যখন ভাবি আপনারা কত দরিদ্র হয়ে পড়েছেন আদর্শগত এবং নীতিগত ভাবে। আমি সেটা তখন ভাবি। আজকে প্রশ্ন হচ্ছে—ডাঃ মানস ভূঞ্যা এখানে নেই। ডাঃ মানস ভূঞ্যা তিনি নেই। ডাঃ মানস ভূঞ্যা নাকি অত্যন্ত দুঃখ পেয়েছেন। কেন্দ্রীয় প্রকল্পের নামগুলো নেই কেন ? সেই দুঃখের পাশাপাশি বাংলার বিধায়ক হিসাবে এবং আমাদের এই সরকারের এক বছরের মন্ত্রী হিসাবে আমি বলতে চাই আপনাদের সকলকে, বাংলা তো আমাদের সবারই। এই বাংলায় জন্মেছি এই বাংলায় মরব। সি.পি.এম. হতে পারি, কংগ্রেস হতে পারি, তৃণমূল হতে পারি কিন্তু এই বাংলার বুকে—স্যার, একটু সময় আমার বাড়িয়ে দেবেন কাইন্ডলি—এই বাংলার বুকে আমরা জন্মেছি, আমরা মরব। সেই বাংলার মোরাটোরিয়াম যখন দেয় না কেন্দ্রীয় সরকার, সেই বাংলার ঋণ মুকুব যখন করে না

কেন্দ্রের সরকার, সেই বাংলার শুধু মুকুব করে না যখন কেন্দ্রের সরকার, সেই বাংলাকে স্পেশাল প্যাকেজ দেয় না যখন কেন্দ্রের সরকার তার জন্য একটা শব্দ, অক্ষর, বাক্য ব্যয় করেন না ডাঃ ভূঁএ্যা। আমার অবাক লাগে, আমার দুঃখ লাগে। এক সঙ্গে আমরা বহু বছর, বহুদিন দল করেছি। তিনি বাংলার বিধায়ক। তিনি বাংলায় থাকবেন এবং আগামী দিনেও বাংলার নেতৃত্ব দেবেন বা দিচ্ছেন। কিন্তু প্রশ্ন হল, দুঃখ হল সেই জায়গাতেই। আর আপনারা—আর আপনারা মানুষকে কি চোখে দেখেন শুনুন। আপনারা মানুষকে কি চোখে দেখেন ? নিজেদের দলের কর্মীদের—নিজেদের দলের কর্মীদের উগ্র সমর্থক যারা ব্রিগেড ভরল। আমি দেখলাম, শুনলাম, অবাক হয়ে গেলাম। এ কি ভাষা, এ কি সংস্কৃতি, এ কি শিক্ষা ? কি পেয়ে যাচ্ছে ? কি নিয়ে গেল ? কি নিয়ে গেল বাংলার মানুষরা ব্রিগেড থেকে ? ব্রিগেড থেকে, সি.পি.এম.-এর ব্রিগেড থেকে। সঞ্চালনা যিনি করছিলেন। সভাপতিত্ব যিনি করছিলেন বর্ষীয়ান একজন মানুষ। তিনি বললেন, কোনো একটা টি.ভি. চ্যানেল দেখাচ্ছে একটা ফাঁকা জায়গাকে তিনি টাক বললেন। যাকগে বলেছেন ঠিক আছে। ফাঁকা জায়গাকে টাক বললেন। বললেন, এবার আমি বলছি ওখানে আর টাক নেই। ওই জায়গায় চুলে ভরে গেছে। নিজেদের কর্মীদেরকে চুলের সঙ্গে তুলনা করেন। চুলে বলেন। বাংলার মানুষকে আপনারা কি ভাবে দেখবেন ? এই ভাষা, এই শব্দ। এই ভাষা, এই শব্দ। আমি দেখলাম, সভাপতিত্ব যিনি করছেন তিনি তাঁদের কর্মীদের কমরেডদের তিনি বললেন চুল। আজকে তারা বাংলার সাড়ে ন- কোটি মানুষের সম্বন্ধে তাদের কি বেদনা, কি তাদের আগ্রহ থাকবে, কি তাদের শ্রদ্ধা থাকবে, কি তাদের ভক্তি থাকবে। আমি অবাক হয়ে যাই, আমার দুঃখ হয়, আমার যন্ত্রণা হয় যে, এই সংস্কৃতিতে বেঁচে থাকা, এই সংস্কৃতিতে বেড়ে ওঠা, এই সংস্কৃতিতে বেঁচে থাকা, এই সংস্কৃতিতে বেড়ে ওঠা মানুষেরা আইন-শৃঙ্খলার অবনতি করছে। এই সংস্কৃতিতে বেঁচে থাকা, এই সংস্কৃতিতে বেড়ে ওঠা মানুষেরাই আজকে আমার মা-বোনেদের ইজ্জত, সম্ভ্রমহানি করছে, লুঠ করছে। আজকে সামাজিক ব্যাধি, দল, মত, ধর্ম, কর্ম, রাজনৈতিক গোঁড়ামি, আদর্শ, নীতি নির্বিশেষে আমাদেরকে এই সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। গড়ে তুলে এই বাংলার বুক থেকে নারী নির্যাতন বন্ধ করতে হবে।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার দ্বাদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী এম.কে. নারায়ণন মহোদয় গত ১০ই ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে যে ভাষণ প্রদান করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এই মহতী সদনে বলতে চাই বাংলার মানুষ প্রতিটি প্রান্তে যে কথা বলছেন,

"বলো বলো বলো সবে
শত বীণা বেণু রবে,
বাংলা আবার ভারতসভায়
শ্রেষ্ঠ আসন লবে।"

সেই কথাই ভাষণের মধ্য দিয়ে বাংলার রাজ্যপাল মহোদয় প্রকাশ ঘটিয়েছেন বলে আমি বলতে চাই, এতে বামফ্রন্টের বন্ধুদের হয়তো কষ্ট হচ্ছে, অনেক অসুবিধা হচ্ছে আমরা জানি। কিন্তু আমরা বলতে চাই, নিজের চোখে তিনি বিষয়গুলো দেখেছেন, যে ঘটনা তিনি দেখেছেন, আজকে মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর বক্তব্যের মধ্য দিয়ে তার প্রকাশ ঘটিয়েছেন। যা বাংলার উন্নয়নের প্রকৃত দলিল। কারণ, তিনি দেখেছেন, নিজের চোখে দেখছেন বাংলার মুখ্যমন্ত্রী অক্লান্ত পরিশ্রম করে রাজ্যের প্রতিটি জেলায় ৩-৪ বার করে গিয়ে সরকারি দপ্তরে নজরদারি করে আজকে পরিষেবা প্রদান সুনিশ্চিত করেছেন। দীর্ঘদিনের অবহেলিত মহাকরণের মতো ঐতিহ্যমণ্ডিত ভবনের সযত্ন রক্ষণাবেক্ষণের মধ্য দিয়ে আজকে আমূল সংস্কার সাধনের উদ্দেশ্যে রাজ্য সচিবালয়কে সাময়িকভাবে নবান্নয় স্থানান্তরিত করেছেন। আমরা বলতে চাই, তিনি দেখেছেন, উত্তরবঙ্গের মানুষের স্বার্থে জলপাইগুড়ি জেলার ফুলবাড়িতে উত্তরকন্যা নামাঙ্কিত রাজ্য সচিবালয়ের উদ্বোধন করেছেন। বেকার যুবক-যুবতীদের জন্য যুবশ্রী প্রকল্পের সূচনা করে মাসিক ১৫০০ টাকা অনুদান দিয়ে, সাহায্য করে আজকে তাদেরকে কর্মসংস্থানের সুযোগ করে নিতে সাহায্য প্রদান করেছেন। ১০ লক্ষ অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্পের মধ্যে এবং সাড়ে ৭ লক্ষেরও বেশি শ্রমিককে সামাজিক মুক্তি কার্ডের মধ্য দিয়ে বিভিন্ন সাহায্য-সহযোগিতা দেওয়ার বা পাওয়ার তিনি ব্যবস্থা করেছেন। তিনি নিজে দেখেছেন, ইতিহাস সৃষ্টিকারী প্রকল্প কন্যাশ্রী চালু করে বাল্যবিবাহ রোধ করেছেন। তিনি মহিলা শিক্ষার প্রসার ঘটিয়েছেন। কৃষকদের সমৃদ্ধ করতে ২৩ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ড ইতিমধ্যে কৃষকদের হাতে তুলে দিয়েছেন। আমরা দেখেছি, হিমঘরসহ ১৭৬টি কৃষক বাজার তৈরি করার সিদ্ধান্ত গ্রহণের পরে মধ্যে ১৬৭টিতে কাজ শুরু হয়ে গেছে। জল ধরো জল ভরো প্রকল্পের মধ্য দিয়ে প্রায় ৫ বছরে ৫০,০০০ পুকুর খনন করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন তখন মাত্র ৩৩ মাসে ১,০১,৮৮৬টি পুকুর খনন করে আজকে উন্নয়নের নজির সৃষ্টি করেছেন। গত ৩৪ মাসে এক লক্ষেরও বেশি ক্ষেত্রে পাট্টা প্রদান করেছেন। আগামী কয়েকদিনের মধ্যে আরো ৫২,০০০ পাট্টা বিলি তিনি করবেন। আমরা বলি, আজ গ্রামে*গ্রামে নারেগা স্কীমের মধ্য দিয়ে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ হচ্ছে। গ্রামগুলো আজকে সেজে উঠছে। আজকে আমরা বলতে চাই যে, গত বৎসর ৪৫০০ কোটি টাকা ব্যয় করে পশ্চিমবঙ্গ ভারতবর্ষে শ্রেষ্ঠত্বের আসন দখল করেছে। এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্যই শুধু সম্ভব হয়েছে। আমরা বলতে চাই, আজকে বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্রসহ গ্রামে গ্রামে পানীয় জল পৌঁছে দেওয়ার জন্যে ৫০০০ কোটি টাকার অর্থ বরাদ্দ করে তার প্রক্রিয়া শুরু হয়েছে। গত ২০১৩ সালে আমাদের সরকার ৯ লক্ষেরও বেশি জাতিগত শংসাপত্র প্রদান করেছেন যা ৩৪ বছরে বামফ্রন্ট সরকার করতে পারেনি। সমস্ত স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়নের সাথে সাথে আমরা দেখেছি, ৩৪টি মাল্টি সুপার স্পেশালিটি হাসপাতাল, ৩৬টি SNCU, ১৯৮টি SNSU, ৬০টি ন্যায্যমূল্যের ঔষধ দোকানের মাধ্যমে ৩৩% থেকে শুরু করে ৭২% পর্যন্ত ছাড়ে গরিব মানুষকে ঔষধ দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে, ৪৭টি ন্যায্যমূল্যের PPP মডেলে উচ্চ ক্ষমতাসম্পন্ন রোগ নির্ণয় কেন্দ্র স্থাপন করে আজকে গরিব মানুষকে সাহায্য-সহযোগিতা করবার ব্যবস্থা করেছেন। আজকে শিক্ষাক্ষেত্রে বিপ্লব এসেছে। বিভিন্ন জায়গাতে প্রাথমিক থেকে শুরু করে, স্কুল থেকে শুরু

করে, কলেজ থেকে শুরু করে আমরা দেখছি গত ৩৪ বছরে যখন একটা মাত্র ইউনিভার্সিটি তৈরি হয় তখন বাংলার বুকে ৬টা ৬টা ইউনিভার্সিটি তৈরি হয়। আমরা তাই বলি, এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য একমাত্র সম্ভব হয়েছে। গত ৩৪ মাসে প্রায় ৬০০টি নতুন রুট চালু করে পরিবহন ব্যবস্থাকে সমৃদ্ধ করা হয়েছে।

[3.20 – 3.30 p.m.]

আজকে রাজ্যে বিদ্যুতের ব্যাপক পরিবর্তন হয়েছে। আমরা দেখেছি, গত ৩৪ বছরে মাত্র ৩০ পারসেন্ট জায়গায় বিদ্যুৎ পৌঁছায়, আর এই মাত্র আড়াই বছরে আরো ৭০ শতাংশ জায়গায় বিদ্যুৎ পৌঁছে দিয়ে বাংলার মুখ্যমন্ত্রী একটা দৃষ্টান্ত স্থাপন করেছেন। আমরা বলতে চাই যে আজকে পশ্চিম মেদিনীপুরে আমলাশোলে আজকে মানুষকে না খেতে পেয়ে মরতে হচ্ছে না। জঙ্গলমহল আজকে শান্ত। আজকে দার্জিলিং শান্ত। আমরা বলতে চাই, ১০ হাজার ১৭৮টি ক্লাবকে ১২৬ কোটি টাকা বিভিন্ন ক্ষেত্রে সাহায্য সহযোগিতা দিয়ে আজকে যুব সমাজকে সমৃদ্ধ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এত কিছুর উন্নয়ন কিন্তু বিরোধীপক্ষরা দেখতে পাচ্ছেন না। তারা বলছেন, পশ্চিমবঙ্গে আইনের শাসন নেই। আইন বলে নাকি কিছু নেই। আমি বাংলায় আগের ৩৪ বছরের সময়ে ক্ষমতাসীন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতাদের বলব, আমি বলব, সূর্য্যবাবুকে বলব যে আজকে আমি আপনার কাছ থেকে জানতে চাই, যে আজকে বাংলার আইন-এর শাসন দিতে ৮৮টি নতুন ফাস্ট ট্রাক আদালত তৈরি হয়েছে, ৪৫টি মহিলা আদালত তৈরি হয়েছে। ১৯টি মানবাধিকার আদালত, ৩টি সি.বি.আই. আদালত, ৪০০ এস.আই., ৪০,০০০ কনস্টেবল থেকে শুরু করে, ১ লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ থেকে শুরু করে, ২০টি মহিলা থানা করে আজকে পশ্চিমবঙ্গে আইনের শৃঙ্খলা সুন্দর করার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় উদ্যোগ গ্রহণ করেছেন। আমরা বলতে চাই যে আপনাদের কষ্ট হচ্ছে আমি জানি, কিন্তু আমি বলি যে এত কিছুর পরেও যখন আপনাদের কিছু মনে হচ্ছে না, যে কোনো উন্নয়ন নেই, কোনো কাজ নেই, সারা বাংলায় শুধুমাত্র নাকি অশান্তি চলছে। আমি আপনাদের কাছে জানতে চাই, ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, মাননীয় সূর্য্যবাবুর কাছে আমি জানতে চাই যে আজকে আইনের কথা বলছেন, ১৯৭১ সালের ১২/১৩ আগস্ট কাশীপুর, বরানগরের এই কথা কি আপনারা ভুলে গেছেন ? আমি বলব মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতাদের বলব, ১৯৭০ সালের ১৭ই মার্চ, সাঁই বাড়ির সেন পরিবারের ৪ জন মানুষকে খুন করে, সেদিনকে আমরা কি দেখেছিলাম, আমরা সেই সমস্ত কথা ভুলতে পারি না। যারা সূর্য্যবাবুদের বড়ো বড়ো লীডার ছিলেন, রাজ্যের প্রাক্তন মন্ত্রী ছিলেন, কেন্দ্রীয় কমিটির মেম্বার ছিলেন, যাদের নির্দেশে ছেলেকে খুন করে সড়াই করে রক্ত নিয়ে পাত্তায় মিশিয়ে মাকে খাইয়েছিলেন, সেই কথা কি ভুলে গেছেন। বাংলার মানুষ কখন ভোলেনি। ভুলবে না। ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লিখিত থাকবে। আমি বলতে চাই, বলছেন, আইনের শাসন নেই। ১৯৭৯ সালের মরিচঝাঁপিতে উদ্বাস্তুদের উপরে পুলিশের ফায়ারিং-সহ বিভিন্নভাবে ২০৭ জন মানুষকে খুন করা হয়েছিল, সেদিনের কথা আজকে কি একটুও মনে নেই। আমি বলতে চাই, ১৯৮২

সালে ৩০শে এপ্রিল বিজন সেতুতে ১৮ জন আনন্দমার্গীকে পুড়িয়ে মেরেছিলেন, কারা মেরেছিলেন ? তখন তৃণমূল ছিল না, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লিডাররা আপনারাই খুন করেছিলেন। ২০০০ সালের ২৭শে জুলাই বীরভূমের সূচপুরে ১১ জন কৃষি শ্রমিক— সেদিনকে বলেছিলেন—সেদিনকে যখন শ্রমিকেরা ন্যায্য মজুরি নিয়ে আন্দোলন করছিলেন, তাদেরকে আপনারাই মেরেছিলেন। খুন করেছিলেন। সেই কথা কিন্তু ভুলে গেলে হবে না। সেই কথা কিন্তু ইতিহাসের পাতায় লিখিত থাকবে।

২০০৭ সালের ১৪ই মার্চ নন্দীগ্রামের গণহত্যা, নানুরের ঘটনা, নেতাই-এর ঘটনা আর মহিলাদের উপরে ধর্ষণ-এর ঘটনা নিয়ে কথা বলছেন ; নার্স বর্ণালী দত্তকে, কারা ধর্ষণ করেছিল ? ইউনিসেফ-এর কর্মী, বানতলার অনিতা দেওয়ান—আমরা বলতে চাই তদানীন্তন মুখ্যমন্ত্রী কি বলেছিলেন, এটা একটা সাধারণ ঘটনা। লজ্জা করা উচিত। নেহারবানুর কথা ভুলে গেছেন। মেদিনীপুরের রাধারাণী আড়ির কথা ভুলে গেছেন, কিংবা সিঙুরের তাপসী মালিক, আমার ছোট্ট বোনটা যে আন্দোলন করছিল—কৃষক আন্দোলন—সেদিনকে আপনাদের ৫০ বছরের যুবক, তরুণ তাজা যুবক, ধর্ষণ করে পুড়িয়ে মেরেছিল। লজ্জা করে না ! সেদিনের কথা। আজকে বড়ো বড়ো কথা বলছেন, ভাষণ দিচ্ছেন। আজকে সারা বাংলায় যখন উন্নয়নের গতির জন্য পারছেন না, তখন বাংলার বাইরে বাংলার বিভিন্ন প্রান্তে, আজকে মমতা বন্দ্যোপাধ্যায়কে ছোটো করার জন্য, আমাদের সরকারকে হেয় করার জন্য শুধুমাত্র আজকে এই কথা বলে মিথ্যে বলে, অপপ্রচার করে ভাঁওতা দিয়ে আজকে বাংলার মানুষের কাছে ভুল তথ্য পরিবেশন করার চেষ্টা করছেন। আপনারা সারদা কাণ্ডের কথা বলছেন, চিট ফান্ডের কথা বলছেন, আমি বলব, সূর্য্যবাবু তার বক্তব্যে বলবেন, যে এই সারদার জন্ম কবে হয়েছিল ? আমি আজকে একটু শিখে যাব আপনাদের কাছ থেকে। এই সারদার জন্ম কবে হয়েছিল। আর যত চিট ফান্ডের জন্ম হয়েছিল ১৯৮০-র দশক থেকে শুরু করে বিভিন্ন সময়ে চিট ফান্ডের জন্ম হয়েছে। আমরা তাই বলতে চাইছি, সঞ্চিতা, সঞ্চয়িতা, ভেরোনা, ওভারল্যান্ড, ফিউরার এদের কথা আমরা ভুলিনি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার এই দ্বাদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল কর্তৃক প্রদত্ত ভাষণ, তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই বিষয়ে আমরা বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী দিয়েছি, সেই সংশোধনীগুলির সমর্থনে আমি আমার বক্তব্য পেশ করতে চাই। এই রাজ্যপালের ভাষণের নির্দিষ্ট বিষয়ের উপরে যে সংশোধনী আছে সেগুলো হাউসে লেইড করা হয়েছে, কাজেই সেগুলোর আমি পুনরাবৃত্তি করতে চাই না বা আমাদের দলের সদস্যরা যেগুলো উল্লেখ করেছেন সেগুলোরও আমি পুনরাবৃত্তি করতে চাই না। আমি আগেও বলেছি, এখনও বলছি এবং আমাদের সদস্যরাও বলেছেন—এই নয় যে আমরা আপনাদের খালি বিরোধিতা করবার জন্য, খুঁত ধরবার জন্য এখানে আছি। এটা আমাদের দৃষ্টিভঙ্গি নয়। আমরা চাই একটা গঠনমূলক বিরোধিতা করার এবং সেটাই আমরা করছি। এই হাউসে এর আগেও রাজ্যপালের ভাষণ হয়েছে, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে। আমরা তার বিরুদ্ধে ভোট দিইনি, আমরা বিরোধিতা

করিনি, আমরা বক্তৃতা করেছি, অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এই হাউসে যত বিল পাশ হয়েছে তার বেশিরভাগ বিলই আপনি জানবেন স্যার আমাদের সম্মতিতে পাশ হয়েছে, বিরোধিতাই পাশ হয়নি। কিছু বিলের আমরা বিরোধিতা করেছি এবং ভবিষ্যতেও করব। খালি বিরোধিতা করার জন্য আমরা বিরোধিতা করি না। ভালো কিছু কাজ করলে আমরা তার প্রশংসা করতে চাই। আমার মুশকিল হচ্ছে যে প্রশংসা করতে চাই, কিন্তু করতে আমি পারি না। কারণ হচ্ছে যে, আমার ভয় হয় যার প্রশংসা করব, তার চাকরির কি হবে। আমার ভয়ের ব্যাপার নেই, তারা ভয় পান। এই যে আজকে পার্থবাবু ভালো বক্তৃতা করেছেন, উনি বলেছেন যে কি রকম আমাদের সময় থেকে তথ্য প্রযুক্তিতে দু-গুণের বেশি কর্মসংস্থান হয়েছে। ছেলেরা পালাচ্ছে না, তারা সব এখানে আসছে বাইরের থেকে চাকরি-বাকরির জন্য। এখানে রাজ্যপালের ভাষণে আগেও আমরা দেখিছি, বিনিয়োগ প্রায় এক লক্ষ কোটির কমে কখনো আপনারা বলেন না। দুশো-তিনশো কোটি হয় না। আমরা আপনাদের সরকারের তথ্য থেকেই বলছি। যাই হোক আপনারা অনেক ভালো ভালো কথা বলেন, ভালো বক্তৃতা দিয়েছেন, তার জন্য ধন্যবাদ। কিন্তু এত ভালো বক্তৃতা দিয়ে হঠাৎ করে—এত সব বিনিয়োগ, এত কর্মসংস্থান করার পরেও—আপনার দপ্তর কেন গেল আমি জানি না। আমার ভয় হচ্ছে এইজন্য আপনি স্যার বলেন আমাকে মাঝে মাঝে—এখানে না—যে উনি আমার বন্ধু। যাই হোক ওর সঙ্গে আমার অনেক দিনের ভালো বন্ধুত্ব আছে কোনো সন্দেহ নেই। কারণ, আমি ওপাশে বসতাম, উনি এখন বলছেন যে আগে বলতে দিতাম না ইত্যাদি। তখন কিন্তু আমি জবাব দিয়েছি, মুখ্যমন্ত্রী জবাব দিয়েছেন, একদিনে তিনটে, চারটে প্রশ্নের জবাব দিয়েছি এই হাউসে। আর এখন তো কথাই নেই, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু এই যে বন্ধুত্ব খুব মুশকিল, আমি সেটাই ভয় পাচ্ছি। এই যে ভালো বললেন তার প্রশংসা করব, আমাকে দু-একজন এসে বলেছে, এটা করবেন না। আপনি আমাদের গালিগালাজ দেবেন, তাহলে আমাদের রেটটা বাড়বে, ডিমান্ড বাড়বে। তা নাহলে আমাদের মুশকিল হবে। যাই হোক তবুও যেটা ভালো সেটা আমাকে বলতে হবে।

স্যার এই মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। কিন্তু একটা বোধ হয় সরকারকে অ্যামেন্ডমেন্ট দিতে হবে। আমি দেখতে পাচ্ছি না, আমি জানি না সরকারপক্ষ থেকে কোনো অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে কিনা। এটা না হলে খুবই মুশকিল হবে। এটা আপনাকে আনিসুর সাহেব লিখে দিয়েছেন, যে পশ্চিমবঙ্গ বিধানসভার বর্তমান সদস্য শ্রী পীযূষ তিরকের প্রয়াণে—স্যার, বর্তমান সদস্য কেউ প্রয়াত হননি—মেরে দেবেন না এখানকার বর্তমান সদস্য কাউকে। সেটার ব্যাপারে একটা অ্যামেন্ডমেন্ট দিতে হবে। আমাদেরটা অ্যাকসেপ্ট করবেন না কিন্তু এই প্রথম রাজ্যপালের ভাষণে একটা সরকারি অ্যামেন্ডমেন্ট।

[3.30—3.40 p.m.]

মিঃ স্পীকার : এটা রাজ্যপালের ভাষণের অ্যামেন্ডমেন্ট না। এটা হচ্ছে, যে প্রস্তাবটা এসেছে রাজ্যপালের ভাষণ দেওয়ার জন্য, তাকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব আসছে সেই প্রস্তাবের অ্যামেন্ডমেন্টগুলো জমা পড়ছে। আপনি একটু রুলটা দেখে নেবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেটাই বলছি তো।

মিঃ স্পীকার : তার জন্যে বলছি, এটা রাজ্যপালকে উনি জানিয়েছেন। রাজ্যপাল চিঠি দিলে পরে এটা রেগুলারাইজ্‌ড হয়ে যাবে। পার্থবাবু বলেছেন এটা ওনার বক্তব্যের সময় আপনি হয়তো খেয়াল করেননি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা অ্যামেন্ড করতে হবে এটাই আমি বলছি।

যাই হোক, তা নাহলে এটা খুবই একটা লজ্জাজনক ব্যাপার হবে। এটা ছোটো ব্যাপার, এত বড়ো ব্যাপার নয় বিতর্কের। কিন্তু যেখানে এইসব সমবেদনা ইত্যাদি জানানোর পর, শোকজ্ঞাপনের পর শুরু হয়েছে রাজ্যপালের ভাষণ, সেই প্রথম প্যারাটা হচ্ছে যে— যাবতীয় প্রধান ধর্মীয় উৎসবগুলির সময় এবং সম্প্রতি অনুষ্ঠিত পঞ্চায়েত নির্বাচনে ইত্যাদি, এ নিয়ে এখানে অনেক কথা হয়েছে। রাজ্যপাল জনসাধারণকে অভিনন্দন জানিয়েছেন। ভাগ্যিস সরকারকে জানাননি। কারণ জনসাধারণও নিশ্চয় এই ধর্মীয় উৎসবগুলির সময় যে সম্প্রীতি ইত্যাদি, শান্তি সম্প্রীতি রক্ষা করেছেন এবং পঞ্চায়েত নির্বাচনে যেখানে যেখানে শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে সেটা নিশ্চয় তাদের পাওনা, সরকারের পাওনা। কিন্তু আমি আপনাদের বলছি যে কথাটা এখানে উল্লেখ করা দরকার যে ধর্মীয় উৎসবগুলির সময় সরকারের যা ভূমিকা সেটা আমি বলতে পারি না যে একেবারে আমাদের সংবিধানে ধর্মনিরপেক্ষতা বলতে যা বোঝায় তার সঙ্গে সংগতিপূর্ণ। আমাদের সময় এই রীতিনীতিগুলো ছিল না। তো যাই হোক, কিন্তু এখানে আমার যে প্রসঙ্গটা বলতে হচ্ছে এই জন্যে যে এই সম্প্রীতি ইত্যাদির যে পরিবেশটা আছে, সেটার সামনে একটা নতুন বিপদ এসে হাজির হয়েছে। আমাদের আশঙ্কা উদ্বেগ সেই আশঙ্কা উদ্বেগ, তার কারণ হচ্ছে এই যে, এই সম্প্রীতিকে বিনষ্ট করবার জন্যে কিছু শক্তি তারা মাথা তুলে দাঁড়াচ্ছে। সেটা সীমান্তের এপারে, সীমান্তের ওপারেও বটে এবং সেইসব শক্তি যদি মাথা তুলে দাঁড়ায় আমাদের আত্মসন্তুষ্টির কোনো অবকাশ নেই। রাজ্যপালের ভাষণে এই বিষয়গুলি একটা সতর্কবার্তা, একটা আত্মসন্তুষ্টি সম্পর্কে সতর্কতা এগুলি এবং সে নিয়ে একটা আহ্বান, সেটা নেই। এর সঙ্গে একটা প্রসঙ্গ যুক্ত ব্যাপার এই হাউসে হয়েছিল স্যার, আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি, মাননীয়া মুখ্যমন্ত্রী যখন আমাদের প্রতিবেশী এক রাজ্যে যাবেন ঠিক হল, এখানে তিনি ঘোষণা করলেন। স্যার, আমি দাঁড়িয়ে ওঁকে ধন্যবাদ জানিয়েছিলাম। ওঁর সফরের শুভেচ্ছা কামনা করেছিলাম। আর বলেছিলাম যে যদি মনে করেন, আমাদের বলবেন আমাদের দুটো একটা কথা আছে। কারণ আমরা, যেসব বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা সেইসব বিষয় নিয়ে আমাদের কিছু বক্তব্য আগের থেকে যা হয়েছে সে সম্পর্কে আপনাকে আমরা অবহিত করত চাই। তারপরে তিনি গেলেন না। গেলেন না, ফল কি হয়েছে আমি সে কথায় আসবার আগে বলতে চাই যে আলোচনার রাস্তা সব সময় খোলা উচিত। স্যার, আলোচনার রাস্তা এই জন্যে খুলে রাখা উচিত, আমাদের রাজ্যের স্বার্থ তাতে জড়িত।

আমাদের ছিটমহলগুলো আছে। এই হাউসে ডিবেট হয়েছে, আমার খেয়াল আছে। সিদ্ধার্থ শংকর রায় এখানে ছিলেন, জ্যোতিবাবু ওইখানটায়। তারপরে উনি একটা বক্তৃতা করলেন তারপরে জ্যোতিবাবুকে বললেন আপনাকে ইংরেজিতে বক্তৃতা করতে হবে। এই বিষয়টা, এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, রেকর্ডে থাকবে। জ্যোতিবাবু তাই করেছিলেন। এই ছিটমহল নিয়ে আমরা এখানে প্রস্তাব দিয়েছি। আজ পর্যন্ত সমাধান হচ্ছে না। চেষ্টা করতে হবে, চেষ্টা চালিয়ে যেতে হবে। আমাদের সময়ও আমরা যতটুকু পেরেছিলাম চেষ্টা করেছিলাম, জল নিয়ে একটা করেছিলাম। কিন্তু তারপরেও সেটা মিটেছে সব সমস্যা সে রকম না। এই না যে আমরা আমাদের স্বার্থ বিসর্জন দিয়ে কারোর সঙ্গে চুক্তি করব। কিন্তু আলোচনার রাস্তা খোলা রাখতে হবে।

করিডর, এটাও খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আমাদের স্বার্থের সঙ্গে জড়িত। প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক, একটা দেশ ছিলাম আমরা এক সময়। যাই হোক, কিন্তু তাতে কে খুশি হচ্ছে, এটা আমরা দেখতে পাচ্ছি যে কি হচ্ছে। তার বাইরে কি হচ্ছে তা আমাদের এই বিধানসভার আলোচনার বিষয় নয়, কিন্তু তার প্রভাব আমাদের রাজ্যে কি পড়বে এবং তার জন্যে আমাদের কি সতর্কতা, কি প্রস্তুতি আছে এবং আমাদের সরকারে দৃষ্টিভঙ্গি কি, সেগুলো হচ্ছে গুরুত্বপূর্ণ প্রশ্ন। যখন মুখ্যমন্ত্রী সফর বাতিল করে দিলেন—ফলে কে কে উৎসাহিত ? এক, ওপারে যারা সাম্প্রদায়িক শক্তি, যারা চায় না যে ভারতের সঙ্গে কি আমাদের সঙ্গে সুসম্পর্ক আমাদের প্রতিবেশীর দেশের স্থাপিত হোক, আমাদের সমস্যাগুলো সমাধান হোক। তারা খুব খুশি হয়েছিলেন। আর এপাশে যারা সাম্প্রদায়িক শক্তি, দুটি পরস্পর-বিরোধী শক্তি। এরা দুজনে এর থেকে উৎসাহিত হয়েছে এবং পরিস্থিতি যে দিকে যাচ্ছে—তার কারণ মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে দুজন অন্য রাষ্ট্রের রাষ্ট্রদূত—একজন দেখা করেছেন আগে, আবার দেখা করবেন। আর একজন তারা করে গেছেন ইতিমধ্যে। একজন আমাদের পশ্চিম দিকের প্রতিবেশী, আর একজন প্রতিবেশী নয় কিন্তু একেবারে পশ্চিম গোলার্ধে, উত্তর-পশ্চিম গোলার্ধে অনেক দূর থেকে তিনি এর আগেও দেখা করেছেন, দেখা করবেন। তারা কি চাইছেন ? তারা কি চাচ্ছেন যে, আমরা শান্তিতে থাকি, পাশাপাশি দুটো দেশ, দুটো বাংলা আমরা শান্তিতে থাকি তারা কি চাইছেন ? তারা কোন দিকে ? আমরা সবার সঙ্গে সুসম্পর্ক চাই। আমাদের পশ্চিমি প্রতিবেশীদের সঙ্গে, উত্তর-পশ্চিমে সুদূরে আটলান্টিকের ওপারে যারা আছেন, প্রশান্ত মহাসাগর হয়ে ওদিকে যারা আছেন—তাদের সঙ্গেও সম্পর্ক চাই, কোনো সন্দেহ নেই। কারও সঙ্গে সম্পর্ক ছেদ করতে চাই না। কিন্তু আমি আপনার মাধ্যমে সরকারকে, মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করতে চাই যে, আমাদের স্বার্থ—এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। যা ভবিষ্যতে আমরা পশ্চিমবাংলার মানুষ যে সম্প্রতির কথা দিয়ে এই ভাষণ শুধু হয়েছে, সেই সম্প্রতিকে আমরা সুরক্ষিত করতে পারব কিনা, তার সামনে কি চ্যালেঞ্জ ? কারা চায় এই সম্প্রতি ? কারা এখানে আগুন জ্বালাতে চায় ? দুই দিকে দুই শক্তি। সেই সম্পর্কে সতর্কতা প্রয়োজন। এর পরে স্যার, আমি চলে আসছি ভাষণের কিছু বিষয় যেগুলো বলা হয়েছে, আমি তার মধ্যে না গিয়ে আমি খালি এটা বলতে চাই যে, এর আগের কথা সূত্র ধরে যে, 'আমাদের কি সবার সঙ্গে ঝগড়া করার দরকার

আছে ?' সরকারের। আমাদের সঙ্গে ঝগড়া হতেই পারে আমরা বিরোধী। শুনেছি অনেক কথা। যাই হোক, আমাদের সদস্যরাও বলেছেন। কিন্তু আমাদের কি একটা রাজ্যের সঙ্গে ঝগড়া করতে হবে জল ছাড়ার ব্যাপার-নিয়ে ? আমাদের কি একটা রাজ্যের সঙ্গে ঝগড়া করতে হবে, আলু যাবে কি যাবে না সেইসব নিয়ে ? আমাদের ঝগড়া করতে হবে আপনাদের সরকারে যারা অংশীদার ছিলেন এখন নেই, একজন এই যে হাউস এখানে খালি, ছিলেন সরকারে—ওখানে ঝগড়া। তারপরে যাই হোক, ওরা তো নেই এই হাউসে যারা এখন দিল্লিতে সরকার করবে বলে খুব লাফাচ্ছেন তাঁরা—নেই হাউসে। এটা পশ্চিমবাংলার একটা ঐতিহ্য যা বামপন্থীরা গর্ব অনুভব করতে পারে, সবাই পারে। মাঝখানে শূন্য হয়ে গেছিল। যদি না এরা সাহায্য করে মাঝখানে ওদের ডেকে না নিয়ে আসতেন। আমার মনে হয় না যে স্যার আপনাদের পক্ষে, এদের পক্ষে—এখানে বা দিল্লিতে শক্তি বৃদ্ধি করা সম্ভব, হয় এদের বা ওদের সঙ্গে থেকে, কারও না কারও সঙ্গে ওঁদের যেতে হবে। যাই হোক সেটা উনি বলেছেন যে, আমি এর সঙ্গে যাব না, ওর সঙ্গে যাব না, যুক্তরাষ্ট্রীয় ফ্রন্ট, ফেডারেল ফ্রন্ট—ওর ভাষায় হবে। ফেডারেল করতে হলে, রাজ্যগুলির সঙ্গে একটা সম্পর্ক, অন্য রাজ্যগুলির সঙ্গে সুসম্পর্ক ;—এইসব, আমরা বলি জল চুরি করে নিয়ে গেছে। সীমান্তের এপাশ থেকে কেউ এসে কি ভাবে জল চুরি করে নিয়ে যাবে ? কিংবা ওর বন্যায় আমি ভেসে গেলাম—ও জল ছেড়ে দিল বলে। কংসাবতীতে যখন জল ছাড়ল, তখন কংসাবতী—সেখানে আমি অন্য কোনো রাজ্যকে দোষ দিতে পারি না। এই যে পাঁশকুড়াতে বাঁধ ভাঙল—একটাই বাঁধ ভেঙেছিল—এটা কংসাবতী রিলিজের জন্য, সেটা অন্য রাজ্যের জল থেকে হয়নি। যাই হোক, এই নিয়ে তো হয় না—সত্যিই সত্যিই একটা প্রয়োজন আছে যে, রাজ্যের সঙ্গে কেন্দ্রের যে সম্পর্ক তার পুনর্বিন্যাস। সেখানে ইস্যুগুলো ঠিক করা দরকার। কি ইস্যু। আমরা বামপন্থীরা প্রথম যখন প্রধানমন্ত্রী এসেছিলেন আমরা সুনির্দিষ্ট ভাবে পশ্চিমবাংলার দাবিগুলো সাধারণ ভাবে কেন্দ্র-রাজ্যের সম্পর্কের পুনর্বিন্যাসের প্রশ্নে যে দাবিগুলো সেগুলো উত্থাপন করে আমরা প্রধানমন্ত্রীকে দিয়ে মন্ত্রীসভার সদস্যদের দিয়েছিলাম।

[3.40 – 3.50 p.m.]

আমরা বলেছিলাম আগ বাড়িয়ে, আপনারা বলুন আমরা এ বিষয়ে নিয়ে যাব, আলোচনা করতে পারি আমরা। যদি আপনি সত্যি সত্যিই একটা মৌলিক প্রশ্ন, কেন্দ্র-রাজ্য সম্পর্কে প্রশ্ন, এই যে ঋণের বোঝা ইত্যাদি ইত্যাদি এ তো আমরাও বলেছি। আমাদের লেখাতে আছে। যেটা আমরা দিয়েছিলাম, যে সব নীতি ঠিক করেন, আর ওরা চাপিয়ে দেন, আমাদের তার ফল ভোগ করতে হয়। এই সবার সঙ্গে ঝগড়া মানে কংগ্রেসের সঙ্গে ঝগড়া, বি.জে.পি.-র সঙ্গে ঝগড়া। এটা ভাল। আমাদের সঙ্গে তো ঝগড়া আছেই। কেউ করলে আরও খুশি হই আমরা। আবারও বলছি যে এই দুজনকে ছাড়া বা আপনারা কাউকে একটাকে ছাড়া আপনাদের পক্ষে থাকা খুব মুশকিল আছে, আর বাকি প্রতিবেশী রাজ্য, প্রতিবেশী দেশ ইত্যাদি এদের সঙ্গে, এমনকি সংবাদ মাধ্যম, তারা সবাই কি আপনার শত্রু নাকি ? কমিশন যত আছে, সাংবিধানিক সংস্থা, তারাও কি আপনাদের শত্রু নাকি ? কিংবা

আপনাদের যারা পরিবর্তনপন্থী বুদ্ধিজীবী, আমাদের সুশান্তবাবু বলছিলেন উনি নাম নিয়ে বলেছেন, আমি নাম কারোর ধরছি না, কিন্তু ১৫ জন গিয়েছিলেন রাইটার্সে, তাদের কি একটা ডেপুটেশান দিতে। ডেপুটেশান দেওয়ার পর পুলিশ তো তাদের গ্রেপ্তার করেন। তারা ফিরে এলেন। তারপর এখন ২০১৩ সালের জুন মাসের ঘটনা, ২০১৪-তে এসে দেখছেন যে তাদের বিরুদ্ধে ওয়ারেন্ট ইস্যু হয়ে গেছে। জামিন-অযোগ্য ওয়ারেন্ট ইস্যু হয়ে গেছে। কেন ? ওদের নাকি খুঁজে পাওয়া যাচ্ছে না। তাদের সবাইকে আমরা দেখি, আপনারাও দেখেন যে ওরা আছেন এখানে। ওদের খুঁজে পাওয়া যাচ্ছে না ফেরার বলে। তারা তো আমাদের পক্ষে কেউ নেই। আমাদের সমালোচক ছিলেন, আপনাদের পক্ষে ছিলেন। তাদের সঙ্গেও ঝগড়া। এই যে ভোটে কতকগুলো কেস হয়, তারপর সেখানে সি.বি.আই. তদন্ত, এ তো আমরা খালি দাবি করিনি। শাসক দলের কেউ দাবি করেন না শাসক দলের বিরুদ্ধে ? এ তো হয়েছে। এখনো তা চলছে। সেইসব বিচারাধীন বিষয়ে যেতে চাই না। কিন্তু আমি বলছি এই ঝগড়া করতে করতে আপনি ভাবুন আপনারা কি একা হয়ে পড়াছেন না ? একটা জোট নিয়ে ৩৪ বছর পরে আমাদের পরাস্ত করা সম্ভব হয়েছে মানুষের রায়ে। আমি বলব না যে সেই নির্বাচনে কোনো জাল জোচ্চুরি হয়েছিল বা জোর জবরদখল হয়েছিল। এই সমস্ত পঞ্চায়েতে বা পৌরসভায় এই রকম কিছু হয়েছে। সেই জোটের কেউ আছেন আপনাদের সঙ্গে ? কেউ নেই। যাদের আপনি ছেড়ে দিলেন যে আর তোমরা গোলমাল করবে না 'বন্দীমুক্তি কমিটি'......(ভয়েস : আমরা কি করব সেটা কি আপনি ঠিক করে দেবেন ?) এটা আমাদের রাজ্যের স্বার্থের সঙ্গে জড়িত, সেইজন্য বলছি আমি। রাজ্যের স্বার্থের সঙ্গে জড়িত। এই যে সব শক্তি, যারা আজকে আবার কামতাপুরী রাজ্য করতে যাচ্ছে, বিস্ফোরণ হচ্ছে ওখানে, দেখছেন আপনি, এটা খালি আমাদের রাজ্যে নয়। আমাদের রাজ্য, পাশে দেশ, পাশে রাজ্য এইসব নিয়ে একটা রাজ্য করতে চাচ্ছে। এবং ওদের একটা পার্টি আছে—কামতাপুরী পিপল্স পার্টি, তাদের নিয়ে আমি কিছু বলছি না। সশস্ত্র জঙ্গী, যাদের ছেড়ে দিলেন এই সরকার তারা কোনো আন্ডারটেকিং দিয়েছে যে আমি এসব করব না। দেখবেন, আপনার এই 'বন্দীমুক্তি'র জন্য আপনারা যে গভর্নমেন্ট অর্ডার বের করেছিলেন সেখানে পরিষ্কার লেখা আছে, তার একটা প্যারায় বলা আছে যে তাদের এই আন্ডারটেকিং নিয়ে গভর্নমেন্ট স্যাটিসফায়েড হয়ে ছাড়বে। আর গিয়ে তারা এইসব করছে। এই যে এরা তো সমর্থন করেছিলেন গ্রেটার কোচবিহার। পাহাড়ে শান্তি, জঙ্গল মহলে শান্তি, শান্তি ঠিক আছে। কিন্তু আপনারা কি নিশ্চিন্ত, জঙ্গল মহলের শান্তি নিয়ে খুব নিশ্চিন্ত ? এই যে পাশে কিছু লোক আপনাদের কাছে আত্মসমর্পণ করেছে, কিন্তু তাদের এইসব কেসের কি হবে আমি জানি না। এই যে, এই সব কেস, ই.এফ.আর. ক্যাম্প, সিমলাতে আক্রান্ত হয়েছে, সরকারি কর্মচারী যারা নির্বাচন সেরে ফিরছিলেন, জিপ পুড়িয়ে দেওয়া হল। ডাক্তার, নার্স, অ্যাম্বুলেন্সে যাচ্ছিলেন, পুড়িয়ে দেওয়া হল। 'জ্ঞানেশ্বরী এক্সপ্রেস'-এ এত জন মানুষ, নিরীহ মানুষ, তারা কোনো দলের নয়, এই রাজ্যেরও নয়, তারা যে মারা গেল। এই সব কেসের সঙ্গে যারা জড়িত ছিল তার প্রধান প্রধান আসামী যারা, তাদের কেউ আপনাদের কাছে আত্মসমর্পণ করেছেন ? বাকি যারা করেনি, এই যে আমাদের পাশে,

বর্ডারের পাশে এক জায়গায় এস.পি.-র কনভয় অ্যাটাক হয়ে এতজন খুন হয়ে গেল। আপনি খবর নিয়েছেন ? আপনাদের কাছে ইনফরমেশান নেই যে তারা কারা ? তাদের বাড়ি কোথায় ? কোথা থেকে করল ? এই সব তো এত আত্মসন্তুষ্টির কোনো কারণ নেই। মনে করবেন না, পাহাড়ে এই যে শান্তি দেখছেন তা স্থায়ী শান্তি। কারণ আমরা ভুক্তভোগী। আমরা দেখেছি। এদের সঙ্গে তো আমরা আলোচনা করে মিটিয়েই দিয়েছিলাম। শেষ মিটিংয়ে আমাদের যা হল, সব মিটে গিয়েছিল। একমত হয়ে গিয়েছিল। তারপর তখন বললেন না, না, নির্বাচন—তখন এদের সঙ্গে আপনাদের ঝগড়া, আর তখন তো ভালো সম্পর্ক ছিল। তখন বললেন না, না নির্বাচন হলে নতুন সরকার এলে তখন চুক্তিটা হবে। তারপর হল না । ঠিক আছে। চুক্তি করলেন না। কিন্তু আমি সেই চুক্তি নিয়ে অনেক বক্তৃতা করেছি এখানে। রেকর্ডে আছে। কাজেই আমি সেগুলোর পুনরাবৃত্তি করতে চাচ্ছি না এই চুক্তির দুর্বলতা কোথায়, সমস্যা কোথায় এসব নিয়ে। কিন্তু আমি বলছি যে ওখানে আবার নতুন করে পাহাড়ে জনজাতিগুলোর মধ্যে, তাদের মধ্যে যে ঐক্যটা ছিল সেটা ভাঙবার চেষ্টা হচ্ছে। এটা খুব বিপজ্জনক। এই যে পাহাড়ের মানুষের সঙ্গে আদিবাসীদের যে সম্পর্ক, পাহাড়ের মানুষের বিভিন্ন অংশ—আমি এখানে দাঁড়িয়ে বলেছিলাম যে আপনি ওখানে রিজার্ভেশান রাখছেন না কেন ? এই গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন, জি.টি.এ.—নির্বাচনে কেন আপনি রিজার্ভেশান রাখছেন না ? আমি অ্যামেন্ডমেন্ট মুভ করেছিলাম। পার্থবাবু বললেন যে অ্যাকসেপ্টেড। মুখ্যমন্ত্রী বক্তৃতাও করে গেলেন সমর্থন করে। এখানে পাশ হয়নি। তখনই আমি বলেছিলাম যে, এই যে পাহাড়ের মধ্যে সবাই তো নেপালি নয়, অন্যান্য অংশও আছে, তারা সংখ্যালঘু হতে পারে, তাদের মধ্যে কেউ সিডিউল্ড ট্রাইব, কেউ সিডিউল্ড কাস্টের মধ্যে পড়ে। তাদের মধ্যে রিজার্ভেশান থাকা দরকার। এখন আপনি মনে করছেন লেপচাদের জন্য একটা কাউন্সিল করা দরকার, আপনি মনে করছেন আদিবাসীদের জন্য একটা কাউন্সিল করা দরকার। এইসব করে কি সমস্যার সমাধান হবে ? এই যে পরিবেশটা তৈরি হয়েছে, সামগ্রিকভাবে আমি বলছি এই প্রেক্ষাপটে রাজ্যের শান্তি, উন্নয়ন, স্থিতিশীলতা, এইসব কিছু মানুষের ঐক্য ইত্যাদি, এইগুলো কোনো ছোটো চ্যালেঞ্জ। সংখ্যা, অঙ্ক, তত্ত্বের ব্যাপার এইগুলো না। সেইজন্য বামপন্থীদের সঙ্গে আপনাদের যে সম্পর্ক তাতে আপনারা অনেক সমালোচনা করতে পারেন। কিন্তু আমরা অনেক সমালোচনার আত্মসমালোচনা করি। আমরা আমাদের আত্মসমালোচনা করি, প্রকাশ্যভাবেই করি। আর দলিলে আছে, লিখিত আছে, কারণ কি কি ব্যাপার ইত্যাদি, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু তা সত্ত্বেও আমরা যখন সরকারে এলাম, ১৯৭৭ সালে আমরা পাঁচটা পার্টি ছিলাম। আমরা সরকারে নেই। কিন্তু কেউ ছেড়ে যায়নি। ছেড়ে মানে দু-চারজন কেউ—যাদের গদ্দার বলে—সেইসব তাদের কথা বাদ দিলে, আমি তাদের কথা বলছি না। সেটা সব দেশে, সব ইতিহাসে, সব পার্টিতে থাকে। এটা আলাদা ব্যাপার। আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু দশটা পার্টি আমরা। আমি এসব বলছি এজন্য যে ক্রমশ একা হচ্ছেন। একা হতে হতে—আমি দুঃখিত একথা বলতে যে সরকার এভাবে চলতে পারে না। যদি মুখ্যমন্ত্রী একাকিত্বের শিকার হন। তিনি যদি তাঁর মন্ত্রীসভা, তাঁর পার্টির অন্যান্য ইত্যাদি তারা যদি

কেউ ভয়ে ভয়ে থাকেন, এই রকম একটা পরিবেশ থাকে, যেখানে ভেতরে গণতন্ত্র নেই, সরকার চলছে, এটা স্থায়ী হবে না। এখানে তো আর মুখ্যমন্ত্রী নেই, একথা শোনবার জন্য। আমি কাউকে কথায় বেঁধবার জন্য এসব একথা বলছি না। এগুলো আপনাদের প্রশ্ন যা, সেটা ভেবে দেখবার সময় এসেছে। ভবিষ্যতের স্বার্থে ভেবে দেখবার সময় এসেছে। এখানে তার পরের প্যারায় যেটা বলা হচ্ছে যে রাজ্যপাল অত্যন্ত আনন্দিত যে আর্থিক বৃদ্ধির ক্ষেত্রে সর্বভারতীয় গড়ের তুলনায় উন্নততর ফলাফল প্রদর্শন করেছেন। এটা আমি স্যার এখানে বলতে চাই না। কিন্তু চিরকালই আমাদের বৃদ্ধির হার, উন্নয়নের বৃদ্ধির হার, দেশের যে উন্নয়নের হার তার চাইতে বেশি ছিল। গ্রোথ রেট যাকে বলে। স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট, এটার আমাদের এস.ডি.পি., জি.ডি.পি.-র যে গ্রোথ রেট তার চাইতে ভালো ছিল। এই প্রসঙ্গে বাজেট নিয়ে যখন আলোচনা হবে আমি আবারও ফিরে আসবার সুযোগ পাব। কিন্তু এটাতে আত্মসন্তুষ্টির অবকাশ নেই। এটা বুঝতে হবে যে সমস্ত ফিগার গভর্নমেন্ট দিচ্ছেন এবং যার উপর নির্ভর করছে এগুলোর সঙ্গে বাস্তবে যা হচ্ছে তার কোনো মিল নেই। তার কারণ এগুলো সবই প্রভিশন্যাল এস্টিমেট। প্রভিসশন্যাল এস্টিমেট আমি আগে বলেছি। ম্যানুফ্যাকচারিং সেক্টরে গ্রোথ রেট কি অবস্থা হয়েছে, কি দুরবস্থা হয়েছে। এই রকম একটা মন্দা সারা দুনিয়াতে, দেশ জুড়ে। পশ্চিমবাংলা তার বাইরে নাকি ? কি দিয়ে আটকাবেন আপনি ? আপনি যদি ভাবেন সব ঠিক চলছে, সব বেড়ে যাচ্ছে, সব চলে আসছে, এখানে এমপ্লয়মেন্ট বাড়ছে—কি, রিপোর্টটা তো তাই দিচ্ছেন। এইসবের মোকাবিলা করবেন কি ভাবে ? এগ্রিকালচারে গ্রোথ রেট বাড়ছে। বাড়ছে যেটা, সেটা সার্ভিস সেক্টরে।

[3.50—4.00 p.m.]

খালি বাড়ছে সার্ভিস সেক্টরে। সেই সার্ভিস সেক্টরে এমপ্লয়মেন্ট, আমি এত কথায় যেতে পারছি না কিন্তু এর সার্ভে হয়েছে। আমাদের এখানে চেম্বার অফ কমার্স সার্ভে করেছিল। সার্ভিস সেক্টরে এমপ্লয়মেন্ট ৩০ শতাংশ কমে গেল। আমি তার বিশদ বিবরণে এখন যেতে পারছি না। সময়ান্তরে, প্রসঙ্গান্তরে আলোচনা হতে পারে।

যুবশ্রী, কন্যাশ্রী। আমি তো প্রত্যেক মিটিংয়ে বলি, এখানে তো জনসভা হয় না, বক্তৃতা জনসভায় হয়। ওই যে চার্জশিটের কথা বলছেন, আমি তো আপনাদের এগেনস্টে নো-কনফিডেন্স আনি। যখন আনব তখন চার্জশিট দেব। ওখানে যেটা করার, সেটা ওখানকার লড়াই সে লড়াইটা লড়ব। আপনাদের সঙ্গে লড়াইটা ওখানকার লড়াই, এখানকার লড়াই না। এটা আমরা গুলিয়ে ফেলি না। এই দুটো আলাদা এবং পারস্পরিক সম্পর্ক যুক্ত। যাই হোক, আমি বাইরে জনসভায় বলি যে, কন্যাশ্রীতে লক্ষ লক্ষ দরখাস্ত করুক, আমাদের দায়িত্ব। যদি না করে, মুখ্যমন্ত্রী বলেছেন, 'বলবেন'। মুখ্যমন্ত্রী বক্তৃতা করেছেন। এই যে কৃষাণ ক্রেডিট কার্ড, গিয়েছে বলেছেন, 'যদি না হয়ে থাকে আমার কাছে জানাবেন'। আমরা বলেছি, গিয়ে অফিসারদের বলবেন। যুবশ্রী, কন্যাশ্রী যত শ্রী আছে ভালো আছে ইত্যাদি আছে। সেগুলো ভালোই, খারাপ কি। কিন্তু এই যে ৯ লাখ কত হয়েছে, তারপর সেদিন মন্ত্রী একটা জবাব দিতে তারপর আমি বুঝলাম ওটা বাড়ছে এখন। যাই হোক, সে হলে

ভালো তো কিন্তু অনেক দূর করতে হবে। অনেক, অনেক বাকি। অনেককে করতে হবে। মুশকিল যেটা হচ্ছে সেটা বলি, শ্রী-র সঙ্গে বিশ্রী কিছু হলে দেখবেন। এটা হচ্ছে ওরা কি করে স্কুলে-কলেজে যাবে তার জন্য করছেন। ভালোই তো। আরম্ভ যে আমরা করেছিলাম সেটা অস্বীকার করবেন কেন? আমরা তো করেছিলাম। ছোটো আকারে করলেও করেছিলাম। আমরা বুঝেছিলাম এটা করতে হবে। কিন্তু মুশকিল হচ্ছে যে, স্কুলে যদি না যেতে পারে, ভয় পায়, আপনি দেখেছেন কামদুনিতে কি অবস্থা হয়েছে ? বোধ হয় আজকে বা কালকে সংবাদপত্রে দেখলাম লিখেছে যে, মুখ্যমন্ত্রী ওখানে গিয়ে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, টিক মেরেছে আর কোনটায় ক্রস মেরেছে। দুটোতে মাত্র টিক মেরেছে আর বাকি সব ক্রস। মানে কোনো প্রতিশ্রুতি হয়নি। অর্থাৎ ওখানে যে আলো জ্বলবে, ওখানে একটা হায়ার সেকেন্ডারি হবে, ওখানে ভর্তি হতে পারবে মেয়েরা। কিন্তু ভর্তি হতে ভয় পাচ্ছে। সে সব পরিবেশ নেই এখন। আমি আগে গিয়েছিলাম, মুখ্যমন্ত্রীর অনেক আগে গিয়েছিলাম, ঘটনার দিন গিয়েছিলাম। আপনি জানেন না হয়তো। টি.ভি. ইত্যাদিতে রেকর্ড আছে তো আপনি আর কি করে উড়িয়ে দেবেন। মুখ্যমন্ত্রী অনেক পরে গিয়েছিলেন। আমি আর সে কথায় যাচ্ছি না। আমি বলছি, এই যে জিনিসটা এটা আপনি উড়িয়ে দেবেন বিক্ষিপ্ত ঘটনা বলে ? এই যে বিক্ষিপ্ত ঘটনা, আমরা তো ঠিকই, আপনি তো বলেছেন আমরা ওখানে দাঁড়িয়ে থাকলে, আমরা বলতাম যে, 'আমরা লজ্জিত', 'আমরা দুঃখিত'। কিন্তু আপনি বলছেন বিক্ষিপ্ত ঘটনা। আমি লজ্জিত, দুঃখিত—আপনাদের সঙ্গে পার্থক্য এটাই। আমরা সব সময় উদ্বিগ্ন হতাম। বলতাম, আমাদের যখন যিনি মুখ্যমন্ত্রী ছিলেন। ....(গোলমাল).... যাই হোক, যা হচ্ছে এটা উদ্বেগজনক। নারী নির্যাতনের ব্যাপারে যা হচ্ছে এটা উদ্বেগজনক। তারপরে, আমি এখানে এটা বলতে চাইছিলাম না, আমাদের কেউ বলেননি তাই আমাকে বলতে হচ্ছে। পরে পরেই আছি বলে আমাকে বলতে হচ্ছে এই ব্যাপারে, স্বাস্থ্য নিয়ে। কারণ আমি স্বাস্থ্য মন্ত্রী ছিলাম তো। ওই যে বললেন, 'আপনি ডাক্তার, স্বাস্থ্য মন্ত্রী, আমরা ভালো হবে ভেবেছিলাম, কিছু হল না, ইত্যাদি, ইত্যাদি। তারপরে বলছেন এখন কী কী ভালো করেছেন। আচ্ছা ভালো যা করেছেন, নিশ্চয় করবেন। কিন্তু সত্যি ঘটনাটি কী বলুন তো ? এই যে দুটো বিষয় নিয়ে আপনারা বলছেন। SNCU, ইত্যাদি। মানে Sick Neonatal Care Unit, destabilization unit. এই নামগুলো তো আমাদের দেওয়া, আমাদের করা। শুরু করেছি আমরা। এই আইডিয়া শুরু করেছি আমরা। ....(গোলমাল).... কী করেছেন ? এখানে দিয়েছেন মাতৃ মৃত্যুর হার। এর সোর্স কি ? এই রেকর্ড যা বলছেন, কমে গেল। পার্থবাবু বক্তৃতা করলেন। আপনি সোর্স খুঁজছিলেন। আমাদের বাজেট বক্তৃতা দেখবেন লেখা আছে ডাটার সোর্স। তিনটে। একটা SRS - Sample Registration Survey. যাদের তথ্য সারা দুনিয়া মানে। আরেকটা হয় District Level Health Survey. আরেকটা হয় NFHS - National Family Health Survey. এই তিনটের মধ্যে sample size যেহেতু sample registration system, survey যাকে বলা হয় সেটা দিয়ে আমরা পরিচালিত হই। আমাদের ৩৪ বছরের যত SRS **দেখে যান তাতে শিশুমৃত্যুর হার** আমাদের কমেছে। ৩২-এ নিয়ে

এসেছিলাম। আপনাদের সময় ৩৩-এ গেছে। গত ৩৪ বছরের রেকর্ড আপনারা ভেঙে দিয়েছেন। আপনি এখানে maternal mortality rate যেটা দিয়েছেন, আপনি, SRS date যদি থাকে lay করে দেবেন। SRS-এর যা তথ্য পাবলিকেশন হয়, এটা আপনি হাউজে লে করে দেবেন। আপনি এখানে লিখেছেন স্বল্প মূল্যে ওষুধের দোকান। আমরা করিনি আপনারা করেছেন ? ....(গোলমাল)....

মিঃ স্পীকার : ওনাকে বলতে দিন। আপনারা ইন্টারাপ্ট করবেন না। please ওনাকে বলতে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি আপনাকে বলছি, আমাদের সময় এটা চালু হয়েছিল। কিন্তু আমি আপনাকে বলছি, আমরা যখন চালু করেছিলাম তখন দেশে আমরা সর্বপ্রথম ছিলাম। তখনকার দৃষ্টান্ত হচ্ছে সবচেয়ে বড়ো। তামিলনাড়ু সবচেয়ে সাকসেসফুল এ ব্যাপারে। কেরালা তার পরে। পরে রাজস্থানের একজন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তিনি খুব উল্লেখযোগ্য দৃষ্টান্তমূলক কাজ করেছিলেন। কাগজে, ইত্যাদিতে বেরিয়েছিল। সেই অভিজ্ঞতায় আমরা লোক পাঠিয়ে, আলোচনা করে, কেন্দ্রীয় সরকারের রসায়ন দপ্তরের যিনি মন্ত্রী, তাঁর সঙ্গে আলোচনা করে আমরা ঠিক করলাম যে, আমরা ওষুধ কিনব public sector undertaking থেকে। কারণ ওখানে ওষুধের দাম কম এবং তার গুণমান সুনিশ্চিত। এখন আপনি যেগুলো করেছেন, একটা যে রেট, যে দাম তার ওপরে প্রায় দ্বিগুণ দাম বাড়িয়ে তার পরে বলছেন 'আমি এত ছাড় দিলাম।' এই ভাবে ওষুধ বিক্রি হচ্ছে। আর গুণমান ? স্যার, কাগজ ইত্যাদি দেখার দরকার আছে এঁদের। ...(নয়েজ)... যাই হোক, আপনারা খবর রাখেন কিনা, এই যে কী ভয়ঙ্কর ব্যাপার হচ্ছে আপনি খবর রাখছেন ? বলা হচ্ছে 'Pacemakers are supposed to save life but some of the devices are sold from fair price medicine shops at four Government Hospitals at Kolkata might kill as well. এটা সাংঘাতিক। আপনাদের সরকারের যাঁরা Cardiology Department-এর হেড তাঁরা বলছেন। আর কী দামে ? এই ছাড় দেওয়ার পর ৭১ হাজার থেকে ৯৮ হাজার টাকায় এক-একটা পেসমেকার আপনি বিক্রি করছেন। আমরা যেটা চালু করেছিলাম তাকে বলতাম 'জনতা পেসমেকার'। সেটা আমরা বিনা পয়সায় দিতাম। অর্থাৎ ১০ হাজার, পরে ২০ হাজার টাকা। এক হাজার পেসমেকার ব্যবহারের যে পেপারস, তার ফলোআপ তা পাবলিশ্‌ড হয়েছে। আর আপনি এইসব ছাড় দেওয়ার পরে ৭১ হাজার থেকে ৯৮ হাজার টাকা। কোন্ কোম্পানি, কী ব্যাপার, তার ওয়েবসাইটে কী আছে ? ....(গোলমাল).... সব লেখা আছে। সেইসব করছেন আপনি। বলছে 'এটা নাকি তার মৃত্যুর কারণ হতে পারে।' Cerebral imbalancing হবে। সব রিপোর্ট আছে। না থাকলে আপনাকে আমি সব পাঠিয়ে দেব। ....(গোলমাল).... ঠিক আছে আমি আর কথা বাড়াচ্ছি না স্যার কেননা আপনি সবুজ লাইট জ্বালিয়ে দিয়েছেন। ....(গোলমাল).... আরে চেঁচাচ্ছেন কেন ? হয় বুঝবার চেষ্টা করুন, না হয় ছেড়ে দিন। যেটা বুঝতে পারবেন না সেটা ছেড়ে দেবেন। আর, না হলে বুঝবার চেষ্টা করুন। আমি বলছি, ঐ ছাড়-ফাড়, রিবেট-ফিবেট কিচ্ছু না। এটা হচ্ছে কমিশন। এই যা হচ্ছে, আমি

একটা কথাই বলতে পারি, মহামান্য রাজ্যপালকে আমার ধন্যবাদ জানানো উচিত যে এখানে লেখা আছে 'আমার সরকার সারদা কেলেঙ্কারি'তে—এই যে 'কেলেঙ্কারি' কথাটা, আমার বলার দরকার নেই স্যার, রাজ্যপালের ভাষণে আছে। এটা হচ্ছে সবচেয়ে বড়ো ব্যাপার যার জন্য আমি রাজ্যপালকে ধন্যবাদ জানাতে পারি, যাঁরা লিখেছেন তাঁদেরও ধন্যবাদ জানাতে পারি। কিন্তু আমি খালি এটাই বলছি যে এইসব চেঁচামেচি করে, ধমকটমক পাইয়ে, আক্রমণ করে আমাদের স্তব্ধ করতে পারবেন না, পারবেন না। আমরা কখনও নতজানু হতে শিখিনি, আত্মসমর্পণ করতে শিখিনি। আমরা আছি, আমরা থাকব। আর এখানকার ও বাইরের লড়াই চলবে। ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 4.01 p.m. till 12 Noon on Monday, the 17th February, 2014, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 17th February, 2014 at 12.00 noon.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 36 Ministers, 07 Ministers-of-State, 25 P.S. and 188 Members.

[12.00 noon–12.10 p.m.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Mr. Speaker: Hon'ble Members, for three days we have heard the discussions on Governor's Address participated by several members. Now I call upon the Hon'ble Chief Minister to make her speech.

শ্রীমতী মমতা ব্যানার্জী: অনারেবল স্পীকার স্যার, আমি এই হাউসের সকল সদস্য-সদস্যাদের ধন্যবাদ জানিয়ে যারা রাজ্যপালের ভাষণের উপরে অংশগ্রহণ করেছেন এবং যারা হয়তো সকলে অংশগ্রহণ করতে পারেননি কিন্তু হাউসে উপস্থিত থেকে সেই ভাষণকে শুনেছেন এবং সুনির্দিষ্টভাবে সময় দিয়েছেন হাউসে তাদের সকলকেই আমি ধন্যবাদ জ্ঞাপন করছি এবং মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করে মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ হাউসে পেশ করেছেন কর্তব্য-নিষ্ঠা সহকারে সেই ভাষণকে আমরা ধন্যবাদ শুধু নয়, আমরা কৃতজ্ঞ যে তিনি কষ্ট করে এসেছেন ভাষণ দিয়েছেন তার জন্য আমরা তাকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি—গণতন্ত্রের এটা সবচেয়ে বড় সংজ্ঞা। গণতন্ত্রের কতগুলি সংবিধান প্রদত্ত আইন আছে, গণতন্ত্রে কতগুলি দায়বদ্ধতা আছে, গণতন্ত্রে কতগুলি সামাজিক দায়দায়িত্ব আছে। গণতন্ত্রের কাঠামোয় সংবিধান মেনে চলতে হয়। তাই গণতন্ত্রের সবচেয়ে বড় মন্দির, মসজিদ, গুরুদোয়ারা এবং গীর্জাকে আমরা সম্মান জানাচ্ছি মাননীয় রাজ্যপালের এই ভাষণের সাথে সাথে। মাননীয় স্পীকার স্যার, আজ রূপসী বাংলার কবি জীবনানন্দ দাসের জন্মদিন। তাই আমি শুরু করছি, জীবনানন্দ দাসের একটি কবিতার দুটি লাইন উদ্ধৃত করে—

"আবার আসিব ফিরে ধানসিড়িটির তীরে—এই বাংলায়
হয়তো মানুষ নয়—হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে ;
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায় ;
হয়তো বা হাঁস হব—কিশোরীর-ঘুঙুর রহিবে লাল পায়,

সারাদিন কেটে যাবে কলমির গন্ধ ভরা জলে ভেসে ভেসে ;
আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে
জলঙ্গির ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায় :"

জীবনানন্দ দাসের প্রতি সম্মান জ্ঞাপন করে আমি দু-একটি কথা বলতে চাই স্যার আপনার কাছে। আমি প্রত্যেকের বক্তব্য শুনেছি। কেউ কেউ বলেন আমি কেন জেলায় ঘুরব ? আলবাৎ ঘুরব স্যার। মাটিটা তো জেলায়, গ্রামে—যদি কংক্রিটের জঙ্গলে শুধুমাত্র ঠাণ্ডা ঘরে বসে থাকি তাহলে মানুষের কথা উপলব্ধি করব কোথা থেকে। এই হাউসটা তো জনগণকে রিপ্রেজেন্ট করে। We are representatives of the people. যারা আমাদের ভোট দেয় তারা কিন্তু শহর, নগর, প্রান্তরে, গ্রাম-গঞ্জে ঘুরে ঘুরে থাকে। তাদের প্রতি সম্মান জ্ঞাপন করাই আমাদের কাজ। ঘরে বসে শুধুমাত্র কিছু তাত্ত্বিক কথা আর কিছু মিথ্যা গল্প আর কিছু দর্শনধারী, স্টুডিওতে গিয়ে দর্শন দেখানো ছাড়া এদের কোনো কাজ নেই। ৩৫ বছর যারা ক্ষমতা পেয়েছেন, ৩৪ বছর সরি, স্যার। ক্ষমতা পেয়েও কোনো কাজ না করে এখনও—আমার কখনও কখনও মনে হয় কিছু বলাই উচিত নয় ইগ্‌নোর করা সবচেয়ে বেটার। যার এক কান কাটা থাকে তার দু-কান কাটার কোনো ভয় থাকে না। যাদের এক কান না কাটা থাকে তাদের ভয় থাকে যদি এক কান কেটে যায়। সুতরাং বলতে দিন। আর তো কোনো কাজ নেই। ৩৪ বছর বাংলাটাকে গোল্লায় পাঠিয়েছেন। বাংলার অর্থনীতি, বাংলার সভ্যতা, বাংলার সংস্কৃতি, বাংলার রাজনীতি, বাংলার গণতন্ত্র সব কিছুকে যারা লুঠ করেছে, সন্ত্রাস করেছে, ধ্বংস করেছে তাদের আবার কথা বলার এত তাড়াতাড়ি, এত বড় বড় অধিকার—তবুও তো অধিকার দিচ্ছি আমরা। কথা বলুক, ভালো থাকুক। কিন্তু বলুন তো স্যার, এটা কোনো ডেমোক্রেসির মধ্যে পড়ে ? পছন্দ হল না, যখন আমি ক্ষমতায় নেই তখন এক রকম নীতি। যখন আমি ক্ষমতায় তখন আর এক রকম রীতিনীতি। ১৯৭২ সালে ১৪টি সিট পেল। এখন তো সি.পি.এম, কংগ্রেস এক। সেদিন তো আমাদের তৃণমূল কংগ্রেস ছিল না, ছিল কংগ্রেসের সরকার। সিদ্ধার্থশংকর রায় মুখ্যমন্ত্রী ছিলেন। রিগিংয়ের আওয়াজ তুলে ৭২ থেকে ৭৭ তারা অ্যাসেম্বলিতে আসেইনি। বয়কট অর্থাৎ যখন ক্ষমতায় থাকে না তখন বয়কটই ওদের ভাষা। ওরা জানে না এই বয়কট করতে করতে একদিন মানুষ ওদের বয়কট করে এমন জায়গায় নিয়ে যাবে—যে রাখাল বালকের গল্প জানেন তো ? যে একটা চাষার ছেলে—একটা চাষী ছিল। রোজ বাঘ বাঘ বলে মাঠে গিয়ে চিৎকার করত। সবাই চলে আসত বাঘ এসেছে বলে তাকে বাঁচাতে। কিন্তু দেখত কিচ্ছু না, সব মিথ্যে কথা। একদিন সত্যি বাঘ এল, সে প্রাণ জুড়ে চিৎকার করল। কিন্তু সেদিন আর কেউ বাঁচাতে এল না। সে সত্যি সত্যি বাঘের পেটে চলে গেল। স্যার, এরাও কিন্তু বয়কটের পেটে চলে যাবে। মনে রাখবেন, আপনি স্যার প্রোগ্রাম করেছিলেন এই হাউসে ৭৫ বছর পূর্তি উপলক্ষে। সেদিন মাননীয় রাষ্ট্রপতি এখানে প্রেজেন্ট ছিলেন। সেদিনও কিন্তু তারা বয়কট করেছিলেন। বয়কট করতে করতে, ঈশ্বর ওদের মঙ্গল করুক, বয়কট করতে করতে নিজেরা যেন নিজেদেরই বয়কট করেন, এমন একদিন সিচুয়েশান আসবে। এর জন্য যেন তারা তৈরি থাকে। আমার সে দিনগুলোতে আসার, আমার যে দিনগুলোতে বলার, আমার

যে দিনগুলোতে আলোচনায় অংশগ্রহণ করার—আমি প্রত্যেকটাই থাকি। কিন্তু ওনারা ঠিক করবেন না আমি কবে থাকব না থাকব, আমি কবে জেলায় যাব না যাব। কেন আমরা উত্তরকন্যা উত্তরবঙ্গে চালু করলাম, কেন হাউস চলাকালীন গেলাম, স্পীকার স্যার, আপনার পারমিশান নিয়ে যাওয়া হয়েছে। আর আপনি তো মাননীয় স্পীকার এই হাউসের। আপনি ইচ্ছা করলে—আপনার আইনটাই আমরা আইন বলে মনে করি। আপনার কাছে পারমিশান অ্যাসেম্বলি চলাকালীন আমরা নিই। এটা গণতন্ত্রের সৌজন্যতাবোধ। আমাকে ওরা যেন আইন না শেখায়। আমার জীবনের ছোট্টবেলা থেকে আমি কিন্তু পার্লামেন্টের সংসদ ছিলাম। সাতবার আমি পার্লামেন্টে। এত চেষ্টা করেও ওরা কিন্তু আমায় কিছু করতে পারেনি। আমি সাত-সাতবার পার্লামেন্টের এম.পি. হয়ে এসেছি। আর পার্লমেন্টের আইনটা আমি গুলে খেয়েছি। আমাকে যেন আইন-টাইন বেশি শেখাবার চেষ্টা না করে। নিজেদের টিভিতে গিয়ে দর্শন দিতে হবে, একটু ছবি-টবি দেখাবে। তার কারণ, তিনদিন ছবিটি না দেখালে লোক যদি ওদের মুখ ভুলে যায় ! মুখগুলোই তো ভুলে যাবে, এমন এমন সুন্দর সব দেখতে। এত সুন্দর দেখতে, মুখগুলোই ভুলে যাবে তিনদিন টিভিতে না দেখালে। সেইজন্যই স্যার ওরা এসব করে, করতে দিন। কিন্তু স্যার, যারা বাজেটে অংশগ্রহণ করেছেন, আমি আপনাদের বলি সব সময় বসে থেকে—কেন, আমাকে কি দেখতে খুব ভালো লাগে যে সারাক্ষণ ওদের মুখের সামনে আমাকে বসে থাকতে হবে ? পার্লামেন্টারী মিনিস্টার আছেন, স্পীকার আছেন, অল মিনিস্টারস আছেন—প্রত্যেকে আছেন। আমাকে তাহলে ওদের ভীষণ পছন্দ মনে হয়। সেটা আমাকে বলতেই পারে, আপনাকে খুব পছন্দ, আপনি একটু বসে থাকুন, একটু দেখি বসে বসে, বলতেই পারে। তার জন্য আমি কৃতজ্ঞ। কিন্তু বলুন তো স্যার আমি তো খোঁজ রাখি। এই তো বিরোধী দলনেতার পুরো বক্তব্য। আমি অ্যাসেম্বলী থেকে তুলেছি। এটা আনরিভাইজ্‌ড কপি, যেটা ভাষণ দিয়েছেন। এটা আমি তুলতেই পারি, এটা আমাদের অধিকার আছে। উনি কি বলেছেন ভাষণে ? এভরিথিং আই রেকর্ডেড। মানে আপনি তো রেকর্ড করবেনই স্যার, আমিও করেছি। সুতরাং এটা বলা ঠিক নয় আমি থাকলাম না, তাই ওদের কথাগুলো আমি জানতে পারলাম না, ইট ইজ নট কারেক্ট। তার কারণ আমি এরকম কাজ করি না। আমি পাঁচ-পাঁচটা রেল বাজেট সংসদে পেশ করে এসেছি। আমি জানি রেল বাজেট কাকে বলে, সাপ্লিমেন্টারী কাকে বলে, ভোট অন অ্যাকাউন্টস কাকে বলে, ইনটেরিম বাজেট কাকে বলে। আই নো ইচ অ্যান্ড এভরিথিং। আমাকে এই সব অঙ্ক শেখাতে যাবেন না। দেখুন স্যার, আমি আপনাদের বলি কারা ভাষণ দিয়েছেন এবং তাদের ভাষণের প্রত্যেকটা কপি আমার কাছে আছে। কারণ আমি কাজটা এইভাবেই করি। এই দেখুন স্যার সূর্য্যবাবুর ভাষণ, সোহরাবের ভাষণ, পাতায় পাতায় করা আছে।

[12.10–12.20 p.m.]

আমার কাজটা একটু অন্যরকম। পাতায়-পাতায় করা আছে, কে কার ভাষণ দেখবে ? যদি কেউ দেখতে চায় Everything I have with me. দেখুন আমার কাছে প্রত্যেকটা ভাষণ কপি—কপি করা আছে। ওনার ভাষণ, সোহরাবের ভাষণ, সুভাষবাবুর ভাষণ,

মানসবাবুর ভাষণ, প্রবোধবাবুর ভাষণ, উদয়ন গুহর ভাষণ, আনিসুর রহমানের ভাষণ। এটা আমার চ্যাপ্টার ওয়ান—ফাইলে ঢোকানো। দুই, এটা হচ্ছে আমার চ্যাপ্টার টু—points raised by other Members. তরুণকান্তি নস্কর—তার ভাষণও এখানে লেখা আছে। সব দেখেছি আমি. প্রত্যেকটা পড়েছি। অশোক রায়, হেদায়তুল্লাহ, দীপক চ্যাটার্জী, রবিউল আলম, রামশংকর হালদার, আলি ইমরান রাম্‌জ, মমতা রায়, প্রতিমা রজক—সবার নাম আমি বলতাম না, সবার নাম বলা আমার কাজ নয়। বলছি এই কারণে এটা আমার নলেজে আছে কিনা জানবার জন্য। আব্দুর রহিম বক্সি, নিরাপদ সর্দার—ওদের চক্রবর্তী সাহেব, এম. চক্রবর্তী, আখরুজ্জামান, বিশ্বনাথ কারক, আনন্দময় মণ্ডল, আমজাদ হোসেন, দেবলীনা হেমব্রম, আমাদের নামগুলো নাইবা বললাম। স্যার প্রত্যেকটা ভাষণ কপিতে—কপিতে কে কি বলেছে তার প্রত্যেকটা পয়েন্ট—Anybody can challenge me—প্রত্যেকটা পয়েন্ট আমি পড়েছি, প্রত্যেকটা পয়েন্ট আমি দেখেছি। সুতরাং এসব বলা সাজে না যে, আমাকে এখানে বসে থাকতে হবে। সাংবাদিক বন্ধুরা বলুন তো যারা উপস্থিত আছেন. আগে আপনাদেরকে জেলায়-জেলায় গিয়ে খবর সংগ্রহ করতে হত, তখন ইনফ্রাস্ট্রাকচার ভালো ছিল না। জেলায় একটা করে রিপোর্টার থাকত খবর সংগ্রহ করত কষ্ট করে। এখন তো সুবিধা হয়ে গিয়েছে, এখন তো ইনফ্রাস্ট্রাকচার বেড়ে গিয়েছে, ব্লকে-ব্লকে খবর সংগ্রহ করে। এখন তো নেটওয়ার্ক হয়ে গিয়েছে। আগেকার দিন আর এখনকার দিনের মধ্যে তফাৎ আছে। আজকে আমি যদি এখানে বসে বলি সেন্ট্রাল বাজেটে—যদিও এটা বাজেট নয়, ভোট অন অ্যাকাউন্টস—ইলেকশানের সময় ইলেকশান গিমিকে কিছু কমিটমেন্ট থাকে nothing else, because they will not implement any part. তারা তো চলে যাচ্ছে, তারা আবার ইমপ্লিমেন্ট করবে কোত্থেকে ? সুতরাং এইগুলো গিমিক। ইলেকশানের আগে যেটা বাজেটের নাম বলা হচ্ছে। That is not budget. এটা ভোন অন অ্যাকাউন্ট হয়, চার মাসের মাইনে এবং কনসলিডেটেড ফান্ড থেকে স্যালারি-ট্যালারি চালানোর জন্য। এসব কাউকে-কাউকে বোকা বানানো যায়, সবাইকে তো বোকা বানানো যায় না। এসব আমরা জানি। কিন্তু স্যার আমি এটাই বলছিলাম যে, আমরা জিনিসগুলো জানি, জানি না তা নয়। এক হচ্ছে, অভ্যাস হয়ে গেছে কিছু-কিছু-সমস্ত-গণতন্ত্রে মিথ্যে বলতে নেই, ওটা আনপার্লা-মেন্টারি বলি আমরা পার্লামেন্টে, এখানে অবশ্য বলে না। অপপ্রচার করে, মিসলিড করে, ডিসটর্টেড করেন, ফ্যাক্ট—যেগুলো ভুল, সত্য বলবার কোনো অভ্যাস নেই এবং আর একটা কথা আমি বলি স্যার যে, সি.পি.এম. আর কংগ্রেস মিলে—ভারতবর্ষটাকে কংগ্রেস, আর বাংলাটাকে সি.পি.এম.—কংগ্রেসের যৌথ উদ্যোগে এটা তো রাজনৈতিক দেউলিয়ার আঁতুড়ঘর তৈরি হয়ে গেছে বাংলাটা—রাজনৈতিক দেউলিয়ার আঁতুড়ঘর তৈরি করে গেছে, অর্থনৈতিক দেউলিয়ার আঁতুড়ঘর করে গেছে, আর কুৎসার আঁতুড়ঘর তৈরি করে গেছে। কি কি বলেছেন ? কোনো ইস্যু নেই। রাজ্যপালের ভাষণ নিয়ে কোনো কথা নেই। আমি পার্থদার কাছ থেকে দুটো বই নিয়েছিলাম—Parliamentary Affairs Minister বলে। একটা ৯ই মার্চ ২০১০-এ রাজ্যপালের ভাষণ—অ্যাসেম্বলী, আর একটা আমাদের ২০১৪-এর ভাষণ। স্যার আপনি দেখলে বুঝতে পারবেন ২০১০-এর ভাষণটা ৯ই

মার্চের—জঙ্গলমহলে এত মানুষ খুন, দার্জিলিং জ্বলছে, এত লুঠ, এত সন্ত্রাস, এত খুন। আর আজ আমাদের ভাষণটা যদি দেখেন, এটা সুদিং, রাজ্যপালের ভাষণটা যদি দেখেন এটা সুদিং, এটা সফ্‌ট, সেফ অ্যান্ড সাউন্ড—এটা মাথায় রাখতে হবে এবং এই ভাষণ দেখলে বুঝতে পারবেন মাননীয় রাজ্যপাল সবটা বলতে পারেন না। একটা লিমিটেশানের মধ্যে যতটা বলা সম্ভব ততটা তিনি বলতে পারেন এবং ততটা তিনি বলেছেন। আমাদের এখানকার নেতাদের বাংলা সম্বন্ধে একটা কথা নেই। বাংলা কেন টাকা পাচ্ছে না, কেন্দ্র কেন সব টাকা কেড়ে নিয়ে চলে গিয়েছে, কেন আজকে ১০০ দিনের কাজের টাকা দেওয়া হচ্ছে না ? কংগ্রেসের কয়েকজন বড়-বড় কথা বলেছে। কেন্দ্রীয় গ্রামন্নোয়ন মন্ত্রী এই বলেছে। তিনি যে সঠিক বলেছেন তার তথ্যটা কোথায় ? সুব্রত মুখার্জী এখানে আছেন। গত দুমাস ধরে ১০০ দিনের কাজের সব টাকা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। কার টাকা ? আমাদের টাকা কেটে নিয়ে যায় এখান থেকে। হাজার-হাজার কোটি টাকা রাজ্য থেকে ট্যাক্স কালেকশান করে। তার কিছু পোরশান দেয় কিছু উন্নয়নের কাজে, সেটা খুব কম। আমি এখনও মনে করি এই টাকাগুলো কেটে নিয়ে যাওয়া বন্ধ করুক, রাজ্য নেবে, রাজ্যকে এক পয়সাও দয়া করতে হবে না। আমি আশা করেছিলাম আমার কংগ্রেস, সি.পি.এম.-এর বন্ধুরা অন্তত এটুকু বলবে, যে কেন সব টাকা কেটে নিয়ে যাওয়া হচ্ছে। একটা গভর্নমেন্ট চলবে কোথা থেকে ? পয়সা না থাকলে খাদ্য কিনবে কোথা থেকে, রাস্তা করবে কোথা থেকে ? বড় বড় ভাষণ এই নেই, ওই নেই, সেই নেই। সবই তো দিতে চাই, টাকাটা কোথায় ? বাংলাটাকে সর্বনাশ করে দিয়ে, একটা কথা মুখ দিয়ে বলে না পর্যন্ত। ওনাদের এখন মাথা ব্যথা, আন্তর্জাতিক ব্যাপারে কথা বলছেন। বুঝুন ! সেটা বলবার জন্য কেন্দ্রীয় সরকার আছে। আমরা External Affairs-এ central government-এর উপর ডিপেন্ড করি। ইধার নেই, উধার। অন্য প্রতিবেশী রাজ্যের সাথে কেন সম্পর্ক খারাপ করা হচ্ছে ! কোথায় করা হল জিজ্ঞেস করুন কমরেডদের। কমরেড বন্ধু পরিকল্পিত বন্যা কেন হবে ? সি.পি.এম.-এর থিয়োরি জল ছেড়ে দিয়ে বন্যা। আমি নিজের চোখে অনেক বন্যা দেখেছি। আমি আমার এক সহকর্মী গৌতম বোস যখন মারা গিয়েছিল বন্যায়, তার সাথে আরো ছয়জন, আমি দেখতে গিয়েছিলাম জায়গাটা। সেদিন আমার টনক নড়েছিল স্যার। আমি এটা জানতাম না পরিকল্পিত বন্যা। আমি যখন রেল মিনিস্টার ছিলাম ২০০০ সালে, একটা বন্যা হয়েছিল বড়ো। একটা ট্রেনকে দড়িতে করে টেনে আমায় নিয়ে আসতে হয়েছিল এক সেকেন্ড এক সেকেন্ড করে। সেদিন আমি একটা রিপোর্ট নিয়েছিলাম রেলের কাছ থেকে। তারা আমাকে বলেছিল, It's a man made flood, জল ছেড়ে দিয়ে করা হয়েছে। তখন থেকে আমি পরিকল্পিত বন্যার কথা বলে এসেছি। যে জল হঠাৎ করে ছেড়ে দেওয়া হয়, যে জল হঠাৎ করে ঢুকে যায়, গ্রামে-গঞ্জে মানুষের জীবন কেড়ে নেয়, সম্পত্তি কেড়ে নেয়, সেটা পরিকল্পিত বন্যা। আমরা যেটা বলেছিলাম, তুমি আমাদের না জিজ্ঞেস করে কেন করেছ। বাঁধগুলো ভরতেই পারে। আস্তে আস্তে যখন আমি দেখছি দুর্যোগ আসছে, যখন আমার বাঁধটা টুবু টুবু হচ্ছে, তখন যদি আমি ৫, ১০, ১৫ করে করে ছাড়ি স্যার, তাহলে কিন্তু পরিকল্পিত বন্যায় লোক মারা যায় না। লোকে মধ্যরাতে ঘুমোচ্ছে, হঠাৎ আমি ৫০০০ কিউসেক জল ছেড়ে দিলাম, ৫ লক্ষ কিউসেক জল ছেড়ে দিলাম, তাতে কি

হয় ? লোকে জানতেও পারে না, জলে জীবন্ত সলিল সমাধি হয়ে যায়। এটা কমরেডদের বোঝার কোনোদিন ক্ষমতা নেই এবং থাকে না। এটা আমরা ডেলি মনিটরিং করি। ওনারা কোনোদিনও করেছেন জীবনে ? তাই মনে রাখবেন পুজোর সময় যে প্রাকৃতিক দুর্যোগ দেখেছিলাম, সেটা পরিকল্পিত বন্যা ছিল। দুর্যোগে যদি হত আমার কোনো আপত্তি ছিল না। স্যার, আমি নিজে গিয়ে দেখেছি কিভাবে জল ছেড়েছে, আর কিভাবে জলগুলো গ্রামের মধ্যে ঢুকে যাচ্ছে। তাতে তিনজন মারা গিয়েছিল। আমি নিজে দাঁড়িয়ে চোখে আঙুল দিয়ে দেখিয়ে এসেছিলাম। আমরা জলাধারগুলো এখন কন্ট্রোল করি। এখানে আমার ইরিগেশন মিনিস্টার আছেন রাজীব ব্যানার্জী। বলুক আমি প্রতিদিন সকাল সন্ধ্যা—আমাদের ডিজাস্টার ম্যানেজমেন্টের জাভেদ আছে, আমাদের চিফ সেক্রেটারি, আমাদের হোম সেক্রেটারি, আমাদের ডিজাস্টার সেক্রেটারি, আমাদের ডিজাস্টার মিনিস্টার, আমাদের ইরিগেশন মিনিস্টার, আমাদের এগ্রিকালচার মিনিস্টার সমস্ত মিলে আমাদের একটা কমিটি আছে এবং তারা ডেলি মনিটরিং করে। এটা বুঝতে হবে। আজকে কথায় কথায় কেউ কেউ বসে একটা পার্টি সিদ্ধান্ত নিচ্ছে, ভোটে তো জিতব না, শুধু কোর্টে চলো। তিন লক্ষর বেশি কেস পড়ে আছে। লক্ষ লক্ষ কেস পড়ে আছে হাইকোর্টে। আমরা চাই কেসগুলো সমাধান হোক। রোজ একটা করে PIL, আর একটা সরকার ৩৪ বছর বাদে ক্ষমতায় এসেছে, তার বিরুদ্ধে দেখুন কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকারের যতগুলো এজেন্সি, এক শ্রেণির সংবাদমাধ্যম থেকে শুরু করে সবকটা মিলে, সব কাকের এক রা, শুধু আমাদের পিছনে চিৎকার করে যাচ্ছে। একটা গণতান্ত্রিক সরকার কি করে চলবে, একটা গণতান্ত্রিক সরকারকে স্তব্ধ করবার জন্য নানারকম প্রচেষ্টা চলছে বিভিন্ন কায়দায় এবং সেন্ট্রাল গভর্নমেন্ট যে রোল প্লে করছে, এই রোল লজ্জাজনক, ধিক্কারজনক। আমরা যেন মনে রাখি স্যার, আজকে যদি আমরা একটা ভুল করি, সেই ভুল কিন্তু কালকে বুমেরাং হতে পারে। যে মেথড ওরা আজকে অ্যাপ্লাই করছে, সেই মেথডটা যদি অন্য কারোর, যখন তারা ক্ষমতায় থাকবে না বা ক্ষমতায় থাকবে, সেটা, যদি প্রয়োগ হয় কি হবে ? বি.জে.পি.-র একটা মেথড বাবরি মসজিদ demolition করেছিল, যার জন্য সারা দেশে ওরা কোনোদিন সবার কাছে গ্রহণযোগ্য নয়। কংগ্রেসেরও মনে রাখতে হবে, আমি অনেক দিন ধরে দেখছি, এবারে ওরা যা করেছে তার কোনো ক্ষমা নেই। এইবারের government UPA II আমরা ছেড়ে দেওয়ার পর থেকে যা করেছে, যে ভূমিকা ওরা পালন করেছে, তার ক্ষমা করার কোনো জায়গা নেই। এবং তাই আমি বলি প্রতিবেশী রাজ্যগুলোর সঙ্গে সম্পর্ক আমাদের ভীষণ ভালো। কমরেড ইলেকশনের আগে একটু কম কম কথা বলুন। একটু রাজ্যের দিকে ফিরে তাকান। রাজ্য কেন টাকা পাচ্ছে না, আপনাদের পাপের ফল। সব টাকা কেটে নিয়ে চলে যাচ্ছে। একবারও ভাববেন না ? পশ্চিমবাংলা একমাত্র জায়গা Economic growth এই অবস্থায় কি করেছি আমরা ? সুদের টাকা ওরা সব কেড়ে নিয়ে চলে যাচ্ছে।

[12.20–12.30 p.m.]

যতক্ষণ সব সুদ শোধ না হবে, টাকাগুলো তো লাফিয়ে লাফিয়ে বাড়ছে, আর আমাদের টাকার সংখ্যা কেটে নিয়ে যাচ্ছে বেশী বেশী করে। আর বাংলার প্রেস মিডিয়ার কাছে আমি

Request করব এই ব্যাপারটাকে নিয়ে highlight করবার জন্য national media-র কাছে। এটা জনগণ রিলেটেড বলে। It is my humble submission and humble request to all of you. তার কারণ হচ্ছে আমি দেখেছি অন্যান্য স্টেটে এই প্রবলেমে পড়লে তারা সাপোর্ট দেয়। এটা আমি আপনাদের কাছে সাপোর্ট চাইছি। কেন চাইছি ? প্রথমবার যখন ক্ষমতায় এলাম আমরা, তখন ২১ হাজার কোটি টাকা ইনকাম হল, সব কেটে নিয়ে চলে গেল। ১২-১৩ সালে আমরা ইনকাম করলাম ৩২ হাজার কোটি টাকা। রেকর্ড গ্রোথ করলাম। ২৫ হাজার কোটি টাকা কেটে নিয়ে চলে গেল। এবারে আমাদের highest growth, not only India, all over the world, it will see, they will see যে একটা রাজ্য কি করে এটা করতে পারে এই পরিস্থিতি থাকা সত্ত্বেও। এবারে কাটবে ২৮ হাজার কোটি টাকা। সি.পি.এম. করেছে ধার, আমরা করব শোধ। মহর্ষি বাল্মীকির পাপ আর কেউ শোধ করেছিলেন কি ? তাকেও মরা মরা বলতে বলতে রাম রাম বলতে হয়েছিল। বাল্মীকির পাপ যদি কেউ শোধ না করে, তাহলে আমরা কেন ওদের পাপ শোধ করব বলতে পারেন স্যার ? এটা তো আমাদের দোষ নয়, আমাদের অপরাধ নয়, আমাদের সরকারের অপরাধ নয়। জিজ্ঞেস করুন সি.পি.এম.-এর কমরেডদের, আর কংগ্রেসের কমরেডদের। ওরা তো এখন একটু বেশি কমরেড হয়ে গেছে। কমরেডকে জিজ্ঞেস করুন, কমরেড তুমি ধার করতে permission দিয়েছিলে কেন ? সি.পি.এম. ধার করে গেছে, এমনকি small savings থেকেও, আর কংগ্রেস ধার করতে পারমিশন দিয়েছে। আর আমরা যেদিন থেকে এলাম, ধার করা বন্ধ, পারমিশনটাও বন্ধ। আমরা disciplined বলে FRBM করেছি, financial discipline করেছি। আর ওরা Indiscipline বলে ধার করেছেন। ধার করতে দিয়েছে কংগ্রেস, ধার করেছে সি.পি.এম. আর আমরা হচ্ছি সবচেয়ে বড় sufferer। এর চেয়ে বড়ো লজ্জাজনক আর কি আছে ? তার মধ্যেও আমরা যা করেছি এটা আমি বলব। এত আন্তর্জাতিক কথা বলছেন, আমি বলব আন্তর্জাতিক কথা বলার জায়গা এটা নয়, তার জন্য পার্লামেন্ট আছে, কেন্দ্রীয় সরকার আছে, External Affairs-কে আমরা সম্মান করি। এবং আপনাদের বুঝতে হবে কিছু কিছু sensitive issue আছে সেটা locally কথা বলে করতে হয় মানুষকে সাথে নিয়ে। গায়ের জোরে ওই নন্দীগ্রাম দখল করতে চলে গেলাম, সিঙ্গুর দখল করতে চলে গেলাম, নেতাই দখল করতে চলে গেলাম ! এটা হয় না, এটা মাথায় রাখতে হয়। সেই বুদ্ধি নেই বলে, বিবেচনা নেই বলে তারা এটা করতে পারেন, আমরা এটা করতে পারি না। স্যার আমি দেখেছি তাদের বক্তৃতা। কেউ কেউ বলেছেন আমরা নাকি প্রকল্প ঘোষণা করি শুধু, শেষ করি না। আমরা ওদের মতো শ্যাওলান্যাস করি না। আমি জানি আমরা প্রায় ২ হাজার প্রকল্পের কথা ঘোষণা আমরা করেছি, তার মধ্যে প্রায় 59% প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে। Tender করতে সময় লাগে। Foundation এর পরে কতগুলো Government-এর Procedure আছে। আর যে প্রকল্পগুলো শুরু হয়েছে তার মধ্যে ৩৮% প্রকল্প সম্পূর্ণ হয়ে গেছে। They should know it. না জেনে বড় বড় মিথ্যে কথা ! মিথ্যে কথা বলা ছাড়া ওদের কোনো কিছু কাজ নেই। স্যার, ওরা বলে বেড়াচ্ছে পশ্চিমবাংলায় নাকি সবচেয়ে

বেশি ধর্ষণ হয়েছে। বাংলা ধর্ষণে নাকি first. আমি একটা Crime record বলি। আমি একটাও ধর্ষণের পক্ষে নই। কিন্তু কিছু কিছু অসামাজিক কাজ, এখনও কিছু কিছু Crime হয় যেটা আমাদের সমাজের লজ্জা এবং আমি মনে করি এর জন্য আমাদের সবাইকে জোট বেঁধে এই Crime-এর বিরুদ্ধে দাঁড়ানো উচিত। পুলিশের কাজ Crime হলে সঙ্গে সঙ্গে Action নেওয়া। আমাদের পুলিশ সঙ্গে সঙ্গে অ্যাকশন নিয়েছে। অ্যাকশন নেওয়াতে আমরা ভারতবর্ষে ফার্স্ট। এবং এটা মনে রাখতে হবে, পুলিশের তো ম্যান পাওয়ার ছিল না। টাকা নেই, পয়সা নেই, মাত্র আড়াই বছরে ৪০,০০০ কনস্টেবল রিক্রুট হয়েছে, ৬ হাজার সামথিং হোমগার্ড রিক্রুট হয়েছে, ৪,০০০-এর মতো গভর্নমেন্ট পুলিশ রিক্রুট হয়েছে, ৪০০ সাব-ইন্সপেক্টর রিক্রুট হয়েছে, ১ লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ দেওয়া হয়েছে স্যার। ডাক্তার ছিল না, নার্স ছিল না, ১০ হাজার রিক্রুট হয়েছে। হেলথে ১০ হাজার বেড বাড়ানো হয়েছে। কি কমরেড, কথা কানে যাচ্ছে ? বক্তৃতাটা দেখে নেবেন, নিয়ে পড়বেন ভালো করে। ফেস করতে পারে না বলেই তো এইগুলো করে। দেখুন, যারা ফেস করতে পারে তারা ফেস করার জন্য তৈরি থাকে, যারা ফেস করতে পারে না, তারা আর কি করবে, মুখটা লুকিয়ে রাখে। মুখটা লুকিয়ে রাখার কারণ, তারা একতরফা বলবে, কিন্তু উত্তর শুনবে না, শোনার মানসিকতা নেই। কারণ শুনলে তো থলির থেকে ড্যাবডেবে বেড়ালটা বেরিয়ে পড়বে। আর ওদের কথা তো উপোসী। আর আমার কথা তো বাস্তব, আমি তো চ্যালেঞ্জ করে বলি। আসুন চ্যালেঞ্জ করুন। যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে আমরা রাজি। স্যার, অনেকদিন ধরে শুনছি ক্রাইমে নাকি বেঙ্গল ফার্স্ট। স্যার, আমি শুধু চারটে জেলার কথা বলি। ২০০৯-এ রেপ কত হয়েছিল ? দিনে দিনে কিন্তু সংখ্যা, অনেক সময়ে স্যার নানারকম আরও কেস জড়িত থাকে তার মধ্যে, কেস কমপ্লেন করলেও পরে এনকোয়ারি হয়, অনেক কেস বাদও হয়। সুতরাং যেগুলো কমপ্লেন হয়েছে, রিপোর্টেড হয়েছে যেগুলো আমি তার কথা বলছি। স্যার, এমনিতে তো রিপোর্ট—সি.পি.এম.-এর আমলে এফ.আই.আর.-ই করতে দিত না, তাতেও যেগুলো সাংঘাতিক কেস রিপোর্টেড হয়েছিল কোর্টের অর্ডারে বা যাই হোক, ২০০৯-এ কত হয়েছিল ? ২৩৩৬। সি.পি.এম.-এর আমলে। সি.পি.এম. আর কংগ্রেস, এই খালি বেঞ্চগুলোকে বলছি। আগামীদিনে এগুলো আপনাদের জন্য খালিই থাকবে। ওগুলো আমরা সব দখল করব মানুষের আশীর্বাদে, শুভেচ্ছায়, দোয়ায়। এখন খালি আছে পরে এগুলো আমরাই দখল করব। ২০০৯-এ ২৩৩৬ স্যার। ২০১০-এ ছিল ২৩১১। ২০১১-এ ছিল ২৩৬৩। ২০১২-এ হয়ে গিয়েছিল ২০৪৬। তার মানে কমতে শুরু করল এবং ২০১৩-র আপ টু নভেম্বর ১৫৯০। সংখ্যাটা লিখুন সকলে। সংখ্যাটা লিখুন সকলে। বেড়েছে কি কমেছে ? কিন্তু একটাও হোক আমি চাই না। আমি আবার আপনাদের বলছি, আমি একদম মানবিকতার পক্ষে। আমি মানুষের পক্ষে আবার বলছি। যারা লিখতে পারেননি দেখে নিন। ২০০৯—২৩৩৬। ২০১০—২৩১১। এটা আমার কথা নয় কিন্তু ক্রাইম রেকর্ডের রেটটা আমি ওপেন করছি। যেটা রেকর্ড বলছে ক্রাইম ব্যুরো রিপোর্ট। এটা আমার নয় যে আমার পুলিশ আমাকে বানিয়ে দিয়েছে। স্যার, ২০১১—২৩৬৩, ২০১২। স্যার, আমরা কিন্তু মে মাসের পরে ক্ষমতায় এসেছিলাম, ২০শে

মে। ২০১২-২০৪৬। অর্থাৎ ২৩৬৩ থেকে কমে ২০৪৬ হয়ে গেল। আর ২০১৩ আপ টু নভেম্বর ১৫৯০। এটা রেকর্ড। কলকাতা পুলিশে আসুন স্যার। কলকাতা পুলিশ বলি। জাস্ট একটা ফিগার। স্যার, কলকাতায় যদি আমি কলকাতা পুলিশের ফিগারটা বলি তাহলে দেখুন স্যার, কলকাতায় আমাদের ২০১২-র ক্রাইম অব ইন্ডিয়া ফর দি ইয়ার ২০১২-কে আমি কোট করছি। কলকাতা-৬৮, দিল্লি-৫৮৫, মুম্বাই-২৩২, চেন্নাই-৯৪, ব্যাঙ্গালোর-৯০। আর একবার বলি। এবার লাস্ট থেকে বলছি। ব্যাঙ্গালোর-৯০, চেন্নাই-৯৪, মুম্বাই-২৩২, দিল্লি-৫৮৫, কলকাতা-৬৮। তাহলে স্যার, একটা রাজ্যের নামে বদনাম কেন করা হবে ? কেন একটা রাজ্যকে বদনাম করা হবে ? একটা ঘটনা যদি ঘটে থাকে, মনে রাখবেন এই গভর্নমেন্ট প্রথম গভর্নমেন্ট এমনকি ৬ মাসের মধ্যেও আমরা জেলে ঢুকিয়ে দিয়েছি।

আমরা চার্জশিট করে দিই দু-তিন মাসের মধ্যে। চন্দ্রিমা ল' মিনিস্টার এখানে আছে। আমাদের এখানে অনেকগুলো ফাস্ট ট্র্যাক কোর্ট কেন্দ্র দিয়েছিল। আমরা ক্ষমতায় আসার পরে সব উঠিয়ে দিয়েছিল। আমাদের টাকা নেই তা সত্ত্বেও ৮৮টা ফাস্ট ট্র্যাক কোর্ট আমরা চালাই এবং সেই ফাস্ট ট্র্যাক কোর্টে প্রত্যেকটা এই মামলাগুলো আমরা দিই যাতে তিন মাসের মধ্যে চার্জশিটেড হয়ে যায় এবং দোষীরা যাতে বুক্‌ড হয় এবং যাতে তাদের শাস্তি হয়। কেউ কেউ ভাষণ দিয়ে বেড়াচ্ছে কোনো একটা কেসের ব্যাপারে। আমি এটা বলতাম না দিজ ইজ নাথিং রিলেটেড, স্যার, ইউ উইল অ্যাপ্রিসিয়েট, বিধানসভায় বিধানসভার কথা বলি। পরশুদিন স্যার, আমার দলের একটা কনফারেন্স ছিল দুর্গাপুরে, সেটা অনেকে লেখেনি।

[12.30–12.40 p.m.]

ওটা ওদের পার্টির কনভেনশন ছিল। This is nothing related to government. It was not part of the Government programme. আমার অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের একটা আমি এটা বলতাম না, যদি এটার প্রসঙ্গ না আসত। প্রসঙ্গ আনা হয়েছে এবং বড় বড় ভাষণ দিচ্ছে বলেই আমি বলছি। আমাদের দল একমাত্র দল মনে রাখবেন স্যার, আমরা সরকারে আছি বলে কমিটমেন্ট অনুযায়ী আমার কাউন্সিলার মুন্নাকে আমি জেলে পাঠিয়েছিলাম পুলিশ খুনের বিরুদ্ধে। চার্জশিট দিয়েছিলাম। এখনও পর্যন্ত কেস চলছে। শম্ভুনাথ কাউর এখনও পর্যন্ত জেলে আছে স্যার। দীর্ঘদিন হয়ে গেছে। সারদা কেসে আমাদের এম.পি. কুনাল ঘোষ এখনও জেলে আছে। আমাকে দেখাক সি.পি.এম. একটা নজির। ভাষণ দিচ্ছে। বড় বড় কথা বলছে ! আমার পার্টি মিটিং-এ কে ভালো, কে খারাপ—আপনারা সাংবাদিকরা যখন বোর্ড মিটিং করেন তখন ঠিক করেন না কার পারফরম্যান্স খারাপ, কার পারফরম্যান্স ভালো ? এটার তো সব জায়গার একটা সিস্টেম আছে ! এমন কি গভর্নমেন্ট এমপ্লয়িজদেরও প্রত্যেকদিনের performance review হয়। Sir, this is the FIR, যে কেস নিয়ে দিন এর কোন একটা সংবাদমাধ্যম করছে। করতে পারে It is prerogative আমি সেটা নিয়ে বলছি না। This is the FIR copy, anybody can challenge it. কোথাও নাম নেই তার। যে নাম নিয়ে পড়ছে রেগুলার আমি তার নামও বলতে পারছি না। পারি না তার কারণ হচ্ছে He is not at all a

Member of this House. I maintain that dignity and this is the courtesy. I challenge the FIR copy filed by the victims one. Nobody's name is mentioned. পলিটিক্যাল হঠাৎ মনে হল আমি কি দুশো জনের নামে ডায়েরি করে রাখব। আবার একটা নতুন করে একটা কাগজ দিয়ে এলাম। সেটার ইনভেস্টিগেশান হবে ! মিথ্যা কথা কেন বলবে ? আমার কথা হচ্ছে ইনভেস্টিগেশন যখন চলছে Let them investigate. I did not mention about the court or anything. I should say about my party's performance. I have reviewed my party's performance. I have every right to do it. আমরা বি.ডি.ও.-দের যখন অ্যাপয়েন্ট করি, তখন আমরা বি.ডি.ও. পারফর্ম্যান্স রিভিউ করি। কেউ ঠিক করবে গভর্নমেন্ট কোন পথে চলবে ? কেউ কেউ বলে দিচ্ছে Chief Minister-এর কথা শুনবেন না, অফিসারদের ডেকে বলে দিচ্ছে। আমি যদি একটা সংবাদমাধ্যমকে জিজ্ঞাসা করি, যদি সংবাদমাধ্যমকে ইনস্ট্রাকশান দিয়ে বলে চিফ রিপোর্টারের কথা শুনবে না, নিউজ এডিটরের কথা শুনবে না, এডিটরের কথা শুনবে না, চালাতে পারবে ! যদি কেউ বলে অ্যাসেম্বলীতে স্পীকারের কথা শুনবে না Whether the House can continue ? পলিটিক্যাল পারপাসে কেউ কেউ political ভেনডেটা নিয়ে আসে। Let them fight the Political vendeta. We will fight it legally এবং আমি এর জন্য একটুও শংকিত নই, তার কারণ ফাইট করা আমার জীবনে অভ্যাস আছে। And I will fight it out. মিথ্যা কথা বলার একটা লিমিট আছে। স্যার, We will appreciate. This House will appreciate all the festivals. বলুন তো কোটি কোটি মানুষ এসেছে ফেস্টিভ্যালে। কখনও ঈদ হয়েছে। কখনও রমজান হয়েছে। কখনও দুর্গাপুজা হয়েছে। কখনও ছটপুজা হয়েছে। কখনও কালীপুজা হয়েছে। কত উৎসব। সমস্ত কিছু পিসফুলি হয়ে গেছে। কোনো প্রবলেম তো হয়নি। এগুলি কে সামলেছে ? ল অ্যান্ড অর্ডার-এর ব্যাপারগুলি নিশ্চয় পুলিশ এগুলি সামলিয়েছে। জনগণকে নিয়ে, ক্লাবগুলিকে নিয়ে মানুষকে সাথে নিয়ে And thanks to media also, they also gave support for all these. কমিউনাল ভায়োলেন্স এখানে অনেকে করবার চেষ্টা করেছে। কিন্তু তা সত্ত্বেও মানুষ রেজিস্ট করেছে। I compliment the people of West Bengal. I compliment the press media also. তারাও সবসময় একটা দায়িত্বপূর্ণ রোল প্লে করে। কাজেই কোনো কমিউনাল রায়েট এখানে হয়নি। No communal incidence. পঞ্চায়েত ইলেকশন হয়ে গেছে দু হাজার তিনে, আটে যা হয়েছে তার থেকে অনেক বেশি। কম হয়েছে এবারে। একটাও হওয়া উচিত ছিল না। যাই হোক স্যার পলিটিক্যাল ক্ল্যাশ আর কি। তার কথা আপনারা তো স্বীকার করবেন ! পলিটিক্যাল ক্ল্যাশ বাংলায় আগে হায়েস্ট ছিল, নাম্বার ওয়ান। এখন দেখান তো যা খুন হয়েছে ম্যাকসিমাম তৃণমূল কংগ্রেসের খুন হয়েছে। বাইরে থেকে আসছে গুণ্ডামি করে ভাড়া করে নিয়ে আসছে। প্রচুর টাকা কামিয়ে গেছে। গভর্নমেন্টের টাকা পার্টি ফান্ডে দিয়ে দিয়েছে। শুনছেন তো স্যার। প্যান কার্ড নেই ষোলো কোটি টাকা জমা রেখে দিয়েছে পার্টির সেক্রেটারি। কি

আর বলব ! তিনিও হাউসের মেম্বার নন, তাই আমি বলছি না। এখন আবার গিয়ে প্যান প্যান করছে। প্রথমত এই কথাটার উত্তর দিক। চিট ফান্ড, কারা করেছে চিট জনগণকে ? সি.পি.এম. দল, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট যা আগে ছিল লেফট ফ্রন্ট গভর্নমেন্ট, যত চিট ফান্ড তৈরি হয়েছে সমস্ত আশির দশক থেকে। সি.পি.এম.-এর আমলে সারদার সব বড়দা, সারদার বড়দা, পকেটমার জানেন তো স্যার, যখন পকেটমারি করে, তখন তারা বাসে আগে চিৎকার করে পকেটমার, পকেটমার বলে। যাতে তাদের কাউকে ধরতে না পারে পালিয়ে যাওয়ার জন্য। এটা হচ্ছে ট্যাকটিস। নিজে বাঁচবার জন্য চিট ফান্ড চিৎকার। আমাদের আমলে হলো কোথায় ! আরে হলোটা কোথায় ! যে কটা বলে বেড়াচ্ছে সব কটা চিট ফান্ডের টাকায়। এমন কি আমি বলতে চাইনা অমিতদার প্রিডিসেসর। চেকে, চেকে টাকা নিয়ে পাবলিসিটির খরচ। সেই ডকুমেন্টসও তো আছে। আমি বলি না, তার কারণ আমি চাই না। চাইলে তো সব কটাকেই জেলে পুরতাম, করিনি তো। গণশক্তি তো ভর্তি ভর্তি—ছেড়ে দিন। অন্য সংবাদমাধ্যম তো আছেই—সেগুলো তারা লিখতে পারে, বলতে পারে—আমরা পলিটিক্যাল লোক। কিন্তু গণশক্তি তো ভর্তি ভর্তি—ডায়াল থেকে শুরু করে ট্রায়াল, কোথায় নেই ? আবার 'চোরের মায়ের বড় বড় গলা'—Mother of thieves shout most—চোর কি মা জোরসে বোলে—চোরের মায়ের বড় গলা। আমাদের কোনো দায়বদ্ধতা ছিল না। তা সত্ত্বেও স্যার মানুষের কথা ভেবে—আমাদের টাকা নেই, আমাদের ১০০ দিনের টাকা বন্ধ করে দিয়েছে, ৫০০ কোটি টাকা আমরা দিয়েছি—গরীব মানুষ কিছু প্রোজেক্ট পাক, তার জন্য। ইতিমধ্যে আমরা প্রায় ২ লক্ষর ওপর মানুষকে দিয়েছি ১০ হাজার টাকা করে ফেরত এবং আরও ৪ লক্ষ মানুষের জন্য কমিশন দিচ্ছে খুব শিগগিরি, আমাদের যে ৫০০ কোটি টাকা ছিল তার মধ্যে থেকে। আমরা কমিশন তৈরি করেছি, আমরা টাকা ফেরত দেওয়ার চেষ্টা করেছি গরীবদের—৪ লক্ষ, ২ লক্ষ, ৬ লক্ষ। নট্ এ ম্যাটার অফ জোক। আমরা কালপ্রিটদের অ্যারেস্ট করে নিয়ে এসেছি কাশ্মীরের সেই ডাল, বাটালিক—ওই সব জায়গা থেকে। কমরেড চার্জশিটেড হয়ে গেছে। চিৎকার করে বলছে— 'সি.বি.আই. সি.বি.আই.'। যেন সি.বি.আই. ছাড়া দেখা নাই। জিজ্ঞেস করুন কমরেড— নন্দীগ্রামে তো সি.বি.আই. ছিল। কেন বলছে শুধু লোকাল লোকদের অ্যারেস্ট করতে হবে, লোকাল অফিসারদের ? আর যারা ইমপ্লিমেন্ট করল—বড় বড়রা, তাদের কেউ নেই। আমরা গভর্নমেন্ট থেকে বলেছি—হাউস বলে বলছি স্যার, সবাইকে বলুন আপনি, যারা ইনভলভ্ড, তাদের সকলকেই অ্যারেস্ট করুন। সকলের বিরুদ্ধে কেস রুজু করুন। কেন করবে ডিসক্রিমিনেশন ? একটা লোকাল লোক, সে মাইকে বক্তৃতা দিয়েছে, তাকে অ্যারেস্ট করে কেস করতে হবে। আর যারা তার ইমপ্লিমেন্ট করে কোলাঘাটে বসে মিটিং করে ইন্সট্রাকশন দিয়েছে, তারা সবাই বাদ। নন্দীগ্রামকে কি করেছে সি.বি.আই. ? তাপসী মালিকের কেসে—ভুলে গেছি স্যার ? তাপসী মালিকের বাবাকেই তো ধরেছিল এরা আবার, যে বাবাই নাকি ধর্ষণ করেছে ? পারে না বলে তো এদের কোনো কথা নেই। কোথায় গেল, কোথায় ? সে তো scot free. নেতাই ? সি.বি.আই. তো ছিল, কি হল ? ছোট আঙারিয়া, সি.বি.আই. তো আছে। কোথায় গেল ? দেয়ার আর সো মেনি কেসেস,

যেটা সি.বি.আই.কে দেওয়া হয়েছে। আজ পর্যন্ত আমি রেজাল্ট পেলে তো করব। জ্ঞানেশ্বরী এক্সপ্রেসে এতগুলো মানুষ মারা গিয়েছিল—প্রায় ১৬০-৭০ জন এবং ওটা করা হয়েছিল, আমি ক্রিমিনাল পার্টটা দেখার জন্য দিয়েছিলাম। যারা আসল কালপ্রিট, কোথায় গেল তাদের নাম ? কোথায় কেস ডাইরি ? একদিন না একদিন তো প্রমাণিত হবে। সুতরাং যা দিয়েছি, তাই তো করতে পারেনি। যদি করত স্যার, আমার কারোর বিরুদ্ধে কোনো কিছু বলার নেই। যদি করত, আমি নিশ্চয়ই ভেবে দেখতাম। যার নিজের কিছু করবার ক্ষমতা নেই—সিঙ্গুরে কিছু হল না, নন্দীগ্রামে কিছু হল না, নেতাই-এ কিছু হল না, ছোটো আঙারিয়ার কিছু হল না, জ্ঞানেশ্বরী এক্সপ্রেসের কিছু হল না। সি.পি.এম. আর কংগ্রেস এখন হয়েছে দুই ভাই, তাই সি.বি.আই. ছাড়া গতি নাই। বুঝতে পারছে না, ডুবন্ত জাহাজ, আর কটা দিন মাত্র আছে। ডুবন্ত জাহাজ। এখন আবার কংগ্রেস আর সি.পি.এম., ওরে বাবা কত প্রেম। স্যার, গত পরশুদিন ভ্যালেনটাইনস্ ডে গেছে। প্রেম শুধু প্রেমিক-প্রেমিকার মধ্যে হয় না, আবার রাজনীতির প্রেমও আছে। কি রাজনীতির প্রেম ! বাপ-রে বাপ ! ভ্যালেনটাইনস্ ডে করছে একেবারে। এদের আবার বড় বড় কথা। ভাষণ দিয়ে বেড়াচ্ছে। শুধু মিথ্যে কথা—ও চলবে এখন। ও কার কার কোন কোন সিটে এখন কে কার ভোট ট্রান্সফার করবে—এসব হয়ে গেছে। ওসব আমি সব জানি। কেউ যদি ভাবে জানি না, সেটা তাহলে ভুল। স্যার, এবার আমি কতকগুলো আমাদের অ্যাচিভমেন্ট নিয়ে বলি, একটু তো বলতে হয় স্যার, আপনি যখন সুযোগ দিয়েছেন এই হাউসে। স্যার, আমাদের আমলে পশ্চিমবঙ্গ ২৫ লক্ষ মেট্রিক টন শস্য উৎপাদন বাড়িয়েছে, খাদ্য উৎপাদন। ছিল ১ লক্ষ ৪৮, আমরা এটা বাড়িয়ে করেছি ১৭৩ লক্ষ মেট্রিক টন, ছিল ১৪৮। অর্থাৎ ২৫ লক্ষ টন বৃদ্ধি করেছি। আমি এর জন্য কৃষকদের, ক্ষেত মজুরদের ধন্যবাদ জানাই হাউসের পক্ষ থেকে। আমরা সবাই তাদের সম্মান জানাই। স্যার, আমরা—পশ্চিমবঙ্গ কৃষি দপ্তর 'কৃষি কর্মন' অ্যাওয়ার্ড পেয়েছে। ওই কংগ্রেসীদের বন্ধুর থেকে, সি.পি.এম.-কংগ্রেসীদের বন্ধুরা এটা ইগনোর করতে পারেনি, তার কারণ রিভিউ করে করা হয়েছে। 'বেঙ্গল কৃষি কর্মন' অ্যাওয়ার্ড পেয়েছে। আমি মনে করি খালি বেঞ্চগুলোও শুনছে।

[12.40–12.50 p.m.]

আমাদের সরকার এই আড়াই বছরের মধ্যে ২৩ লক্ষ Kisan Credit Card কৃষকদের হাতে পৌঁছে দিয়েছে। আমি কৃতজ্ঞ কৃষকদের প্রতি, তাঁরা করেছেন। আমি আমার All D.M., All S.D.O. থেকে শুরু করে All line departments, All Government departments including my chief secretary, আমি সবাইকে এর জন্য thanks দিচ্ছি। তাঁরা সবাই মিলে করেছেন,—পশ্চিমবঙ্গ পরিবার—আমাদের সকল এম.এল.এ., এম.পি. থেকে শুরু করে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত থেকে শুরু করে সবাইকেই thanks দিচ্ছি। স্যার, ১৭৬টি কৃষক বাজার গড়ে তোলা হচ্ছে ৩৪১টি ব্লকের মধ্যে, যেগুলোর site already ৩৪১টার identification হয়েছে। কিন্তু এগুলোর জন্য টেন্ডার করতে হয়, প্রসেস করতে হয়, তাই হয়তো একটু টাইম লাগছে।

১৭৬টি কৃষক বাজার গড়ে তোলা হচ্ছে, যার মধ্যে ১০৭টার কাজ শুরু অলরেডি হয়ে গেছে। মনে রাখবেন, একটা গভর্নমেন্ট ক্ষমতায় আসল, ফাইল নেই, মিসিং, সবাই সি.পি.এম.-এর লোক বসে আছে, বেশিরভাগই তাদের নিয়ে কাজ করতে হচ্ছে। তার মধ্যেও মনে রাখবেন, এই কাজগুলো হয়েছে। এবং এই কাজগুলো আগামীদিন আরও ভালো করে করা হবে। টেন্ডার করতে কত টাইম লাগে ! আর, একটা গভর্নমেন্টের ৫ বছর সময় থাকলেও, আমি একটা অঙ্ক কষছিলাম মাথায়। স্যার, পঞ্চায়েত ইলেকশানে ৩ মাস কাজ করা যাবে না, code of conduct। লোকসভা ইলেকশান আসলে তিন মাস কাজ করা যাবে না, সব অফিসার চলে যাবে ইলেকশান করতে, code of conduct। বিধানসভা ইলেকশান আসলে তিন মাস কাজ করা যাবে না, code of conduct। বাদ বাকি bye-electionগুলো ভুলে যান স্যার, মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন ভুলে যান। তার মানে কি ? বলা হয় ৫ বছর কিন্তু কাজ হয় ৪ বছর। ১ বছর শুধু ইলেকশানের code of conduct ফেস করতে করতেই চলে যায়, কাজটা হয় না। এটা একটা arithmetic হিসাব, আমি কালকে ভাবছিলাম। স্যার, আমরা বলেছিলাম ৫ বছরে ৫০ হাজার 'জল ভরো, জল ধরো'-র জন্য পুকুর কাটব। স্যার, আড়াই বছরে আমরা ১ লক্ষ ২ হাজার কেটেছি। অর্থাৎ আমাদের commitment যেটা ৫ বছরে ছিল, সেটা দু-বছরেই কমপ্লিট করে দিয়েছি। স্যার, ১০০ দিনের কাজে সব টাকা বন্ধ করে দিয়েছে। সুব্রতদা কিছুক্ষণ আগে আমাকে বলছিল, সর্বশিক্ষা মিশনের টাকা বন্ধ করে দিয়েছে সেন্ট্রাল গভর্নমেন্ট। স্যার, ১০০ দিনের কাজে তিন মাস ধরে টাকা দেয় না। এখুনি স্যার, আমার ১ হাজার কোটি টাকা প্রয়োজন। যেখানে যাচ্ছি জেলাগুলো বলছে টাকা নেই, টাকা নেই, টাকা নেই। এ টাকা দেবে কারা ? এ টাকাতো কারোর টাকা নয়। বললাম তো, সুব্রতদার এই ফিগার, বললাম, এই দেখুন দেয়নি। রাস্তা, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় ১,৮১২ কোটি টাকা দেয়নি। এই দেখুন স্যার, গ্রামীণ ডিপার্টমেন্টে ১০০ দিনের কাজে এক হাজার কোটি টাকা দেয়নি। কাজ বন্ধ হয়ে গেছে। আমরা চেষ্টা করছি কোথা থেকে জুটিয়ে কি করা যাবে, যতটা পেরেছি দিয়েছি। গভর্নমেন্টের টাকা নেই, সবতো কেটে নিয়ে চলে যাচ্ছে। সেইজন্য আমাদের চ্যালেঞ্জ, যাঁরা আমাদের সব কিছু নিয়ে চলে যাচ্ছে, আগামী দিন মানুষ ওঁদের সব কিছু নিয়ে চলে যাবে, টোটালটাই খালি করে দেবে। তা সত্ত্বেও গর্ব করে বলতে পারি, আগের বার ১০০ দিনের কাজে আমরা 107% টাকা খরচ করেছিলাম। We are highest in India। আর এ বছর আমরা যাতে করতে না পারি, তাই টাকা বন্ধ করে রেখে দিয়েছে ভালো কাজ হচ্ছিল বলে। তা সত্ত্বেও বাঁকুড়া জেলা সেরা হয়েছে ভারতবর্ষে। আমি congratulate করি আমার সমস্ত ১০০ দিনের কাজে সকলকে, আমার total administration-কে We are grateful। স্যার, এই প্রথম বাংলায় ১৬ হাজার কি:মি: গ্রামীণ রাস্তা একদিনে চালু হয়েছে, ৭ই জানুয়ারি। আমি নিজে গিয়েছিলাম আমলাশোল, সবচেয়ে interior জায়গা, আর আমার অন্যান্য সকলে ছিল, টোটাল পশ্চিমবঙ্গ সরকার পরিবার, গণতন্ত্রে আমাদের এম.পি., এম.এল.এ., কাউন্সিলার এবং জেলা পরিষদ থেকে শুরু করে সকলে। আরও একটা কাজ আমরা করেছি, ১ লক্ষ ১০ হাজার ভূমিহীন মানুষকে পাট্টা দিয়েছি আমরা আড়াই বছরে। গতকাল ৫২ হাজার পাট্টা দেওয়ার কথা ছিল,

অনেকটাই দেওয়া হয়েছে, প্রাকৃতিক দুর্যোগের জন্য একটা-দুটো জেলা কম হয়েছে। আজ-কালের মধ্যে করে দেবে। অর্থাৎ ১ লক্ষ ১০ হাজার আগে দিয়েছি, আরও ৫২ হাজার দেব। আমরা একটা রিভিউ করে দেখেছি, এখনও ১ লক্ষ ৮৬ হাজার লোক আছে। ১ লক্ষ ৮৬ হাজারের মধ্যে ৫২ হাজার দিয়ে দিচ্ছি। তাহলে আমাদের গভর্নমেন্ট আড়াই বছরে কত পাট্টা দিল ? ১ লক্ষ ৬২ হাজার। আর সি.পি.এম.-এর যদি ২০০৯, ২০১০ দেখেন, দুটো সাল দেখবেন ৬ আর ৬, ১২ হাজার। তাঁরা আবার বড় বড় কথা বলে. লজ্জা করে না ! যাই হোক, ১ লক্ষ ৮৬ হাজারের মধ্যে ৫২ হাজার দিয়ে দেওয়ার পরেও যেটা বাকি থাকবে আমরা তিন বছরের মধ্যে কমপ্লিট করে দেব। কোনো মানুষ আশ্রয়হীন থাকবে না, এটা আমাদের চ্যালেঞ্জ। স্যার, রাজ্যে ৭টা নতুন স্বাস্থ্যজেলা হয়েছে। ১০ হাজার বেড বৃদ্ধি করেছি আমরা। ১০ হাজার বেডের সংখ্যা বাড়িয়েছি, টাকা নেই পয়সা নেই, তার মধ্যেও। আড়াই বছরে ৩টে নতুন সরকারী মেডিকেল কলেজ হয়েছে, কামারহাটি, মালদা, মুর্শিদাবাদ। ৩৪টি Multi Speciality হাসপাতালের মধ্যে অনেকগুলির foundation stone হয়ে গেছে, কাজ শুরু হয়ে যাবে, টেন্ডার হয়ে গেছে অলরেডি। ৩৭টি Critical Care Unit করা হয়েছে। ৩৪ বছরে মাত্র ৬টি sick new born care unit ছিল। আমরা আড়াই বছরে ৩৬টি করেছি। আরও ২২টির অনুমোদন হয়ে গেছে সেটাও হয়ে যাবে খুব শীঘ্রই। বাচ্চাদের জন্য কোনো SNSU ছিল না। আমরা ১৯৮টি করেছি। আরও হচ্ছে। ৭টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান করেছি যেখানে ৪৮% থেকে ৭২% পর্যন্ত ওষুধে ছাড় পাচ্ছে মানুষ। এছাড়াও ন্যায্যমুল্যের diagnostic centre চালু করার process শুরু হয়ে গেছে। এটা হয়ে গেলে MRI scan থেকে শুরু করে মানুষ সস্তায় সব করতে পারবে। এছাড়াও আমরা Primary Health Centre ও Rural Health Centre-এ সর্বত্র বিনামূল্যে ওষুধ দেওয়ার ব্যবস্থা করেছি। ১০ হাজার ডাক্তার রিক্রুটমেন্ট—Health Service Recruitment Board started functioning. ১০ হাজার ডাক্তার, নার্স, প্যাথোলজিকাল থেকে শুরু করে—স্যার, ডাক্তার তো টেকনিকাল, নার্স তো টেকনিকালি ট্রেন্ড হতে হবে, প্যাথোলজিস্ট—আমি যদি কাউকে নিয়ে গিয়ে বলি তুমি রক্ত টেস্ট কর, পারবে ? ট্রেন্ড লোক চাই। সারা ভারতবর্ষ থেকে চেষ্টা করেছি, না পাওয়া গেলে কি করব ? তার মধ্যেও এধার থেকে, ওধার থেকে, চারিদিক থেকে নিয়ে ১০ হাজার লোককে অলরেডি আমাদের স্বাস্থ্য দপ্তরে নেওয়া হয়েছে যেটা ডাক্তার, নার্স, প্যাথোলজিকালে। কিন্তু প্রয়োজন আরও বেশি। সেইজন্য আমরা মেডিকেল কলেজ বাড়াচ্ছি। তার কারণ হচ্ছে, আমরা সিট বাড়িয়েছি স্যার। ৬৬ বছরে কত ছিল ? সম্ভবত সতেরোশো-টতেরোশো ছিল, আমি এক্স্যাক্ট ফিগারটা—১৩৫৫। আড়াই বছরে যেটা বেড়েছে। এটা ১৩৫৫। আড়াই বছরে যেটা বেড়েছে। এটা ১৩৫৫। আর যেটা ছিল সেটা সতেরোশো সামথিং একটা হিসাব আছে। মোট কথা এইরকম ছিল স্যার, আমার কাছে exact figure-টা এক্ষুনি নেই। সুতরাং I may be rectified. ১৯০০ বা ১৭০০ এই রকম একটা ছিল। যাকগে চন্দ্রিমা বলছে, ফিগারটা তেরোশো কত ছিল সাতান্ন সেটা ডেন্টাল-টেন্টাল নিয়ে ২৭০০ হয়ে গেছে বলছে। সুতরাং তাই যদি হয়, তাহলে বুঝুন ৬৬ বছরে কি করেছে আর মাত্র আড়াই বছরে কি হয়েছে। এই গভর্নমেন্ট নাকি পঙ্গু গভর্নমেন্ট। এই পঙ্গু গভর্নমেন্ট যদি এত কাজ করে থাকে—আমি টোটালটাই পঙ্গু হতে রাজি আছি।

স্যার, আমরা ১৪০টি junior high school-কে high school-এ, ১৩২৪টি high school-কে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীত করেছি। গত ৬৫ বছরে শুনলে খুশি হবেন, ৬৫ বছর বলছি আমি শুধু ৩৪ বলছি না, কত কলেজ তৈরি হয়েছিল ? কত ? ৩৮টি। সরকারি বেসরকারি মিলিয়ে। আর সি.পি.এম.-এর আমলে ৩৫ বছরে ৩টি সরকার। আর আমাদের এই আড়াই বছরে, আমরা ৩০টি সরকারি কলেজ আর ১৪টি বেসরকারি কলেজ। তার মধ্যে অনেকগুলোর ক্লাসও শুরু হয়ে গেছে। রাজারহাটে ক্লাস শুরু হয়ে গেছে, সিঙ্গুরে ক্লাস শুরু হয়ে গেছে, ঠাকুরনগরে ক্লাস শুরু হয়ে গেছে। বাদবাকিগুলোর process চলছে হয়ে যাবে। স্যার, ৬টি বিশ্ববিদ্যালয় আড়াই বছরে। Can you imagine ? ৩৫ বছরে কটা ? এক-দুই হবে। একটা আমার জানা আছে বাদবাকি জানি না। ৬টি—আসানসোলে নজরুল ইউনিভার্সিটিতে ক্লাস শুরু হয়ে গেছে কবে বিল্ডিং হবে তার জন্যে অপেক্ষা না করে। ডায়মন্ডহারবার মহিলা ইউনিভার্সিটি ক্লাস শুরু হয়ে যাবে ১৪-১৫ই এই সিজিন থেকে যে থেকে। কি ব্রাত্য বসু আছে এখানে ? পঞ্চানন বর্মা—ক্লাস শুরু হয়ে গেছে। বাঁকুড়ায় নতুন বিশ্ববিদ্যালয় হচ্ছে। এছাড়াও St. Xavier's College নতুন ইউনিভার্সিটি করেছে। প্রেসিডেন্সি কলেজের সেকেন্ড ক্যাম্পাস রাজারহাটে উদ্বোধন হয়ে গেছে। Techno India এই অ্যাসেম্বলীতেই বিল পাস হয়েছে। তাদের একটা প্রাইভেট হয়েছে। আরও দুটো প্রাইভেট এই হাউসে বিল আসবে তাই আমি নাম বলছি না। আলিয়া ইউনিভার্সিটি—ওগুলো তো জায়গা দেওয়া হয়েছে। ২০ একর জায়গা দিয়েছি। ক্লাস শুরু হয়ে গেছে আমি জানি, জায়গাও দেওয়া হয়েছে। কেন, মুর্শিদাবাদেরটাও করে দেওয়া হয়েছে। আলিগড়ের যে ক্যাম্পাস জমির জন্য আটকে ছিল সবকিছু সলভ করে একদম পুরো ক্লাস শুরু করে দেওয়া হয়েছে। সমস্ত কিছু করে দেওয়া হয়েছে।

[12.50–1.00 p.m.]

সেটা বললাম আর কি। স্যার, ৮৮টি নতুন ITI তৈরির কাজ শুরু হয়েছে, ৪২টি Polytechnic College তৈরি করার কাজ শুরু হয়ে গেছে, উচ্চশিক্ষায় OBC-দের জন্য ১৭% reservation করা হয়েছে। কেউ কেউ বলেছেন বক্তৃতায়, reservation তো করা হয়েছে, চাকরি কোথায় ? আরে, reservation-টাতো ১৪-১৫ চালু হবে। না হতেই চিৎকার শুরু করেছ ? কবে শুরু হয় জানো না, financial year কবে শুরু হয় ? এখন যত হবে, ১৪-১৫ থেকে ওরা সুযোগ পাবে। এবং আমার সংখ্যালঘু ভাই-বোনেরা জেনে রাখবেন, ৯৪.৫% higher education-এ সুযোগ পাবে, চাকরিতে সুযোগ পাবে। এর জন্য গর্ব করতে হয়। কেউ কেউ বলেছেন স্যার, ৫০,০০০ teachers for primary and secondary school recommended for appointment. পঞ্চাশ হাজার। এছাড়াও skill development-এর ব্যাপারেও MOU হয়েছে, আপনারা জানেন স্যার, মাটি উৎসবে। সংখ্যালঘু উন্নয়ন ১০-১১ সালে বাজেটে ছিল ২২০ কোটি টাকা। আর স্যার যদি ১৩-১৪-য় দেখেন, বাজেটটা বেড়ে হয়েছে ৮৫৯ কোটি টাকা। সাতান্ন লক্ষ সংখ্যালঘু ছাত্রছাত্রীকে ৯৬৯.৭১ কোটি টাকার বিভিন্ন রকম স্কলারশিপ দেওয়া হয়েছে। ২.৫০ লক্ষ সংখ্যালঘু যুবক-যুবতীকে মানে আড়াই লক্ষ self-employment scheme-এ ৪৬২

কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। এক লক্ষ ষাট হাজার সংখ্যালঘু ছাত্রীদের Cycle দেওয়া হয়েছে, tribal-দেরও দেওয়া হয়েছে। Tribal ছাত্র-ছাত্রীদেরও স্যার, ৭৫ লক্ষ scholarship দেওয়া হয়েছে, schedule case and schedule tribe. ৭১ হাজার সংখ্যালঘু পরিবারকে 'গীতাঞ্জলী'-র নতুন বাড়ী দেওয়া হয়েছে। এছাড়াও স্যার, ১০টি উর্দুভাষী এলাকায় উর্দুকে দ্বিতীয় ভাষার মর্যাদা দেওয়া হয়েছে। আসানসোল ও ইসলামপুরে Urdu Academy-র শাখা খোলা হচ্ছে এবং ২৫টি উর্দুভাষায় বিদ্যালয় স্থাপন করা হচ্ছে যা আমাদের commitment ছিল। কোনো একজন বলেছেন ভাষায়, আমি নাকি ১০ হাজার মাদ্রাসা বলেছিলাম, সেটা হয়নি। আমি বলি, আমার কথাটা একটু মন দিয়ে শুনুন। আমি যেটা বলেছিলাম, আজও তাই বলছি। আমরা বলেছিলাম, আমরা ১০ হাজার মাদ্রাসাকে স্বীকৃতি দেব government থেকে, আমি প্রস্তুত। শুধু তাদের টাকাটা দিতে পারব না। তারা যদি আইনত স্বীকৃতি পেয়ে যায়, তাহলে other scheme Central Government-এর, তাছাড়া অন্যান্য জায়গা থেকে তারা টাকা পায়। তারা সেটা চালাতে পারবে। সেইরকম যারা non-aided মাদ্রাসা, মানে গভর্নমেন্ট থেকে মাইনেটা দেওয়া হয় না, এরকম যদি চায় আমি ১০ হাজার মাদ্রাসাকে affiliation দেওয়ার জন্য প্রস্তুত। স্যার, আমার টাকা না থাকলে আমি কি করব। পরিষ্কার তো এটাই announce করেছি, আজও তাই বলছি, আগের কাগজ খুলুন, যদি একটাও মিথ্যে হয় আমি রাজনীতি ছেড়ে দিয়ে চলে যাব। I don't mislead the House. This is not my way. ওদের কথা—অপপ্রচার। আমি যেটা বলি, আমি সেটা strictly বলি, আমি জানি বলেই বলি। ১০ হাজার মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়ার অর্থ, তারা দাঁড়িয়ে যাবে। যত burial ground আছে আমরা বলেছি, সমস্ত government-র টাকায় প্রাচীর তুলে দেব। কেউ কেউ বলেছে, ইমামভাতা দিয়ে কি হবে ? ইমামদের মাইনে দিয়ে কি হবে ? ১০ হাজার মাদ্রাসার কি হল ? চাকরি কি হল ? কেন, ইমামরা কি তোমার শত্রু নাকি ? তারা আমাদের ICDS-এর কাজ করে, তারা message দেয় পোলিওর। স্যার, Polio free হয়ে গেছে বাংলা। আমি congratulation জানাই, মনে রাখুন, India আজকে Polio free হয়েছে because of Bengal. আমার আসার আগে একটা Polio হয়েছিল সাঁকরাইলে, ওই ডোমজুড়ে সলপের ওইদিকে—পাঁচলায়, ওই এলাকার ওইখানে। সেইজন্য India polio free হতে পারেনি। সবচেয়ে বড় কৃতিত্ব বাংলায়, আমি নিজে দাঁড়িয়ে ad করেছি Polio বাচ্চাদের। সমস্ত ইমামদের request করেছি। সমস্ত M.L.A.-রা থেকে শুরু করে, সব Public representative, NGO সবাইকে নিয়ে কাজ করেছি। It was very rough and tough. It was very very tough. আজকে বেঙ্গলের জন্য Polio free হয়েছে ইন্ডিয়া। কৃতিত্ব আমার নিশ্চয়ই—যারা কাজ করেছেন Polio-র জন্য, তাদের যাওয়া উচিত। আমি নিজে কৃতিত্ব কখনও নিই না। Because I am nobody, স্যার, এই প্রথম, Tribal Department আলাদা করে করা হয়েছে। এবং আমি নিজে Tribal Department আমার under-এ রেখেছি, যেমন, Minorities Department রেখেছি। তারা আমার ভালোবাসার আপনজন, তাদের একটু আরো ভালোবেসে কাছে নিতে

হবে, তাই। এবং Tribal Advisory Council-এর meeting-ও করেছি। মেয়েদের জন্য আমরা 'কন্যাশ্রী' প্রকল্প চালু করেছি। কারও কারও খুব হিংসে হয়েছে। তারা নাকি কি সব comment টমেন্টও করেছে। আমি আর এসব বলতে চাই না। মেয়েরা আমাদের ঘরের সম্পদ। আমি দেখেছি বক্তৃতায়, আমি সেটা বলতে চাই না. বললে আমার পাপ হবে। তাই বলছি না। যারা পাপ করছে, করতে দিন। কলকাতা পুলিশ একটা প্রোগ্রাম করছে সুকন্যা বলে। সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে তার জন্য পাইলট প্রজেক্ট নেওয়া হচ্ছে, টাকাও স্যাংশান করা হয়েছে ইতিমধ্যে। আমরা স্কুলে স্কুলে ৫০টি করে বাচ্চা বেছে নিয়ে, তাদের নানারকম ক্যারাটে থেকে শুরু করে মার্শাল আর্ট থেকে শুরু করে, বিভিন্ন জুডো থেকে শুরু করে সব কিছুর ট্রেনিং দেওয়া হবে, নিজের পায়ে দাঁড়ানোর জন্য, আত্মরক্ষার জন্য। কলকাতা পুলিশ এটা শুরু করছে, চারটে স্কুলকে নিয়ে। যদি সাকসেসফুল হয়, তাহলে সবার জন্যই করবে। আমি তাদের ধন্যবাদ জানাই। সামাজিক মুক্তি কার্ড, আগে পেত ১ লক্ষ ৫২ হাজার টাকা, ১৮ বছর বয়স থেকে যারা টাকা রাখতে শুরু করে আন-অর্গানাইজ্ড সেক্টার, কিন্তু এখন আমরা এটা বাড়িয়ে ২ লক্ষ ৫৩ হাজার টাকা করে দিয়েছি। ৬০ বছর বয়স হলে এই টাকাটা পেলে তার কত কাজে লাগে স্যার। যে আন-অর্গানাইজ্ড সেক্টারের মানুষ, যার কিছু নেই, যে দিন আনে দিন খায়। রাজ্যে স্যার, আর একটা গর্বের সাথে আমি ঘোষণা করছি, নতুন সেন্সাস রিপোর্ট এখনও আমরা সকলে পাইনি। যদিও ওইটা, সংখ্যাটা ৯ কোটিও হয়, ৮ কোটি থেকে বেড়ে ; তাহলেও জেনে রাখুন, আমরা ৩ কোটি ২০ লক্ষ লোককে ২ টাকা কিলো চাল দিই বাংলায়, কিছু নেই, তা সত্ত্বেও। ৩ কোটি ২০ লক্ষ—৯ কোটির মধ্যে, মানুষ মাত্র ২ টাকা কিলো চাল পায়। আমার জঙ্গলমহল পায়, আমার সিঙ্গুর পায়, বীরভূমের কতকগুলি আদিবাসী ব্লক পায়, আমার চায়ের বাগান পায়, আইলা অঞ্চলের অধ্যুষিত মানুষেরা পায়, এই রকম অনেকেই পায়। সরকারী চাকরিতে, স্যার জানেন, আমরা বয়স বাড়িয়ে জেনারেল কাস্টদের জন্য ৪০ বছর, তপশিলী উপজাতিদের জন্য ৪৫ বছর, প্রতিবন্ধী, অনগ্রসর প্রার্থীদের জন্য ৪৩ বছর করেছি। এবং Scheduled caste, Scheduled Tribes-দের জন্য ফার্স্ট ফেজে একটা স্পেশাল ড্রাইভ দেওয়া হচ্ছে, যাতে ওদের ১০ হাজারের মতো পোস্ট ভ্যাকান্সি আছে, কিন্তু আমরা তিনটি ফেজে কমপ্লিট করে দেব। এটা শুরু হয়েছে। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক করেছি আমরা। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক করেছি আমরা। বলছে, আমরাই সব করে গিয়েছিলাম, তো করতে পারোনি কেন ? বেকারের কারাগার তৈরি করেছিলে, সবই যদি তৈরি করে গিয়েছিলে, তাহলে করতে পারোনি কেন ? বাংলার এই দশা কেন ? ছাগলের তৃতীয় সোনা নয়। বিশ নম্বর ছানা। কোনটা হবে বিশ নম্বরে, কোনটা হবে পঁচিশ নম্বরে, কোনটা আবার ত্রিশ নম্বরে ছিল। আজকে তো আমরা গর্ব করে বলি, ১০০ দিনের কাজে টাকা খরচে, আমরা এক নম্বরে। স্মল স্কেল ইনডাস্ট্রি, মাইক্রো—স্যার, ১০৫ পারসেন্ট আমরা খরচ করেছি। একটা ফিগার দিলে স্যার, আপনি বুঝতে পারবেন এবং চমকে যাবেন। কেউ কেউ আবার অনেক স্টেট নিয়ে আমাদের সঙ্গে তুলনা করেন তো, তাদের জন্য বলি। যদি দেখেন, তাহলে দেখবেন স্যার যে, যেগুলো বলা হচ্ছে, যে তারা নাকি অনেক করেছে, ভীষণ

ভালো তারা বিজনেসে—কিন্তু অ্যাকচুয়াল ফিগার যদি দেখেন তাহলে দেখবেন, এমনকি গুজরাট, তামিলনাড়ু থেকে শুরু করে, চেন্নাই থেকে শুরু করে সবাই কিন্তু ৫০ পারসেন্ট বা ৫০ পারসেন্টের নিচে। আর সেখানে আমরা কিন্তু, দেখুন স্যার, বৃদ্ধির হার, বিগত বছরের তুলনায়, ১০৫ পারসেন্ট। অন্যান্য রাজ্যে যদি কয়েকটা দেখেন, গুজরাট, তামিলনাড়ু, মহারাষ্ট্র, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, ঝাড়খণ্ড, ছত্রিশগড়, এই হার অনেক কম, গড়ে ৫০ পারসেন্ট। আর আমাদের হচ্ছে, ১০৫ পারসেন্ট। যেগুলি সত্য, সেগুলি তো বলতে হবে স্যার। রেভিনিউ কালেকশান, It's a record growth, বলতে হবে। লস অফ ম্যানডেজ ৭৮ লক্ষ ছিল সি.পি.এম.-এর আমলে, আমাদের আমলে প্রথম বছরে ওইটা ৫ হাজার হল, কমে। আর এখন জিরো, অ্যান্ড বিগ জিরো। তাই সি.পি.এম. ইজ অলসো জিরো অ্যান্ড আদার পলিটিক্যাল পার্টিজ অলসো। ম্যানডেজ লস। ম্যানডেজ লস ইজ এ বিগ ইভেন্ট মনে রাখবেন বাংলায়। যাদের কাজ শুধু স্ট্রাইক করা, অবরোধ করা, বন্ধ করা—এই কালচারটাকে আমরা ভেঙে দিয়েছি এবং ভেঙে দেব। ক্ষমতায় আসার আগে থেকে আমরা করছি, একে তো কিছু নেই, যেটুকু আছে সেটাকেও বিক্রি করে দেওয়া, সেটাকেও বন্ধ করে দেওয়া। এবং আমরা মনে করি...

স্যার, আমাকে আর ১০ মিনিট সময় দিতে হবে।

মিঃ স্পীকার : হ্যাঁ, ঠিক আছে। আমি হাউসের সম্মতি নিয়ে ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, অনেক সময় তো এগুলো বলতে পারি না সব। সেইজন্য।

মিঃ স্পীকার : বলুন, আপনি বলুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : তাই, আমি যেটা বলছিলাম, ম্যানডেজ লস। জিরো, জিরো, জিরো। আমাদের গভর্নমেন্ট দেখুন স্যার, রাইট টু সার্ভিস অ্যাক্ট করেছে। অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার করেছে। দেখান তো ভারতবর্ষে একটাও রাজ্য যারা করতে পেরেছে। গর্ব করতে ইচ্ছা করে না ? এইজন্য তো বিশ্ব বাংলা ব্র্যান্ড।

[1.00–1.10 p.m.]

বাংলা আগামীদিনে শুধু ভারতবর্ষ নয়, সারা বিশ্বকে পথ দেখাবে। Yes Bengal can do it. বাংলা পারে। কেন পারবে না ? বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা থেকে হয়নি ? স্বামী বিবেকানন্দ আমেরিকায় গিয়ে শিকাগোর একটা ভাষণে মন দখল করেননি ? There are so many precedents. আবার নব জাগরণের আর একটা শুভ জাগরণ ফিরে আসছে বাংলায়। তাই তো তৈরি করেছি আমরা বিশ্ব বাংলা ব্র্যান্ড। কৃষ্টি, সংস্কৃতি, উৎসব থেকে শুরু করে, গভর্নমেন্ট থেকে শুরু করে, অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার থেকে শুরু করে,

পাহাড়, জঙ্গলমহলের শান্তি থেকে শুরু করে। ২৬টা আমাদের নতুন থানা হয়েছে। মহিলা থানা তার মধ্যে ২০টা। নতুন মহিলা থানা আমরা করেছি। আমরা ১৯টা মানবাধিকার কোর্ট করেছি আড়াই বছরে। ২০টা মহিলা থানা করেছি। আমরা ৫টা পুলিশ কমিশনারেট করেছি। ৮০টা ফার্স্ট ট্রাক কোর্ট করেছি। ৪৫টা মহিলাদের বিশেষ আদালত হতে যাচ্ছে। জলপাইগুড়িতে যে সার্কিট বেঞ্চ, তারও কাজকর্ম অনেকটাই এগিয়ে গেছে, খুব তাড়াতাড়ি হবে। এছাড়া আরো অনেক কাজ করা হয়েছে। ৬টি কোস্টাল থানা করা হয়েছে। আরো একটা হবে। স্যার এইরকম প্রচুর কাজ আমরা করেছি। কলাকুশলীদের জন্য আমরা স্বাস্থ্য বিমা করেছি, টেলি থেকে শুরু করে, টেলি ফিল্ম থেকে শুরু করে, টলি ফিল্ম থেকে শুরু করে। যাত্রাকর্মীদের আমরা টাকা বাড়িয়েছি—৬০০০ ছিল, ৭০০০ করেছিলাম গত বছরে, এবারে ৮০০০ করেছি। যেসব নাট্যকর্মী সংগঠনকে আমরা সাহায্য করি, আমরা বাউল, ঢাক, মাদল, ধামসা, ভাওয়ালি, ভাটিয়ালি, লোকসংগীত, ঢাল, ঢোল, যারা লোকাল শিল্পী, তাদের জীবনধারণের মান উন্নয়ন করার জন্য এক হাজার টাকা করে মাসে দিচ্ছি এবং তাদের দিয়ে গভর্নমেন্টের ৪-৫টা প্রোগ্রাম মাসে করাচ্ছি যাতে তারা ৬-৭ হাজার টাকা মিনিমাম ইনকাম করতে পারেন। প্রায় ৪ হাজার শিল্পীকে সম্ভবত এরকম দেওয়া হচ্ছে। অলরেডি স্টার্ট হয়েছে। যারা টেলিফিল্ম, যারা টলিফিল্মে আছেন—মাননীয় মন্ত্রী অরূপবাবু জানেন—তাদের জন্য আমরা মেডিক্লেমও করে দিয়েছি। এবং টেকনিসিয়ান স্টুডিয়ো টু, যেটা প্রায় বিক্রি করে দেওয়া হচ্ছিল, আমরা নতুন করে তৈরি করে দিয়েছি। আমরা আরও করব। কেউ কেউ বলেন, আমরা কেন করব ট্যুরিজম, কেন করব উৎসব, কেন চলবে হেলি ? আমি বলি অফ কোর্স, জায়গাগুলো কানেক্ট করতে হবে না ! আজকে বিজ্ঞানের যুগ। আগে তো লোকে সাইকেলে করে দিল্লি যেত। কতদিন লাগত বলুন ? পায়ে হেঁটে যেতে কতদিন লাগত ? এখন দু ঘণ্টায় দিল্লি চলে যাচ্ছে প্লেনে করে। এটা কি খারাপ হয়ে গেল নাকি ? সুতরাং আমরা দুর্গাপুর থেকে শুরু করে, সুন্দরবন থেকে শুরু করে, সাগর, দুর্গাপুর, মালদা, বালুরঘাট, শান্তিনিকেতনে হেলিকপ্টার পরিষেবা চালু হয়ে গেছে। গভর্নমেন্টকে এরজন্য প্রায় ৪০ ঘণ্টা নিতে হচ্ছে। কারণ যে কোনো বিজনেস শুরু করতে গেলে—আমরা যেমন জানেন স্যার বাগডোগরায় আমরা ট্যাক্সি ফ্রি করে দিয়েছি। নতুন সার্ভিস যারা করবেন কলকাতায় তাদেরও আমরা করে দিয়েছি এয়ারপোর্টে। সেইরকম ৪০ ঘণ্টা নিতে হয়েছে। তার মধ্যে ৫ ঘণ্টা আমরা গভর্নমেন্ট ব্যবহার করব, ৩৫ ঘণ্টা লোককে দিয়ে দেব। ৫ ঘণ্টা আমাদের এমার্জেন্সিগুলো হবে। তা না হলে তো নষ্ট হবে। আমাদের টাকাটা তো দিতেই হচ্ছে। পর্যটনেও দার্জিলিং, দীঘা, সুন্দরবন, সাগর, তরাই, ডুয়ার্স, গাজোলডোবা থেকে শুরু করে ঝড়খালি, সবুজদ্বীপ থেকে শুরু করে, There are so many, ফিল্ম সিটি তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। একটা উত্তরবঙ্গের ডাবগ্রামে, আর একটা নেওয়া হয়েছে বারুইপুরে। টেলি স্টুডিয়োর জায়গা দেওয়া হয়েছে। রবিতীর্থ হয়েছে, ইকো ট্যুরিজম পার্ক হয়েছে, প্রকৃতিতীর্থ আগামীদিনে সারা বিশ্বের লোক দেখতে আসবে। দেখে নিন স্যার। নজরুল তীর্থ হচ্ছে। আজকে দ্বিজেন্দ্রলাল রায়ের ধনধান্যে স্টেডিয়াম হচ্ছে। নতুন স্টেডিয়াম করার দরকার বাংলায়। আমি রেলমন্ত্রী থাকাকালীন—সত্যজিৎ রায় স্টেডিয়াম—এটা প্রায় কমপ্লিট হয়ে গেছে—আমি করে দিয়ে গিয়েছিলাম।

স্যার সেইরকম আমরা নজরুল মঞ্চকে এসি করে ভালো করে করছি। এটা ওপেন হয়ে যাবে বসন্ত উৎসবের মধ্য দিয়ে। গীতাঞ্জলি স্টেডিয়াম চালু হয়ে গেছে। ধনধান্যে স্টেডিয়ামের কাজ শুরু হবে। এইভাবে আমাদের অনেক জায়গায় উন্নতি করতে হবে। খেলাধুলায় অংশগ্রহণ করছে এইরকম প্রায় প্রচুর ক্লাবকে সাহায্য করা হয়েছে। খেলরত্ন পুরস্কার দেওয়া হয়েছে। প্রায় ৩০ হাজার ছেলেমেয়ে খেলেছে জঙ্গলমহলে, তাদের ক্লাবগুলোকে আমরা ২৫ হাজার টাকা করে দিয়েছি—গরীব ক্লাব। পুরস্কার দিয়েছি। দার্জিলিঙেও প্রায় ৮-১০ হাজার ছেলেমেয়ে খেলাধুলায় অংশগ্রহণ করেছে। হিমূল-তরাই, হিমূল-ডুয়ার্স উৎসব হয়েছে। সুন্দরবনেও হয়েছে. প্রায় ১০ হাজার ছেলেমেয়ে খেলাধুলায় অংশগ্রহণ করেছে। এইভাবে প্রায় দু হাজার, আড়াই হাজার ক্লাবকে নিজ পায়ে দাঁড়ানোর জন্য আমরা তাদের সাহায্য করছি। আমরা কালচারাল দিক থেকে বাংলার মনীষী, বঙ্গবিভূষণ, বঙ্গভূষণ, বঙ্গরত্ন, সঙ্গীত সম্মান, সঙ্গীত সম্মাননা, নাট্য থেকে শুরু করে, যাত্রা থেকে শুরু করে... কৃষক সম্মান থেকে শুরু করে, যুব সম্মান থেকে শুরু করে, খেল সম্মান থেকে শুরু করে, প্রত্যেকটিতে আমরা জায়গা ধরে ধরে কাজ করছি। এরজন্য আমি গর্বিত। ইরিগেশানে শুধুমাত্র পশ্চিমাঞ্চল, যেটা দীর্ঘদিন অবহেলিত ছিল, আমরা শুধু মেদিনীপুরের পশ্চিমাঞ্চলের জেলাগুলোতে এক লক্ষ চৌত্রিশ হাজার একর জমিতে বহু বছর বাদে সেচের জল পৌঁছে দিয়েছি। এটা গর্ব করার ব্যাপার স্যার। এছাড়া আমরা রোড করেছি National Golden Quadra-lateral-এর মতো। আমরা পি পি পি মডেলে স্টেট হাইওয়ে ডেভেলপমেন্ট কর্পোরেশন করেছি। আমাদের চার হাজার কিলোমিটার স্টেট হাইওয়ে আছে সেই কর্পোরেশনের মধ্যে। বার বার বলা সত্ত্বেও ন্যাশনাল হাইওয়েগুলো সেন্ট্রাল গভর্নমেন্ট করছে না। করছে না, কি আর করব। আর কদিন আছে থাকুক, তারপরে তো চলে যাবে, তখন করে ফেলব। এখনো পর্যন্ত নর্থ বেঙ্গলে কয়েকটি ন্যাশনাল হাইওয়ের কাজ ওরা শুরুই করেনি। পানাগড়ের রাস্তারও সেম অবস্থা। কিন্তু আমাদের স্টেট হাইওয়ে যেগুলো আছে, সেটার ব্যাপারে আমরা ঠিক করেছি আমরা এক হাজার কিলোমিটার সরকারের পয়সায় করব, সেটার কাজ শুরু হয়ে গেছে। আর তিন হাজার কিলোমিটার পি পি পি মডেলে করব, এটা আমাদের পরিকল্পনা। কোনোদিন শুনেছেন স্যার, দাম বাড়ে, দাম কমে। এই যে বড় বড় কথা বলে দ্রব্যমূল্য বৃদ্ধি, একমাত্র আমাদের সরকার প্রতি দশ দিন অন্তর মিটিং করে ব্যাপারটা কো-অর্ডিনেট করে। বাজারে বাজারে আমরা ঢুঁ মারি। একমাত্র আমাদের সরকার যেখানে ট্রেডারসদের সংগঠন, খুচরো দোকানদারদের সংগঠন, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, ফুড ডিপার্টমেন্ট, ফিশারিজ ডিপার্টমেন্ট, হর্টিকালচার ডিপার্টমেন্ট, পুলিশ, ডিজি, সিপি, এনফোর্সমেন্ট সবাইকে নিয়ে আমরা মনিটারিং করি এবং কন্টিনিউয়াস মনিটারিং করি আমরা। যারা বলছে প্রতিবেশীর সঙ্গে সম্পর্কের কথা, তারা আসল ব্যাপারটা জানেই না। আমি উড়িষ্যায় কত আলু পাঠিয়েছি ওদের কোনো আইডিয়াই নেই। আমি কানে কানে বলব নাকি। যেটা করতে হয় নিজেদের মধ্যে করতে হয়, আমরা ফেডারেল ফ্রন্ট করি কিনা। ওরা জানেই না, সবচেয়ে সম্পর্ক ভালো আমাদের সাথে। যখন আমার ঘরে খাবার নেই, তখন আগে আমি ঘরকে খাবার দেব। আমি যখন সেল্ফ সাফিসিয়েন্ট হয়ে যাব, তখন আমি দিয়ে দেব, আমার কোনো ব্যাপার নেই। আরেকটা কথা

বলি স্যার এই হাউসকে বলবার জন্য, যেহেতু হাউস চলছে, অনেকে দাম কমায় ইলেকশানের সময় ভরতুকি দিয়ে। স্যার, সেটা কিন্তু কষ্ট নয়। যেমন রেলের ভাড়া বাড়িয়ে দিলাম বছরে পাঁচবার, দশবার, জনগণের উপরে বোঝা চাপিয়ে দিলাম, নিজেরা কিছুই করলাম না। চোখটা খুলেও দেখলাম না, 'নো ভিশান, নো মিশান'। কি হবে ? আমাদের ভিশান আছে। আর বাইরে যারা মক কোর্ট করছেন তারা শুনলে মাথা ঘুরে পড়ে যাবেন। ছোট্ট স্যার, Small is beautiful 'সবার ঘরে আলো' প্রকল্পে আমাদের সরকার বি পি এল, এ পি এল সবার ঘরে বিদ্যুৎ সংযোগ দিতে দায়বদ্ধ। অথচ বিদ্যুৎ উৎপাদনের জন্য কয়লা লাগে, তেল লাগে, রেলের পণ্য মাশুল লাগে—অথচ তার দাম বেড়েই চলেছে। সুতরাং আমাদের খুব প্রবলেম হয়, এগুলোর দাম বাড়লে আমাদেরও দাম বাড়াতে বাধ্য হতে হয়। কিন্তু তবুও আমি বাড়াতে চাই না। আপনারা দেখেছেন পরিবহণ স্ট্রাইক অনেকবার হয়ে গেছে। আমরা মাত্র এক টাকা করে একবার বাড়িয়েছিলাম, তারপরে আর বাড়াইনি স্যার। কিন্তু আমি ওদের প্রবলেমও বুঝি, ওদের প্রবলেম হয়। তারজন্য অ্যাকশান প্ল্যান করতে হবে। মানুষের উপরে বোঝা চাপিয়ে দিলে হবে না। স্যার, সাবসিডি দিয়ে নয়, প্লিজ আন্ডারস্ট্যান্ড। স্যার আমার টাইম যদি শেষ হয়ে যায়, তাহলে একটু বাড়িয়ে দেবেন।

মিঃ স্পীকার : আপনি বলুন, সভার সময় আরও দশ মিনিট বাড়ানো হল।

শ্রীমতী মমতা ব্যানার্জী : Enough, Sir I am very grateful. বিদ্যুৎ দপ্তরের খরচা বাড়ছে। তাদের দপ্তরের ব্যয় সঙ্কোচ করে, খরচা বাঁচিয়ে, প্ল্যানিং করে, দক্ষতা বাড়িয়ে, রাজস্ব বাড়িয়ে ১৫০০ কোটি টাকা আমরা সাশ্রয় করব বিদ্যুৎ দপ্তর থেকে। এর আগে ওরা পাওয়ার ব্যাঙ্কিংয়ে গেছে আপনারা জানেন, তিন বছরের মধ্যে আমরা বাইরের রাজ্যে পাওয়ার বিক্রি করব। আমাদের এখানে কোনো লোডশেডিং নেই, কোনো পাওয়ার ক্রাইসিস নেই। আগে প্রতি বছর পাওয়ার ক্রাইসিস হত। কেউ স্যাবোটেজ করে দু-ঘণ্টার জন্য লোডশেডিং করে দিতে পারে, সেটা ফল্টের জন্য। কিন্তু জেনে রেখে দিন আমাদের রাজ্যে কোনো পাওয়ার ক্রাইসিস নেই, পাওয়ার ক্রাইসিস ওভারকাম করে পাওয়ার ব্যাঙ্কিং করছি আমরা এবং দু-বছর বাদে আমরা বাইরের লোককে ধার দেব। এখনও দিতে পারি, যদি কেউ পয়সা দিয়ে কেনে। এখনও আমাদের একসেস পাওয়ার আছে।

[1.10–1.22 p.m.]

স্যার, আমি কনগ্র্যাচুলেট করছি বিদ্যুৎ দফতরের সকলকে। আমার চিফ সেক্রেটারি এবং পাওয়ার সেক্রেটারি গোপাল থেকে শুরু করে বিদ্যুৎ মন্ত্রী এখানে আছেন সকলকেই। ১৫০০ কোটি টাকা সরকারী ভর্তুকি ছাড়া আমরা সাশ্রয় করেছি। তাই ২০১৩-২০১৪-র তুলনায়, ২০১৩-২০১৪-র তুলনায় ২০১৪-২০১৫ সালে গড় বিদ্যুৎ মাশুল কমবে। সবাই বাড়ায় আমরা কমাবো সাশ্রয় করে। দিস ইজ কল্ড মা-মাটি-মানুষের সরকার এবং কমোনারদের সরকার, প্রায় ৩২ লাখ লাইফ-লাইন গ্রাহক, যাদের তিন মাসে বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ ৭৫ ইউনিট থেকে ১০০। প্রায় ৭৬ লাখ গ্রাম ও শহরের অন্য সমস্ত গৃহস্থ গ্রাহকদেরও মাশুল কমবে এবং শিল্প ক্ষেত্রেও মাশুলের সামঞ্জস্য করা হবে যাতে

তাদের বেশিসংখ্যক কলকারখানা স্থাপন করতে উৎসাহিত করা যায় এবং তাদের বাজারে প্রতিযোগী করা যায়। অর্থাৎ বিদ্যুতের মাশুল যে ১৫০০ কোটি টাকা আমরা সাশ্রয় করেছি, সেটা গরীব মানুষ সাধারণ মানুষ এবং শিল্প দুটোর মধ্যে ব্যালেন্স করে আমরা ভাগ করে দেব। এইটা হয়তো কোথাও ৫ পয়সা কমবে, মানে ইউনিট প্রতি, ১ পয়সা বাড়লেই তো চিৎকার করে। ৫ পয়সা কমবে, কোথাও ৭ পয়সা কমবে, কোথাও ১০ পয়সা কমবে। এটা ক্যালকুলেশানের ব্যাপার আছে। আর এটা অ্যানাউন্স করে তাদের একটা কমিটি আছে। সেইজন্যে আমি এটা ডিটেলস বলছি না। কিন্তু বিদ্যুতের মাশুল কমবে। ওই যে ১৫০০ কোটি টাকা আমরা সাশ্রয় করেছি, স্যার, ইজ ইট নট এ বিগ অ্যাচিভমেন্ট ? একটা সরকার, যেখানে কয়লার দাম রোজ বাড়ছে, তেলের দাম—তার পণ্য মাশুল বাড়ছে, ডিজেলের দাম বাড়ছে, জিনিসের দাম বাড়ছে। তো করলাম কি করে ? ইজ নট এ অ্যাচিভমেন্ট স্যার ? সুতরাং এইভাবেই আমরা কিন্তু করে যাব। তার কারণ এগুলো আমাদের কাজ এবং এগুলো আমরা করব। এইভাবেই স্যার, আমি মনে করি যে আমাদের প্রত্যেকটা ব্যাপারে যে কাজ হচ্ছে এবং যে কাজ আগামীদিনে হবে, আজকে বাজেট আছে—অর্থমন্ত্রী বাদ বাকিটা বলবেন। আমি মাটির কথা কিছু বলে গেলাম। কারণ বাংলার বুকে কেউ কেউ বলছে উৎসব কেন হবে ? কেন হবে না ? বাড়িতে কি বিয়ে বন্ধ—যাদের ছেলেমেয়ে আছে ? না বাচ্চা জন্মালে অন্নপ্রাশন হবে না স্যার ? না হাতে-খড়ি হবে না ? কোনটা বন্ধ আছে ? না বিয়ে, পৈতে সব বন্ধ, শ্রাদ্ধ বন্ধ, জন্মদিন বন্ধ। সব বন্ধ ? উৎসব কি শুধুমাত্র নাচ-গানটা দেখলেই হয় ? নাচ-গানটাও তো একটা সংস্কৃতি। উৎসবটা কি ? উৎসবের মধ্যে দিয়ে সংহতি হয়। উৎসবের মধ্যে দিয়ে সম্প্রীতি হয়। উৎসবের মধ্যে দিয়ে—একটা মাটি উৎসব—কত গ্রামের লোকেরা জিনিস তৈরি করে নিয়ে এসে বিক্রি করছে। আরে এটা আমার বিশ্ব বাংলা ব্র্যান্ড। এটা ভুলে গেছে। আগামী ১৮ তারিখ এয়ারপোর্টেও আমরা খুলছি বিশ্ব বাংলার দোকান। চালু হতে হয়তো কয়েকটা দিন সময় লাগবে, সব কিছু পাওয়া যাবে। নকুড়ের সন্দেশ থেকে শুরু করে, বলরামের দৈ থেকে শুরু করে, একেবারে বর্ধমানের সীতাভোগ-মিহিদানা থেকে শুরু করে ল্যাংচা থেকে শুরু করে, জয়নগরের মোয়া থেকে শুরু করে আমি কেন ব্র্যান্ড করব না ? কেন করব না ? আমাদের দেশে কত কিছু আছে। মালদার, কৃষ্ণেন্দু বল, মালদার, লাড্ডু, নামটা বল রসকদম। জানি রসকদম্ব, পোস্ত দেওয়া থাকে ওপরে। এবার বলো, বাঁকুড়ার মনোহরা, উত্তর চব্বিশ পরগনার ছানার সন্দেশ, বসিরহাটে যাও—কি বালু তাই তো ? কৃষ্ণনগরের সরপুরিয়া, বর্ধমানের ল্যাংচা, বর্ধমানের সীতাভোগ মিহিদানা। জয়নগর-বারুইপুরের মোয়া কত কি আছে বলো তো বাংলায় ? মুর্শিদাবাদের ছানাবড়া, কত কি আছে চারিপাশ জুড়ে। সুতরাং উত্তরবঙ্গের সেই হিমূলের আমাদের মাদার ডেয়ারির আইসক্রিম। আমি বাংলা ব্র্যান্ড করব না ? বিষ্ণুপুরের শাড়ি, আমাদের জি.আই. পেয়েছে। ম্যাঙ্গো। মালদার আম, মুর্শিদাবাদের আম। তো হবে না ? আমাদের প্রত্যেকটা বিশ্ব বাংলার দরবারে হাজির করে বাংলার মর্যাদাটাকে একদম পুরো প্রতিষ্ঠিত করতে হবে এবং আমাদের এটাই করতে হবে। কেউ কেউ বলেছে এতজন কৃষক আত্মহত্যা করেছে, একজনও করেনি। মিথ্যে কথা। সরি, আই

গুড নট সে 'মিথ্যে কথা', আনপার্লামেন্টারি, মিসলিডিং। ইট ইজ মিস লিডিং। নো ইনফরমেশান ইজ অ্যাভেলেবল উইথ আস। Total-টাই বানানো গল্প। বানানো ছক্কা জানেন তো ? যাদের কোনো কাজ থাকে না, বানানোর ধাপ্পা, আর বানানো ছক্কা। এছাড়া আর কোনো কাজ নেই। তাই বলি বন্ধু, টাকা যদি আমার থাকত না, যদি কেটে না নিয়ে যেত—আপনার পাপের ফল—বাংলাটা আজ কি হত বুঝতে পারছেন না। যা হয়ে গেছে এর মধ্যে আপনাদের বাংলাকে salute ঠুকতে হবে, বাংলার মানুষকে salute ঠুকতে হবে, বাংলার সভ্যতাকে salute ঠুকতে হবে, বাংলার সংস্কৃতিকে salute ঠুকতে হবে, বাংলার দর্শন, বাংলার চিন্তন, বাংলার মনন—আগামী দিনের আমার টার্গেট, ছাত্র-যুবকে touch করার। তাই আমরা skill development থেকে শুরু করে, small scale, medium scale থেকে শুরু করে সব জায়গায় আমরা Scheme করব—এই Government বিদায় নিক, তাড়াতাড়ি, নতুন Government আসুক। কথা বলে একটা Restructuring যদি 14th Commission আমাদের করে দেয়, আমি যদি দুই-তিন বছর হাতে টাইম পাই—এই টাকাটা যেটা আমাদের প্রাপ্য আমরা যদি ইনকাম করছি, সেটা যদি কেটে না নিয়ে যাওয়া হয় তাহলে দেখিয়ে দেব। কারণ, কাজ তো রোল করতে শুরু করেছে এবং রোল যখন করতে শুরু করেছে তখন জেনে রাখবেন All will be gold, All will be gold. স্বর্ণ যুগের বাংলা, আবার বাংলায় ফিরে আসবে। এটাই আমাদের vision, এটাই আমাদের mission, এটাই আমাদের action অ্যান্ড that is why reaction আমরা receive করেছি—গ্রামসভা, পঞ্চায়েত, জেলা পরিষদ municipality, corporation-এ। আগামীদিনেও আমরা achieve করব, মানুষের আশীর্বাদ, মানুষের শুভেচ্ছা, মানুষের দোয়ায়। সারা বাংলা থেকে জিতে গিয়ে সারা ভারতবর্ষের বুকে, এই ছোট্ট রাজনৈতিক দলটা এই মা-মাটি-মানুষের সরকার বাংলার স্বার্থে, বাংলার মর্যাদাকে ছিনিয়ে আনার জন্য অন্যান্য রাজ্যের সাথে, অন্যান্য রাজ্যকে নিয়ে যাবে দেশের দরবার,

"বল বল বল সবে,
শত বীণা বেণু রবে
বাংলা আবার জগৎ সভায়, বিশ্ব সভায় শ্রেষ্ঠ আসনও লবে।"

এটা মনে রাখতে হবে। বিশ্ব কবির সোনার বাংলা, জীবনানন্দ'র রূপসী বাংলা, বিদ্রোহী কবি নজরুলের বাংলা—এই বাংলার তুলনা বাংলা মা নিজেই, বাংলার মাটি নিজেই, তিনিই তার তুলনা, আর কেউ তার তুলনা নেই। তাই এই মাটিতে জন্মেছি, এই মাটিতে জন্ম-মৃত্যু অবধি—মনে রাখবেন, এ মাটি আমার গঙ্গা-যমুনা, এই মাটি আমার তিস্তা, এই মাটিই আমাদের স্বর্গ-নরক, এই মাটিই বানাবে রিস্তা। আমরা সকলে মনে করি, এই মাটি আমার মায়ের মাটি, আমার আম্মার মাটি, আমার মাদার-এর মাটি, এই মাটি আমাদের সবার মাটি। বাংলা ভালো থাক। আর যারা bench খালি করে বাইরে চলে গেছেন আগেই ছেড়ে দিয়েছেন—না, না, আমার করুণা গরীব মানুষদের জন্য আছে, আগেই ছেড়ে দিয়েছে Thank you so much আমি খালি বেঞ্চগুলোকে বলছি, Thank you so much। মানুষ আর আপনাদের পাঠাবে না, সুতরাং খালি বেঞ্চগুলো আমরা মানুষকে

নিয়ে এসেই বসাবো মানুষের প্রতিনিধিকে। Thank you so much। শুভবুদ্ধি উদয়, মানুষই পথ দেখাবে, মানুষই আমাদের সবচেয়ে বড় দেবতা, সবচেয়ে বড় মন্দির-মসজিদ, গুরুদোয়ারা, গির্জা। তাই মানুষের পদতলে প্রণাম জানিয়ে, আবার বলি, কেউ কটু কথা বললেও আমাদের বলবার প্রয়োজন নেই। আমাদের কথা, আমাদের ভাষা—২১শে ফেব্রুয়ারী আসছে, তাই বলি, আমাদের ভাষা, আমাদের আশা. আমাদের ভালোবাসা—সব কিছুর মধ্যে দিয়েই বাংলা সুন্দর করুন, সৌজন্যতা দিয়ে, সৃষ্টি পরিচয় দিয়ে এগিয়ে যাক এবং আবার বলি, কবিগুরুর ভাষায়—

'আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে
সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে।'

আর জীবনানন্দ দাসের জন্মদিনে 'রূপসী বাংলার' কিছুটা রূপ আমরা এখানে উপস্থিত করতে পেরেছি। স্যার, আমি সব জেলাকেই ধন্যবাদ জানাচ্ছি, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর থেকে শুরু করে, একেবারে জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর থেকে শুরু করে, দার্জিলিং থেকে শুরু করে জঙ্গলমহল, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর থেকে শুরু করে, বীরভুম, বাঁকুড়া, হাওড়া, হুগলী থেকে শুরু করে, নদীয়া. মুর্শিদাবাদ, মালদা থেকে শুরু করে, উত্তর ২৪-পরগনা থেকে শুরু করে, দক্ষিণ ২৪-পরগনা, কলকাতা থেকে শুরু করে—সবাই খুব ভালো কাজ করেছে, সবাইকে ধন্যবাদ। স্যার, আপনাকে কৃতজ্ঞতা জানাই, আপনি আপনার busy schedule-এর মধ্যেও আমাকে ১.২০ পর্যন্ত টাইম দিয়েছেন। স্যার, আমি ৩০ সেকেন্ড আগেই ছেড়ে দিচ্ছি কিন্তু। আমি সবাইকে ধন্যবাদ জানাই, আমাদের secretariat staff থেকে শুরু করে, Assembly-র সকল police officer, সাংবাদিক, সংবাদমাধ্যম, reporter থেকে শুরু করে যারা আছেন, table থেকে শুরু করে—সকলকে ধন্যবাদ, খুব ভালো থাকবেন, খুব ভালো এবং আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে, এই ভাষণ পাশ করার জন্য অনুরোধ করব।

মিঃ স্পীকার : ধন্যবাদ, মাননীয়া মুখ্যমন্ত্রীকে। I have received a communication from the Principal Secretary to the Governor of West Bengal, I am reading the same.

ANNOUNCEMENT FROM THE CHAIR

The undersigned is directed to convey that in the Address delivered by the Governor of West Bengal at the Twelfth Session of the Fifteenth Legislative Assembly of the State of West Bengal on the Tenth Day of February, 2014. Para 3 of both the versions should be read as follow :

"I deeply mourn the passing away of Shri Sis Ram Ola, the Union Labour Minister, sitting Member of Parliament Shri Ambica Banerjee and former Members of Parliament Shri Samar Mukherjee and Shri Piyush Tirkey."

This communication is from the Principal Secretary to the Governor of West Bengal. Let this be published in Bulletin-II.

There are 319 amendments to the Motion on the Governor's Address. All the Motions are in order. Now I request Dr. Tarun Kanti Naskar to move his amendments (Nos. 156–180)

156–180.

Dr. Tarun Kanti Naskar: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

156. রাজ্যে পরিষেবা আইন কার্যকর হওয়া সত্ত্বেও সরকারী দপ্তরের পরিষেবার কোনো উন্নতি হয়নি—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

157. রাইটার্স বিল্ডিং থেকে সরকারী দপ্তর 'নবান্নে' স্থানান্তরিত করার বিষয় বিধায়কদের পূর্বে জানানো হয়নি—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

158. রাজ্যে বেকার যুবকদের চাকুরি প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

159. রাজ্যে মহিলাদের বিরুদ্ধে সংগঠিত সামাজিক অপরাধমূলক কাজকর্ম বৃদ্ধি পাচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

160. রাজ্যে পুলিশ থানার সংখ্যা বৃদ্ধি সত্ত্বেও সামগ্রিকভাবে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

161. বিগত পঞ্চায়েত নির্বাচনে বিরোধী রাজনৈতিক দলগুলির উপর আক্রমণের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

162. রাজ্যে বিগত বছরে কালীপুজোর সময় নিষিদ্ধ শব্দবাজি রুখতে পুলিশি তৎপরতার অভাবের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

163.

রাজ্যে পূর্বতন সরকারের আমলে চালু হওয়া এম.ভি.সি.এ. পদ্ধতি বহাল রেখে বিদ্যুতের মাশুল প্রায় প্রতিমাসে বাড়ানো হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

164.

রাজ্যে উচ্চশিক্ষার বেসরকারীকরণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

165.

রাজ্যে অসামরিক পুলিশ স্বেচ্ছাসেবীদের চাকুরি ও বেতনের কোনো সুনিশ্চয়তা নেই—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

166.

রাজ্যে প্রথাগত নিয়মের শর্ত ব্যতিরেকে কোনো রাজবন্দীর মুক্তি হয়নি—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

167.

রাজ্যে বেসরকারী পরিবহণ ব্যবস্থার অপ্রতুলতার সময়ে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

168.

দার্জিলিং জেলায় চা বাগানগুলির উন্নতিকল্পে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

169.

দার্জিলিং জেলায় সিঙ্কোনাসহ নানা ওষধি গাছভিত্তিক শিল্প বিকাশের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

170.

রাজ্যে ব্লকভিত্তিক হাসপাতালগুলির পরিকাঠামো উন্নয়নে এবং প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিয়োগে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

171.

দঃ ২৪ পরগনা জেলায় জয়নগর ১ ও ২ নং ব্লকের হাসপাতাল দুটির উন্নয়নের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

172.

প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে টেট পরীক্ষায় অনিয়মের অভিযোগের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

173.

গ্রামাঞ্চলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

174.

রাজ্যে সরকারী নির্দেশ সত্ত্বেও ট্যাক্সিচালকদের যাত্রী প্রত্যাখ্যানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

175.

রাজ্যে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির রোধের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

176.

শিল্পে 'closure' ও 'lay-off'-এর জন্য নষ্ট হওয়া শ্রমদিবসের কোনো পরিসংখ্যানের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

177.

রাজ্যে মাছের চাহিদা পূরণের স্বার্থে মাছ উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

178.

রাজ্যে কৃষক বাজার গড়ে তোলা হচ্ছে—এই কৃষক বাজারে বিপণনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

179.

রাজ্যে ১০টি মহিলা থানা স্থাপন করা হয়েছে এবং তার জন্য staff অন্য থানা থেকে আনা হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

180.

রাজ্যে নতুন পদ সৃষ্টি না করে চাকুরির জন্য নানা ধরনের সংরক্ষণ চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The rest of the Amendments are not taken as moved since the Members giving notices are not present in the House.

Now I put the Amendment Nos. 156 to 180 to vote.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The Amendments are lost.

Now I put the main Motion moved by Shri Partha Chatterjee that

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ১০ই ফেব্রুয়ারী, ২০১৪ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে'।"

to vote

As many as are of that opinion will please say AYE
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

At this stage the House was adjourned till 3 p.,m.

[3.00–3.10 p.m.]

FINANCIAL

PRESENTATION OF THE ANNUAL FINANCIAL STATEMENT OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2014-2015

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই মহান সদনে ২০১৪-২০১৫ অর্থবর্ষের বাজেট পেশ করছি।

অদম্য সাহস ও বলিষ্ঠতার সঙ্গে মাননীয় মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিচালিত সরকারের উপর বাংলার মা-মাটি-মানুষে বারংবার তাদের আস্থা প্রকাশ করেছে। বিগত পঞ্চায়েত নির্বাচনেই প্রমাণ হয়ে গেছে বাংলার মানুষ এই সরকারের উপর কত গভীর আস্থা রাখেন। সাধারণ মানুষ বাংলার বুকে এক নতুন রেঁনেসার সূচনা দেখতে পাচ্ছেন। তাই বাংলার মানুষজনকে প্রণাম করেও সেলাম জানিয়ে আমার পূর্ণাঙ্গ বাজেট পেশ করছি।

গত বছরের বাজেটেই আমি দেখিয়েছিলাম যে ভারতের তুলনায় বাংলা অনেক দ্রুত গতিতে এগিয়ে চলেছে। এ বছর ভারতের তুলনায় বাংলার অগ্রগতি আবার অনেকটাই বেশি। ২০১৩-১৪ অর্থবর্ষে সার্বিকভাবে ভারতের জি.ডি.পি. বৃদ্ধির হার যেখানে ৪.৯%, সেখানে বাংলা জি.এস.ডি.পি.-র বৃদ্ধির হার ৭.৭%। কৃষির ক্ষেত্রেও ভারতের উৎপাদন বৃদ্ধির হার যেখানে ৪.৬%, সেখানে বাংলার হার ৫.২৮%। শিল্পের ক্ষেত্রে সারা ভারতে উৎপাদন বৃদ্ধির হার যেখানে ০.৭%, বাংলার হার সেখানে ৯.৫৮%। পরিষেবার ক্ষেত্রেও ভারতের বৃদ্ধির হার যেখানে ৬.৯%, বাংলার হার ৭.৮%। এই তথ্য সাক্ষ্য দিচ্ছে যে বাংলা দ্রুত গতিতে এগিয়ে চলেছে এবং সূত্র আপনাদের দিয়ে দিচ্ছি। (কেন্দ্রীয় সরকারের সি.এস.ও. এবং বি.ও.এ.ই. আর., পশ্চিমবঙ্গ ব্যুরোর মাধ্যমে।) অর্থাৎ সহজেই বলা যায় যে এই ইতিবাচক পরিসংখ্যান থাকা সত্ত্বেও যে মুষ্টিমেয় লোকেরা নেতিবাচক কথা বলছেন

তারা তা বলছেন রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত হয়ে ও মিথ্যার উপর ভর করে। আমি এই মহতী সভাকে মনে করিয়ে দিতে চাই যে, কেন্দ্রীয় সরকার বাংলার মানুষকে বামফ্রন্ট সরকারের ফেলে যাওয়া 'ঋণের ফাঁদ' থেকে বেরিয়ে আসার ক্ষেত্রে কোনোরকম সাহায্য করেনি, বরং সুদ ও আসলের মাধ্যমে একটি বিপুল পরিমাণ অর্থ ট্রেজারি থেকে কেটে নিচ্ছে। স্যার, কত টাকা কেটে নিয়েছে, তা কি কেউ কল্পনা করতে পারেন ?

স্যার, আগের বামফ্রন্ট সরকারের পাপের জন্য ২০১১-১২ থেকে ২০১৩-১৪ সালের মধ্যে মূল এবং সুদ বাবদ কেন্দ্রীয় সরকার ৬৯,০৬৫.৮১ কোটি টাকা কেটে নিয়েছে। তার মানে ৭০ হাজার কোটি টাকার কাছাকাছি কেটে নিয়েছে। আপনারা চিন্তা করুন এই টাকায় কত রাস্তাঘাট, কত স্কুল-কলেজ, কত জলপ্রকল্প তৈরি হতে পারত। অনুন্নত ও সংখ্যালঘু সম্প্রদায়ের যুবসমাজ নতুন জীবন পেতে পারত। বাংলার মানুষ এই বিপুল ঋণের জন্য বামফ্রন্ট সরকারকে কোনোদিন ক্ষমতা করবেন না।

বর্তমানে কেন্দ্রীয় সরকার, এর উপরেও CST ক্ষতিপূরণ বাবদ পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য ৩৭৮৩.৪৩ কোটি টাকা থেকে বঞ্চিত করেছে। CST-র কমপেনসেশন দেয়নি। আপনারা জেনে মর্মাহত হবেন যে, এই জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে রাজ্যের প্রাপ্য ৮৫০.৪২ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান বন্ধ করে দেওয়া হয়েছে, ডেভোলিউশন যাকে বলা হয়। যা রাজ্যবাসীর সাংবিধানিক অধিকার। এটা আমাদের কাছে লজ্জাজনক।

স্যার, শুধু তাই নয়, আরো দুঃখজনক হল, ২০১২-১৩ সালের AG-র তথ্য অনুযায়ী, আমাদের নির্ধারিত প্রাপ্য কেন্দ্রীয় সরকারের Grant-in-Aid কমিয়ে দেওয়া হয়েছে। হিসাব অনুযায়ী যেখানে ২০১১-১২ অর্থবর্ষে আমরা ১৩,৮৮৮.৮২ কোটি টাকা পেয়েছিলাম, সেখানে ২০১২-১৩ অর্থবর্ষে নেমে ১২,৩৪২.৮৪ কোটি টাকা পেয়েছি যা ১১.১৩ শতাংশ কম। এটা ক্ষমারও অযোগ্য।

এবারে বামফ্রন্ট আমলে রাজ্যের উন্নয়নের গতিরোধ করার কিছু তথ্য তুলে ধরছি। ২০০৯-১০ সালের তুলনায় ২০১০-১১-তে রাজ্য পরিকল্পনার ব্যয় (State Plan Expenditure) (-)৫৮.৫৩% কমে গেছিল। চিন্তা করে দেখুন। (-)৫৮% কমে গেছিল। সেই জায়গায় আমরা ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্য পরিকল্পনার ব্যয় ৩৪.৯৫% বাড়িয়েছি। AG-র তথ্য অনুযায়ী—আমার তথ্য নয়, AG-র তথ্য অনুযায়ী যা ১৪,০৭৪.৫২ কোটি টাকা থেকে বেড়ে পরিকল্পনার ব্যয় ১৮,৯৯৪.১১ কোটি টাকা হয়েছে। এই হল মা-মাটি-মানুষের সরকারের মানসিকতা।

আপনারা জানেন যে, গত বছর থেকে এই বাংলার অনেক মানুষ সারদা কাণ্ডের ফলে আর্থিকভাবে বিশেষ ক্ষতিগ্রস্ত হয়েছেন ও চরম বিপদের সম্মুখীন হয়েছেন। সাধারণ মানুষের এই বিপদের কথা বিবেচনা করে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে রাজ্য সরকার এ পর্যন্ত ৪ লক্ষ—তার এক্স্যাক্ট ফিগার দিয়ে দিয়েছি এবং আরও ২ লক্ষ হতে চলেছে (৩,৯৫,৪৮২) ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়িয়ে আর্থিক সহায়তার ব্যবস্থা করেছেন।

রাজ্য সরকারের বিপুল কর্মকাণ্ডের মধ্য থেকে মাত্র কয়েকটি বিশেষ সাফল্যের কথা, অনারেবল স্পীকার স্যার, ...(প্রচণ্ড গোলমাল)... প্রত্যেকটা গুরুত্বপূর্ণ কথা।

মিঃ স্পীকার : প্লীজ, প্লীজ, প্লীজ ওনাকে বলতে দিন। ঠিক আছে না লেখা থাকলেও বলতে পারেন তিনি।

ডঃ অমিত মিত্র : রাজ্য সরকারের বিপুল কর্মকাণ্ডের মধ্য থেকে ...(এই সময় মাননীয় সদস্য আলি ইমরান রামজ বাজেট বিবরণী বই তুলে ধরে কিছু বলতে থাকেন) ... .(প্রচণ্ড গোলমাল)....

মিঃ স্পীকার : না, ঠিক আছে। না লেখা থাকলেও তিনি বলতে পারেন। ...(প্রচণ্ড গোলমাল)... Please don't interrupt, Mr. Ramz, Please don't interrupt, Mr. Ramz.

ডঃ অমিত মিত্র : এবার আমি উল্লেখ করব—যে সাফল্যকে আমরা অনায়াসেই বলতে পারি— ...(প্রচণ্ড গোলমাল)...

মিঃ স্পীকার : পারেন, বলতে পারেন, আপনি জানেন না, আপনি বলুন।

ডঃ অমিত মিত্র : 'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'।

[3.10–3.20 p.m.]

...(Noise)...

Mr. Speaker : Don't obstruct the proceedings of the House. Please take your seat.

ডঃ অমিত মিত্র : শিশু কন্যা সুরক্ষার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে স্বপ্ন দেখেছিলেন তারই ফলস্বরূপ কন্যাশ্রী প্রকল্প চালু হয়েছে। চলতি অর্থবর্ষে UNICEF, ইউনাইটেড নেশনসের মতো আন্তর্জাতিক সংস্থা এগিয়ে এসেছেন সরকারের সঙ্গে। এই ২০১৪-র মার্চ মাসের মধ্যেই ১৫ লক্ষ কন্যাশ্রী এই প্রকল্পে নথিভুক্ত হবে। ২০১৪-১৫ অর্থবর্ষে আমাদের লক্ষ্য হল বাংলার আরও ২০ লক্ষ কন্যাশ্রী নথিভুক্ত করা। এখনই সারা দেশ থেকে দাবি উঠেছে এই প্রকল্পটি ভারতের প্রত্যেকটি রাজ্যে চালু করা হোক।

এক সময় স্যার বলা হত 'বাংলা যা ভাবছে আজ, ভারত তা ভাববে কাল'। কিন্তু আজ মমতা বন্দ্যোপাধ্যায়-এর সরকারের নতুন স্লোগান—'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'।

স্বাস্থ্য ক্ষেত্র থেকে আর একটি উদাহরণ নেওয়া যাক। স্বাস্থ্যমন্ত্রী হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের আরও একটি স্বপ্ন ছিল। কী স্বপ্ন ? ন্যায্যমূল্যে সাধারণ মানুষের কাছে ঔষধ পৌঁছে দেওয়া। এই স্বপ্ন থেকেই জন্ম নিল 'ফেয়ার প্রাইস মেডিক্যাল শপ্'। বর্তমানে রাজ্যের বিভিন্ন জায়গায় ৬০টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান চালু হয়েছে এবং আরো চালু হতে যাচ্ছে। যেখানে মূল্যের উপর ৪৮% থেকে কিছু ক্ষেত্রে ৬৭%-তো বটেই, ৭৩% ছাড় পাওয়া যায়।

ভারতের বিভিন্ন রাজ্য আমাদের এই 'ফেয়ার প্রাইস মেডিক্যাল শপ' মডেলকে নিজেদের রাজ্যে চালু করতে ঝাঁপিয়ে পড়েছে। ...(গোলমাল)... চতুর্দশ অর্থ কমিশনের সম্মানীয় সদস্যগণ কলকাতায় এই ব্যবস্থা দেখে এতটাই অভিভূত হয়েছিলেন যে তাঁরা মন্তব্য করেছেন যে দেশের জন্য রাজ্যগুলিরও এই মডেল অনুসরণ করা উচিত। এমনকি, ভারত সরকারও অন্য সব রাজ্যকে এই মডেল চালু করার জন্য বলছে। স্যার, 'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'।

আমি আরও একটি উজ্জ্বল উদাহরণ দেব। মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এমন একটি নতুন নজির সৃষ্টি হয়েছে যা ভারতে আগে কেউ কখনো দেখেননি। গত ৭ই জানুয়ারি ২০১৪, পশ্চিমবঙ্গের ৩,৩৪৯টি গ্রাম পঞ্চায়েতে একই সঙ্গে রাস্তা তৈরি করার এক বিশাল উদ্যোগ নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রীরা, বিধায়করা ও আধিকারিকেরা এবং পার্লামেন্টের মেম্বাররাও একই সঙ্গে ৩,৩৪৯টি গ্রামীণ রাস্তা নির্মাণের সূচনা করেছেন যে রাস্তাগুলি গ্রাম ও কৃষি জমিকে সংযুক্ত করবে। এই অনন্য প্রচেষ্টায় ১৬,০০০ কিলোমিটার গ্রামীণ রাস্তা তৈরি হচ্ছে, ১০০ দিনের কাজের প্রকল্প ব্যবহার করে (MGNREGS)। এখন অন্যান্য রাজ্য এই প্রকল্পকে অনুসরণ করতে চাইছে। স্যার, 'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'।

সবশেষে, আরও অনেক এই রকম দৃষ্টান্তের মধ্যে থেকে আমি শুধু জঙ্গলমহল ও দার্জিলিং-এর মতো দুটি উজ্জ্বল উদাহরণকে আপনাদের সামনে রাখতে চাই। আজ কেন্দ্রীয় সরকার ও জাতীয় নিরাপত্তা সংস্থা জঙ্গলমহলের অগ্রগতিকে মডেলরূপে তুলে ধরে ভারতের অন্যান্য LWE প্রভাবিত রাজ্যগুলিকে বাংলার দেখানো পথ অনুসরণ করতে পরামর্শ দিচ্ছে। বলা বাহুল্য যে, এই জঙ্গলমহলের মানুষদের সাহস, আস্থা ও উন্নয়নকে উৎসাহিত করতে মাননীয়া মুখ্যমন্ত্রী ৩০ বারেরও বেশি এই এলাকায় সফর করেছেন। স্যার, দার্জিলিংও আজ শান্তিতে হাসছে। তাই বলি স্যার, 'বাংলা যা করছে আজ, ভারত তা করবে কাল'।

স্যার, বিভিন্ন দপ্তরের সাফল্যের কথা মাননীয় রাজ্যপাল বিস্তারিতভাবে বলেছেন। মাননীয় সদস্যগণ তিনদিন ধরে তা নিয়ে আলোচনা করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী আজও সাফল্যের সমীক্ষা করে দিয়েছেন। আমি জানি, মাননীয় সদস্যরা কর প্রস্তাব শুনতে উৎসুক এবং ...(গোলমাল)... জানতে আগ্রহী ...(গোলমাল)...

মিঃ স্পীকার : This is the speech of the Hon'ble Minister. (Noise) Dr. Mitra, please. (Noise)

ডঃ অমিত মিত্র : তাই আমি আপনাদের জন্য প্রতিটি দপ্তরগুলির বিস্তারিত বিবরণ...

মিঃ স্পীকার : This is his speech. Hon'ble Minister, please. (Noise) The manner in which you are obstructing the proceeding of the House, I hold that the Budget Speech may be taken as read and

the speech may be laid on the table. This is his Budget speech. (Noise) Dr. Mitra, please so on.

ডঃ অমিত মিত্র : আমি বিস্তারিত তথ্য সমেত পেশ করছি। আপনারা শুনুন খুশি হবেন। দপ্তরগুলির দ্বারা কয়েকটি রেকর্ড তৈরির কথা উল্লেখ করে আমি নতুন দিশা কর প্রস্তাবের বিস্তারিত বিবরণে চলে যাব। ৬নং পাতায় দেখুন খাদ্যশস্য উৎপাদনে ২০১৩-১৪ সালে রেকর্ড হয়েছে ১৭৪ লক্ষ মেট্রিক টন। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : Please sit down. Your leader is very much here. (এই সময় বিরোধী দলের একাধিক সদস্য উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।) Please sit down। ...(গোলমাল)...

ডঃ অমিত মিত্র : ...(গোলমাল)... ৫৭৫ লক্ষ মেট্রিক টনের গুদাম তৈরির প্রস্তাব নতুন রেকর্ড হতে চলেছে। কিষাণ ক্রেডিট কার্ড বিতরণে আর একটি রেকর্ড হল স্যার। প্রায় ২৪ লক্ষ কে.সি.সি. বিতরণ করা হয়েছে মে মাস অবধি এবং ডিসেম্বর ১৩ পর্যন্ত যেটা ২৮ লক্ষে পৌঁছে যাবে। সাত নম্বর পাতার থেকে বলছি। তিন কোটি রেশন কার্ড ডিজিটাইজেশান হল। এটাও একটা রেকর্ড, সাত নং পাতার থেকে বলছি। বাংলার ৩.২ কোটি মানুষ দু টাকা কেজি দরে চাল ও আটা প্রকল্পের দ্বারা উপকৃত হয়েছে। আরও একটি রেকর্ড হল। ...(গোলমাল)... স্যার, ৩.২-আপনারা জানেন এটা আমি প্রেজেন্ট করেছি। আমি সংক্ষেপে বলছি, আমি পাতা দিয়ে বলছি কোন কোন পাতায় আছে—আট পাতার নিরিখে বাংলার ধান ভারতবর্ষে নাম্বার ওয়ান। ...(গোলমাল)... আপনারা দেখুন আট পাতায়। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : উনি তো বলছেন, আপনারা শুনুন। উনি তো উল্লেখ করছেন কোন কোন পাতায়, আপনারা দেখছেন না।

...(গোলমাল)...

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : আমি আপনাদের কাছে একটা অনুরোধ করব। অমিতদা এক সেকেন্ড বসুন। আমি যখন রেল মিনিস্টার ছিলাম, স্পীকারের পারমিশান নিয়ে—ধরুন একটা বাজেট স্পিচ অনেক বড় হয়। সেটা পড়তে গেলে বা সদস্যদের বসে থাকতেও বোরিং লাগে। অনেক কিছু টেকনিক্যাল পয়েন্ট আছে বলতে হয়। আমি তখন স্পীকারের পারমিশান নিয়ে লোকসভায় যেটা করতাম আমি স্পিচের অংশগুলো বলতাম বাদবাকিটা টোটাল স্পিচটাই রিড হিসাবে ট্রিট করতে বলতাম, রিকোয়েস্ট করতাম। সেটাই ফাইন্যান্স মিনিস্টার করেছেন। প্রত্যেকটা পয়েন্ট যেটা উনি বলছেন এখানে আছে, উনি এটা সংক্ষেপে বলছেন, প্রত্যেকটা পয়েন্ট আছে। আমি আপনাদের রিকোয়েস্ট করব You go through the Book. Everything is there. Everything is there.

(এই সময় মাননীয় বিরোধী দলনেতা কিছু বলতে ওঠেন।)

মিঃ স্পীকার : উনি তো পেজ মেনশান করে বলছেন। উনি পেজ মেনশান করে বলেছেন। ডাঃ মিশ্র, আপনি বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বলেছেন আমি সম্পূর্ণ একশোভাগ সহমত। উনি যদি ওইরকম করে বলেন সময় কম লাগে ভাল, বাকিটা আমরা পড়ে নেব। কিন্তু কথা যুক্ত করলে নতুন করে তাহলে তো বাড়ছে, কমছে না।

মিঃ স্পীকার : আমি ওনারটা শুনছি। আপনারা একটু ধৈর্য্য ধরে শুনুন ...(গোলমাল)... আপনার সদস্যদের বলুন ...(গোলমাল)... মাননীয় বিরোধী দলের নেতাকে অনুরোধ করব আপনাদের নতুন সদস্যদের বলুন ওরা অহেতুক ইন্টারাপ্ট করছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : উনি বলছেন ঠিক আছে, কিন্তু যুক্ত করার তো দরকার নেই।

মিঃ স্পীকার : উনি পৃষ্ঠা উল্লেখ করে করে বলছেন। আপনি ওদের বুঝিয়ে বলুন। ওরা সবাই নতুন, ওরা বুঝতে পারছে না নতুন সবাই। ওরা অহেতুক চেঁচামেচি করছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অহেতুক কিছু নয়।

[3.20–3.30 p.m.]

ডঃ অমিত মিত্র : তাই আমার কথা শুনুন, আমার বলা অনেক কমে যাবে। আপনার ট্যাক্স প্রোপোজাল এবং নতুন দিশার প্রতি যেতে পারি যাতে বিস্তারিতভাবে বলব। কিষাণ ক্রেডিট কার্ড বিতরণে আর একটি রেকর্ড প্রায় ২৪ লক্ষ বিতরণ করা হয়েছে ২০১১-এর মে থেকে ২০১৩-এর ডিসেম্বর পর্যন্ত যেটা ২৮ লক্ষে পৌঁছে যাবে, এটা আপনারা পাবেন বইতে।

৩ কোটি রেশন কার্ড ডিজিটাইজেশান হল, এটাও একটি রেকর্ড। বাংলার ৩ কোটি ২০ লক্ষ মানুষ ২ টাকা কে.জি. দরে চাল ও আটা প্রকল্পের দ্বারা উপকৃত হয়েছে। এটা আর একটি রেকর্ড।

১০০ দিনের কাজের নিরিখে বাংলা ভারতবর্ষের নম্বর ওয়ান হয়েছে ৮ নম্বর পাতায় পাবেন।

৩৫০০ কি.মি. রাস্তা তৈরির কাজ শেষ হবে এই বছর পি.এম.জি.এস.ওয়াই-এর অধীনে, আরও একটা রেকর্ড বলে আমরা মনে করি।

আই.এ.ওয়াই., অধিকার ও গীতাঞ্জলী পরিকল্পনার বাড়ি তৈরির নতুন রেকর্ড ৫ হাজার কোটি টাকা ব্যয় ধরে ১ কোটি মানুষকে বিশুদ্ধ পানীয় জলের স্কীম ১০ পাতায় পাবেন।

মা ও শিশুর যত্নের উপর মাননীয়া মুখ্যমন্ত্রীর ফোকাস। ফলস্বরূপ কি হয়েছে ? রাজ্যে প্রসূতি মৃত্যুর হার ১৪৫ থেকে ১১৭-তে এসে দাঁড়িয়েছে যেটা একটা রেকর্ড ফল

এই সময়ের মধ্যে। আপনারা খুঁজে দেখবেন পাতায় কতগুলি SNCU হয়েছে ? কতগুলি SNSU হয়েছে ? কতগুলি মাদার অ্যান্ড চাইল্ড হাব হয়েছে ? কতগুলি NICU হয়েছে ? এবং ডায়গনোস্টিক সেন্টার হয়েছে সেগুলো আপনারা নিশ্চয় ডিটেলে পাবেন।

প্রাথমিক স্কুলে ৯৯% এবং উচ্চমাধ্যমিক স্কুলে ৯৮% হারে মিড ডে মিল প্রকল্প চলছে, এটি একটি গর্বের বিষয় ১১ নং পাতায় পাবেন। ৯৮.২৬% স্কুলে এবং ৮২%-এর বেশি মেয়েদের জন্য শৌচালয় তৈরির কাজ সাফল্যের সঙ্গে শেষ হয়েছে, আমরা গর্বিত। প্রায় ৪০০টি স্কুল মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকে উন্নীত হয়েছে। এটা রেকর্ড কিন্তু আরো সংখ্যা বাড়িয়ে ১ হাজারে যাওয়ার প্রচেষ্টা চলছে। ১ হাজার ১৭১টি সাঁওতালি ভাষা ও অলচিকি ভাষা প্যারা টিচার নিযুক্ত হয়েছে, আমরা গর্বিত।

এটা শুনুন, ১২ পাতায় স্বাধীনতার পর থেকে ২০১১-এর মে মাস পর্যন্ত এই রাজ্যে ৩২টি সরকারী কলেজ ছিল। এই সরকার, এই অল্প সময়ের মধ্যে আরও ৩১টি সরকারী কলেজকে অনুমোদন দিয়েছে এটি অভূতপূর্ব। তার সঙ্গে আছে ১৪টি প্রাইভেট কলেজ, ৫টি সরকারী বিশ্ববিদ্যালয় ও ১টি বেসরকারী বিশ্ববিদ্যালয় তৈরির কাজ চলছে এবং সেন্ট জেভিয়ার্স আর প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের জন্য সরকার জমির ব্যবস্থা করেছে ১৩ পাতায় পাবেন।

২০১৩-১৪ সালে ২২ লক্ষ সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের বৃত্তি দেওয়া হয়েছে কিন্তু ২০১১ থেকে যদি ধরেন যেটা ধরা উচিত, এই সংখ্যা গিয়ে দাঁড়াচ্ছে শুনুন—৫৭ লক্ষে পৌঁছে যাবে। রেকর্ড টাইমে গড়ে উঠছে আলিয়া বিশ্ববিদ্যালয় ২৯৮ কোটি টাকা ব্যয়ে, এটি গর্বের বিষয়।

স্যার, ১ হাজার ৪০০ কবরস্থান সুরক্ষা করা হয়েছে এবং তৃতীয় হজ হাউস ৯৬ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হচ্ছে, ১৪ পাতায় পাবেন।

৩৬ লক্ষ ৯৫ হাজার ৬৮৩ জন অনগ্রসর ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের বৃত্তি ও বই কেনার অনুদান দেওয়া হয়েছে যেটা প্রায় ৩৬ লক্ষতে গিয়ে দাঁড়াচ্ছে, দিস ইজ এ রেকর্ড স্যার।

৯ লক্ষ ৪৪ হাজার ১৫৫ জনকে জাতি পরিচয়পত্র দেওয়া হয়েছে, সর্বকালের রেকর্ড ১৫ নম্বর পাতায় পাবেন।

সাসপাউ প্রকল্পে নথিভুক্ত হয়েছে ৪১ লক্ষ ৭৮ হাজার ৮৬৪টি শ্রমিক, তারা উপকৃত হয়েছে। এটাও একটা রেকর্ড।

চলচ্চিত্র শিল্পের স্বার্থে, এটা পাবেন সতেরো পাতায়। চলচ্চিত্র শিল্পের স্বার্থে ছয়তলা টেকনিসিয়ান স্টুডিয়ো নবরূপে গঠিত হল। বাংলা চলচ্চিত্র জগতের গৌরব ফিরে এসেছে। ২৮টি সম্মান পুরস্কার চালু করা হয়েছে। চলচ্চিত্র ও ছোট পর্দার শিল্পী ও তাদের পরিবারদের জন্য স্বাস্থ্য বিমা চালু করা হয়েছে।

সারা বাংলায় স্পোর্টস স্টেডিয়াম গড়ে উঠছে। এটা আপনারা পাবেন আঠেরো পাতায় এবং ফুটবল অ্যাকাডেমি গঠিত হচ্ছে এবং ক্রিকেট অ্যাকাডেমি হতে চলেছে। এটিও গর্বের বিষয়।

১১টি পিছিয়ে থাকা জেলায় ২১৮৮ কিলোমিটার রাস্তা এবং ১৩টি সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। পরিবর্তনের ঢেউ এসে গেছে।

এক হাজারটি নতুন বাস রাস্তায় নামবে।

'সবার ঘরে আলো'—এই নামে গ্রামীণ ইলেকট্রিফিকেশানের বৃহৎ প্রক্রিয়া শুরু হয়েছে, কুড়ি পাতায় পাবেন।

'জল ধরো, জল ভরো' প্রকল্পে বছরে দশ হাজারটি লক্ষ্যমাত্রা ছিল। সেই জায়গায় এই আড়াই বছরে আমরা ১ লক্ষ ১ হাজার ৮৬৬টি জল সংরক্ষণের প্রকল্প শেষ করতে পেরেছি। এটি অনন্য বলে বলতে হবে।

জিঞ্জিরা বাজার থেকে বাটানগরে যাওয়ার এলিভেটেড রাস্তার কাজ শুরু হয়ে গেছে। আইকনিক প্রজেক্ট।

উত্তরবঙ্গে উন্নয়নের গতি আনতে উত্তরকন্যা সেক্রেটারিয়েট স্থাপিত হয়েছে এবং সেখানে প্রথম ক্যাবিনেট মিটিং ১১ই ফেব্রুয়ারিতে সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এটা মাননীয়া মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গের মানুষদের জন্য উপহার। এছাড়াও উত্তরবঙ্গের বিভিন্ন ব্রীজ এবং অন্যান্য উন্নয়নের খতিয়ান—দয়া করে পড়ে দেখবেন, ২২ নম্বর পাতায়।

পর্যটনের ক্ষেত্রে ২০১৩ সালে ২.৮ কোটি পর্যটক আমাদের রাজ্যে ভ্রমণ করেছেন। যার মধ্যে ১৪ লক্ষ ৬২ হাজার বিদেশি পর্যটক। এটা গত বছরের তুলনায় ১৬% বেশি। সেখানেও একটা বিপ্লব আসছে।

ক্ষুদ্র এবং মাঝারি ব্যবসার সেক্টরে ব্যাঙ্ক লগ্নির পরিমাণ বৃদ্ধি পেয়েছে ১০৫ শতাংশে। ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা এই সরকারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাদের ব্যাঙ্কের থেকে যে তারা টাকা নেয়—১০৫ শতাংশ বেড়েছে। এতে বাংলা ভারতবর্ষের নম্বর ওয়ান হয়েছে। আপনারা হয়তো টাকার অঙ্কটা চান। ৪৩৩১ কোটি টাকা থেকে ২০১৩-১৪ সালে ব্যাঙ্ক লগ্নি বেড়ে ৮৯০০ কোটি টাকায় পৌঁছেছে। আমরা গর্বিত যে ছোট ব্যবসার জন্য এইভাবে ব্যাঙ্ক সরকারের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে এসেছে।

তথ্য প্রযুক্তির ক্ষেত্রে ১৩টি আই.টি. পার্ক গড়ে উঠবে। যার মধ্যে আটটির কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। এছাড়াও হার্ডওয়ার পার্ক—একসময় লোকে বলেছিল যে ভারতবর্ষ হার্ডওয়্যারকে বাইপাস করে গেছে। অন্যান্য দেশরা নিয়ে নিয়েছে। বাংলা দেখিয়ে দেবে হার্ডওয়্যার ইজ আওয়ার স্ট্রেন্থ, আমরা করব। হার্ডওয়্যার পার্ক এবং ইলেকট্রনিকস্ ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

লাস্ট পয়েন্টে আসছি, ২৪ পাতায়। ভারতের সেরা ট্রিপল আই.টি.আই., আই.আই.টি.। সেই ভারতের সেরা ট্রিপল আই.টি.-র কাজ শুরু হতে চলেছে। এটা ২৪ পাতায় পাবেন। আমরা গর্বিত যে পশ্চিমবঙ্গে ট্রিপল আই.টি. তৈরি হবে এবং তাতে আমরা বলতে পারব যে বাকি রাজ্যের তুলনায় আমরা অনেক এগিয়ে আছি।

এবারে আমি আসছি সোজা। নতুন দিশা, যেটা আপনারা শুনতে চান। পেজ ২৫—বেকারত্বের যন্ত্রণা আজ সারা দেশকে বারংবার আঘাত করছে।

[3.30–3.40 p.m.]

নতুন দিশা

৫.১। বেকারত্বের যন্ত্রণা আজ সারা দেশকে বারংবার আঘাত করছে। এই পরিপ্রেক্ষিতে বাংলার সাফল্য উল্লেখযোগ্য। ২০১৩-১৪ সালে আমাদের কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ছাপিয়ে গিয়ে ১৩,২২,০০০ নতুন কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এবারের বাজেটেও আমরা কর্মসংস্থানের উপর বিশেষ জোর দিচ্ছি এবং যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকেই সর্বাধিক গুরুত্ব দিচ্ছি। এই লক্ষ্যকে সামনে রেখে আমরা আগামী অর্থবর্ষে ১৬ লক্ষেরও বেশি নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরির পরিকল্পনা করেছি। ১৬ লক্ষ নতুন চাকরি।

৫.২। ১০০ দিনের কাজের প্রকল্পের আওতায় (MGNREGS) ৫৬,৯৩,৮৭০টি পরিবার ২০১২-১৩ সালে কাজ পেয়েছে। বর্তমান বছরেই জানুয়ারি মাস পর্যন্ত আমরা ৪৩,৬৫,৯৯০টি পরিবারকে এই কাজের আওতায় এনেছি। এটা ছাপিয়ে যাবে বছরের শেষে আগের বছরের হিসাবটা। PMGSY এবং NRLM প্রকল্পের মতো বিভিন্ন গ্রামীণ প্রকল্পের অধীনে অতিরিক্ত কাজের সুযোগ সৃষ্টি করা গেছে।

৫.৩। স্যার, সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক-যুবতীদের ব্যক্তি-নৈপুণ্য বৃদ্ধির মাধ্যমে—যেটাকে আপনি স্কিল বলতে পারেন—তার মাধ্যমে চাকরির উপযোগী করে তোলার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাইনরিটি ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশনের সঙ্গে আলিয়া বিশ্ববিদ্যালয়ের যৌথ প্রচেষ্টায় ৬১,৯১৮ জন সংখ্যালঘু যুবকদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে এবং তাদের মধ্যে অনেকেই চাকরি পেয়ে গেছে। পুলিশে এবং শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি পাওয়ার জন্য উপযুক্ত করে তুলতে এই কর্পোরেশনের মাধ্যমে প্রায় ২ লক্ষ সংখ্যালঘু যুবক-যুবতীদের ২০১১ সাল থেকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন ঋণ প্রকল্পের মাধ্যমে ২,৫০,৬৬৭ জন সংখ্যালঘু যুবক-যুবতী এই সময়ের মধ্যে স্বনির্ভর হতে পেরেছে। এটা একটা বিরাট পরিবর্তন।

৫.৪। নতুন কর্মসংস্থানের জন্য প্রধান সড়কগুলির ধারে ধারে পর্যটকদের সুবিধার জন্য নানা ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। ৭০টি 'মোটেল' নির্মাণ করা হচ্ছে। সুন্দরবনের ঝড়খালি, জলপাইগুড়ির গাজলডোবা, ঝাড়গ্রাম এবং অন্যান্য স্থানে পর্যটন কেন্দ্র তৈরি হচ্ছে। একই সঙ্গে জোর দেওয়া হচ্ছে গ্রামীণ ট্যুরিজম, টি-ট্যুরিজম, ইকো-ট্যুরিজম প্রভৃতি ক্ষেত্রে। এই বছরে ২ কোটি ৮০ লক্ষ পর্যটক যার মধ্যে ১৪ লক্ষ ৬২ হাজার বিদেশি পর্যটক এই রাজ্যে ভ্রমণ করেছেন বলে আমি উল্লেখ করেছি, যা আগের তুলনায় ১৬% বেশি। আগামী বছর পর্যটকদের সংখ্যা বহুগুণ বৃদ্ধি পাবে যা প্রচুর পরিমাণে কাজের সুযোগ তৈরি করবে। আপনারা জানেন পর্যটন এমন একটি এলাকা, যেখানে লেবার ইনটেনসিভ—কাজ খুব বেশি পাওয়া যায়।

৫.৫। স্বনির্ভরগোষ্ঠীর সংখ্যা এখন দাঁড়িয়েছে ৬ লক্ষ ৮৮ হাজার যার মধ্যে দরিদ্র মহিলাদের সংখ্যাই বেশি। এই আর্থিক বছরে এখনও পর্যন্ত ১ লক্ষ ২ হাজার স্বনির্ভর গোষ্ঠী গঠিত হয়েছে—নতুন। স্বামী বিবেকানন্দ স্ব-নির্ভর কর্মসংস্থান প্রকল্পে ২০১১ সালের মে মাস থেকে ২০১৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট ৭৫,০৭৫ জন মানুষকে ভর্তুকি দেওয়া হয়েছে। যার আর্থিক পরিমাণ—চিন্তা করুন আর্থিক পরিমাণ—খুশি হবেন ১,৬২১ কোটি টাকা তার আর্থিক পরিমাণ। এই পর্যন্ত এই প্রকল্পের মাধ্যমে ২,২৩,৩৬৩টি কাজের সুযোগ সৃষ্টি করা গেছে। পুরুলিয়া জেলায় 'মুক্তিধারা' নামে একটি নতুন জীবন ধারণের প্রকল্প তৈরি হয়েছে যেটি ভবিষ্যতে অন্য জেলাগুলিতেও চালু করা হবে।

৫.৬। কর্মসংস্থানের ক্ষেত্রে এ রাজ্যে ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র শিল্পের বিশেষ সম্ভাবনা আছে।

মাঝারি ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে ২০১৩-১৪ অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত ৪,৭৯৪টি নতুন ইউনিট স্থাপিত হয়েছে যার ফলে প্রায় ৫০,৩৭০ জনের কর্মসংস্থান সম্ভব হয়েছে। আগামী আর্থিক বছরে আমরা পরিকল্পনা করেছি ১ লক্ষের বেশি ছেলেমেয়ের কাজের সুযোগ সৃষ্টি করার।

চলতি আর্থিক বছরে শিল্প দপ্তরের উদ্যোগে ১৫০টি নতুন ইউনিট স্থাপিত হয়েছে যার ফলে বিনিয়োগ হয়েছে প্রায় ১৭,৭৩২.০১ কোটি টাকা এর ফলে জানুয়ারি মাস পর্যন্ত ১,২৯,৩৬৪ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

এই রাজ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে আই.টি. সেক্টরের বিরাট সম্ভাবনা আছে। ৫০০টি আই.টি. কোম্পানী তাদের কাজের পরিধিকে আরও বাড়াচ্ছে। আই.টি. সেক্টরের কর্মীসংখ্যা ২০০৯-১০ সালের ৮০,০০০ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ সালে ১,৩০,০০০-এ দাঁড়িয়েছে। আই.টি. ক্ষেত্রের রপ্তানী, স্যার এটাও খুব আপনার ইন্টারেস্টিং বলে মনে হবে। আই.টি. ক্ষেত্রের রপ্তানী, ২০১০-১১ সালে ৮,৫০০ কোটি থেকে বৃদ্ধি পেয়ে ২০১২-১৩ সালে ১১,০০০ কোটিতে দাঁড়িয়েছে। আমরা আশাবাদী যে, আগামী অর্থবর্ষে আমরা আই.টি. এবং আই.টি.ই.এস., যেটাতে অ্যানিমেশান, গেমিং সব এসে যায়, সেক্টরে অতিরিক্ত ১ লাখ কর্মসংস্থানের সৃষ্টি করতে পারব।

২০১২-১৩ এবং ২০১৩-১৪ আর্থিক বছরে কলকাতার 'মাদার ডেয়ারি' একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এই সংস্থা বর্তমানে ১৫,০০০-এরও বেশি যুবক-যুবতীদের কাজ দিয়েছে। 'মাদার ডেয়ারি' কলকাতার বিভিন্ন স্থানে 'আধুনিক দুগ্ধ বিক্রয় কেন্দ্র' স্থাপন করেছে। তাদের তৈরি '*Valentine*' ব্র্যান্ডের আইসক্রিমের বাজার ধরতে 'Ice-cream Push Cart Scheme'-নামে একটি প্রকল্প চালু করেছে। 'মাদার ডেয়ারি'র ব্যবসা ঘুরে দাঁড়ানোর এই রাজ্যের বহু বেকার যুবক-যুবতীদের কাজে নিযুক্ত হওয়ার সুবিধা হয়েছে এবং আরও হবে।

২০১১ সালের মে মাস থেকে রাজ্য সরকার ১,৩২,০০২টি নতুন পদ সৃষ্টি ও পূরণের অনুমতি দিয়েছেন। ৪৩,৪৭২ জন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ইতিমধ্যেই নিয়োগ

করা হয়েছে। ৪০০ জন সাব-ইন্সপেক্টর, ৪০,০০০ কনস্টেবল, ১,৩০,০০০ সিভিক পুলিশ ভলান্টিয়ার্সের নিয়োগও সম্পূর্ণ হয়েছে। বহু সংখ্যায় মহিলা কনস্টেবল নিয়োগ করা হয়েছে। এছাড়াও আমরা তপশিলী জাতি, উপজাতি ও অন্যান্য পিছিয়ে পড়া সম্প্রদায়ের জন্য বেশ কয়েক বছর ধরে সংরক্ষিত পদগুলিতে নিয়োগের জন্য একটি বিশেষ উদ্যোগ নিয়েছি।

রাজ্য সরকারের আরও একটি অভিনব পদক্ষেপ হল স্থানীয় ছেলেমেয়েদের IAS, IPS, WBCS (Executive) পরীক্ষার সঠিক প্রস্তুতির জন্য একটি সিভিল সার্ভিস প্রশিক্ষণ কেন্দ্র চালু করা। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেই এই আইডিয়াটি বলেছিলেন। এতে আমাদের সাধারণ ছেলেমেয়েরা, যারা IAS, IPS-এ ঢুকতে পারছে না, তাদের সেই অপরচুনোটি হবে।

পরিবহন ক্ষেত্রে আরও চাকরির সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে রাজ্য সরকার বর্তমানে ৪০০০টি 'নো-রিফিউজাল' ট্যাক্সি কলকাতা শহরে চালু করেছে। এই প্রক্রিয়ায় ৮,০০০-এর বেশি পরিবার স্ব-নিযুক্তি প্রকল্পে কাজের সুযোগ পাবে।

রাজ্য সরকার স্টেট-ট্রান্সপোর্ট আন্ডারটেকিং-এর অধীনে বাড়তি বাস চালানোর জন্য অতিরিক্ত ৩,৭১৭টি ড্রাইভার, কন্ডাক্টর এবং মেকানিকের পদ সৃষ্টি করেছে। এর ফলে বহুসংখ্যক পরিবার উপকৃত হবেন।

পুরুলিয়া জেলার ১১টি ব্লক পাইপলাইন মারফৎ পানীয় জল সরবরাহ প্রকল্পের আওতায় এখনও আসেনি। আমরা জাপানি সংস্থা 'JICA'-র সহায়তায় ৫৮৮.৮৩ কোটি টাকা ব্যয়ে এই কাজের পরিকল্পনা করেছি। এই প্রকল্পের ফলে ১২,৬৭,৩৮৫ জন মানুষ উপকৃত হবেন। 'JICA'-র সঙ্গে একসঙ্গে এগিয়ে যাচ্ছি আমরা।

আমরা প্রতিটি বাড়িতে বিদ্যুতের আলো পৌঁছে দিতে দায়বদ্ধ। এখনও আমাদের— APL/BPL তালিকাভুক্ত ৪ লক্ষ ৬৮ হাজার বাড়িতে বিদ্যুৎ সংযোগ দেওয়া বাকি আছে। আগামী অর্থবর্ষে এই বাবদ ১০০ কোটি টাকা বরাদ্দ করা হল।

৫.১৫। রাজ্য সড়কগুলির উন্নতি ঘটিয়ে তাকে ২ লেনের রাস্তায় পরিণত করে চওড়া ও মজবুত করা এখন অপরিহার্য। আগামী অর্থবর্ষে ১,২৫০ কোটি টাকা ব্যয় ১,০০০ কিলোমিটার রাজ্য সড়ককে মজবুত করে গড়ে তোলার কাজ শুরু হবে।

[3.40–3.50 p.m.]

৫.১৬। ২০১৪ সালের নভেম্বর মাসে ৫৩৬.৪০ কোটি টাকা ব্যয়ে ৯৫টি কৃষকবাজার তৈরির কাজ সম্পূর্ণ হবে। এর ফলে আগামী অর্থবর্ষে ৫০,০০০ পরিবারের অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি হবে। ২০১৪-১৫ অর্থবর্ষে ৬২০ কোটি টাকা ব্যয়ে ১০২টি কৃষকবাজার নির্মাণের কাজ হাতে নেওয়া হবে। ফলে ৫৫,০০০-এর বেশি পরিবারের অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।

৫.১৭। পশ্চিমবঙ্গের একটি বড় অংশের মধ্যেই স্বনিযুক্ত, স্বনির্ভর গোষ্ঠীভুক্ত, গ্রামীণ কারিগর, ক্ষুদ্র ও প্রান্তিক ব্যবসায়ী প্রতিষ্ঠান রয়েছে যাদের উৎপাদিত দ্রব্য কোনো সংগঠিত বাজারে বিক্রি করার সুযোগ নেই। আমি মোট ৫০০ কোটি টাকা ব্যয়ে ৫০০টি 'কর্মতীর্থ' নামে মার্কেটিং কমপ্লেক্স তৈরি করার প্রস্তাব দিচ্ছি যাতে তারা তাদের বিভিন্ন ধরনের পণ্য বিক্রি করতে পারবে। এই কর্মতীর্থে কমপক্ষে মোট ১,০০,০০০ পরিবারের কর্মসংস্থান হবে।

৫.১৮। পরিবহনের ক্ষেত্রে 'গতিধারা' নামে একটি নতুন প্রকল্প চালু করার প্রস্তাব রাখছি যা আগামী অর্থবর্ষে ৫০,০০০ পরিবারের কাজের সুযোগ সৃষ্টি করবে। এই প্রকল্প বেকার যুবক-যুবতীদের ১,০০,০০০ টাকা অবধি সরকারী অনুদানে গাড়ি কিনতে সহায়তা করবে। এই প্রকল্পের জন্য আমি ১০০ কোটি টাকা বরাদ্দ করছি।

৫.১৯। সুনিশ্চিত সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে নিবিড় চাষের ব্যবস্থা করে চাষীরা যাতে সোজাসুজি উপকৃত হতে পারে সেইজন্য ক্ষুদ্র সেচ প্রকল্পে সরাসরি আর্থিক সহায়তা দিতে আমি DFS-MIS নামে একটি প্রকল্প চালু করার প্রস্তাব রাখছি। এই সুবিধা ১ লক্ষ চাষী পাবে। এই উদ্দেশ্যে ৫০০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

৫.২০। বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুরের মতো এই রাজ্যের খরাপ্রবণ অঞ্চলে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য এই সরকার একটি বিশেষ পদক্ষেপ নিয়েছে। ১৬.৯০ লক্ষ হেক্টর চাষযোগ্য জমির মধ্যে, ৭.৫১ লক্ষ হেক্টরে সেচের সুবিধা নেই। ২০১৪-১৫ অর্থবর্ষে ৫০০ কোটি টাকা ব্যয়ে মোট ৫০,০০০ হেক্টর জমি সরকার ক্ষুদ্র সেচের আওতায় আনার পরিকল্পনা করেছেন। এতেও প্রচুর কর্মসংস্থান হবে।

৫.২১। স্যার, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসার ক্ষেত্রে রাজ্যের বেশিরভাগ উদ্যোগী সহজে ব্যাঙ্ক ঋণ পান না। তারা ব্যাঙ্কের কাছে যান, ঋণ পান না। আমরা ক্ষুদ্র ব্যবসায়ীদের উৎসাহ দিতে 'কিষাণ ক্রেডিট কার্ড' (KCC)-র মতো 'মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ড' (MBCC) চালু করছি। এর মাধ্যমে ব্যবসার ঋণ দেওয়ার কাজ সহজ হবে। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-র মাধ্যমে এই কার্ড দেওয়ার কাজ আগামী ১লা এপ্রিল, ২০১৪ থেকে শুরু হবে। আমরা চাই অন্যান্য ব্যাঙ্কগুলিও এই কাজ শীঘ্রই শুরু করুক। 'মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ড'-এ বিভিন্ন ব্যবসায়ীরা দোকান কেনা থেকে শুরু করে বিভিন্ন ব্যবসায়িক প্রয়োজনে ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পাবেন। যে রকম কে.সি.সি.-তে তারা পান। উইদাউট কো-ল্যাটারাল তারা পাঁচ লক্ষ টাকা করে ঋণ পাবেন। তাই আজকে স্টেট ব্যাঙ্ক এগিয়ে এসেছে। মাননীয় সদস্যগণ উত্তর ২৪-পরগনায় একটি শিল্প পুনর্গঠন কেন্দ্র গড়ে তোলা হবে। বিগত সরকারের শিল্প বাণিজ্য বিরোধী নীতির ফলে রাজ্যের অধিকাংশ শিল্প ক্ষেত্র হয় বন্ধ নয়তো রুগ্ন হয়ে পড়েছে। এর ফলে রাজ্যে বিপুল পরিমাণ বেকারত্বের সৃষ্টি হয়েছে। বামফ্রন্ট সরকারের এই ভ্রান্তনীতির ফলে উত্তর ২৪-পরগনায় অনেক কলকারখানা বন্ধ হয়ে পড়ে আছে এবং যুবকদের মধ্যে বেকারত্ব প্রবল আকার ধারণ করেছে। এই অবস্থা কাটিয়ে উঠতে আমরা হাবড়ার অশোকনগরে ১৫০ কোটি ব্যয়ে একটি ইনটিগ্রেটেড পাওয়ারলুম পার্ক গড়ে তোলার প্রস্তাব রাখছি। বর্তমানে বন্ধ হয়ে যাওয়া কল্যাণী স্পিনিং মিলের নাম্বার টু ইউনিট ৩৯ একর জমিতে এই পার্কটি গড়ে তোলা

হবে। ওখানকার বর্তমান কর্মচারীদের সরকারের বিভিন্ন দপ্তরে নিয়োগ করা হবে। কারোর চাকরি যাবে না। এই ইনটিগ্রেটেড পার্কটি পিপিপি মডেলে গড়ে তোলা হবে যেখানে সরকার ২৪ শতাংশ অংশীদারিত্ব রাখবে। উক্ত পার্কে প্রত্যক্ষভাবে ৪ হাজার এবং পরোক্ষভাবে ৩ হাজার জনের কর্মসংস্থান হবে। রাজ্যের বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে আমাদের সরকার ব্যয়বৃদ্ধির হার যথেষ্ট বাড়িয়েছে যা শুরুতেই আপনাদের বলেছি। কিভাবে আমরা প্ল্যান এক্সপেন্ডিচারকে ভয়ঙ্কররূপে বাড়িয়ে গেছি। আমরা আগামী অর্থবর্ষে রাজ্য পরিকল্পনাখাতে এই ব্যয়বৃদ্ধির হার আরও বাড়াব যাতে কর্মসংস্থানের সুযোগ আরও বৃদ্ধি পায়। অল্প সময়ের মধ্যেই জানতে পারবেন কত বাড়বে। মোটের উপর রাজ্যের বেকার যুবক-যুবতীদের বিপুল কর্মসংস্থানের প্রতি লক্ষ্য রেখে আগামী অর্থবর্ষে এই সব পরিকল্পনা ও কর্মসূচি তৈরির প্রস্তাব রাখছি। এর ফলে একদিকে যেমন রাজ্যের বেকারদের কর্মসংস্থানের সম্ভাবনা বাড়বে অন্যদিকে রাজ্যের অর্থনৈতিক সমৃদ্ধির পথ সুগম হবে। এবারে আসছি কর প্রস্তাবে যার জন্য হয়তো আপনারা উৎসুক শোনার জন্য। স্যার, আমার বিগত দুই বাজেটে নিম্ন আয়যুক্ত ও মজুরী প্রাপকদের জন্য বৃত্তিকর ছাড়ের ঊর্ধ্বসীমা যেটা আগের সরকারের সময়ে ছিল তিন হাজার টাকা, সেটা থেকে বাড়িয়ে পাঁচ হাজার, পাঁচ হাজারটাকে বাড়িয়ে সাত হাজার টাকা করেছিলাম। এই ঊর্ধ্বসীমা আরও বাড়িয়ে আট হাজার পাঁচশো টাকার কথার প্রস্তাব করছি। যার ফলে বছরের আয় এক লক্ষ টাকা হলেও কোনো কর্মচারীকে বৃত্তিকর দিতে হবে না। এতে লক্ষ লক্ষ মানুষের সুবিধা হবে। বর্তমানে বিভিন্ন পেশার মানুষ ১৮ হাজার টাকার উপরে বার্ষিক আয়ের জন্য বৃত্তিকর দেন। মোটে ১৮ হাজার টাকা। স্যার, আমি প্রস্তাব করছি সেই ছাড়ের সীমা এক লাফে বাড়িয়ে ৬০ হাজার টাকায় করে দেওয়া হল। ১৮ থেকে ৬০ হাজার। একইভাবে ব্যবসায়ীদেরও তাদের মোট বিক্রির পরিমাণ যাই হোক না কেন বৃত্তিকর দিতে হয়। আপনার যাই রোজগার হোক, যাই টার্ন ওভার হোক আপনাকে আজকে বৃত্তিকর দিতে হয়। স্যার, আমি এই ক্ষেত্রেও বছরে পাঁচ লাখ টাকা পর্যন্ত ছাড়ের প্রস্তাব করছি যাতে লক্ষ লক্ষ ছোট ব্যবসায়ীরা উপকৃত হবেন। আজ তারা নানাভাবে হ্যারাস্‌ড হচ্ছেন। তাদের আর হ্যারাস্‌ড হতে হবে না। স্যার, আমরা এর আগে ভ্যাট পদ্ধতির আমূল সংস্কার করেছিলাম। এবছর বৃত্তিকর পরিকাঠামোর বিপুল সংস্কারের প্রস্তাব করছি।

[3.50–4.03 p.m.]

বর্তমানে বৃত্তিকরের সূচিটা অসংখ্য পাতার। অসংখ্য পাতার। একশোটি এন্ট্রি আছে বৃত্তিকরের। আমি সেটি কমিয়ে চারটিতে আনার প্রস্তাব করছি। একশো থেকে চার। স্যার, বর্তমানের বৃত্তিকরের আওতায় রেজিস্ট্রেশন ও এনরোলমেন্ট অত্যন্ত কষ্টসাপেক্ষ ও সময়সাপেক্ষ। আমি ওয়েবভিত্তিক ইলেকট্রনিক পদ্ধতির মাধ্যমে এনরোলমেন্ট ও রেজিস্ট্রেশনের প্রস্তাব দিচ্ছি। যাতে করে নিজেরাই রেজিস্ট্রেশান ও এনরোলমেন্ট সার্টিফিকেট ডি মেটিরিয়েলাইজড ফর্মে ডিম্যাট ফর্মের পদ্ধতিতে বার করে নিতে পারবেন। ভারতবর্ষে কোনো রাজ্যে এই প্রগতিশীল পদক্ষেপ কেউ করতে পারেনি। স্যার, আমি জানি যে অনেকেই আমার আনা বৃত্তিকরের অ্যামনেস্টি, আগের বছরে অ্যামনেস্টি দিয়েছিলাম, অ্যামনেস্টি স্কিমের সুবিধা নিতে পারেননি। এইসব ব্যক্তিকে আরো একবার সুযোগ দেবার

উদ্দেশ্যে আমি নতুন একটি প্রকল্পের প্রস্তাব করছি। যেখানে সুদ আর জরিমানা মাফ করে শুধু এক হাজার থেকে দু হাজার টাকা জমা দিয়ে ইলেকট্রো এনরোলমেন্টে রেজিস্ট্রেশন করা যাবে। এক হাজার থেকে দু হাজার টাকা জমা দিয়ে শুধু এবং সুদ ও জরিমানা মাফ। আসুন এনরোলমেন্ট করুন। লেজিটিমেট ট্যাক্স পে এর মধ্যে এগিয়ে আসুন। এটাই হচ্ছে মা-মাটি-মানুষ সরকারের মানসিকতা। স্যার ভ্যাটের রেজিস্ট্রেশন আরও সহজ করার জন্য আমি অন লাইন আবেদন ভিত্তিতে ডিলারদের রেজিস্ট্রেশন-এর প্রস্তাব করছি। একই সঙ্গে আমি ভ্যাট রেজিস্ট্রেশনের জন্য ন্যূনতম পঞ্চাশ হাজার টাকার লেনদেনের বাধ্যতামূলক প্রমাণ জমা, যেটা দিতে হয় প্রমাণ যে আমার পঞ্চাশ হাজার টাকার উপরে আমার ব্যবসা, পঞ্চাশ হাজার টাকার লেনদেনের বাধ্যতামূলক প্রমাণ জমা দেওয়ার পদ্ধতিটি তুলে দেবার প্রস্তাব করছি। আপনার ছোটো ব্যবসা, আপনি ছোটো রোজগার করেন, কেন আপনি ভ্যাট দেবেন না ? আপনার অধিকার আপনি এসে ভ্যাট দেবেন, গর্বের সঙ্গে দেবেন। স্যার, রাজ্যের উৎপাদন ক্ষেত্রকে আরও গতিশীল করতে আমি উৎপাদন ক্ষেত্রে পুরনো প্ল্যান্ট ও মেশিনারির জন্য ইনপুট ট্যাক্স ক্রেডিট অনেকদিন ধরে এটা পড়ে আছে। অনুমোদনের প্রস্তাব করছি। আমি সমস্ত ডিলার যাদের আন্তঃরাজ্য বিক্রয়ের ফলে ইনপুট ট্যাক্স ক্রেডিট জমা থাকে, জমা পড়ে থাকে, তাদের সবার ক্ষেত্রে অ্যাসেসমেন্টের আগেই ফেরতের সুবিধা দেওয়ার প্রস্তাব করছি। অ্যাসেসমেন্টের আগেই কেন না আমরা বিশ্বাস করি তাতে। তারা যদি না দেয়। স্যার উত্তরবঙ্গের ডিলারদের জন্য আমি শিলিগুড়িতে অ্যাপেলেট অ্যান্ড রিভিশনাল বোর্ডের একটা বেঞ্চ স্থাপন করার প্রস্তাব করছি। যার ফলে অ্যাপিল ও শুনানির জন্য আর কলকাতায় আসতে হবে না তাদের। যে সব ডিলাররা বড় অঙ্কের কর জমা দেন, তাদের আরও উন্নত পরিষেবা দেবার জন্য একটি আলাদা ইউনিট খোলার প্রস্তাব করছি। আর একজন মাত্র দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার সমস্ত রকম পরিষেবা এবং ভ্যাট বিক্রয়কর, কেন্দ্রীয় বিক্রয়কর, বৃত্তিকর ও প্রবেশকদের মতো বিষয়গুলি মান্যতা এক জানলার পদ্ধতির মাধ্যমে দেখে নেবেন। যাতে বিভিন্ন করের বিভিন্ন অফিসে তাদের ঘুরে বেড়াতে না হয়। ব্যবসায়ীদের কাছে বাণিজ্যকর ফেরত পাওয়ার বিষয়টি একটি প্রধান সমস্যা। করফেরত ব্যবস্থাকে আরও দ্রুত করার জন্য আমি বিক্রয়কর আধিকারিকদের কর ফেরতের অনুমতি দেবার আগে ডিলারদের অফিসে গিয়ে যাচাই করতে যাওয়ার প্রক্রিয়াটি সম্পূর্ণ তুলে দেবার প্রস্তাব করছি। স্যার, বিক্রয়কর আধিকারিকদের যখন তখন এবং বিনা অনুমতিতে বিভিন্ন ব্যবসা কেন্দ্রে তদন্তে যাওয়ার ব্যাপারে প্রায়ই অভিযোগ আসে। এই ব্যবস্থাকে আরও স্বচ্ছ করার জন্য আমি প্রস্তাব করছি যে কোনো রেজিস্টার্ড ডিলারের অফিসে সংশ্লিষ্ট চার্জ অফিসারকে কর্মরত কেউ চার্জ অফিসারের কারণ-সহ লিখিত অনুমতি ছাড়া তারা যেতে পারবে না। কর ফাঁকি রোধের ব্যবস্থা শক্তিশালী করার জন্য বাণিজ্যকরের রেঞ্জ অফিসগুলিও সেন্ট্রাল সেক।

রাজ্য সরকার ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র সংস্থাগুলির মাধ্যমে কর্মসংস্থানের জন্য বিশেষ গুরুত্ব দিচ্ছেন। আমি তাই 'ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন অ্যাসিস্ট্যান্স স্কিম'-এর সুবিধা ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত বর্ধিত করার প্রস্তাব করছি।

স্যার, সম্পত্তি রেজিস্ট্রেশনের ক্ষেত্রে আগামী বছরের মধ্যে ২৪৬টি রেজিস্ট্রেশন অফিসের সবগুলিতেই ই-স্ট্যাম্পিং চালু হয়ে যাবে—বিরাট পদক্ষেপ।

বর্তমানে সম্পত্তির বাজার মূল্য ২৫ লক্ষের অধিক হলে ১ শতাংশ বেশি স্ট্যাম্প ডিউটি দিতে হয়—১ শতাংশ বেশি। আমি এই সীমা বাড়িয়ে ৩০ লক্ষ করার প্রস্তাবটি এখনই চালু করতে চাই। এর ফলে সাধারণ মানুষ ৩০ লক্ষ টাকা অবধি মূল্যের সম্পত্তির জন্য ৭ শতাংশ-র জায়গায় ৬ শতাংশ স্ট্যাম্প ডিউটি দেবেন।

স্যার, বর্তমানে দলিলে স্ট্যাম্প ডিউটির ঘাটতি দিতে দেরি করলে কি হয় জানেন ? প্রতি মাসে ২% হারে সুদ দিতে হয়, আর কোনো উর্ধ্বসীমাও নেই। আমি, এই সুদের হার ২% থেকে কমিয়ে ১% করার প্রস্তাব করছি যার সর্বোচ্চ উর্ধ্বসীমা হবে ২০,০০০ টাকা। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষের সুবিধার্থে।

স্যার, জনগণকে তাদের বাড়ির মেরামত ও সংস্কারের জন্য বাড়ি মর্টগেজ করে ঋণ নিয়ে হত। এই দ্বিতীয়বার বন্ধকের জন্য গৃহীত অর্থের উপরে কোনও উর্ধ্বসীমা ছাড়াই ৪% হারে স্ট্যাম্প ডিউটি দিতে হয়। আমি প্রস্তাব করছি এই দ্বিতীয় বন্ধকের ক্ষেত্রেও মূল বন্ধকের মতোই স্ট্যাম্প ডিউটি হবে সর্বোচ্চ ১ লক্ষ টাকা। সীমা বেঁধে দিচ্ছি।

স্যার, চা শিল্পের বিকাশ ও শ্রমিকদের সুবিধার্থে আমি, গ্রামীণ কর্মসংস্থান সেস্ ও শিক্ষা সেস্ আগামী অর্থবছরে মকুব করার প্রস্তাব করছি।

স্যার, মহিলাদের ব্যবহৃত দ্রব্যের ক্ষেত্রে কিছু সুবিধা দেওয়ার জন্য আমি ২৫ টাকা এম.আর.পি. পর্যন্ত স্যানিটারি ন্যাপকিন, ১,০০০ টাকার কম দামের গ্যাস স্টোভের এবং চুল বাঁধার ব্যান্ড ও ক্লিপের ওপর করের হার ১৪.৫% থেকে কমিয়ে ৫% করার প্রস্তাব রাখছি।

মাননীয় অধ্যক্ষ ও এই মহতী সভার শ্রদ্ধেয় সদস্যদের জানাচ্ছি যে, আগামী ২০১৪-১৫ অর্থবর্ষের প্রতিশ্রুতি পালন করতে রাজ্য পরিকল্পনা ব্যয় খাতে আমি ৩০,৮৪৭.৩১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি। গত বছরে এই ব্যয় বরাদ্দের পরিমাণ ছিল ২৬,৬৭৪ কোটি টাকা। বিরাট ইনক্রিজ, বিরাটভাবে এগিয়ে যাবে।

এই অঙ্কটি গতবারের তুলনায় ব্যাপক বৃদ্ধি পেয়ে ১৫.৬৫ শতাংশ হয়েছে। তার মানে ১৫.৬৫ শতাংশ বাড়ল এবছর, আগের বছরের তুলনায়—প্ল্যান এক্সপেন্ডিচার।

আগামী ২০১৪-১৫ অর্থবর্ষে আমাদের নিজস্ব কর বাবদ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৫৪১৩.৯৬ কোটি টাকা ধার্য করা হয়েছে।

আগামী বছরের আনুমানিক ঘাটতি হবে মাত্র ৯ কোটি টাকা।

মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বর্তমান সরকার রাজ্যবাসীর হিতার্থে যেভাবে নিরলস ও নিঃস্বার্থভাবে কাজ করে চলেছে, সমস্ত বাধা অতিক্রম করে বাংলায় রেনেসাঁ আনার লক্ষ্যে—তারই পরিপ্রেক্ষিতে আমি আজ আমার বক্তব্য শেষ করতে চাই বাংলার মহান কবি ডি এল রায়ের কবিতার অবিস্মরণীয় কয়েকটি লাইন স্মরণ করে, "কিসের দুঃখ কিসের দৈন্য, কিসের লজ্জা কিসের ক্লেশ ; সপ্তকোটি মিলিত কণ্ঠে, ডাকে যখন আমার দেশ।"

LAYING OF FISCAL POLICY STATEMENT

Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal

Dr. Amit Mitra : Sir, I beg to lay Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement and Supplementary Estimates of the Government of West Bengal.

In terms of Article 305 of the Constitution of India I beg to lay before the House of statement showing the supplementary expenditure for the year 2013-14 amounting to Rupees Nineteen Thousand Three Hundred Fifty Two crore Eleven Lac Twenty Seven Thousand only of which the charged item account for Rupees Eleven Thousand Seven Hundred Sixty Seven crore Forty Four Lac Seven Thousand only and the voted items account for Rupees Seven Thousand Five Hundred Eighty Four crore Sixty Seven Lac Twenty Thousand only. In the booklet demanding supplementary grant for 2013-2014 circulated to the Hon'ble Members, details of the supplementary estimates and the reasons thereof have been given.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, 03.00 p.m. on Friday, the 21st February, 2014 has been appointed as the latest time for receipt of notices of motions for reduction of Demands for Grants by this Secretariat.

While giving notices of motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat on week days during office hours.

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATES OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2013-2014

Dr. Amit Mitra : Sir, I beg to present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2013-2014 which I presented earlier and I repeat.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, 05.00 p.m. on Tuesday, the 18th February, 2014 has been appointed as the latest time and date for receipt of notices of motions for reduction of Supplementary Grants of the Government of West Bengal for the year 2013-2014 by this Secretariat.

While giving notices of motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat on week days during office hours.

Adjournment

The House was then adjourned at 4.05 p.m. till 11 a.m. on Tuesday, the 18th February, 2014, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 18th February, 2014 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 06 Ministers of State, 19 Parliament Secretaries and 157 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

পশ্চিমাঞ্চল উন্নয়নে অর্থ বরাদ্দ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **শ্রী অসিত মিত্র :** পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ সালের ১লা মে থেকে ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত পশ্চিমাঞ্চল উন্নয়নের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত : এবং

(খ) উক্ত সময়ে ওই অঞ্চলের বিভিন্ন কর্মসূচি রূপায়ণে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

ডাঃ সুকুমার হাঁসদা : (ক) উক্ত সময়কালে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের মোট পরিমাণ ৪২৪ কোটি ৫২ লক্ষ ৪৫ হাজার টাকা।

(খ) উক্ত সময়ে ওই অঞ্চলের বিভিন্ন কর্মসূচি রূপায়ণে যে পরিমাণ অর্থ পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ থেকে ব্যয়িত হয়েছে তার প্রমাণ ২৫৫ কোটি ৯২ লক্ষ ৬১ হাজার ৫১২ টাকা।

শ্রী অসিত মিত্র : স্যার আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন। পাঁচটি জেলা নিয়ে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ। আপনি এটা জানেন কি যে, যে দফায় আপনি প্রত্যেকটা জেলায় কাজগুলো করেন, মূল কর্মসূচিগুলো কি এবং সবথেকে দুঃখের কথা হচ্ছে ৪২৪ কোটি ৫২ লক্ষ টাকা আপনার বরাদ্দ হল আর আপনি খরচ করলেন ২৫৫ কোটি ৯২ লক্ষ ৬১ হাজার ৫১২ টাকা। অর্থাৎ মূলত প্রায় ১৬৮ কোটি টাকা এই ৪২৪ কোটি টাকার মধ্যে আপনি খরচই

করতে পারলেন না। আমার প্রশ্ন হল, এই খরচ না করতে পারার কারণ কি আর মূল কাজ কোনগুলো করেন আপনি।

ডাঃ সুকুমার হাঁসদা : বাজেটে পুরো টাকা যেটা পাওয়া গেছে প্রত্যেকটার এগেনস্টে ফান্ড রিলিজ হয়ে গেছে। খরচের হার বেশ ভালো। খরচ যেটা দেখানো হচ্ছে, ২০১১-১২ সালে খরচ প্রায় ৮৭.৩১%, ২০১২-১৩ সালে খরচ ৮০.৩১%, ২০১৩-১৪ সালে খরচ ২২.২২%। খরচের হার কিন্তু বেশ সন্তোষজনক। এটা আপনারা সবাই জানেন, যে কাজগুলো করা হয় ব্লক, জেলা পরিষদ বা বিভিন্ন দপ্তরকে তাদের ফান্ডের যে টাকাগুলো ধাপে ধাপে দেওয়া হয়। প্রথম ধাপে দেওয়া হল যাতে ইউ.সি.গুলো আমরা তাড়াতাড়ি পেতে পারি। এবং যে স্কীমগুলো আছে সেগুলো যাতে আমরা মনিটারিং করতে পারি তার জন্য ধাপে ধাপে টাকা ছাড়া হয়। প্রত্যেকটা স্কীমের এগেনস্টে ফান্ড কিন্তু পুরোটাই মানে এক কথায় বলতে গেলে ১০০% ফান্ড রিলিজ হয়ে গেছে। এবং এই বছরের ক্ষেত্রেও যেটা ফান্ড আমরা রিলিজ করি যেমন চলতি বছরে আমাদের মোট বাজেট বরাদ্দ ১৬২ কোটি টাকা। এই ১৬২টির মধ্যে ১৫৬ কোটি টাকার প্রকল্প ইতিমধ্যে রূপায়নের জন্য অনুমোদন করে দেওয়া হয়েছে। মানে আমরা পুরো টাকাটাই ছেড়ে দিই। শুধু বাকি যে অ্যামাউন্টটা আছে সেটা বাঁকুড়া থেকে প্ল্যান এস্টিমেট রেডি হয়ে আসলেই বাকি অ্যামাউন্টটা সঙ্গে সঙ্গে ছেড়ে দেওয়া হবে। কাজের ক্ষেত্রে যাতে আমরা সুন্দর মনিটরিং করতে পারি, ইউ. সি. হাতে তাড়াতাড়ি পাই তার জন্য ধাপে ধাপে টাকা ছেড়ে দেওয়া হয়। সেই কারণেই এই অর্থটা আমাদের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের দপ্তরে আছে। টাকা আছে। কাজগুলো ধাপে ধাপে করা হয় যাতে ইউ.সি.গুলো তাড়াতাড়ি পাই।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার দ্বিতীয় supplementary, মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে, তিনি home work করে ভালো করেই উত্তরটা দিলেন। কিন্তু আপনার ব্যর্থতাটাকে আপনি যেভাবেই হোক না কেন, যে কোনো কারণেই হোক আপনি আসলে আসল কথাটা স্বীকার করতে পারলেন না।

মিঃ স্পীকার : আপনি question করুন। "আপনি স্বীকার করতে পারলেন না" এসব কি বলছেন ? আপনি আপনার question-টা করুন।

শ্রী অসিত মিত্র : আমি আপনাকে যে কথা বলতে চাইছি, যে question-টা হল এই যে, আসলে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ তৈরি হয়েছিল ওই এলাকার উন্নয়নকে দ্রুত করার জন্য। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, আপনার নিজস্ব কোনো infrastructure দপ্তরে না থাকার ফলে আপনাকে পঞ্চায়েতের উপর depend করতে হচ্ছে, Forest Department-এর উপর depend করতে হচ্ছে এবং আরো কিছু কিছু Department-এর উপর। আপনি কি মনে করেন, এদের উপর, এই Department-গুলোর উপর depend করে আপনার দপ্তরের ক্ষতি হচ্ছে ? যদি তা না হয় তাহলে আপনি কি নিজস্ব infrastructure তৈরি করার কথা ভাবছেন ? আপনার দপ্তর পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ কি আলাদা করে infrastructure বা পরিকাঠামো তৈরি করার কথা ভাবছেন ?

ডাঃ সুকুমার হাঁসদা : আপনারা জানেন যে, বিগত বামফ্রন্টের আমলে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ বলে একটা দপ্তর ছিল কেউ জানত কি না আমি জানি না। মা-মাটি-মানুষের সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রীর নীতি, আদর্শ অনুপ্রেরণা এবং উদ্যোগের ফসল আজকে পশ্চিমাঞ্চল অঞ্চলের পরিচিতি সর্বত্র। যেখানেই কাজ হচ্ছে, সেখানেই দেখবেন, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ। আগে প্রকল্পগুলোর তৈরির জন্য কোনো infrastructure ছিল না। এই infrastructure তৈরি হয়েছে। তা সত্ত্বেও আগে যেমন করা হয়েছিল যখন infrastructure ছিল না, তখন বিভিন্ন দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে, ব্লক, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ বিভিন্ন দপ্তর যেমন, সেচ, পূর্ত, স্বাস্থ্য, বন এবং পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ নিজে থেকে কাজ করত। যার ফলে প্রত্যন্ত এই সমস্ত যে কাজগুলো প্রতিটি systematic। আগে কি হত আমি জানি না। প্রতিটি কাজের against-এ plan, estimate, vetting করে প্রত্যেকটি কাজের against-এ যদি টাকা দশমিক পয়সা হয় সেই amount-টাই sanction করা হয়। এবং প্রতিটি কাজে যে কাজের জন্য যে অর্থ বরাদ্দ হবে, সেই কাজটাই করতে হবে। এবং প্রতিটি কাজ monitoring করা হয় এবং এত দ্রুততার সঙ্গে—যে UC-গুলো Collection করার চেষ্টা করা হচ্ছে বা করা হয়েছে তার কারণ, আমরা যে বরাদ্দ যে অর্থ সেটা ধাপে ধাপে ছাড়ি। Monitoring করি, UC নিই, UC পাওয়া মাত্র সঙ্গে সঙ্গে টাকাগুলো ছেড়ে দেওয়া হয়। আর infrastructure development করতে গেলে সময়সাপেক্ষ ব্যাপার। আজকে একটা building করতে গেলে ৬ মাস ৮ মাস একবছর লাগতেই পারে। সেক্ষেত্রে পুরো UC পেতে সময় লাগে। কাজেই স্বাভাবিক কারণেই তা সত্ত্বেও আমরা ২০১১-১২ সালে যে UC পাওয়া গেছে ৮৭.৩১%, ১২-১৩-তে ৮০.৩১% এবং আমরা প্রত্যেকটা কাজে monitoring পাওয়ার ফলে এত দ্রুততার সঙ্গে সম্পন্ন হয়। তা সত্ত্বেও যদি একটা উদাহরণ দেওয়া যায় যে, infrastructure development যেগুলো করা হয়েছে এই মুহূর্তে শিক্ষাক্ষেত্রে এখন পর্যন্ত প্রায় ৩৩টি ছাত্রাবাস নির্মাণ হয়ে গেছে। ৮৮টি বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন ঘটানো হয়ে গেছে। এত দ্রুততার সঙ্গে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ কাজ করছে যে, সেটা সম্ভব হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা আমাদের নেত্রী মমতা ব্যানার্জীর আদর্শ, অনুপ্রেরণা, উদ্যোগে জঙ্গলমহলের উন্নয়নের জন্য।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, ধন্যবাদ আপনাকে, আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, উনি তো ২২% টাকা খরচ হয়েছে তাতেই সন্তুষ্ট। যাই হোক, এটা সন্তুষ্ট কি না আমার পক্ষে বলা মুশকিল তবে মানুষ অখুশি। Administrative Calendar প্রকাশিত হয়েছে। আমাদের হাতে এসেছে। উনি নিশ্চই পড়ে দেখেছেন যে, জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে কি করতে হবে। গত ফেব্রুয়ারিতে কি করার কথা ছিল। আমি জানতে চাইছি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে, আমরা যারা পশ্চিমাঞ্চল এলাকার MLA, পূর্বে যখন বামফ্রন্টের আমলে পশ্চিমাঞ্চল ছিল, যখন আমরা মিটিংয়ে ডাক পেতাম বাঁকুড়াতে যেতাম, Executive Body, General Body-র মিটিং হত। এই সময়কালে সেই

ধরনের কথা আমি শুনিনি। ফলে MLA-দের ভূমিকা কি হবে প্রকল্প নির্বাচনে। আর পঞ্চায়েতগুলোর ভূমিকা কি হবে ? যদি Officer-এর নির্ভরশীলতা বাড়ে তাহলে হাল এই হবে। সবই BDO করবেন, SDO করবেন, DM করবেন। যদি ত্রি-স্তর পঞ্চায়েত এবং MLA-দের বাদ দেওয়া হয় বা MP-দের বাদ দেওয়া হয়।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি প্রশ্নটা করুন।

শ্রী রামেশ্বর দোলই : আমি নির্দিষ্ট করেই প্রশ্নটা করছি, সেইজন্য এদের ব্যাপারে কি হবে ? মাননীয় মন্ত্রী মহোদয় যদি বলেন—যে ওয়ার্ক অর্ডার হল, তার কপি কি এম.এল.এ.-রা জানতে পারবেন না, স্বচ্ছতা বজায় রাখতে গেলে তো কপি পাওয়া দরকার। পঞ্চায়েত জানবেন, এম.এল.এ.-রা জানবেন এই জায়গায় কাজটা হচ্ছে। সেই কপিটা পাওয়ার ব্যাপারে আপনি যদি কিছু বলেন। ধন্যবাদ।

[11.10—11.20 a.m.]

ডাঃ সুকুমার হাঁসদা : আপনার প্রশ্নের সঙ্গে আজকের প্রশ্নের কতটা সামঞ্জস্য আছে আমি জানি না। তা সত্ত্বেও আমি আপনাকে বলছি, বিগত দিনগুলোতে মানে, আগের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ কি করত আমি জানি না। তবে এটুকু বলতে পারি, যে প্রকল্প যখন ঠিক করা হয় বছরের শুরুতে, জেলাগুলো অ্যাকশন প্ল্যান তৈরি করে। ব্লক বা পঞ্চায়েত সমিতিভিত্তিক প্ল্যানগুলো তৈরি করার সময় স্থানীয় এম.এল.এ.-দের মতামত নেওয়ার জন্য লিখিতভাবে নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন দপ্তরের পাঠানো কিছু প্রকল্প আমরা অনুমোদনের জন্য বিভিন্নভাবে বিবেচনা করি সেটা গুরুত্ব অনুযায়ী। কাজেই অতীতে আপনারা ইচ্ছামতো করেছেন, কিন্তু আমরা প্রত্যেকটি এম.এল.এ. যাতে তাদের কথাবার্তা বলতে পারে, প্ল্যান এস্টিমেট, মানে চিন্তা-ভাবনা করে জানাতে পারে, তার জন্য গুরুত্ব দেওয়া এবং চিঠিও ছাড়া হয়েছে। যেটা আপনারা অতীতে কোনোদিনই করতেন না।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই স্যার, আজকে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ—আমি জঙ্গলমহল এলাকার বিধায়ক স্যার—যেভাবে কাজ করছে, একটা অন্তত আমাদের গর্ব। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুসারে, জঙ্গল মহলে সামগ্রিক পানীয় জল থেকে কনস্ট্রাকশানের কাজ রেকর্ড পরিমাণে হচ্ছে স্যার। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি স্যার। আমার প্রশ্নটা এই জায়গায় স্যার—মাননীয় মন্ত্রী মহোদয়কে, যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ যে তৈরি হয়েছিল, আমরা জঙ্গলমহলের মানুষ জানতাম না ; আমার প্রশ্ন এই জায়গায় স্যার, বিগত বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের টাকা উন্নয়নের স্বার্থে খরচ হয়েছিল না কঙ্কালকাণ্ডের জন্য খরচ হয়েছিল, তার উত্তর আমি জানতে চাই।

ডাঃ সুকুমার হাঁসদা : স্যার, আমি বলছি। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের প্রত্যেকটা কাজ, যে সমস্ত কাজগুলো বিভিন্ন জায়গায় বছরের শুরুতে প্ল্যান অ্যাকশান তৈরি করা হয়

এবং বিভিন্ন সময়ে কাজ মনিটরিং করতে গিয়ে দেখা গেছে যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে হয় থিওরেটিক্যালি কাজ হয়ে গেছে, বাস্তবে কোথাও কিছু হয়নি। কোথাও শিলান্যাস হয়েছে তো বাস্তবে কোনো কিছুই হয়নি। তো বিভিন্ন জায়গায় দেখা গিয়েছে বাস্তবিক পক্ষে এত অর্থ খরচ হয়েছে সেই অর্থ কোথায় গিয়েছে, কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে যে কোথাও কোনো কাজ হয়নি। কেননা, প্রতিটি পদক্ষেপে যে ভাবে কাজ দপ্তর ওয়াইজ হয়েছে, আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে একটা উন্নয়নের দিক যদি ধরা যায় তাহলে উন্নয়ন কি হয়েছে তা দেখলেই বোঝা যাবে যে কাজগুলো অতীতে করে থাকলে আমাদের করতে হত না। যেমন এখন পর্যন্ত যেটা বললাম মোট ৩৩টি ছাত্রাবাস নির্মাণ এই আড়াই বছরের মধ্যে। ৮৮টি বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়ন, লাক্ষাচাষ—যেটা পুরুলিয়া জেলায় লাক্ষাচাষ সম্প্রসারণ করা হয়েছে, সেটা সবাই জানেন। সেচ ব্যবস্থার উন্নতি যদি করে থাকতেন তাহলে আমাদের করতে হত না। গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার যে উন্নয়ন যদি করে থাকতেন তাহলে আর আমাদের এত খাটতে হত না। আপনারা কিছুই করেননি। তা সত্ত্বেও আপনাদের সামনে কিছু নমুনা তুলে ধরছি। পুরুলিয়া জেলাতে ৬টি, পশ্চিম মেদিনীপুর জেলাতে ৫টি, বাঁকুড়া জেলাতে ৪টি এন.আর.সি. নির্মাণ। রাইপুর গ্রামীণ হাসপাতাল, আপনারা জানেন সেটা ৩০ থেকে ১০০ বেডের, সেটার বিল্ডিং সম্পূর্ণ হয়ে গেছে। ঝাড়গ্রাম জেলা হাসপাতাল, পুরুলিয়ার দেবেন মাহাতো হাসপাতাল, এস.এন.সি.ইউ.-সহ উন্নতিকরণ করা হয়েছে। জঙ্গলমহল এলাকাতে মোবাইল মেডিক্যাল ক্যাম্প আয়োজিত হয়েছে। পুরুলিয়ার পারা ব্লকে তৈরি হয়েছে রেফারেল আই হসপিটাল। আগামীদিনের আর চোখের চিকিৎসার জন্য আমাদের আর কলকাতায় আসতে হবে না। পশ্চিম মেদিনীপুরে লালগড়ে তৈরি হচ্ছে নার্সিং ট্রেনিং স্কুল। এই নমুনাগুলো আপনারা যদি দেখেন—এছাড়াও বহু আছে—যেগুলোর ব্যাপারে আমি আপনাদের অনুরোধ করব আপনারা নিজেরা গিয়ে একবার দেখে আসুন, যেটা বললাম, প্রতিটি দেখে আসুন। যেটা অতীতে আপনারা দেখাতে পারতেন না।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মন্ত্রীর কাছে প্রশ্ন করছি যে, বাম জমানায় কতগুলি প্রাইমারি স্কুল, কতগুলি উচ্চ মাধ্যমিক স্কুল ছিল, কতগুলি ছাত্রাবাস, কতগুলি পানীয় জলের ব্যবস্থা হয়েছিল এবং কত টাকা তছরূপ হয়েছিল ? সেইগুলো যদি একটু বলেন।

ডাঃ সুকুমার হাঁসদা : বিভিন্ন জায়গায় উন্নয়নের যে খতিয়ান দিলাম তাতে দেখা যাচ্ছে অতীতে কোনো কাজ হয়নি। যার ফলে বাম জমানায় কতখানি কি খরচখরচা, অপচয় করা হয়েছিল খরচ না করে, যেটা অর্থের অপচয়, কিছুই কাজ করেনি—তা পরবর্তীকালে আমি লিখিতভাবে আপনাদের জানিয়ে দেব।

শ্রী দেবলীনা হেমব্রম : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি। অতিরিক্ত প্রশ্ন। স্যার আমি নির্দিষ্টভাবে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আমাদের পাঁচটি জেলা নিয়ে গঠিত হয়েছে পশ্চিমাঞ্চল। এটা ঠিকই। এই সময়ের মধ্যে যদি নির্দিষ্ট করে আপনি বলেন, আমার বিধানসভা এলাকায় রানীবাঁধ, তার পাশে বান্দোয়ান, বিনপুর

এই পাশাপাশি এলাকায়, বিশেষ্ করে আমার বিধানসভা এলাকায় পশ্চিমাঞ্চল থেকে কি কি কাজ হয়েছে ? যদি নির্দিষ্ট করে আমাকে বলেন তাহলে আমি উপকৃত হব।

ডাঃ সুকুমার হাঁসদা : আজকে এই প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয়। তা সত্ত্বেও আমি বলছি। আপনার রানীবাঁধে আপনি নিজেই দেখে নেবেন যে একটা পানীয় জলের প্রকল্প হচ্ছে, যেটা আপনারা কোনোদিন ভাবতে পারেননি। একটা গ্রামের হেল্‌থ সেন্টারে যে পানীয় জলের প্রকল্প, যে জল আপনি বোতলে কিনে খান, সেই জল আপনি ওখানে খেতে পারেন। এমনই একখানা প্রকল্প যেটা খুব তাড়াতাড়ি ২২-২৩ তারিখের মধ্যে আমরা উদ্বোধন করে দিচ্ছি। এইরকম প্রকল্প বাঁকুড়াতে এগারোখানা করা হয়েছে। সাতটা উদ্বোধন করার অপেক্ষায় আছে। উদ্বোধন করে দেব। আপনারা কিছু করেননি। আপনাদের তো একটা নমুনা দিলাম।

শ্রী অসিত কুমার মাল : স্যার আপনাকে ধন্যবাদ। মাননীয় পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার ছোটো প্রশ্ন স্যার, বুঝতে কোনো অসুবিধা হবে না মন্ত্রীর এবং হাউসে সকলের। পশ্চিমবঙ্গ উন্নয়ন বিষয়ক মাননীয় মন্ত্রী বিভিন্ন উন্নয়নের কথা বলছেন। খুব ভালো কথা। আমি শুধু জানতে চাই, ৪২৫ কোটি টাকার মধ্যে যে উন্নয়নগুলো, স্কুল, কলেজ, হাসপাতাল, পানীয় জল ইত্যাদি ইত্যাদি, যেগুলো করা হচ্ছে তার মধ্যে কেন্দ্রীয় সরকারের কোনো শেয়ার আছে কিনা। থাকলে তা কত টাকা?

ডাঃ সুকুমার হাঁসদা : সেইরকম কোনো শেয়ার নেই। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোনো শেয়ার নেই।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি যেটা বলেছেন যে ৭৮ শতাংশ টাকা খরচ হয়নি। স্বাভাবিকভাবে তার মধ্যে কোন্ কোন্ টাইপের প্রকল্প রয়েছে যেগুলি আনস্পেন্ড রয়েছে। যদিও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ৩০বার গেছেন জঙ্গলমহলে। তাহলে সেখানে খরচের এই বেহাল অবস্থা কেন, অনুগ্রহ করে একটু জানাবেন কি ?

ডাঃ সুকুমার হাঁসদা : স্যার একটা ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টে সময় লাগে। আমি আগেই বলেছি, যে ইউ.সিগুলো আসছে, ৫০% বা তার ফান্ড, এক এক সময় যেটা ছাড়া হচ্ছে—প্রথম দফায় যে টাকা ছাড়া হয়েছিল ইউ.সি. যেগুলো এসেছে, সেই ইউ.সি.গুলোই দেখতে পাচ্ছেন না। কাজ কিন্তু পুরোদমে চলছে। কাজ সম্পূর্ণ হয়ে গেলে বাকি ইউ.সি. পেয়ে গেলেই আপনারা বুঝতে পারবেন যে ৩৫ বছরে যা পারেননি বা বিগত কয়েক বছরে পশ্চিমাঞ্চল থাকাকালীন যা পারেননি তার চেয়ে অনেক বেশি কাজ সম্পূর্ণ হয়ে গেছে।

[11.20—11.30 a.m.]

শ্রী শুভাশীষ বটব্যাল : সদ্য ভারত সরকার আমাদের বাঁকুড়া জেলাকে যে প্রথম স্থানের জন্য পুরস্কার দিয়েছেন তার মধ্যে অন্যতম হচ্ছে আমার বিধানসভার অন্যতম

শুশুনিয়া পাহাড়ে ইকোপার্ক। সেই পার্ক তৈরি করার ব্যাপারে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের ভূমিকা অনবদ্য। ভারত সরকার এই পুরস্কার দিয়েছেন এবং আমাদের জেলার জেলাশাসক সেই পুরস্কার নিয়ে এসেছেন। সমস্ত কাগজেই এই খবর প্রকাশিত হয়েছে, আপনারা দেখে নেবেন। এর জন্য আমি পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাই। স্যার আমার অতিরিক্ত প্রশ্ন, ইকো-পার্কের সঙ্গে একটি বোটিং ক্লাব হচ্ছে। টাকার ব্যাপারে সেটির কাজ অসম্পূর্ণ রয়েছে। সেটি সম্পূর্ণ করার ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কি কোনো ব্যবস্থা নেবেন ?

ডাঃ সুকুমার হাঁসদা : সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদ কাজ করে চলেছে এবং সেই কাজ শুশুনিয়ার ইকো পার্কে হচ্ছে। ইকো পার্কে বোটিংয়ের মাধ্যমে সেখানকার আদিবাসী মানুষদের রুজি-রোজগার হবে। সেই কাজ সম্পূর্ণ করার জন্য পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্যদ এগিয়ে আসবে। বাম জমানায় এই সমস্ত রুজি-রোজগারের ব্যবস্থা আদিবাসী বেল্টগুলিতে করা হয়নি। আজকে সেই কাজ আমাদের করতে হচ্ছে। যে কাজ ওরা পঁয়ত্রিশ বছরের মধ্যে পারেনি, সেই কাজ আমরা আড়াই বছরের মধ্যে করেছি।

হুগলীতে সেচ সেবিত জমি

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২) **শ্রী অসিত মজুমদার** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্ষুদ্র সেচ প্রকল্পের আওতায় হুগলী জেলাতে গৃহীত সরকারি পদক্ষেপগুলি কীরূপ ; এবং

(খ) এর ফলে ওই জেলায় কত পরিমাণ জমি সেচ সেবিত করা সম্ভব হয়েছে ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : (ক) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা ক্ষুদ্রসেচ প্রকল্পের আওতায় হুগলী জেলাতে মে ২০১১ হইতে গৃহীত সরকারি পদক্ষেপগুলি নিম্নরূপ :

* এখন পর্যন্ত দপ্তর দ্বারা পরিচালিত ৮০৩টি বিভিন্ন ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে প্রায় ৬৪,২২৮ হেক্টর কৃষি জমিতে কৃষক ভাইদের প্রয়োজনমতো সেচের জল সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে।
* এখন পর্যন্ত ১১৪২টি বিভিন্ন ক্ষুদ্রসেচ প্রকল্প উপকারভোগী কমিটিগুলির কাছে হস্তান্তরিত করা হয়েছে। এর মাধ্যমে প্রায় ২৮,৮৭৮ হেক্টর কৃষি জমিতে ক্ষুদ্রসেচ সামর্থ্য সৃষ্টি করা হয়েছে।
* আর.আই.ডি.এফ. কোরসেক্টর, ডব্লু.বি.এ.ডি.এম.আই.পি., বি.সি.ডব্লু., ১৩তম এফ.সি. ইত্যাদি পরিকল্পনায় বিভিন্ন ক্ষুদ্রসেচ প্রকল্প স্থাপন/প্রতিস্থাপন করে অতিরিক্ত ক্ষুদ্র-সেচ সামর্থ্য (ইরিগেশন পোটেনসিয়াল) সৃষ্টি/পুনরুদ্ধারের কাজ এগিয়ে চলেছে।

* সেচসেবিত এলাকা উন্নয়ন ও জল ব্যবস্থাপন কর্মসূচির অধীনে (সি.এ.ডি. এবং ডব্লু.এম.) দামোদর নদী উপত্যকায় মাঠনালা নির্মাণের মাধ্যমে সেচ সূচিত এলাকা (সি.সি.এ.) সৃষ্টির কাজ চলছে।

* 'জল ধরো-জল ভরো' কর্মসূচির আওতায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সহায়তায় এম.জি.এন.আর.ই.জি.এ.-র অধীন ২১৭৮টি জলসংরক্ষণ ও জলসঞ্চয় কাঠামো নির্মাণ/পুনরুদ্ধার করা হয়েছে। এই কর্মসূচির সার্থক রূপায়ণের জন্য জনসচেতনতা প্রচার অভিযানও চলছে।

* রাজ্য জল অনুসন্ধান অধিকার দ্বারা বৃষ্টির জল সঞ্চয় সংরক্ষণ ও ভূগর্ভস্থ জলের পুনঃসঞ্চার প্রকল্প রূপায়ণের কাজ চলছে।

(খ) এর ফলে হুগলী জেলায় দপ্তর দ্বারা পরিচালিত ৮০৩টি ও হস্তান্তরিত ১১৪২টি সর্বমোট ১৯৪৫টি ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে ৯৩,১০৬ হেক্টর কৃষি জমিতে সেচের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

এর মধ্যে, মে ২০১১ ইইতে জানুয়ারি ২০১৪ পর্যন্ত ২৭টি অকেজো গভীর নলকূপের পুনঃখনন, ৫টি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন নদী জল উত্তোলন সেচ প্রকল্প ও ৫৬টি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ স্থাপন, ২৫টি নিম্নক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের পুনরুজ্জীবন, ১টি মাঠনালা সম্প্রসারণ ও ৮টি ক্ষুদ্র সেচ প্রকল্পের পাইপলাইনের সংস্কার সমেত সর্বমোট ১২২টি ক্ষুদ্র সেচ প্রকল্প স্থাপন/প্রতিস্থাপন/পুনঃখনন করে ৪৩০৪ হেক্টর অতিরিক্ত ক্ষুদ্র সেচ সামর্থ্য (আই.পি.) সৃষ্টি/পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। এছাড়াও ডি.ভি.সি.এ.ডি.এ.-র অধীন মাঠনালা নির্মাণ করে আরো ১২৭ হেক্টর এলাকাকে (সি.সি.এ.) সেচের আওতায় আনা হয়েছে।

২০১৩-১৪ আর্থিক বছরের বাকি সময়ে বিভিন্ন প্রোগ্রামে ২১৩৬ হেক্টর অতিরিক্ত ক্ষুদ্র-সেচ সামর্থ্য (আই.পি.) ও সি.এ.ডি. এবং ডব্লু.এম.পি.-র অধীন ১২৫ হেক্টর (সি.সি.এ.) সৃষ্টির লক্ষ্যে দ্রুততার সাথে কাজ চলছে।

শ্রী অসিত মজুমদার : অনারেবল স্পীকার স্যার, মন্ত্রী মহোদয়কে আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় ক্ষুদ্র সেচের কি কি প্রকল্প এবং কোথায় করেছেন তা জানাবেন কি ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, বিশ্ব ব্যাঙ্কের যে আর্থিক সহায়তা পেয়েছি সেটা দিয়ে আমরা এই ২০১৩-১৪ এই আর্থিক বর্ষে কাজটা শুরু করেছি। হুগলী জেলাতে ইতিমধ্যেই ২০টি প্রকল্প নেওয়া হয়েছে, আপনারা জানেন যে প্রথম বছর কাজের গতিটা একটু কম হবে কারণ বিশ্ব ব্যাঙ্কের কতগুলো নিয়মকানুন মেনে চলতে হয়। এতে হুগলী জেলায় আমরা ২০টি প্রকল্প রূপায়ণ করতে চলেছি। এর মধ্যে ১৫টি রূপায়ণ হয়ে গেছে আর ৫টি মার্চ মাসের মধ্যে হয়ে যাবে। তার মধ্যে আর RLI আছে ২টি এবং mini-RLI যেটা আছে, ওটা ৩টি। maximum duty যেটা দেবে, এই রকম deep tube well আছে ৩টি। আর ১২টি আছে medium duty দেওয়ার deeptubewell। এগুলো

আপনার আরামবাগ, পোলবা, দাদপুর, ধনেখালি, তারকেশ্বর,খানাকুল, বলাগড়, জঙ্গিপাড়া এবং চুঁচুড়া মগরাতে এই ব্লকগুলোতে আমরা এলাকা বেছে নিয়েছি। তার মধ্যে কয়েকটা মৌজা আপনার জ্ঞাতার্থে বলে দিই শ্যামগ্রাম, অরুণবেড়িয়া, গৈয়া, কমরুল, নস্করপুর, গুপ্তিপাড়া, চিংড়াতেলি, ইছাপুর, আটপুর, পাঁচগাছিয়া, লোকপাটি, মৈদিপুর, ভগবানপুর, পূর্বনারায়ণপুর, বাসনাতিরবাল, গৌরনাই, পাঁচপাড়া, হেদিয়াপোতা-এর মাধ্যমে আমরা প্রায় ৪৫৭ হেক্টর এলাকাকে ক্ষুদ্র সেচের আওতায় নিয়ে আসতে পারব।

শ্রী অসিত মজুমদার : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, ২০১৩-২০১৪ আর্থিক বর্ষে কত হেক্টর জমিতে জলসরবরাহ করবেন এবং কিভাবে করবেন ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : হুগলী জেলাতে আমরা একটা বড়ো প্রকল্প জল ধরো জল ভরোতে যেটা নিয়েছি। সেটা হচ্ছে ১ কোটি ৫৬ লক্ষ টাকা আমরা অনুমোদন করেছি core sector থেকে। যার মাধ্যমে আপনার কয়েকটা পুষ্করিণী যেটা পুনঃখনন হবে, আমাদের unit আমি আগেও বলেছি, আমাদের unitটা হচ্ছে ৪০ বাই ২০ এই unit-এ আমরা pond areaটা ধরে নিই। তাতে করে আমরা NREGA মাধ্যম দিয়ে, আপনারা জানেন যে NREGA-র যে টাকা সেটাকে আমরা ব্যবহার করি, ২২ হেক্টর সেচ সেবিত এলাকা এর মধ্যে আমরা কভার করব। এছাড়া ২০১৩-১৪ আর্থিক বর্ষের বাকি সময়ে হুগলী জেলায় বিভিন্ন programme ৬টি অকেজো গভীর নলকূপের পুনঃখনন করব, ৮টি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন নদীজল উত্তোলিত সেচপ্রকল্প। ৬১টি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ স্থাপন। ৩টে নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের পুনরুজ্জীবন এবং ১২৮টি sprinkler scheme এটা স্থাপন করে ২০৬টি মোট ক্ষুদ্র সেচ প্রকল্প ওখানে স্থাপন করা হবে। যার ফলে ২১৩৬ হেক্টর সেচ সেবিত এলাকা ক্ষুদ্র সেচের আওতায় আমরা নিয়ে আসতে পারব। এর কাজ প্রায় শেষের পথে, মার্চ মাস হলেই দেখতে পাবেন সব কাজটাই সম্পূর্ণ হয়ে গেছে।

শ্রীমতী ফিরোজা বেগম : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, আমি মুর্শিদাবাদ জেলার রাণীনগর বিধানসভার এম.এল.এ., ওই অঞ্চল মূলত কৃষিপ্রধান এবং বর্ডার এলাকা। ওই অঞ্চলের মানুষ কৃষিজীবী। আমি এর আগেও বহুবার বলেছি এই সভায়, পবিত্র সভায়। বার বার বলেছি। ওই অঞ্চলের মানুষ কৃষিজীবী। সেখানকার ক্লাস্টারগুলো বহু আগে সম্মানীয় সাত্তার সাহেব করেছিলেন, সেই ক্লাস্টারগুলো নষ্ট হয়ে পড়ে আছে। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন, সেই ক্লাস্টারগুলোর সংস্কার করে সেইগুলো আবার সেচ প্রকল্পের আওতায় আনা হবে কিনা, যদি উত্তর দেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয়া বিধায়িকা মহোদয়া, আপনার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় অধ্যক্ষের মাধ্যমে বলি। আপনার যে এলাকা ওখানে এই স্কীমগুলি বেশিরভাগ handed over scheme বিগত দিনে তাদেরকে অর্থাৎ যারা beneficiary তাদের হাতে দিয়ে দেওয়া হয়েছে। এখন সে কারণে এইগুলোকে মেরামত করার দায়িত্ব সরাসরি সরকার

পক্ষের ওপর বর্তায় না। তবুও আমরা সমস্ত প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, বৃহৎ চাষী সবার কথা ভেবে আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। ইতিমধ্যে দেখুন, আপনার মুর্শিদাবাদ জেলার প্রায় অর্ধেকেরও বেশি বা রিপোর্ট এসেছিল তার মেরামতির কাজ শুরু হয়েছে। দয়া করে আপনি একটু Executive Engineer সঙ্গে জনপ্রতিনিধি হিসাবে যদি যোগাযোগ নেন তাহলে মনে হয় কাজটা ত্বরান্বিত হয়ে যাবে।

[11.30—11.40 a.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে জল ধরো, জল ভরো কর্মসূচির আওতায় বিশেষ করে আমাদের মালদা জেলায় যে কর্মসূচি নেওয়া হয়েছে—তাতে কতগুলো পুকুর খনন করা হয়েছে ? বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সাদলিচক বলে একটা অঞ্চল আছে, ওই অঞ্চলের যে কিছু প্রান্তিক চাষীরা স্যালো-ট্যালো করার জন্য যারা অনুমতি পাচ্ছে না তাদের জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? এবং পারমিশান দেওয়া হবে কি না হবে ? আর আমার নির্দিষ্ট প্রশ্ন হল এই যে জল ধরো, জল ভরো স্কীমের আওতায় কতগুলো পুকুর খনন হয়েছে ? দয়া করে যদি এই সভায় একটু বলেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়ক মহোদয়কে জানাই—আপনার মালদা জেলা পুকুর খননের দিকে একটু পিছিয়ে আছে এই কারণে—ওই জায়গা থেকে বেনিফিসারিরা খুব বেশি এগিয়ে আসেনি। তাই ৭৭৪টি পুকুর ওখানে খনন করা হয়েছে। আর অঞ্চলভিত্তিক রেকর্ডটা আপনি যদি বলেন, তাহলে দেখবেন আমরা ফিসারী দপ্তরে বেনিফিসারির নাম সমেত পাঠিয়ে দিয়েছি, কোনগুলো খনন করেছি। তারা ইতিমধ্যে—সম্মানীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী ফিস্গার লিঙ্ক দেওয়া শুরু করেছে। আর আপনার যে পার্টিকুলার অঞ্চল, ওই ব্লকটা সেমি-ক্রিটিক্যাল ডিক্লেয়ার হয়ে আছে। যার ফলে আমরা সহজে অনুমতি দিতে পারছি না। কিন্তু প্রান্তিক চাষীদের কথা ভেবে—আমি ওটা একটা ক্রিটিক্যাল অ্যানালেসিস, এটা আমি আগেও হাউসে বলেছি যে, এই অ্যানালেসিসটা বিগত দিনে যেটা ছিল, এটা মেগালেবেলে করা হয়েছে, মাইক্রোলেবেলে অ্যানালেসিস শুরু করেছি। খুব সম্ভবত আপনার এলাকাটা আবার ক্রিটিক্যাল থেকে সেমি-ক্রিটিক্যালে এসেছে। আর একটু সময় দিন সেমি-ক্রিটিক্যাল থেকে আমরা এটাকে জল ব্যবহারের উপযুক্ত নেওয়ার জায়গায় নিয়ে আসতে পারব।

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ভূগর্ভস্থ জল, সেই সঞ্চিত জলের পরিমাণ সভ্যতার স্বার্থেই ব্যবহারের জন্য আস্তে আস্তে নিচে নেমে যায় বিশেষ করে গ্রীষ্মকালে। এখন যে ভাবে জল ব্যবহার হচ্ছে, এমনকি আগামীদিনে পানীয় জলেরও সংকট হতে পারে। এর পরিপ্রেক্ষিতে আপনি কি ভূগর্ভস্থ জলের ব্যবহার নিয়ন্ত্রণের কথা বা ব্যবহারের কোনো বিশেষ ব্যবস্থার কথা ভাবছেন ? যদি দয়া করে বলেন, উপকৃত হব।

ডঃ **সৌমেন কুমার মহাপাত্র** : ভীষণ গুরুত্বপূর্ণ প্রশ্ন, সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে জানাই যে. এই ব্যাপারে আমি আগেও হাউসে বলেছি যে. বিগত দিনে যে আইনটা করা ছিল সেটা শক্ত-পোক্ত ছিল না এবং জলটাকে সত্যিই ম্যানেজমেন্ট যদি না করা হয়. ভীষণ দুর্দিন। তাই আমরা একটা আইন করেছি এবং সেই আইনটা আমি আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মহোদয়ার কাছে আমি গিয়েছি, তারপরে একটু আপনাদের সবার ওপিনিয়ন নিয়ে সেই আইনটা আমরা আরোপ করব। কারণ বলে রাখি, আইনটি এমনভাবে করা হয়েছে জলটাকে সম্পদ হিসাবে যদি কেউ না ভাবেন তাহলে জেল পর্যন্ত হতে পারে। আগে ছিল মাত্র ৫০ টাকা থেকে ৫০০ টাকা পর্যন্ত জরিমানার ব্যবস্থা। এটা খুবই গুরুত্বপূর্ণ, তাই আমাদের সবার এগিয়ে আসা উচিত, আপনিও জনপ্রতিনিধি হিসাবে এলাকার মানুষকে সচেতন করবেন।

শ্রী স্বপন কুমার বেলথোরিয়া : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে জানাই গত ১১-১২ সালে পুরুলিয়া কাশিপুর বিধানসভায় ১৭৫ খানা পুকুর খননের জন্য ওনার দপ্তরে আমার দেওয়া ছিল। তা আজ অবধি কি অবস্থায় আছে ? স্যার, আমি মন্ত্রী মহোদয়ের কাছে তা জানতে চাইছি।

ডঃ **সৌমেন কুমার মহাপাত্র** : আপনার যতগুলি পুকুর আপনি দিয়েছিলেন, তার মধ্যে সবটা আমরা এইবারের পরিকল্পনায় ধরতে পারিনি, আমরা ধরেছি অর্ধেক পুকুরের সংখ্যা অনুযায়ী এবং পুকুরগুলো খুবই বড়ো বড়ো ছিল। অর্ধেক পুকুর ধরা হয়েছে— আপনি দেখুন ওগুলি টেন্ডার। আপনারা জানেন যে ফিনানসিয়াল ক্লিয়ারেন্স একটা লাগে। এটা পেতে আমরা দেরি করেছিলাম বলে, এইগুলো সব টেন্ডার করা হয়ে গিয়েছে। এ ছাড়া পুরুলিয়ার ক্ষেত্রে বলে রাখি, আপনার পুরুলিয়া পাথুরে এলাকা হওয়া সত্ত্বেও ওখানে আমরা পাঁচ হাজারেরও বেশি এই জল ধরো জল ভরো প্রকল্পে বিভিন্ন প্রান্তিক চাষীদের পুকুরগুলোকে পুনঃখনন কিম্বা খনন করে দিয়েছি।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমাদের উত্তর দিনাজপুর জেলা কৃষির উপর সম্পূর্ণ নির্ভরশীল। উত্তর দিনাজপুর জেলায় কোনো মেজর ইরিগেশান সিস্টেম নেই, এখানে সম্পূর্ণ ক্ষুদ্র সেচের উপর নির্ভরশীল। অথচ দেখা যাচ্ছে ক্ষুদ্র সেচের ডিপ টিউবওয়েল এবং আর.এল.আই. তার বেশিরভাগই ডিফাঙ্কট হয়ে পড়ে আছে। এইগুলো চালু করা বা রিপেয়ার করার কোনো ব্যবস্থা হবে কি ?

ডঃ **সৌমেন কুমার মহাপাত্র** : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, ঠিক একই প্রশ্নের উপর আমি এর আগে দিয়েছিলাম, আপনার ওখানে যতগুলো আছে তার ম্যাক্সিমামটাই কিন্তু টু হ্যান্ডেডওভার, বেনিফিসিয়ারিদের হাতে দিয়ে দিয়েছিলাম। এইটা একটা জায়গায় কি হয়েছিল ? তখন বেনিফিসিয়ারি স্ট্রং ছিল না বা তাদের উপর সরকারের কোনো নিয়ন্ত্রণ না থাকায় তারা সেটাকে যথেচ্ছ ব্যবহার করেছিল। এখন আমরা ঠিক করছি, একটা নিয়ন্ত্রণ ওখানে বসাব যাতে মনিটরিংটা এরা করতে পারে। তৎসত্ত্বেও আমরা পরিকল্পনাগুলো

ধরেছি। এই বছরেতে আমার কোর সেক্টর থেকে টাকা, আমাদের সম্মানীয় ফিনান্স মিনিস্টার, তিনি আমাদের অনুমোদন দিয়েছেন। আপনি এইগুলো দেখবেন ৬ মাসের মধ্যে, নেক্সট বোরো সিজিনে আপনি পেয়ে যাবেন সবগুলো।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, জল ধরো জল ভরো প্রকল্পে গ্রামীণ বিভাগে কাজ হচ্ছে। ঠিক অনুরূপ ভাবে যদি পৌরসভা এলাকাতে বহু পুকুর আছে যে পুকুরগুলো অনাবাদী হয়ে গেছে জলধারণ ক্ষমতা একেবারে লো হয়ে গেছে। সেইগুলো যদি খনন করা যায় তাহলে জল ধরো জল ভরো প্রকল্পে, আমাদের শহরেও অনেক উপকারে লাগবে। পৌরসভায় যে সমস্ত পুকুরগুলো বোজানোর টেনডেনসি আছে সেইগুলো বন্ধ হবে। এই বিষয়ে যদি মন্ত্রী মহোদয় কিছু জানান তাহলে আমরা উপকৃত হব।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সম্মানীয় জনপ্রতিনিধিকে জানাই, আগের নিয়ম অনুযায়ী আপনারা জানেন এই জল ধরো জল ভরো প্রকল্পে সুনির্দিষ্ট কোনো টাকা নেই। সেই টাকাটা কোথা থেকে আমরা নিয়ে এসেছি ? 'নারেগা'-র ম্যানডেজ বাড়িয়ে দিয়ে সেখান থেকে, আমরা যে একটা লাইন অরগানাইজেশান তাতে অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ারদের ভুক্ত করেছি বলেই আজকে এতগুলো পুকুর সম্ভব হয়েছে। আগে মিউনিসিপ্যালিটি এরিয়ায় 'নারেগা'-র কাজে কোনো আইন ছিল না। বর্তমানে কিন্তু রয়েছে বলেই আমরা করিনি এমন নয়। ইতিমধ্যেই আমরা তমলুক পৌরসভা, পাঁশকুড়া পৌরসভা যারা এসেছিলেন এবং কলকাতার মতো করপোরেশানের জন্য আমরা একটা পরিকল্পনা নিয়েছি যে পরিকল্পনায় আমার ইঞ্জিনিয়াররা সার্ভে করছেন সেই জলাশয়গুলো। তার রায়ত হোক তার খাস হোক, বিবাদ থাকুক কোনো কিছু না ভেবেই আমি সবগুলোকে পরিষ্কার করে পুনঃখনন করব—ওই জায়গায় আপনারা জানেন বর্তমানে খুব মশার উপদ্রব আছে, তেলাপিয়া মাছ চাষ করলে মশার ডিমগুলো খেয়ে ফেলতে পারে—মিউনিসিপ্যালিটি এলাকায় আমরা এই পরিকল্পনা নিয়েছি। আমি সম্মানীয় জনপ্রতিনিধিকে বলব, আপনি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে যদি না চিনে থাকেন, সোজা আমার দপ্তরে আসুন, পরিকল্পনা দিন, যেহেতু আমরা আইন এবং অনুমতি পেয়েছি, আমরা এইগুলো করে দেব।

গো-সম্পদ বিকাশ অভিযান

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭) **শ্রী শাহজাহান চৌধুরী** : প্রাণী-সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-১৩ আর্থিক বছরের ৩১শে জানুয়ারি, ২০১৪ সাপেক্ষে গো-সম্পদ বিকাশ অভিযান প্রকল্প কতগুলি ব্লকে সম্পন্ন হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পের জন্য উক্ত সময়সাপেক্ষে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

শ্রী স্বপন দেবনাথ :

(ক) ৯৯টি ব্লকে বিশেষ গো-সম্পদ বিকাশ অভিযান প্রকল্পের চলছে। একটি ব্লকে (বি.টি.এ. অন্তর্ভুক্ত দার্জিলিং জেলার কালিম্পং-১ ব্লক।) কাজ শুরু হয়নি।

(খ) ২০১২-২০১৩ অর্থবর্ষে ব্যয়িত অর্থের পরিমাণ ৪৯,৬৬,৩৯,২৮৫ টাকা।

২০১৩-২০১৪ (৩১শে জানুয়ারি ২০১৪ অবধি) অর্থবর্ষে ব্যয়িত অর্থের পরিমাণ ২৬,৪৫,৭৪,৫১৭ টাকা।

[11.40—11.50 a.m.]

শ্রী শাহাজাহান চৌধুরী : আমার সাপ্লিমেন্টারি দ্বিতীয় প্রশ্ন, বর্ধমান জেলায় কতকগুলো ব্লকে এটা সম্পূর্ণ হয়েছে ?

শ্রী স্বপন দেবনাথ : বর্ধমান জেলায় মোট ১১টি ব্লক - খণ্ডঘোষ, রায়না ১, বর্ধমান ১, বর্ধমান ২, জামালপুর, গলসি ২, কালনা ১, কালনা ২, মেমারী ২, কাটোয়া ১ এবং কেতুগ্রাম ১।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার সাপ্লিমেন্টারি তৃতীয় প্রশ্ন, গো-সম্পদ বিকাশ অভিযানের অংশ হিসাবে গরু পালনে বিজ্ঞানসম্মত কি কি উপায়ের কথা এই অভিযানে আছে ?

শ্রী স্বপন দেবনাথ : গো-সম্পদ বিকাশ অভিযানে বিজ্ঞানসম্মতভাবে যে প্রকল্প আছে, তাতে ভ্যাকসিন থেকে শুরু করে যে সব বিষয়ের গো-সম্পদ বিকাশ অভিযানে আরো বেশি গো উৎপাদন বাড়ানো যায়, তার জন্য বিজ্ঞানসম্মত যা যা ব্যবস্থা আছে সবই নেওয়া হচ্ছে।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমর একটি অতিরিক্ত প্রশ্ন—আমার প্রশ্নটি প্রাণীবন্ধু সম্পর্কে। তাদেরকে একটা দশ টাকা স্ট্যাম্প পেপারে সই করিয়ে নেওয়া হচ্ছে। সব দিন কাজ করতে হবে। বিনা নোটিশে গরহাজির হলে তাদের ছাড়িয়ে দেওয়া হচ্ছে। এই পরিষেবার জন্য কোনো পারিশ্রমিক চাওয়া চলবে না। এই ধরনের চুক্তিপত্র প্রায় মধ্যযুগীয় স্তরের। ফলে এই চুক্তিপত্র প্রত্যাহার করার বা কন্টিনিউ করা বিষয় আপনি কি ভাবছেন এই বিষয়টা যদি বলেন।

শ্রী স্বপন দেবনাথ : প্রাণীবন্ধুদের ক্ষেত্রে যে চুক্তিপত্র স্বাক্ষরিত গ্রহণ করা হয়েছিল সেই বিষয়ে প্রাণীবন্ধু দপ্তরের পক্ষ থেকে এবং মাননীয় বিধায়ক-সহ বহু জন আমাদের কাছে এটি বিবেচনা করবার জন্য বলেছেন। সম্মানীয় অধ্যক্ষের মারফত আপনাকে জানাতে চাই যে চুক্তিপত্রের মধ্যে ৩ হাজার ১০০ জন প্রাণীবন্ধু আছেন। তার মধ্যে দেড় হাজারের উপর চুক্তিতে তারা স্বাক্ষর করেছিলেন এবং বাকিরা করেননি। কিন্তু পরিষেবা চালানোর স্বার্থে ৩১শে মার্চ পর্যন্ত যারা চুক্তি সই করেছেন বা করেননি, তাদের প্রত্যেককেই কাজ করতে বলা হয়েছে। চুক্তি বিষয় রিভিউ মিটিং ডাকবার ব্যবস্থা করা হচ্ছে। তবে একটা বিষয় আপনাকে

জানাই, আগে যারা প্রাণীবন্ধু ছিলেন, এই জিনিসটা করা হয়েছিল একটা লক্ষ্যে যে গরু না দেখিয়ে গরুর চিকিৎসা না করে ভ্যাকসিনের টাকা নিয়ে কেউ কেউ সে কাজ করতেন। আমি একটা উদাহরণ দিই। শিল্পাঞ্চলে দেখা গেছে সারা দিনে ৪টি গরুর কোনো রকম চিকিৎসার ব্যবস্থা তারা করেননি। কিন্তু যখন বিলটা দাখিল করেন তখন ৫১টা করে দিয়েছিলেন। কারণ বাম জমানাতে বেশিরভাগ প্রাণীবন্ধু নিয়োগের ক্ষেত্রে তারা দলবাজি করেছিলেন দলের ক্যাডারদের স্বার্থে। সেটা বন্ধ করার উপায় হিসাবে দেওয়া হচ্ছিল। তবু আমরা চাই পরিষেবা সবাই পাক, সবাই কাজ করুক। ৩১শে মার্চ পর্যন্ত তাদের প্রত্যেককেই কাজ করতে বলার নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রী যোগরঞ্জন হালদার : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, প্রাণীমিত্র নামে কিছু কর্মী নিয়োগের পরিকল্পনা আপনার আছে কিনা, এটা কতদিনের মধ্যে নিয়োগ করা সম্ভব এবং তাদের আর্থিক সহায়তা হিসাবে কি আছে ?

শ্রী স্বপন দেবনাথ : প্রাণীবন্ধুর প্রশ্ন আসছিল, এটা প্রাণীমিত্র। সেই নিয়োগের প্রক্রিয়া চলছে। একটা কথা ভাববার দরকার আছে এই মহতী সভার যে প্রাণীবন্ধু, প্রাণীমিত্র কিন্তু সরকারি চাকরি নয়। এটা স্বেচ্ছাসেবী কর্মীর মতোই এ কাজ তাদের করতে হবে।

শ্রী আলি ইমরান রামজ : অনারেবল্ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, প্রাণীমিত্র সম্পর্কে আপনি বললেন যে নিয়োগ করবার পরিকল্পনা চলছে। তাতে আমাদের বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রে আমি দেখেছি বিজ্ঞাপনের মাধ্যমে ওখানে আবেদনপত্র জমা পড়েছে। কিন্তু সেখানে যে সিলেকশান কমিটি গড়া হয়েছে সেখানে স্থানীয় বিধায়কদের বাদ দিয়ে অন্য এলাকার টি.এম.সি.-র বিধায়কদের এই সিলেকশান কমিটিতে রাখা হয়েছে। যে রকম আবদুল করিম চৌধুরী সাহেবকে ইসলামপুর থেকে, হামিদুল সাহেবকে রাখা হয়েছে চোপড়া থেকে, অমল আচার্যকে রাখা হয়েছে ইটাহার থেকে। কিন্তু চাকুলিয়া বিধানসভার সদস্য আমি, বিধায়ক হিসাবে ওই সিলেকশান কমিটিতে আমাকে রাখা হয়নি। এটা কি গণতান্ত্রিক প্রক্রিয়া আপনারা তৈরি করেছেন ?

শ্রী স্বপন দেবনাথ : কমিটি যা তৈরি করা হয়েছে নিয়মমাফিকই হয়েছে শুধু নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, বিগত বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবাংলায় যে ভেটেনারি হসপিটালগুলি তৈরি হয়েছিল সেগুলির অবস্থা অত্যন্ত করুণ। অনেক জায়গায় ডাক্তার বা স্টাফ নেই। এ ব্যাপারে আপনার দফতর নতুন করে চিন্তা-ভাবনা করছে ?

শ্রী স্বপন দেবনাথ : বিগত সরকারের আমলে যে সব পশু চিকিৎসালয়গুলি ছিল সেগুলি প্রায় শেষ করে মেরে দেওয়া হয়েছিল। কিন্তু আপনার অবগতির জন্য জানাই যে, ইতিমধ্যেই পশু হাসপাতালগুলি কি অবস্থায় আছে আমি তার স্ট্যাটাস রিপোর্ট সংগ্রহ করেছি। কিন্তু আপনার অবগতির জন্য জানাই যে, গত ১৪ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বর্ধমানে প্রথম একটিতে হাত দিয়েছেন, আধুনিক পশু চিকিৎসালয়। মানুষের যা যা চিকিৎসা

পরিষেবা পাওয়ার ক্ষেত্রে দরকার হয়—তার এক্স-রে, তার আলট্রাসোনোগ্রাফি, তার ৩.টি লার্জার, স্মল এবং মিনিমাল প্রত্যেকটির জন্য চিকিৎসার ব্যবস্থাপনা করা হয়েছে। আর সমস্ত চিকিৎসাকেন্দ্রগুলি তো আগেই মেরে শেষ করে দিয়ে গেছেন. সেগুলিকে ঠিক করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, ধন্যবাদ। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, উনি যথেষ্ট উন্নত, উদ্ভাবনী শক্তি দেখিয়ে নানা কর্মসূচি নিচ্ছেন, খুব ভালো জিনিস। আমার জানার বিষয় যেটা সেটা হচ্ছে, ঘোড়া খুব উন্নত প্রযুক্তির জীব, ঘোড়া দিয়ে অনেক ভালো ভালো কাজ—মাল পরিবহন, ব্যবসা-বাণিজ্য সহ নানারকম কাজ করা যেতে পারে. তা আমাদের এই রাজ্যে উন্নত মানের ঘোড়া প্রজননের এবং ঘোড়া প্রতিপালনের জন্য আপনার দফতর থেকে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা ?

শ্রী স্বপন দেবনাথ : আমাদের দফতরের মূল উদ্দেশ্য আপনারা সকলেই জানেন। আমাদের পরম শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী গ্রামের সমস্ত প্রাণীসম্পদ বিকাশের মধ্য দিয়ে কর্মসংস্থানের সুযোগের কথা বলেছেন। হাঁস, মুরগি, ছাগল, গরু এবং ঘোড়া মাল পরিবহনের ক্ষেত্রে করে। আর হাঁস, মুরগি, ছাগোল সব তো মেরে দিয়েছেন, এখন ঘোড়ার কথা ভাবলে সেটার আপনি প্রস্তাব দিন, ভাবা হবে, ঘোড়াতে আপনার চাপার ব্যবস্থা করব। নমস্কার।

চাষীদের থেকে সবজি ক্রয়ে সরকারি উদ্যোগ

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) **ডঃ তরুণ কান্তি নস্কর** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার চাষীদের কাছ থেকে সবজি কিনে বাজারে বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, তার পদ্ধতি কীরূপ?

শ্রী অরূপ রায় :

স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক ডঃ তরুণ কান্তি নস্করের উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই— (ক) সাম্প্রতিক অতীতে কয়েকটি আপৎকালীন পরিস্থিতিতে সবজির মূল্য বৃদ্ধি রোধ করতে এবং চাষীরা যাতে তাদের পণ্যের উপযুক্ত দাম পান তা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন।

(খ) (১) আপৎকালীন পরিস্থিতিগুলিতে বাজারে সবজি ও অন্যান্য কৃষিজ পণ্যের যোগান বৃদ্ধির মাধ্যমে ভোক্তারা যাতে মধ্যস্বত্বভোগীদের এড়িয়ে অপেক্ষাকৃত কম দামে সরাসরি কৃষকদের কাছ থেকে পণ্য কিনতে পারেন, তার ব্যবস্থা করা হয়েছে।

(২) উক্ত পরিস্থিতিগুলিতে সংশ্লিষ্ট দফতরগুলি চলমান যান এবং খুচরা বিক্রয় কেন্দ্রের মাধ্যমে শহরের বিভিন্ন জায়গায় ন্যায্য দামে জনসাধারণকে সরাসরি সবজি ও অন্যান্য কৃষিজ পণ্য বিক্রির বন্দোবস্ত করেছে।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী যেটা স্বীকার করেছেন, মধ্যস্বত্বভোগীর কথা বলেছেন। এবং তাদেরই জন্যই যে এই দাম বাড়ছে সেটা তিনি মেনেই নিয়েছেন। তিনি বলেছেন যে, আপৎকালীন পরিস্থিতিতে এই ব্যবস্থা তিনি করেছেন। কিন্তু, আমার প্রশ্ন হচ্ছে, আপৎকালীন পরিস্থিতিতে করা মানেই হচ্ছে যে, সারা বছর কিন্তু সমস্যাটা থেকে যায়। গত বছরে যখন আলুর দাম বাড়ল তখন দেখা গেছে যে, সরকার একটা ব্যবস্থা নিয়েছেন ঠিকই কিন্তু সেটা এতই ইনসাফিসিয়েন্ট ও সহকেন্দ্রিক ছিল যাতে করে তার প্রভাব যে গোটা জেলায় জেলায় পড়েছে এ রকম বিষয়টা নয়। ফলে আলুর ক্ষেত্রে সমস্যা ছিল। শীতের শুরুতে সবজির ক্ষেত্রেও সমস্যা ছিল। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গোটা রাজ্যে এই নিয়ন্ত্রণ ব্যবস্থা সারা বছরের জন্য করার কোনো পরিকল্পনা, জিনিসপত্রের দাম, বিশেষ করে সবজির ক্ষেত্রে, সেটা আপনার আছে কিনা ?

[11.50—12.00 noon]

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর যে ভাবনা, রাজ্যের প্রতিটি ব্লকে 'কৃষক বাজার', সেই কৃষক বাজারের মাধ্যমে যাতে চাষীরা সরাসরি সেখান থেকে তাদের ফসল বিক্রি করতে পারে এবং সাধারণ ভোক্তারা যাতে সেখানে গিয়ে সরাসরি চাষীদের কাছ থেকে ক্রয় করতে পারে তার জন্য প্রতিটি ব্লকে একটি করে 'কৃষক বাজার' তৈরির কাজ শুরু হয়েছে। ইতিমধ্যেই ৯৩টির কাজ চলছে। গড়ে প্রায় ৭২ পারসেন্ট কাজ এগিয়ে গেছে। দ্বিতীয় পর্যায়ে আরো ১০২টি কাজের প্রসেস চলছে এবং তার কাজ শুরু হবে কিছুদিনের মধ্যে। সুতরাং, এই পরিকল্পনার মধ্যে দিয়ে এই সমস্যার বরাবরের জন্য সমাধান হবে।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি বলছেন, "কৃষক বাজার আপনারা করেছেন, ১৭৬টি কৃষক বাজার। তার জন্য প্রচুর টাকা খরচ করেছেন।" এগুলো সব সত্যিকথা। কিন্তু এই কৃষক বাজারে কৃষক তার ফসল নিয়ে যেতে পারবে, মাঝখানে মধ্যস্বত্বভোগীরা বা হোর্ডাররা ইন্টারভেন করবে না, এই গ্যারান্টি কিন্তু নেই। এমনিতে গ্রামের বাজারে কৃষকরা নিজের ফসল নিয়ে যায় এবং মাঝখানে হোর্ডাররা কিন্তু ইন্টারভেন করে এবং তার জন্য জিনিসপত্রের দাম বাড়ে।

আমার প্রশ্ন, সরকার যেমন আলুর ক্ষেত্রে আপৎকালীন ব্যবস্থা নিয়েছে তেমনি সরকার নিজে চাষীদের কাছ থেকে কিনে যদি কৃষক বাজারগুলোতে কৃষকদের সাহায্য নিয়ে এই বিক্রির ব্যবস্থা করত তাহলে কৃষকরাও কিছু মূল্য পেত এবং এই হোর্ডারদের ইন্টারভেনশনে বা কালোবাজারিদের ইন্টারভেনশনে দাম বাড়াটাও বন্ধ হত। সরকার নিজে এ কাজটা করতে পারবে কিনা বা করার কোনো পরিকল্পনা আছে কিনা সেটা দয়া করে বলুন।

শ্রী অরূপ রায় : সরকার এই পরিকল্পনা নিয়ে 'কৃষক বাজার' তৈরি করেছে এবং কৃষক বাজারে যাতে চাষীরা তাদের উৎপাদিত ফসল নিয়ে যেতে পারে তার জন্যও ব্যবস্থা করেছে। এবং সেই কারণে কৃষকদের জন্য 'আমার ফসল, আমার গাড়ি' নামে একটা প্রকল্প হয়েছে। তাতে গাড়ি এবং তার সঙ্গে crate দেওয়া হচ্ছে যাতে তারা তাদের উৎপাদিত ফসল বাজারে নিয়ে গিয়ে সরাসরি বিক্রি করতে পারে।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, গত বামফ্রন্ট সরকারের আমলে গোটা রাজ্যে সবজি চাষীদের স্বার্থে ৩৪টি কোল্ড চেন তৈরি হয়েছিল। '১০ সালের মধ্যে সেই কোল্ড চেনগুলো complete হয়ে পড়ে আছে। এই কোল্ড চেনগুলো চালু না হওয়ার মূল কারণ কী এবং কবে নাগাদ চালু হবে ?

শ্রী অরূপ রায় : মূল প্রশ্নের সঙ্গে আপনার প্রশ্নের কোনো সম্পর্ক নেই। সুতরাং পরবর্তীকালে যখন আপনি সরাসরি প্রশ্ন করবেন আমি নিশ্চয়ই উত্তর দেব।

মিঃ স্পীকার : আপনি নোটিশ দেবেন কোশ্চেনের জন্য।

শ্রী বাসুদেব খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি বলেছেন 'আপৎকালীন পরিস্থিতিতে সবজির মূল্যবৃদ্ধি রোধ করতে এবং চাষীরা যাতে তাদের পণ্যের উপযুক্ত দাম পায় তা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। 'আপৎকালীন' কথা বলেছেন। আমি বলতে চাইছি, RMC নিয়ন্ত্রিত বাজারের মাধ্যমে স্থায়ীভাবে সবজি বিক্রি করার কোনো পরিকল্পনা আপনার সরকারের আছে কিনা জানাবেন ?

শ্রী অরূপ রায় : এই মুহূর্তে নেই।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন উত্তর ২৪-পরগনার ৬টি ব্লক হচ্ছে সুন্দরবন এলাকায়। এই সমস্ত ব্লক এলাকায় চাষীরা তাদের যে সমস্ত ফসল উৎপাদন করছে তা বিক্রির সঙ্কট তৈরি হয়েছে। এই এলাকায় কোথাও কৃষক বাজার আছে কিনা? যদি থাকে তাহলে কোথায় আছে যদি জানান?

শ্রী অরূপ রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, উত্তর ২৪-পরগনায় প্রথম পর্যায়ে ৭টি কৃষক বাজারের কাজ শুরু হয়েছে। সেগুলো হল গাইঘাটা, হাবড়া, বসিরহাট, মিনাখাঁ, ব্যারাকপুর, বনগাঁ ও বাগদা। এই সাতটি কৃষক বাজারের কাজ চলছে। তার মধ্যে কোনটা ৮০ শতাংশ, কোনটা ৫০ শতাংশ, কোনটা ৬৫ শতাংশ, কোনটা ৬০ শতাংশ—এ অবস্থায় আছে। এই কাজগুলো আমরা সত্বর সম্পন্ন করে এ কৃষক বাজারগুলোকে চালু করার ব্যবস্থা করব।

কৃষি বাজার

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭) শ্রী আনিসুর রহমান : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে ক-টি ব্লকে কৃষি বাজার তৈরি করা সম্ভব হয়েছে ; এবং

(খ) সমস্ত ব্লকে কৃষি বাজার তৈরির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

শ্রী অরূপ রায় : (ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যের ৯৩টি ব্লকে, কৃষক বাজার তৈরির কাজ চলছে। এ বাজারগুলির গড় নির্মাণ কাজ ৭২ শতাংশ সম্পন্ন হয়েছে।

(খ) প্রথম পর্যায়ের পর দ্বিতীয় পর্যায়ে ১০২টি কৃষক বাজারের কাজ শুরু হচ্ছে। এ ভাবেই পর্যায়ক্রমে সমস্ত ব্লকে এই কাজ সম্পন্ন হবে। চলতি বছরের ফেব্রুয়ারি মাস থেকেই পর্যায়ক্রমে কৃষক বাজার তৈরির কাজ শেষ হচ্ছে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি জিজ্ঞেস করেছিলাম কবে নাগাদ সব ব্লকে হবে ? সেটার উত্তর পেলাম না। যাই হোক আমি মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি যে, এই বাজারগুলির জমি কোথায় পেলেন এবং কিভাবে পেলেন ? প্রতিটি বাজারের জন্য কত টাকা খরচ হচ্ছে ? কিষাণ মান্ডির সঙ্গে এর কোনো সম্পর্ক আছে কিনা ? যদি একটু দয়া করে জানান ?

শ্রী অরূপ রায় : কৃষি বাজার আর কিষাণ মান্ডি—আমাদের এখানে মান্ডি কালচারটা চলে না। তার কারণ হচ্ছে, আমাদের এখানে সব ক্ষুদ্র চাষি। সুতরাং এখানে কৃষক বাজার নাম দিয়ে এ পরিকল্পনাটা নিয়েছি। কৃষক মান্ডি এবং কৃষক বাজারের মধ্যে এটাকে আমরা আলাদাভাবে কখনও দেখিনি। কৃষক বাজার নাম দিয়ে এই বাজারগুলি তৈরি হচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে—জমিগুলো রাজ্য সরকারের জমি। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর থেকে এই জমি অ্যালট করা হচ্ছে। সে জমির উপরে কৃষক বাজার তৈরি হচ্ছে। এক-একটা কৃষক বাজার তৈরি করতে কোনটায় সাড়ে ৫ কোটি, কোথাও ৫ কোটি, কোনোটায় ৬ কোটি টাকা খরচ হচ্ছে।

শ্রী আনিসুর রহমান : আমরা প্রথম থেকে শুনে আছি প্রত্যেক ব্লকে যেমন—এই মান্ডি বা বাজার—এতদিনে বুঝলাম মান্ডি আর বাজার একই। সে তো আমাদের সব ব্লকেই আছে। আমি জিজ্ঞেস করতে চাইছি এর সঙ্গে আপনার আরেকটা প্রস্তাব ছিল প্রত্যেকটা ব্লকে ঠাণ্ডা ঘর মানে কোল্ড স্টোরেজ করা হবে মাল্টিপারপাস। সেইটা ক-টা হয়েছে, ক-টার কাজ চলছে যদি দয়া করে জানান?

শ্রী অরূপ রায় : প্রত্যেকটি বাজারের সঙ্গে একটা কোল্ড স্টোরেজ করার প্রস্তাব আছে। তার জন্য আলাদাভাবে জমি রেখে দেওয়া হয়েছে। কিন্তু তার কাজ এখনও শুরু হয়নি। এগুলোকে সরকার ভেবেছে পি.পি.পি. মডেলে করার জন্য। এটা পরিকল্পনায় আছে। পরবর্তীকালে একে বাস্তবে রূপায়িত করার জন্য তাদের প্রসেস শুরু হবে।

মিঃ স্পীকার : Question hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

দুধে ভেজাল

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৩) শ্রী পরেশ দত্ত : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে দুধে ব্যাপকহারে ভেজাল মেশানোর অভিযোগ উঠেছে ;

(খ) সত্যি হলে, এই ভেজাল প্রতিরোধে সরকার কি কি ব্যবস্থা নিয়েছে ; এবং

(গ) সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থা কতটা ফলপ্রসু হয়েছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে দুধে ভেজাল মেশানো সংক্রান্ত কোনোরকম লিখিত অভিযোগ প্রাণীসম্পদ বিকাশ দপ্তরে জমা পড়েনি।

(খ) প্রযোজ্য নয়।

(গ) প্রযোজ্য নয়।

ময়নাগুড়িতে কিষাণ মান্ডি

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪) শ্রী অনন্তদেব অধিকারী : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়ি ব্লকে কিষাণ মান্ডির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লক কৃষি খামারে কৃষক বাজার নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে।

ফসলের ন্যায্যমূল্য

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৮) শ্রী মনোরঞ্জন পাত্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কৃষকরা উৎপাদিত ফসলের জন্য ন্যায্যমূল্য পাচ্ছেন কিনা ; এবং

(খ) ওই লক্ষ্যে কোনো বেসরকারি সংস্থাকে চাষীদের কাছ থেকে সরাসরি উৎপাদিত ফসল কেনার জন্য অনুমতি দেওয়ার কোনো প্রস্তাব সরকারের আছে কি ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। রাজ্যের কৃষকেরা যাতে উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পান, তার জন্য রাজ্য সরকার সর্বদাই সচেষ্ট। এর জন্য, যে পদক্ষেপগুলি নেওয়া হয়েছে, তা হল :

(১) ২০১৩ সালে, আলু মাঠ থেকে তোলার সময়, দাম কমে যাবার সঙ্গে সঙ্গে রাজ্য সরকার হিমঘর পর্যন্ত বহন খরচ সমেত, আলুর ক্রয় মূল্য কুইন্টাল প্রতি ৫৫০ টাকা স্থির করে, আলু ক্রয় করার ব্যবস্থা করলে, খোলা বাজারেও কৃষক এই দাম পেতে শুরু করেন। সময়োপযোগী এই সিদ্ধান্তের জন্যই ওই সময় আলু চাষীর যথাযথ দাম পাওয়া সুনিশ্চিত হয়।

(২) ২০১৩ সালে, উত্তরবঙ্গে, শশার উৎপাদক মূল্য কুইন্ট্যাল প্রতি ২০০ টাকারও কম হয়ে গেলে, রাজ্য সরকার ধূপগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির মূখ্য বাজার চত্বরে, কৃষকদের কাছে সরাসরি ৪০০ টাকা প্রতি কুইন্ট্যাল দামে শশা কেনার ব্যবস্থা করে। ফলত কয়েকদিনের মধ্যেই শশার উৎপাদক মূল্য ৪০০ টাকার বেশি হয়ে যায়।

(৩) রাজ্য সরকারের টাস্ক ফোর্স প্রতিটি পক্ষে, সমস্ত কৃষি পণ্যের উৎপাদক ও ভোক্তা মূল্য পর্যালোচনা করে। উৎপাদক মূল্য অলাভজনক হলে, রাজ্য সরকার সময়োচিত হস্তক্ষেপ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

(খ) কোনো বেসরকারি সংস্থা যদি চাষীর কাছ থেকে সরাসরি উৎপাদিত ফসল কিনতে চান, তা হলে তাদের পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ মোতাবেক কিনতে হবে।

রাইপুরে পলিটেকনিক

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০) শ্রী উপেন কিস্কু: কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার রাইপুর ব্লকে পলিটেকনিক কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে তা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। এটা সত্যি যে বাঁকুড়া জেলার রাইপুর ব্লকে একটি সরকারি পলিটেকনিক কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) আশা করা যায় যে সংশ্লিষ্ট কাজ আগামী জুন ২০১৪ শুরু হবে এবং ২০১৬-১৭ শিক্ষা বর্ষে এই পলিটেকনিকের শিক্ষাক্রম শুরু করা যাবে।

প্রতি ব্লকে আই.টি.আই.

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৬) শ্রী নেপাল মাহাত: কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৪ সাপেক্ষে মোট কয়টি আই.টি.আই. স্থাপনের কাজ সম্ভব হয়েছে ; এবং

(খ) তার মধ্যে পুরুলিয়াতে কয়টি আই.টি.আই. স্থাপনের কাজ শুরু হয়েছে / হচ্ছে ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ১১টি আই.টি.আই. স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এর মধ্যে ছয়টিতে বৃত্তিমূলক প্রশিক্ষণও শুরু হয়েছে। বাকি পাঁচটিতে এপ্রিল ২০১৪-এর মধ্যে প্রশিক্ষণ শুরু হবে। এ ছাড়াও আরো ৭৯টি স্থানে আই.টি.আই. স্থাপনের প্রক্রিয়া চলছে।

(খ) পুরুলিয়া জেলায় হুড়া এবং মানবাজার-১ ব্লকে নির্মাণ কার্য চলছে। সাঁতুরি এবং বলরামপুর ব্লকে ২৮শে ফেব্রুয়ারি ২০১৪-এর মধ্যে নির্মাণ কার্য শুরু হবে।

ক্ষুদ্র শিল্পের উন্নয়ন

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৯) শ্রী মহঃ সোহরাব : ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার ক্ষুদ্র শিল্পের উন্নয়নে ২০১৩-১৪ আর্থিক বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ;

(খ) ৩১শে জানুয়ারি, ২০১৪ পর্যন্ত সরকার রাজ্যের মোট কতগুলি ক্ষুদ্র শিল্পকে আর্থিক সাহায্য করেছে ; এবং

(গ) উক্ত সময় সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত ক্ষুদ্র শিল্পের সংখ্যা কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৩-১৪ আর্থিক বছরে উক্ত খাতে ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র দপ্তরে বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ৩২৬.২০ কোটি টাকা বিভিন্ন

ডাইরেক্টরেট এবং অন্যান্য সংস্থা অনুযায়ী ওই অর্থের বণ্টন (break up) নিম্নরূপ :

ক্রমিক নং	ডাইরেক্টরেট	টাকা (লক্ষ)
১	এম.এস.এস.ই.	১৬১১৫.০০
২	হ্যান্ডলুম (হস্তশিল্প)	৭৮০০.০০
৩	পাওয়ারলুম (যন্ত্রশিল্প)	১৬০.০০
৪	সেরিকালচার	৩০০০.০০
৫	ডব্লু.বি.এস.আই.ডি.সি.	৪৫০০.০০
৬	খাদি বোর্ড	৭০৫.০০
৭	মঞ্জুষা	৩০০.০০
৮	সেক্রেটারিয়েট এস্টাব্লিশমেন্ট	৪০.০০
সর্বমোট		৩২৬২০.০০

(খ) ২০১৩-১৪ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি ২০১৪ পর্যন্ত) পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত হারে ক্ষুদ্র শিল্পকে সাহায্য করেছে ডাইরেক্টরেট অনুযায়ী পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

ক্রমিক নং	ডাইরেক্টরেট	ক্ষুদ্র শিল্পের সংখ্যা	আর্থিক সহায়তা টাকা (লক্ষ)
১	এম.এস.এস.ই.	৩১৮টি	৬৩,২৭,৫০,০০০
২	হ্যান্ডলুম (হস্তশিল্প)	৫৫টি (২৬টি হস্তচাঁত মহল্লা উন্নয়ন প্রকল্প, ২৩টি হস্তচাঁত গুচ্ছ প্রকল্প, ৪টি তাঁতবিহীন কম্প্রিহেনসিভ হ্যান্ডলুম ডেভলপমেন্ট প্রোগ্রাম প্রকল্প ও ১টি উন্নতমানের বস্ত্র উৎপাদন প্রকল্প)	
৩	পাওয়ারলুম (যন্ত্রশিল্প)	০ (শূন্য)	
৪	সেরিকালচার	ব্যক্তিগত স্তরে ৫৫,৬৮০ জন রেশম শিল্পীকে আর্থিক সাহায্য করা হয়েছে।	

(গ) উক্ত সময় অর্থাৎ ২০১৩-১৪ সালে (৩১শে জানুয়ারি ২০১৪ পর্যন্ত) মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ডাইরেক্টর অনুযায়ী ক্ষুদ্র শিল্পের পরিসংখ্যান দেওয়া হল :

(১) এম.এস.এস.ই.—MSME ACT 2007 অনুযায়ী নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের সংখ্যা

EM-I অনুসারে = ১০২টি

EM-II অনুসারে = ১০২টি

হ্যান্ডলুম (হস্তশিল্প) = ০ (শূন্য)

পাওয়ারলুম (হস্তশিল্প) = ০ (শূন্য)

সেরিকালচার - উক্ত সময়ে মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত রেশম শিল্পের সংখ্যা ৭৩০টি।

মুর্শিদাবাদে ক্রেতা সুরক্ষা আদালত

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৪) **শ্রী রবিউল আলম চৌধুরী :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩ সালে রাজ্যে ক্রেতা সুরক্ষা আদালতগুলিতে মোট কতগুলি অভিযোগ জমা পড়েছে এবং তার মধ্যে কতগুলির নিষ্পত্তি হয়েছে (জেলাভিত্তিক তথ্যসহ) ; এবং

(খ) ৩১শে জানুয়ারি, ২০১৪ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলার ক্রেতা সুরক্ষা আদালতে কর্মীসংখ্যা কত ?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৩ সালে রাজ্য ক্রেতা সুরক্ষা আদালতগুলিতে মোট ৫৮৮৭টি অভিযোগ জমা পড়েছে এবং মোট ৫১১৬টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে এবং রাজ্য আয়োগে ওই সময়ে ২৫২০টি অভিযোগ জমা পড়েছে এবং ১৫৭২টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

জেলাভিত্তিক তথ্য সংযোজিত হল।

২০১৩ সালে রাজ্যে ক্রেতা সুরক্ষা আদালতগুলিতে মোট কতগুলি অভিযোগ জমা পড়েছে এবং তার মধ্যে কতগুলির নিষ্পত্তি হয়েছে তার (জেলাভিত্তিক) বিবরণ—

ক্রমিক নং	ফোরামের নাম	৩১.১২.১২ পর্যন্ত বকেয়া মামলার সংখ্যা	২০১৩ সালে দায়ের করা মামলার সংখ্যা	মোট	এই সময়ে মামলার নিষ্পত্তির সংখ্যা	৩১.১২.১৩ পর্যন্ত বকেয়া মামলার সংখ্যা
০১.	বাঁকুড়া	৭২	১৭৯	২৫১	১৪০	১১১
০২.	বীরভূম	৯১	১৭১	২৬২	১৩৩	১২৯
০৩.	বর্ধমান	৪৫২	৩৪৮	৮০০	৩৬৯	৪৩১
০৪.	কোচবিহার	৩৯	১৫৭	১৯৬	৮৩	১১৩
০৫.	দক্ষিণ দিনাজপুর	৬৪	৮২	১৪৬	১০৯	৩৭
০৬.	দার্জিলিং	১৪	২৭	৪১	৩৩	৮
০৭.	হুগলী	২৪৫	২৩৫	৪৮০	১৬৫	৩১৫
০৮.	হাওড়া	১৬৯	৫৮৬	৭৫৫	৩২৩	৪৩২
০৯.	জলপাইগুড়ি	৪১	১১৭	১৫৮	৬৬	৯২
১০.	কলকাতা ইউনিট-১	১০৪০	৯৩৫	১৯৭৫	৬৩১	১৩৪৪
১১	কলকাতা ইউনিট-২	৫৯৪	৫১৩	১১০৭	৬৮০	৪২৭
১২.	মালদা	১০৪	১৩৬	২৪০	১৫৫	৮৫
১৩.	মুর্শিদাবাদ	৩০৪	১৭৫	৪৭৯	২০৯	২৭০
১৪.	নদিয়া	৫৬	১৩২	১৮৮	৮৩	১০৫
১৫.	উত্তর ২৪-পরগনা	৫৬৩	৯৭৩	১৫৩৬	৬৩৪	৯০২
১৬.	পূর্ব মেদিনীপুর	১২	১১১	১২৩	৯৭	২৬
১৭.	পশ্চিম মেদিনীপুর	১৫৭	১৫২	৩০৯	১৩৪	১৭৫
১৮.	পুরুলিয়া	১৪	৩৫	৪৯	৩৩	১৬
১৯.	শিলিগুড়ি	১৩৪	১৬৬	৩০০	৮৯	২১১
২০.	দক্ষিণ ২৪-পরগনা	৫৪৪	৫২৮	১০৭২	৮৪৮	২২৪
২১.	উত্তর দিনাজপুর	৮১	১০১	১৮২	৭৯	১০৩
	আলিপুরদুয়ার সার্কিট বেঞ্চ	১৭	২৮	৪৫	২৩	২২
	মোট	৪৮০৭	৫৮৮৭	১০৬৯৪	৫১১৬	৫৫৭৮
	রাজ্য কমিশন	১৫৭৮	২৫২০	৪০৯৮	১৫৭২	২৫২৬

(খ) ৩১শে জানুয়ারি ২০১৪ সালের সাপেক্ষে মুর্শিদাবাদ জেলার ক্রেতা সুরক্ষা আদালতে কর্মী সংখ্যা ৮ জন। এছাড়া ১ জন সভাপতি এবং ২ জন সদস্য আছেন।

কোতুলপুর গোটারি ফার্ম

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৪) শ্রী বাসুদেব খাঁ : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলার কোতুলপুরের ''গোটারি'' ফার্মটির আধুনিকীকরণের কোনো প্রস্তাব সরকারের আছে কিনা ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বাঁকুড়া জেলার কোতুলপুরের 'গোটারি' ফার্মটির আধুনিকীকরণের প্রস্তাব আগেই নেওয়া হয়েছে এবং ইতিমধ্যেই প্রস্তাবিত আধুনিকীকরণ সম্পূর্ণ হয়েছে।

সরকারি কাজে সিকিউরিটি ট্রেনিং নিয়োগ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১) শ্রী নেপাল মাহাত : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কারিগরী শিক্ষার অধীনে সিকিউরিটি ট্রেনিংপ্রাপ্ত প্রার্থীদের সরকারি কাজে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার কোনো প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং ;

(খ) থাকলে তা কীরূপ ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) কোনও প্রশ্ন আসে না।

[12.00—12.10 p.m.]

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Khageswar Roy desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the

Constitution of India. I read out it—Hon'ble Speaker, Sir, yesterday i.e 16.02.2014, my beloved mother Srimoti Mileswari Roy, 87 years old, has left this material world for which it will not be possible for him to attend this Session with effect from 17.02.2014 till 5.3.2014 and accordingly, he has requested to grant him leave of absence for this period.

I now ask whether Shri Khageswar Roy has the permission of the Assembly asked for by him.

(No Dissentient voice is heard)

Mr. Speaker: There is no dissentient voice. I declare that Shri Khageswar Roy has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 17th February, 2014 till the least sitting of the Current Session of the Assembly.

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have receivd five (5) notices of Calling Attention on the following subjects namely :

	Subject	Name
(i)	Urge for introduction of State Bus Service in Garia-Mathurapur Road via Joynagar and Baruipur	Dr. Tarun Kanti Naskar
(ii)	Urge for repairing of 'Krishak Setu' Over Dakshin Damodar River	Shri Basudev Khan
(iii)	Alleged deplorable condition of Class Rooms of Chandrapur Girls' High School in Mangalkot Assembly Constituency area	Shri Sahajahan Chowdhury
(iv)	Urge for construction of new bridge over Khari river in Billagram Panchayat under Ausgram Assembly Constituency	: Shri Basudeb Mete
(v)	Urge for speedy implementation of the Proposed 'Eco-Tourism' Scheme at Dabu in Nikarighata area under Canning Paschim Assembly Constituency.	: Shri Shyamal Mondal

I have selected the notice of Dr. Tarun Kanti Naskar on the subject of (i) Urge for introduction of State Bus service in Garia-Mathurapur Road via Joynagar and Baruipur. The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, the Minister has been requested to submit the written reply to the Hon'ble member.

LAYING OF NOTIFICATION

Notification made by Food & Supplies Department under the West Bengal Right to Public Service Act, 2013—Shri Jyoti Priya Mallick to lay.

Shri Jyoti Priya Mallick : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to lay the Notification No. 2950-FC-Secretariat-Food-4P/05-2013 dated 25th October, 2013 made by the Food and Supplies, Government of West Bengal under West Bengal Right to Public Services Act, 2013.

LAYING OF REPORT AND ACCOUNTS

Shri Swapan Debnath : Mr. Speaker, Sir, with your kind permission, the 39th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2012-13.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্যে দিয়ে আমি মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬ই ফেব্রুয়ারি থেকে ১৩ দিন হল স্কুল সার্ভিস কমিশনের কম্বাইন মেরিট লিস্টে অন্তর্ভুক্ত প্রার্থীদের অনেকেই কমিশনের সদর দপ্তর আচার্য সদনের সামনে অনশন করছেন। ইতিমধ্যে ৩০-৩৫ জন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং তারা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলে সহ-শিক্ষক পদে চাকরির জন্য কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন ২০১১-এর বিজ্ঞপ্তি অনুযায়ী যা-যা কাজ করা তারা সেটা করে মেরিট লিস্টে অন্তর্ভুক্ত হয়েছেন প্রায় ৩৫ হাজার ৫৯০ জন। তাদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দফার কাউন্সেলিংয়ের মধ্যে দিয়ে ৩২ হাজার ৪১৪ জন ডাক পেয়েছেন এবং ২৭ হাজার ১৯ জন তারা ইতিমধ্যে নিযুক্ত হয়ে গেছেন। এবং দেখা যাচ্ছে যে যারা মেরিট লিস্টে—

Mr. Speaker: Dr. Naskar, you are going beyond the subject for which you have sought for this Mention. আপনি বলছেন Hunger Strike by empaneled candidates. So you will confine to that.

ডঃ তরুণকান্তি নস্কর : আমি Hunger Strike-এর কথাই বলছি। সেই Hunger Strike-এর সেই ছাত্রছাত্রীর যে দাবি, সেই দাবি হচ্ছে তাদের চতুর্থ কাউন্সেলিংয়ে ডেকে তাদের নিয়োগ প্রক্রিয়া যে করা, সেটাকে তারা

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত ৩১ তারিখে আমাদের রায়না বিধানসভায় আড়াই বছর বাদে আমরা একটা জনসভার অনুমোদন পেয়েছিলাম। কিন্তু সেই জনসভা থেকে ফেরার পথে আদমপুর গ্রামেতে বহিরাগত এবং পুলিশের দ্বারা আমাদের বহু সমর্থকের উপর আক্রমণ হয়। এছাড়াও পাঁচজন মহিলাকে বাড়িতে ধর্ষণ করতে যাওয়ার ফলে তারা প্রতিরোধ করে এবং পুলিশের সহায়তায় আবার তাদেরকেই জেলখানায় পাঠানো হয়েছে। আমাদের উপর এইভাবে অত্যাচার চলছে। তাই আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় মঙ্গলকোটের নতুনহাটে গত ১৪ই ফেব্রুয়ারি একটা জনসভার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং পারমিশান করাতে যাওয়া হয় প্রশাসনের কাছে। প্রশাসন বলে ১৬ই ফেব্রুয়ারি করতে। পুনরায় আবার ১৬ই ফেব্রুয়ারি যাওয়া হয়। আগে ১৪ই ফেব্রুয়ারির বদলে ১৬ই ফেব্রুয়ারি করতে বলে। কিন্তু দেখা যাচ্ছে ১৬ই ফেব্রুয়ারি মাস মিটিংয়ের আগেই বলে দেওয়া হল যে পারমিশান দেওয়া হবে না। স্যার, আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ার কাছে জানতে চাইছি যে আমাদের যে ফান্ডামেন্টাল রাইট আছে সংবিধানের মৌলিক অধিকার, সেই মৌলিক অধিকার মত প্রকাশের অধিকার। সেই মত প্রকাশের অধিকার শুধু শাসক দল ছাড়া অন্যদের থাকবে কি থাকবে না, এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার বিধানসভা এলাকায় সিভিক পুলিশের ব্যবহার করে নানাভাবে বিভিন্ন গরীব আদিবাসী পাড়াতে অত্যাচার চালানো হচ্ছে। তৃণমূলের যে সমস্ত নেতারা আছেন, বিভিন্ন জায়গায় সেই নেতারা এই কাণ্ডকারখানাগুলো করছে। সিভিক পুলিশকে ব্যবহার করে এই সমস্তগুলো হচ্ছে। সিভিক পুলিশ এবং পুলিশ মিলে গত দশ তারিখে বহুলা গ্রামের মতিবাজার, বহুলা গ্রামের বাউড়ীপাড়াতে ঢুকে সেখানে মহিলাদেরকে মারধোর করে। এতে দু-তিনজন মহিলা মারাত্মকভাবে আহত হন। তারা ডাক্তারবাবুকে দেখিয়েছেন। কিন্তু কোনোভাবেই অভিযোগ নেওয়া হচ্ছে না। যাতে অভিযোগ নেওয়া হয় এবং যারা দোষী তাদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা নেওয়া হয়, সেটা দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী বাসুদেব মেটে : স্যার, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৪ তারিখে আমি সেচের বিষয়ে একটা প্রশ্ন করেছিলাম। সেখানে মন্ত্রী আমাকে জবাব

দিয়েছিলেন যে আপনারা এতদিন ক্ষমতায় ছিলেন, করেন নাই কেন ? আমরাই এই কাজটি সম্পূর্ণ করেছি। যাইহোক, আমার প্রশ্নটা একটু অগোছালো থাকার জন্য আমি একটু খুঁটিয়ে দেখার পর দেখলাম যে বিগত কংগ্রেস আমলে স্কীমটি নিয়েছিল। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এই স্কীমটি যতটা হয়েছে, সেটি সম্পন্ন করেছে ১৯৯৬ সালে। অথচ মাননীয় সেচমন্ত্রী বললেন যে আমরাই এটা করে দিয়েছি।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

Mr. Speaker : Why do you put question ? আপনি দৃষ্টি আকর্ষণ করতে গিয়ে আপনি প্রশ্ন করছেন, কেন ?

শ্রী তজমুল হোসেন : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত বাঙালীপাড়া থেকে কলুয়া পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার রাস্তা-ঘাট সম্পূর্ণরূপে হয়ে গেছে। কিন্তু দুঃখের বিষয় এই যে টালবাংলার কাছে লুখিয়াঘাট নামক একটা জায়গায় ব্রীজ না থাকার দরুন মানুষের চলাচলের জন্য রাস্তাটি যে রকম অবস্থায় ছিল, সেই রকম অবস্থায় থেকে গেছে। ব্রীজ না থাকার জন্য মানুষ এপার থেকে ওপারে যেতে পারছে না। এর জন্য বহুবার বলেছি। এখান থেকে ইঞ্জিনিয়াররা গেছেন, মালদা থেকে অফিসাররা গেছেন, কিন্তু কাজ এখনও পড়ে আছে। তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে এই লুখিয়াঘাটের ব্রীজটি স্থাপন করার জন্য আমি দাবি জানাচ্ছি। অবিলম্বে যেন সেই ব্রীজটি করা হয়।

[12.10—12.20 p.m.]

শ্রী নবীন চন্দ্র বাগ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৯.২.২০১৪ তারিখে বর্ধমান জেলায় পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির ৭টি পদে নিয়োগের পরীক্ষা ছিল। জেলায় প্রায় ১ লক্ষ ৬৪ হাজার পরীক্ষার্থী বসে। পরীক্ষা শুরুর সময় ছিল বেলা ১২টায়। আমার বিধানসভা এলাকায় চারগ্রাম হাইস্কুলে প্রশ্নপত্র আসে বেলা ৩টার সময়। এইরকম বিভিন্ন স্কুলে কোথায় দেরিতে প্রশ্ন, কোথাও আবার প্রশ্ন পৌঁছায় না। এই সময়মতো প্রশ্নপত্র না পৌঁছোনোর জন্য পরীক্ষার্থীরা পরীক্ষাহলের সামনে বিক্ষোভ দেখায়। ঠিক সেই সময়ে তৃণমূলের গুণ্ডাবাহিনীরা এসে পরীক্ষার্থীদের মারধোর করে তাড়িয়ে দেয়। যার ফলে বেশিরভাগ পরীক্ষার্থী বাড়ি চলে যায় এবং পরে খোঁজখবর নিয়ে জানা যায় ওই পরীক্ষাকেন্দ্রে প্রশ্নপত্র ঠিক বেলা ১০টার সময় ফাঁস হয়ে যায়। সেইজন্য আমার প্রশ্ন এবং আমার অনুরোধ, আমার মন্ত্রীর কাছে সেইজন্য দৃষ্টি আকর্ষণ করছি যে, এই পরীক্ষাটি সম্পূর্ণ বাতিল করে নতুন করে একটা পরীক্ষা নেওয়া হোক। ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে, পুরুলিয়া থেকে রাঁচি রাস্তার যে লিঙ্ক রাস্তাগুলো আছে, যেমন—জয়পুর থেকে কড়কড়া—ঝাড়খণ্ড সীমান্ত পর্যন্ত যে রাস্তা যান চলাচলের অযোগ্য হয়েছে, সেই রাস্তাটা সংস্কারের ব্যবস্থা এবং ঝালদা থেকে বড়জোপুর ঝাড়খণ্ড সীমান্ত পর্যন্ত যে রাস্তাটা

যান চলাচলের অযোগ্য হয়েছে সেই রাস্তাটা সংস্কারের জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত ও সুন্দরবন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলতলী বিধানসভা এলাকায় কুলতলী ব্লকের মাঝখান দিয়ে প্রায় ৫৫ কিলোমিটার পাকা রাস্তা বেরিয়ে গেছে। বিগত বামফ্রন্ট সরকারের সময় এর ৫০ কিলোমিটার হয়েছে। ৫০ কিলোমিটার হলেও এই রাস্তা গত কয়েক বছর ধরে কোনোরকম মেরামতি হয়নি। অবিলম্বে এটা মেরামতি এবং সেইসঙ্গে কিশোরীমোহনপুরে এই যে ৪ কিলোমিটার আর ৫ কিলোমিটারের মতো যে কাঁচা রাস্তা এখনও বাকি আছে করতে এটা করা অত্যন্ত জরুরি কারণ এটা ৩টে ব্লকের সংযোগস্থল— পাথর ব্লক, মধুপুর ২ নং ব্লক এবং কুলতলী ব্লক এবং তিনটে নদীর মোহনাও—মনী নদী, ঠাকরুণ নদী ওরিয়েন্দ্র নদী। এখানে এই বাকি রাস্তাটা করার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উপস্থাপিত করছি। স্যার ডি.পি.এল.-এর ৩টে ইউনিট বন্ধ হয়ে গেছে। প্রথম এবং দ্বিতীয় ইউনিট এর আগে—প্রায় ২৫ বছর আগে বন্ধ হয়ে যায়। তারপর ৩, ৪ এবং ৫ নং ডি.পি.এল.-এর এই ইউনিট বন্ধ করার জন্য আবার বিদ্যুৎ সচিব স্বয়ং সুপারিশ করেছেন যে বন্ধ করে দাও। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এখানে আছেন—মাননীয় বিদ্যুৎ মন্ত্রী আমি আপনাকে অনুরোধ করছি এটা শোনার জন্য। ডি.পি.এল.-এর ৩টে ইউনিট—৩, ৪, ৫ বন্ধ করে দেওয়ার জন্য সুপারিশ করেছেন আপনার দপ্তরের সচিব এবং তার ফলে কয়েক হাজার কর্মচারীর চাকরি সম্পর্কে অনিশ্চিত অবস্থার সৃষ্টি হচ্ছে এবং একই সঙ্গে আমি আপনাকে জানাব এই তিনটে ইউনিট বন্ধ করে দেওয়ার ফলে ২৩১ মেগাওয়াট করে যে বিদ্যুৎ তৈরি হত, সেই ২৩১ মেগাওয়াট বিদ্যুৎ আর তৈরি হবে না। আপনি এখানে উপস্থাপিত আছেন, আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে অনুরোধ করছি যে, অবিলম্বে আপনার কি বক্তব্য যদি আপনি বলেন এবং যাতে বন্ধ না হয় সেটা যদি দেখেন।

মিঃ স্পীকার : আপনি জানেন অসিতবাবু, এটা কি বক্তব্য উত্তর দেওয়ার সময়? আপনি দৃষ্টি আকর্ষণ করেছেন, সেটা মাননীয় মন্ত্রীকে আমি বলেছি দেখবার জন্য।

শ্রী এস. এম. সাদি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় পলাশীপাড়া ৪৯তম কৃষ্ণনগর মৌজাতে বিগত বামফ্রন্ট সরকারের সময় একটা ক্লাস্টার ইরিগেশানের ব্যবস্থা ছিল এবং সেখানে প্রায় ৭০ থেকে ৮০ বিঘা জমিতে আমাদের সে সুযোগ ছিল। প্রায় এক-দেড় বছর ধরে সেখানে সেটা বন্ধ আছে। এটা ঠিকই যে মাননীয় মন্ত্রী প্রশ্নোত্তরপর্বে বলেছেন যে, বেনিফিসিয়ারিজদের দেওয়া হয়েছিল। আমরাও উদ্যোগ গ্রহণ করছি। সেখানে বিদ্যুতের জন্য কিছু অর্থ সংগ্রহ হয়েছে। বিদ্যুৎ দপ্তর লাইটটা ডিসকানেক্ট করে দিয়েছে। মাননীয় মন্ত্রী যদি একটু উদ্যোগ নেন তাহলে

পরে যে টাকাটা ওই বেনিফিসিয়ারিজদের কাছে আছে, সেটা পে করে সেটাকে যদি চালু করা যায় তাহলে অনেক কৃষক সেখানে এই ব্যাপারে যে অসুবিধায় আছে তারা উপকৃত হবে।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে শিশু ও নারী কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আই.সি.ডি.এস. আমাদের রাজ্যে এবং গোটা দেশে শুরু হয়েছে ১৯৭৫ সালে। উদ্দেশ্য মা ও শিশুদের সুস্থ রাখা এবং পুষ্টি জোগান দেওয়ার জন্য। আমি উদ্বেগের সঙ্গে বলছি স্যার, আমাদের রাজ্য সরকার মিশন মোডের নাম করে এই প্রকল্পকে বেসরকারিকরণ করা চেষ্টা করছে। আমি দাবি করছি এবং দৃষ্টি আকর্ষণ করছি এই প্রকল্পের যাতে সরকার দায়িত্ব নেয় এবং দায়িত্ব নিয়ে যাতে প্রকল্প চলে তার ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ করছি।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী, শিক্ষামন্ত্রী এবং সর্বোপরি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন প্রায় ৬০ হাজারের উপরে এস.এস.কে., এম.এস.কে. এবং পার্শ্ব শিক্ষক-শিক্ষিকারা স্কুলে কাজ করে। বামফ্রন্ট সরকারের আমলে তাদের অনারারিয়াম বাড়ানো হয়েছিল, আমরা গতকালকে বাজেটে দেখলাম তাদের কোনো অনারারিয়াম বাড়ানো হয়নি। নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে এস.এস.কে., এম.এস.কে. এবং পার্শ্ব শিক্ষক-শিক্ষিকাদের অনারারিয়াম যদি বাড়ানো না হয় তাহলে তাদের জীবন-জীবিকা নির্বাহ করতে খুবই অসুবিধা হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রীদের কাছে আহ্বান জানাচ্ছি তাদের অনারারিয়াম যাতে বৃদ্ধি করা হয়। ধন্যবাদ।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় গ্রামোন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভায় কংসাবতী নদীর উপর একটি নতুন সেতু তৈরি হচ্ছে। এই সেতুটি বহু লোকের ব্যবহারের জন্য তৈরি হচ্ছিল। প্রায় ১০-১৫ হাজার লোক প্রতিদিন এই রাস্তা ব্যবহার করেন। বৃষ্টির সময় তারা যেতে পারে না, তাদের ২০ কিলোমিটার ঘুরে যেতে হয়। এই কাজটা যাতে অতি তাড়াতাড়ি শুরু হয় এবং শেষ করা যায়, কারণ বর্ষা এসে গেলে আবার ফিনানসিয়াল এসকালেশন হয়ে যাবে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে যাতে অবিলম্বে এই কাজ শেষ করা যায় বৃষ্টির আগে, নাহলে মানুষের খুব হয়রান হবে।

ZERO HOUR

মিঃ স্পীকার : আপনি কলিং অ্যাটেনশান দেবেন, জিরো আওয়ার দেবেন—এত তো হতে পারে না। আপনি একটা দিন। ঠিক আছে ছোটো করে বলুন।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে, সুন্দরবন সংক্রান্ত বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের উত্তর ২৪-পরগনা জেলাতে

সন্দেশখালি সহ ৬টা ব্লক আছে। স্যার আমার বিধানসভা কেন্দ্রে ৯টি দ্বীপ এবং ১৩টা নদী বিভিন্ন ভাবে বিভক্ত হয়েছে। এই অবস্থায় জনসংযোগ গড়ে তোলার জন্য, শহরের সঙ্গে যুক্ত করার জন্য বিগত বামফ্রন্ট সরকার তিনটে সেতু করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছিল। কালিনগর নেজাট বেতনী নদীর উপর ব্রীজ করার জন্যে, জেলিয়াখালি দুর্গামণ্ডপে রামপুর নদীর উপর ব্রীজ করার জন্য প্রস্তাব নিয়েছিল। তার কাজ কিছুটা এগিয়েছিল। এই মুহূর্তে কাজ থেমে আছে। এই কাজগুলো যাতে দ্রুত রূপায়ণ করা হয় তার জন্য দাবি করছি।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনি জানেন ২১-এ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। আর এই দিবসের সঙ্গে আমাদের একটা আবেগ বলুন বা যাই বলুন জড়িয়ে আছে। কারণ আমরা বাঙালি। আর আমাদের একটু বেশি আছে এই কারণে যে, আমাদের জেলায় যারা ওখানে শহীদ হয়েছিলেন তার মধ্যে একজনের নাম বরকত। তার বাড়ি হচ্ছে মুর্শিদাবাদ জেলার ভরতপুরের বাবলা গ্রামে। প্রতি বছর এখানে অনুষ্ঠান হয়। আমরা সেখানে যাই। আমি আপনার কাছে আবেদন জানিয়েছিলাম যে ওইদিন অধিবেশন বন্ধ রাখা যায় কি না। আপনি বললেন ২১ তারিখে অধিবেশন শেষ হয়ে যাবে, তাই বন্ধ রাখা যাবে না। আমার দুটি ছোট্টো প্রস্তাব আছে। একটা প্রস্তাব হচ্ছে যে এই বিধানসভায় যেন একটা অনুষ্ঠান করে, যারা শহীদ হয়েছিলেন তাঁদের যেন শ্রদ্ধা জানানোর ব্যবস্থা করা হয়। আর দ্বিতীয় হচ্ছে যে গ্রামে বরকতের জন্ম হয়েছিল, সেই গ্রামে একটা স্মারক স্তম্ভ করা হয়েছে। একটা লাইব্রেরিও করা হয়েছে। যদি সেখানে কিছু সাহায্য সরকারিভাবে দেওয়া যায় তাহলে ভালো হয়। ধন্যবাদ।

শ্রী আশুতোষ মুখার্জী : সম্মানীয় স্পীকার স্যার, আমার বড়জোড়া বিধানসভা এলাকায় ১২০টা হাতি দুই থেকে তিন মাস ধরে অবস্থান করছে এবং ওই এলাকায় ব্যাপক ভাবে ঘর-বাড়ি ভাঙচুর করছে, মানুষকে জখম করছে। ইতিমধ্যে এই মাসে প্রায় ৫ জন হাতির আক্রমণে মারা গেছে। গত পরশু হাতির আক্রমণে মুক্তাতোড় গ্রামে ঘরবাড়ি ভেঙেছে, একটা শিশুরও মৃত্যু ঘটেছে। গতকাল খাড়ারি গ্রামে হাতির আক্রমণে দুজন জখম হয়ে বাঁকুড়া মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন আছে। আমরা জানি হাতি একটা জাতীয় সমস্যা। দলমা প্যাহাড় এবং ময়ূরভঞ্জ এলাকা থেকে প্রতি বছর তারা আসে এবং ব্যাপক ক্ষয়ক্ষতি করে। হাতির আক্রমণে সেখানকার মানুষের জীবন-জীবিকা দুর্বিষহ হয়ে পড়েছে। পূর্বতন সরকার এই বিষয়ে কোনো উদ্যোগ নেননি। মাননীয় বনমন্ত্রীকে আমার বিনীত অনুরোধ এই ব্যাপারে আপনি যথাযথ ব্যবস্থা নিন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, গতকাল এই সদনে রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যপালের বক্তব্যের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছিল, সেই প্রস্তাবের উপরে বক্তব্য রাখছিলেন, অর্থাৎ কয়েকদিন ধরে যে আলোচনা হল তারই উত্তর তিনি দিতে এসেছিলেন। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা এই যে, সেইসময় বিরোধী দল—বামফ্রন্ট এবং কংগ্রেস, উভয়েই সেই সভা বয়কট করলেন। যারা প্রতিমুহূর্তে বিধানসভায় মুখ্যমন্ত্রীর রিপ্লাই

শুনতে চান, বক্তব্য শুনতে চান, তারা গণতন্ত্রের প্রতি সম্পূর্ণ অনাস্থা জানিয়ে গতকাল এই সদনে অনুপস্থিত থাকলেন। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন, আজকে তারা...

মিঃ স্পীকার : মুখ্যমন্ত্রীর বক্তব্য আপনাকে রিপিট করতে হবে না। আপনি আপনার বক্তব্য রাখুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : তারা এই সদনের বাইরে মক কোর্ট করেছে, মক পার্লামেন্ট করেছেন। যেহেতু তারা এই সদনকে অমর্যাদা করলেন, আগামী দিনে তারা সম্পূর্ণভাবে সাফ হয়ে যাবেন।

...(At this stage the House was adjourned till 1.15 p.m.)...

[1.15—1.30 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, যে বাজেট এই সভাতে পেশ করা হয়েছে আমি প্রথমেই তার বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমার যে বক্তব্য তা আমি জানাচ্ছি। আমি স্যার, মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট সেই বাজেটটাকে কালকে যতটা পেরেছি খুঁটিয়ে পড়ে দেখার চেষ্টা করেছি। এই বাজেট পড়তে গিয়ে যা দেখলাম তাতে তিনি অনেক কিছু দেখিয়েছেন কিন্তু দেখানোর পরে বাজেট খুলতে গিয়ে যখন দেখছি তখন মনে হচ্ছে এটা একটা তলানিবিহীন ঝুড়ি। তা তলানিবিহীন ঝুড়িতে কিছুই থাকে না। এটাকে আমার তলানিবিহীন ঝুড়ির মতোই মনে হয়েছে। কেন মনে হয়েছে আমি সেই প্রশ্নে একের পর এক আসছি। প্রথমত একটা বাজেটকে যখন বিশ্লেষণ করতে হয় তখন তার ক্যাপিটাল এক্সপেনডিচার কত সেটা দেখতে হয়। ক্যাপিটাল এক্সপেনডিচার বিশেষ করে ৯ নম্বর বাজেট প্রকাশনা যে বই সেটা আমি ২০০৮-০৯ থেকে ২০১৪-১৫ পর্যন্ত আমার কাছে আছে। তাতে আমি দেখেছি যে ২০০৮-০৯-এ যখন বামফ্রন্ট সরকার ছিল তখন ক্যাপিটাল এক্সপেনডিচার ছিল ৮ হাজার ৩১৬.৫৩, রিভাইস্‌ড হয় ৯ হাজার ২৯৮.৭৫। ২০০৯-তে ক্যাপিটাল এক্‌সপেনডিচার ছিল ১০ হাজার ৬৬৯.৬০ এবং সেটা রিভাইস্‌ড হয়ে দাঁড়ায় ১০ হাজার ২৩১.১৬-এ। লক্ষ্য করার বিষয় যে ০৮ এবং ০৯-এ এই দুই বছরে সরকারের যা বাজেট যা রাখা হয়েছিল রিভাইস্‌ড-এ তার থেকে বেশি হয়েছে। ৮ হাজার থেকে ৯ হাজার নিশ্চয়ই বেশি। ১০ হাজার ৬০০ থেকে ১০ হাজার টাকা যেটা ছিল সেখানেও দেখুন, সেখানেও বাড়ানো হয়েছে। কিন্তু ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪। ২০১৩-১৪তে শুধুমাত্র দেখা যাচ্ছে যে বাজেটে উনি রেখেছিলেন ১৮ হাজার ৯১৩ টাকা ৮৭ পয়সা এবং সেখানে ১৯ হাজার ৫.৫৩ অর্থাৎ এই সময়টুকু বেড়েছে। কিন্তু একটা বাজেট যখন কোনো একটা রাজ্যের বা রাষ্ট্রের মন্ত্রীরা রাখেন তখন আমাদের প্রথমেই দেখতে হয় যে রিয়েল ক্যাপিটাল এক্সপেনডিচার কত। রিয়েল ক্যাপিটাল এক্সপেনডিচারকে যদি দেখতে হয় তাহলে পরে সেটাকে কি করতে হয়। সেটাকে হচ্ছে জি.এন.পি. ডিফ্লেটর দিয়ে মোটামুটি ভাগ করতে

হয়, ভাগ করলে রিয়েল ক্যাপিটাল এক্সপেনডিচার পাওয়া যায়। আমি জি.এন.পি. ডিফ্লেটর দিয়ে যখন ভাগ করে দেখতে গেলাম তখন আশ্চর্য হয়ে গেলাম, দেখা যাচ্ছে যে বিশেষ করে ২০০৮-০৯এ এবং ০৯-১০এ, বিশেষ করে দেখা যাচ্ছে ১০-১১তে ক্যাপিটাল এক্সপেনডিচারে যেখানে রিয়েল গ্রোথ ছিল ১৫.৮১ শতাংশ সেটা ২০১১-১২তে কমে গিয়ে দাঁড়াল ৪.৪১ শতাংশে। মাননীয় অর্থমন্ত্রী আপনাকে আমি জানাচ্ছি যে ১৫.৮১ শতাংশ বেশি না ১১-১২তে যেটা দাঁড়াল ৪.৪১ শতাংশ বেশি সেটা আপনিই বলতে পারবেন। ২০১২-১৩ সেখানে হচ্ছে ১২.৮২ শতাংশ এবং ১৩-১৪তে অদ্ভুত ব্যাপার সেটা কমে দাঁড়াল ৬.১৪ শতাংশ। এবার আমাদের ভারতবর্ষের গ্রোথ রেট রেশিও যদি হিসাব করে দেখা যায় তাহলে থ্রি ইজ টু ওয়ান। থ্রি ইজ টু ওয়ান যদি হয় তাহলে পরে হচ্ছে ৬%। এটা কিন্তু আমি হিসাব করছি যেটা যে হিসাবটা করেছিলাম বাজেটেড তার উপরে। বাজেটেডে পরে অ্যাকচুয়ালটা ১২ কমে গেছে আপনার ক্ষেত্রে। তাহলে বাজেটেডে যদি ৬.১৪ হয়। আর গ্রোথ রেট রেশিও যদি থ্রি ইজ টু ওয়ান হয় তাহলে পরে আমাদের দেশে অ্যাকচুয়ালি আপনার যে ২০১৩-১৪তে যে বাজেট সেই বাজেটে আপনার দাঁড়াল গ্রোথ রেশিও দাঁড়াবে আপনার মাত্র টু পারসেন্ট। তাহলে টু পারসেন্ট যদি হয়, তাহলে টু পারসেন্ট আগামীদিনে যখন জেস্টেশন পিরিয়ড যখন শেষ করবে, তখন আমাদের দেশের অগ্রগতি কোথায় দাঁড়াবে। সেই ব্যাপারে প্রথমেই আপনি হিসাব করে আমাদের জানানোর দরকার ছিল বলে আমার মনে হয়। আমি স্যার এটা মনে করেছি আমার হিসাবের ক্ষেত্রে। এবং আর একটা বিষয় হল যতবার বাজেট প্লেস হয়েছে এই তৃণমূল সরকারের আমলে পরিবর্তন সরকারের আমলে দু হাজার এগারো-বারো থেকে তেরো-চোদ্দো প্রত্যেকবারেই ক্যাপিটাল এক্সপেন্ডিচারের ক্ষেত্রে যা বাজেটেড এবং তার থেকে actuals যা সেটা প্রত্যেকবারেই কম হয়েছে। জানি না দু হাজার চোদ্দো-পনেরোতে কি হবে। তেরো-চোদ্দোতে সামান্য একটুখানি বেড়েছে। দ্বিতীয় আমার প্রশ্ন যে capital receipt side সেখানে অস্বাভাবিক রকমের market loan বৃদ্ধি পেয়েছে। আমি বলছি যে Capital receipt side আপনার market loan বৃদ্ধি করা ভালো। খারাপ কিছু নয়। লোন বৃদ্ধি করা ভালো। সেটা যদি কেন্দ্রীয় সরকারের কাছে লোন হয় তাহলে ভালো। কিন্তু মার্কেট লোন যদি বাড়ে তাহলে সেটা সবথেকে খারাপ। কারণ এই মার্কেট লোন যেটা আপনি খরচা করছেন সেটা আপনি কোন খাতে খরচ করছেন। আমাদের দেখার বিষয় যে Capital expenditure খাতের যে খরচ, সেই খরচ যদি রেভিনিউ খাতে হয়ে যায় তাহলে কি হবে। আমাদের দুর্ভাগ্য আপনি অনেক চেষ্টা করছেন। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কি বলছেন ? "যে আমি হাজার বার মেলা করব। আমি লক্ষ বার মেলা করব। আমি কোটি বার মেলা করব।" হাজার বার, লক্ষ বার, কোটি বার করুন, উনি প্রতি বুধবার করুন। তাতে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, real expenditure খাতের যে খরচ সেই খরচটা কেন রেভিনিউ খাতে করা হবে ? প্রত্যেকটা খরচের খাতের একটা নোশনাল লাইফ থাকে। আমি আপনাকে জিজ্ঞাসা করি যে আপনার যে এই রিয়েল এক্সপেনডিচার খাতের যে খরচ তার নোশনাল লাইফ কি এবং তাতে কি রেভিনিউ জেনারেট হচ্ছে। এটা আপনাকে জানাতে

হবে। নীল সাদা করলেন। হলুদ নীল করলেন। এখানকার বাড়ি ওখানে পাঠাতে পারেন। ইংল্যান্ড আমেরিকার রাষ্ট্রপ্রধানরা দেখা করতে আসতে পারেন। কিন্তু তার জন্য কোনো নোশনাল লাইফ বাড়েও না এবং তার জন্য আপনারা কত রেভিনিউ জেনারেট করেন। উদাহরণস্বরূপ আমি আপনাকে বলছি আপনি বলছেন গত তিন বছরে আপনার ১.১২ লক্ষ কোটি টাকার শিল্পের প্রস্তাব এসেছে। যার জন্য তিন লক্ষ চোদ্দো হাজার জনের চাকরি হবে। বাস্তবে দেখা যাচ্ছে আপনি কয়েকদিন আগে এই কথা বলেছেন। এবং তিন লক্ষের উপরে চাকরি হবে এইকথা আপনি বলেছেন। এবং তাতে বাস্তবে দেখা যাচ্ছে দশ-এগারো সালের তুলনায় দু হাজার বারো-তেরো সালে আমাদের দেশের শিল্পের আগমন ৯৭% কম হয়েছে। দশ-এগারোর তুলনায় ৯৭% ইন্ডাস্ট্রি কম এসেছে। দু হাজার এগারো-বারোর তুলনাতে আবার বারো-তেরোতে দেখা যাচ্ছে দশ-এগারোর তুলনায় দু হাজার বারো-তেরোতে ৮৫% কম এসেছে শিল্প। এটা Bureau of Applied Economics(2) তার যে কাগজপত্র বেরিয়েছে, আপনার কাছে নিশ্চয় আছে, এখানে এইসব কথা পরিষ্কারভাবে লেখা রয়েছে। আপনি নিশ্চয় এটা দেখেছেন। আপনাদের জমি সংক্রান্ত কোনো নীতিই নেই। দীপংকর দাশগুপ্ত অর্থনীতির বিশিষ্ট অধ্যাপক। Indian Statistical Institute-এর অধ্যাপক আপনাকে কি বলেছে ? আপনাকে বলছেন Land is a big issue in West Bengal. I think the Government is learning its lesson and eventually will choose a middle form to promote industries while not deviating from its own stands. I am hopeful that Mr. Mitra will be able to initiate direct discussion with top industrialists and sort out the issue. কই এ তো এর মধ্যেই রয়েছে। এবং তিনি আপনাকে কি বলেছেন আপনি জানেন। আপনি এই কথা অস্বীকার করতে পারেন না যে এই কথা আপনাকে বলেননি। কিন্তু আপনার বোনটি তিনি তো মুখে আমড়া আঁটি গুঁজে বসে আছেন। জমি সম্বন্ধে তাঁর কোনো নীতি নেই। এবং এটা আপনার রিপোর্ট, আপনি জেনে বুঝে এগুলিকে অস্বীকার করছেন। গোটা সভা, গোটা পশ্চিমবঙ্গের মানুষের জানার অধিকার রয়েছে যে আপনি এই ধরনের বক্তব্য কেন রাখছেন ? আমাদের জানার অধিকার রয়েছে। আপনি একজন শিক্ষক ব্যক্তি, বিশিষ্ট অর্থনীতিবিদ এইভাবে একটা সভাকে অন্য পথে পরিচালনা করা, পশ্চিমবঙ্গের মানুষকে অন্য পথে পরিচালনা করার নীতিকে আমরা মনে করি না আপনি ঠিক বলেছেন। এবারে আসি লোনের প্রসঙ্গে। বামফ্রন্ট সরকারের লোন সম্বন্ধে আপনি বলেছেন। আরে লোন তো হবেই। যদি আমি অ্যাসেট জেনারেট করতে পারি modern economics-এর মূল কথা হচ্ছে আমি অ্যাসেট জেনারেট করব, আমি লোন নেব। আমি লোন শোধ করব। আপনি কি লোন আদায় করেছেন ! আপনি কি অ্যাসেট জেনারেট করেছেন ! আপনি সারদাকে জেনারেট করেছেন। আপনার সময়ে সারদা জেনারেট হয়েছে। বিভিন্ন চিট ফান্ড জেনারেট হয়েছে। এবং যার জন্য আপনি এই সমস্তগুলি করছেন। এর সঙ্গে সঙ্গে আপনাকে বলছি ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রথম ক্ষমতায় আসে। ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে, তখন কংগ্রেস পার্টি—এরা যে লোন করে গিয়েছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে, ২০১১ সালের গোল্ড ভ্যালুর সঙ্গে যদি তাকে তুলনা করি, তাহলে

হিসেব করে এক লক্ষ কোটি টাকা। কই, ওনার মতো তো বামফ্রন্ট সরকার কাঁদেনি। উনি যেমন কাঁদছেন, সে রকম তো কাঁদেনি। কারণ, বামফ্রন্ট সরকার অ্যাসেট জেনারেট করেছিল। তারা কি করেছিলেন ? তারা হলদিয়া করেছেন, তারা দ্বিতীয় হুগলি সেতু করেছেন, তারা পশ্চিমবাংলার মধ্যে কল-কারখানা করেছেন, নানারকম করেছেন। উনি তো কিছুই করতে পারছেন না। ওনার আমলে তো মাত্র ১২টি কারখানা এসেছে এবং আপনি গর্ব করে বলছেন, গতকাল আপনি গর্ব করে বলেছেন যে, ২০১২-১৩তে জি.এস.ডি.পি. হয়েছে ৭.৬০%। জাতীয় আয়ের তুলনায় এটা বৃদ্ধি হয়েছে ৪.৯৬। মানি, ঠিকই বলেছেন। কিন্তু এটাও ঠিক যে ২০১০-১১তে পশ্চিমবঙ্গের যে জি.এস.ডি.পি. ছিল ৯.২২, আপনার মতো ব্যক্তির তো এটা উচিত হয়নি এখানে একটা ফ্যাক্টকে গোপন করে যাওয়া, একটা ঘটনাকে গোপন করে যাওয়া। আপনি একজন শিক্ষিত পণ্ডিত ব্যক্তি, এটা আমরা সকলেই জানি এবং এটা আমরা মানি। কিন্তু আপনি যেটা গোপন করে গেলেন, এই গোপন করাটা কোনো মতেই ঠিক হয়নি। আপনার Bureau of Applied Economic and Statistics, Government of West Bengal—তার রিপোর্টে রয়েছে, এটা অন্য কারো রিপোর্টে নয়। এসব সত্ত্বেও আপনি হিসেবের মার-প্যাঁচ করে যা দেখাচ্ছেন, তাতে বলছেন আপনার অনেক ট্যাক্স আদায় হয়েছে। নিশ্চয়ই হয়েছে। কেন মানব না, হয়েছে। হয়েছে বলেই তো আপনি দেখিয়েছেন। তো কিসের ওপর দাঁড়ালেন ? ট্যাক্স—আপনি যে কোনো জিনিস যখন আদায় করেন, তার একটা বেস্ আছে। সেই বেস্টা কি ? সেই বেসটা তো আপনাকে বলতে হবে। সেই বেস্টা হচ্ছে ৩৪ বছরের বামফ্রন্ট সরকার এবং সেই বেস্টার ওপর দাঁড়িয়েই আপনি এটাকে আদায় করেছেন। কারণটা কি ? ক্যাপিটাল এক্সপেনডিচার যেটা, তার একটা রেশনাল লাইফ ছিল অনেক বেশি, বামফ্রন্ট সরকার যে কাজগুলো করেছে। কি করেছে ? সেই শিল্পনীতির মধ্যে বিদ্যুৎ কারখানা ছিল, অনেকগুলো বিদ্যুৎ কারখানা হয়েছে। আপনাদের আমলে কোনো বিদ্যুৎ কারখানা হয়নি। অনেকগুলো কারখানা হয়েছে, সেটা হয়নি। অন্ডাল বিমাননগরী, সাগরদিঘি, পানাগড়, উত্তরবঙ্গের চকচকা, এফ.টি.এল.আই., শালবনী, পুরুলিয়ার থার্মাল পাওয়ার, সি.এন.জি., ১৮ লক্ষ একর জমি ৩৬ লক্ষ কৃষক-বর্গাদারের মধ্যে বিলি করা হয়েছে। ভারতবর্ষের মোট জমির তিন শতাংশ পশ্চিমবঙ্গে। তার মধ্যে ৭২ শতাংশের মালিক কৃষিজীবী মানুষ। অতএব এই সমস্তগুলো যে হয়েছে, এর ফলে অনেক কিছু হয়েছে। আপনারা বলবেন যে, আমরা অনেক কিছু করেছি। ওনাদের মধ্যে অনেকে বলবেন করেছি, হয়তো কোনোদিন বলবেন, কুতুবমিনারও তৈরি করেছি। তখন বিপদে পড়ব আমরা। এখন যদি কোনোদিন বলেন যে কুতুমমিনার করেছি, তখন তো খুব মুশকিল হয়ে যাবে। এবার প্রশ্নটা স্যার, আমরা ইকনমিক্সের ছাত্র হিসেবে জানি, ট্যাক্স সংগ্রহের তিনটে জায়গা রয়েছে—প্রাইমারি, সেকেন্ডারি এবং টার্সিয়ারি। মূলত আমি হিসেব করে যা দেখেছি এবং এর মধ্যেও দেখেছি, আপনার যে খরচ, যে আদায়-ট্যাক্স যেটা আপনি আদায় করেছেন, মূলত ২০১২-১৩ সালে যেটা আদায় হয়েছে, সেটা হয়েছে টার্সিয়ারি সেক্টর থেকে বেশি। তার মধ্যে আবার কি আছে ? তার মধ্যে যে রিয়্যাল এস্টেট, প্রাইভেট ব্যাঙ্কিং, ইনসিওরেন্স, চিট ফান্ড, ব্যাঙ্কিং, হোটেল—এই সমস্ত ক্ষেত্র থেকে ম্যাক্সিমাম ট্যাক্স আপনি আদায় করেছেন। আমার কথা

হচ্ছে, আপনি যে জায়গা থেকে ট্যাক্স আদায় করছেন, বেস্ যেটা—ইন্ডাস্ট্রি, মাইনিং—এই জায়গা থেকে কোথায় আপনার কানেকশন হচ্ছে ? সেটা তো আপনাকে দেখাতে হত যে, এই সমস্ত জায়গায় থেকে উনি আদায় করতে পারেন এবং বাজেট সংগ্রহের যে পদ্ধতি, তার ক্ষেত্রেও দেখা যাচ্ছে, রেভিনিউ রিসিট। রেভিনিউ রিসিটের ক্ষেত্রেও দেখা যাচ্ছে যে, উনি যেটা করছেন, সেটাতে রিগ্রেসিভ ট্যাক্স বেশি হয়েছে। রিগ্রেসিভ ট্যাক্সেশন কেন বেশি হবে মানুষের ওপরে ? আপনার মন্ত্রী—আলুমন্ত্রী বলুন, পেঁয়াজ মন্ত্রী বলুন, গরু-ছাগলের মন্ত্রী বলুন, যিনিই বলুন—ইনি বাজারে যাবেন, বাজারে গিয়ে জিনিসপত্র টিপে টিপে দেখছেন। জিনিসের দাম তো কোনো দিনও হবে না। রিগ্রেসিভ ট্যাক্সের পরিমাণ যদি বেশি হয়, বাজার থেকে বাইরের যে জিনিস ঢুকবে, সেই জিনিসের দাম যদি বেশি বাড়ান, ট্যাক্স যদি বাড়ান—রিগ্রেসিভ ট্যাক্স যত বেশি বাড়বে, তত বেশি মানুষের দুঃখ-কষ্ট হবে। এটা ইকনমিক্সের অর্থনীতি।

[1.30—1.40 p.m.]

এটা সবাই বোঝেন, আপনি বোঝেন না বললে তো আমরা মানব না। এটা আপনি বোঝেন, কিন্তু আপনার কোনো উপায় নেই। এর জন্য জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হচ্ছে বলে আমরা মনে করছি। তবে হ্যাঁ, নতুন ট্যাক্স বেস্ আপনি খুঁজে বের করছেন। tax base খুঁজে বের করা হচ্ছে অর্থনীতিবিদদের কাজ। এটা আপনার ক্ষেত্রে নয়, এর আগে ডঃ অশোক মিত্র খুঁজে বের করছেন, এর আগে যাঁরা অর্থমন্ত্রী ছিলেন বিভিন্ন সময় তাঁরাও খুঁজে বার করেছেন। তাঁরা tax base খুঁজে বার করেছেন। আপনিও খুঁজে বার করেছেন। কিন্তু এর মধ্যে নতুনত্ব কিছু নেই। কিন্তু বামফ্রন্ট সরকারের যে অর্থনীতি ছিল তাতে ছিল progressive tax পরিমাণ বেশি। কিন্তু আপনার regressive tax পরিমাণ বেশি। যাকগে আমি এসব কথা বলছিলাম তাতে অনেকে বিরক্ত হচ্ছেন। এখন যারা ঘোড়ার ব্যবসা করেন তাঁদের কাছে এইসব বলা হচ্ছে মুসকিল। যাঁরা ঘোড়ার ব্যবসাদার তাঁদের কাছে এইসব বলা মুসকিল। এবং আপনি বোঝেন যে গ্রামীণ অর্থনীতির সঙ্গে আজকে বামফ্রন্টের আমলে যে গ্রামীণ অর্থনীতি, সেই উন্নত গ্রামীণ অর্থনীতির সাথে চিটফান্ডের অর্থনীতি, সরকারী সহযোগিতা মিলে একটা ভয়ঙ্কর রূপ পরিগ্রহ করেছে। সেটা উনি ইচ্ছা থাকলেও রুখতে পারছেন না। এটাই আমাদের দুর্ভাগ্য যে অর্থমন্ত্রী হিসাবে তাঁর ইচ্ছা থাকলেও তিনি করতে পারছেন না। তিনি শুধুই বলছেন যে বাইরে কেন যাব মরতে, থাকি আমি গর্তে। বাইরে কেন আমি যাব মরতে, থাকি আমি গর্তে। সেইজন্য আপনি যে কবির কথা আপনারা কোনো দিনও বলেন না, আপনি কবিতা লিখেছেন, আপনার বাজেটে কবিতা থাকবে না তা কখনও হয় ? আমি দেখলাম যে কবিতা আছে। জীবনানন্দের একটা কবিতার চারটে লাইন আমি আপনাকে পড়ে শোনাচ্ছি—ডাইনির মতো হাত তুলে তুলে, ভাঁট আশশেওড়ার বন, বাতাসে কি কথা কয় বুঝি নাকো—বুঝি নাকো চিল কেন কাঁদে, পৃথিবীর কোনো পথে দেখি নাই আমি, হায় এমন বিজন সাদা পথ। হায় হায় !

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এই সদনে তার স্বপক্ষে বলতে গিয়ে আমি কয়েকটি কথা প্রথমেই বলব যে, বাজেট শুধু একটি অর্থনৈতিক হিসাব নয়। আমরা এর আগে এখানে বাজেট দেখেছি, এই হাউসে। যেখানে বাজেটটিকে নেহাতই অর্থনীতির হিসাব-নিকাশের একটা দলিল হিসাবে দেখা হয়েছিল। বিশেষ করে কোনো সরকার যদি কল্যাণকারী সরকার হয় তাহলে তার বাজেট হতে হবে আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিতকে বিশ্লেষণ করে অর্থনৈতিক উন্নয়নের একটি দলিল। যেটা মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ছত্রে ছত্রে দেখতে পাচ্ছি। এই বাজেটের গোড়াতেই উনি যা বলেছেন GSDP বৃদ্ধি, এই বৃদ্ধিগুলিকে খুব বেশি গুরুত্ব আমি এই কারণেই দিই না কল্যাণকারী রাষ্ট্রে এই অ্যাভারেজের হিসাব বড়ো হিসাব নয়, কল্যাণকারী রাষ্ট্রের আমাদের লক্ষ্য হওয়া উচিত the lowest step in the ladder, তার কতটা উন্নয়ন হল। সেদিক থেকে আমি এই ব্যাপারে যাচ্ছি না, কিন্তু শুরু করছি যেখানে যাঁরা বললেন যেখানে যে ঋণ তো হবেই, দু লক্ষ কোটি টাকার বেশি ঋণ রেখে গেছেন এবং সেই ঋণ যাতে পরবর্তী সরকার শোধ করতে না পারে তার জন্য সারা ভারতবর্ষের সমস্ত রাজ্য FRBM চালু করল, পশ্চিমবঙ্গ সরকার তৎকালীন পশ্চিমবঙ্গ সরকার কেবল হেরে যাবার আগের মুহূর্তে ২০১১ সালে বোধ হয় মার্চ মাসে FRBM চালু করে বর্তমান সরকারের বাজার থেকে বা কেন্দ্র থেকে ঋণ করার উপরে একটি সীমা ধার্য করে দিল। এটা রাজনৈতিক প্রতিহিংসা ছাড়া আর কিছু নয়। এঁরা ভেবেছিল যে এঁরা এই এতবড়ো ঋণ শোধ করতে পারবে না। ঋণের বোঝা যেটা নিয়ে যাচ্ছে কেন্দ্র সরকার, তার চাপে এই সরকারের দেউলিয়া অবস্থা হবে এবং ছেড়ে দিয়ে পালিয়ে যাবে। যাঁরা এটা ভেবেছিলেন তাঁরা তাঁদের রাজনীতি যেমন স্যালো, অগভীর, তাঁদের অর্থনৈতিক চিন্তাও সেই রকম অগভীর। স্যার, আমরা মোরাটোরিয়াম চেয়েছিলাম ৩ বছরের। শোধ দেব না বলিনি, সুদের ওপর মোরাটোরিয়াম চেয়েছিলাম। দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রীয় সরকার দেননি। আজও দেননি। অথচ পাঞ্জাবসহ বহু রাজ্যকে এই ধরনের আর্থিক সুবিধা কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন কিন্তু পশ্চিমবাংলার এই অবস্থার উপর দাঁড়িয়েও কেন্দ্রীয় সরকার দেননি। এছাড়াও মাননীয় অর্থমন্ত্রী ভাষণে বলেছেন, সি.এস.টি.র ক্ষতিপূরণ বাবদ ৩ হাজার ৯৮৩ কোটি টাকার উপরে সেটা দেওয়া হয়নি। এই বছর জানুয়ারি-ফেব্রুয়ারিতে প্রাপ্য ৮৫০ কোটি টাকার উপরে সেটারও গ্রান্ট বন্ধ করে দিয়েছেন। গ্রান্ট ইন এড্ কমিয়ে দিয়েছেন। কেন ? দুঃখের কথা যে, ২০১১ সাল থেকে প্রায় দেড় বছর আমাদের কংগ্রেসের বন্ধুরা এই সরকারে ছিলেন। তবুও কেন্দ্রের ইউ.পি.এ. সরকার, ইউ.পি.এ. টু রাজ্যের সঙ্গে এই বঞ্চনা করে গেছেন। তারা এই বঞ্চনার বিরুদ্ধে সরকারে থেকেও সরকারের পক্ষে আওয়াজ তোলেননি। কেন তোলেননি ? দুটি কারণ হতে পারে। একটা—তারা এই আওয়াজ তুলতে চাননি অর্থাৎ যে সরকারের তারা অন্তর্গত ছিলেন সেই সরকারের অসুবিধার সময় তার পাশে দাঁড়াবার মানসিকতা তাদের ছিল না। আর একটি কারণ হতে পারে। তারা আওয়াজ তুলেছিলেন কিন্তু কেন্দ্রীয় সরকার তাদের আওয়াজকে পাত্তা দেননি। এর বাইরে আর কিছু হতে পারে

না। এর জবাব পশ্চিমবঙ্গের মানুষকে কংগ্রেসের বন্ধুদের দিতে হবে। ৩০ মিনিট ধরে বোধ হয় মানসবাবু বলবেন, নিশ্চয়ই জবাব দেবেন। ৪০ মিনিট, I am sorry ৪০ মিনিট। স্যার, কেন্দ্রীয় সরকার এই আচরণ কেন করেছিলেন ? আমরা কি বেহিসেবি খরচ করেছি ? আসুন দেখা যাক বেহিসেবি খরচ করেছি, কি করিনি। আমরা এর আগে বামফ্রন্টের আমলে দেখেছি বাজেটে প্ল্যান এক্সপেন্ডিচারের থেকে নন প্ল্যান এক্সপেন্ডিচার অনেক বেশি হত। আমার মনে আছে ওই দিকের বেঞ্চে বসে যখন বাজেট নিয়ে আলোচনা করতাম প্রতিবার বলতাম, আপনাদের নন প্ল্যান এক্সপেন্ডিচার এত বেশি কেন ? প্ল্যান এক্সপেন্ডিচারে ডেভলপমেন্ট হয়, প্ল্যান এক্সপেন্ডিচারে অ্যাসেট ক্রিয়েশান হয় সেই প্ল্যান এক্সপেন্ডিচার বন্ধ করে পাইয়ে দেওয়ার রাজনীতি করার জন্য আপনারা নন-প্ল্যান এক্সপেন্ডিচার বেশি করেছেন। একবারও জবাব পাইনি। স্যার, এখানেই রয়েছে, আমাদের সরকার আসার আগে ২০১০-১১ সালে এই স্টেটের প্ল্যান এক্সপেন্ডিচার ৫৮.৫৩% কমে গিয়েছিল। ৫৮.৫৩ প্ল্যান এক্সপেন্ডিচার কমিয়ে দিয়েছিলেন বামফ্রন্টের রাজ্য সরকার। আর, আমরা আসার পর প্রথম বছরেই সেটাকে ৩৪.৯৫% বাড়িয়েছিলাম এবং বাড়াবার ফল আমরা দেখতে পাচ্ছি রাজ্যের উত্তরোত্তর উন্নয়ন খাতে বরাদ্দ বৃদ্ধি। এর ফলেই মাননীয় অর্থমন্ত্রী আজকে গর্বের সঙ্গে যা যা বলতে পেরেছেন, যে সমস্ত ডেভলপমেন্টের কাজ হয়েছে সেই কাজগুলির কথা একের পর এক বলতে পেরেছেন। এই বিপুল কর্মকাণ্ডের ভিতরে কোথায় তাকাবেন ? আমি পুরো বাজেট বক্তৃতার বিশ্লেষণে যাব না তবে কেবল কয়েকটি বিশেষ-বিশেষ কথা বলব। যেমন স্যার, কন্যাশ্রী প্রকল্প, যুবশ্রী প্রকল্প—এই প্রকল্পগুলিতে মানুষের উপকার হচ্ছে না অপকার হচ্ছে ? এইগুলিতে মানুষের উপকার হচ্ছে না অপকার হচ্ছে ? বলে যাচ্ছেন, আমাদের সরকার নাকি কিছু করেনি। আপনারা ৩৪ বছরে কন্যাশ্রীর কন্যাটুকু পর্যন্ত উচ্চারণ করতে পারেননি। আমাদের সরকার করে দেখিয়েছে। স্যার, ৩.২ কোটি মানুষকে ২ টাকা কেজি দরে চাল আর ৫ টাকা মূল্যের সাড়ে সাতশো গ্রামের আটার প্যাকেট দেওয়া হচ্ছে। খারাপ কাজ হয়েছে ? স্যার, এইগুলি হয়েছে এই কারণেই যে, প্রতি বছর আমাদের উন্নয়নের খাতে বরাদ্দ আমরা বাড়িয়েছি এবং সাহসিকতার সঙ্গে সেই উন্নয়নের কাজ আমরা এগিয়ে নিয়ে গেছি।

[1.40—1.50 p.m.]

স্যার, education sector-এ দেখুন। কালকে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, SNCU, SNSU কতগুলো বেড়েছে। Paediatric Intensive Care Unit কতগুলো বেড়েছে। আমার মনে আছে। আমি একসময় বামফ্রন্টের Health Standing Committee-র মেম্বার ছিলাম, চেয়ারম্যান ছিলেন মাননীয় মনোরঞ্জন পাত্র মহাশয়। এক একটা গিয়ে যে করুণ অবস্থা দেখেছি, তাতে আমরা যারা বিরোধী আমরা শুধু না, উনি শাসকদলে থেকে পর্যন্ত আমার মনে আছে, বর্ধমান হাসপাতালে গিয়ে ওই হাসপাতালের লোকজনদের যেভাবে গালাগালি করেছেন—আমি তো অবাক হয়ে গেছি। তার কারণ, আমাদের সামনে

লজ্জা পেয়েছেন যে, সরকার কিভাবে কাজ চালাচ্ছে। স্যার, ৯৯ শতাংশের বেশি প্রাইমারি স্কুল আর ৯৮ শতাংশ হায়ার সেকেন্ডারি স্কুলে মিড-মেড-মিল চালু হয়েছে। খুব খারাপ কাজ হচ্ছে ? স্যার, শুধু ১৩-১৪ সালে ২২ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের প্রাক-মেট্রিক ও উত্তর-মেট্রিক বৃত্তি দেওয়া হয়েছে। আমরা এদেশের ছেলে-মেয়েদের ভেতরে শিক্ষার প্রসার ঘটিয়ে talent বৃদ্ধি করার চেষ্টা করছি। আমি জানি স্যার, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি, প্রতি মাসে আমার বিধানসভা কেন্দ্রে নেহাত গরীব মানুষ তাদের ছেলে-মেয়েরা যারা পড়াশুনো করছে, পড়াশুনো চালাতে পারছে না, আমরা তার detail দেখে recommendation লিখে দিই, মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে তাদের ১০,০০০ টাকা করে বাৎসরিক পড়াশুনোর খরচা হিসাবে দেওয়া হয়। কোনোদিন এত বড়ো জনগণের সরকার এই ধরনের social welfare-র কাজ করতে পেরেছেন ? যারা পারেননি ৩৪ বছরে তারা আজকে এখানে এসে গলাবাজি করবেন ? আর আমরা শুনবো, মানুষ শুনবে—জনগণের কাছে গিয়ে দাঁড়ান। জনগণের কাছে দাঁড়াবার ফল যে কি হয় সেতো গত দেড় বছরে বার বার দেখে শিক্ষা হয়নি আপনাদের। তাই গলাবাজি করবার সাহস হচ্ছে এই সদনের ভেতরে—বাইরে গিয়ে গলাবাজি করবার হিম্মতও হবে না। স্যার, বোধহয়, বামফ্রন্টের হাতে এর আগে আমার যতদূর মনে আছে, ৬০ কি ৭০টারও বেশি অনগ্রসর জাতির জন্য reserve sit তাদের হাতে ছিল। আজকে আর নেই। তার কারণ কি, কিছু করেননি। আমরা করেছি স্যার। শুধু ২০১৩ সালে অনগ্রসর জাতি বিভাগ ৯ লক্ষ ৪৪ হাজার ১৫৫ জাতির পরিচয় পত্র প্রদান করেছেন। এদের আমলে একটা Schedule Caste Certificate পেতে গেলে ১০-১২ বছর লেগে যেত। (নয়েজ) ১০-১২ বছর লেগে যেত। তারপরে পয়সা দিতে হত। আজকাল সেগুলো বন্ধ হয়েছে। (নয়েজ) স্যার, ক্ষুদ্র-মাঝারি শিল্পের প্রসার। ক্ষুদ্র-মাঝারি শিল্পের প্রসার কেন দরকার ? আমাদের দেশে দুটি জিনিসের অভাব। এ রাজ্যে একটি পুঁজির খুব অভাব আর একটি কর্মসংস্থান, মানুষের হাতে ক্রয় ক্ষমতা। এদের আমলে এরা ক্ষুদ্র-কুটির শিল্পকে ধ্বংসে করে দিয়েছিলেন। ক্ষুদ্র-কুটির শিল্পের উন্নয়ন ঘটালে একনম্বর, কম পুঁজি লাগে, এগুলো বেশি labour intensive ; capital intensive নয়। দ্বিতীয়ত, ক্ষুদ্র-কুটির শিল্পের প্রসার ঘটালে ছোটো ছোটো জনপদ গ্রাম, এখানে মানুষের হাতে কাজ আসে, মানুষের হাতে কাজ আসলে, তার ক্রয় ক্ষমতা বাড়ে। তার ক্রয় ক্ষমতা বাড়লে, তার হাতে উদ্বৃত্ত বাড়ে। তার হাতে উদ্বৃত্ত বাড়লে দেশের পুঁজি বাড়ে—এই সহজ অর্থনীতিটা অর্থনীতির পণ্ডিতরা গত ৩৪ বছরে বোঝেননি। তাই এরা বৃহৎ শিল্প করবার জন্য আগে দৌড়েছিলেন। পুঁজি নেই, লোকের কাছে হাতে-পায়ে ধরে পুঁজি আনার চেষ্টা করেছিলেন। সেখানে গণ্ডগোল করে দিয়েছিলেন। শিল্প হয়নি। আমরা ক্ষুদ্র কুটির শিল্পের প্রসার ঘটিয়ে গ্রামে গ্রামে ডিসেন্ট্রালাইজ উপায়ে মানুষের হাতে ক্রয় ক্ষমতা পৌঁছে দিচ্ছি এবং ক্রয় ক্ষমতা পৌঁছে দিয়ে বাজার বৃদ্ধি করছি, যাতে আরো ক্রয় ক্ষমতা আরো বেশি মানুষের কাছে আসে। অন্যায় করেছি ? এর প্রতিবেদন মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণে রয়েছে।

স্যার, আই.টি. নিয়ে আমি চিরকাল শুনে এসেছি যে দারুণ নাকি আই.টি. এবং আমি এদের এক মন্ত্রীর মুখে এও শুনেছিলাম যখন আমি অপজিশানে ছিলাম যে আমাদের এত সুন্দর সুন্দর সফ্টওয়্যার তৈরি হয়েছে টি.ভি. কেনার দরকার হবে না লোকের। কমপিউটারে নাকি টি.ভি. দেখতে পারবে। আই.টি মানে যদি কমপিউটারে টি.ভি. দেখা একমাত্র বোঝায় তাহলে বলব যে মূর্খের তো আর অজুহাতের অভাব হয় না। পশ্চিমবাংলায় সফ্টওয়্যার শিল্প বেড়েছিল। তার কারণ, পশ্চিমবাংলায় সফ্টওয়্যার তৈরি করবার মেধা ছিল। কিন্তু হোয়াট উই হ্যাভ লস্ট ইন দি প্রসেস। যে হার্ডওয়্যার পশ্চিমবাংলায় তৈরি করা যেত, ১৯৭৮ সালের পর থেকে, সেই হার্ডওয়্যার তৈরি করবার আমরা প্রচেষ্টাই করিনি। অথচ আমাদের এই বাংলায় সেমিকন্ডাকটার চিপ্স-এর পায়োনিয়ার একজন ছিলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। আমরা সেদিকে তাকাইনি। এই এত বছর বাদে হোয়েন উই হ্যাভ মিস্ড দি বাস অ্যান্ড নট অনলি ওয়ান বাস বাট এ নাম্বার অফ বাসেস মিস করেছি। আজকে এতদিন বাদে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণ পড়ে আমি খুব আনন্দিত হলাম। এই কারণে আনন্দিত হলাম যে আমি সফ্টওয়্যারের লোক, আমি আই.টি. শিল্পের লোক। এত বছর ধরে আমি চিৎকার করেছি খালি যে হার্ডওয়্যার তৈরি করো। গ্রামে গ্রামে আরো ক্রয় ক্ষমতা লোকের হাতে পৌঁছে দেওয়া যাবে। এবারে দেখতে পাচ্ছি হার্ডওয়্যার তৈরি করার জন্য অনেকগুলি ক্লাস্টার তৈরি করা হয়েছে এবং আমি আশা করি আগামী ৫ বছরের ভেতরে যেমন করে এক সময় তাইওয়ান বিকেন্দ্রীকৃত উপায়ে হার্ডওয়্যার চিপ্স তৈরি করে, বিভিন্ন হার্ডওয়্যার তৈরি করতেন আই.টি.-র পশ্চিমবাংলায়ও হবে। আপনারা তাকিয়ে তাকিয়ে দেখবেন। আর আমার বন্ধুরা যে কথা বলছে, সেই কথাই সত্যি হবে, দেখবি আর জ্বলবি, লুচির মতো ফুলবি। স্যার, আমার সময় সংক্ষিপ্ত, আমি আর ডিটেলে যাচ্ছি না, আমি কেবল এইটাই বলে শেষ করব যে এই বাজেটটার ছত্রে ছত্রে যা রয়েছে তার থেকে একটা কথাই বলা যায়, সমগ্র বাজেটটাই উন্নয়নমুখী, সমগ্র বাজেটটাই কর্মসংস্থান সৃষ্টিকারী, সমগ্র বাজেটটাই সম্পদ সৃষ্টিকারী এবং সমগ্র বাজেটটাই দুর্বলতর শ্রেণীর উন্নয়নের পথের দিশা দেখাচ্ছে। সেই কারণে এই সমগ্র বাজেট ভাষণকে আমি সমর্থন করছি এই কারণে, যে বাম আমলের তমসাচ্ছন্ন দিনগুলি থেকে উত্তরণ করে আলোর পথে যাওয়ার দিশা দেখাচ্ছে ডঃ অমিত মিত্র প্রেজেন্ট করা এই বছরের এই বাজেট। এই বাজেটকে আমি সমর্থন তো করছিই, আমি চাইছি এখনও যারা অন্ধের মতো বিরোধিতা করার চেষ্টা করছেন তাদের সুবুদ্ধির উদয় হোক, এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র তাঁর বাজেট পেশ করেছেন। ডঃ মিত্রের এখন দ্বৈত ভূমিকা, একদিকে অর্থ আর একদিকে শিল্প। মাথার উপর মুখ্যমন্ত্রী। আমার রাজনৈতিক সহকর্মী এক সময়ের, পার্থবাবু, তিনি এখন গুরুত্বপূর্ণ মন্ত্রী, হঠাৎ দেখলাম শিল্প দপ্তর থেকে হাওয়া হয়ে গেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী আপনাকে নিশ্চয় বেশি ভরসা করেন শিল্পের জন্য।

[1.50—2.00 p.m.]

তাই আপনাকে অর্থ এবং শিল্পের এই মেলবন্ধনের মুখ্য কারিগর হিসাবে প্রতিষ্ঠিত করেছেন। ডঃ মিত্র রাজনীতিতে প্রত্যক্ষভাবে আসার আগে থেকেই আমার বিশিষ্ট বন্ধু। আমি তাঁকে সম্মান করি, শ্রদ্ধা করি। তাঁর শিক্ষা এবং পাণ্ডিত্যের প্রতি আমার অনুরাগ আছে, শ্রদ্ধা আছে। আমরা দীর্ঘদিন একসঙ্গে বহু বিষয়ে পর্যালোচনা করেছি, বহু ডিবেটে অংশগ্রহণ করেছি। ঘণ্টার পর ঘণ্টা কফি খেতে খেতে তাঁর অভিজ্ঞতা, তাঁর চর্চা, তাঁর মননশীলতা, দূর থেকে বাংলাকে দেখার, মনের যে যন্ত্রণা, তাঁর লেখায় প্রকাশিত হত। আমি সেগুলি অনুরাগী পাঠক হিসাবে পড়তাম পোস্ট-এডিট কলামে। তারপরে সময়ের পরিবর্তনে ডঃ মিত্র বাংলার অর্থমন্ত্রী। আমি আশা করেছিলাম, ডঃ মিত্র যখন Secretary General of FICCI ছিলেন দীর্ঘদিন শিল্পজগতের সঙ্গে, অর্থনীতির সঙ্গে যুক্ত হয়ে এবং কিছুটা সময় ভারতবর্ষের বর্তমান প্রধানমন্ত্রীর তিনি গুণগ্রাহী ছাত্রও ছিলেন, ডঃ মনমোহন সিংয়ের। ডঃ মিত্র আমি আশা করেছিলাম he should not be the reflective character of Dr. Asim Dasgupta. ডঃ অসীম দাশগুপ্ত হাউসে নেই, তবুও তাঁর নাম নিচ্ছি মাননীয় স্পীকার সাহেবের অনুমতি নিয়ে। আমি একদিন বলেছিলাম, '৮৭ সালের ১৫ই মে তিনি অর্থমন্ত্রী হিসাবে তাঁর প্রথম বাজেট পেশ করেছিলেন। আপনাদের অনেকের স্মরণে আছে, অনেক নতুন সদস্য আছেন তাঁরা নিশ্চয় পড়েছিলেন সেইসময়, যারা পুরনো সদস্য তাঁদের মনে আছে Dr. Dasgupta introduced a peculiar economic phenomenon–the zero-deficit budget. আমি তাঁকে প্রশ্ন করেছিলাম যে এম.আই.টি.-র ডক্টরেট, মার্কেট ইকোনমির ছাত্র আর বামফ্রন্টের সি.পি.এম.-এর সদস্য হয়ে অর্থমন্ত্রী—এই দুটোর মাঝখানে আপনি sandwiched হয়ে যাচ্ছেন না তো ! অদ্ভুত একটা political and economic dichotomy ডঃ অসীম দাশগুপ্তের ব্যবহারিক জীবনে এবং বক্তব্যে, কাজে এবং বক্তৃতায় আমরা লক্ষ করতাম। তিনি কিন্তু খুব জোরের সঙ্গে বলতেন ডঃ মিত্রের আসনে বসে যে আমি যা বলছি ঠিক বলছি। কারণ বামফ্রন্ট এবং সি.পি.এম. এবং Dr. Dasgupta introduced an alternate economic approach in the financial aspect of Indian polity. ভারতবর্ষের federal strucure-এ একটি অঙ্গরাজ্যে বামফ্রন্টের অর্থমন্ত্রী হিসাবে তিনি একটা alternate economic approach চালু করতে চেয়েছিলেন। আমরা বলেছিলাম এটা ভুল। ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশের একটি অঙ্গরাজ্যে zero-deficit budget দিয়ে যাত্রা শুরু আর মাঝের রাজনীতির প্রতিফলন অর্থনীতিতে করতে গেলে বাংলা পিছিয়ে পড়বে। দেখুন, তাই হয়েছে। ৩৪ বছরে কি পরিকাঠামো, কি অর্থনৈতিক উন্নয়ন, কি আর্থ-সামাজিক প্রেক্ষাপট, কি রাস্তাঘাট, কি পানীয় জল, কি বিদ্যুৎ, কি শিল্প কারখানা, শিক্ষা, যুবক-যুবতী, ছাত্র-ছাত্রী, পিছিয়েপড়া মানুষ, আদিবাসী, তফশিলি, সংখ্যালঘু, সব পিছিয়ে, পিছিয়ে, পিছিয়ে, একেবারে দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছিল। শুধু তাই নয়, ৩৪ বছর ধরে আর্থিক বিশৃঙ্খলার জন্মদাতা এই বামফ্রন্ট সরকার। FRBM—Fiscal Responsibility Budget Management Act-এর চালু না করে শুধু দু-হাত ভরে লোন নিয়ে গেছেন আর রাজ্যটাকে দেউলিয়া করে দিয়ে গেছেন and one of the very deadly debt-trap

রাজ্য হিসাবে—third highest in India—ইউ.পি. অ্যান্ড মহারাষ্ট্রের পরে—প্রতিষ্ঠিত করে চলে গেল। পরিবর্তনের সরকার যখন এল—পরশবাবু একটু খোঁচা দিয়েছেন আমাদের—একসঙ্গে জোট করেছি, ভোট করেছি, মন্ত্রী ছিলাম ইত্যাদি, এর উত্তর আমি পরে দেব। আমি অমিতবাবুকে দেখে ভীষণ আনন্দিত হয়েছিলাম Because he is a pragmatic personality in the economic field. He is the very close friend of industries in India. তাহলে এই যে যোগসূত্রতা তার কাজ এবং তার বক্তব্যের মধ্যে দিয়ে প্রতিফলিত হবে। উনি চেষ্টা করছেন, আমি অস্বীকার করছি না। কারণ আমার সৌভাগ্য হয়েছিল ওনার সঙ্গে বসে বসে বহু আলোচনা করার, উনি আমার Ministerial collegue ছিলেন, আমরা same council of ministers-এ ছিলাম। আমরা অনেক আলোচনা করেছি, সমস্যার কথা বলেছি, কথা বলেছি। It is not that only to oppose for opposition এবং পলিটিকাল বিরোধিতা করতে হবে বলেই বিরোধিতা করব, অমিতবাবুর সমালোচনা করব, The Congress does not believe this, বিরোধিতা করছি না। উনি যাত্রা শুরু করলেন। তৃতীয় বর্ষে এসে তিনি বাজেট পেশ করলেন। গ্রোথের কথা বলেছেন—GDP, GSDP, Growth of Agriculture, Growth of Industry, Growth of Service Sector, Fiscal Discipline ইত্যাদি অনেক কথা বলেছেন। আমি খুব ভালো করে ওনার বক্তব্য পড়েছি। ওনার কবিতাও পড়লাম। 'বাংলা যা ভাবছে, কালকে ভারত তা ভাববে', 'বাংলা যা করছে, কালকে ভারত তা করবে'—এইসব কথা ওনার বক্তব্যের মধ্যে পড়েছি। ডঃ মিত্র, আপনাকে শুধু আমি এইটুকুই জিজ্ঞাসা করব, হোয়াট What are the amount of fund and finance in your deposit by the Government ? আপনি এর উত্তর দেবেন। সব ইউটিলাইজেশান হয়ে গেছে। আমাদের এক মাননীয় সদস্য দপ্তরে দপ্তরে ঘুরে ঘুরে, চিঠি লিখে লিখে তার বহু চিঠির উত্তর পাচ্ছেন না। শেষ পর্যন্ত RTI যেতে হয়েছে। সেখান থেকে যা উত্তর এসেছে সেটা কালকে বা পরশু উনি বলবেন, আমি আর বলছি না, এটা ওর জন্যই রেখে দিলাম। আপনি তৈরি হয়ে থাকবেন ডঃ মিত্র ? কারণ যা খরচা দেখিয়ে দিয়েছেন, আসলে সেই খরচা হয়নি। যতগুলো স্কীম ইমপ্লিমেন্টেড হয়েছে উনি বলেছেন, ততগুলো স্কীম ইমপ্লিমেন্টেড হয়নি। আমি ডঃ সুখবিলাস বর্মার জন্য সেই চ্যাপ্টারটা রেখে দিলাম, আমি আর বলছি না। আপনি তৈরি হয়ে আসবেন ডঃ মিত্র, আপনি তৈরি হয়ে আসবেন।

(নয়েজ)

আমাকে বলতে দিন, আপনাদের কথা তো শুনব। স্যার, এটা কি হচ্ছে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অনুরোধ করছি, ওনাকে ডিস্টার্ব করবেন না, ওনাকে বলতে দিন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডঃ মিত্র একটি জায়গায় বলেছেন, সহায়ক মূল্য থেকে শুরু করে সমস্ত বিষয়ে কেন্দ্রীয় সরকার কেমন উদাসীন। গরীবরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। শুধু একই কথা কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র

দেখছে না। কালকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি. চিদাম্বরম যা বক্তব্য রেখেছেন এবং ইকনমিক সার্ভেতে যা দিয়েছেন, তাতে দুটো জিনিসের প্রতি আমি ডঃ মিত্রের দৃষ্টি আকর্ষণ করছি। নাম্বার ওয়ান, ডঃ মিত্র কৃষকদের সাহায্যের জন্য এই বছর ব্যাঙ্ক ঋণটা আট লক্ষ কোটিতে নিয়ে গেছেন। গত বছরে এটা সাত লক্ষ কোটি ছিল।

[2.00—2.10 p.m.]

আর আমাদের বন্ধু বিধায়করা অভিযোগ করেন কেন্দ্র সব subsidy তুলে নিয়ে গেছে। এমনকি মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন ওই চেয়ারে থেকে, কি বলেছেন ? কেন্দ্র সব subsidy তুলে নিচ্ছে খাদ্যে, তেলে, সারে। আমি আজকের যা Economic Survey Report নিলাম তাতে ২০১৩-২০১৪ সালে Total central subsidy ছিল ০২,৪৫,৪৫২ কোটি। এটা বেড়ে এ বছর হচ্ছে ০২,৪৬,৩৯৭ কোটি। এর মধ্যে Food subsidy, জানেন ঐতিহাসিক কেন্দ্রীয় সরকার Food Security Act নিয়ে এসেছেন। গ্রামের ৭৫ ভাগ মানুষ, শহরের ৫০ ভাগ মানুষ তারা চাল, গম এবং খাদ্যশস্য Average 67% তারা পাবে। আমাদের রাজ্যে এখনো আপনারা চালু করলেন না। কেন করছেন না, তার উত্তরটা দেবেন বাজেটে। Food subsidy as on date ১ লক্ষ ১৫ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছে, ১ লক্ষ ১৫ হাজার কোটি টাকা, Food subsidy। Fuel subsidy একটু কমেছে। এটা এখন ৬৩,৪২৬ কোটি। ৬৩ হাজার ৪২৬ কোটি ৯৫ লক্ষ টাকা fuel subsidy এবং গরীবদের কেরোসিন তেলে, as on date per litre ২০ টাকা subsidy দেওয়া হচ্ছে till date এবং Gas-এর cylinder তো ডিক্লেয়ার হয়ে গেছে। মা-বোনেরা তারাতো খুশি। ৯ থেকে ১২ হয়ে গেছে, আপনারা তো জানেন নিশ্চয়, (...নয়েজ...) করে দেওয়া হয়েছে। জনগণের দাবী, মায়েদের দাবী পূর্ণ করা হয়েছে। Fertilizer, Fertilizer, মাননীয়া মুখ্যমন্ত্রী একদিন বলেছিলেন, কেন্দ্রীয় সরকার সারের দাম বাড়িয়ে দিচ্ছে, সারের subsidy কি হচ্ছে ? সারে as on date subsidy দেওয়া হচ্ছে ৬৭,৯৭০ কোটি ৩ লাখ। তাহলে আমরা কেন্দ্রীয় সরকার—একসঙ্গে আপনারাও ঘর করেছেন, পরশদা জানেন। আমরাও ঘর করেছি, আপনারাও করেছেন। আপনাদের ঘর করার সময়টা একটু বেশি। আমাদেরটা ১ বছর ৪ মাস ২ দিন। তো একে অপরকে চিনি আমরা। তো এই যে অভিযোগ, এটা ঠিক নয়, এটা ঠিক নয়। সেই জায়গায় দাঁড়িয়ে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে, কেন্দ্রীয় সরকার যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে ২৮টি রাজ্য এবং ৭টি কেন্দ্রশাসিত অঞ্চলকে নিয়ে নির্দিষ্ট Fiscal discipline-এর ওপর ভিত্তি করে The Planning Commission, National Development Council and Finance Commission these are the three pillars and the guiding force of the economy based on agriculture, industry and service sector, three appendage of economy. এতো আপনিও জানেন আমরাও জানি। একটা সঙ্কট চলছে সারা পৃথিবীতে। The world economic crisis, melt down system, Euro Zone crisis, American crisis, petro dollar crisis - Iraq under attack, Libya under attack, Iran is going to be attacked, ভারতবর্ষে পেট্রোলজাত

প্রোডাক্ট মাত্র ২০ পার্সেন্ট আমরা তৈরি করি। পায়নি, চেষ্টা চলছে, প্রচুর চেষ্টা চলছে। ৮০ ভাগ প্রোডাক্ট OPEC country থেকে আনতে হয়। ভারতবর্ষের Defence পাকিস্তান, চীন এবং সাম্রাজ্যবাদী শক্তিকে প্রতিহত করতে ভারতবর্ষের Defence-কে, সৈন্যবাহিনীকে জাগ্রত রেখে মাতৃভূমিকে রক্ষা করতে আপনি জানেন GDP-র কত টাকা চলে যায়, আমর চাইতে আপনি বেশি জানেন। আর তেলের পেছনে কত টাকা যায়, আমার চাইতে আপনি বেশি জানেন। তারই মধ্যে Federal structure-এ সমস্ত অঙ্গ রাজ্যগুলিকে একটি ছাতার তলায় নিয়ে এসে Modified Mukherjee Gadgil formula ফর্মুলাতে, ভারতবর্ষের উন্নয়ন, অর্থনৈতিক বুনিয়াদ, আর্থ-সামাজিক প্রেক্ষাপটে, social sector-এ সমস্ত সম্প্রদায়ের মানুষকে যুক্ত করে ডঃ মনমোহন সিংহ inclusive growth-এর কথা বলেছেন, যার সমর্থক আপনি নিজেও। So, সেই inclusive growth-এর মধ্যে থেকে ভারতবর্ষের সরকার Krishan Credit Card চালু করেছে আজ থেকে সাত বছর আগে। আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বলছেন, তিনি নাকি Krishan Credit Card চালু করলেন। স্যার, till time সাত লাখ Krishan Credit Card পশ্চিমবঙ্গে চালু হয়েছে। আর আপনারা সি.পি.এম.-এর লোকেরা কম করেছিল। আপনারা এসে উদ্যোগ নিয়ে আর একটু বেশি করছেন, ধন্যবাদ জানায়, ধন্যবাদ জানায়। কিন্তু একবারের জন্য তো বললেন না যে, Krishan Credit Cardটা সাত বছর আগে চালু হয়ে গেছে, কেন্দ্রীয় সরকার চালু করেছে bankগুলোর মাধ্যমে। এমন ভাব যেমন আপনারাই চালু করলেন, তা তো নয়। এত দ্বিধা কেন, এত কুণ্ঠা কেন—এইটুকু স্বীকার করতে। আর এই Krishan Credit Cardটা কি পশ্চিমবঙ্গে শুধু চলছে ? মহারাষ্ট্রে চলছে না ? কর্ণাটকে চলছে না ? অন্ধ্রপ্রদেশে চলছে না ? বিহারে চলছে না ? —সব জায়গায় চলছে। আমরা কৃষকদের পাশে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার ডাঃ মনমোহন সিংহ, আমাদের সরকার UPA II, তাতে আপনারাও শরিক ছিলেন, সেখানে আমরা ৭২ হাজার কোটি টাকা কৃষক ঋণ মুকুব করেছি। তা কৃষকদের জন্য কার দরদ। বলা হচ্ছে, production বাড়ছে।.....(নয়েজ)..... আপনার কথা আপনি বলবেন, এখন আমাকে বলতে দিন। প্লীজ, তাহলে বসে যাও যদি বলতে না দেন। বলছেন, production খুব বেড়েছে খুব ভাল, আমরা congratulate করছি। সাত্তার সাহেবের সময় থেকে পশ্চিমবঙ্গ চালে এক নম্বর, ধানে এক নম্বর। বামফ্রন্ট সরকার আসার পর এরা Production-টাকে একটু বাড়িয়েছে, Yield per hector বাড়িয়েছে, intensive of the crop বাড়িয়েছে। আপনারাও বাড়াচ্ছেন, তার জন্য কেন্দ্রীয় সরকার পূর্ব ভারতে eastern region-এ Second Green Revolution-এর জন্য ৪৬৫ কোটি টাকা Special aid including West Bengal, including West Bengal, The Second Green Revolution. অস্বীকার করতে পারবেন। হ্যাঁ, আমরা তৈলবীজে একেবারে নীচের তলায় ছিলাম, একেবারে নীচের তলায়, এরা care করেনি, গম এরা উৎপাদন করেনি, তৈলবীজ করেনি, irrigation-কে বঞ্চনা করেছে, minor irrigation-কে খুব একটা ভালোভাবে এগিয়ে নিয়ে যেতে পারেনি। করেছিল, খুব একটা ভালো না। আপনারা উদ্যোগ নিয়েছেন, ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু কেন্দ্রীয় সরকার কিচ্ছু করেনি, বঞ্চনা করছে, বিদ্রোহ করতে হবে,

বিপ্লব-বিপ্লব করতে হবে communist-দের মতো—একি কথা একি কথা। এ কি হয় নাকি ? আপনি বলছেন, আমরা গ্রামোন্নয়নে একেবারে দৃষ্টান্ত স্থাপন করেছি, আমাদের অনুসরণ করতে হবে ভারতবর্ষের। তাই নাকি ? এই তো আমি এখনই Central Government-এর facts নিয়ে এলাম। সেখানে দেখা যাচ্ছে, আপনি ২৬ দিন কাজ দিয়েছেন, ডঃ মিত্র। Twenty six days out of hundred। সেদিন সুব্রতবাবু আমার বক্তব্যের মাঝে উঠে দাঁড়িয়ে চিৎকার করে বললেন, ডাঃ ভূঞ্যা যা বলছেন সত্য নয়। আমি quantum of taka বেশি খরচ করেছি এবং ১০৭ থেকে ১২১ পারসেন্ট utilization of fund করেছি, very good. I appreciate it. ধন্যবাদ জানাই সুব্রতবাবুকে। He is one of the very successful Ministrrs. যিনি পঞ্চায়েত এবং PHE-র কাজ করছেন। কিন্তু facts and figures-কে suppress করলে হবে না। Facts কি ?—26.26 days, ১০০ দিনের মধ্যে কাজ পেয়েছে, পশ্চিমবঙ্গে, Is it a performance ? Is it an example to pursue ? আপনাকে follow করার জন্য কি আপনার শিষ্যত্ব নেওয়ার জন্য কি খুব একটা গুরুত্বপূর্ণ chapter ?

[2.10—2.20 p.m.]

গুরুত্বপূর্ণ ফ্যাক্টস অ্যান্ড ফিগার মনে হয় ? ভারতবর্ষ কি চ্যাপ্টার ফলো করবে যে আমি ২৬ দিন কাজ দেব ? আপনি বললেন। তাহলে কি সারা ভারতবর্ষের সব রাজ্য বলবে না, ডঃ অমিত মিত্রের নেতৃত্বে আমরা ২৬ দিনের বেশি কাজ নেব না। এটা কি হয় নাকি, এটা করা যায় নাকি ? প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা অ্যাপ্রুভড্ হয়েছিল। সুব্রতবাবু সেদিন আমার বক্তব্যটা বুঝতে পারলেন না, আপনি নিশ্চয়ই বুঝবেন, অর্থনীতির লোক। আমি কি বলেছিলাম ? প্রায় ৫০০ থেকে ৭০০ কোটি টাকা বিভিন্ন ব্লকে বিভিন্ন জেলায় আনস্পেনড পড়ে আছে। অনারেব্‌ল মিনিস্টার জয়রাম রমেশ রাজ্যকে সচেতন করে বলেছিলেন, আপনারা এই পড়ে থাকা টাকা খরচা করুন, আবার টাকা দেব। আপত্তি কিসের ? কোনো আপত্তি নেই। টাকা পড়ে থাকবে, পেমেন্ট হবে না ? আমার পশ্চিম মেদিনীপুর জেলায় ২৯টি ব্লক আছে, অধিকাংশ ব্লকে গত ৬ মাস পেমেন্ট হয়নি। শ্রমিকরা কাজ করেছে, পেমেন্ট পায়নি। অধিকাংশ ব্লকে পেমেন্ট পায়নি। কোথায় গেল ? মাননীয় অর্থমন্ত্রী আপনি বলেছেন in relation to performance যাকে আদর্শ হিসাবে তুলে ধরা যাবে এবং ভারতবর্ষ নাকি তা তুলে ধরে অনুসরণ করবে। মাননীয় অর্থমন্ত্রী আমি দুটো ঘটনা বলছি। in relation to performance, West Bengalees the model state 'LW district হিসাবে Paschim Medinipur identified ভারত সরকার এই জেলার অর্থনৈতিক উন্নতি, সামগ্রিক উন্নতি, সার্বিক দিকে উন্নতিতে তাঁরা দৃষ্টি দিয়েছেন, টাকা দিয়েছেন, হেল্প করছেন, সহযোগিতা করছেন। Including addressing the problems of the Maoist activities ৪২১টি রাস্তা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় মঞ্জুর হয়েছে। ফোর টু ওয়ান, ফোর টু ওয়ান। আমি কি বিনয়ের সঙ্গে জানতে পারি Out of 421, PMGSY road মাত্র ৮৯টি রাস্তার টেন্ডার কমপ্লিট হয়েছে ২ বছরে কেন ? কেনো ৩৩২টা রাস্তা আজও

অবধি কাজ শুরু করা যায়নি শুধু পশ্চিম মেদিনীপুর জেলায় ? বলুন। করা যায়নি, হচ্ছে না। এই প্রশ্নের উত্তর কি কেন্দ্রীয় মন্ত্রী জয়রাম রমেশ দেবেন না প্রধানমন্ত্রী দেবেন না অর্থমন্ত্রী দেবেন ? কে দেবে ? আপনাকে দিতে হবে, সুব্রতবাবুকে দিতে হবে, মাননীয়া মুখ্যমন্ত্রীকে দিতে হবে। কেন হয়নি ? টাকা পড়ে আছে, মঞ্জুর হয়ে আছে, কাজ হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন আমাদের স্টেট মডেল স্টেট, অনুসরণ করতে হবে দিল্লীকে অন্য রাজ্যকে। মাননীয় অর্থমন্ত্রী আপনি জানেন অর্থনীতির শৃঙ্খলায় এই রাজ্যটাকে একেবারে দেউলিয়া করে দিয়ে চলে গিয়েছিল বামফ্রন্ট। একেবারে তলানিতে নিয়ে চলে গিয়েছিল, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা নিয়ে আপনি অর্থমন্ত্রীর দায়িত্ব নিয়েছিলেন। স্বীকার করছি। আমরা একসঙ্গে সমালোচনা করেছি, একসঙ্গে লড়াই করেছি। আপনাদের দাবিটা কি ছিল ? আমাদের এই ঋণ এবং সুদ এটার জন্য একটা moratorium দিন। Phasing manner করুন। আমরাও গেছি। পরশবাবু বলছিলেন না, আপনারা কি বলেছেন ? বলেছি। বলেছি। একসঙ্গেও বলেছি আলাদা ভাবেও বলেছি। কি দেখলাম গিয়ে ? স্যার, আমরা গিয়ে কি দেখলাম ? We met Dr. Montek Singh Aluwalliah, we met Hon'ble the then Finance Minister, today's President of India Mr. Pranab Mukherjee, we met Mr. Chidambaram, we met the Finance Secretary, Expenditure Secretary, Revenue Secretary. What is the outcome of the meetings including your meeting? তারা বললেন যতক্ষণ পর্যন্ত না নির্দিষ্টভাবে ফিনান্স কমিশন এই ঋণ মকুবের ক্ষেত্রে কোনো কর বাতলে দেয়, নির্দেশ দেয়, একটি বিশেষ কোনো রাজ্যকে এই ভাবে moratorium দেওয়া যাবে না। তাহলে কি করা যাবে ? ডঃ মিত্রকেও এই সাজেশান তারা দিয়েছেন বারবার। স্পেশ্যাল প্রজেক্ট করুন, নিয়ে আসুন। আর আপনাদের নিজের রেভিনিউটা বাড়ান। ওন রেভিনিউ ইনকামটা বাড়ান। এই ইনকামটা বাড়িয়ে আপনারা মোকাবিলা করুন, আর স্পেশ্যাল প্রজেক্ট নিয়ে আসুন অ্যাকর্ডিংলি। এটা শুধু মুখের কথা নয়। স্পেশ্যাল বি.আর.জি.এফ.-এ ৮ হাজার ৭৫০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার মঞ্জুরী দিয়েছিলেন এই রাজ্যকে, অ্যাজ এ স্পেশ্যাল প্রজেক্ট। সেই টাকাতেই স্পেশ্যাল—ম্যাডাম হেল্‌থ মিনিস্টার আছেন, তাদের সব সুপার স্পেশ্যালিটি হাসপাতাল মঞ্জুর হচ্ছে—সব স্পেশ্যাল বি.আর.জি.এফ.-এর টাকায়। রাস্তা চকচক, কাজ শুরু হয়েছে স্পেশ্যাল বি.আর. জি.এফ.-এর টাকায়। প্রতি ঘরে আলো এ.পি.এল.। বি.পি.এল, অ্যালং উইথ রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনা, স্পেশ্যাল বি.আর.জি.এফ। সুব্রতবাবুর দপ্তরের এইডেড পানীয় জলের প্রকল্প, এক্সট্রা পানীয় জলের প্রকল্প পি.এইচ.ই.-র স্পেশ্যাল বি.আর.জি.এফ.। কেন্দ্রীয় সরকার টাকা দিল না ডঃ মিত্র ? এই টাকাগুলো কি মঙ্গলগ্রহ থেকে ঝুরঝুর ঝুরঝুর ঝুরঝুর করে ঝরে পড়ছে আপনার দপ্তরে ? কে দিয়েছে এই টাকা ? কেন্দ্রীয় সরকার অ্যাজ এ স্পেশ্যাল বি.আর.জি.এফ. ফান্ড। দুর্ভাগ্যের ব্যাপার মাননীয় চেয়ারম্যান, ডঃ মিত্রের কাছে আমি হাতজোড় করে ক্ষমা চেয়ে নিয়ে বলছি অধিকাংশ দপ্তর এখনও ইউটিলাইজেশান সার্টিফিকেট দিতে পারেনি। এরপরেও বলবেন বঞ্চনা, বঞ্চনা, বঞ্চনা। আঙুল তুলে বলবেন বঞ্চনা। চলো

দিল্লী যাই, চলো দিল্লী সফর করি, চলো কেন্দ্রীয় কংগ্রেস সরকারকে গালমন্দ করি। এতে আপনার রাজনৈতিক রসনার তৃপ্তি হতে পারে। বাংলা এগোবে না, এক ইঞ্চিও এগোবে না। মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে উনি কিছুক্ষণ আগে বললেন যে গ্র্যান্ট-ইন-এইড কমিয়ে দিয়েছে? আরে কোথায় কমিয়ে দেওয়া হয়েছে ? ২০১১-১২ সালে ১২ হাজার কোটি টাকা গ্র্যান্ট-ইন-এড সেন্টার দিয়েছে। ২০১৩-১৪ সালে রিভাইজড্-এ ১৫ হাজার কোটি টাকা দিয়েছে। আর এ বছর প্রজেক্টেড গ্র্যান্ট-ইন-এড ফ্রম সেন্টার ইজ থার্টি থাউজেন্ড ক্রোড়। কি বলছেন পরেশবাবু একটু দেখে দেখে বলুন। একটু পড়ুন, দেখুন। কি সব বলছেন আপনারা ? আজকে এই মুহূর্তে কত লোন হয়েছে ? আমি কতকগুলো ইন্ডিকেটর বলছি। মাননীয় অর্থমন্ত্রী একটা ব্যাপার, আমি ১৯৮২ সাল থেকে বাজেট পড়ছি। আমি অসীম দাশগুপ্ত সাহেবের যেমন জিরো ডেফিসিট বুঝতে পারি না, আপনার জিরো রেভিনিউ ডেফিসিট বুঝতে পারছি না। আপনার বাজেট ৯ কোটি টাকার ঘাটতি। আর আপনি বলেছেন রেভিনিউ ডেফিসিট জিরো। সব মিটে গেছে ? কোনো রাজস্ব ঘাটতি নেই ? ফিসক্যাল প্রবলেম নেই তো আমাদের রাজ্যে ? এটা একটু বুঝিয়ে দেবেন, পড়িয়ে দেবেন। এটা বুঝতে পারছি না। ২০১২-১৩-র অ্যাকচুয়াল রেভিনিউ ডেফিসিট ছিল ১৩ হাজার ৮১৫ কোটি টাকা, ২০১৩-১৪ সালে রিভাইজডে এল ১২ হাজার ৬৯.২২ হাজার কোটি টাকা। ২০১৪-১৫ সালে জিরো। মানে রেভিনিউ কোনো ডেফিসিট নেই। আউটস্ট্যান্ডিং লোন—২ লক্ষ ৩ হাজার কোটি টাকা সূর্যবাবুদের মন্ত্রীসভা আপনার ঘাড়ে চাপিয়ে গেছে। এখন সেটা বাড়তে বাড়তে এসেছে ২ লক্ষ ৫০ হাজার ৮৩৭ কোটি ৭০ লক্ষ টাকা। এটা হতে পারে ২০১৪-১৫য়-তে ২ লক্ষ ৭৫ হাজার ১৫৭ কোটি ২৩ লক্ষ টাকা।

[2.20—2.30 p.m.]

আমি আপনার কাছে বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি, এই আড়াই বছরে আপনি কত টাকা লোন করলেন ? এই আড়াই বছরে আপনি কত লোন করেছেন মার্কেট বরোয়িং এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান—রিজার্ভ ব্যাঙ্ক, স্টেট ব্যাঙ্ক, বন্ড এগুলো থেকে টোটাল কত লোন করলেন ? আমি গৌরাঙ্গবাবুর বক্তব্য শুনছিলাম। গৌরাঙ্গবাবু জাস্টিফাইং করছিলেন ওদের লোনটাকে। একেবারে ভ্রষ্টাচার হয়েছে। ইকোনমি ভ্রষ্টাচার করেছেন ডঃ অসীম দাসগুপ্ত। ইকোনমি ভ্রষ্টাচার করেছেন ডঃ অসীম দাশগুপ্ত। তা না হলে পশ্চিমবঙ্গ এই জায়গায় গিয়ে দাঁড়াতো না। আমাদের কাছে যেটা তথ্য আছে—আজকে পশ্চিমবঙ্গ, আজকে revenue deficit as the percentage of GSDP ২০১১-১৩তে 2.78% ছিল। আজকে তারপর হল ২.২২ শতাংশ। তারপর এল ১.৭০ শতাংশ ২০১৩-১৪ সালে। এখানেও আপনি দেখিয়েছেন 'শূন্য' ২০১৪-১৫-তে। এইটা একটু বুঝতে পারছি না। Fiscal deficit as a percentage of GSDP ৩.৩৮ শতাংশ ২০১১-১২ সালে, ৩.০৮ শতাংশ ২০১২-১৩ সালে। ৩.০৮ শতাংশ again in revised ২০১৩-১৪ আর ২০১৪-১৫ সালে ১.৮৭ শতাংশ। এই total debt burden

as the percentage of GSDP—এটা ২০১১-১২ সালে ছিল ৩৯.৬২ শতাংশ। এটা ২০১৩-১৪ সালের revised-এ এসেছে 34.33%. আর আপনি projected figure ২০১৪-১৫তে বলেছেন হতে পারে ৩৩.৭৩ শতাংশ—কমছে। কিন্তু এই জায়গাটা আমরা বুঝতে পারছি না, Revenue-টা বাড়ছে, GSDP বাড়ছে, সবই ভালো কিন্তু কোনো জায়গায় গিয়ে অন্ধ্রের মতো আমরা এগোতে পারব ? আমি একটু স্টাডি করছিলাম, ডঃ মিত্র ? ২০১১-১২ সালে অন্ধ্রপ্রদেশ ৪২ হাজার কোটি টাকা State owned revenue তুলেছে। আপনি তুলেছিলেন ২৫ হাজার কোটি টাকা। ২০১২-১৩ সালে অন্ধ্রপ্রদেশ ৬২ থাউজেন্ড ক্রোর revenue তুলেছিল। আপনি কিন্তু অনেক পেছনে—৩০, তারপর ৩৯ এ বছর। আগামী বছর আরও ৪৫ হাজার কোটি টাকার স্বপ্ন আপনি দেখেছেন, তুলবেন। এই জায়গাটায় দাঁড়িয়ে আমরা জানতে চাইছি—How the system can be more improved, more efficient to mobilize the State owned revenue to address the problem of the debt burden of our State ? এই জায়গায় কত efficient mechanism, অন্ধ্রপ্রদেশ যদি তুলতে পারে, আপনি তুলতে পারছেন না কেন ? Geo-Topography, Geo-Economy, Socio Economy at par with Andhra Pradesh আমরা কিন্তু খুব কাছাকাছি আছি। এই জায়গাটা কেন আমরা বাড়াতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি কয়েকটি তথ্য পেশ করছি। কেন্দ্রীয় বঞ্চনা তিনি বলেন, কেন্দ্রীয় বঞ্চনা। আপনারা জানেন যে, federal structure-এ কেন্দ্র বলে একটি বায়বীয় বস্তু তো নয়, সরকার আছে। In a representative character in the Upper House in Parliament, in Rajya Sabha সেখানে সব দলের প্রতিনিধিরা আছেন। সেই জায়গায় একটা সরকার তৈরি হয়। তার নীচে অঙ্গ রাজ্যগুলিতে বিভিন্ন রাজনৈতিক দলের সরকার তৈরি হয়। যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্র উজ্জীবিত, প্রাণবন্ত, এগিয়ে চলেছে বিভিন্ন বিরোধ থাকার সত্ত্বেও। সেই জায়গায় Central share যে ট্যাক্সটা আমরা তুলি, রাজ্যগুলি যা পায়, আমরা দেখছি সেখানে ২০১০-১১তে আমাদের রাজ্য ১৫ হাজার ৯৫৪ কোটি ৯৫ লক্ষ টাকা পেয়েছিল। ২০১২-১৩ সালে ২১ হাজার ২২৬ কোটি ২৭ লক্ষ টাকা পেয়েছে। ২০১৩-১৪ রিভাইজড এস্টিমেটে ২৪ হাজার ১৯৫ কোটি ৩২ লক্ষ টাকা পেয়েছে। এবার ২০১৪-১৫তে ২৭ হাজার ৭৯৬ কোটি ৭৯ লক্ষ টাকা পাবে। এটা কি বঞ্চনার নথি নাকি ? এটা কি বঞ্চনার নথি ডঃ মিত্র ? আমি গৌরাঙ্গবাবুর একটা পয়েন্টের সঙ্গে সহমত পোষণ করছি। The indication of a growth trend of a Budget depends on a capital receipt and capital expenditure. এই জায়গায় আমরা দেখছি পশ্চিমবঙ্গে '১২-'১৩ আর্থিক বছরে capital receive ২৮ হাজার ২৫৮ কোটি ৫৭ লক্ষ টাকা। '১৩-'১৪ সালের রিভাইজড এস্টিমেটসে এটা বেড়ে হয়েছে ৩০ হাজার ৭১৪ কোটি ৪৫ লক্ষ টাকা। কিন্তু এবারে '১৪-'১৫ সালের projected বাজেটে

দেখছি কমে গিয়ে ২৪ হাজার ৩৩ কোটি ৩২ লক্ষ টাকায় নেমে এসেছে। কী ব্যাপার ? Why this low trend downward trend, of capital receipt in our State ? How could you sustain the growth without the capital investment ? এটা আমাদের একটু বুঝিয়ে বলবেন।

Grant-in-Aid. আপনি ছিলেন না হাউজে তাই আমি রিপিট করছি। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে '১২-'১৩ সালে ১২ হাজার ৩৪২ কোটি ৮৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে। '১৩-'১৪ সালের রিভাইজ্‌ড এস্টিমেটসে ১৫ হাজার ৯৪৩ কোটি ৮১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কম নয়। '১৪-'১৫ সালের projected ৩০ হাজার ৭৭৭ কোটি ১১ লক্ষ টাকা। তাহলে আমরা নিশ্চয়ই বঞ্চনা করছি না।

এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় চেয়ারম্যান স্যার আমি রাজ্য সরকারের কয়েকটি জিনিসের ওপর আলোকপাত করতে চাই। আমি দেখছি, development fund, মাননীয় মুখ্যমন্ত্রীর পুলিশ দপ্তর। ১৪৮ কোটি ২৫ লক্ষ টাকার development fund দিয়েছিলেন মাননীয় অর্থমন্ত্রী। খরচ হয়েছে ৯৬ কোটি ৮২ লক্ষ টাকা। কী ব্যাপার ডঃ মিত্র ? মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর দপ্তরকে সচল করে পুলিশের ডেভেলপমেন্টের টাকা খরচ করতে পারছেন না ? আপনি quiery করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে ? না, ভয়ে করেননি এখনও ? করতে হবে তো যে, "মাননীয়া মুখ্যমন্ত্রী আপনি পুলিশ দপ্তরের নেত্রী, আপনি মুখ্যমন্ত্রী, পুলিশের মন্ত্রী, আপনি স্বাস্থ্যের মন্ত্রী, আপনি minority-র মন্ত্রী, আপনি ভূমি দপ্তরের মন্ত্রী, আপনি আটটা দপ্তরের মন্ত্রী। আপনার পুলিশ তো top priority. ১৪৮ কোটি ২৫ লক্ষ টাকার মধ্যে মাত্র ৯৬ কোটি টাকা খরচ হয়েছে কেন ? বাকি টাকা কেন খরচ হয়নি ?" More than fifty crore rupees for development of police কেন খরচ হয়নি ? Housing Department ৬৭৯ কোটি টাকা পেয়েছিল। মাত্র ৫১ লক্ষ টাকা খরচ করেছে। Food Processing. ৮১ কোটি টাকা পেয়েছে। ৬৯ কোটি টাকা খরচ করেছে। Disaster Management. ২৫ কোটি টাকা পেয়েছে। ১৮ কোটি টাকা খরচ করেছে। Correctional Home Department. ২৬ কোটি টাকা পেয়েছে। ৮ হাজার টাকা খরচ করেছে। Co-operation. ১৬৯ কোটি টাকা পেয়েছে। খরচ করেছে মাত্র ১৬ কোটি ৩৫ লক্ষ টাকা। Backward Classes Welfare. ৫২৩ কোটি ২৪ লক্ষ টাকা আপনাকে দিয়েছেন। আর, আপনি খরচ করেছেন ১৬৮ কোটি ৭৪ লক্ষ টাকা। তাহলে কী এটা বলব যে মাননীয় অর্থমন্ত্রীর সঠিক গাইডেন্সের অভাবে, মাননীয়া মুখ্যমন্ত্রীর সঠিক নেতৃত্বের অভাবে বিভাগীয় মন্ত্রীরা ভয়ে কুঁকড়ে থাকেন আর টাকা পান না, খরচ করতে পারেন না ? তাহলে কি বলব, ডঃ মিত্র এবং মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন দপ্তরকে বঞ্চনা করছেন ? এই বঞ্চনা কেন্দ্রের নয়। এই বঞ্চনা মুখ্যমন্ত্রীর, অর্থমন্ত্রীর। অহেতুক কেন্দ্রকে গালমন্দ করছেন। তাই এই নিয়ে পর্যালোচনা করলাম। আপনি আপনার উত্তর দেবেন আমরা মন দিয়ে শুনব। কারণ আপনাকে আমি personally খুব respect করি।

[2.30—2.40 p.m.]

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, ১৭ই ফেব্রুয়ারি ২০১৪ পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন ২০১৪-১৫-র, আমি তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমার এক পূর্ববর্তী বক্তার বক্তব্য শুনলাম খুব মনোযোগ সহকারে। অতীতেও বিভিন্ন অর্থমন্ত্রীর বক্তব্য শুনেছি। ২০০১ থেকে প্রতি বছরই বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রীর বক্তৃতা শুনেছি। কিন্তু বর্তমান অর্থমন্ত্রীর যে বক্তব্য এবং অতীতের অর্থমন্ত্রীর যে বক্তব্য তার মধ্যে যথেষ্ট পার্থক্য আছে। অতীতের বক্তব্য থেকে মনে হত কেবল অঙ্কশাস্ত্রের জাগলারি, কথার মারপ্যাঁচ, অস্বচ্ছতার বহিঃপ্রকাশ, ঘাটতিশূন্য বাজেট ইত্যাদি তিনি উপস্থাপন করতেন। কিন্তু ঋণের ভারে জর্জরিত হওয়ার পরে একথা বাস্তব, ঘাটতিশূন্য যে বাজেটটা তিনি পেশ করতেন, ঘাটতির জায়গাটাকেই, পরিসরটাকেই তিনি বৃদ্ধি করেছেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি মনে করি খুব জনগণমুখী বাজেট, কর্মসংস্থানের বাজেট, উন্নয়নের বাজেট এবং স্বপ্নের বাজেট। রাজ্যের বেকার যুবক-যুবতীদের বিপুল কর্মসংস্থানের জন্য আগামী অর্থবর্ষে যেসব পরিকল্পনা এবং কর্মসূচি তিনি গ্রহণ করেছেন বা প্রস্তাব রেখেছেন তাতে বেকারদের যেমন একদিকে কর্মসংস্থানের মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার সুযোগ পাবে অপরদিকে রাজ্যকে অর্থনৈতিক দিক থেকে সমৃদ্ধির পথে অনেকটা এগিয়ে নিয়ে যাবে। মাননীয় অর্থমন্ত্রী ২০১৪ এবং ১৫ আর্থিক বর্ষে ৩ লক্ষ ৯৫ হাজার কোটি টাকার বাজেট পেশ করেছেন। বাজেটে ঘাটতি ধরা হয়েছে ৯ কোটি টাকা। রাজ্যের সামর্থ্য অনুযায়ী ঋণের বোঝা মাথায় নিয়ে তিনি যথার্থভাবে ঘুরে দাঁড়ানোর জন্য প্রয়াস চালিয়ে যাচ্ছেন। তিনি কর আদায় পদ্ধতিতে যথেষ্ট পরিবর্তন এনেছেন। ১০০টি তথ্যভিত্তিক যে ফর্ম ফিলাপ করতে হত তার পরিবর্তে তিনি কেবল মাত্র ৪টি তথ্যে ফর্ম ভর্তির ব্যবস্থা করেছেন। সম্পত্তি হস্তান্তরের স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশানের হার কমিয়েছেন ৭ পারসেন্ট থেকে ৬ পারসেন্ট এবং লক্ষ্যমাত্রা ২৫ লক্ষের সীমা বাড়িয়ে ৩০ লক্ষ করেছেন। এছাড়া রেজিস্ট্রেশানে দেরি হলে মাসিক ২ পারসেন্ট হারে সুদ দিতে হত। সেই জায়গায় তিনি ওয়ান পারসেন্ট করেছেন এবং সুদের ঊর্ধ্বসীমা করেছেন ২০ হাজার টাকা। রাজ্যের আর্থিক কর্মকাণ্ডকে উজ্জীবিত করার জন্য তিনি বিভিন্ন দপ্তরগুলিকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছেন। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর নগরোন্নয়ন দপ্তর, জনস্বাস্থ্য দপ্তর, জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং, স্বাস্থ্য, শিল্প, কৃষি, কৃষি বিপণন দপ্তর এবং পর্যটন দপ্তর ইত্যাদি। মাননীয় অর্থমন্ত্রী বেকার যুবক-যুবতীদের জন্য কিছু কিছু নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন, তার জন্য আমরা সাধুবাদ জানাই। নতুন দিশা প্রস্তাবের মাধ্যমে কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা তিনি ধার্য করেছেন। কর্মতীর্থ প্রকল্প; গতিধারা প্রকল্প নামে নতুন প্রকল্প তিনি ঘোষণা করেছেন। যাতে বেকার যুবক-যুবতীরা কর্মসংস্থানের মাধ্যমে নিজেদের নির্ভরশীলতার পথ খুঁজে পাবে। পর্যটকদের সুবিধার জন্য ৭০টি মোটেল তৈরির পরিকল্পনা রেখেছেন যাতে ২০১৪ এবং ১৫ সালে ১৬ লক্ষেরও

বেশি নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক-যুবতীদের জন্য সংখ্যালঘু বিত্ত নিগম এবং আলিয়া বিশ্ববিদ্যালয়ের যৌথ প্রচেষ্টায় ৬১ হাজার ৯১১ জনকে প্রশিক্ষণের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। ২০১১ থেকে ২ লক্ষ ৫০ হাজার ৬৬৭ জন স্বনির্ভর হতে পেরেছে। স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আত্মনির্ভরতায় পৌঁছে দেওয়ার জন্য তিনি সচেষ্ট হয়েছেন। আজ পর্যন্ত ৬ লক্ষ ৮৮ হাজার যার মধ্যে দরিদ্র মহিলাদের সংখ্যা সবচেয়ে বেশি। 'মুক্তিধারা' প্রকল্পের মাধ্যমে তিনি তাদের পাশে দাঁড়ানোর চেষ্টা করেছেন। আগামী অর্থবর্ষে আই.টি. এবং আই.টি.ই.এস. সেক্টরে অতিরিক্ত ১ লাখ কর্মসংস্থানের সৃষ্টি হবে। মাদার ডেয়ারিতে যুবক-যুবতীরা নিযুক্তির আশার আলো দেখছেন। IAS, IPS এবং WBCS (Executive) পরীক্ষার সঠিক প্রস্তুতির জন্য তিনি সিভিল সার্ভিস প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছেন এবং এর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বাড়বে। শুধু কিষান ক্রেডিট কার্ড নয় মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ড চালুর মাধ্যমে যুবক-যুবতীরা ৫ লক্ষ টাকা পর্যন্ত লোন নিয়ে নিজেরা আত্মনির্ভরতার জায়গায় পৌঁছে যেতে পারবেন। এই যে মহতী পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে আমি ধন্যবাদ জানাই, আমি কৃতজ্ঞতা জানাই মাননীয় অর্থমন্ত্রীকে তিনি অন্ততপক্ষে একটি উন্নয়নমুখী একটি বাজেট উপস্থাপনের মাধ্যমে বিভিন্ন প্রকল্পে সুযোগ করে দেওয়ার সচেষ্ট হয়েছেন। আমরা দেখেছি কৃষিতে বিভিন্ন রকমের উন্নয়নের জোয়ার তিনি এনেছেন। তিনি অভিনব প্রকল্প "আমার ফসল আমরা গোলা", দ্বিতীয় প্রকল্প "আমার ফসল আমার গাড়ি" যার মাধ্যমে কৃষকরা আত্মনির্ভরশীলতার সুযোগ পাবে। বাজেট যদি আমরা অনুধাবন করি, তাহলে দেখি ২০১২-১৩-তে ছিল কৃষিখাতে ৩৮২.৭৬ কোটি টাকা। ২০১৩-১৪-তে আমরা দেখেছি ৭২৫ কোটি টাকা। ২০১৪-১৫-তে দেখলাম ১১৫৭.৭২ কোটি টাকা, যেটা ৫০% ইনক্রিজ রেখেছেন। কৃষি বিপণনে কৃষি বাজার করার জন্য বা কৃষকদের সাহায্যে যেটা ২০১২-১৩ সালে ছিল ৪৩.৭২ কোটি টাকা। ২০১৩-১৪-তে ছিল ১২০.৩৩ কোটি টাকা। সেটা ২০১৪-১৫ সালে রেখেছেন ২২৫ কোটি টাকা, সার্বিকভাবে অনেক বেশি। প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রেও গো-খাদ্য থেকে আরম্ভ করে, বীমা থেকে আরম্ভ করে ঔষধপত্র এবং উন্নত প্রযুক্তির গরু চাষ করার মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠী মহিলা গোষ্ঠীদের বিশেষভাবে উন্নয়নের স্বার্থে তিনি ২০১২-১৩-তে ১২০.৫৭ কোটি টাকা, ২০১৩-১৪-তে রেখেছে ১৯৫.৭ কোটি টাকা। সেটা বাড়িয়ে ২০১৪-১৫-তে রাখলেন ৩৫৬.৮৫ কোটি টাকা, সার্বিকভাবে উপকৃত হওয়ার জন্য। পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরে আমরা দেখেছি, MGNREGA মাধ্যমে গ্রামীণ উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য তিনি সচেষ্ট হয়েছেন। পি.এম.জি.এস.ওয়াই. রাস্তা ১৫০০ কোটি টাকা ব্যয়ে ৩,৫০০ কিলোমিটার তৈরির কাজ শেষ হবে ২০১৩-১৪ মধ্যে। পি.এম.জি.এস.ওয়াই.-এর কথা মানসবাবু বলছিলেন কিন্তু আপনারা জানেন বোধহয় ডি.পি.আর.-এ যে টাকা-পয়সা ধরে দেওয়া হয়েছে সেন্ট্রালের অ্যাপ্রুভালের টাকা-পয়সা ধরে দেওয়া হয়েছে বর্তমান বাজার মূল্যে। পি.এম.জি.এস.ওয়াই. রাস্তাগুলি তৈরি

করতে গেলে হোঁচট খেতে হচ্ছে। কন্ট্রাক্টররা কিন্তু সেই মূল্যে রাস্তাগুলো করার অভিলাষ দেখাচ্ছেন না। ২০১৩-১৪-তে যে সব রাস্তাগুলোর রূপায়ণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ একান্ত দরকার।

[2.40—2.50 p.m.]

২০১৩-১৪ অর্থবর্ষে আমরা যে রাস্তা করেছি, ২০১৪-১৫ অর্থবর্ষেও আমরা তারথেকে বেশি রাস্তা করতে সক্ষম হব। আই.এ.ওয়াই. এবং 'অধিকার' স্কীমে ২ লক্ষ ৫০ হাজার বাড়ি তৈরির কাজ শেষ হবে ২০১৩-১৪ অর্থবর্ষে। এছাড়াও 'গীতাঞ্জলী' স্কীমের এক হাজার কোটি টাকা ব্যয়ে ৮৩ হাজারটি গৃহ নির্মাণ হবে। তাই পঞ্চায়েত এবং গ্রামোন্নয়নে ১২-১৩ সালে ৩৫২৮ কোটি টাকা ধার্য ছিল। ১৩-১৪-তে ধার্য ছিল ৪৩৮৪.৩১ কোটি টাকা। ১৪-১৫তে ধার্য হয়েছে ৭৪০৭.২২ কোটি টাকা যা ৫০% বৃদ্ধি। পানীয় জলের ক্ষেত্রেও আমরা দেখছি যে সারফেস ওয়াটার স্কীমে বিভিন্ন জায়গার প্রায় ১৮.০৪ লক্ষ মানুষ উপকৃত যাতে হয় তার জন্য স্কীম চালু হয়েছে। আর্সেনিক মুক্ত জল দেওয়ার জন্য পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে এবং বিদ্যালয়ে, অঙ্গনওয়াড়ী কেন্দ্রে লক্ষ্যমাত্রার থেকেও বেশি পানীয় জল সরবরাহে আমাদের সরকার সক্ষম হয়েছে। যে পানীয় জলে ৬৮৩.৮০ কোটি টাকা ছিল ১২-১৩-তে, ১৩-১৪-তে ৯১১.৪৩ কোটি টাকা এবং ১৪-১৫-তে ১৩৩৬.৩২ কোটি টাকা। আমরা দেখতে পাচ্ছি কয়েকটা ক্ষেত্রে আপনারা দেখবেন যে এইবারে ধার্য কত বেশি। হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে এবারে ধার্য করা হয়েছে, যেটা ১২-১৩তে ছিল ৬৪০.৫৭ কোটি টাকা। ১৪-১৫-তে ধরা হয়েছে ২২১১.০৬ কোটি টাকা, ইরিগেশান অ্যান্ড ওয়াটার ওয়েজ-৫৮৭.৩৪ কোটি টাকা ১২-১৩-তে ধার্য ছিল। সেটা এখন ধরা হয়েছে ১৮৭২.৪৯ কোটি টাকা অর্থাৎ তিনগুণের থেকেও বেশি। মাইনরিটি অ্যাফেয়ার্সে আমরা দেখেছি ৪২৪.৪১ কোটি টাকা ধার্য ছিল। চারগুণ বর্ধিত হয়েছে। এবারে ধরা হয়েছে ১১৩৭.০০ কোটি টাকা। সার্বিকভাবে বলতে পারি যে পশ্চিমবাংলার আপামর জনসাধারণের উন্নয়নের স্বার্থে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেটা একটা উন্নয়নমুখী বাজেট। তাই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Honourable Speaker Sir: میں آپ کے ذریعے Honourable Finance
Minister Dr. Amit Mitra سے جاننا چاہوں گا کہ جو Finance کا بجٹ انہوں نے پیش کیا ہے۔ اُس میں کچھ ایسی باتیں
ہیں جو میری سمجھ میں نہیں آئیں۔ کیونکہ میں Economics کا اسٹوڈنٹ بھی نہیں رہا ہوں۔ اسلئے بہت ساری باتیں جو میری سمجھ میں
نہیں آئیں لیکن ان میں جو چھوٹی چھوٹی باتیں ہیں وہ میں جاننا چاہوں گا۔ کہ یہاں پر لکھا گیا ہے revenue surplus اور
revenue deficit اُس میں پلس اور مائنس کا نشان دیا ہوا ہے۔ تو یہاں پر ۲۰۱۲۔۱۳ کے بجٹ میں بولا گیا تھا 13815.13 اور
۲۰۱۳۔۱۴ میں اسٹیٹ گورنمنٹ کا ٹارگیٹ تھا کہ وہ ڈیفیسٹ کو کم کرکے اُس کو 3488.49 پر لایا جائے گا۔ لیکن
unfortunately دیکھا گیا کہ ۲۰۱۳۔۱۴ میں جو ریویس بجٹ ہے۔ اُس میں دیکھایا جا رہا ہے کہ 12069.22 یعنی کہ چار گنا آپ کا

جو deficit budget ہے وہ بڑھ گیا، four time بڑھ گیا۔ لیکن اُس کے بعد بھی ہمارے عزت مآب منسٹر صاحب بتاتے ہیں کہ آپ بنگال میں ۱۳لاکھ۲۲ہزار لوگوں کو نوکری دے چکے ہیں۔ جب ایک اسٹیٹ کا deficit budget چار گنا بڑھ گیا ہے۔ اس سے یہ ثابت ہوتا ہے کہ سرکار کا اپنا revenue کم ہو گیا ہے۔ revenue collection سرکار نہیں کر پا رہی ہے۔ جہاں ہمارے پاس revenue collection نہیں ہو رہا ہے وہاں پر ۱۳لاکھ۲۲ہزار لوگوں کو نوکری دینے کی بات اس بجٹ میں کہی گئی ہے۔ تو یہ ۱۳لاکھ۲۲ ہزار لوگوں کو نوکری دینے کی جو بات کہی گئی ہے۔ وہ کس دفتر میں دی گئی ہے؟ اُس کے بارے میں کوئی بیان نہیں ہے۔ کس ڈیپارٹمنٹ میں لوگوں کو نوکری دی گئی ہے؟ کب vacancy نکلا؟ کب ان کا application جمع لیا گیا؟ کب انٹرویو ہوا؟ کب Written ہوا؟ اس کے بارے میں کچھ پتہ نہیں ہے۔ لیکن یہ ۱۳لاکھ۲۲ہزار لوگوں کو نوکری دیدی گئی ہے۔ اب یہ نوکری کہاں دی گئی ہے؟ یہ آپ لوگوں کو پتہ ہوگا کیونکہ شاردا میں کروڑوں لوگوں کو کام ملا ہوا تھا سارے جو بے روزگار ہو گئے وہ تو آپ ہی لوگوں کا نوکری دیا ہوا تھا۔ اب ان لوگوں کو بھی آپ لوگ گنتی میں گن رہے ہیں۔ ۱۳لاکھ۲۲ہزار سے زیادہ ہونا چاہئے تھا حساب یہاں پر غلط ہے۔ اور آپ لوگوں کو ہم کہنا چاہیں گے کہ اگر ڈیپارٹمنٹ وائس دیکھا جائے تو لائبریری سروس کو ہم دو ڈیپارٹمنٹ کی مثال دے کر بولنا چاہوں گا کہ جہاں ۱۳لاکھ۲۲ ہزار نوکری دینے کی بات کہی گئی ہے وہی پر آپ کی سرکار کا جو لائبریری سروس کا ڈیپارٹمنٹ ہے۔ اُس میں تین سال لگ بھگ ہو گیا اُس میں جو پوسٹ vacant ہے اُس ویکنٹ پوسٹ کے approval کیلئے محکمہ مالیات میں بھیجا گیا۔ دو ہزار vacant post کی منظوری کیلئے Finance Minister کے پاس بھیجا گیا۔ تین سال ہو گیا اُس کو منظوری نہیں ملی۔ ڈیپارٹمنٹ کا یہ کہنا ہے کہ Finance کے پاس روپئے نہیں ہے کہ دو ہزار لوگوں کو تنخواہ دے سکے اسلئے اسکا approval روک کر رکھا گیا ہے۔ دو ہزار کا approval آپ روک کر
رکھیں ہیں لیکن ۱۳لاکھ۲۲ہزار کو آپ نوکری دے رہے ہیں۔ یہ سمجھ میں نہیں آیا ہے۔

دوسری بات عزت مآب وزیر اعلیٰ خود وزیر اقلیتی امور ہیں۔ جو وزیر اقلیتی امور خود ہیں۔ اُن کے Department میں شامل اردو اکیڈمی میں ۱۵ پوسٹ Vacant ہے۔ اُس میں کوئی بحالی نہیں ہوئی۔ Baker Hostel جہاں بچوں کے پڑھنے اور رہنے کا انتظام کیا گیا ہے۔ اُس میں ۲۲ پوسٹ Vacant ہے۔ اُس کو بھی fillup نہیں کیا گیا ہے۔ West Bengal Minority Development Finance Corporation میں ۱۰۰ سے زیادہ پوسٹ خالی ہیں۔ اسکے لئے بھی Finance Minister کو بولا گیا۔ لیکن محکمہ مالیات سے منظوری نہیں دی گئی۔ جہاں پر ۱۰۰ سے زیادہ پوسٹ خالی ہے وہاں پر ۱۵ لوگوں کو Casual کے طور پر رکھ دیا گیا ہے۔ اور جنوری ۲۰۱۴ سے casual کے طور پر جن ۱۵ لوگوں کو West Bengal Minority Development Finance Corporation میں رکھا گیا تھا۔ اُن لوگوں کا جنوری سے تنخواہ بند کر دیا گیا ہے۔ اُن کا salary بند کر دیا گیا ہے یہ کہہ کر کہ سرکار کے پاس پیسہ نہیں ہے۔ تو جب سرکار کے پاس casual ۱۵ لوگوں کو دینے کیلئے پیسہ نہیں ہے۔ تو ۱۳لاکھ۲۲ہزار لوگوں کو دینے کیلئے پیسہ کہاں سے آئے گا؟ جو ابھی مانس وا بول رہے تھے۔ کناو پر تھکے جھر جھر کو رے پورے بودھوئی سوتی کا رے پورے سینکھن تھکے بیتوین دے بے بکنو آسول تاکا نہی سے تا آپنار انجیر ائی سیکار کور چھن۔ یہ دیکھا جاتا ہے۔ آپ کو پتہ ہوگا کہ Minority Department یعنی کہ DOMA جو اتر دیناج پور ضلع میں ڈسٹرک مائینوریٹی آفسر جو ہیں وہاں پر حج کمیٹی کا کام کرنے کیلئے مائینوریٹی ڈیپارٹمنٹ کا کوئی آدمی

نہیں رکھا گیا ہے کیونکہ تنخواہ دینے کیلئے پیسہ نہیں ہے اور وہاں پر Treasury Department کا آدمی آکر مائینوریٹی کا کام کرتا
ہے۔ اور Treasury Department کا کام چھوڑ کر اُس سے Minority Department کا کام لیا جاتا ہے تاکہ وہاں
حج کمیٹی کی ذمہ داری نبھا سکے یہ تو عالم ہے محکمہ اقلیت کا۔ جس محکمہ کی عزت مآب وزیر اعلیٰ خود وزیر ہیں۔ اور وقف بورڈ کی بات کیجئے
تو سنٹرل سے وقف بورڈ کی تمام پروپٹی کو digitization کرنے کیلئے بار بار بولا جا رہا ہے۔ کہ مغربی بنگال اسٹیٹ وقف بورڈ اپنا تمام
ملکیت کو Digitization کرے تاکہ کہیں پر بھی دیکھا جاسکے کہ وقف کا کتنا property ہے۔ لیکن ہمارے اسٹیٹ وقف بورڈ سے
مائینوریٹی ڈیپارٹمنٹ سے بولا جا رہا ہے کہ وقف بورڈ میں ملازم کم ہیں جس کی وجہ سے ہم یہ کام نہیں کر سکتے ہیں۔ ملازم کم ہیں تو ملازم نہیں
لے رہے ہیں۔ آپ کے Minority Department میں employment کا اتنا جگہ خالی ہے۔ لائبریری سروس میں اتنا جگہ
خالی ہے کہ پیسے کی کمی کی وجہ سے Finance Department منظوری نہیں دے پا رہی ہے۔ عزت مآب وزیر صاحب آپ اپنے
بجٹ میں بولتے ہیں کہ ۱۳ لاکھ ۲۲ ہزار لوگوں کو نوکری دیدی ہے اور ۲۰۱۴-۱۵ میں آپ اور بھی ۱۶ لاکھ نوجوانوں کو نوکری دیں گے۔ تو یہ
آپ کہاں سے دیں گے۔؟ آپ اس بات کو بتائیں۔ اس میں ہم لوگوں نے دیکھا کہ BRGF کا جو سنٹرل گورنمنٹ سے Special
BRGF کے نام پر صرف دو اسٹیٹ کو دیا جا رہا ہے بہار اور بنگال کو۔ جس میں بنگال کو BRGF میں ۸۷۵۰ کروڑ روپے دیا گیا ہے۔ اُس
میں سے بنگال کو ۲۸۸۸ کروڑ روپے Sanction ہوا ہے۔ جس روپے سے آپکے اسٹیٹ میں الگ الگ Department میں کا
م ہو رہا ہے۔ لیکن آپ کے بجٹ میں کہیں نہیں بتایا گیا کہ ۲۸۸۸ کروڑ روپے میں سے آپ کتنے روپے خرچ کر چکے ہیں؟ اور کتنے روپے
کا کام آپ کا رننگ ہیں؟ کتنے روپے آپ کے پاس ہیں؟ ۸۷۵۰ کروڑ میں سے باقی روپے آپ کا ہے وہ آپ کو نہیں ملے گا۔ لیکن اُس
کے بارے میں آپ نے کچھ بھی نہیں کہا ہے۔ آپ کے expenditure Budget میں آپ نے دکھایا ہے کہ آپ کا خرچہ کیا کیا
ہے؟ لیکن میں ہمارے اسٹیٹ گورنمنٹ سے جاننا چاہونگا کہ جو بھی عزت مآب وزیر اعلیٰ جن دفتروں میں ہیں یا بنگال سرکار کی طرف سے
جن دفتروں میں جو بھی کاروائی کی جاتی ہے اُن تمام چیزوں کا معاملہ ہائی کورٹ میں پہنچ جاتا ہے۔ ہائی کورٹ میں جانے کے بعد کیس لڑنے
میں سرکار کا ایک رقم خرچ ہوتا ہے۔ تو اسٹیٹ گورنمنٹ ہائی کورٹ میں کیس لڑتے ہوئے ابتک کتنے روپے خرچ کر چکی ہے؟ اسے بجٹ
میں آپ کو بتانا چاہیے۔ اس کے بارے میں آپ کو کچھ پتہ نہیں ہے۔ یہ عزت مآب وزیر اعلیٰ کا کلکتہ ہو یا کسی بھی اضلاع میں چلے جائیے
کسی بھی بلاک میں چلے جائیے بڑا بڑا ہورڈنگ دیکھائی دیتا ہے۔ الگ الگ پوز میں مسکراتے ہوئے کھڑی ہیں بیٹھیں ہیں چشمہ پہنیں ہیں
[***] اُس کے بعد اُس پر جو ہورڈنگ بنایا جا رہا ہے۔

[2.50 – 3.00 p.m.]

Mr.Speaker: Modeling poster will not go on record.

Shri Ali Imran Ramz: اس کے پیچھے گورنمنٹ کی طرف سے کتنا کروڑ روپے خرچ کیا جا رہا ہے۔ اُس کے بارے میں بھی
کچھ بتانا چاہیے۔ اُس کے بارے میں آپ نے کچھ نہیں بتایا۔

civic police کے بارے میں آپ نے کہا ہے ایک لاکھ تیس ہزار سیوک پولس کی بحالی کی گئی ہے۔ لیکن آپ نے اپنے بجٹ میں کئی
نہیں بتایا کہ سیوک پولس کیلئے اسٹیٹ گورنمنٹ یا محکمہ مالیات کی طرف سے کتنا رقم اُن کے لئے دیا گیا ہے۔ اُن کے تنخواہ کا کیا انتظام ہوگا۔
اُن کو salary کہاں سے دی جائے گی؟ اُس کے لئے کتنا رقم Finance Department دیتا ہے؟ اس کے بارے میں کچھ نہیں بولا

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

گیا۔ اور آپ لوگوں کو جان کر حیرانی ہوگی کہ ان سیوک پولس میں جن لڑکوں کا بحالی ہو رہا ہے اور ہمارے اسٹیٹ گورنمنٹ کی طرف سے جو بیکار بھتہ کا اعلان کیا گیا ہے کہ ۱۵۰۰ روپے بیکار بھتہ ہے یہ ۱۵۰۰ روپے بیکار بھتہ اُن لوگوں کیلئے ہیں، جو پڑھیں لکھیں ہیں۔ جن کے اندر قابلیت ہے۔ اُن کا نام employment exchange میں ہے۔ لیکن اُن کو نوکری نہیں مل رہی ہے اسلئے اُن کو ۱۵۰۰ روپے بھتہ دیا جائے گا۔ اور یہ سیوک پولس میں جن لوگوں کو لیا جا رہا ہے۔ ان لوگوں کو کوئی permanent نوکری نہیں دی جا رہی ہے۔ نا ہی سرکار یہ بول رہی ہے کہ ان کیلئے محکمہ مالیات سے کوئی رقم مہیا کرایا جائے جس سے ان کو تنخواہ دیا جائے گا۔ ان کے future کی سیکوریٹی کا انتظام سرکار نہیں کر رہی ہے۔ اور یہاں تک کہ ایک لاکھ تیس ہزار سیوک پولس میں بحالی ہونے والے نوجوان بیکار بھتہ کیلئے بھی یہ apply نہیں کر سکتے ہیں۔ کیونکہ ان کو سرکار بولتی ہے کہ تم ادیہ چاکری دے دیئے ہیں۔ یعنی بیکار بھتہ سے بھی ہاتھ دھو لئے اور یہاں

پر سیوک پولس کے طور پر بھی کوئی تنخواہ ملنے والا نہیں ہے۔ جس طرح سے گرام پنچایت میں آپ کا لیبر کارڈ دیا گیا ہے۔ اُسی طرح سے سیوک پولس میں یہ لیبر کارڈ کے طور پر ان کو بنا کے رکھ دیا گیا ہے۔ ۱۰۰ دن میں ۲۶ دن کا پورا ابھی ڈاکٹر مانس بھویاں انربل ممبر آپ کو دیئے۔ تو یہاں پر سیوک پولس کا جو عالم ہے یہ voluntary پولس جو ہیں ان کو سال میں ۱۰۰ دن بھی کام نہیں ملے گا۔ دس دن بھی کام دینا Police Department کیلئے مشکل ہے۔ اور وہاں پر آپ ان کو ایک لاکھ تیس ہزار کیلئے کوئی سیکوریٹی کا انتظام نہیں، ان کیلئے کوئی فنڈ نہیں، اُن کیلئے کوئی پیسہ نہیں تو یہ سراسر یوتھ کے ساتھ دھوکہ دہی ہے۔ میں عزت مآب منسٹر کی عزت کرتے ہوئے کہونگا کہ آپ جب FICCI میں تھے۔ تو آپ کی قابلیت کے چرچے ہم نے اخباروں میں پڑھا اور جب آپ یہاں آئے تھے تو ہم سب کو یہ امید تھی کہ شاید آپ تبدیلی کے نام پر بنگال میں کچھ تبدیلی لائیں گے [***]

Mr.Speaker: No NoThis portion will not go on record.why will you say like that?

Shri Ali Imran Ramz: آزاد ملک میں (اس وقت مائک بند ہو گیا)

শ্রীমতী শাওনি সিংহরায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল, অর্থাৎ ১৭ই ফেব্রুয়ারি ২০১৪, রাজ্য সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বাজেট পেশ করেছেন, সেই নিরিখে কিছু আলোচনা করব। 'বাংলার মাটি বাংলার জল, বাংলার বায়ু বাংলার ফল, ধন্য হোক ধন্য হোক হে ভগবান।' বাংলার মানুষ হিসাবে ঈশ্বরের কাছে আমাদের এটাই ঐকান্তিক প্রার্থনা। নতুন সরকার আসার পর অনেক আশার বাণী আমরা শুনতে পেয়েছি, ২০১২-১৫-এর বাজেট পুস্তিকাতেও তার ঘাটতি নেই। এই সরকারের নতুন স্লোগান, 'বাংলা যা করছে আঁজ, ভারত তা করবে কাল।' এটা যদি সত্যিই বাস্তবায়িত হয় তাহলে আমাদের দেশের কি হাল হবে তাই ভেবে বাংলার নারী, শিশু, যুবকরা শিউরে উঠছে। সোমবার বিধানসভায় ২০১৪-১৫ আর্থিক বছরের জন্য ৩ লক্ষ ৯৫ হাজার কোটি টাকার বাজেট পেশ করেছেন অর্থমন্ত্রী। বাজেট পুস্তিকায় বলা হয়েছে, চলতি আর্থিক বছরে উন্নয়নমূলক কাজে বাজেটের বরাদ্দ থেকে প্রায় ৬০০ কোটি টাকা বেশি খরচ করেছেন এই রাজ্যে। অথচ তার পাশাপাশি কয়েকটা গুরুত্বপূর্ণ দপ্তরের বরাদ্দের পুরোটা খরচ কিন্তু করেননি। সেচ, স্বরাষ্ট্র, পশ্চিমাঞ্চল

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

উন্নয়ন, অনগ্রসর কল্যাণ, পূর, সমবায়, বিদ্যালয় শিক্ষা, জলসম্পদ, উত্তরবঙ্গ উন্নয়ন এবং শ্রমও রয়েছে তার মধ্যে। এখন স্লোগান হচ্ছে, 'পাহাড় হাসছে, জঙ্গল হাসছে।' উত্তরবঙ্গে উন্নয়ন ত্বরান্বিত করতে শিলিগুড়িতে নতুন সচিবালয় চালু হয়েছে। অথচ উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর ২৪০ কোটি টাকার মধ্যে ১৮১ কোটি টাকা খরচ করতে পেরেছে। আবার সেই খাতে এবারে টাকা দ্বিগুণ করা হল। জঙ্গলমহল নিয়ে এই সরকার আশাবাদী, কিন্তু পশ্চিমাঞ্চল উন্নয়নের টাকা সম্পূর্ণ খরচ করা যায়নি এবারে। তাহলে কি প্রশ্ন আসে না, এই আশ্বাস কি শুধু কাগজে কলমে ? অর্থমন্ত্রী কিছুদিন ধরে দাবি করে আসছেন, নিজস্ব রাজস্ব বৃদ্ধির নিরিখে গোটা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ ১ নং স্থান অধিকার করবে। রাজস্ব বৃদ্ধির হার ৩০ শতাংশের বেশি হবে বলে তিনি মনে করেছিলেন। কিন্তু এবারের বাজেট পুস্তিকায় দেখা যায় সেই লক্ষ্য পূরণ হয়নি। যার ফলে ২০১৩-১৪ আর্থিক বছরে আয় ও ব্যয়ের ঘাটতি যেটা হবে বলে সরকার মনে করেছিল, তার চেয়ে অনেক বেশি পরিমাণ ঘাটতি হয়েছে, ১২ হাজার ৬৯ কোটি টাকা। গত বছর আশা করেছিলেন ৩ হাজার ৪৮৮ কোটি টাকার ঘাটতির পরিমাণ দাঁড়াবে। রাজ্যের নিজস্ব রাজস্ব আয়ের ক্ষেত্রে দেখা যাচ্ছে, ভূমি রাজস্ব আয়ের ক্ষেত্রে আশানুরূপ হয়নি। এই খাতে ৩৯৪২ কোটি টাকা ধরা হয়েছিল, হয়েছে ২৬৯৪ কোটি টাকা। পাশাপাশি যানবাহন, আবগারি, বিদ্যুতের মাশুল নিয়ে আয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। বলছেন বিদ্যুতের দাম কমবে। আপ-এর লাইন ধরেছে এই সরকার। শুনেও শান্তি। মুখ্যমন্ত্রী একদা বলেছিলেন, সরকার ঋণের ভারে নয়, রাজ্য সরকারের নিজস্ব ভারে মহার্ঘ্য ভাতা দেওয়ার প্রস্তাব বিবেচনা করবে। কিন্তু তা বাস্তবায়িত হল না। সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্য ভাতা পাওয়ার ব্যাপারে প্রশ্ন রয়েই গেল। রাজ্য বাজেটে এই বিষয়ে কিছু বক্তব্য থাকল না। কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারীদের জন্য বেতন কমিশন বসালেও রাজ্য সরকার সেই পথে হাঁটার কোনো ইঙ্গিত বা আভাস দিল না। বলা হয়েছে ১৩ লক্ষ কর্মসংস্থান হবে। কোথায় হবে, কবে হবে, কে কে পেয়েছে, তার উত্তর পেলাম না। প্রতিদিন খবরের কাগজে দেখছি। এটা কি মন্ত্রী মহাশয়ের আত্মীয়স্বজন, বাড়ির পরিচারিকাদের মধ্যেই কি সীমাবদ্ধ, না কি বাংলার মানুষের ঘরে ঘরে পৌঁছোচ্ছে, তার উত্তর সরকারই দেবেন।

[3.00—3.10 p.m.]

তার উপরে তারা আশাবাদী আরও ১৬ লক্ষ কর্মসংস্থান হবে। এটা কি হাস্যকর নয় ? ফিকির প্রাক্তন মহাসচিব শিল্পমন্ত্রী অমিতবাবু তিনি অর্থমন্ত্রী হিসেবে বাজেট যখন পেশ করলেন অতি ক্ষুদ্র, ক্ষুদ্র তথ্যপ্রযুক্তি শিল্পের কথা বলে, বড়ো শিল্পের ক্ষেত্রে কিন্তু কোনো সুনির্দিষ্ট পদক্ষেপ দেখালেন না। কর সরলীকরণের মাধ্যমে অর্থমন্ত্রী রাজস্ব বাড়াবার কথা বলেছেন। কিন্তু তা দীর্ঘমেয়াদি নয়। রাজ্যের আর্থিক স্বাস্থ্যের পুনরুদ্ধার করতে গেলে শিল্পই একমাত্র পথ। সড়কের প্রয়োজন, বিদ্যুতের প্রয়োজন, সঠিক পরিকল্পনার প্রয়োজন, জমির প্রয়োজন কিন্তু তার সঠিক কোনো দিশা এই বাজেটে নেই। এগ্রিকালচার নিয়ে এত কথা হচ্ছে। কিন্তু এই ওয়েস্ট বেঙ্গল এখনও পর্যন্ত ইমপ্লিমেন্ট করতে পারেনি নতুন মডেল

এ.পি.এম.সি. অ্যাক্ট। পাঞ্জাব, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, প্রত্যেক জায়গায় ইমপ্লিমেন্ট হচ্ছে মডেল এ.পি.এম.সি. অ্যাক্ট। কিন্তু আমরা তা ফলো করতে পারিনি। আজও আমরা সেই ওল্ড এ.পি.এম.সি. অ্যাক্ট ধরেই এগিয়ে চলেছি। অমিতবাবুর পূর্বসূরীরাও প্রচুর কর্মসংস্থানের কথা বলেছিলেন। তারাও বাস্তবায়িত করতে পারেনি। বেকার যুবকদের গাড়ি কেনার টাকা জুগিয়ে অথবা পাঁচটি কর্মতীর্থ গড়ে এ সমস্যার সমাধান হবে না। মহিলা হিসাবে বাংলার মেয়েদের কাছে বার্তা দেওয়া হয়েছে। ক্লিপ, কাঁটা, গ্যাস ওভেনের দাম কমানো হয়েছে। বাংলার মহিলারা ক্লিপ, কাঁটা মাথায় বেঁধে যখন রাস্তায় বেরোবে তখন তাদের নিরাপত্তা দিতে পারবেন তো ? স্বরাষ্ট্র দপ্তরের অর্থ আপনারা খরচ করতে পারেন না যে দপ্তর আজও মুখ্যমন্ত্রীর অধীনে। আমাদের অবাক লাগে তাই। তাই দিশাহীন বাজেট পেশ করে কি ভাবে অমিতবাবু বলছেন আগামী অর্থবর্ষে আয়-ব্যয়ের কোনো ঘাটতি থাকবে না। যেখানে ১৩-১৪তে ঘাটতি ১২ হাজার ৬৯.২২ কোটি টাকা হবে বলে সোমবার তারই পেশ করা নথিতে উল্লেখ করেছেন। অমিতবাবুর অনুমান ২০১৪-১৫ অর্থবর্ষে রাজ্যের নিজস্ব কর ও করবহির্ভূত রাজস্ব আদায় হবে ৪৭ হাজার ৪০৪.৩ কোটি টাকা। যা গত অর্থবর্ষের তুলনায় ১৫.৬ শতাংশ বেশি। অথচ ১৪-১৫তে রাজস্ব ব্যয় ১ লক্ষ ৫ হাজার ৯৭৮.২০ কোটি টাকা। তাহলে কি করে ঘাটতি শূন্য বাজেট হবে সেটা আমরা বুঝতে পারছি না। তাহলে কি বন্ধু বলতে হয়, পুরাতন দেশ কি সাথ মোলাকাত হুয়া ? যে আমি দিল্লীতে যাব, তুমি বাংলায় থাক। দিল্লী থেকে তোমার জন্য লাড্ডু পাঠাব। এই হিসাবেই কি আপনারা আগামীদিনে ঘাটতিশূন্য বাজেটের প্রস্তাব নিচ্ছেন ? এটা ভেবেই আমাদের অবাক লাগে আজকে বাবরি মসজিদ নায়কের ধ্বংসের কথা..... (মাইক অফ)

শ্রী নাসিরুদ্দিন আহমেদ : মাননীয় স্পীকার স্যার, বাজেটের সমর্থনে খুব সংক্ষেপে আমি দু-একটা কথা বলব। আমি সবার বক্তব্য শুনছিলাম। বিশেষ করে বিরোধীপক্ষের বক্তব্য শুনে আমার আজকে মনে হল যে, কিছু রাজনৈতিক বক্তব্য আছে। কিন্তু আমাদের নেত্রীর যে অ্যাগ্রেসিভ অর্থনীতির মূল্যায়ন, যেটা বাজেটে রিফ্লেক্ট হয়েছে, সম্ভবত তার ফলে বিরোধীপক্ষের যে ঝাঁঝ থাকে, বক্তব্যের যে উত্তাপ থাকে, তা আস্তে আস্তে ক্ষীণ থেকে ক্ষীণতর হচ্ছে। বিশেষ করে একটা জিনিস আমার শুনে খুব খারাপ লাগল। আমার বন্ধুবর আলি ইমরান রামজ তিনি বললেন যে, সংখ্যালঘু উন্নয়নের যে সমস্ত বিভাগ আছে ওঁনার জেলায়, সেখানে একজন নন মাইনরিটি কাজ করছে। নন মাইনরিটি কাজ করলে সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের কাজ হবে না যাদের এই দিশা এবং এদের এই দিশার ফলে আজকে বিশেষ করে পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ পিছিয়ে গেছে। স্যার, আমি সংখ্যালঘু উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলাম। স্যার, আমার প্রথমেই মনে হয়েছিল যে, আমরা যারা সংখ্যালঘু আমরা কেন এত পিছিয়ে গেলাম ! আমাদের দোষটা কি ! আমরা একটা সমীক্ষা করেছিলাম বিভিন্ন জেলা নিয়ে তাতে ইমরানের জেলাও ছিল। সেখানে দেখা গেল যে বিশেষ করে এই ৩৪ বছরের অপশাসন, এর কারণে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের মধ্যে কিনারাইজেশন, এবং অর্থনৈতিক দুরবস্থার জন্য আমরা সম্ভবত পিছিয়ে গিয়েছিলাম। ইমরানের জেলায় গিয়ে আমি লক্ষ্য করে দেখেছি যদিও আমাদের সারা

বাংলাতে ২৮-২৯% ২০০১-এর সেনসাস অনুযায়ী সংখ্যালঘুদের বাস, অথচ সারা বাংলাতে বিভিন্ন ফৌজদারি কোর্টে যে সমস্ত মামলা-মোকদ্দমা হয় সেখানে সংখ্যালঘু সম্প্রদায়ের সংখ্যা প্রায় ৫০% এবং আজকেও আমরা লক্ষ করছি এখনও পর্যন্ত যে সমস্ত ক্রিমিনাল কেস হচ্ছে সে কামদুনি বলুন, কাটোয়াই বলুন, বা অন্যান্য জায়গায় বলুন বিশেষ করে সেখানে আমরা দেখছি, আমরা এখনও পর্যন্ত যে চেষ্টা করছি, কিন্তু সেখানে সংখ্যালঘু মানুষরা ইনভল্‌ভ হয়ে যাচ্ছে। আজকে বাজেটের বিভিন্ন দিক আছে, বিভিন্ন পার্ট আছে। এই সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জন্য যেটা করার চেষ্টা করছেন আমি সেক্ষেত্রে মনে করি যে, সেটা যুগান্তকারী এবং ঐতিহাসিক। আমরা সকলেই জানি যে, ১২-১৩ সালের বাজেট বর্ষে সংখ্যালঘু খাতে ৮৫৯ কোটি টাকা বরাদ্দ হয়েছিল এবং আমাদের যে বইটা দেওয়া হয়েছে স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট, তার থেকে আমরা দেখলাম যে, ৮৫৯ কোটি টাকা বাজেট থাকা সত্ত্বেও আমরা ৯০১ কোটি টাকা খরচ করেছি এবং ১৪-১৫ সালের যে বাজেট আজকে উত্থাপিত হয়েছে সেখানে ১৭৩৭ কোটি টাকা দেওয়া হয়েছে বাজেটে সংখ্যালঘুদের উন্নয়নের জন্য। সেদিনই ভারতবর্ষের বাজেট বেরিয়েছে।

[3.10—3.20 p.m.]

চিদাম্বরম সাহেব সেই বাজেট প্রেজেন্টেশন করেছেন। তাতে দেখলাম ১৪-১৫তে মাইনরিটির ক্ষেত্রে অল ইন্ডিয়া বাজেট হচ্ছে ৩৭১১ কোটি টাকা। অর্থাৎ এখানে আমাদের বুঝতে হবে, একটা অঙ্গ রাজ্যে প্রায় ৫০% আমরা সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য চেষ্টা করছি এবং এই কারণে মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাই, আমাদের মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই যে, যারা পিছিয়ে গিয়েছিল, তাদের টেনে তোলার জন্য আমরা চেষ্টা করছি। আজকে বিশেষ করে একটি কথা ডাঃ ভূঞ্যা বলেছেন যে, সেন্ট্রাল টাকা দেয়। এটা আমরা কেউ অস্বীকার করছি না যে সেন্ট্রাল টাকা দেয় না। কিন্তু অন্যান্য স্টেট যে টাকাটা পাচ্ছে, সেই রেশিও অনুযায়ী আমাদের টাকা দেওয়া হচ্ছে কিনা, সেই কথাটা কিন্তু ডাঃ মানস ভূঞ্যা এড়িয়ে গেলেন। আরেকটা বিষয় স্যার, যেটা আমরা বারবার বলছি, আমাদের ২ লক্ষ কোটি টাকার বেশি দেনা আছে। সেই জায়গাটাতে আমরা বলছি, মোরাটোরিয়াম করা হোক। আমি বিশেষ করে যারা অপোজিশন আছেন, তাদের কাছে বিনীত আবেদন রাখছি, আপনারা কি মোরাটোরিয়ামকে সমর্থন করেন ? যদি বাংলার উন্নয়ন চান, যদি বাংলা উন্নয়নের গতি চান, তাহলে আপনারা স্বার্থহীন ভাষায় মোরাটোরিয়ামকে সমর্থন করুন, এই আবেদন আপনাদের কাছে রাখছি। আজকে বিশেষ করে ২০১২-১৩তে সংখ্যালঘু উন্নয়নের জন্য যে কাজ আমরা করেছি, সেই সম্বন্ধে আপনাদের কাছে আলোকপাত করি। আপনারা জানেন যে, এই সরকার, বিশেষ করে যারা সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ, যারা পিছিয়ে গিয়েছিল শিক্ষার ক্ষেত্রে, তাদের টেনে তোলবার চেষ্টা করা হচ্ছে এবং এ কারণে আপনারা জানেন যে—আলিয়া ইউনিভার্সিটি। যেটা আপনারাই তৈরি করেছিলেন—ধন্যবাদ। সেখানে ২৯৮ কোটি টাকা দেওয়া হয়েছে এবং সেখানে ৪ হাজার ছাত্র-ছাত্রী বিভিন্ন স্ট্রিমে পড়াশুনা করছে এবং তাতে আমাদের সমাজের

মঙ্গল হবে, তারা আরো ভালোভাবে বাঁচবে লেখাপড়া করে। আমরা হজ্ হাউস তৈরি করার জন্য আপনারা জানেন, ৯৬ কোটি ৪ লক্ষ টাকা দিয়েছি এবং সব থেকে সুখের কথা, পিছিয়ে পড়া এই জাতি যাতে শিক্ষাক্ষেত্রে বিস্তার লাভ করে, তার জন্য আমরা এই পর্যন্ত, অর্থাৎ আমাদের সরকার আসার পর থেকে আমরা ৫৭ লক্ষ ছাত্র-ছাত্রীকে স্কলারশিপ দিয়েছি। টাকাটা শুনে আপনারা অবাক হবেন। টাকার পরিমাণ হচ্ছে ৯৬৯ কোটি ৭১ লক্ষ টাকা। ভোকেশনাল ট্রেনিং—আপনারা জানেন যে, অনেকে বেশি দূর লেখাপড়া করতে পারে না। তাদের ট্রেনিং দেওয়ার জন্য ডি.টি.পি., ফ্যাশন টেকনোলজি, ড্রাইভিং, অটোমোবাইল্স—সমস্ত সেক্টরে যেগুলো আছে, তার জন্য আমরা ১৩ হাজার ৩৮৫ জনকে শিক্ষিত করতে পেরেছি ভোকেশনাল ট্রেনিংয়ের মাধ্যমে এবং সেল্ফ এমপ্লয়মেন্টের জন্য মাইনরিটি ছেলেদের আমরা ২০৩ কোটি ৬৬ লক্ষ টাকা দিয়েছি এবং তাতে ১ লক্ষ ২১ হাজর সেল্ফ এমপ্লয়মেন্ট গ্রুপ জেনারেট হয়েছে। গীতাঞ্জলী এবং আই.এ.ওয়াই.—আমরা এ বছর ৩৬ হাজার ৩৯৯টি ঘর দিয়েছি। এটা সরকারের একটা বড়ো অ্যাচিভমেন্ট বলে আমি মনে করি। তাদের আমরা বাসস্থানের জন্য জায়গা করে দিতে পেরেছি এবং আপনারা জানেন যে এম.এস.ডি.পি.-র যে শেয়ার, সেন্ট্রাল গভর্নমেন্টের এবং আমাদের স্টেটকেও শেয়ার দিতে হয়। সেই টাকার মধ্যে আমরা ২৪টা আই.টি.আই. তৈরি করছি, ৭টি পলিটেকনিক তৈরি করেছি, ৮৪টি গার্লস হোস্টেল নির্মাণ হয়েছে, ৫৭টা বয়েজ হোস্টেল নির্মাণ হয়েছে, ৪ হাজার ৪৯টি স্কুলগৃহ নির্মাণ করেছি, ১৯ হাজার ৪৭০টি আই.এ.ওয়াই. ঘর দিয়েছি।

৩১৯৯টি অঙ্গনওয়াড়ী সেন্টার নির্মাণ করেছি। ১৬টা হাটসে নির্মাণ করেছি এবং ৯ হাজার ডিপ টিউবওয়েল সারা গ্রামগঞ্জে আমরা চালু করতে পেরেছি। এবং microfinance যেটা West Bengal Minoriy Development Financial Corporaiton-এর অধীন, সেখানে আমরা ২০১২-১৩ সালে ২০৩ কোটি ৬৬ লক্ষ টাকা দিয়েছি এবং ১ লক্ষ ২১ জন মহিলাকে স্বনির্ভরগোষ্ঠীর আওতায় আমরা আনতে পেরেছি। আমাদের বাংলাতে আপনারা জানেন বিশেষ করে যে ওয়াকফ্ প্রপার্টি তাতে আমরা দেখেছি যে বিশাল বিশাল ওয়াকফ্ প্রপার্টি আছে। যেটা নিয়ে আগের সরকার ভাবেনি। সেখানে ২৯,৯৮৯টা ওয়াকফ্ প্রপার্টি আছে, যেখান থেকে টাকা জেনারেট হলে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের আরও উন্নয়ন হতে পার বলে আমরা মনে করি। এ পর্যন্ত আমরা ৬৮২৩টাকে এনরোল করতে পেরেছি, এবং এখনও পর্যন্ত ২৩,১৬৬টা আন-এনরোল্ড আছে। আমি বিশেষ করে সবার কাছে আবেদন করব যে সমস্ত ওয়াকফ্ প্রপার্টি যেগুলো আন-এনরোল্ড হয়ে আছে আমরা সবাই মিলে চেষ্টা করে যদি সেটা এনরোলমেন্টটা আনতে পারি তাহলে যে টাকা আমাদের জেনারেট হবে ওয়াকফ্ থেকে তাতে সংখ্যালঘু উন্নয়নের বহু কাজ কিন্তু আমরা করতে পারি। মাদ্রাসা এডুকেশনে আপনারা জানেন যে আমাদের বাংলাতে আমরা আরও কিছু মাদ্রাসা বাড়িয়েছি। এখানে ১০২টি সিনিয়র মাদ্রাসা আছে, ৫১২টা হাই-মাদ্রাসা আছে, ৩৫৭টা এম.এস.কে. স্কুল আছে, ১৩৪টা এস.এস.কে. স্কুল আছে, এবং এখানে প্রায় ৪ লক্ষ ৮৩ হাজার ছাত্র-ছাত্রী পড়াশোনা করে। অনেকের একটা ভুল ধারণা আছে যে

মাদ্রাসা মানেই শুধু মাইনোরিটিরা পড়াশোনা করে, কিন্তু এখানেও প্রায় ৬৮ হাজার ৯০৫ জন নন-মাইনোটিরিজ পড়াশোনা করেন। আমি একটা কথা বলতে চাই—গতকালও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন—আমাদের যে আন-এইডেড মাদ্রাসা আমরা জানি যে একটা মৌলবাদী শক্তি এবং অন্যান্য শক্তি তারা চেষ্টা করছে যাতে এগুলি স্বীকৃতি না হয়। কিন্তু আপনাদের জেনে রাখা ভালো যে সরকারের কিছু বাধ্যবাধকতা আছে, সেখানে আমরা টাকা-পয়সা দিতে পারছি না। কিন্তু আমরা এই আন-এইডেড মাদ্রাসাগুলোকে যদি আমরা স্বীকৃতি দিতে পারি সবাই মিলে চেষ্টা করে,—আপনারা জানেন যে বিশেষ করে সেন্ট্রাল থেকে আজকে ইউ.পি.-তে প্রায় ২৬ হাজার আন-এডেড মাদ্রাসাতে টিচারদের চাকরি দেওয়া হয়, তাদের টাকা দেওয়া হয়। সেইজন্য আমি আপনাদের কাছে আবেদন করছি। এই কথাগুলো বলে ডঃ অমিত মিত্রর যে যুগান্তকারী বাজেট, তাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, সেই বাজেট বিবৃতিকে সমর্থন করতে পারছি না। কারণ তিনি যা বিবৃতি দিয়েছেন, আর বাস্তবে আমরা যা দেখছি, তাতে বিশাল ফারাক। অধিকাংশের সঙ্গেই বাস্তবের কোনো মিল নেই, সেই জন্য একে আমি সমর্থন করতে পারছি না। প্রথম পাতাতেই দেখি এই সরকারের প্রতি জনগণের আস্থা সম্পর্কে সাহসিকতা দেখিয়েছেন এবং তার উদাহরণ দেখিয়েছেন যে পঞ্চায়েত নির্বাচনে শাসক দলের জয়লাভ। এই প্রথম রাজ্যে এক আতঙ্কগ্রস্ত কারাগারের মধ্যে পঞ্চায়েত ভোট হয়েছে। আট হাজারের বেশি প্রার্থী মনোনয়ন জমা দিতে পারেনি। যে প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছিল তাদের জবরদস্তি উইথড্র করানো হয়েছে। শেষ পর্যন্ত কমিশনকে দায়িত্ব দিতে হয়েছে, SDO অফিসে নমিনেশান জমা দাও। নমিনেশান করার সুযোগ ছিল না। ভোটের মুখে বাড়ি জ্বালিয়ে দাও, বাড়ি পুড়িয়ে দাও, হাত কেটে নাও, পুলিশকে বোমা মারো, এই আতঙ্কের পরিবেশ ছিল। তার পরেও যেখানে মানুষ একটু সাহস দেখিয়ে ভোট দিয়েছিল এবং মানুষ ভোটে বিরোধীদের জয়যুক্ত করেছিল সেখানেও তাকে পঞ্চায়েত গঠন করতে দেওয়া হয়নি।

[3.20—3.30 p.m.]

বোম মেরে, দূরে আটকে রেখে পঞ্চায়েত আপনারা দখল করে নিয়েছেন। গোটা রাজ্যে একটা কালচার চালু করেছেন। গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করে দাও। শাসক দল ছাড়া কেউ থাকবে না। যাতে একটাও মেম্বার না জিতে, একটাও মেম্বার না জিতে—তৃণমূলের পঞ্চায়েত হচ্ছে। একটাও কাউন্সিলার নেই অথচ তৃণমূলের সভা হচ্ছে। এ হচ্ছে আস্থার প্রতীক। জনগণ আস্থা রেখেছে ? ভোট যেখানে হয়েছে, ভোট যেখানে প্রকৃতভাবে হয়েছে সেখানে তৃণমূলের ভোট কমেছে, ভোটে হেরেছে। কাজেই বাস্তবের সঙ্গে মিল নেই। এই একটা উদাহরণ। আমাদের মাননীয় সদস্য এক্ষুনি বললেন, আমাদের সংখ্যালঘু সম্প্রদায় সম্বন্ধে। আমি জানি না ওনার কত বয়স। ৭৪ বছর বলেন, ৩৫ বছর বলেন—৩৫ বছর আগে সংখ্যালঘুদের অবস্থা কি

ছিল ? খুব সুখে ছিল, খুব শান্তিতে ছিল, খুব অগ্রগতি ছিল ? ৩৪ বছর আগে সংখ্যালঘুদের অগ্রগতির ক্ষেত্রে প্রধান যে ভিত্তি অর্থনৈতিক ভিত্তি গ্রামাঞ্চলে, ভূমি সংস্কার, কৃষির উন্নয়ন, সেচ ব্যবস্থায় অর্থনৈতিক দিক থেকে শক্তিশালী করেছে। দ্বিতীয় ভিত্তি হচ্ছে, শিক্ষার অগ্রগতি। শিক্ষার ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় এ সমস্তকে এগিয়ে নিয়ে যাওয়া। সবচাইতে বড়ো প্রশ্ন হচ্ছে যে, সংখ্যালঘুদের মাদ্রাসা শিক্ষা কোন জায়গাতে ছিল। ২০১১ পর্যন্ত ৬১২টা মাদ্রাসা হয়েছে। হয়েছিল। ৬১২ কোটি টাকা ২০১১ সালে বরাদ্দ ছিল। আমি বাজেটে দেখলাম, আমি জানি না এটা সত্য কিনা, এবারকার মাদ্রাসার বাজেটে টাকা বরাদ্দ করা হয়েছে, '১১ সালে ছিল যেখানে ৬১২ এবার মাদ্রাসাতে বাজেট বরাদ্দ হয়েছে ৩৭৭.৬৬ কোটি টাকা। কোনো নমুনা ? মাদ্রাসা শিক্ষায় বাজেটকে কমানো হল। দরদ। খুব দরদ সংখ্যালঘুদের প্রতি। এটা এগিয়ে নিয়ে যাওয়ার খুবই বড়ো উদাহরণ ? কি হয়েছে আপনি বলুন। এই মাদ্রাসায় শিক্ষা দপ্তরে আপনি বলেছেন যে, আলিয়া ইত্যাদি কিন্তু একটা সরকার যা করে এগিয়ে নিয়ে যায়, এটাই তো নিয়ম। কিন্তু আপনি কি করলেন এই মাদ্রাসা, এই সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষাকে আরও এগিয়ে নিয়ে যেতে ? মাদ্রাসা দপ্তরে প্রায় ৪০০ এম.এস.কে. চালু করেছিল। ৩০০ লাইনে ছিল। এস.এস.কে. প্রায় ২০০ হয়েছিল। একটা শব্দ আছে ? তিন বছর হল একটা করেছেন কোন সংখ্যালঘু এলাকায় ? একটা হয়েছে ? না, একটাও হয়নি। সংখ্যালঘুদের জন্যে এম.এস.ডি.পি. স্কীমে আই.টি.আই. হবে। ওই '১১ সালে লাইনে ছিল ১১টা ওটারই কাজ চলছে এখন একটাও কোথাও মুখ দেখেনি। আজকে যে প্রশ্নের উত্তর দিয়েছেন মন্ত্রী মহাশয় সেখানেও বলেছেন, একটাও চালু হয়নি, কাজ হয়েছে ৭২%, কটা আমি জানি না। লাইনে আছে। কিসের নমুনা ? কতটা দরদ নিয়ে সংখ্যালঘুদের এই কাজ করছেন ? এই হচ্ছে নমুনা। এই হচ্ছে বিবৃতির সঙ্গে বাস্তবের অমিল। কাজেই কিছুতেই সমর্থন করতে আমরা পারছি না। আজকে শিক্ষার ক্ষেত্রে শুধু সংখ্যালঘু নয়, শিক্ষার ক্ষেত্রে যে ব্যবস্থাপনাটা করছেন, শিক্ষার প্রসারের পরিবর্তে তাকে সঙ্কুচিত করা হচ্ছে। প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করা হয়েছে। গোটা শিক্ষাতে গোটা রাজ্যে নৈরাজ্য তৈরি হয়েছে। গণতান্ত্রিক ব্যবস্থাকে ভেঙে দেওয়া হয়েছে সর্বক্ষেত্রে। নতুন স্কুল তৈরির ক্ষেত্রে। কোনো উদ্যোগ আছে প্রাইমারি থেকে শুরু করে মাধ্যমিক। যেগুলো ছিল সেগুলোকে আপগ্রেডেশান করেছেন, এই বিবৃতিতে বর্ণনা করেছেন। ঠিকই। আর কিছু করবেন এই সামনে বছর তা বলেছেন। শিক্ষার ক্ষেত্রে বাস্তবিক—শুধু বিবৃতিতে আছে। গোটা শিক্ষা ব্যবস্থয় দলতন্ত্র প্রতিষ্ঠা করা হয়েছে। শুধু দলতন্ত্র প্রতিষ্ঠা নয়, নিয়োগের ক্ষেত্রেও একই ব্যবস্থা আছে। নতুন করে বলতে হবে ? প্রাইমারি, TET-এর ক্ষেত্রে, SSC নিয়ে এত গণ্ডগোল, তিন বছরে SSC একবার করছেন। তাও আবার গণ্ডগোল। নিয়োগের ক্ষেত্রে একই অবস্থা দলতন্ত্র। নিয়োগের ক্ষেত্রে চিন্তা করে দেখুন সমস্ত ডিপার্টমেন্টে নতুন নিয়োগ নেই। অথচ মন্ত্রীর সুপারিশ চলে যাচ্ছে। মন্ত্রী সুপারিশ করছেন, কৃষি দপ্তরে কোথায় নিয়োগ করতে হবে, কোন দপ্তরে কি নিয়োগ করতে হবে, এই হচ্ছে অবস্থা। সমস্ত ক্ষেত্রেই একই অবস্থা তৈরি হয়েছে। শিক্ষায় আজকে নৈরাজ্য হচ্ছে কিভাবে ? প্রাইমারি, বাস্তবে দেখবেন প্রাইমারিতে যে বদলি, ট্রান্সফার নিয়োগ, সমস্ত নিয়মনীতিকে ভেঙে

দিয়ে একটা স্কুলে চারজন শিক্ষক ছিল, তিনজনকে তুলে নেওয়া হল। স্কুলে তারপর কে লেখাপড়া করাবে ? কেন ? এই যে, এরই বিনিময়ে, এরই বিনিময়ে। বাস্তবক্ষেত্রে আমার মুর্শিদাবাদ জেলায় চলুন আমরা দেখাচ্ছি, এরই বিনিময়ে সব হচ্ছে। নিয়মনীতিকে লঙ্ঘন করে ওই নীতিতে করা হচ্ছে। এইভাবে আপনারা শিক্ষা ব্যবস্থাকে একটা ধ্বংসের মুখে এনে ফেলেছেন। দেখবেন। আপনাদের গর্বের প্রকল্প, আমি দু-একটা কথাই শুধু বলতে চাই, এই যে, ১০০ দিনের কাজের গল্প করেছেন। কিন্তু বাস্তব চিত্রটা কি ? বাস্তব অবস্থাটা কি ? ১৬ কিলোমিটার রাস্তা। স্যার, আমার গ্রাম জানে না, বি.ডি.ও.-র কাছে অর্ডার ছিল না। আমাকে ডেকেছিল আপনার ব্লকে চালু হবে, যাবেন ওখানে, হাজির হবেন। আমি দেখলাম, ৮০০ মিটার রাস্তা টোটালটা। ৬০ মিটার রাস্তা হবে ১০০ দিনের কাজে। যা প্রচলিত, ৭ই জানুয়ারির আগে অনেক রাস্তা হয়েছে এর আগের প্রকল্পে। আর বিশাল করে ঢাক-ঢোল পিটিয়ে প্রোগ্রাম ঘোষণা করলেন যে, ১৬০০ কিলোমিটার রাস্তা হচ্ছে,—এই হচ্ছে ১৬০০০। এই হচ্ছে নমুনা স্যার। নমুনা, নমুনা, নমুনা। ১০০ দিনের কাজে বেশি হিসাব দিতে চাই না। ১০০ দিনের কাজে শুধু এইটুকুই বলতে চাই যে, ২৬ দিনের কাজ পেয়েছে। সারা ভারতবর্ষের মধ্যে প্রধান স্থান পেয়েছে ত্রিপুরা ৬১ দিন গড়ে। আপনি ভুলে গেছেন ১০০ দিনের কাজে একটা গর্ব আছে। আপনার রাজ্য প্রাইজ পেয়েছে। ওটা কিন্তু বাজেটে উল্লেখ করেননি। জানি না আমি, লজ্জায় করেননি না ভুলে গেছেন ? কিন্তু সেই দুটো জেলা পরিষদ কে ? বাঁকুড়া। যেটা বামফ্রন্টের দ্বারা পরিচালিত ছিল, সেই আমলের প্রাইজ। একটা গ্রাম পঞ্চায়েত লোগো বামফ্রন্টের জমানার প্রচলিত ছিল, এই দেড় বছরে আপনারা কিচ্ছু করতে পারেননি। এই লজ্জায় বোধহয় আপনি উল্লেখ করেননি এই গর্বের কথাটা আর যেটা গর্ব করার নয় সেটা উল্লেখ করেছেন। তাই আমি আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৪-১৫ আর্থিক বছরের জন্যে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন Statement of Budget দিয়েছেন তা পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে নিবেদন করতে চাই। স্যার, এই বাজেটকে যদি আমরা সম্পূর্ণরূপে, কারণ যারা জেগে ঘুমোয় তারা কখনোই ভালোটা দেখতে পারবে না। নিজের ভালোটা দেখতে পারবে না, দেশের ভালো তো সম্ভাবনা নেই। আমরা যদি দেখি, তাহলে এই বাজেট এক কথায় উন্নয়নমুখী, জনমুখী, দারিদ্রতা দূরীকরণে এবং সম্পদ সৃষ্টিকারী, কর্মসৃষ্টিকারী, বাস্তবমুখী নির্দিষ্ট দিশার একটি বাজেট। এই বাজেট করতে গিয়ে বর্তমান সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি যে দিশা, যে vision তিনি ঠিক করেছেন যে বাংলার দশ কোটি মানুষকে তিনি এগিয়ে নিয়ে যাবেন।

[3.30—3.40 p.m.]

কোথা থেকে ? যেখানে বামফ্রন্ট তথা সি.পি.আই.এম.-এর পরিচালিত দীর্ঘ বছরের যে বঞ্চনা, আর্থিক যে নৈরাজ্য, রাজ্যের মধ্যে যে বিশৃঙ্খলা এর থেকেই রাজ্যকে একটি সঠিক পথেই তিনি নিয়ে যাবেন। **তিনি কি ব্যবহার করলেন,** এই কাজে যেতে গিয়ে, তিনি

দেখলেন মডার্ন টেকনোলজি, সাইন্স, তথ্য প্রযুক্তির সম্পূর্ণ ব্যবহার করা যায় কিনা একটি রাজ্যে আর্থিক অগ্রগতির পথে। দেখুন, সামাজিক অগ্রগতি তখনই সম্ভব যদি আর্থিক অগ্রগতি তার সঙ্গে চলে। সামাজিক অগ্রগতির কোনো মানে হয় না, যদি আর্থিক সঙ্গতি, আর্থিক উন্নতি একটি রাজ্যে না হয়। এবং সেই কাজে যত রকম লজেস্টিক সাপোর্ট দরকার ডঃ মিত্র তিনি সেগুলো গ্রহণ করেছেন এবং গ্রহণ করে একটা বাস্তব নির্দেশনা রাজ্যের মানুষের কাছে বিশেষ করে এই পবিত্র হাউসের কাছে তিনি দিয়েছেন। এবং তার সঙ্গে তিনি ই-গভর্নেন্সটাকেও সঙ্গে করে, যুক্ত করেছেন, যাতে বাজেটে যে কারচুপি হয়, বাজেটে সাপ্রেশান অফ ফ্যাক্টস হয়, যাতে এটা কোনো সদস্য কখনই না বলতে পারে, তার যেখানে এই বাজেটকে তিনি রেখেছেন এবং এই বাজেট পাস হয়ে যাওয়ার পর প্রত্যেকটি সদস্য সেই জায়গাটায় গিয়ে প্রবেশ করে বাজেটের সম্পূর্ণ দিক তারা দর্শন করতে পারবেন, তারা অভিজ্ঞতা সঞ্চয় করতে পারবেন এবং বাস্তব দিকটাও তারা দেখতে পারবেন। স্যার, এই বাজেট তৈরি করার আগে ২০১১-১২, ১২-১৩ এবং ১৩-১৪তে স্যার, কি অবস্থা এই রাজ্যের ছিল। একটু যদি আমরা দেখি তাহলে আমরা দেখতে পাই যে রাজ্যের ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার কম-বেশি একটা ঋণের ফাঁদের মধ্যে এই রাজ্যকে নিয়ে গিয়েছিল বামফ্রন্ট, সি.পি.আই.এম.-এর নেতৃত্বে। এখানে কি কংগ্রেসের ডাঃ মানস ভূঞ্যা বলে গিয়েছেন, আচ্ছা বলুন একটা রাজ্যকে যখন সারা ভারতবর্ষে এফ.আর.বি.এম. নিয়ে যখন ফাইনান্সিয়াল ডিসিপ্লিন আনার জন্যে ভারত সরকার বলছেন, কি কারণ ছিল পশ্চিমবঙ্গ সরকারকে, সি.পি.এম. পরিচালিত সরকারকে লং হ্যান্ড দেওয়ার যে, তোমরা যত খুশি ধার কর, রাজ্যকে বিক্রি করে দাও, রাজ্যকে দেউলিয়া করে দাও। এর কি কারণ ছিল ? মানসবাবুরা সেই কথার স্পষ্টিকরণ করতে পারেননি। আসল কথাই হচ্ছে, যে কেন্দ্র তখন সম্পূর্ণভাবে মদত দিয়ে এই রাজ্যটাকে একটা আর্থিক দেউলিয়ার পথে নিয়ে গিয়েছিল। এই দেউলিয়া অবস্থা থেকে আমি প্রথমেই যেটা বলেছি, যে ফিনান্সিয়াল ডিসিপ্লিন তিনি আনার চেষ্টা করেছেন। এই ডিসিপ্লিনের মধ্যে দিয়ে তিনি ছোট্ট কয়েকটি কথা তিনি বলেছেন। সেটা হচ্ছে যে সারা ভারতবর্ষের আমরা যদি গড় কতকগুলি পয়েন্ট দেখি, আমরা জি.ডি.পি.-র ক্ষেত্রে গড় দেখতে পারি, আমার জি.এস.ডি.পি. কতটা, আমরা সেখানে দেখে আমাদের ডঃ মিত্র প্রমাণ করেছেন যে সারা ভারতের যেখানে ৪.৯, আমরা সেটাকে বৃদ্ধি করে ৭.৭ পারসেন্টে আমরা গিয়েছি জি.এস.ডি.পি.-তে এটা বেড়েছে, এটা কমেনি। এবং কৃষির ক্ষেত্রে সবথেকে বড়ো কথা কৃষিপ্রধান রাজ্য আমার এই পশ্চিমবাংলা, সেখানেও সারা ভারতের গড় যেখানে ৪.৬, এখানেও এটা ৫.২৮ হয়েছে। আমার কথা হচ্ছে, স্যার, এই যে আর্থিক সঙ্গতির কথা তিনি উল্লেখ করেছেন, যদিও অনেকে আছেন, সোর্স তিনি বলেছেন, CSO এবং BOAER গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল। আপনি বলুন না, চ্যালেঞ্জ করুন না, শিল্পের উৎপাদন সারা ভারতবর্ষে যেখানে ০.৭, সেখানে আমরা কি করে ৯.৪৩, it is nearly টেন পয়েন্ট, কি করে এসেছে। তার কোনো সদুত্তর এখনো পর্যন্ত যে কয়জন বক্তা বলেছেন, বিশেষ করে কংগ্রেস তথা সি.পি.এম. তথা বামফ্রন্টের পক্ষ থেকে কেউ এই কথা বলতে পারেনি। তাই আমি স্যার, চলে যাই, এই যে ডেট ট্র্যাপ, এই ডেট ট্র্যাপের জন্য

আমাদের কি হাল হয়েছে রাজ্যের। আজকে অনেকে বলছেন, এটা করতে পারেনি, ওইটা করতে পারেনি। আমাদের মুখ্যমন্ত্রী স্পষ্ট করে বলেছেন যে যদি এই ধারের টাকা—আমি ভিক্ষা করতে চাই না, এই ধার যদি আমাকে একটা মরাটোরিয়াম ফর সাম ইয়ারস দেওয়া হয় তাহলে এই পশ্চিমবাংলা ভারতবর্ষে সব থেকে উপরে যাবে। স্যার, কি হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী তিনি স্পষ্ট করেছেন, প্রায় সেভেন্টি থাউজেন্ড ক্রোরস্‌, আমাদের ১১-১২, ১২-১৩ এবং ১৪-র মধ্যে যে টাকাটা আমাদেরকে জিজ্ঞাসা করতে হয় না স্যার, অটোমেটিক এই টাকা রিজার্ভ ব্যাঙ্ক আমাদের থেকে কেটে নেয়। এবং কেটে নেওয়ার ফলে আমাদের রাজ্যের যে ইনকাম, আগের সরকারের ছিল ১৪.৫৭%, তার থেকে বাড়িয়ে '১২-'১৩তে ৩১.৫৭%এ তিনি বৃদ্ধি করেছিলেন। রেভিনিউ ইনকাম জেনারেট করেছিলেন ৩১.৫৭%। এটা highest in India। এটা যদি না করতে পারতেন আজকে আমরা যেটা দেখছি তিনি এই বাজেটের একটা অংশে বলেছেন ৯ কোটি টাকা আমাদের মাইনাস থাকছে, ডেফিসিট থাকছে। স্যার, প্রকৃত অর্থে আমাদের যেটা রেভিনিউ ডেফিসিট থাকছে It is more than Rs. 12000 crore। '১৩-'১৪তে আমাদের revenue deficit থাকছে It is more than Rs. 12000 crore। থাকছে কেন ? আমাদের যা রেভিনিউ আয় তার থেকে প্রায় সত্তর হাজার কোটি টাকা কেটে নিচ্ছে কেন্দ্র। আমি যেটা জেনারেট করছি, আমি যেটা ইনকাম করছি তার অনুপাতে সেন্ট্রাল আমাদের গ্র্যান্ট দেয়। মাননীয় মানসবাবু আর একটা কথা বলে গিয়েছেন—মনে হয় সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদেরকে বুঝি ভিক্ষা দিচ্ছেন। না, It is a Gadgil Formula। এই রাজ্যের মানুষকে সেবা করার জন্য যে পরিমাণ অর্থ আমি সঞ্চয় করতে পারব, অর্থাৎ আমি রেভিনিউ জেনারেট করতে পারব, সেই পরিমাণ অর্থ যোজনা কমিশানের মাধ্যমে তাকে দিতে হবে। It is a Gadgil formula, It is not the mercy of the Central Government। স্যার আমি সেইজন্য এখানে বলতে চাই যে এই ঋণের ফাঁদ থেকে জানি না কখন কিভাবে আমাদের এই রাজ্য মুক্ত হবে। কিন্তু ডঃ মিত্র একটা কাজ করেছেন স্যার। সেই জায়গাটা হচ্ছে fiscal discipline এর জায়গা। মাননীয় একজন সদস্য এই ব্যাপারে একটু বলার চেষ্টা করেছেন, এখনো পর্যন্ত আমি শুনিনি বামফ্রন্টের পক্ষ থেকে, সি.পি.এম., ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে কেউ এই কথাটা তুলেছেন, gross fiscal deficit as per the centum of GSDP, এটা ছিল ৩.২৫ ২০১১-১২তে। উনি এস্টিমেট করেছেন '১৪-'১৫ সালে—১.৮৭ স্যার। কতটা herculean job তিনি করেছেন, no appreciation। স্যার এরা কখনোই appreciation করেনি। যদি পশ্চিমবাংলার ৬০-৬৫ বছরের এই ইতিহাস দেখেন, কমিউনিস্টরা বিশেষ করে, মার্কসিস্টরা তারা কখনোই ভালো কাজকে অ্যাপ্রিয়েশান করেনি। এটা সুবিদিত, এটা সকল মানুষের মনে, হৃদয়ে গেঁথেছে যে ভালো কাজ করলেও তারা কখনোই বলবে না। এটা ভালো কাজ নয় ? তিন কোটিরও বেশি মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন, বলুন অর্থমন্ত্রীর কি দায়িত্ব থাকবে না যে এই মানুষগুলো যাতে দু-বেলা খেতে পারে। এইরকম খেতে-না-পাওয়া মানুষ, যারা দারিদ্র্যসীমার নীচে আছে তাদেরকে অন্ত্যোদয় অন্নপূর্ণা যোজনার মাধ্যমে চাল, গম পাবে। কিন্তু তাদেরকে তো

আমাকে খেতে দিতে হবে, টাকা দিতে হবে। দু টাকা কিলো চাল আর সাত টাকা কিলো দরে আটা দেওয়া হবে। আমাকে তো তাদের কাছে এটা পৌঁছে দিতে হবে। ডঃ মিত্র সেই কাজটা অত্যন্ত সুন্দরভাবে করেছেন আর্থিক সঙ্গতিটাকে তৈরি করে। fiscal disciplineটা এনে তিনি এই কাজটা করেছেন। যে কথা আমি বলেছি, '১১-'১২তে ৩.১৫% ছিল, সেটাকে এবারে বাজেট এস্টিমেটে উনি সাহসের সঙ্গে বলেছেন ১.৮৭%এ তিনি নিয়ে যাবেন। fiscal discipline। স্যার, আর একটি বিষয় হল, স্টেট প্ল্যান। এই যে অনেকে প্ল্যানের কথা বলছেন—আমি জানি না—প্ল্যানের খরচের কথা—আজকে তাদের মনে পড়ল ? যদি তখন মনে পড়তো যখন They were in Government, তাহলে আজকে এই রাজ্যটা রসাতলে যেত না। কারণ তখন তারা ধার করেছে। মানুষ ধার করে বাড়ি বানাতে পারে, ধার করে ফ্যাক্টরি বানাতে পারে, ধার করে productive centre তৈরি করতে পারে, সম্পদ তৈরি করতে পারে। যে টাকা তারা ধার করেছিল, দু লক্ষ তিন হাজার কোটি টাকা, সেই টাকা নন প্ল্যানে খরচ করেছিল। সেই টাকা যদি প্ল্যানে খরচ করত স্টেট অথবা সেন্ট্রাল যে প্রজেক্টগুলো আছে, যদি contributory scheme-এ তারা যেত, তাহলে আমরা সম্পদ সৃষ্টি করতে পারতাম। পশ্চিমবাংলায় আমাদের পক্ষে ধারটা অভিশাপ হত না এবং ধার করলে বিশ্ববাসী বলে Once you are in debt trap, you cannot come up in future, You never come up। ওরা সেই জায়গাটা রেখে দিয়েছিল। আজকে মা-মাটি-মানুষের সরকার, বিশেষ করে আমাদের দিশা, ভিশান যিনি ঠিক করেন মাননীয়া মুখ্যমন্ত্রী, তাঁর এই দিশা এবং ভিশান এবং ডঃ মিত্রের অভিজ্ঞতা শুধু ভারতবর্ষে নয়, সারা পৃথিবীতে সুবিদিত।

[3.40—3.50 p.m.]

ডঃ মিত্রের অভিজ্ঞতা শুধু ভারতবর্ষ নয়, সারা পৃথিবীতে সুবিদিত। শিল্প এবং অর্থের ক্ষেত্রে তার যোগ্যতা সারা পৃথিবীতে স্বীকৃত। তাই তিনি এই চ্যালেঞ্জ নিয়েছেন। ২০১৪-১৫তে তিনি বলেছেন ৪২,৬৯৪ কোটি টাকা স্টেট প্ল্যানে খরচা করবেন। সুভাষবাবু আপনি তো বলছিলেন, আপনি বলুন তো এই টাকা আসবে কোথা থেকে ? আপনাদের পাপ আজকে রাজ্যবাসীকে বহন করে নিয়ে যেতে হচ্ছে। তাই স্যার আমি বলতে চাই, এই বাজেটে তিনি যে দিশা দিয়েছেন, সেই দিশাতে আমাদের রাজ্য এগিয়ে যাবে। আমি তিনটি ছোট্ট ক্ষেত্রে যেতে চাই, তার মধ্যে একটি হচ্ছে শিশু-মৃত্যু রোধ। আজকে এই ব্যাপারে যে ব্যবস্থা হাসপাতালগুলোতে নিয়েছেন তাতে টাকা ছাড়া সম্ভব নয়। আপনি শিক্ষক নিয়োগ করুন, ডাক্তার নিয়োগ করুন, সব ক্ষেত্রেই টাকা দরকার। টাকা ছাড়া তো কোনো পথ নেই। আজকে এই সরকার সেই জায়গাটিতেই সবথেকে বেশি জোর দিয়েছেন। নারীশিক্ষা এবং বাল্য বিধবার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে রেকর্ড করেছে আমাদের রাজ্য। এটা আপনারা কেন মানবেন না। ২০১৪-১৫ সালের মধ্যে ২০ লক্ষ ছাত্রীকে এই 'কন্যাশ্রী' প্রকল্পের মধ্যে নিয়ে এসে ভারতবর্ষে আমরা প্রথম রাজ্য হব। আমরা নারীশিক্ষা শুধু নয়, তাদের বিবাহ শুধু নয়, এই প্রকল্পের মাধ্যমে প্রোটেকশান হিসাবে সরকার তাদের পাশে দাঁড়াবে। এরপরে আমি

শিল্পের ক্ষেত্রে চলে আসব, এই ব্যাপারে আমি ছোট্ট কয়েকটি কথা বলতে চাই। ২০১৩-১৪ সালে ৪,৭৯৪টি ইউনিট ক্ষুদ্র ও মাঝারি শিল্পে স্থাপন হয়েছে। ক্ষুদ্র ও মাঝারি ক্ষেত্রে এই যে শিল্প স্থাপন হয়েছে, এটাই তো রাজ্যকে আগামী দিনে ডিভিডেন্ড দেবে এটাই তো রাজ্যকে সম্পদ দেবে, GDP গ্রোথে আমরা এগিয়ে যাব। বড়ো শিল্প ১৫০টি স্থাপন হয়েছে এবং তাতে ১৭,৭৩২ কোটি টাকা খরচ হয়েছে। আই.টি. সেক্টর—দশ বছরে পুরনো সরকার যদি কমপিউটার দূর হটো, টেকনোলজি-সায়েন্স দূর হটো এটা যদি ওরা না বলত, তাহলে ব্যাঙ্গালোর বলুন, দিল্লী বলুন, হরিয়ানা বলুন, পাঞ্জাব বলুন সবার থেকে আমরা আই.টি. সেক্টরে এগিয়ে যেতাম এবং প্রথম রাজ্য হতাম। তাহলে নলেজ সিটি আমাদের রাজ্য থেকে ব্যাঙ্গালোরে চলে যেত না। আই.টি. সেক্টরে আজকে একটা বিপ্লব হয়েছে, We are making it double। একটা বিপ্লব ঘটে গেছে এই রাজ্যে, এক লক্ষ মানুষ চাকরি পাবে ২০১৪-১৫ সালের মধ্যে। ওরা আগে যা করেছিল আমরা তার ডাবল করেছি আড়াই বছরে। আগে ছিল টোটাল ৮০ হাজার, এখন তাতে আরও এক লক্ষ লোক যুক্ত হবে ২০১৪-১৫ সালে। আমাদের এই রাজ্যে সার্ভিস সেক্টরে সম্পদ সৃষ্টি হবে। আজকে সারা পৃথিবীতে সার্ভিস সেক্টার একটা বড়ো কম্পোনেন্ট। যেটা রাজ্যবাসীকে, রাজ্যের বাজেটকে সাহায্য করে তার গতি-প্রকৃতি পাল্টে দেওয়ার জন্য। এই রাজ্যের স্বাস্থ্যটাকে যদি ফিরিয়ে আনতে হয়, তাহলে এই রাজ্যে 'কাজ, কাজ, আর কাজ' দরকার। সেই কাজ সৃষ্টি করা দরকার, সেই কাজ করা দরকার। এই বাজেট বক্তব্যকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : স্যার, গতকাল ডঃ অমিত মিত্র মহাশয় ২০১৪-১৫ সালের যে বাজেট বিবৃতি এখানে পাঠ করেছেন সেই সম্পর্কে পূর্ববর্তী বক্তারা বলেছেন, আমি অল্প সময়ের মধ্যে আমার বক্তব্য বলতে চাই। প্রথমে পরিষ্কারভাবে যে কথাটা বলতে চাই, রাজ্যের এই বাজেট বক্তব্যে সম্পূর্ণ মন-গড়া এবং সম্পূর্ণ ভূতুড়ে সাফল্যের কথা উল্লেখ করা হয়েছে। হাণ্ড্রেড পারসেন্ট মন-গড়া, হাণ্ড্রেড পারসেন্ট ভূতুড়ে সাফল্যের কথা উল্লেখ করা হয়েছে। আমি এক, দুই করে বলি দেখুন। দেখুন ভূতুড়ে কোথা থেকে আসছে, আমি সর্ষের মধ্যে থেকে ভূত বের করে দিচ্ছি। একদম প্রথমটা শুরু করেছেন উনি কর্মসংস্থান দিয়ে, এক পাতা দু-পাতার মধ্যে। এক কথায় বলেছেন, সংখ্যা গুনে গুনে ১৩ লক্ষ ২২ হাজার কর্মসংস্থান। আপনাদের দলীয় এতে ছিল যে ১০ লক্ষ করে দেবেন। অনেক ছাড়িয়ে গেছেন, অনেক ছাড়িয়ে গেছেন। এবারে বলছেন কি টার্গেট ? ১৬ লক্ষ, ১৬ লক্ষ কর্মসংস্থান হবে। ভূতুড়ে নয় কি ? আচ্ছা কোথাও একটা লাইনও বলতে পারলেন না, কোথা থেকে আসবে, কোথা থেকে কর্মসংস্থান হবে ? কর্মসংস্থান অনেক ভাবে হয়, অনেক ভাবে হয়। অনেক ভাবে হয়। ...(নয়েজ)... হ্যাঁ, বাজার, অর্থনীতি, উন্নতি সব দেখেছি। স্যার, এ রাজ্যের মানুষ, নিজেদের প্রয়োজনে তারা কর্মসংস্থান খুঁজে নেন। যেহেতু রাজ্যের মধ্যে মানুষ তার কর্মসংস্থান খুঁজে নেন, অর্থমন্ত্রী বলে দেবেন ওই তো। উদাহরণ কি ? এক, নদীতে যারা ছোট্টো ছোট্টো চিংড়ির মীন, মাছের মীন ধরেন, উনি বোধহয় হিসেব করছেন কত লক্ষ এই রকম মানুষ তারা তাদের কর্মসংস্থান খুঁজে পাচ্ছে। সেটা ওনার হিসেবে

আসবে। উইদাউট এনি ইনভেস্ট, কোনো ইনভেস্টমেন্ট ছাড়া। ওখানে কর্মসংস্থান আসবে। লক্ষ্য কি রকম পূরণ হচ্ছে দেখুন। শহরে যারা প্রত্যেকদিন ভোরবেলা বাড়ি থেকে যে মহিলারা বেরিয়ে শহরে ঝিয়ের কাজ করতে আসেন, সেক্ষেত্রে কোনো ইনভেস্ট হয় না। উনি সেটা ধীরে ধীরে নথিভুক্ত করছেন। কয়েক লক্ষ মহিলার ডেলি কর্মসংস্থান হচ্ছে। ওনার নথি বাড়ছে, নথি বাড়ছে, এটার তো যোলো কলা পূর্ণ করতে হবে। ফুটপাথে যারা ফেরি করে বেড়ায়, ফুটপাথে ফেরি করে বেড়ায় যারা, তাদের মূলধন তাদের নিজেদের। উনি ওটা পুঞ্জীভূত করছেন। স্যার, একটা কথা কেন বললেন না দিবালোকের মতো সত্য, দিবালোকের মতো সত্য যে কর্মসংস্থানটা আপনারাই সৃষ্টি করেছেন প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে। গোপন স্লিপ প্যাডে ধরিয়ে, প্রত্যেক মন্ত্রীর দফতরে যাদেরকে অস্থায়ী চাকরি দিয়েছেন ইজ ইট নট অ্যাট অল এমপ্লয়মেন্ট ? বলুন ? তার সংখ্যা কত ? কেন বলবেন না ? আপনি তো ধান ভানতে শিবের গীত গেয়েছেন বাজেটে। অনেক কথার পুনরাবৃত্তি করেছেন, অনেক কথার পুনরাবৃত্তি করেছেন। আপনাদের প্রত্যেকটা দফতরে অতগুলো ছেলেমেয়ে গোপনে, যাদের নো ইন্টারভিউ, কোনো সাক্ষাৎকারের দরকার হয়নি। তাদের এমপ্লয়মেন্টের ব্যবস্থা করে দিয়েছেন। ...(নয়েজ)... না, আমরা একটাও করিনি। একটাও করিনি, একটাও করেনি বামফ্রন্ট। চ্যালেঞ্জ ইট। আপনারা করেছেন। আপনারা করেছেন। এই যে ভূতুড়ে, ভূতুড়ে এমপ্লয়মেন্ট, ভুয়ো এমপ্লয়মেন্ট, গোপনে এমপ্লয়মেন্ট— সৎ সাহস নেই, বলতে পারলেন না তার সংখ্যা কত ? তার জন্য রাজ্য বাজেটে কত টাকা খরচ করতে হচ্ছে ? একটি শব্দ বললেন না। স্যার, বেশি কথা বলার সুযোগ নেই। এবার আসি ভূতুড়ে উন্নয়ন। ভূতুড়ে এমপ্লয়মেন্ট গেল, ভূতুড়ে উন্নয়ন। আচ্ছা আপনারা বললেন ...(নয়েজ)... কেন বলব ? ওনাকে শ্রদ্ধা করি, বয়ঃপ্রবীণ, লেখাপড়া জানা, বিজ্ঞ ব্যক্তি, শ্রদ্ধা করি ওঁকে বিজ্ঞ ব্যক্তি, নমস্য ব্যক্তি। এই যে কতগুলো কথা, কেন বলছেন ? কেন বলছেন ? বললেন, যে কেলেঘাই-কপালেশ্বরী-বাঘই এই সমস্ত নাকি আপনারা শুরু করেছেন ? কাজ শেষ হতে চলছে ইত্যাদি।

মানস ভূঞ্যার বক্তৃতা শেষ হয়ে গেল। ও শুনলে বোধহয় বা ভালো করে দেখলে, ওই প্রতিবাদ করত। ওই, ওই, ওই মানস ভূঞ্যা, মানস ভূঞ্যা ১৯৮২ সাল থেকে এই বিধানসভায় এসে, ওকে আমরা খ্যাপাতাম, আপনি নির্মলবাবু পাশে শুনতেন। যে, এই মানস ভূঞ্যা উঠেছে মানে কেলেঘাই উঠেছে। মানস ভূঞ্যা উঠেছে মানে, ...(নয়েজ)... জ্যোতিবাবু বাঁচান। সেই জ্যোতিবাবুর আমল থেকে। তা আমরা সেটাকে রূপ দিলাম। টাকা বরাদ্দ হল, মানস ভূঞ্যা নিজে গেলেন। মাননীয় অর্থমন্ত্রী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী তার কাছ থেকে টাকা বরাদ্দ এল, কাজ শুরু হল মানস ভূঞ্যা নিজে মন্ত্রিত্ব চলে যাওয়ার আগে রাত-দিন বসে থেকে এবার তাড়াতাড়ি চল, কেলেঘাই-কপালেশ্বরীর কাজ শুরু, কাজ শুরু, কাজ শুরু। টাকা বরাদ্দ আছে, অথচ মানস ভূঞ্যার মন্ত্রীত্ব চলে যাচ্ছে। আপনি সাফল্য দাবি করছেন, নিশ্চয় সরকারের সাফল্য। কিন্তু কোন সরকারের আমলে শুরু হয়েছিল ? বরাদ্দ হয়েছিল ? আপনি আর একটা ভূতুড়ে কথা বলেছেন। এসব কথাগুলো তো বাজেট বক্তৃতায় আসার কথা নয়। ইছামতী নদী সংস্কার। বলুন না কেন ? ইছামতী পানায় ভরা ছিল। অর্থমন্ত্রী

অসীম দাশগুপ্ত, তাকে সঙ্গে নিয়ে রাজ্যের টিম গিয়ে সেই গানা পরিষ্কার করে, জাল পেতে আটকানো তারপরে সেই নদীতে সংস্কার, পলি উত্তোলন আপনাদের খাদ্যমন্ত্রী নেই। ওঁদের দলের কিছু পঞ্চায়েত সমিতির সদস্যরা, কর্মাধ্যক্ষরা তাঁরা এলেন বাধা দিলেন, ডেপ— দিলেন।

[3.50—4.00 p.m.]

আর আজকে আপনি বললেন, আপনি শুরু করে দিয়েছেন রাজ্যেণ উন্নয়ন, ভূতুড়ে উন্নয়ন। স্যার, মাপ করবেন—মিথ্যা কথা বলা উচিত নয় কিন্তু একেবারে জীবন্ত অসত্য কথা স্যার, আপনি এই পবিত্র হাউসে বিধানসভার মধ্যে কি ভাবে লিখছেন, জীবন্ত অসত্য কথা ? বলেছেন, সুন্দরবনে ৬টা ব্রীজ শুরু হয়েছে। আমার জানা নেই স্যার, সুন্দরবনে ৬টা ব্রীজ কোথায় ? একটি দেখাতে পারবেন, একটি দেখাতে পারবেন ? কেন এই শব্দটা লিখলেন ? ৬টা ব্রীজের কাজ শুরু হয়েছে ? শুরু হয়েছে বলবেন কেন ? বলতেন, একটা প্রস্তাব রাখছি, ৬টা ব্রীজ করব, দয়া করে মার্জনা করবেন। আপনি ভদ্র মানুষ—এই ভাষা, সংশোধন আপনার বক্তব্যের সময় করে দেবেন, একটি জায়গা নেই। এক ঘন্টা আগে ফোন করেছি, উন্নয়ন দপ্তরে—বলছে, না স্যার শুরু তো কোথাও হয়নি, কোথাও হয়নি। তাহলে কেন বলছেন, বিভ্রান্তি ছড়াচ্ছেন—এই হাউসকে, কেন এইটা করার দরকার ছিল। আপনি আরও একটা কত বড়ো অসত্য কথা—বলতে খারাপ লাগে আপনার সম্পর্কে, আমি যেখান থেকে নির্বাচিত ঝড়খালি বলেছেন, মেগা পর্যটনের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। আমি তো সেখানকার বিধায়ক, ১৯৮২ সাল থেকে এখন পর্যন্ত আছি। মেগা পর্যটনের কাজ ঝড়খালিতে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। কাকে বলে দ্রুত গতিতে এগিয়ে চলা ? এক ঝুড়ি মাটি ফেললেন না, একটাও কিছু করলেন না, যেমন বেণী তেমনই রইল, চুল ভিজল না—আর আপনি বললেন এগিয়ে চলেছে। গাছপালা, জঙ্গল, বন্ধ রাস্তাঘাট। আমি সেদিন পর্যন্ত পর্যটন মন্ত্রীকে অনুরোধ করেছি, আপনারা একটা প্রোজেক্ট করবেন বলছেন একটা বিকল্প রাস্তা। ওদিকে বললেন হ্যাঁ, আপনি নকশা দিন, ম্যাপ দিন আমরা ধরব। কিন্তু এগিয়ে চলেছে দ্রুতগতিতে—কি সর্বনাশ। আপনি আর একটা উন্নয়নের কথা আপনি বারবার বলেছেন—মাননীয়া মুখ্যমন্ত্রী বহুবার কোথাও ৩০ বার, কোথাও ২০-২২ বার গিয়েছেন—উত্তরবঙ্গ উন্নয়ন। আমি সেদিনও বলেছি, আবারও বলছি, স্যার এত বড়ো একটা বিষয় আপনারা ভুলে যাচ্ছেন কি করে ? উত্তরবঙ্গের উন্নয়নের কথা বলছেন, ঘটা করে ঐতিহাসিক মন্ত্রীসভার সভা হচ্ছে। আর উত্তরবঙ্গে তিস্তা জাতীয় প্রকল্প সম্পর্কে না রাজ্যপালের ভাষণে, না আপনার ভাষণে একটাও উল্লেখ নেই—তাহলে কি একেবারে বাদ দিচ্ছেন ? জাতীয় প্রকল্প মানে কেন্দ্রের ৯০ শতাংশ টাকা কত সাশ্রয় হচ্ছে ? আপনি বলছেন, কেন্দ্র দেয় না, কেন্দ্র দেয় না—সেই টাকাটা খরচ হচ্ছে না ? এক ছটাক জমি অধিগ্রহণ করলেন এই তিন বছরের মধ্যে ? তাতে উত্তরবঙ্গ মানুষের কাছে কি বার্তা যাচ্ছে ? আর ঢাক-ঢোল পিটিয়ে বলছেন, উত্তরবঙ্গের উন্নয়ন, উত্তরবঙ্গের মানুষের জন্যে ২০ বার গিয়েছেন—সরকার, আমাদের মন্ত্রীরা। কেন ? কেন ? এই অসত্য কথাগুলো কেন

এখানে বললেন ? স্যার, বিনীতভাবে বলি, আপনি অর্থমন্ত্রী ২০০৯-১০ সালে ৩০৩২ কোটি টাকা আয়লার বাঁধ নির্মাণের জন্য এসেছিল। সাড়ে তিন হাজার কিলোমিটার বাঁধের অর্ধেকটা তছনছ হয়ে গিয়েছিল। খালি গর্ব করে বুকটা ফুলিয়ে বলছেন, এখনও সুন্দরবন মানুষের জন্য দুই টাকা কেজি দরে আয়লার চাল দিচ্ছেন, চাল দিচ্ছেন, চাল দিচ্ছেন। আর টাকার তহবিলটা দেখুন আপনার কাছে পড়ে পড়ে নষ্ট হচ্ছে। আর আসবে না, কেন্দ্রীয় বছর, এই শেষ বছর, মেয়াদ শেষ। একটা শব্দ বললেন না, আপনার মন্ত্রীরা কি করছেন ? কেন সেই টাকাটা চলে যাবে, চলে যাবে ? ফিরে যাবে ? প্রোজেক্টটা তছনছ হয়ে যাবে। আপনি একবারও সে কথাটা উল্লেখ করলেন না। কেন স্যার, গালভরা অপ্রয়োজনীয় বক্তব্য রাখছেন। জঙ্গল মহলে ৩০ বার মুখ্যমন্ত্রী কেন, ৩০০ বার যান না---এটা বলতে হবে, গলা ভরা করে, গাল ভরা করে। এস.সি., এস.টি.দের সার্টিফিকেট দপ্তরের বাজেটের সময় বলবেন। আপনার বাজেটে বলেছিলেন এস.সি., এস.টি.দের সার্টিফিকেট, দপ্তরের বাজেটের সময় বলবেন। আপনার বাজেটে বলেছিলেন এস.সি., এস.টি.দের সার্টিফিকেট দপ্তরের বাজেটের সময় বলবেন। আপনার বাজেটে বলে দিলেন এস.সি., এস.টি.দের সার্টিফিকেটে এত হাজার, এত লক্ষ দিচ্ছেন—ভালো তো। বলছেন, বাংলা যা করেছে আজ, ভারত করবে কাল। বাংলা যা করেছে আজ, ভারত করবে কাল। স্যার, একটু সংশোধন করে লিখবেন স্যার, "বাংলা যা করেছে আজ, যা দেখে ভারতবাসীর মাথায় বাজ।" মাথায় বাজ, ভারতবাসীর মাথায় বাজ। কেন স্যার, মাথায় বাজ ? শুনুন স্যার, সঠিক তথ্য—নারী নির্যাতনে বাংলা প্রথম। ভারতবর্ষে কোথাও মিলবে না। হিংসা খুন সন্ত্রাস বাংলার মতো অন্য রাজ্যে আর কোথাও হয় না। নজির নেই। আর প্রতিশ্রুতির বন্যা যদি কোথাও বেশি বয়ে যায়, এই বাংলার মন্ত্রীদের, বাংলা মুখ্যমন্ত্রীর মুখ থেকে বয়ে যায় প্রতিশ্রুতির বন্যা। বেকারভাতা দিয়ে যদি বলেন যে বেকার ছেলেদের চাকুরি দিলাম, এর মতো প্রতারণা আর হয় না। গণতন্ত্রের নামে বিরোধীশূন্য করে দিচ্ছে রাজ্যে, সারা ভারতবর্ষে যা নজির নেই। শিল্পে শ্রমিক ছাঁটাই করে বাংলা প্রথম স্থান দখল করতে চলেছে। এই নজির ভারতবর্ষে কোথাও নেই। খুনীরা সব নেতা বসে আছে, আর সাধু পায় সাজা। এই কারণে আপনার এই চলাটা বাংলা যা করেছে আজ যা দেখে ভারতবাসীর মাথায় বাজ, এটা লেখা হোক, আমি অনুরোধ করছি সংশোধন করে নিন। আপনি শিল্পমন্ত্রী, আপনাকে আর একবার নমস্কার, শ্রদ্ধা জানাই। কেন? আপনার মতো গুণী মানুষ আমাদের অনেকের মধ্যে নেই, আপনার যা জ্ঞানগর্ভ আছে। কিন্তু আপনি তো নিজেকে অসহায় মনে করছেন। কোটি কোটি টাকা ঋণে জর্জরিত। সারাটা দিন রাত—মুখ্যমন্ত্রী যদি দিনের মধ্যে ১৪ ঘণ্টা, ২০ ঘণ্টা কাজ করেন তাহলে আপনাকে বোধ হয় আরো বেশি ৩ ঘণ্টা করতে হয়, করা উচিত। ভাবনাটা তো আপনার, রাজ্যটা চালাবার দায়িত্বটা তো আপনার। এই রকম একটা ঋণে জর্জরিত রাজ্যের অর্থমন্ত্রী হয়ে কি করে সম্ভব শিল্পের দায়িত্ব আপনার ঘাড়ে গ্রহণ করা ? করুন আপনি করুন, আপনাকে অভিনন্দন দেব। কিন্তু এই রাজ্যে ৪৯ হাজার শিল্প বন্ধ হয়ে গেল। সেই বন্ধ কারখানা শিল্প শ্রমিকদের জন্য একটা কথাও আপনি উল্লেখ করলেন না। অথচ ঘটা করে প্রথম পাতায় বললেন শিল্পে বাংলার উৎপাদন ৯.৫৮, ভারতবর্ষের প্রথম জায়গায়

নিয়ে গেছেন। ভারতবর্ষের বোধ হয় .৭ আপনার ৯.৫. এগিয়ে যাচ্ছেন। কোথায় তুলে দিলেন আপনার বক্তৃতায় ? শিল্পমন্ত্রী অর্থমন্ত্রী মহাশয়, আপনি একটা শব্দও উল্লেখ করলেন না আই.সি.ডি.এস. কর্মী, সহায়িকা, প্যারাটিচার, এম.এস.কে. টিচার, এস.এস.কে. টিচার, আশাকর্মী, শিক্ষা বন্ধু, এদের একটাকেও খোঁজে পেলেন না। তারাই তো আপনাদের এনেছে না সরকারে ? আসলে আপনার বাজেট বরাদ্দ বাড়ছে, বাড়াচ্ছেন, সংখ্যায় বাড়াচ্ছেন। কিন্তু খরচ যে কমাচ্ছে, ওরা বলে গেলেন মানসবাবু বিরোধী দলের নেতা, আমি রিপিট করতে চাই না, কিন্তু আপনি হিসাব করে দেখবেন খরচ আপনারা করতে পারছেন না। ওই দাদা বসে আছেন, খরচ না করার শীর্ষে আছেন, মাত্র ১৬৮ কোটি টাকা খরচ করেছেন। ভুল যদি হয় তাহলে আপনি দেখিয়ে দেবেন। ৯ কোটি টাকা ঘাটতি কেন হবে ? এই ঘাটতি যদি হবে, কোথা থেকে ঘাটতি ফিল আপ করবেন ? সেই দিশা নেই। এই রাজ্যের জন্য নতুন কোনো দিশা আপনি দেখাতে পারেননি। এই কারণে শুধু একটা কথা বলতে ইচ্ছা করে—ফুটো পাত্রে জল ধরা বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবার।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১৪-১৫ সালের আর্থিক বছরে যে রাজ্য বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি। মা-মাটি-মানুষের সরকার বাংলার আপামর জনসাধারণের মানুষের সরকার। তাই মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র তাঁর পেশ করা রাজ্য বাজেটে বিগত ৩৪ বছর ধরে স্তব্ধ হয়ে যাওয়া বাংলার অর্থনীতিকে সফল করে সাধারণ মানুষের সার্বিক উন্নয়নের কথা এই বাজেটে প্রকাশ করেছেন। গ্রামবাংলার কৃষকদের উন্নয়নের সাথে সাথে শিল্প বিকাশের কথা বলেছেন।

[4.00—4.10 p.m.]

তার কারণ আমি গ্রামীণ এলাকার বিধায়ক, বিগত ১০ বছর ২০০১ সাল থেকে ২০১১ সাল বামফ্রন্ট সরকারের ওই ন্যক্কারজনক সৃষ্টিকারী রাজত্বের কাহিনী জানি। বলতে বাধ্য হচ্ছি যে দুটি ক্ষেত্রে তা এগিয়েছিল—সেটা মদ শিল্প, আর মানুষ খুনের শিল্পে। তাই গ্রামবাংলার কৃষকদের উন্নয়নের স্বার্থে আমরা দেখতে পাচ্ছি শিল্প বিকাশের উন্নয়ন। বহু প্রতিবন্ধকতার ভেতর দিয়েও কৃষিক্ষেত্রে সর্বভারতীয় বিকাশ যেখানে ৪.৬, বাংলার সেখানে ৭.৭। এটা কি উন্নয়ন নয় ? যেখানে পশ্চিমবাংলার ৯০% কৃষিজীবী মানুষ আজকে বসবাস করে, চাষের উপর নির্ভর করে তারা তাদের জীবন জীবিকা প্রতিপালন করে। শিল্পের ক্ষেত্রে সর্বভারতীয় বিকাশ যখন ০.৭%, তখন বাংলার বিকাশ ৫.৮%। এটা পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের উন্নয়ন নয় ? জনমুখী নয় ? মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীর স্বপ্নের প্রকল্প 'কন্যাশ্রী' আজ সারা ভারতবর্ষকে নতুন দিশা দেখিয়েছে। আগামী আর্থিক বছরে আরও ২০ লক্ষ গ্রামীণ ও শহর এলাকার কন্যাকে এই প্রকল্পের অধীনে নিয়ে আসার কথা বলে মাননীয় অর্থমন্ত্রী সামাজিক উন্নয়নে এই সরকারের দায়বদ্ধতা মনে করিয়ে দিয়েছেন। এটা কি উন্নয়ন নয় ? আজকে গ্রামীণ এলাকায় তিনি শিক্ষার ক্ষেত্রে 'কন্যাশ্রী' চালু করে একটা দৃষ্টান্ত দেখিয়েছেন। পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকার দুস্থ মানুষদের

জন্য—ফেয়ার প্রাইস মেডিকেল—সব বাংলার অসহায়, গরীব ও সাধারণ মানুষদের সম্মান নিয়ে বাঁচার স্বপ্নকে বাস্তবায়িত করেছেন। ৪৮% থেকে ৬৭% পর্যন্ত ওষুধের উপর মূল্য হ্রাসে ওষুধ পাওয়া যায়। এটা বাংলার মানুষের স্বার্থে যে জনমুখী বাজেট আমাদের ডঃ অমিত মিত্র করেছেন, তারই ফলশ্রুতি। এটা কি আপনারা বলবেন না ? রাজ্যে কৃষি উৎপাদন—বিগত ৩৪ বছরের শাসন ব্যবস্থায় যে পারসেন্টেজে ছিল, আমি মনে করি যে এই এক হাজার দিন পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার অতিক্রান্ত হয়েছে, তাতে দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কৃষাণ ক্রেডিট কার্ড বিতরণের মধ্যে দিয়ে আজকে কৃষকদের বাঁচার অধিকারকে এই সরকার দৃঢ় রূপে গ্রহণ কেরছে। সেই অধিকারকে অঙ্গীকার হিসাবে শপথ নিয়েছে। 'আমার ফসল, আমার গাড়ি এবং আমার ফসল, আমার গোলা' এই স্লোগানের মধ্যে দিয়ে সারা পশ্চিমবাংলায় ৯০% কৃষককে স্বনির্ভরতায় পৌঁছে দেওয়ার শপথ নেওয়া হয়েছে। সিঙ্গুর, জঙ্গলমহল, চা-বাগান শ্রমিকদের, সাধারণ পিছিয়ে পড়া মানুষদের ২ টাকা কেজি দরে চাল, ৫ টাকা দরে সাড়ে সাতশো গ্রাম গম দেওয়ার যে প্রতিশ্রুতি পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার নিয়েছে, সেই দায়বদ্ধতা এখনও পরিচালিত হচ্ছে। এটা কি পশ্চিমবাংলার উন্নয়ন যোগ্য নয় ? আমি নদীয়া জেলার বিধায়ক, আমার জেলার বহু ব্লকে আর্সেনিক আক্রান্ত, সেই বিষয় এই সরকার যথেষ্ট সজাগ। সকলকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহে এই সরকার অঙ্গীকারবদ্ধ। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় তাই গ্রামীণ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ব্যয়-বরাদ্দ বৃদ্ধি করে আর্সেনিক দূষণ প্রতিরোধে এক জনমুখী কর্মসূচি গ্রহণ করেছেন। সারা রাজ্যে নতুন দিশা দেখিয়েছেন, মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের ব্যয়-বরাদ্দ করা হয়েছে এবং অত্যন্ত কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের সরকারকে, নদীয়া জেলার ধুবুলিয়ায় নতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের পরিকল্পনা গ্রহণের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী ও মাননীয় অর্থমন্ত্রীকে আমরা বিনত কৃতজ্ঞতা জানাই। ৩১টি নতুন সরকারি কলেজ স্থাপন, আংশিক সময়ের শিক্ষক, চুক্তিভিত্তিক পূর্ণ সময়ের শিক্ষকদের সঠিক সময় বেতন দেওয়া ও রাজ্যে আরও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ঘোষণার মধ্য দিয়ে মাননীয় অর্থমন্ত্রী বাংলার শিক্ষাপ্রসারের আজকে দিশা দেখিয়েছেন। বলেছেন, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় পেশ করা রাজ্য বাজেটে। তিনি শিক্ষাপ্রসারের উপর অত্যন্ত গুরুত্ব দিয়ে শিক্ষা কারিগরি শিক্ষাকে প্রাধান্য দিয়েছেন। তপশিলি জাতি, তপশিলি উপজাতি, অনগ্রসর শ্রেণী, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুষদের সার্বিক উন্নয়নে রাজ্য বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মা-মাটি-মানুষের সরকার সকলের সরকার সে কথাই স্মরণ করিয়ে দেয়। মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সে সামাজিক উন্নয়নমূলক কর্মসূচিগুলির সঠিক রূপায়ণে অর্থ বরাদ্দ করে কাজে গতি বৃদ্ধির সাথে সাথে মানুষের সামাজিক উন্নয়ন ঘটাবে যার প্রতিচ্ছবি রাজ্য বাজেটে দেখা যাচ্ছে। আমাদের পিছিয়ে থাকা উত্তরবঙ্গ জেলাকে মা-মাটি-মানুষের সরকার তারা উত্তরবঙ্গে উত্তরকন্যা সচিবালয় গঠন করে উত্তরবঙ্গে এলাকার মানুষের স্বার্থে প্রশাসনিক, আর্থিক সামাজিক ক্ষেত্রে অনেক সরলীকরণ করেছেন। সেই কাজ পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের মন্ত্রীসভার প্রথম বৈঠক করে সেটা

প্রমাণ করে দিয়েছেন যে, মানুষকে কথা দিয়ে সেই অঙ্গীকার বাস্তবে রূপ দেওয়া হয়। তাই পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারকে আমরা এই বিধানসভা গভীর কৃতজ্ঞতা, ধন্যবাদ ও অভিনন্দন জানাই। বেকারত্ব দূরীকরণে রাজ্য বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এবং আমরা দেখতে পেয়েছি, সেল্ফ-এমপ্লয়মেন্টের যে স্কপ বৃদ্ধি করা, নানা ক্ষুদ্র ব্যবসায় আর্থিক অনুদান সুনিশ্চিত করা এই রাজ্য বাজেটের মূল লক্ষ্য বলে আমি মনে করি। চারটে আই.টি.আই. পার্ক নির্মাণের কাজ চলছে। পশ্চিমবাংলার এটা কি উন্নয়ন নয় ? সরকারি দফতরে নিয়োগ শুরু হয়েছে এবং বাংলার নতুন কর্মজীবন পশ্চিমবাংলার ডঃ অমিত মিত্র তার অর্থ দফতরের মধ্য দিয়ে শুরু করবার প্রয়াসে নেমেছেন। বাংলার মানুষ তাদের শ্রদ্ধা, ভালোবাসায় মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর প্রতি আস্থাশীল। তাই তার বাংলা আজ যা করে ভারত আগামী দিনে তাই পারবে। এটা পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী প্রকাশ করেছেন। আমরাও একই সুরে বলতে চাই—'বাংলা আজ যা করবে ভারত আগামীকাল তা করবে।' তাই আমরা বলতে চাই, বিভিন্ন ক্ষেত্রে ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যে দিশা অমিত মিত্র দেখিয়েছেন সেটা নিশ্চয় অতুলনীয়। আমরা মনে করি, পশ্চিমবাংলায় গ্রামীণ এলাকায় ক্ষুদ্র কুটির শিল্পকে বিগত চৌত্রিশ বছরে শ্মশানে পরিণত করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী ক্ষুদ্র কুটির শিল্পে তিনি আস্থা দেখিয়ে বেকারত্বের জ্বালাকে মেটাবার জন্যে যে দিশা দেখিয়েছেন তাকে নিশ্চয় আমরা ধন্যবাদ জানাই। আমরা ধন্যবাদ জানাই তাকে যে, বিভিন্ন ক্ষেত্রে আজকে—শ্রমমন্ত্রী এখানে বসে আছেন, আমরা পশ্চিমবাংলার সমস্ত শ্রমজীবী মানুষদের স্বার্থে, তিনি সরাসরি হাজার হাজার মানুষকে আজকে তার কর্মপন্থার ভেতর দিয়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত করেছেন। যেটা বিগত চৌত্রিশ বছর—আমি দশ বছর ছিলাম, দশ বছরেও দেখিনি, নিশ্চয় এটা প্রশংসনীয়। এবং আজকে ডঃ অমিত মিত্র তার বাজেটের মধ্য দিয়ে বিভিন্ন কর্মপন্থা বিভিন্ন দফতরের মধ্য দিয়ে তিনি ঘোষণা করেছেন। বিস্তৃতভাবে আমরা বলতে চাই না। আমরা জানি, শিক্ষাক্ষেত্রে যেমন, নদীয়া জেলাতেই সরকারি তিনটে মহাবিদ্যালয় ঘোষণা করেছেন পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। যা বাস্তবে রূপায়িত হতে চলেছে। বিরোধীদের আবেদন করব, আপনারা গিয়ে দেখে আসুন কাজ হচ্ছে কি হচ্ছে না। আমাদের কারিগরি শিক্ষামন্ত্রী বসে আছেন। পশ্চিমবাংলার কারিগরি শিক্ষা আমরা বিগত দশ বছরে দেখেনি।

[4.10—4.20 p.m.]

বিভিন্ন পরিকল্পনার ভেতর দিয়ে, ট্রেনিং-এর মধ্যে দিয়ে তাদের কর্মজীবন শুরু করবার যে প্রয়াস তিনি নিয়েছেন তার জন্য তাঁকেও আমরা নিশ্চিতভাবে ধন্যবাদ জানাই। সার্বিক ভাবে পশ্চিমবাংলায় কৃষি বিপ্লব ঘটিয়েছেন ডঃ মিত্র তাঁর আর্থিক বাজেটের ভেতর দিয়ে। কৃষকরা আজকে সামাজিক সুরক্ষার ভেতর দিয়ে, সুযোগ-সুবিধা পেয়ে মাথা উঁচু করে জীবন ধারণ করবার প্রয়াস পেয়েছে। নিশ্চিতভাবে আজকে কৃষকরা বাঁচবে, পশ্চিমবাংলা নিশ্চয় মাথা উঁচু করে দাঁড়াবে। আপনারা যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণ বিগত ৩৪ বছরে করেছেন সেই ঋণের কথা পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং পশ্চিমবাংলার মাননীয় মন্ত্রীরা দরবার করতে গিয়েছিলেন। একটি কথাও তো বামপন্থী বন্ধুরা বা কংগ্রেস

বন্ধুরা তখন বলেননি। তিন বছরে মনিটরিয়াম চেয়েছিলেন। কিসের ভয় ? আজকে পশ্চিমবাংলার স্বার্থে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ডঃ অমিত মিত্র গিয়েছিলেন বাংলার ৯ কোটি মানুষকে বাঁচাবার প্রয়াসে। আপনারা এখানে লম্বা লম্বা লেকচার মারছেন। কিছুই হয়নি বলছেন। প্রত্যেকটা জেলায় যে কর্মসূচি ডঃ মিত্র ঘোষণা করেছেন বাস্তবে রূপ নিচ্ছে কী নিচ্ছে না চাক্ষুষ সেখানে গিয়ে দেখে আসুন, সেখানে কাজ চলছে কিনা গিয়ে দেখুন। আমি আমার জেলা দিয়ে বলছি। কর্মসূচি যা মাননীয়া মুখ্যমন্ত্রী এবং ডঃ অমিত মিত্র ঘোষণা করেছেন তার প্রত্যেকটা কাজ নদীয়া জেলার বিভিন্ন দপ্তরে অত্যন্ত সফলতার সঙ্গে মানুষ গ্রহণ করেছে। মানুষ পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারকে আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছায় ঢেকে দিচ্ছে। আগামীদিনে আপনারা স্থান পাবেন না। পঞ্চায়েত নির্বাচন নিশ্চয় দেখেছেন। শান্তিপূর্ণ পঞ্চায়েত নির্বাচন। আপনাদের সময় পঞ্চায়েত নির্বাচন আমরা করতে পেরেছিলাম ? আমাদের প্রার্থীরা নমিনেশন দিতে পেরেছিল ? বুকে হাত দিয়ে বলুন তো ! পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার এক হাজার দিন পেরিয়েছে। পশ্চিমবাংলার সাড়ে ৯ কোটি, ১০ কোটি মানুষের ওপর যে দায়বদ্ধতা আজকে পশ্চিমবঙ্গ সরকার দেখিয়েছে তাতে নিশ্চয় আমরা কৃতজ্ঞ। আমরা অভিনন্দন জানাই যে অনেক প্রতিকূলতার ভেতর দিয়েও পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই পবিত্র সদনে যে বাজেট পেশ করেছেন তাকে নিশ্চিতভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং পূর্ণ সমর্থন জানাচ্ছি। আগামীদিনে আপনার সেই দিশা বাংলার ঘরে ঘরে পৌঁছোক। ধন্যবাদ নমস্কার।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় চেয়ারম্যান মহোদয়, ১৭ই ফেব্রুয়ারি ২০১৪তে ২০১৪-২০১৫ বছরের জন্য রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রী শ্রদ্ধাভাজনেষু ডঃ অমিত মিত্রের বাজেট বিবৃতি এবং সেই বিবৃতি মঞ্জুষায় বিধৃত বাজেট সারের এবং বাজেটের চিত্র ও চরিত্রে পূর্ণ সমর্থনে আমি দু-একটি কথা আপনার মাধ্যমে এই বিধানসভার মন্দিরে মাননীয় সদস্য-সদস্যাদের সমীপে নিবেদন করতে চাই।

আমার কথায়, আমার বিবেচনায় বাজেট তো শুধু সংখ্যাতত্ত্বের গাণিতিক হিসাবে কঙ্কাল নয় আরো কিছু বেশি। বাজেটে স্বপ্ন থাকে। বাজেটে স্বপ্নপূরণের, বাস্তবায়নের পরিকল্পনা থাকে। এই দুই নিয়েই বাজেট। প্রথমটি যদি চিত্র হয় দ্বিতীয়টি চরিত্র। চিত্র চরিত্রের সুসংহত সামঞ্জস্যের মধ্যেই বাজেটের সার্থকতা। সেদিক থেকে বলতে হয়, এ বাজেট সার্থক। বাজেট বিবৃতিকে আমি সমর্থন করছি কারণ এতে আছে সেই বাজেট ভূমিকে স্পর্শ করার যথার্থ ভূমিকা। বাজেট ভূমির যথার্থ দৃষ্ট সংস্থান। বাজেট চরিত্রের বা তার অভিমুখের যথার্থ সূচক। পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের উন্নয়নের এক স্বপ্নিত সাফল্যের দলিল, অথচ এমনটি তো হওয়ার কথা ছিল না। কোন পশ্চিমবঙ্গকে রেখে গেল এই বামফ্রন্ট ? ৩৪ বছরের অত্যাচারের কালশিরা, যেখানে সন্ত্রাসের গুমোট, অশ্রুর বন্যা এবং অনুন্নয়নের স্তূপ, গুলি-বারুদের গন্ধ, বেকারিত্বের জ্বালা, বোবা পাহাড়, আর দাবানলে দগ্ধ জঙ্গলমহল, পশ্চিমবঙ্গের সমস্তবাসী। সুভাষ মুখোপাধ্যায়ের সেই কবিতার মন্ত্রই মনে মনে জপ করছিল "মা তোমার কোলে মোরা ছেলে, তুমি কাঁদ কাঁদ মর্মন্তুদ চিৎকারে কাঁদ"।

আমরা জানি না সেই শ্মশানের বুকে কি করে পঞ্চবটী রোপিত হল ? আমরা জানি না এই শ্মশানের বুকে পশ্চিমবঙ্গের মুক্তি ভাগীরথী মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেমন করে স্থাপন করলেন—আমরা এখন চোখ খুললেই দেখতে পাই জঙ্গলমহলে সৃষ্টিসুখের উল্লাস আর ভালে কাঞ্চনশৃঙ্গ মুকুট হয়ে উত্তরবঙ্গ, পাহাড় হাসছে। আমি জানি না অথচ অপপ্রচারের একটা শায়ক বিদ্ধ হচ্ছে আমাদের মা-মাটি-মানুষের এই সরকার। এই বাজেট বিবৃতির ভূমিকায় তার জবাব আমাদের বাসন্তী জবাব। তোমরা যতই প্রস্তর নিক্ষেপ কর আমরা জবাব দেব, জবাব দেব কথায় নয়, জবাব দেব কাজে। তোমরা যতই আমাদের রাগ উদ্রেকের চেষ্টা কর, আমরা জবাব দেব রাগে নয়, অনুরাগে। তোমরা যতই আমাদের উন্নয়নের সব ব্যাপারে সংশয় প্রকাশ কর আমরা জবাব দেব উন্নয়নের মধ্য দিয়ে। উন্নয়নের ঝঙ্কারের মধ্য দিয়ে, অনুন্নয়নের হিংসার প্রেত হুঙ্কারের মধ্য দিয়ে নয়। যদি রবি কবির একটি বিখ্যাত কবিতার একটি ছত্র এই মুহূর্তে স্মরণ করি কবিগুরুর কাছে ক্ষমা ভিক্ষে চেয়ে নিয়ে—লঘু অর্থে ব্যবহার করছি বলে—আমরা জানি মা-মাটি-মানুষের সরকারের প্রতীক ফুল, ফুল শুধু আমাদের প্রতীক নয়, ফুলেই আমাদের প্রকৃতি। আমরা যদি এমন দেখি এটা বসন্তবিলাপের কথা নয়, এই বসন্তকালে এমন কেউ ঢেলা ছোঁড়ে এই ফুলের ডালে তখন তার কি অবস্থা হয়। "ঢেলা আমি মেরেছিনু চৈত্রে ফোটা কুসুমের ডালে, তারই প্রতিবাদে ফুল ঝরিল এই স্পর্ধিত কপালে, নিয়ে এই বিবাদের দান, এ বসন্তের চৈত্র তব হোক অবসান"। তোমরা আমাকে যতই মার, আমরা তোমাকে উন্নয়নের ফুল দিয়ে তোমার উপরে নিক্ষেপ করব, এটাই হচ্ছে আমাদের প্রতিদান। আমরা জানি, বিধায়ক হিসাবে শুধু নয়, নির্বাচক হিসাবে আমি এই বাজেট দেখি এবং বিচার করি। সংখ্যাদর্শন নয়, শব্দের কঙ্কাল নয়, আমরা বুঝি কত জায়গায় আমাদের উন্নয়নের বন্যা হচ্ছে। কিন্তু "কত বহ্নি দহিল যে সোনা, সে খোঁজে কি কাজ বন্ধু, সে খোঁজে কি কাজ"। কিন্তু মাঝে মাঝে আমি সেই বহ্নির সন্ধানেও যাই। এই বাজেট চিত্রের মধ্যেও সেই বহ্নির সন্ধান আছে। আছে এজন্যই, যখন আমরা শুনি প্রায় ৭০ হাজার কোটি টাকা কেটে নিয়েছে কেন্দ্র, ৮৫০.৪২ কোটি টাকা অনুদান বন্ধ করছে এই কেন্দ্র, তারই মধ্যে আমরা বাজেট পেশ করছি। তারই মধ্যে আমরা জি.এস.ডি.পি. বৃদ্ধির হার ৭.২৮ শতাংশ বৃদ্ধি করছি, তারই মধ্যে আমরা নতুন সঞ্জীবনী মন্ত্র উচ্চারণ করছি—"বাংলা যা করছে আজ, ভারত তা করবে কাল"। এই কথাটা নিঃসন্দেহে আমাদের এই বাজেটের ইতিবাচক একটা দিক এবং ইতিবাচক অনেক দিকের ইঙ্গিত আছে। কত কথা তো বলা হয়েছে পক্ষে এবং বিপক্ষে, আমি ব্যক্তিগত জীবনে শিক্ষক ছিলাম। এখনও মনে করি পঠন আমার কাজ এবং পঠন আমার ব্রত।

[4.20—4.30 p.m.]

কিন্তু সেই বিদ্যালয় শিক্ষা, উচ্চ শিক্ষা, কারিগরি শিক্ষার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যে মিড ডে মিল চালুর জন্য প্রবণতা লক্ষ করা গেছে, যে বিদ্যালয়ের সাধারণ মানুষের জন্য, ছাত্র-ছাত্রীদের জন্য আবাসভূমি, আবাস রচনা করার প্রয়াস দেখা গেছে। যে ৩৩টি মডেল স্কুলের নির্মাণ কাজের সূচনা হয়েছে—সেই জায়গায় দাঁড়িয়ে আমরা নিঃসন্দেহে বলতে

পারি আমরা একটা মুক্তির নিশ্বাস পাচ্ছি, আমরা একটা উন্নয়নের স্বপ্ন দেখছি। সবার ঘরে আলো জ্বলছে, আমরা সেই আলোর মধ্যে দিয়ে আমাদের উন্নয়নের পথ খুঁজে পাচ্ছি। ২৩টি নতুন দিশা এর মধ্যে উল্লেখ করা হয়েছে এবং আমরা নিঃসন্দেহে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে ১৬ লক্ষেরও বেশি নতুন কর্মসংস্থান হয়েছে। ঠিক সঙ্গে সঙ্গে শুধু সংস্থান করা নয়, শুধু আশার কুহেলি ছড়ানো নয় এই আশা পূরণের জন্য আমরা কিভাবে কাজ করব তার জন্যে সুষ্ঠু করবিন্যাস করা হয়েছে। করা হয়েছে স্ট্যাম্প ডিউটি কমানো হয়েছে, বৃত্তি করের উর্ধ্বসীমা বৃদ্ধি করা হয়েছে। আমাদর ৬০ হাজার টাকা যারা দিচ্ছে, যাদের বাৎসরিক আয় তাদের বৃত্তি কর দিতে হবে না একথাও ঘোষিত হয়েছে। ঘোষিত হয়েছে ক্ষুদ্র শিল্প রাখার জন্য যাদের ৫ লক্ষ টাকার নিচে আয় সেইসব ব্যবসায়ীদেরও বৃত্তি কর দিতে হবে না। আসুন, আমরা যদি সত্যি সত্যি বাংলার মুক্তি চাই, আমরা সত্যি সত্যি বাংলার উন্নয়ন চাই—আসুন না আমার সতীর্থ সদস্য-সদস্যারা, আমরা সবাই মিলে এই বাজেটকে সমর্থন করি। সংকীর্ণ দলীয়তার একটা বর্ম পরে নয়, আমাদের সত্যি সত্যি বন্ধুত্বহীন একটা মর্ম নিয়ে যদি আমরা বলি—মনে পড়ছে শেক্সপিয়ারের অমর নাটকের সেই কথা, মনে পড়ছে জুলিয়াস সিজার নাটকের সেই কথা, যেখানে ব্রুটাস বলছে, আমি কেন সীজারকে বধ করলাম। "Not because I love less, but because I love more." আপনারা কি এখন বলতে পারবেন না, একবার দলীয় বর্মকে খুলে ফেলে আমরা এই বাজেটকে সমর্থন করছি, Not because I love our party less, but because I love West Bengal more. এই কথাটা যদি আপনারা সত্যি সত্যি আর একবার মন্ত্র হিসাবে জপ করেন নিঃসন্দেহে আমরা জানব আমাদের মধ্যে নতুন চেতনার উদ্রেক হবে এবং পশ্চিমবঙ্গের উন্নতি অবশ্যম্ভাবী হবে। আমরা জানি তিথির বিভূতি বাজেট রূপায়ণে সাফল্যের প্রত্যেক বিশ্বাসযোগ্যতা আনে। তাই তিথির কথা একটু উল্লেখিত হয়েছে বাজেটে। বাজেটে যেমন আছে জীবিকা সংস্থানের কথা তেমনি আছে জীবনের আহ্বান। বিভিন্ন খাতে শুধু ব্যয় বরাদ্দ নয়, কি কি প্রকল্প রূপায়ণে তা ব্যয়িত হবে তারও নির্দেশিকা আছে। আছে ১৭টি তার সুনির্দিষ্ট খাত এবং অর্থ বরাদ্দের ইতিবৃত্তে আমরা দেখতে পাচ্ছি পঞ্চায়েত, স্বাস্থ্য, কৃষি, শিক্ষা সর্বাধিক গুরুত্ব পেয়েছে। আমরা দেখতে পাচ্ছি ৭ হাজার ৪০৭ কোটি টাকা পঞ্চায়েত খাতে, ২২১১ কোটি টাকা স্বাস্থ্য খাতে, ১১৫৭ কোটি টাকা শিক্ষা খাতে, ১১৫৭ কোটি টাকা কৃষি খাতে ব্যয় করার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং তা কিভাবে সংগৃহীত হবে তারও একটা সুষ্ঠু বিন্যাস আছে। আমরা জানি, এই বাজেট তাই শুধু ব্যয় বরাদ্দের জন্য নয়—৩০,৮৪৭.৩১ কোটি টাকা কর ধার্য করে ক্ষান্ত হয়নি। এই বাজেট রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৫,৪১৩.৯৬ কোটি টাকা ধার্য করে তবেই ক্ষান্ত হয়েছে। মাত্র ৯ কোটি টাকা এই ঘাটতি বাজেট যা আমাদের সমর্থন করতেই হবে। সমর্থন না করলে কোনো উপায় নেই, সমর্থন না করলে পশ্চিমবাংলায় উন্নয়ন নেই, সমর্থন না করলে পশ্চিমবাংলার মুক্তি নেই। তাই সমবেত সমস্ত মানুষের কাছে আমি আবেদন করতে চাই, বিধানভার সমস্ত সদস্যদের কাছে আমি আবেদন করতে চাই মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে যে আপনারা সত্যি যদি পশ্চিমবঙ্গের সুদিন ফেরাতে চান তাহলে এই বাজেটকে আমাদেরই মতো সমর্থন করুন, দু-

হাতে বরণ করুন। তাদের সমস্ত কৃতির বিভূতি আমাদের উপর ঝরে পড়ুক। পশ্চিমবঙ্গের আশীর্বাদ আপনাদের উপর ঝরে পড়ুক। আমরা জানি ১৭ই ফেব্রুয়ারি যখন মাননীয়া মুখ্যমন্ত্রী তার বক্তব্য রাখছিলেন বাজেটের দিনের প্রথমার্ধে এখানে তিনি জীবনানন্দ দাশের জন্মদিন বলে ১৭ই ফেব্রুয়ারিকে অভিষিক্ত করেছিলেন। আজ ১৮ই ফেব্রুয়ারি, ঠাকুর রামকৃষ্ণ পরমহংসের জন্মদিন। সেই জীবনানন্দের 'রূপসী বাংলা', সোনার বাংলা সত্য হবে এবং রামকৃষ্ণ পরমহংসদেবের সেই আশীর্বাদ " তোদের চৈতন্য হোক, চৈতন্য হোক, নব বোধোদয় ঘটুক, নব বোধোদয় ঘটুক"। এই আশীর্বাদে আমরা সত্যি সত্যি স্নাত হব। জীবনানন্দ দাশের সেই স্বপ্নের রূপসী বাংলাকে আমরা সার্থক রূপায়ণের পথে এগিয়ে নিয়ে যাব। এই বাজেট সমর্থন করে আমি এই বক্তব্যই রাখছি এবং আবার শেষ মুহূর্তে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রকে অজস্র ধন্যবাদ জানাই। এই বাজেট আমাদের নতুন দিশা দেখাচ্ছে। আমরা সেই পথে হাঁটব, আমরা আলোকপথে যাব, শুধু কর্মপথই হও আগুয়ান, ধর নির্ভয় গান। নমস্কার।

শ্রী বিজয় বাগদী : মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের রাজ্যের ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মন্ত্রী মাননীয় অমিত মিত্র মহোদয় ২০১৪-১৫ সালের যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থাপন করেছেন, আমি এ বাজেট বিবৃতিকে মনে করি যে এটা প্রতিশ্রুতি এবং ফুলঝুরির বাজেট। আগামী লোকসভার দিকে লক্ষ্য রেখেই তিনি এই বাজেটকে এই বিধানসভায় উপস্থাপন করেছেন। আমরা জানি এ সরকার অনেক প্রতিশ্রুতির মধ্য দিয়ে এবং আমাদের বিরুদ্ধে কুৎসা রচনা করার পরে ক্ষমতায় এসেছিলেন। কিন্তু তারা বলেছিলেন যে আমরা কৃষক দরদী। আমরা গরীব দরদী। আর বামফ্রন্ট—আমরা ওদের কোনো উন্নয়ন করি নাই। এইভাবেই তারা বাংলার মানুষের মনের আস্থা অর্জন করে এই রাজ্যে তারা ক্ষমতায় এসেছেন। আমরা কি দেখছি? আমি বইটা পড়ে দেখছিলাম যে এই বইয়ের মধ্যে কোনো কিছু বাদ নেই। কৃষির থেকে শুরু করে—অথচ আমরা কি দেখলাম এই আড়াই বছরে ? কৃষকরা কি দুর্বিষহ জ্বালা-যন্ত্রণা নিয়ে তারা আত্মহত্যা করছে। অথচ এই বইয়ে লেখা হয়েছে কৃষির সাজ-সরঞ্জাম, রাস্তাঘাট, কথার ফুলঝুরি দিয়ে তাদের মন জয় করে। অথচ কতজন কৃষক আত্মহত্যা করেছেন। তারা ফসলের দাম পেলেন না। উৎপাদন করছে, রাজ্য সরকার বাজারে ধান কিনতে নামল না, দশ কিলোমিটার, কুড়ি কিলোমিটার দূরে মিল মালিকদের সঙ্গে কথা বলে। আমরা এই রকম আশা করিনি। কৃষকও এই প্রত্যাশা করেনি। বামফ্রন্টের আমলে প্রতিটা গ্রাম পঞ্চায়েত এলাকায় আমাদের কো-অপারেটিভগুলোকে দিয়ে এ কৃষকদের কাছে ধান কেনার ব্যবস্থা করা হয়েছিল। অথচ আমরা কি দেখছি ? আমাদের খাদ্যমন্ত্রী টার্গেট ফুলফিল করছেন কোথা থেকে ? সেই মিল মালিকদের কাছ থেকে। অথচ এখনও পর্যন্ত কৃষক ধান বিক্রি করতে পারছে না। তাছাড়াও আমরা যে কৃষি পেনশান ঘোষণা করেছিলাম, চালু করেছিলাম যে ৬০ বছর এবং বহু কৃষক কৃষি পেনশান পেতেন। আজকে অর্থমন্ত্রীর বাজেটে সেই কৃষকদের কৃষি পেনশানের কোনো উল্লেখ নেই। খেতমজুরদের পি.এফ., তারপরে তাদের স্বাস্থ্য বিমা—শিক্ষার ক্ষেত্রে আপনারা গর্ব করে বলছেন পশ্চিমবাংলায় শিক্ষাকে আমরা এক নম্বরে নিয়ে যাচ্ছি।

[4.30—4.40 p.m.]

আজকে কি দেখছি ? শিক্ষার ক্ষেত্রে কি অবস্থা ? আজকে স্কুলগুলিতে পঠন-পাঠন শিকেয় উঠে যাচ্ছে। খোনে ছাত্র-ছাত্রীদের মধ্যে মারামারি হচ্ছে, স্কুল কমিটিকে ভেঙে দেওয়া হচ্ছে। শিক্ষকরা ক্লাসের মধ্যে মারামারি করছে। আজকে কি নৈরাজ্য তৈরি হচ্ছে। আর আমাদের সিডিউল্ড কাস্টের কথা আপনারা বলেন। আমরা যতটুকু জানি আমাদের সময়কালে দশ পর্যন্ত ট্রাইবাল হোস্টেলগুলোতে—সিডিউল্ড কাস্ট হোস্টেলগুলোতে তাদের পাওনা সময়মতো সেখানে পৌঁছে যেত। এখন কিন্তু সময়মতো পৌঁছোচ্ছে না, আপনি খোঁজ নিয়ে দেখবেন। আমি আপনাকে বলছি, আমি চ্যালেঞ্জ করছি, আপনি খোঁজ নিয়ে দেখবেন। আমার কাছে রিপোর্ট আছে। বহু হোস্টেল তারা ধার করে তাদের ছেলে-মেয়েদের খাওয়াতে হয়। এইরকম অবস্থার মধ্যে আজকে আপনারা রাজ্যটাকে ঠেলে দিলেন। আজকের স্বাস্থ্যের কি অবস্থা। প্রতিদিনই কাগজের পাতায় দেখছি—শিশু-মৃত্যুর হার। আর বলছেন ট্রমা করেছি, অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করছি, মেডিকেল কলেজ করছি, এক-একটা সুপার স্পেশালিটি হসপিটাল করছি। আর শিশু-মৃত্যুর হার বেড়েই চলেছে। আজকে আপনারা সস্তায় ওষুধের দোকান খুললেন। কোথায় সস্তার ওষুধের দোকান ? আজকে তার থেকে খোলা বাজারে কম দামের ওষুধ পাওয়া যায়। আজকে এই অবস্থা। আর আপনারা বলছেন আমরা গরীবের মানুষ—গরীবের স্বার্থে আমাদের এই সরকার ! আপনারা গরীবের কথা বলেন কিন্তু আদতে গরীবের সরকার আপনারা নন। আজকে এই যে আমরা কি দেখলাম? দু টাকা কেজি দরে চাল—কতগুলো লোককে আপনারা দিয়েছেন তার হিসাব আছে ? কত লক্ষ মানুষকে আপনারা দিচ্ছেন। আজকে প্রকৃত অর্থে যাদের পাওয়ার কথা তারা পাচ্ছে না, আপনাদের নেতারা ঠিক করে দিচ্ছেন যে, এই দল যদি না করে—এটা প্রকৃত অর্থে আপনারা দলতন্ত্রে পরিণত করেছেন। প্রত্যেকটি ক্ষেত্রে আজকে আমরা বলব না, আপনারা কি চাইছেন ? নির্বাচিত পঞ্চায়েতগুলোতে আপনারা পয়সা দিয়ে ভয় দেখিয়ে নিজেদের দলে নিয়ে আসছেন, যেখানে একটাও গ্রাম পঞ্চায়েতে আপনাদের সদস্য নেই। অথচ দেখা যাচ্ছে সব সদস্য চলে আছে, এরা কি ভালোবেসে আপনাদের কাছে চলে আসছে ? আর কতদিনই বা রাখবেন এদেরকে ? এটা আপনারা নিশ্চয়ই বুঝবেন একদিন ঠেলাটা সামলাবেন। আজকে আপনারা ও অঙ্গনওয়াড়ী কর্মীদের কথা বলেন। তাদেরকে নিয়ে বিভিন্নভাবে আপনারা মিটিং করছেন। তাদেরকে প্রতিশ্রুতি দিচ্ছেন। আমরা কি দেখছি এই বাজেট ভাষণের মধ্যে তাদের সুযোগ-সুবিধার কথা এক কলমও জায়গা পায়নি। আজকে সেচের ক্ষেত্রে আমরা ৩৪ বছরে পশ্চিমবাংলায় যে সেচসেবিত এলাকা রেখে গিয়েছি, তার বাইরে নতুন করে আপনারা একটাও সেচ-সেবিত এলাকা ঘোষণা করতে পারেননি। বড়ো প্রকল্প আপনারা হাতে নেননি। কোথায় ? আজকে তিস্তা সেচ প্রকল্পের কথা উল্লেখ নেস। তাহলে কি সেটা বন্ধ হয়ে পড়ে থাকবে ? আজকে এই অবস্থার মধ্যে আপনারা পশ্চিমবাংলাকে নিয়ে যাচ্ছেন। আমার কি মনে হয় জানেন তো যে আমরা দেখি এই গ্রামে-গঞ্জে যখন ঠাকুর গড়ে না কাঠামোটা তৈরি করে, একজন মাটি শানে, তারপর সে যখন মাটিটা তৈরি করে দিয়ে ঠাকুরটাকে বানিয়ে দেয়, তারপরে শিল্পী সে রং-তুলি দিয়ে রং দিয়ে তার কৃতিত্বটা

নেয়— সেইরকম আমরা ৩৪ বছর ধরে যে কৃতিত্ব রেখে গিয়েছি, তার উপরে প্রলেপ দিয়ে আপনারা আপনাদের কৃতিত্বটা রাখতে চাইছেন। তাই আমি আপনাদের এ বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ স্যার।

শ্রী পারভেজ রহমান : আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গতকাল ১৭ই ফেব্রুয়ারি ২০১৪ সালে যে বাজেট বিবৃতি দিয়েছেন, তার পক্ষে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি। আমরা গ্রামের ছেলে—গাঁয়ের ছেলে। গোদা বাংলায় বলতে চাই—পরিসংখ্যান আমাদের বড়ো কথা নয়. বিশেষ করে আমার কাছে। আমি হুগলী জেলার আরামবাগ মহকুমার পুড়শুরা বিধানভার সদস্য। আমাদের খানাকুল, গোঘাট, আরামবাগ কিম্বা পুড়শুরা এলাকা একটা বন্যাকবলিত জায়গা। সেই জায়গার আমি বিধায়ক। আমি নবীন বিধায়ক। আমি অত্যন্ত মনোযোগ দিয়ে সকলের বক্তব্য শুনছিলাম। বিরোধী এবং আমাদের দলের যারা মাননীয় সদস্য এবং সদস্যা আছেন, সেখান থেকে যে অভিজ্ঞতা আমার হয়েছে, আমি দু-এক কথা বলতে চাই। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ৩৫ বছরের অপশাসন বা বিগত বাজেটের কথা আমরা বলতে গেলে সাড়ে তিন ঘণ্টা, ৩৫ ঘণ্টা, কিম্বা ৩৫ বছরেও শেষ হবে না। তাই স্যার, আমাকে বলতে দেওয়া সীমিত সময়ের মধ্যে আমাদের সরকারের আড়াই বছর মেয়াদ কালের শেষে যে বাজেট, সেই বাজেটের সমর্থনে এই সরকারের উন্নয়নের কথা বলতে গেলে সেটা আড়াই বছরের বেশি সময় লেগে যাবে। তবুও আমি যে কথা বলতে চাই আমরা ইতিহাসে পড়েছি, আমরা বিভিন্ন পত্রিকায় পড়েছি, বামফ্রন্টের যারা তৎকালীন মুখ্যমন্ত্রী ছিলেন, মাননীয় জ্যোতি বসু এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য, তাদের জীবনীকালের কোনো জায়গায় আমরা পড়ে আসিনি বা আমরা জানতে পারিনি যে, তারা ছোটোবেলায় বাল্য, শৈশব কিম্বা কৈশোরে পরিবারের অনেক দুঃখ-কষ্ট সহ্য করে অনেক ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে তারপরে তারা রাজনীতির পাদপ্রদীপে এসে মুখ্যমন্ত্রী হয়েছেন। কিন্তু আমরা পশ্চিমবঙ্গের মানুষ গর্বের সঙ্গে বলতে পারি পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের যে নবরূপকার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে পশ্চিমবঙ্গের মানুষ পেয়েছেন, তার যদি জীবনকাল আমরা, তার বাল্য, শৈশব, কৈশোর পড়ি, তাহলে আমরা লক্ষ্য করব বা আমরা জানতে পারি তিনি কখনো ছোটোবেলায় তার শিক্ষাজীবনে টিউশন করে, কখনও দুধ বিক্রি করে তার জীবন অতিবাহিত করে তিনি তার সংসারের অন্যান্য সদস্য-সদস্যার জীবন চালিয়েছেন। এখনও সারা পশ্চিমবঙ্গের মানুষ-সহ আবাল-বৃদ্ধ-বনিতা সকলে জানেন তিনি এখনও সেই দশ ফুট বাই আট ফুট টালির ঘরে ছাদের তলায় বসবাস করেন। তাই তো তিনি গরীবের মর্যাদা বোঝেন, ভূমিহীন মানুষদের কথা বোঝেন, কিম্বা যার মাথায় ছাদ নেই, টালির ছাদ নেই, যাকে ত্রিপলের ছাউনিতে থাকতে হয়, যাতে তালপাতার ছাউনিতে থাকতে হয়, যাকে খড়ের ছাউনিতে থাকতে হয়, সেই গরীবদের কথা ভেবে তিনি গ্রামবাংলার বুকে যেখানে ওই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মুখ্যমন্ত্রী-সহ অন্যান্য নেতারা, মন্ত্রীরা বি.পি.এল. তালিকা নির্ধারিত করে বলে দিয়েছিলেন, বি.পি.এল. ছাড়া ইন্দিরা আবাসনের টাকায় একটা ঘর করার জন্য দেওয়া যাবে না। আর আমরা গর্বের সঙ্গে বলতে পারি আমাদের নেত্রী,

পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী, তিনি এসে চিন্তা করলেন এবং ভাবলেন যে না, পশ্চিমবঙ্গের আবাল-বৃদ্ধ-বনিতা, সমস্ত জাতি ধর্মের মানুষ আমাকে অনেক আশা, অনেক আকাঙ্ক্ষা নিয়ে মুখ্যমন্ত্রী করেছে। তাই এমন অনেক মানুষ আছেন, যেখানে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য-সহ পশ্চিমবঙ্গের বিগত দিনের সরকারের অনেক তাবড় নেতাকে মঞ্চে আমরা বলতে শুনেছি বি.পি.এল. তালিকা পশ্চিমবঙ্গে ভুলে ভরা। তাই মুখ্যমন্ত্রী বললেন যাদের বি.পি.এল. তালিকায় নাম নেই তাদের গীতাঞ্জলি প্রকল্প এনে আমরা তাদের টাকা দিয়ে ঘর করার ব্যবস্থা করে দেব। আজ পশ্চিমবঙ্গের বুকে যে কমরেডরা বসে আছেন, আমার মতোই অনেক প্রত্যন্ত গ্রামের ছেলে বা প্রত্যন্ত গ্রামের সম্মানীয় বিধায়ক, তাঁরা এখানে আছেন, তাঁরা গ্রামবাংলার কথা জানেন। আমরা বলতে পারি সংখ্যালঘু মানে শুধু মুসলিম নয়। আমরা মুসলিম সম্প্রদায়ের মানুষ, আমাদের ইসলাম ধর্মে কলেমা, নামাজ, রোজা, হজ, জাকাত পাঁচটা জিনিস নির্দিষ্ট করে দেওয়া আছে আমাদের মুসলিমদের জন্য। এবং আপনারা সকলেই জানেন আমাদের একটা রমজান মাস আসে, এক মাস। রোজা রাখতে হয়। একটা বিশেষ তাৎপর্য আছে এই রোজা রাখার পিছনে। কি সেটা ? এক মাস রোজা রাখলে, সেই ভোরবেলায় আজানের আগে খাওয়া।

[4.40—4.50 p.m.]

আর সন্ধেবেলা যে নমাজ হয়, সেই নমাজের আগে আমাদের মুখে কিছু দিতে হয়। এ থেকে আমাদের বোঝানোর চেষ্টা করা হয় যে, অর্ধাহারে, অনাহারে, অভুক্ত থাকলে মানুষের পেটের জ্বালা কেমন হয় সেটা তোমরা বোঝার চেষ্টা কর। তখন সেই মানুষগুলো বুঝতে পারে অর্ধাহারে, অনাহারে থাকলে মানুষের জ্বালা কেমন হয়, যেখান থেকে সাম্যবাদের সৃষ্টি হয়। তাই আমি কমরেডদের বলব—যাদের বাস্তবের সঙ্গে কোনো পরিচয় ছিল না, জনগণের সঙ্গে যাদের বিচ্ছিন্নতা শুরু হয়েছে, তাদেরকে কেন্দ্র করে এখন মাঠে-ময়দানে সভা করলে, তাদের প্রায় দু লক্ষ যে পার্টি মেম্বার আছে, যারা এখনও লেভি দেয়, তাদের উদ্দেশ্য বলতে হয়—কমরেড তোমাকে আসতে হবে নইলে তোমার মাসিক বেতন বন্ধ হয়ে যাবে। তাই আমরা বলতে পারি, মমতা ব্যানার্জী মাঠে-ময়দানে কিম্বা ব্রিগেডের বুকে কোনো সভা ডাকলে সেখানে কোনো রাজনৈতিক দলের লোকেদের আহ্বান করা হয় না, সেখানে কাউকে অঙ্গুলি হেলন করে বা চোখ রাঙিয়ে বলতে হয় না, সেই এলাকার আবাল-বৃদ্ধ-বনিতা সমস্ত জাতি-ধর্মের মানুষ, যারা হাতে হাতে গ্রাম বাংলার বুকে সমস্ত পরিষেবা পাচ্ছে, সমস্ত উপকার পাচ্ছে, সেই জায়গায় এসে সেই লক্ষ লক্ষ মানুষ জড়ো হয়ে যায়। স্যার, আমি শুধু একটা কথাই বলব। প্রাথমিক শিক্ষক নিয়োগের কথা বলছেন। আমি আমার আরামবাগ মহকুমার কথা বলি—প্রাথমিক শিক্ষক নিয়োগ কদিন আগে যেটা হয়ে গেল—তারা যখন এই সরকারের স্বচ্ছতা বা দুর্নীতির প্রশ্নে কথা বলে। এই আরামবাগ মহকুমার শালিপুর গ্রাম পঞ্চায়েতে রামমোহন গ্রামে মাননীয় প্রাথমিক শিক্ষক অশোক কোলে যার পরিচয়, শালিপুর ব্রাঞ্চ কমিটির তিনি হলেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির প্রাক্তন সাধারণ সম্পাদক। যিনি হলেন হুগলী জেলায় বামফ্রন্টের সময়ের প্রাথমিক শিক্ষা

সংসদের একজন মেম্বার। চাকরি পেল কে ? সেই অশোক কোলের ছেলে রাজেশ কোলে। চাকরি পেল কে ? সেই অশোক কোলের বউমা মুনমুন কোলে। চাকরি পেল কে ? ওই অশোক কোলের মেয়ে, তার নামটা এখন মনে করতে পারছি না। গিয়ে তাদেরকে খোঁজ নিতে বলছি। এখন আপনাদের দাঁড়িয়ে বলতে হবে যে এই প্রাথমিক শিক্ষক নিয়োগে স্বচ্ছতা আছে না দুর্নীতি আছে। সেটা আপনারা বলবেন, আপনারা ভাববেন। আমি বন্যা কবলিত এলাকার মানুষের কথা বলি। আমরা খানাকুলের মানুষ, পুড়শুরা বৈকুণ্ঠপুরের আমি বাসিন্দা। আমরা ৭৮ সালের বন্যা দেখেছি। আমরা ২০ সালের বান দেখিনি। সেই বীভৎস বন্যা, যাকে Man made বন্যা বলা হয়। সেই Man made বন্যা আমরা বিগত দিনে দেখেছি। আর আমরা গর্বের সঙ্গে বলতে পারি, এই সরকার আসার পর আড়াই বছরে অনেক প্রাকৃতিক দুর্যোগ, অনেক বন্যার মতো পরিস্থিতি আসার সম্ভাবনা ছিল, কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায়, তাঁর সেচ দপ্তর-সহ সমস্ত দপ্তরকে দিন-রাত পরিশ্রমের মধ্যে দিয়ে এই বন্যাকে নিয়ন্ত্রণ করা গেছে। আমরা আঙুল তুলে ওই কমরেডদের বলতে পারি, আজকে কম-বেশি কয়েক লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীরা প্রাক্ ম্যাট্রিক, উত্তর ম্যাট্রিক বৃত্তি পাচ্ছে। কেন কমরেড ? মুখ্যমন্ত্রীকে তো বাইরে থেকে, জাপান থেকে টাকা আনতে হচ্ছে না। প্রায় ২ লক্ষ কয়েক হাজার কোটি টাকার দেনা মাথায় নিয়েও তিনি এই কাজগুলো করতে পারেন। আপনাদের তো আমরা নিষেধ করিনি। যে অভাবটা আপনাদের ছিল সেটা ছিল সদিচ্ছার অভাব, সেইজন্য আপনারা করতে পারেননি। একজন নারী ধর্ষিতা হয়ে গেলে, একজন নারীর শ্লীলতাহানি হয়ে গেলে আপনারা অনেক চিৎকার করেন, আওয়াজ তোলেন। আপনারা জানেন না, আমরা গ্রামবাংলার ছেলে, আমাদের ঘরের মায়েরা, ঘরের বোনেরা, আমাদের বাড়ির মহিলারা যখন গ্রাম বাংলার বুকে ওই মেঠো পথ পার হওয়ার সময় হাঁটুর উপর কাপড় তুলে তাদের লজ্জা শরম জলাঞ্জলি দিয়ে আমাদের বাড়ির ছেলে-মেয়েদের স্কুলে পৌঁছে দিতে যেত, বৃদ্ধ মা-বাবার জন্য ওষুধ কিনতে ডাক্তারখানায় যেতে হত, হাট-বাজার করতে যেতে হত, তখন আপনাদের মনে হয়নি মহিলাদের লজ্জার কথা ? আজ আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেই রাস্তাগুলো ১০০ দিনের কাজ দিয়ে মাটি ফেলে, ৫ ফুট, ১০ ফুট উঁচু করে দিয়ে ঢালাই কিম্বা পিচের রাস্তা করে দিয়েছেন, এরই নাম তো উন্নয়ন। আপনারা চিৎকার করে বলেন ধর্ষণের কথা। কদিন আগে টি.ভি.-তে একটা কমিক দেখছিলাম। স্যার। সেই কমিকে কি দেখলাম ? দেখলাম, একজন কমরেডের বাড়ি, সেখানে ভাই-বোন পিতা-মাতা সকলেই আছেন। আর সেই কমরেড-বাড়ির একজন ছেলে তার বোনকে বলছে ওরে বোন তুই আর এই সরকারের আমলে রাত-বিরেতে বা যে কোনো সময়ে বাইরে বেরোস না। তাহলে তোর শ্লীলতাহানি হতে পারে। তাহলে তুই ধর্ষিতা হতে পারিস। তখন সেই বোন সেই দাদার উদ্দেশ্যে আঙুল তুলে বলল 'দাদা আমরা বাইরে যেমন বেরোই, বেরোই। তোমরা যেন বাইরে বেরিও না, তোমরা বাইরে বেরোলেই ওই কাণ্ড হবে। কদিন আগে কমিক দেখছিলাম বন্ধু। তাই গ্রাম বাংলার বুকে যে কৃষ্টি কালচারকে আপনারা হারিয়ে দিয়েছিলেন, আমরা স্কুলে বটগাছের ছায়ায় কাঁধে করে চটি নিয়ে গিয়ে বসে সেই ২৫শে বৈশাখ রবীন্দ্রনাথ ঠাকুরের গান আমরা

শুনতাম। সেই কৃষ্টি কালচার আপনারা ৩৫ বছরে হারিয়ে গিয়েছিল। আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী বাংলার বুকে সেই সব তিথি বরেণ্য মহাপুরুষকে সামনে রেখে আজকের দিনে যেমন শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেব পরম পূজনীয় ঠাকুর শ্রদ্ধার সঙ্গে তাঁর জন্মদিন পালিত হচ্ছে। কে বারণ করেছিল বন্ধু আপনাদের ? সেই কৃষ্টি কালচার ফিরে এসেছে। রাত্রি দশটা, এগারোটা পর্যন্ত আমরা গাঁয়ের মানুষ গ্রামে-গঞ্জে মেলা চললে, গ্রামের আমাদের বাড়ির, আপনাদের বাড়ির মা-বোনেরা এসে সেই মেলা উপভোগ করছে। আর আপনারা বলবেন না ভাই। কে বারণ করেছিল আপনাদের সেই সব অভিযোগ নিতে। আপনারা স্বরাষ্ট্র দপ্তরের কথা বলেন। তাই এত বাজেট যে বাজেটে দিশা আছে, যে বাজেটে আলো আছে। কোনো পরিসংখ্যান আমরা অর্ধশিক্ষিত বা অশিক্ষিত মানুষ গ্রাম বাংলার ভোট পেয়ে জিতে এসেছি। যে জিনিস থেকে গ্রাম বাংলার মানুষ উপকার পাচ্ছে সেখানে কোনো পরিসংখ্যান কাজ করে না। শুধু একটাই কাজ উন্নয়ন, উন্নয়ন, উন্নয়ন। তাই আমি আমার ভাষায় বলি, 'বাংলা আজ করেছে যা, ভারত কাল করবে তা'। ধন্যবাদ স্যার।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় চেয়ারম্যান স্যার, গতকাল মাননীয় ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন এবং বিবৃতি দিয়েছেন আমি তার বিরোধিতা করছি এই কারণেই যে অনেকগুলি বিষয় আছে। বামফ্রন্টের বিধায়কগণ ইতিমধ্যেই আলোচনা করেছেন। আমি সমর্থন করতে পারছি না এই কারণেই যে বাজেটে বিভ্রান্তিকর বক্তব্য আছে। কর নীতিটা অস্বচ্ছ। কর্মসংস্থানের সঠিক কোনো হিসাব নেই। বাজার থেকে ঢালাও ঋণ গ্রহণ করা হচ্ছে। অনুৎপাদক খাতে ব্যাপক ব্যয় করা হচ্ছে। প্রতিশ্রুতি এবং কাজের মধ্যে ফারাক আছে। এছাড়াও, মূল্যবৃদ্ধি ঘটছে আপনারা জানেন। চেয়ারম্যান স্যার, আপনি জানেন, মাননীয় অর্থমন্ত্রীও জানেন পেঁয়াজ ৬০ টাকা হয়েছিল। মুগডল এই এক বছরে কেজিতে ৫০ টাকা করে বেড়েছে। আপনারা কেনেন। এখানে যারা সরকার পক্ষের বিধায়কগণ আছেন তাদের বাড়িতেও এসব ক্রয় করতে হয়। নুন, তেল, ঝাল, মশলা নিত্যব্যবহার্য জিনিস। বাজেটে এক লাইন কোথাও নেই। প্রবেশ কর নিয়ে গতবারেই আমরা বলেছিলাম। প্রবেশ করের জন্য মূল্যবৃদ্ধি ঘটছে। ডিজেলের দাম বাড়ানো হচ্ছে। তার উপরে আপনারা ইচ্ছে করলে করটা তুলে নিতে পারেন। বাড়াচ্ছেন। তার সঙ্গে কৃষি উৎপাদনে সম্পর্কিত। বিদ্যুতের দাম বাড়ছে, আটবার বাড়িয়েছেন। কোথাও নেই। মাননীয় মুখ্যমন্ত্রী তো তিনি এসবের ধার ধারেন না। তিনি যখন তখন যেখানে খুশি ঘোষণা করেন। স্যার, বাজেটের তো গুরুত্বই কমে গেছে। গতবারে এক মিনিটে আঠাশটা দপ্তরের বাজেট গিলোটিনে দিয়ে দেওয়া হল। বিধায়কদের তো গণতন্ত্র নেই। পশ্চিমবাংলার মানুষ অপেক্ষা করছেন আপনাদের কবে গিলোটিনের সুযোগ দেবে। সুযোগ পাবেন তারা। অপেক্ষা করছেন। কৃষকের ফসলের দাম না পেয়ে ইতিমধ্যে ৮৯ জন কৃষক আত্মহত্যা করেছেন। উত্তরবঙ্গে চা-বাগানে শুধু জলপাইগুড়িতে চা-বাগানের শ্রমিক আত্মহত্যা করেছেন। বিবৃতিতে সে সব কোথাও নেই। কৃষি উপকরণের দাম বাড়ছে। এখন সবজির দাম কম। চাষীরা সরাসরি বিক্রি করছেন। তারপরে যখন কলকাতায় বা শহরে মিডলম্যানরা বিক্রয় করবে তখন তার দাম হবে তিনগুণ, চারগুণ। দাম বাড়ছে। স্বাভাবিকভাবেই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি

না। এম.এস.কে. প্যারা টিচার, শিক্ষাবন্ধু ভি.আর.পি. পার্ট টাইম অধ্যাপক যারা আছেন তাদের চুক্তিভিত্তিক শিক্ষক, আই.সি.ডি.এস., আশা প্রকল্প, প্রাণীবন্ধু, শিশু শিক্ষা বিদ্যালয় কর্মরত যারা, শিশু শ্রমিক বিদ্যালয়ে কর্মরত যারা, এইরকম কয়েক লক্ষ, বামফ্রন্টের আমলে ১ লক্ষ ৪০ হাজারকে নিয়োগ করা হয়েছিল। তাদের বিষয় কোথায় ?

[4.50—5.00 p.m.]

তাদের বিষয় কোথায় ? উনি সংবেদনশীল অর্থমন্ত্রী কিনা, তাহলে তো তার প্রতিফলন এখানে ঘটত। আমি বলব মাননীয় অর্থমন্ত্রী বোধহয় একটু দিশেহারা হয়ে গেছেন। তাঁর ঘরটা মুখ্যমন্ত্রী ভেঙে দিয়েছেন। রাইটার্স স্থানান্তরিত হয়ে গেল। ঘর ভেঙে দিয়েছেন। ঘর ভাঙলে যা দশা হয়। পনেরো তলাতে গিয়ে উঠলেন। ডাঃ বিধান রায় থেকে শুরু করে সকলে একতলাতে বসে কাজ করতেন। বাস্তুতন্ত্র এখানে বিজ্ঞান প্রযুক্তিতে টাকা খরচ করা যায়নি কেন ? জ্যোতিষী গ্রহরত্ন বিচার করা সব রাইটার্সে ঘুরছেন। নবান্নতে ঘুরছেন। কে কোন দিকে মুখ করে বসলেন। এখানে তো জার্মানি থেকে কাঠ এল। সব ঠাণ্ডার দিনে গরম, গরমের দিনে ঠাণ্ডা হবে এইরকম সব বাড়ি তৈরি হল রাইটার্সে। সেইসব আবার ভেঙেচুরে চলে গেলেন। ছয়মাস, আমি অর্থমন্ত্রীকে বলব ছয়মাস, প্রতিশ্রুতি রাখবেন তো ? আবার সেই রাইটার্সে আসবেন তো ? ছেলে-মেয়েরা এলাকার মানুষজন নিয়মিত আমাদের ফোন করছেন, আরে রাইটার্সটা কোথায় ? কিভাবে যাব মন্দিরতলায় ? কোথায় নবান্ন ? নবান্ন তো শোনেননি। রাইটার্স বিল্ডিং জানতেন। মহাকরণ জানতেন। আমি সেইজন্য বলব যে, (গোলমাল) উনি যেখানে বসবেন সেই জায়গাটারই তো অবস্থা খারাপ। কোথায় যাবেন ? এছাড়া বলব টি.এম.সি.-র ইস্তাহারে ছিল—মদের দোকান আপনারা করবেন না। এখন তো মোটেল হচ্ছে। বাজেট বক্তৃতায় বলা হচ্ছে। মোটেল মানে পান্থশালা—এই পান্থশালায় খানাপিনা হবে। তার কথা বলছেন বাজেট বক্তৃতায়। এরপরে আসছি—আপনারা শপিং মলের বিরোধিতা করেছিলেন। আপনাদের নির্বাচনী ইস্তাহারে ছিল। এখন মুখ্যমন্ত্রী-সহ সব মন্ত্রীরা উদ্বোধন করতে যাচ্ছেন। বন্ধ কলকারখানা খোলার চাবি নিয়ে আপনারা ঘুরছিলেন। তিন কোটি শ্রমদিবস নষ্ট হল এই সময়কালে। কি হল তার ? উনিশ হাজার একর উদ্বৃত্ত জমি, সেখানে কারখানার অব্যবহৃত জমি তার কি হল ? ওই তো মন্ত্রী বসে আছেন, তার জবাব ভাবছেন। প্রশ্নের উত্তর থেকে পেয়েছি। দশ হাজার মাদ্রাসা তার কি হল ? সংখ্যালঘুদের উন্নয়নের জন্য ৬৮০ কোটি টাকা কেন্দ্র দিয়েছেন, তা খরচ করতে পারেননি এই সময়কালে। টাকার জন্য হা-হুতাশ করেন। শালবনীতে জিন্দালের কি হল—ইস্পাত প্রকল্পের ? মাননীয় মন্ত্রী বলবেন সেই ব্যাপারটার কি হল ? এই কথাগুলি তো বলতে হবে। আপনি তো অনেকগুলি মন্ত্রীকে ফেল করিয়ে দিয়েছেন। আবাসন, অনগ্রসর, স্কুল শিক্ষা, সমবায়, সেচ, উত্তরবঙ্গ, পশ্চিমাঞ্চল, স্বরাষ্ট্র, কৃষি বিপণন, সমবায়, শ্রম, বিপর্যয় মোকাবিলা, বন, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বিজ্ঞান প্রযুক্তি ক্রীড়া জলসম্পদ। আপনি অর্থমন্ত্রী স্যার আপনি এদের ফেল করিয়ে দিয়েছেন। টাকা খরচ করতে পারেননি। কিন্তু আমাদের হিসাবে আপনি ফেল করেছেন। আপনি অর্থমন্ত্রী আপনি ফেল করেছেন টাকা খরচ করতে পারেননি। আপনাদের

কি চলছে ? আপনারা তো একটা ঘোরের মধ্যে আছেন। কে কখন মন্ত্রী থাকবেন ? কতবার মন্ত্রীসভার অদলবদল হল ! মন্ত্রীরা কাজ করবেন কি করে ! আমি এম.এল.এ. হিসাবে যাচ্ছি তারপরে শুনলাম তিনি এখন সেই দপ্তরের মন্ত্রী নেই। আজকে বোঝালাম পূর্ত দপ্তরের মন্ত্রীকে, তিনটি বদল হয়ে গেল। এই যে বিষয়গুলি ঘটছে, সেইজন্য আমি বলব যে কি দাঁড়াচ্ছে ? এই বিষয়গুলি আমি উল্লেখ করলাম। আপনারা বলছেন বামফ্রন্টের আমলের ৩৪ বছর। আমি বলব আপনাদেরকে বিনীতভাবে, আপনারা যে জায়গা থেকে নির্বাচিত হয়েছেন, সেই এলাকার মানুষদের জিজ্ঞাসা করুন, আপনাদের পরিবারের ছেলে-মেয়েদের, পরিবারের সকলকে একটু জিজ্ঞাসা করবেন। চৌত্রিশ বছর আগে ঠিক কেমন ছিল। ছত্রিশ বছর আগে কেমন ছিল ! গ্রামবাংলা কেমন চেহারা ছিল ! বিদ্যুৎ কেন ছিল ! নলবাহিত জল ছিল কিনা ! গ্রামের সঙ্গে শহরের দূরত্ব বামফ্রন্টের আমলের আমরা খানিকটা মেটাবার উদ্যোগ গ্রহণ করেছিলাম। শহরে যে জিনিসগুলি পাওয়া যায়, সেগুলি গ্রামে যাতে পাওয়া যায় সেই চেষ্টা করেছিলাম। ভালো ভূমিসংস্কার হয়েছে। সেইজন্য ভালো পঞ্চায়েত হয়েছে। কয়েক লক্ষ, তিরিশ লক্ষের মতো কৃষক উপকৃত হয়েছেন। কি করে বাদ দেবেন ? কৃষি উৎপাদন সেখানে এক কোটি সত্তর লক্ষ সেখানে রেকর্ড পরিমাণ উৎপাদন করে আপনাদের হাতে দায়িত্ব দেওয়া হয়েছিল। আপনারা কি করছেন সেটা আপনারা জানেন। সবজিতে দেশে প্রথম। আলুতে দ্বিতীয় হল। ফলমূল শাক-সবজিতে শুরু করে লিচু আনারস উৎপাদন থেকে শুরু করে আমরা এগিয়ে গেলাম। আপনারা এবারে বলবেন যে, আমরা তো অনেকে প্রথম হয়ে যাচ্ছি। হ্যাঁ, আপনারা কিসে প্রথম হচ্ছেন ? আপনারা দেশের মধ্যে প্রথম হয়েছেন নারী নির্যাতনে। প্রথম হয়ে যাচ্ছেন এই সময়কালে। আড়াই বছরে ৫৫ হাজার কোটি টাকা ঋণ নেওয়ার নজির ভারতে আর কারও নেই। ৬৫ বছরে এক লক্ষ চুরানব্বই হাজার কোটি টাকা ঋণ, আর আপনারা সেখানে গড়ে হিসাব করুন, কারণ আপনি ভালো অঙ্ক জানেন—আপনারা আড়াই বছরে ৫৫ হাজার কোটি টাকা। ফলক শিলান্যাস তাতে আপনারা প্রথম হয়ে গেছেন। ফলক শিলান্যাস হয়েছে, কিন্তু সেখানে রূপায়ণ হয়নি। মহিলাদের উপরে অত্যাচার করা হয়েছে। কৃষকের আত্মহত্যা বলেছে। আর বাকি সেখানে আরও যে অন্যান্য বিষয়গুলি আছে সেগুলির মধ্যে একটি হল ঘোড়া কেনা-বেচা। বিধায়ক থেকে শুরু করে গ্রাম পঞ্চায়েত এবং পৌর প্রতিনিধি। কেনা-বেচা, ঘোড়ার মতো কেনা-বেচা, এতে আপনারা প্রথম হয়ে গেছেন। মহাকরণ—জ্যোতিষ বাস্তুতন্ত্র—কোনো রাজ্যের সরকার করেননি, আপনারা করেছেন, নিয়োগ করেছেন তাদের। ডেইলি হাত দেখান আপনারা, কোষ্ঠি বিচার করেন। আর নতুন নতুন নামকরণে—'আমার বাড়ি'—এটা গীতাঞ্জলি, রূপান্তর ঘটিয়েছেন নাম। 'জল ধরো, জল ভরো'—এটা আমি যখন পঞ্চায়েত সভাপতি ছিলাম ১৯৯৩ সালে, তখন বহু বহু টাকা দেওয়া হয়েছে গোটা পশ্চিমবাংলায়। তার নাম এখন আপনারা বলছেন, 'জল ধরো, জল ভরো'। এইরকম সব অসংখ্য প্রকল্প আছে সেগুলো—২ টাকা কিলো দরে চাল—এটা কি নতুন আপনারা করছেন? আমরা ২ কোটি ৬৪ লক্ষ মানুষকে ২ টাকা কেজি দরে চাল দিয়েছিলাম। এন.আর.ই.জি.এ. ২০০৯-১০-এ আমরা ৪৫ দিন কাজ দিতে পেরেছিলাম। আর আপনারা সেখানে ২৬ দিনের মাথায়

রয়ে যাচ্ছেন। আরেকটা ব্যাপার বলব শিল্প, শিল্পের কথা, যার চাকরি চলে গেল। মধ্যপ্রদেশ যেখানে—দেশের মধ্যে আমাদের পশ্চিমবাংলা কত ? ০.৯৫। আমাদের ভাগ। মধ্যপ্রদেশ কত ? ২১.৫৮। মহারাষ্ট্র কত ? ৯.৭৪। গুজরাট কত ? ১৬.১৬। উড়িষ্যা কত ? ১৬.১১। আমাদের এখানে মাত্র ৩ হাজার ৭১০ কোটি টাকার বিনিয়োগ এসেছে। আর লেফ্ট ফ্রন্টের আমলে ১৫ হাজার কোটি টাকা সর্বশেষ বিনিয়োগ এসেছিল। চেয়ারম্যান স্যার, আমি আরেকটা কথা বলতে চাই। পশ্চিমবাংলার বামফ্রন্টের ৩৪ বছরের যে সাফল্য, সেটা প্রশ্নাতীত। গবেষণা করার জন্য দেশ-বিদেশের মানুষ আসেন। কে কোথায় হাসছেন, হঠাৎ ১০ বছর পরে এসে বললেন, কলকাতার মানুষ নাকি হাসছেন। কেন হাসছেন ? কি ব্যাপার ? আমি বলতে চাই, একজন বিশিষ্ট মানুষ বলেছিলেন যে, একজন কৃষক, একজন বাগানের মালিক প্রাণ খুলে ভরিয়ে তুলেছিল বাগান। দুটো-চারটে হনুমান এসে তাকে লণ্ডভণ্ড করে সব চুরমার করে দিল। গোটা পশ্চিমবাংলা আপনারা লণ্ডভণ্ড করে দিচ্ছেন। ৩৪ বছরের সাফল্যকে আপনারা নস্যাৎ করে দিচ্ছেন। তাই আমি বলব, পশ্চিমবাংলার মানুষ আপনাদের ক্ষমা করবেন না। আমি আরেকবার এই বাজেট বিবৃতির বিরোধিতা করে, ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী শীলভদ্র দত্ত : অনারেব্‌ল চেয়ারম্যান স্যার, অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের আনা ২০১৪-১৫ সালের বাজেট বিবৃতির পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। রামেশ্বরবাবুর ঘোড়া কেনা-বেচার কথা বললেন। আমি জানিনা, দলের বেতো ঘোড়াদের দেখে চালাক ঘোড়াগুলো পালিয়ে গেল কিনা। সে যাই হোক, সবাই বেতো ঘোড়া, সেখানে যদি দ্রুতমান আরবি ঘোড়া হয়, সে তো থাকতে পারবে না, পালাবেই। ওনাদের রাগ হবে। স্যার, আমি এই বক্তৃতা শুরুর আগে একটা ব্যাপারে কথা বলছি, সেটা হয়তো বাজেটের সাথে মিলবে না। আজকে আমার আসতে দেরি হয়েছে। আমি জেনারেলি দেরি করি না। আমি জেনারেলি আমার এই আড়াই বছরের বিধানসভার জীবনে কামাই করিনি, আমি প্রতিদিনই সকালে ঠিক সময়ে এসে শেষ অবধি থাকার চেষ্টা করি। কিন্তু আজকে আমার দেরি হয়েছে তার কারণ, আমার বিধানসভা কেন্দ্রে মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু একটা উর্দু মিডিয়াম নতুন স্কুল এবং একটা হিন্দি মিডিয়াম নতুন স্কুলের সূচনা করলেন, কাজ শুরু করলেন। আমি এই বাজেটে দেখেছি যে, উর্দু মিডিয়াম স্কুল তৈরির কথা। আমি যখন আমার গাড়িতে আসছিলাম, তখন ভাবছিলাম যে, কদিন আগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়ে একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী বেশ হাত মুঠো করে বললেন, বাংলায় কিছু হয়নি। আরেকজন—এখন বিরোধী দলনেতা, তিনি আবার চার্জশিট দিলেন। ওঁরা কাজ খুঁজে পাচ্ছিলেন না। কিন্তু আমি দেখলাম, আমাদের এলাকাতেই কাজ হচ্ছে। তাই ভাবছিলাম, যে কি হচ্ছে ! ওরা কি বুঝতে পারছেন না, নাকি ওদের মাথা খারাপ ! আর আজকে এখন বোধহয়—বিরোধী দলনেতা আছেন, আমি জানি না স্যার, আইন-শৃঙ্খলার অবস্থা খুব খারাপ হয়েছে স্যার, কারণ, একটা ব্যাপারে সুভাষবাবু বলে গেলেন। আমি এখান থেকে দাঁড়িয়ে সুভাষবাবুর বাড়ির ঘটনাটার যেমন তদন্তের দাবি জানাচ্ছি—কেন ঘটল, কারা ঘটালো—তদন্ত করা উচিত। আবার স্যার আমি শুনলাম, আমি জানি না সত্যি

কনা—সেটা বিরোধী দলনেতা বলতে পারবেন। এক প্রাক্তন সাংসদ, তিনি নাকি দুর্নীতি করেছেন। গতকাল দেখলাম তিনি দল ছাড়ছেন। তাঁর বিরুদ্ধে তদন্ত করার জন্য একজন প্রাক্তন বিধায়ক, তাঁর নেতৃত্বে দলের লোকজন হলদিয়া গিয়েছিলেন। স্যার, শুনলাম, প্রাক্তন সাংসদের লোকজনেরা প্রাক্তন বিধায়কের লোকজনদের মারছেন।

[5.00—5.10 p.m.]

প্রাক্তন বিধায়ক তাঁর নেতৃত্বে দলের লোকজন হলদিয়া গিয়েছিলেন, স্যার, শুনলাম প্রাক্তন সাংসদের লোকজনেরা প্রাক্তন বিধায়কের লোকজনদের মারছেন, প্রাক্তন বিধায়ক গাড়ির মধ্যে বসে আছেন, পালিয়ে বেঁচেছেন। ওঁরা মারধোর করবেন, আর রাজ্যের নামে দোষ পড়বে এটা কি হবে বুঝতে পারছি না। এটা আমি বুঝতে পারছি না স্যার। বক্তৃতার শুরুতেই মানসদা এখানে নেই, কিন্তু আমি যখন রাজনীতি করি বিশ্ববিদ্যালয়ে সেই সময় মানসদা ডাক্তারি পাশ করে ৮২ সালে প্রথম বিধায়ক হিসাবে নির্বাচনে দাঁড়িয়েছেন, লড়ছেন। তখন আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তা মানসদা যখন আমাদের নেতা, মানসদার কাছ থেকে অনেক শিক্ষা লাভ করেছি, কাছাকাছি ছিলাম। কিন্তু মানসদার বক্তৃতা দিয়ে গিয়ে আমি দুটো জিনিস দেখলাম, আমি জানি না মানসদার মতো সিনিয়র মানুষ যদি অসত্য ভাষণ দেন সেটা তাঁর অজ্ঞতা, নাকি ইচ্ছাকৃত। যদি ইচ্ছাকৃত হয় তাহলে প্রিভিলেজ মোশান আনা যায় কিনা আমি সেটা জিজ্ঞাসা করছি। আর মানসদাকে বলব যে নেট দেখে এইসব রিপোর্ট বের করেন তাকে শিক্ষিত হতে বলুন, নাহলে, বোধহয় ভুল জায়গায় খোঁজাখুঁজি করেছেন। আপনি বোধহয় রিপোর্টটা ঠিক পাননি। মানসদা ওখানে দাঁড়িয়ে বক্তৃতা দিতে গিয়ে মাননীয় মন্ত্রী উপেন বিশ্বাসকে লক্ষ করে বলছিলেন—যেটা আবর না জেনেই সমর্থন করলেন সুভাষ নস্কর সাহেব—বললেন যে সব থেকে কম পয়সা খরচা করেছেন উপেনবাবু এই মন্ত্রীসভার। আমি একটা হিসাব দিয়ে যাচ্ছি, যে হিসাবটা চ্যালেঞ্জ জানিয়ে সরকারে ফেলে দিয়ে যাচ্ছি, দেখে নিতে পারেন। সেটা হচ্ছে স্টেট প্ল্যান বাজেটে ৫২৩ কোটি টাকা বরাদ্দের ৪০০ কোটি টাকার উপরে মানে ৭৬.৫৪% টাকা মাননীয় উপেন বিশ্বাসের দপ্তর খরচা করেছে। মানসদাদের ১৬৮ কোটি টাকা কথাটা সম্পূর্ণ অসত্য। মানসদারা ঠিক কথা বলেননি। যেমন সেন্ট্রাল স্কীম থেকে যে টাকা এখনও পর্যন্ত এসেছে, আপনারা শুনলে কষ্ট পাবেন—এখানে অসিতদাও নেই, অসিত মিত্র নেই,—যে টাকা এসেছে, এখনও পর্যন্ত পুরো টাকা আসেনি। যত টাকা এসেছে তার থেকে বেশি টাকা খরচা হয়েছে। ১৪২.২৯% টাকা এই দপ্তর খরচা করেছে। মানসবাবু সেটা জানেন না। পিছন থেকে শাওনী সিংহরায় বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন, তিনি এখন নেই, সেন্ট্রাল ইয়ুথ বাজেটে আবার ২০৫.২৫% বেশি টাকা খরচা করেছেন মাননীয় উপেন বিশ্বাস তাঁর দপ্তরে। আর নন-প্ল্যান বাজেটে এবং আমি যে হিসাব দিচ্ছি স্যার, সবটাই ৩১.১.২০১৪ মানে আজ অবধি খরচা, দেখতে গেলে এর সঙ্গে আরও টাকা যোগ হয়েছে। আর নন-প্ল্যান বাজেটে ৩১.১.২০১৪ পর্যন্ত যে টাকা খরচা হয়েছে সেটাও ৭৬.৯১%, এটা ৩১.১.২০১৪ পর্যন্ত খরচা। তার পরেও একটা মাস চলে যাচ্ছে। সুতরাং যে টাকা—মানসদার আবার স্বভাব হচ্ছে বক্তৃতা দিয়ে চলে যান, পরেরটা শোনেন না। কারণ

ভুলগুলো মানুষ ধরিয়ে দেবে, তার জন্য পালিয়ে যাওয়াটাই ভালো, মানসদা চলে গেছেন। বক্তৃতা দিতে গিয়ে মানসদা বললেন এবং ইমরান বলল যে BRGF-এর টাকা, মানসদা বললেন যে, "BRGF-এর টাকায় সমস্ত কাজ হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের টাকা এটা কেন বললেন না, এত কুণ্ঠা কেন অর্থমন্ত্রীর, এত দ্বিধা কেন অর্থমন্ত্রীর। কেন স্বীকার করলেন না কেন্দ্রের টাকার কথা। আবার বলছেন BRGF-এর টাকা পড়ে আছে, সেটা কেন আসছে না।" মানসদা আপনি তো পণ্ডিত মানুষ, ইমরান ভুল করতে পারে, ইমরানের ভুল হতে পারে, ও হয়তো জানে না, কিন্তু মানসদা আপনি তো ডাক্তার মানুষ, শিক্ষিত মানুষ, দীর্ঘদিন ৮২ সাল থেকে বিধানসভায়—মাঝখানে একবার হেরেছিলেন—আপনি আসেন, তাহলে জানেন BRGF-এর টাকা ইউ.সি. যোজনা কমিশন থেকে সার্টিফায়েড হয়ে জমা না পড়লে পরের বারের টাকা আসে না। তাহলে মানসদা টাকাটা এল কি করে ? ইউ.সি. তো খরচা না করে করা যায় না। মানসদা আবার অসত্য বললেন, না ভুল রিপোর্ট পেলেন ? এ কথাগুলো বলে চলে যাচ্ছেন। আবর মানসদা বলার সময় ভালো স্টাইল দেন, অর্থমন্ত্রীকে শ্রদ্ধা জানিয়ে অনেক কিছু বলেন। কিন্তু বিধানসভায় দাঁড়িয়ে এই কথাগুলো বলার সময় মানসদা একটুখানি ভেবেচিন্তে বললে ভালো হত। শাওনী সিংহ রায় একটা কথা ভালো বলেছেন, শাওনী সিংহ রায় বক্তৃতা দিতে গিয়ে বলেছেন—এরপরে বোধহয় ঘুরিয়ে যেটা বললেন, আমার যেটা মনে হয়েছে, আমি অত শিক্ষিত নই, শাওনীর বক্তৃতার মানে যদি আমি বুঝতে পারি,—শাওনী বলেছেন যে এমন একটা চেষ্টা চলছে যে আমরা সি.পি.এম.-কে এখানে বসিয়ে দিয়ে দিল্লী চলে যাব, দিল্লী থেকে লাড্ডু পাঠাব, সি.পি.এম. এখানে সরকারে বসবে। শাওনী এটা ঠিক বলেছেন। কারণ শাওনী জানে, শাওনী এই অঙ্কটা ভালো জানে। শাওনীর যে রাজনৈতিক গুরু মুর্শিদাবাদের সাংসদ, বহরমপুরের সাংসদ পঞ্চায়েত ইলেকশানে এই পদ্ধতিটাই করেছেন। পঞ্চায়েত সমিতিতে সি.পি.এম. জিতেছে। জেলা পরিষদে শাওনীরা জিতেছেন। ওই অঙ্কটা শাওনী ভালো জানে বলেই এখানে সেই কথাটা বলেছেন। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে এখানে বসিয়ে দিয়ে—তথ্য দেখে নেবেন, তথ্য বুঝে যাবেন, পেয়ে যবেন। এইসব বিষয় নিয়ে কথা বলে আজকে এখানে দাঁড়িয়ে বলছেন। আর মাননীয় অর্থমন্ত্রী আপনার কাছে আমি শুধু একটা কথা বলব যে, আজকে সারা বাংলার মানুষ যেখানে একজনকে বক্তৃতা দিতে গিয়ে বলছিলেন যে, চাকরি পাবে তারাই শুধু মন্ত্রীর ছেলে-মেয়ে-বউরাই ? আসল কথা কি জানেন তো যে রাজ্যে অর্থমন্ত্রীর মায়ের এন.জি.ও. সবথেকে বেশি কাজ পেত একটা জেলার জেলা পরিষদে, যে রাজ্যে স্বাস্থ্যমন্ত্রীর স্ত্রীর এন.জি.ও. স্বাস্থ্য দপ্তরে বেশি কাজ পেত সেই রাজ্যে মানুষ সততা, স্বচ্ছতা এটা বুঝে উঠতে একটু কষ্ট পায়। কিন্তু আপনি যে স্বচ্ছতা নিয়ে এসেছেন, যে স্বচ্ছতা এখানে চালু করবার চেষ্টা করছেন সেই বিষয়ে আপনাকে ধন্যবাদ জানাতে হয়। কারণ আপনি যেটা আজ করেছেন শুধু বৃত্তি কর দেওয়াকে নিয়েই আমি বলছি না, যেটা বলতে চাইছি সেই বিষয়টা হচ্ছে, আপনার যে কাজগুলো, আপনি যে সমস্ত ট্যাক্স বসানো, ভ্যাটের উপরে যে কাজ করেছেন এবং ওই সেল্‌স ট্যাক্স দপ্তরের অফিসারদের ব্যবসার জায়গায় পৌঁছে গিয়ে, ভয় দেখিয়ে সব অফিসার নিশ্চয়ই নন কিন্তু কিছু কিছু দুর্নীতিগ্রস্ত মানুষ যে সুযোগটা নিতেন সেই ব্যবস্থাটাই আপনি বন্ধ করে দিয়ে যে

স্বচ্ছতা নিয়ে এসেছেন তার জন্য আমি বলতে পারি, আপনার স্লোগানটাকেই ধার করে নিয়ে আমি এখানে বলতে পারি, বাংলার অর্থমন্ত্রী যা ভেবেছে আজ সারা ভারতবর্ষের সব অর্থমন্ত্রী সেটা ভাববে কাল। আপনি যে কাজটা করেছেন। আজকে আবাসন শিল্প যেখানে গিয়ে পৌঁছেছে, আজকে আবাসন শিল্পে প্রচুর মানুষ এখানে আসছে নতুন করে। জিনিসের দর বেড়েছে বলে আজকে একটা প্লট, একটা জায়গার দাম বেড়ে গেছে। সেখানে অনেক মানুষ গরীব মানুষ, গরীব ঠিক নয় মধ্যবিত্ত সম্প্রদায়ের মানুষ তারা অর্থ জমিয়ে বাড়িটা কিনতে যায়। এখন ২৫ লাখ, ৩০ লাখ টাকা একটা ফ্ল্যাটের দাম অনেক জায়গাতেই হয়ে গেছে। সেখানে ১% স্ট্যাম্প ডিউটি কমানোটাই আমার মনে হয় বাংলার মানুষ আশীর্বাদের যে হাত আপনার মাথার উপরে, মাননীয়া মুখ্যমন্ত্রীর মাথার উপরে তুলে দেবেন সেটা ভেবেই ভয়ে এরা ভুল বকছে। তাই রামেশ্বরবাবুরা এখানে ভুল বকতে শুরু করেছেন। কিছু করার নেই। আপনার কাজ বাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আপনি যে ভাবে ২৫ লক্ষের অধিক হলে পরে ১% বেশি স্ট্যাম্প ডিউটি দিতে হয় সেটা আপনি ৩০ লক্ষ টাকা অবধি বাড়িয়ে দিলেন। মানে ৩০ লক্ষ টাকার নীচ অবধি একটা মানুষ যদি কোনো গাড়ি কেনে বা ফ্ল্যাট কেনে তাকে এই অতিরিক্ত স্ট্যাম্প ডিউটিটা দিতে হবে না। ৩০ লক্ষ টাকা অবধি মূল্যের সম্পত্তির জন্য ৭% স্ট্যাম্প ডিউটিটা ৬% করেছেন। এর জন্য বাংলার মানুষ আপনাকে ধন্যবাদ জানাচ্ছে। তাই আজকে বাংলার সমস্ত ব্যবসায়ী গোষ্ঠী থেকে শুরু করে সাধারণ মানুষ এই বাজেটকে সমর্থন জানাচ্ছেন। শুধু সমর্থন জানাতে পারছেন না আমাদের বিরোধী পক্ষের মানুষজনেরা। আপনি যে জিনিস করেছেন স্ট্যাম্প ডিউটির ঘাটতি দিতে দেরি হলে যে ২% সুদ দিতে হত তার ঊর্ধ্বসীমাও ২% থেকে কমিয়ে ১% নিয়ে এসেছেন এবং ঊর্ধ্বসীমাটাও ২০ হাজার টাকর মধ্যে এনে রেখেছেন এর জন্য বাংলার মানুষ আপনাকে আশীর্বাদ করছেন। বাড়ি মেরামতির জন্য মাড়ির মর্টগেজ ঋণের উপরও আপনি ঊর্ধ্বসীমা ছাড়াই ৪% হারে স্ট্যাম্প ডিউটি দিতে হয়, দ্বিতীয় বন্দকের ক্ষেত্রে মূল বন্দকের মতোই স্ট্যাম্প ডিউটি হবে সর্বোচ্চ ১ লক্ষ টাকা। আজকে আপনি স্বচ্ছতা আনার জন্য হিসেবটা যে জায়গায় নিয়ে এসেছেন তার জন্য বাংলার মানুষ আপনাকে ধন্যবাদ জানাচ্ছে। চা শিল্পের শ্রমিকদের স্বার্থে, গ্রামীণ কর্মসংস্থান সেস ও শিক্ষা সেস আগামী অর্থবর্ষে আপনি মকুব করে দিলেন। এই কাজগুলোর মধ্যে দিয়েই আপনি বাংলার উন্নয়ন শুধু নয়, বাংলার গরীব মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার যে কাজ করছেন তার জন্য আবার বলতে হয়, বাংলার অর্থমন্ত্রী যা ভেবেছে আজ ভারতবর্ষের সমস্ত অর্থমন্ত্রীরা তা ভাববে কাল।

[5.10—5.20 p.m.]

আজকের দিনে দাঁড়িয়ে আপনার এখানে আমি যদি পুরনো দিনের কিছু আমার কাছে ৮-৯, চাকরি হবে ভাই, এত ঘাবড়ে যেও না। আড়াই বছরে হচ্ছে, মাথা খারাপ হয়ে যাচ্ছে কেন ? আমার কাছে অসীমবাবুর বাজেটের ৮-৯, ৯-১০, ১০-১১-র বাজেটের কপি হাতে আছে। আমি কতগুলো বিষয়ে স্বাস্থ্য নিয়ে, শিক্ষা নিয়ে সবাই বলছেন, আমি ছোটো জায়গাগুলোতে চলে যাই। যেগুলো আমার মনে হয়, মানুষের স্বার্থে মানুষের কাজে

ভীষণভাবে দরকার হয়। মাননীয় যুবকল্যাণ দপ্তরের মন্ত্রী বসে আছেন, ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর, আমি যদি সেখানে চলে যাই, আপনার যে কাজ আপনি যে জিনিস করেছেন, আপনার আমলে ক্রীড়া দপ্তরে ১৪২ কোটি টাকা এবং যুবকল্যাণ দপ্তরে ১৩০ কোটি টাকা আপনি বরাদ্দ করেছেন। আমার কাছে, (নয়েজ) দপ্তর আছে কি না, দপ্তর আছে কি না বুঝতে পারছেন তো। সেদিন তো মন্ত্রী উত্তর দিয়েছেন, আর যদি খুঁজে না পান, চশমা লাগান। ক্রীড়া দপ্তর আমার কাছে ২০১০-১১, সময় কম সব খুলে দেখাতে যাওয়া মুশকিল। ২০১০-১১-র বাজেটে আমি যদি ক্রীড়া দপ্তরে দেখি সেখানে কত টাকা বরাদ্দ ছিল জানেন ? বরাদ্দ ছিল ৫০ কোটি টাকা। ২০১০-১১-এ বরাদ্দ ৫০ কোটি টাকা। আর ২০১৪-১৫-তে ক্রীড়া দপ্তরে বরাদ্দ ১৪২ কোটি টাকা। যুবকল্যাণ দপ্তরে আলাদা করে কোনো বরাদ্দ আমি খুঁজে পাইনি। হয়তো আছে, আমি জানি না আমি পাইনি। এটা হয়তো আমার অজ্ঞতা হতে পারে। কিন্তু আপনার কাছে আপনি সেই যুব কল্যাণ দপ্তরে ১৪২ কোটি টাকা দিয়েছেন এবং আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব যুবকল্যাণ দপ্তর মিনি স্টেডিয়াম, ইন্ডোর স্টেডিয়াম থেকে শুরু খেলার মাঠ তৈরির টাকা দিয়ে বাংলার খেলার জগৎকে উন্নততর জায়গায় পৌঁছে দেওয়ার যে চেষ্টা করছেন তার জন্য মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার পুর দপ্তর, সেচ দপ্তরের অনেক কথা, সেচ দপ্তর নিয়ে অনেক কথা বলেছেন। পুর দপ্তর নিয়ে একটু বলি, পুর দপ্তরে এবং নগরোন্নয়ন দপ্তরে আপনার ১৪-১৫ সালে আপনি নগরোন্নয়ন দপ্তরকে ১৫৮৫ কোটি টাকা এবং পুর দপ্তর ২২৫১ কোটি টাকা বরাদ্দ করেছেন। আমি যদি অসীমবাবুর বাজেটগুলো খুঁজে বের করি, অসীমবাবুর জায়গাগুলো দেখি ২০১০-১১-তে আমি সেভাবে খুঁজে পাইনি স্যার। আমি জানি না, হাতে বইটা আছে স্যার। আমি পড়ার চেষ্টা করেছি স্যার পুরোটা, আমি খুঁজে পাইনি। আমি খুঁজে পাইনি স্যার। ৯-১০ সালে আমি খুঁজে পাইনি স্যার, ৮-৯ সালেও সেইভাবে অত টাকা খরচা হয়েছে কি না। সুতরাং কাজ যে হচ্ছে, কাজ যে করতে চাইছেন আপনি, কাজ যে করতে চাইছে সরকার সেই জায়গাগুলোর একটার পর একটা ভাবে।

মিঃ স্পীকার : এক মিনিট, আমি অন্য দুজন সদস্য যাঁরা আছেন, সরকার পক্ষের, তাঁদের দুজন মাননীয় সদস্য কে.পি. সিং দেও-এর সময় ১২ মিনিট করে দিয়েছি। আমাকে অনুরোধ করেছেন পরিষদীয় দল থেকে। আর সমরেশবাবুকে ১০ মিনিট সময় দেওয়া হয়েছে। ওই ৫ মিনিট ওনাকে বাড়ানো হয়েছে। ৫ মিনিট।

(নয়েজ)

শ্রী শীলভদ্র দত্ত : ধন্যবাদ স্পীকার স্যার, আমাকে সময় দিয়েছেন বলে। স্যার, মন্ত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী থাকলেই আমাদের চলবে। আমার মন্ত্রী হওয়ার দরকার নেই। কারণ, উনি থাকলেই বাংলার উন্নয়ন হবে। তাহলে এর পরের বার তোমার জায়গায় তুমি হারবে। সেটা দেখতেই চাই আমি। এ বছর তো কোনোরকমে জিতেছ, পরের বছর যেন না হয়। স্যার, ২০১৪-১৫ সালে আপনার স্বাস্থ্য দপ্তরে আপনি যে টাকা অনুমোদন করেছেন সেটা ২২১১.০৬ কোটি টাকা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ২২১১.০৬ কোটি টাকা। সূর্য্যবাবুর আমলে বলি। স্বাস্থ্য দপ্তরের ২০১০-১১-তে স্যার লিখছেন, ডিপার্টমেন্ট অফ হেল্থ অ্যান্ড

ফ্যামিলি ওয়েলফেয়ার ফ্রম রুপিজ সিকস্‌ হানড্রেড পয়েন্ট ফোর ফাইভ ক্রোর ইন দি কারেন্ট ইয়ার টু রুপিজ ৬৮২.৭৮ ক্রোর, ইন দি নেক্সট ইয়ার। ৬৮২ কোটি টাকা দিয়ে অসীমবাবু গর্বের সঙ্গে বক্তৃতা দিয়েছেন। আর সেইখানে মাত্র ২ হাজার ২১১.০৬ কোটি টাকার কাজ হচ্ছে কি হচ্ছে না স্যার, ওরা বলতে পারবে। কোথায় গিয়ে পৌঁছেছে, স্বাস্থ্য দপ্তরের কাজ ? কোথায় গিয়ে পৌঁছেছে বলছিলেন, কে যেন বলছিলেন, দোলুই সাহেব নাকি কে যেন বলছিলেন, যে কোথায় সস্তা ওষুধের দোকান ? আমার মনে হয় বাড়ি থেকে বেরোন না। স্যার, আমি অনুরোধ করব, প্রেসক্রিপশানটা নিয়ে আমার ব্যারাকপুরের বি.এন. বসুতে চলে আসতে স্যার। আমি ৭২.৬ পারসেন্ট দেব স্যর। উনি পাচ্ছেন না, উনি বলছেন যে বাজারে এর থেকে সস্তায় ওষুধ পাওয়া যায়। স্যার, কোন দোকানটায় পাওয়া যায়, ৭২.৬ পারসেন্টের থেকে বেশি কমিশনে, আমি স্যার সেখানে যাব। আমি ওনাকে অনুরোধ করছি, শুধু ওষুধ দোকানের নামটা করুন। আমি অনুরোধ করছি, আসুন আপনি, আমার কাছে। নাহলে আমাকে জানান স্যার, কোথায় পাওয়া যায়, তাহলে নিশ্চয় সেখানে যাব। ৩৪ বছরে একটা মেডিকেল কলেজ, আমি স্যার বলব তিনটি মেডিকেল কলেজ ওনারা বলবেন, আমাদের সময়ে স্যাংশান হয়েছে, এইসব বলবেন। আমি যাচ্ছি না স্যার। আমি ওই তিনটির কথা সাগর দত্ত, বহরমপুর, মালদা বলছি না স্যার। কিন্তু এই আড়াই বছরে পি.পি.পি. মডেলে চারটে মেডিকেল কলেজ করার জন্য যে সরকার এগোতে পারে, যারা ভাবতে পারে কার্শিয়াঙের বুকে একটা মেডিকেল কলেজ করা উচিত, উত্তরবঙ্গের মানুষের জন্য। সেই সরকারটা মা-মাটি-মানুষের সরকার। সেই সরকারটার মুখ্যমন্ত্রীর নাম মমতা বন্দ্যোপাধ্যায়, সেই সরকারটার অর্থমন্ত্রীর নাম ডঃ অমিত মিত্র। যে সরকার ভাবতে পারে নদীয়ার ধুবুলিয়ায় একটা মেডিকেল কলেজ করা উচিত। পি.পি.পি. মডেলে যার টেন্ডার হয়ে গেছে। যে সরকার কোচবিহারের বুকে মেডিকেল কলেজ করার জন্য টেন্ডার করতে পারেন, কাজ শুরু করতে পারেন, হয়তো দাঁড়িয়ে আমার সি.পি.এম.-এর কোনো বন্ধু, হয়তো দাঁড়িয়ে আমার কংগ্রেসের কোনো বন্ধু, নেতা বলবেন যে কাজ শুরু হল কোথায়, টেন্ডার তো হল। স্যার আলাদীনের আশ্চর্য প্রদীপ নিয়ে তো আসিনি, আজ বললেই কাজ বাড়ি তৈরি হয়ে যাবে। কিন্তু এই সরকারের একটা কৃতিত্ব স্যার, এই সরকার আগাম প্রতিশ্রুতি দেয় না। টাকাটা রেডি করে, টাকাটা তৈরি রেখে, তারপর ঘোষণা করে, আজ যেমন আমার উর্দু মিডিয়াম স্কুলের বাড়ি তৈরির টাকা, এখনও ১৮ লক্ষ টাকা স্যাংশান হবার পরেই আমার শিক্ষামন্ত্রী আজকে তার ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন। স্যার, আপনি সময় দিয়েছেন, আমি বলেছি, আমি আর আমার বক্তৃতা বাড়াচ্ছি না। কিন্তু আমার অনেক বলার ছিল, অনেক সময়ের দরকার ছিল, তবু যাই হোক, আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে এই বাজেট বিবৃতিকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়ের কথা—সভার মুখ্য মহাশয়, গতকাল ২০১৪-১৫ আর্থিক বছরে মাননীয় অর্থমন্ত্রীর তৃতীয় পূর্ণাঙ্গ বাজেট এই মহতী সদনে পেশ করেছেন। উনি আমেরিকার ডিউক বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে ডক্টরেট এবং বণিক সভার সর্বোচ্চ পদে দীর্ঘদিন কাজের অভিজ্ঞতাসম্পন্ন। স্বাভাবিকভাবেই উনি যেটা হচ্ছে ভারতবর্ষের মিক্সড ইমনমি, সেই যে মিশ্র অর্থনীতির পরিবর্তে বণিকসভার

সর্বোচ্চ পদে থাকার লিবারাইজেশান পলিসিকে আমাদের এই বাজেটে উনি যে অ্যাডপ্ট করেছেন তার জন্য ওনাকে ধন্যবাদ। এবং স্বাভাবিকভাবেই এই লিবারাইজেশান পলিসির ফলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

[5.20—5.30 p.m.]

২০১৪-১৫ অর্থবর্ষে—গত বছর যখন উনি বাজেট পেশ করেছিলেন—আমরা জানি যে এই সদনের মধ্যেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র, কিন্তু বাইরে আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র—অর্থমন্ত্রী থাকছেন না। সেখানে সাংবাদিকদের সামনে বাজেট মিটিং করছেন আমাদের অর্থমন্ত্রী। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি অর্থমন্ত্রীর ভূমিকা পালন করছেন। ২০১৪-১৫ অর্থবর্ষ যাই হোক, এর আগে আমাদের একজন সদস্য মাননীয় শীলভদ্রবাবু বললেন যে বেতো ঘোড়া ওখান থেকে চলে যাচ্ছে। ঘোড়াকে একটু প্রলোভনের উপকরণ-সহ ছোলা দিলে সে তো যাবেই। এইরকমভাবে ব্রিটিশরাও ছোলা দিয়েছিল, প্রলোভনের উপকরণ মীরজাফরকে দিয়েছিল। কিন্তু পরবর্তী ক্ষেত্রে ব্রিটিশকেই এই দেশ থেকে চলে যেতে হয়েছিল। এই অভিজ্ঞতা যেন আপনার থাকে। দ্বিতীয়ত আপনি বললেন যে আইন-শৃঙ্খলার সমস্যা, যেটা লক্ষ্মণ শেঠের নাম করে বললেন। আইন-শৃঙ্খলার সমস্যা যদি বলেন তাহলে তপন দত্ত খুন হয়েছিলেন—কে খুন করেছিলেন ? তৃণমূলই তৃণমূলকে খুন করেছে। নাসিরুদ্দিন খাঁ খুন করেছে—তৃণমূল তৃণমূলকেই খুন করেছে। বীরভূমের সাগর ঘোষকে কারা খুন করেছে ? আইন-শৃঙ্খলার সমস্যা তো আপনারাই ঘটাচ্ছেন। যাই হোক, আমি আমার মূল আলোচনার পর্বে যাচ্ছি। ২০১৪-১৫ অর্থবর্ষে গৌরবের সঙ্গে বলা হয়েছে কৃষির ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির হার ৫.২৮। কিন্তু বামফ্রন্ট সরকারের শেষ দু-বছরে ২০০৯-১০-এ উৎপাদন বৃদ্ধির হার ছিল ৮.০৩%। ২০১০-১১ সালে উৎপাদন বৃদ্ধির হার ছিল ৯.২২%। এই উৎসাহ মধ্যমেয়াদী আর্থিক নীতি পশ্চিমবঙ্গ সরকারের ২০১৩-১৪ থেকে। এখানে যেটা বলা হয়েছে ৫.২৮% বৃদ্ধি হয়েছে, অর্থাৎ আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে তথ্য পেশ করেছেন, বাস্তবের সঙ্গে তার কোনো সাদৃশ্য নেই। ধানের উৎপাদন করেছে। ২০০৯-১০ আর্থিক বর্ষে উৎপাদন হয়েছিল ১৪৬ লক্ষ ৭০ হাজার ৪০০ মেট্রিক টন। ২০১১-১২ সালে কমে দাঁড়িয়েছে ১৪৩ লক্ষ ৯৯ হাজার ৩০০ মেট্রিক টন। অর্থাৎ উৎপাদন হ্রাস পেয়েছে ৩%। একই সময়ে পূর্বাঞ্চলের রাজ্যগুলি ছত্তিশগড়, বিহার, আসাম, উত্তরপ্রদেশ এখানে উৎপাদন বেড়েছে ১২%। ২০১২-১৩ সালে সরকারের লক্ষ্যমাত্রা ছিল ২২ লক্ষ টন চাল। খাদ্যমন্ত্রী স্বীকার করেছেন যে প্রায় ৫ লক্ষ মেট্রিক টন চাল কম সংগ্রহ হয়েছে। স্বাভাবিকভাবেই আপনার তথ্যের সঙ্গে বাস্তবের কোনো মিল খুঁজে পাওয়া যাচ্ছে না। ৩২ মাসে ৮৯ জন কৃষক আত্মহত্যা করেছেন। পাট চাষীরা দাম পাননি। কৃষিক্ষেত্রে উৎপাদন দপ্তরের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। আপনি বাজেটেও উল্লেখ করেছেন যে মুষ্টিমেয় লোকেরা নেতিবাচক কথা বলছেন। কিন্তু আমরা কি দেখছি। তথ্য অন্য কথা বলছে। মানসবাবু বিশেষ করে গ্রিন রিভোলিউশানের কথা বলেছেন। পশ্চিমবাংলা তার মধ্যে। আর.কে.ভি.ওয়াই. রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা প্রকল্পে রাজ্য সরকার পেয়েছেন ৭৬ কোটি

৯১ লক্ষ ৮৬ হাজার টাকা। ৩১শে জানুয়ারি পর্যন্ত জেলাগুলিতে ছাড়তে পেরেছে ৪৬ কোটি ৫৪ লক্ষ টাকা। খাদ্য সুরক্ষা মিশনে এন.এফ.এস.এম. চলতি আর্থিক বছরে ১৩৬ কোটি ৪১ লক্ষ টাকা বরাদ্দ হলেও খরচ করতে পেরেছে মাত্র ৪০ কোটি টাকা। কাজেই এটা যেটা বলেছেন যে, মুষ্টিমেয় লোকেরা নেতিবাচক কথা বলছেন, তথ্য কিন্তু এক্ষেত্রে বলছে যে এটা নেতিবাচক নয়, এটা ইতিবাচক। শিল্পের ক্ষেত্রে বলা হয়েছে এবং দেখানো হয়েছে ৯.৫৮%। বাস্তবে সংগঠিত শিল্পে বিনিয়োগের চিত্র হচ্ছে উদ্বেগজনকভাবে অধোগামী। বামফ্রন্ট সরকারের আমলে ২০১০-১১ সালে ৩২২টা নতুন শিল্পসংস্থা হয়েছিল। বিনিয়োগ হয়েছিল ১৫ হাজার ৫২ কোটি টাকা। ২০১১-১২ সালে শিল্প হয়েছে ২৪টি। ২৪৬০ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। ২০১২-১৩ সালে ১২টি নতুন শিল্প স্থাপিত হয়েছে এবং ৩১২ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। বুঝতেই পারছেন, তার সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় শিল্পমন্ত্রী তো বোল্ড আউট হয়েছেন। কারণ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে নাম্বারিং তাকে দিয়েছেন তাতে তিনি ফেইল্‌ড স্টুডেন্ট। কাজেই বোঝা যাচ্ছে, শিল্পের ক্ষেত্রে যেটা লিখেছেন ৯.৫৮ এটা মন্ত্রীমহাশয়ই প্রমাণ করছেন এটা অধোগামী। তারপরে বিপুল ঋণের জন্য আপনারা বামফ্রন্ট সরকারকে দায়ী করেন। ইতিহাস কিন্তু অন্য কথা বলছে। ১৮ই মে ২০১১ সালে সপ্তম বামফ্রন্ট সরকারের আমলে ঋণ ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা, মাথাপিছু ঋণের হিসাবে পশ্চিমবঙ্গ তখন ভারতের ২৮টি রাজ্যের মধ্যে ত্রয়োদশ স্থানে ছিল। ২০১৩-১৪ সালের শেষে আগামী মার্চে সেই ঋণের পরিমাণ বেড়ে হবে ২ লক্ষ ৪৭ হাজার কোটি টাকা। তৃণমূল সরকার আড়াই বছরে ঋণ নিয়েছে ৫৫ হাজার কোটি টাকা। ২৮টি রাজ্যের মধ্যে এখন পশ্চিমবঙ্গের স্থান প্রথম। আমাদের সময়ে ত্রয়োদশ স্থানে ছিলাম, আর ঋণে এখন হচ্ছি আমরা প্রথম। এটাকে যদি আমি গড় কুড়ি হাজার কোটি টাকা করে ধরি, তাহলে পঁয়ত্রিশ বছরে সাত লক্ষ কোটি টাকা ঋণ হত, আপনারা যদি পশ্চিমবাংলায় পঁয়ত্রিশ বছর ক্ষমতায় থাকতেন। বলা হয়েছে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য টাকা দিচ্ছে না, তাদের বঞ্চিত করেছে। তথ্য বলছে, নিজেদের অজ্ঞতার জন্য আপনারা টাকা খরচ করতে পারেনি। ৩১শে জানুয়ারি—ইন্দিরা আবাস যোজনা তথা গীতাঞ্জলি প্রকল্পে ৪৩৭ কোটি ৮৭ লক্ষ ৪৪ হাজার কোটি টাকা রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের হাতে পড়ে রয়েছে। সুব্রতবাবু, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর যিনি কৃতী ছাত্র, সেই কৃতী ছাত্রের হাতে পড়ে রয়েছে ৬,৭২০টি বাড়ির টাকা। জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প—বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, কৃষি পেনশান ইত্যাদি—খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে ৫৫৪ কোটি ৩৭ লক্ষ টাকা, রাজ্য খরচ করেছে ১৭২ কোটি ৪০ লক্ষ টাকা। এই টাকা থেকে আবার সারদাতে ৪৫ কোটি টাকা গেছে ক্ষতিপূরণে। স্বনির্ভর গোষ্ঠী, আনন্দধারা প্রকল্পে কেন্দ্রের কাছ থেকে পাওয়া গেছে ৯৪ কোটি ৯ লক্ষ টাকা, রাজ্য খরচ করেছে ৩ কোটি ২৪ লক্ষ টাকা। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী রাজ্য সরকারকে চিঠি দিয়েছে ১৭ই ডিসেম্বর এবং একশো দিনের প্রকল্পের ব্যাপারে যে ঢোল পেটানো হচ্ছে, দেখা যাচ্ছে সেই প্রকল্পে ৬০০ কোটি টাকা রাজ্যের কাছে পড়ে রয়েছে। রাজ্য সেই টাকা খরচ করতে পারেনি। ৫২২টি গ্রাম পঞ্চায়েতে ৭৩৮ কোটি টাকা পড়ে রয়েছে। ২০১৪ সালের ১৫ই জানুয়ারি পর্যন্ত রাজ্য কাজ দিতে পেরেছে—যেটা মানসবাবু বলেছেন—আজকের তথ্য হচ্ছে ২৬ দিন। এখানে

জাতীয় পর্যায়ের গড় হচ্ছে ৩৫ দিন। তাহলে আমাদের রাজ্যের স্থান হচ্ছে পঁচিশ নম্বরে। এমনকি রাজ্য বাজেটের বরাদ্দকৃত টাকাও খরচ করা যায়নি। দেখা যাচ্ছে, আবাসনে ৬৭৯ কোটি টাকা বরাদ্দ ছিল, খরচ হয়েছে মাত্র ৫১ লক্ষ। অনগ্রসর কল্যাণ বিভাগ, রবীন্দ্রনাথের ভাষায়, যারা পশ্চাতে রয়েছে, তারা আরও পশ্চাতে, এখানে ৫২৩ কোটি টাকা বরাদ্দ ছিল, খরচ হয়েছে মাত্র ১৬৮ কোটি টাকা। স্কুল শিক্ষাখাতে বরাদ্দ ছিল ৩২০৩ বরাদ্দ ছিল, খরচ হয়েছে ২৩৩৩ কোটি টাকা। সমবায়ে ১৬৯ কোটি টাকা বরাদ্দ ছিল, খরচ হয়েছে মাত্র ১৬ কোটি টাকা। সেচে বরাদ্দ ছিল ১৭২৭ কোটি টাকা, খরচ হয়েছে মাত্র ১০৩৩ কোটি টাকা। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে ২৪০ কোটি টাকা বরাদ্দ ছিল, খরচ হয়েছে মাত্র ৮১ কোটি টাকা। পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তরে ২২৬ কোটি টাকা বরাদ্দ ছিল, খরচ হয়েছে মাত্র ১৮০ কোটি টাকা। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[5.30—5.40 p.m.]

Shri K. P. Singh Deo : Hon'ble Speaker, Sir, I rise to support the budget speech delivered by the Hon'ble Finance Minister for the year 2014-2015. Sir I am a new member of this House and I have found in last two and half years or say three years what Mr. Mitra has placed in the Budget, it surpasses all the Budget for 34 years and it is one of the most pragmatic, practical, village oriented and development oriented Budget. Sir, I had to narrate an example. One of the British Prime Ministers at one point of time, was addressing a gathering. And while he was gathering, he said "I conceive, I conceive, I conceive, Sir, one of the ladies behind sitting in the audience rose and spoke, Mr. Prime Minister, you have conceived thrice but produced not. Sir, in 34 years, they have conceived 34 times and produced one crocre বেকার, unemployment.

স্যার, এবার বাংলায় বলছি ওটা ইংরেজিতে না বললে হত না। ২ লক্ষ ৩০ হাজার কোটি টাকার বেকারি জন্ম দিয়েছেন। ...(নয়েজ)... তার কারণ এরা যদি ওইটা না করতেন, তাহলে মাননীয় সুভাষ নস্কর, যখন বলছিলেন, আমাদের বিরুদ্ধেই বলছিলেন। তার মধ্যে একটা সত্য কথা বলে ফেললেন যে মাননীয় অর্থমন্ত্রী, তিনি যদি মুখ্যমন্ত্রীর থেকে বেশি কাজ করেন, তবেই এই ঋণগ্রস্ত জর্জরিত সরকারকে মুক্ত করতে পারবেন। স্যার, ঋণটা করেছিল কে ? এই ঋণটা করেছিল কে ? ২ লক্ষ ৩০ হাজার কোটি টাকার ঋণ, কে করেছিল ? ...(নয়েজ)... নন প্ল্যান বাজেটে আপনারা ২২ হাজার কোটি টাকা খরচ করেছেন তার ভর্তুকি দিতে হচ্ছে আমাদেরকে, আমরা সবাই মিলেই সেটাকে প্রতি বছর ক্রশ করছি। স্যার, এরা ভালো জিনিস দেখতে পারে না। মাননীয় অর্থমন্ত্রী এই আড়াই বছরে তিনি যে দুই গুণ রাজস্ব বাড়িয়ে একটা ব্যালেন্স আনার চেষ্টা করেছেন, এবং আর্থিক অবস্থাকে একটা সঠিক জায়গাতে নিয়ে আনার চেষ্টা করেছেন, সেটা কেউ বললেন না। স্যার, আমি একটা

তথ্য দিচ্ছি আপনার বাজেটের থেকে যে, রাজ্যে পরিবহণ কর থেকে কর রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে, আপনার বাজেট একটা বিপ্লব ঘটিয়েছে। বাম আমলের বছরে যে পরিমাণ কর আদায় হত, মাত্র আড়াই বছরে তা দুই গুণ হয়ে গেছে। মাননীয় মন্ত্রী, ২০১৪-২০১৫ আর্থিক বছরের জন্য যে বাজেট প্রস্তাব বিধানসভায় পেশ করেছেন, তাতে তিনি কর রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করেছেন ৪৫,৪১৩ কোটি টাকা। বাম জমানার শেষ আর্থিক বছরে ২০১০-২০১১ আর্থিক বছরে রাজ্যের নিজস্ব কর আদায় ছিল ২১,১২৮ কোটি টাকা। আমাদের সরকারের প্রথম বছরের রাজস্ব বেড়েছিল ১৮.০৩ শতাংশ এবং দ্বিতীয় বছরে ৩১.৫৬ শতাংশ। বর্তমান আর্থিক বছরে সেই রাজস্ব বৃদ্ধি হবে ১৯.১৮ শতাংশ। এই অনুমান আমরা করছি। এরপর আরও যেটা হচ্ছে সংশোধিত হিসাবে বর্তমান আর্থিক বছরে যে শেষ রাজস্ব নিজস্ব আদায় হবে, সেটা হচ্ছে ৩৯,১০০ কোটি টাকা। রাজ্যের এই ইতিহাস কখনো, কোনো বছর ৩১.৫৬ শতাংশ হয়নি এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, তাঁর দৃঢ়তা যে আমরা নিজের পায়ে স্বনির্ভর হব। এই চেষ্টাকে সামনে রেখে মাননীয় অর্থমন্ত্রী এই আড়াই বছরে যে দ্বিগুণ আর্থিক উন্নয়নের পক্ষে গিয়েছেন—এর জন্য আমরা তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং তথ্য প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে যে কর ফাঁকি বন্ধ করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং তার জন্য নতুন করদাতার সংখ্যা বাড়িয়ে এর লক্ষ্য অর্জন সম্ভব হচ্ছে। অর্থমন্ত্রী তার রাজস্ব আদায় বৃদ্ধি করা মানে পরিকাঠামোর উন্নতি। বলছিলেন, শাহাজাহান চৌধুরী সাহেব যে, ৫৫ হাজার কোটি টাকা আমাদের ঋণ হবে। ঋণ না নিলে কাজ হয় না। যাদের ঋণ আছে তাদের ক্রেডিট বলে। ক্রেডিটটা কি জন্য বলে ? You have good will on that. আপনারা ঋণটা নিয়ে যদি পরিকাঠামোর উন্নয়ন করতেন, invest করতেন, develop করতেন—যদি আপনারা সেটাকে কাজে লাগাতেন তাহলে revenue বাড়ত, কিন্তু সেটা না করে পার্টিগত ভাবে সেটাকে খরচ করে ফেললেন। যার জন্য এই ঘটনাটা ঘটল। এইটাকে যদি আপনারা উন্নয়নের কাজে লাগাতেন, তাহলে পরিকাঠামোগত উন্নতিটা হত, মানুষ যে চাকরি পেত, মানুষ যে কাজ করতে পেত—তাতে এই ঋণটা শোধ হয়ে যেত এবং আগামী দিনের ৫০ হাজার কোটি টাকা কাজে লাগানো হবে যেটা রাজ্যের ক্ষেত্রে produce করবে, যেটা আমাদেরকে সাহায্য করবে এবং এটা বেশিদিন যাবে না, এটা গিয়ে আপনারা দেখবেন আগমী দুই-তিন বছরের মধ্যে জিরো budget-এ আসবে। কিন্তু আপনারা যে জিরো বাজেটে প্লেস করেছেন, তিন মাসে নেই, তিন বছর আছে, দুই বছর আছে, যদি দুই বছর থাকে—আপনি দেখবেন আমি তো থাকব, আপনিও তো থাকবেন যে আমাদের আর্থিক উন্নয়ন কতটা কোন জায়গায় যাবে। কিন্তু আপনারা আশঙ্কা করছেন হয়তো আপনারা চলে যাবেন, আপনারা থাকুন, আমরাও থাকি। আপনাদের যেটা বলি যে, আপনাদের কাছে আমাদের একটা অনুরোধ যে, আপনারা ভালো জিনিসটাকে appreciate করুন। আপনারা যদি ভালো জিনিসটাকে appreciate না করেন—সবেতেই বলেন খারাপ তাহলে—আপনারা বলতে পারেন ....(নয়েজ).... আপনি বলছেন সরকারের functionটাকে, আমাকে খারাপ বলার প্রয়োজন নেই। দেখুন, গান্ধীজির তিনটি জিনিস ছিল—'ভালো কথা বল, ভালো শোনা, ভালো দেখা'—আপনারা ভালোটা দেখতে চাইছেন

না, ভালোটা শুনতে চাইছেন না। স্যার, কথা বলতে তো tax লাগে না। কাজেই ওরা যেটা পারছে বলে যাচ্ছে স্যার। ....(নয়েজ).... কিন্তু আপনাদের আমার বক্তব্য এই যে, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে কয়েকটা পদক্ষেপ নিয়েছেন যেটা highlight-এর জন্য বলছি, ১৬ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এই বাজেটের মধ্যে দিয়ে, ৩০ লক্ষ টাকা পর্যন্ত stamp duty, সাত শতাংশ থেকে কমিয়ে ছয় শতাংশ, সম্পত্তির registration-এর ক্ষেত্রে ২৪৬টি office-এ e-stamping বছরে আড়াই লক্ষ টাকা পর্যন্ত কোনো কর্মচারীকে বৃত্তিকর দিতে হবে না, ২৫ টাকা পর্যন্ত sanitary napkin, এক হাজার টাকার কম দামে gas স্টোভ, মহিলাদের জন্য চুল বাঁধার ক্লিপের উপর করের হার কমেছে—আপনারা তো খুশি হবেন। ....(নয়েজ).... আমরা তো বাঁধি, কেউ কেউ বাঁধছে, আমাদের বেঁধেছে। দশ হাজার কিলোমিটার রাস্তা তৈরি হচ্ছে। তার মধ্যে অলরেডি ১৬০০ কিলোমিটার শুরু করে দিয়েছি। এক হাজার কিলোমিটার রাস্তা দুই lane-এর হবে, বরাদ্দ হবে ১২৫০ কোটি টাকা। ৫০০ কোটি টাকা কর্মতীর্থ নামে marketing complex, পরিবহণের ক্ষেত্রে গতিধারা—নামে নতুন প্রকল্প, ৫০ হাজার বেকার যুবতীদের জন্য সুবিধা, নিজস্ব কর বরাদ্দ আয়ের লক্ষ্যমাত্রা ৪৫ হাজার ৪১৩ কোটি টাকা micro business, credit card চালু হচ্ছে স্যার, আরও অনেক জিনিস। এত ভালো জিনিস তৈরি হচ্ছে বাজেটের মাধ্যমে এবং এই বাজেট নির্দিষ্ট ভাবে আমরা বলতে পারি যে, এই সরকার আপনারা যারা আছেন বিরোধী পক্ষের, আপনারা নিজেদেরও মাথা উঁচু হবে যখন দেখাবেন আমাদের tenure শেষ হবে।

[5.40—5.50 p.m.]

আপনারা এত অধৈর্য হয়ে যাচ্ছেন যেন মনে হচ্ছে এখনই সব শেষ হয়ে গেল। না স্যার, ধৈর্য রাখুন। অ্যাপ্রিসিয়েট করতে শিখুন স্যার। আপনাদের কাছে একটা অনুরোধ পরেশদা বলছিলেন, আমি বলছি স্যার ট্রাকের পেছনে আর একটা জিনিস লেখা থাকে "বুরি নজরবালো তেরা মুখ কালা"। তো আমি বলব না স্যার আপনাদের মুখ কালা, আপনাদের নিয়ত কালা। আপনার মুখ রহে সাফ। আপনারা ভালো ভালো দেখতে শিখুন আর এই বাজেটকে সমর্থন করুন যাতে আগামী দিনে এই রাজ্যের উন্নয়ন হয় এবং মাননীয় অর্থমন্ত্রী যে বলেছেন আমরা যেটা আজকে করব সেটা ভারতবর্ষ কালকে করবে। এই বলে বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। রেভিনিউ রিসিট্সের ক্ষেত্রে ৩০.৬২ শতাংশ আয় বাড়ানোর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ক্যাপিটাল রিসিট্স ১৬.২৪ শতাংশ। অপরদিকে রেভিনিউ এক্সপেনডিচার কমানোর ব্যবস্থা করা হয়েছে। রেভিনিউ এক্সপেনডিচার গতবারে যা ছিল তার চেয়ে কমিয়ে ১৩.৭৮ শতাংশ করা হয়েছে। ক্যাপিটাল এক্সপেনডিচার ২৬.১২ শতাংশ ধরা হয়েছে গত বছর ৪৩.৮৭ শতাংশ ছিল। টোটাল এক্সপেনডিচার ১৫.৮৮ শতাংশ ধরা হয়েছে যেটা গতবারে ১৭.৭৩ শতাংশ ছিল। অর্থাৎ ওভার অল এক্সপেনডিচার

খরচের দিকটাকে কমানোর ব্যবস্থা করা হয়েছে। আমি আমাদের সদস্যদের এবং বিরোধী দলের সদস্যদের কথা শুনছিলাম। আমরা এই ভার মধ্যে বসে সমালোচনা করছি। কিন্তু বিধানসভার বাইরে যে অসংখ্য জনসাধারণ, যারা এই বাজেটে উপকৃত হবেন না ক্ষতিগ্রস্ত হবেন, সেই জনসাধারণের কথা যদি আমরা শুনি, তারা কিন্তু অত্যন্ত আনন্দিত এবং প্রীত। সাধারণ মানুষ সাংঘাতিক ভাবে আনন্দিত। যারা ব্যবসার সঙ্গে যুক্ত তারা আনন্দিত, যারা চাকুরিজীবী তারা পর্যন্ত আনন্দিত এবং মহিলারা তাদের আনন্দের সীমা পরিসীমা নেই। গতকাল কিছু ব্যবসায়ী তাদের সঙ্গে আমার দেখা হয়েছিল, তারা অত্যন্ত আনন্দ প্রকাশ করেছেন। কেউ কেউ আমাদের বন্ধুরা বলছেন, বিধানসভার অভ্যন্তরে সমালোচনা করেছেন। কোনো কোনো ডিপার্টমেন্টের খরচ কমেছে। আমি তাদের বলি বর্তমান মন্ত্রীসভা প্রতি তিন মাস অন্তর, দু-মাস অন্তর, একমাস অন্তর যেহেতু কাজগুলোকে পর্যবেক্ষণ করছেন, সেই কারণের জন্য যে ইমপর্টেন্ট দপ্তরগুলো আছে সেই ইমপর্টেন্ট দপ্তরগুলো যেগুলো গ্রামবাংলার সাধারণ মানুষের সেবার কাজে লাগে, সেইগুলোতে খরচ সাংঘাতিকভাবে বাড়িয়েছে। মোট ২১টি ডিপার্টমেন্ট আছে যেগুলো ডাইরেক্টলি একেবারে পিছিয়ে পড়া এলাকার মানুষের জন্য চিন্তা-ভাবনা করে। তাদের ব্যয়বরাদ্দ সাংঘাতিকভাবে বাড়িয়েছে। ব্যাকোয়ার্ড ক্লাসেস—কেউ কেউ বলছেন যে তাদের জন্য টাকা ধরা হয়নি। গতবারে যে বাজেট ছিল তার চাইতে ১২৩.৮১ শতাংশ ব্যাকোয়ার্ড ওয়েলফেয়ারের জন্য আমাদের গভর্নমেন্ট বরাদ্দ রেখেছেন। পুলিশকে নিয়ে আমরা অত্যন্ত সমালোচনা করি। পরিকাঠামো না থাকলে পুলিশ কাজ করবে কি করে ? এই দৃষ্টিভঙ্গি মাননীয়া মুখ্যমন্ত্রীর আছে বলেই তিনি তাঁর দপ্তরের বরাদ্দ এই বছর গতবারের চাইতে ১৫৫.৮২ শতাংশ বাড়ানো আছে। মাইনরিটি কমিউনিটি, তাদের অ্যাসিউরেন্সের জন্য এবং মাদ্রাসার জন্য গতবারে যা ব্যয়-বরাদ্দ ছিল সেটাকে বাড়িয়ে ৯২.৭১% করা হয়েছে। নর্থ বেঙ্গল পিছিয়ে পড়া জায়গা, কেউ কেউ অনেকে কান্নাকাটি করছেন। গভর্নমেন্ট বুঝেছেন বলেই এই দপ্তরের ব্যয়-বরাদ্দ গতবারের চাইতে ১০৭.১৮% বাড়িয়েছেন। শিক্ষা জাতির মেরুদণ্ড। তাকে গুরুত্ব দেওয়ার জন্য স্কুল এডুকেশান খাতে ১৯৫% ব্যয় বৃদ্ধির প্রস্তাব আমাদের অর্থমন্ত্রী এখানটায় লিখেছেন। মা-বোনেদের আমরা সমান অধিকারের কথা বলি, কিন্তু যেহেতু তারা পান না তাদের উন্নয়ন দরকার, সেই কারণে এই দপ্তরের ব্যয়-বরাদ্দ ১৮৪.৭৮% বাড়ানোর ব্যবস্থা হয়েছে। মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স, স্পোর্টস, পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং, পশ্চিমাঞ্চল—এগুলো ৫০%-এর বেশি ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে। যদি বিরোধিতার জন্য বিরোধিতা করতে হয় তাহলে আলাদা কথা। নাহলে প্রকৃত অর্থেই যদি আমরা দেখি তাহলে এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন আমাদের প্রত্যেকেরই করা উচিত। হচ্ছে না এই কারণের জন্য যে কালচারটা অন্য রকম হয়ে গেছে। ভারতবর্ষ আমাদের রাজনীতির রাজধানী। পশ্চিমবঙ্গ কিন্তু আমাদের সংস্কৃতির রাজধানী। এই পশ্চিমবঙ্গের যে সংস্কৃতি, তার ধ্বংস আমরা বিগত দিনে হতে দেখেছি। যে কারণে সুকান্ত যখন বলেন—'পূর্ণিমার রাত যেন ঝলসানো রুটি'—এটাই তারা বিশ্বাস করেন। কিন্তু পূর্ণিমাতেই অনেক

ভালো জিনিস দেখা যায়, এটা তাদের কল্পনার মধ্যে নেই। গতকাল সকালবেলা জীবনানন্দ দাশের কথা দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর কথা বলেছিলেন। অর্থমন্ত্রী যখন আরম্ভ করলেন, গত বছরে তার শুরুতেও কবিতা ছিল, শেষেও কবিতা ছিল। এবারে ডি.এল. রায়কে দিয়ে তিনি শেষ করেছেন। বন্ধুগণ আমি বলতে চাই এখানে আমাদের প্রতিপক্ষ যারা আছেন তাদের যদি আমরা দুটো ভাগে ভাগ করে নিই—এই রাজ্যে কে চশমা পরল—এদের অন্তর্দৃষ্টি কমে গেছে, দূরদৃষ্টিও কমে গেছে। কমেছে এই কারণের জন্য, তার জন্য দায়ী আমাদের অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী দায়ী এই কারণে, আমরা এম.এল.এ.রা চশমার জন্য যে টাকা আগে পেতাম, অর্থমন্ত্রী তাঁর পরিমাণ অনেকটা কমিয়ে দিয়েছেন। তাই দেখতে এরা পাচ্ছেন না। সেই কারণের জন্য তারা অন্য রকম কথা বলছেন। আমি আপনাদের বলি, কংগ্রেসের বন্ধুরা যারা আছেন, তখন আমরা একটা স্কুলে পড়তাম যখন গভর্নমেন্টটা গঠিত হল। এখন আলাদা হয়ে গেছি। আমি আপনাদের বলি কিছুদিন আগে একটা ভালো বই এসেছিল—'থ্রি ইডিয়ট্‌স'। দেখেছেন নিশ্চয়ই অনেকে। দেখে থাকলে আপানর মনে হবে সে বন্ধু একসঙ্গে যখন আমরা থাকি। আপনি যদি পাশ করেন, আপনার চাইতে কম নাম্বার পেয়ে যদি আমি পাশ করি তাহলে আপনি আনন্দিত হবেন। ফেল করলে দুঃখ পাবেন। কিন্তু যদি একই ক্লাসে পড়ার সময় আপনার চাইতে অনেক বেশি নাম্বার পেয়ে কেউ পাশ করে যায়, তখন কিন্তু আপনার সাংঘাতিক দুঃখ হবে, কষ্ট হবে, বেদনা হবে, হিংসা হবে। সেই কারণই আজকে বিভেদ ঘটার কারণ। অযথা আমরা এখানে চিৎকার করছি, এই কাজ না করার ফলে। বামফ্রন্টের সময়কালে কি অবস্থা, তারা তো করেননি কিছুই, শেষটা করেছেন। আজকে আমরা এখানে যে অভিযোগটা করছি, সত্যজিৎ রায় বেঁচে থাকার সময় একটা বই করেছিলেন 'হীরক রাজার দেশে'। সেই জায়গাতে বলেছিলেন, ডায়লগ ছিল, 'পড়েশুনে লাভ নেই।' কারণটা কী ? 'লেখাপড়ার শেষ নেই।' স্বাভাবিকভাবেই সমস্ত স্কুল কলেজ ভেঙে দাও। এই ছিল তখনকার দিনের বামফ্রন্টদের বা রাজাদের দৃষ্টিভঙ্গি। তার প্রতিবাদে তিনি বলেছিলেন, 'দড়ি ধরে মারো টান, রাজা হবে খান খান।' সেই ২০১১ সাল, দড়ি ধরে টান মারবার জন্য খান খান হয়ে গেছে বামফ্রন্ট।

[5.50—6.00 p.m.]

বন্ধুগণ আপনাদের বলি, শিক্ষা এখনও আপনাদের হয়নি। এই কারণের জন্য দায়ী আমাদের মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী দায়ী এই কারণের জন্য আপনারা বার বার খালি অভিযোগ করছেন যে, তিনি কেন বাইরে বাইরে ঘুরছেন ? তিনি যদি সর্বদা রাইটার্স বিল্ডিংয়ে বসে থাকতেন তাহলে ঘটনাটা কি ঘটত। ঘটনা এই ঘটত, বাইরে ঘুরছেন বলে যারা বিধানসভার বাইরে আছেন তারা এখনও অ্যারেস্ট হননি। এই তো একটু আগে শুনলাম, শীলভদ্রবাবু বললেন যে, একজন এম.পি. তার বিরুদ্ধে কমিশন বসছে। প্রাক্তন যিনি মুখ্যমন্ত্রী তিনি দল ছাড়বেন, দল ছাড়বেন বলে ফুস ফুস করছেন। মুখ্যমন্ত্রী কাল একটা ভালো কথা বলেছিলেন, আমি কি দেখতে ভালো নাকি, আমি না এলে এই যে বন্ধুরা আছেন তাদের খুব কষ্ট হয়। আমি এসে বসে থাকলে তারা কি আমার দিকে তাকিয়ে বসে থাকবে ? আমি বলছি তিনি দেখতে

ভালো কি ভালো নয়, তিনি বললে তো হবে না। মানুষের উপলব্ধি কি ? ফরসা হলে, লম্বা হলে, স্লিম ফিগার হলে তারপর আমরা যদি বলি, কাজলনয়না হলে, কি মৃগনয়না হলে দেখতে ভালো হবে এমন কিন্তু কথা নয়। আমি বলি, ধরুন আমাদের দেশে যিনি সবচেয়ে ভালো গায়িকা আছেন তিনি লতা মঙ্গেশকর, আশা ভোঁসলে, গীতশ্রী সন্ধ্যা মুখার্জী তারা হয়তো দেখতে ভালো নয় কিন্তু লক্ষ লক্ষ মানুষের হৃদয় জয় করেছে। আর আমাদের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি শুধু পশ্চিমবঙ্গে নয় সারা ভারতবর্ষের কোটি কোটি মানুষের হৃদয় জয় করেছেন। যে কারণে আপনাদের দুঃখ হচ্ছে, কষ্ট হচ্ছে, বেদনা হচ্ছে। আমরা বলি, আজকের যে বাজেট নিশ্চয় আমাদের মুখ্যমন্ত্রী যে দৃষ্টিভঙ্গি তাতে প্রতিফলিত। তাই এই বাজেট সততার প্রতীক, নির্ভীকতার প্রতীক, আশ্বাসের প্রতীক, বিশ্বাসের প্রতীক। [***]

মিঃ স্পীকার : এই পোর্শানটা যাবে না। This portion will not go.

শ্রী সমরেশ দাস : আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, Hate the sin, not the sinner. এরা কিন্তু কেউ পাপী নয়। এদের পাপ হচ্ছে বামফ্রন্টের উচ্চ নেতৃত্ব। তাই এখানে এরা যাই বলুক না কেন দয়া করে এদেরকে ক্ষমা করে দিন। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা শেষ করছি, নমস্কার।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা পয়েন্ট অফ ইনফর্মেশন দিয়ে এটা আলোচনা শুরু করব। স্যার, আজকের একটা ঘটনা হচ্ছে, দক্ষিণ চব্বিশ পরগনার ফলতায় একটি অষ্টম শ্রেণীর ছাত্রী শনিবার থেকে নিখোঁজ হয়েছিল। আজ তার বাড়ি থেকে ১৮ কিমি দূরে তার দেহ উদ্ধার হয়। এবং ঘটনাস্থলে পুলিশ যাওয়ার পরে পুলিশের সন্দেহ যে, নির্যাতনের পরে তাকে খুন করা হয়েছে।

মিঃ স্পীকার : শুনুন, এইসব ব্যাপারে কোনো তথ্য আমরা কেউ জানি না অথেনটিক কিনা। আপনি বলছেন কিন্তু আমরা কেউ জানি না। আমি একটু আগে টি.ভি. দেখছিলাম কিন্তু আমি এরকম কোনও সংবাদ জানি না। একটু আগেই আমি দেখছিলাম।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার আমি যেটা বলছিলাম মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৪-১৫ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি বাজেট বক্তব্যের মাধ্যমে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি এই কারণের জন্যে, এখানে এমন সমস্ত বিষয় উল্লেখ করা হয়েছে, এমন ধরনের প্রকল্প ঘোষণা করা হয়েছে, এমন সমস্ত সুযোগ-সুবিধার কথা বলা হয়েছে, যেটা বাস্তবে কোনো দিনই সম্ভব নয়। সেইজন্য বাজেট বিবৃতিটা হচ্ছে, তৃণমূলের একটা নির্বাচনী ইস্তাহার। সেইজন্য আমি এটাকে সমর্থন করতে পারলাম না। উনি প্ল্যান বাজেটের জন্য যে বরাদ্দের কথা বলেছেন, রাজস্ব আদায়ের সময় যে কথা বলেছেন তার পরিপ্রেক্ষিতে আমি একটু পুরনো বিষয় নিয়ে বলতে চাই। ২০১২-১৩ সালে ওনার প্ল্যান বাজেট ছিল ২৩,৩৭১ কোটি ৪৪ লক্ষ টাকা। সেখানে খরচ হয়েছে কত ? খরচ হয়েছে ৮,৯৯৪ কোটি ১১ লক্ষ টাকা। অর্থাৎ ৪,৩৭৭ কোটি ২৩ লক্ষ টাকা খরচ করতে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

পারেননি। আর, সেখানে এত বড়ো বড়ো কথা বলা হচ্ছে। রিসোর্স কি ? তিনি কীভাবে সেটাকে রূপায়ণ করবেন ? আমরা দেখলাম গতবার উনি বলেছিলেন, রাজ্যের মোট আয় হবে ৮৮ হাজার কোটি টাকা। আর এখন সেটা কমে হয়েছে ৮১ হাজার কোটি টাকা। এখন ওনার একটা সুযোগ তৈরি হয়েছে, এই যে রাজস্ব বৃদ্ধি, মানে অনেকেই বলছেন এটা ওনার কৃতিত্ব। উনি শিক্ষিত লোক। ওনার ক্যাপাবিলিটি আছে। এসব নিয়ে কোনো প্রশ্ন নেই। কিন্তু প্রশ্নটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সৌজন্যে ডিজেল এবং পেট্রোলের দাম যদি বাড়ে তাহলে তার থেকে রাজ্য সরকার 'সেস' কিম্বা 'ভ্যাট' বা বিক্রয় কর বলুন তার সঙ্গে একটা মোটা অঙ্কের টাকা যুক্ত হয়। একই সঙ্গে উনি গত দু-বছর ধরে যেটা ছিল না এবং যেটা এখন সাবজুডিস হয়েছে, সেটা হচ্ছে এন্ট্রি কর, প্রবেশ কর, প্রবেশ কর উনি আমাদের রাজ্যে চালু করেছেন। আর তার সঙ্গে ঢালাও মদের দোকান খুলে দেওয়া হয়েছে। এই সবটা মিলিয়েও দেখা যাচ্ছে প্রায় ৭০০ কোটি টাকা কম আদায় হচ্ছে। সেইজন্য উনি যে ঢালাও প্রতিশ্রুতি দিচ্ছেন এটাকে কার্যকরী করা কখনও সম্ভব নয়। একটা অবাস্তব, অলীক স্বপ্ন গোটা রাজ্যের মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া হচ্ছে। মানুষের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি করার উদ্দেশ্য নিয়েই এই বাজেট পেশ করা হয়েছে। আমরা দেখছি ২০১৩-১৪ সালে যে সমস্ত বাজেট বরাদ্দগুলো করা হয়েছে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মাঝে মধ্যে নাম্বারিং করেন, এই নাম্বারিং করতে গিয়ে কারো কারো দপ্তর চলে যাচ্ছে। এরও কিন্তু একটা বাস্তবতা আছে। যেমন ধরুন এগ্রিকালচার মার্কেটিং। অনেক বড়ো বড়ো কথা—কৃষাণ মান্ডি, কৃষাণ বাজার, ইত্যাদি, ইত্যাদি। আমি এসবের মধ্যে না গিয়ে যেটা বলতে চাই সেটা হচ্ছে এই যে, ২০১২-১৩ সালে এই দপ্তরের বাজেট ছিল দেড়শো কোটি টাকা। ১৫০ কোটি ৯৬ লক্ষ টাকা। সেখানে খরচ কত হয়েছে আপনার ? ৪৩ কোটি ৭২ লক্ষ টাকা। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, তাঁর দপ্তর হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার। সেখানে বরাদ্দ ছিল ১ হাজার ৪৯ কোটি ৪ লক্ষ টাকা। কত খরচ হয়েছে ? ৬৪০ কোটি ৫৭ লক্ষ টাকা। একটু আগে ওদিক থেকে সূর্যবাবুকে কটাক্ষ করে বলছিলেন, ওনার বাজেট ছিল নাকি আপনার ৬০০ কোটি টাকার। তা খরচ এখানে কত হয়েছে ? উনি যখন মন্ত্রী ছিলেন তাঁর তিন বছর, সেই একই তো জিনিস এটা। রাজ্য সরকার সামগ্রিক ভাবে ওই একজনার দিকে তাকিয়ে থাকে। বাকি মন্ত্রীরা স্বাধীনভাবে তাদের কাজ করার যেসব বিষয় তা নেই এখানে। সেই পরিকাঠামো থাকা সত্ত্বেও, সেই ধরনের পরিবেশ থাকা সত্ত্বেও সেইসব মন্ত্রীরা স্বাধীনভাবে কাজ করতে পারছেন না। পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর। সেখানে কত টাকা বরাদ্দ ছিল ? আর, কত টাকার কাজ হয়েছে ? সব জায়গাতে যদি দেখি দেখব একই জিনিস। বরাদ্দ হচ্ছে ২২২ কোটি টাকা কিন্তু খরচ হচ্ছে ১৮০ কোটি টাকা। এই সবটা মিলিয়ে আমরা যদি দেখি তাহলে দেখব সত্যিকারের রাজ্যে উন্নয়ন এবং অগ্রগতি নিচের দিকে চলে যাচ্ছে, পশ্চিমবাংলায় ধীরে ধীরে অন্ধকারের যুগ তৈরি হচ্ছে। অনেকে বলছেন বামফ্রন্ট সরকারের আমলে কী হয়েছে ? বামফ্রন্টের আমলে কিছুই হয়নি ? আমি বিনীতভাবে আপনাদের সামনে বলতে চাই, আমাদের রাজ্যে গোটা ভারতবর্ষের যা জনসংখ্যা তার আট শতাংশ এখানে আছে।

[6.00—6.14 p.m.]

আমাদের জমি হচ্ছে ৩ ভাগ। আমরা যখন এখানে ক্ষমতায় এলাম তখন আমাদের রাজ্যের প্রায় ৫৭ ভাগ মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে বসবাস করত, খেতে পেত না, পরতে পেত না, সেই মানুষ যারা ১৯৫৯ সালে খাবার চাইতে এসেছিল, কংগ্রেসের আমলে ৮০ জন লোককে পিটিয়ে খুন করা হয়েছিল। সেই পশ্চিমবাংলায় দাঁড়িয়ে আমরা ১৪ লক্ষ একর জমি গ্রামের যারা গরীব মানুষ, ৩০ লক্ষ পরিবারকে আমরা পাট্টা দিয়ে চাষ করবার অধিকার দিয়েছি। আমরা অন্যায় করেছিলাম ? ১৫ লক্ষ মানুষ যারা বর্গা জমি থেকে উচ্ছেদ হয়েছিলেন তাদের একটা সার্টিফিকেট দিয়ে আমরা চাষ করবার অধিকার দিয়েছি। আমরা কোন অন্যায় করেছিলাম ? যেখানে ২০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল সেখানে ৭০ ভাগ জমিতে সেচের সুযোগ তৈরি করে দিয়ে আমরা উৎপাদন বৃদ্ধিতে একটা অন্যতম জায়গায় গিয়েছিলাম। আমরা অন্যায় কাজ করেছিলাম ? এটা আপনারা ভালো করে জানেন শুধু কৃষি নয়, একটা সময় বনসৃজনে আমরা কেন্দ্রীয় সরকার থেকে 'ইন্দিরা বৃক্ষ মিত্র' পুরস্কার পেয়েছি। বন্য প্রাণী সংরক্ষণ—তার জন্য আন্তর্জাতিক 'পলগেটি' পুরস্কার আমরা পেয়েছি। সাক্ষরতার জন্য আন্তর্জাতিক 'নওয়া' পুরস্কার আমরা পেয়েছি। মাছ, পাট, ধান, সবজি, আনারস আমরা দেশের মধ্যে প্রথম ছিলাম। আলুতে আমরা দ্বিতীয় ছিলাম। আমরা রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাইনি ? এবং এ রাজ্যটাকে এইভাবে অগ্রগতির মধ্যে নিয়ে যাওয়ার জন্য—মূল কথাটা হচ্ছে একটা বাজেটে গ্রাম এবং শহরের যারা সাধারণ মানুষ তাদের যে পারচেজিং পাওয়ার সেটাকে আমরা বাড়াতে পারলাম কিনা, মানুষের ক্রয়ক্ষমতা আমরা বাড়াতে পারলাম কিনা, এই নিরিখে আমাদের বিচার করা উচিত। আমাদের কথা নয়, আন্তর্জাতিক ক্ষেত্রে বহু বিশিষ্ট লোক এমনকি আমেরিকার Noam Chomski থেকে শুরু করে, হল্যান্ডের G.K. Litton থেকে শুরু করে তাঁরা তাদের নানা সমীক্ষার মধ্য দিয়ে এটা বলেছিলেন গ্রামাঞ্চলের এবং শহরের সব মিলিয়ে গরীব মানুষ তারা বছরে ৪০ হাজার কোটি টাকার শিল্পপণ্য ক্রয় করছে। একটা বাজার, একটা ভিত্তি আমরা তৈরি করে দিয়েছিলাম। এটা আমরা কোনো অন্যায় কাজ করেছি ? আমি আর একটা বিষয় স্যার, উল্লেখ করতে চাই, অনেকেই এই বিষয়টা নিয়ে বলেছেন। আর কি হচ্ছে স্বাস্থ্যে ? পশ্চিমবাংলাতে যখন বামফ্রন্ট সরকার ছিল তখন শিশু-মৃত্যুর হার ছিল হাজারে ৩৫, সেটা ২০১০ সালে কমে হয়েছিল ৩১। আর এদের আমলে সেটা বেড়ে হয়েছে ৩২। এমনকি এ বছরে এটা ৩৩-এও পৌঁছোতে পারে। আর একটা কথা হচ্ছে বল,ছেন যে আমরা ফেয়ার প্রাইস ওষুধের দোকান খুলেছি। সত্যিকারে এটার মাধ্যমে মানুষকে ধাপ্পা দেওয়া হচ্ছে। আমি নির্দিষ্টভাবে স্যার, আপনাকে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রীকে এটা বলতে চাই, দরকার হলে কোনো তদন্ত টিম করে কোয়ারি করার দরকার আছে। এই সমস্ত ফেয়ার প্রাইস যেগুলো সেটা একটাও সরকারি নয়, সবগুলো হচ্ছে পি.পি.পি. মডেল। বহুজাতিক কোম্পানিগুলো, বড়ো বড়ো কোম্পানিগুলো এই পি.পি.পি. মডেলের ওষুধের দোকানগুলো খুলেছে। সেখানে আমি কয়েকটি ওষুধের নাম বলছি। Pantobazole যেটা বাজারে পাওয়া যায় ৫ টাকায়,

ওখানেও পাওয়া যায় পাঁচ টাকা, সাড়ে পাঁচ টাকায়। আর একটা ওষুধ—স্যার, ইঞ্জেকশান সেটার নাম হচ্ছে Picarcylin azo Vactum সেটার বাজারে দাম হচ্ছে ১৭০ টাকা, আর ফেয়ার প্রাইসে তার দাম হচ্ছে ১৯০ টাকা। আর সুগারের একটু ওষুধ Amodyline-এর বাজারে দাম হচ্ছে ৬০ টাকা আর ওখানে দাম হচ্ছে ৭০ টাকা। মানুষকে ঠকানো হচ্ছে। আমরা ফেয়ার প্রাইস ওষুধের দোকান খুললাম অনেক কম দামে ৬০ পারসেন্ট, ৭০ পারসেন্ট দামে মানুষকে দেওয়া হচ্ছে। আসলে সবগুলোই হচ্ছে ধাপ্পাবাজি। সেইজন্য এই বাজেটের বিরোধিতা করে... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

শ্রী শ্রীকান্ত মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয় স্যার, ১৭ তারিখে যে বাজেট পেশ করেছেন, আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র সেই বাজেটকে সমর্থন জানিয়ে আমি একটা-দুটো বিষয়ের উপর আলোকপাত করার চেষ্টা করছি। কেন আমরা এই বাজেটটা পেশ করেছি, কেন আমরা একে সমর্থন করছি সেটা জানানোর চেষ্টা করছি। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী পক্ষের লোকেরা বক্তব্য রাখছিলেন বিভিন্ন সমালোচনার কথা বলে। আমি এখানে লেখা আছে দেখতে পাচ্ছি ভারতে জি.ডি.পি. বৃদ্ধির হার যখন ৪.৯ শতাংশ তখন বাংলার জি.ডি.পি. ৭.৭ শতাংশ। এই কথাটা বলতে কংগ্রেসের যারা বন্ধু আছে তাদের গাত্রজ্বালা হচ্ছে। বলছে বাংলা ভারতবর্ষকে পথ দেখাচ্ছে এটা ভুল। কিছু কিছু এখানে লেখা আছে, ওই পাশের বন্ধুরা দেখতে পায় না। যাদের চোখ থাকতে অন্ধ হয়, কান থাকতেও যারা কালা তারা শুনতেও পায় না, দেখতেও পায় না। এই বাজেটে লেখা আছে এবং আগেরবারের যে বাজেট করা হয়েছে সেই বাজেটের মধ্যে দিয়ে কিভাবে পশ্চিমবাংলায় স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, রাস্তাঘাট থেকে শুরু করে বিভিন্ন কাজকর্ম হয়েছে তার একটা-দুটো উদাহরণ আমি দিয়ে যেতে চাই। আমি পশ্চিম মেদিনীপুর জেলার শালবনী বিধানসভার বিধায়ক। আমাদের জঙ্গলমহলে গতবারের বাজেটের পক্ষে লালগড়ে কলেজ হয়েছে, শালবনীতে কলেজ হয়েছে, রামগড়ে পলিটেকনিক কলেজ হয়েছে, নয়াগ্রামে কলেজ হয়েছে, নয়াগ্রামে ভসরাঘাট গেটের ব্রীজ হয়েছে—এই বাজেট এরা দেখতে পায় না। আমি বাজেট সম্বন্ধে অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য বিগত সরকারের মন্ত্রীর তিন-চারটে বাজেট বই পড়ছিলাম কালকে রাত্রি ধরে। এই বাজেটগুলো কি স্যার ? গত সরকার ১৯৭৭ সাল থেকে ২০১১ পর্যন্ত বামফ্রন্ট সরকার যে বাজেটগুলো তৈরি করেছিল সেই বাজেটগুলো হল কঙ্কালসার বাজেট তৈরি করেছিল। সেই বাজেটের মধ্যে দেখতে পাবেন গ্রামে গেলে পি.এইচ.সি., বি.পি.এইচ.সি., হাসপাতালগুলো বন্ধ হয়েছে। কিভাবে দেখতে পাবেন হাইস্কুল, প্রাইমারি স্কুল—আমি প্রশ্ন করতে চাই, ৩৪টি বাজেটে বাংলার কটা প্রাইমারি স্কুল, হাইস্কুল বামফ্রন্ট সরকার করেছিল। কোথায়ও দেখতে পাবেন না যে প্রাইমারি স্কুল, হাইস্কুল বামফ্রন্ট সরকার করেছিল। যা ১৯৭৭ সালের আগে ৫০,৬০,৭০ দশকে হয়েছে, এরা সর্বশিক্ষার এম.এস.কে., এস.এস.কে. ছাড়া একটাও প্রাইমারি স্কুল, হাইস্কুল করতে পারেনি বামফ্রন্ট সরকারের আমলে। তারপরে যখন আমাদের অমিত মিত্র এত কষ্ট করে সুন্দর করে মাত্র ২০১১ থেকে ২০১২, আর ১১ সালের কয়েকটা মাসের পর পর পর তিনটা বাজেটের

মধ্যে দিয়ে যেভাবে ২৬ হাজার কোটি টাকার ঋণটাকে শোধ করে ক্রমপর্যায়ে ট্যাক্স ৪৫ হাজার কোটি টাকা আদায়ের চেষ্টা করেছেন তাকে ধন্যবাদ দেওয়া দরকার ছিল। তা না করে সমালোচনা করছেন—এদের বিবেকে আঘাত করছে না ? যেখানে রাজ্য দেউলিপনা হয়েছে, যেখানে রাজ্যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণ নিয়ে পথ চলা শুরু করেছে, কই ওরা তো ট্যাক্স কালেকশান করে বেশি করে ঋণটাকে শোধ করার চেষ্টা করেনি। ঋণটাকে দিনের দিন বাড়িয়ে দিয়েছে বিভিন্নভাবে। আমাদের কৃষি দপ্তরে দেখুন কিভাবে আমাদের সরকার আসার পর আমরা এখানে কিভাবে ওই পুরস্কারটা পেলাম, আমাদের সরকার কিভাবে কৃষিকর্মণ পুরস্কার লাভ করেছে, কিভাবে ২৮ হাজার কে.সি.সি. বিতরণ করেছে, কিভাবে খাদ্য সুরক্ষা থেকে শুরু করে হাসপাতালে ন্যায্য মূল্যের ঔষধের দোকান, কন্যাশ্রী প্রকল্প, যুবশ্রী প্রকল্প—একটা দেউলিপনা সরকার, ভিখারির সরকার কিভাবে এগুলো করতে পারে এত সুন্দরভাবে গুছিয়ে, গুছিয়ে কাজ করছে তারপরেও বলছে এদের বাজেটের কোনো সারবস্তু নেই, এদের বাজেটের কোনো দিশা নেই। ২৩টি দিশা দেখিয়েছে আমাদের সরকার। সেই ২৩টি দিশা কিভাবে দেখিয়েছে, কিভাবে দেখাচ্ছে কর্মসংস্থান। আমাদের গ্রাম এলাকায় গেলে ওই পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, জঙ্গলমহলে এমন কোনো গ্রাম নেই যেখানে জুনিয়ার কনস্টেবল, হোমগার্ড, এন.বি.এফ.-এ চাকরি পায়নি। প্রতিটা গ্রামে ৫ জন, ১০ জন করে চাকরি পেয়েছে। যেখানে ১ কোটি বেকার তৈরি করে দিয়ে গেল বামফ্রন্ট সরকাররা সেই জায়গায় কর্মসংস্থানের কাজকর্ম শুরু হয়েছে। তাও চোখ থাকতে অন্ধ, কান থাকতেও কালা হয়েছে—দেখতে পাচ্ছে না, শুনতে পাচ্ছে না। ভালোকে ভালো বলতে শিখতে হবে। মমতা বন্দ্যোপাধ্যায় যখন ভালো করছেন, অর্থমন্ত্রী যখন টেনেটুনে কষ্ট করে—আপনারা বলতে পারবেন না গ্রামে কোথায়ও কোনো কিছুর ক্ষেত্রে ট্যাক্স বাড়িয়েছে, কোন যাদুমন্ত্রে ৪৫ হাজার কোটি টাকা আদায় করেছে—এটা আপনাদের বিবেচনা, বুদ্ধি করে ভাবা দরকার। অমিত মিত্র কোন বাজেটটা পেশ করেছে এখানে। আমরা দেখছিলাম এই বাজেটগুলো পড়ে, এই বাজেটগুলোর মধ্যে মানুষের মধ্যে কোনো চিন্তা-ভাবনা, কার্যক্রম, দেশপ্রেম, সমাজপ্রেম, মানবপ্রেম তৈরি হবে না। কোনও কাজে মানুষের দারিদ্র্য দূরীকরণ, অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা, মৌলিক অধিকারের কোনো সংস্থান খুঁজে পাওয়া যায়নি। ওরা বারবার বলত আমরা সর্বহারার সরকার। বামফ্রন্টের সরকার কৃষকের সরকার, শ্রমিকের সরকার বলত। আজকে কৃষকের সরকার কোথায় গেছে ? শ্রমিকের সরকার কোথায় গেছে ? সারা বাংলাকে সর্বস্বান্ত করেছে। শিক্ষায় সর্বস্বান্ত, চিকিৎসায় সর্বস্বান্ত, বাসস্থান সর্বস্বান্ত, কর্মসংস্থানে সর্বস্বান্ত করেছে। তাই ওরা হয়েছে চোখ থাকতে অন্ধ, কান থাকতে কালা তৈরি হয়েছে। ওরা বাংলার মানুষের কর্মসংস্থানের বাজেটের এই উন্নয়নের দিশা দেখতে পাচ্ছে না। আমরা যখন দেখতে পাচ্ছি হাসপাতালের ন্যায্য মূল্যের ঔষধের দোকান তখন বলছে সেই ঔষধের দোকানে নাকি সেম সেম দাম আছে। কিন্তু এতদিন করেননি কেন ? আমরা যখন বলছি যে কুড়ি লক্ষ মেয়েদেরকে 'কন্যাশ্রী' প্রকল্পের আওতায় আনা হচ্ছে তখন বলছেন ওটা মেয়েদেরকে দেওয়ার প্রয়োজন ছিল না। ওটা ভুল প্রকল্প আছে। আবার কংগ্রেসরা বলছে যখন বলছে—

যে আজ যা বাংলা দেখাবে কাল ভারত দেখাবে। এই যে কন্যাশ্রী প্রকল্প, ন্যায্য মূল্যে ওষুধের দোকান, যুবশ্রী প্রকল্প, রাস্তাঘাটের উন্নয়ন, আমরা আড়াই বছরে দেখুন ৩১টি কলেজ তৈরি করেছি। জঙ্গলমহল থেকে সারা পশ্চিমবাংলার ৬টি ইউনিভার্সিটি তৈরি হয়েছে। আর ৩৪ বছর—৭৭ সাল থেকে ২০১১, হিসাব করলে বাজেটগুলোয় দেখবেন ক-বছরে কটা কার্যক্রম তৈরি হয়েছে। তাই আমি বলতে চাই আমাদের প্রতিটা ক্ষেত্রে যখন বাজেট তৈরি হচ্ছে, যখন কর্মসংস্থান তৈরি হচ্ছে, যখন ভূতনী ব্রীজ থেকে শুরু করে, কোচবিহারের পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি থেকে শুরু করে যখন আমরা দেখছি আমাদের রাস্তাঘাটগুলো পাকা হচ্ছে, তখন বলছে যে কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা কি নেই বি.আর.জি.এফ. ফান্ডে! কেন্দ্রীয় সরকার যখন ট্যাক্সটা কালেকশান করে নিয়ে যায়, যখন আমাদের রাজ্য থেকে টাকা নিয়ে যাচ্ছে তখন কি সেটা আমাদের রাজ্য হচ্ছে না ? আবার উল্টে কেন্দ্রীয় সরকার তিন তিন বছর ধরে ডিজেল ও পেট্রোপণ্যের দাম, কোথাও ডিজেলের দাম, গ্যাসের দাম বাড়িয়ে কর আদায় করছে। কিন্তু আমাদের অর্থমন্ত্রী রাজ্যের কোথাও মানুষের কাছে সেই ট্যাক্সটা বাড়িয়ে আদায় করার চেষ্টা করেননি। একটা জাদুমন্ত্রের দ্বারা, বুদ্ধি খাটিয়ে এই আই.টি. সেক্টরের মধ্য দিয়ে মানুষকে বেশি করে ট্যাক্স দেওয়ার মানসিকতা তৈরি করেছে। আমরা দেখেছি উত্তরবঙ্গ থেকে শুরু করে পশ্চিমাঞ্চল, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মধ্য দিয়ে স্কুলগুলোতে কোথাও ২৫ লক্ষ, কোথাও ২০ লক্ষ, কোথাও ১০ লক্ষ, রায়পুর হসপিটাল থেকে শুরু করে, বান্দোয়ান থেকে শুরু করে প্রতিটা জায়গায় একটা স্পেসিফিকভাবে পশ্চিমাঞ্চল এলাকায় উন্নয়নের কাজকর্ম শুরু হয়েছে। সেগুলো যদি বাজেটের মধ্যে থাকে এবং কার্যক্রম হয়, আমরা কিন্তু বিগত সরকারের সময় পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের এই কার্যক্রমটা দেখতে পাইনি। আমরা কোথাও বুঝতে পারিনি, অনুভব করতে পারিনি যে পশ্চিমাঞ্চল নামক একটা পর্ষদ আছে। আমরা দেখেছি খেলাধুলার মধ্য দিয়ে—আজকে গ্রামে গেলেই দেখতে পাবেন কিভাবে মেয়েরা ফুটবল খেলছে। কিভাবে ক্লাবে ছেলে-মেয়েরা—একটা নতুন চিন্তা-ভাবনা তৈরি হয়েছে। বিগত সরকারের সময় সেই খেলাধুলার মানসিকতা, উন্নয়নের মানসিকতা, যুবকদের ডেভেলপমেন্টের মানসিকতা ছিল না। আমাদের শালবনীতে স্টেডিয়াম, শালবনীতে সুপার স্পেশালিটি হসপিটালের কার্যক্রম শুরু হয়েছে। এটা তো আমরা বিগত সরকারের সময়ে দেখতে পাইনি, উল্টে আমরা দেখেছি যে এলাকায় পি.এইচ.সি., বি.পি.এইচ.সি. হসপিটাল থেকে গ্রামীণ হসপিটালকে বন্ধ করে দিয়েছে বিগত সরকার, বিগত অর্থমন্ত্রী যে বাজেটগুলো তৈরি করেছিলেন। সেই বাজেটের মধ্যে আমরা দেখেছি যে এলাকার মানুষের উন্নয়নের জন্য কিষাণ ক্রেডিট কার্ড—বলছেন আমাদের সময়েও দিতাম, এখনও দিচ্ছি। আপনাদের সময়ে কত দেওয়া হয়েছিল ? আর আমরা আড়াই বছরে কত দিয়েছি ? হিসাবটা একটু করে নেবেন। ৩৪ বছরে কত কাজ হয়েছিল ? আর আড়াই-তিন বছরে কত কাজ হয়েছে দেখে নেবেন। আমরা আপনাদের বলতে চাই যুব কল্যাণ দপ্তর থেকে এত স্টেডিয়াম, এত খেলার সরঞ্জাম, এত ক্লাবদের টাকা দেওয়া এবং ক্লাবদের উৎসাহিত করা, বিপদগামী পথ থেকে ফিরিয়ে নেওয়ার মানসিকতা বিগত সরকারের সময়ে ছিল না। তথ্য সংস্কৃতি দপ্তরের

মধ্য দিয়ে মনীষীদেরকে চর্চা করা, বিবেকানন্দ, বিদ্যাসাগর, নেতাজি, শরৎচন্দ্র, সুকান্ত, রবীন্দ্রনাথ— যে বাজেটের মধ্য দিয়ে মনীষীদের চর্চা, আমাদের বিবেক মনুষ্যত্ব তৈরির চর্চা শুরু হয়েছে। উল্টে বিগত সরকারের সময় প্রাইমারি স্কুলগুলোতে শুধু মূর্খ তৈরির কারখানা নয়, সেই স্কুলের মাস্টাররা বেশিরভাগ সময় আসি যাই মাইনে পাই, কাজ করলে ডবল চাই, না পড়িয়ে বেতন পাই, এই চিন্তা-ভাবনার মানসিকতা তৈরি করেছিল। তাই আমি বলতে চাই আমাদের যে বাজেট, ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন এই বাজেট উন্নয়নশীল। এই বাজেট মানবদরদী, এই বাজেট সমাজমুখী। এই বাজেট আগামী দিনে দিশা দেখাবে সারা বাংলাকে নয়, সারা ভারতবর্ষকে দিশা দেখাবে। তাই আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

Adjournment

The House was adjourned at 6.14 p.m. till 11.00 a.m. on Wednesday, the 19th February, 2014.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 19th February, 2014 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 06 Ministers of State, 22 P.S. and 139 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে সুপারভাইজার নিয়োগ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১) শ্রী তজমুল হোসেন : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে মোট সুপারভাইজার-এর সংখ্যা কত ; এবং

(খ) নূতন সুপারভাইজার নিয়োগের বিষয়ে সরকারের পরিকল্পনা কি ?

ডাঃ শশী পাঁজা : (ক) ৩১শে ডিসেম্বর ২০১৩ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে মোট সুপারভাইজার-এর সংখ্যা ২,২২৮ (দু হাজার দুশো আঠাশ)।

(খ) নূতন সুপারভাইজার নিয়োগের বিষয়ে রাজ্যস্তরে একটি নিয়োগ কমিটি গঠিত হয়েছে এবং নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :

(১) জঙ্গলমহলে সুপারভাইজার নিয়োগের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

(২) প্রোমোশনের ভিত্তিতে অঙ্গনওয়াড়ি কর্মী থেকে সুপারভাইজার নিয়োগের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(৩) কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে এবং বিজ্ঞাপনের মাধ্যমে সরাসরি সুপারভাইজার নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে, বিজ্ঞাপনের মাধ্যমে সরাসরি সুপারভাইজার নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, আজকে বিগত ৩ বৎসর পরিবর্তনের সরকার আসার পর থেকে এখনও পর্যন্ত কোনো সুপারভাইজার নিয়োগ করা হয়নি। আপনার কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন এটা কি সত্যি যে হোম কোটাতে লোক নিয়োগের জন্য আপনার দলের বিধায়কদের কাছ থেকে নাম নিয়েছেন কি—এটা দয়া করে জানাবেন কি ?

ডাঃ শশী পাঁজা : স্যার সুপারভাইজার নিয়ে প্রশ্নটা আছে। এখানে হোম কোটার বিষয়টা নেই। হোম কোটার বিষয়টা অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকার ক্ষেত্রে আছে। আপনি যদি বলেন তাহলে এই প্রশ্নের উত্তর দেব। এটা তো সুপারভাইজার নিয়ে প্রশ্নটা উঠেছে। সুপারভাইজার নিয়ে যেটা আপনি বলছেন বিজ্ঞাপনের বিষয়টা সেটা বলে দিই। ২০১১-তে যে পরীক্ষা নেওয়া হয়েছিল এবং তারপরে যেহেতু একটা কোর্ট কেসের জন্য এবং মামলা—একটা আইনি জটিলতা হয়েছিল, সেইটা কাটানোর পরে তারপরে ইতিমধ্যেই পরীক্ষা যেটা নেওয়া হয়েছে—রিটেন টেস্ট ইত্যাদি, সেটা ডি.এম.-এর তরফ থেকে সব অ্যানসার স্ক্রিপ্টগুলো জমা পড়েছে। ইতিমধ্যেই সেই শর্ট লিস্ট করে দেওয়া হয়েছে যারা পরীক্ষার্থী, কোর্ডিং অ্যান্ড ডিকোর্ডিং-এর মাধ্যমে এবং ওই মার্কস যেটা পেয়েছে এই সমস্ত রিসিপ্ট করার পরে শর্ট লিস্টেড ক্যানডিডেটকে একটা ভাইভার জন্য আসতে বলা হয়েছে এবং সেইগুলো ৫ই মার্চ ২০১৪ থেকে ১১ই মার্চ ২০১৪-তে তাদের ভাইভাটা হতে চলেছে। প্রাধান্য দেওয়া হয়েছিল, যেগুলো এল.ডব্লিউ.ই. ব্লকস আছে, আমাদের বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরে প্রায় ৬৮ ব্লকস-এর মধ্যে ২৩টা এল.ডব্লিউ.ই. ব্লককে প্রাধান্য দিয়ে মোট ১৮৮ সুপারভাইজারদের আগে নিয়োগ করার জন্য প্রক্রিয়া আরম্ভ হয়। স্যার সুপারভাইজার নিয়োগ করার একটা পদ্ধতি আছে। এর মধ্যে ডায়রেক্ট রিক্রুটমেন্ট-এর বিষয় আছে, আর একটা আছে প্রোমোশান ভিত্তিতে। ডায়রেক্ট রিক্রুটমেন্ট-এর এই পরীক্ষার প্রক্রিয়া শেষ হয়ে যেটা ইন্টারভিউ-এর কথা আমি বললাম সেটা মার্চ মাসে হতে চলেছে। অর্থাৎ ১৪১টা ভ্যাকান্সি, এল.ডব্লিউ.ই. ২৩টা ব্লকে সেটা চলছে তার সঙ্গে প্রোমোশান যেটা আছে, বাকি ৪৭টা সিট সেটা ইতিমধ্যেই সারা রাজ্যে যেখানে ২৮২৫টি ভ্যাকান্সি রয়েছে সুপারভাইজারদের, এরমধ্যে ২৫% - ২৫% যদি ধরেন, তাতে ২৫% হচ্ছে প্রোমোশন। সেই লিস্ট অর্থাৎ অঙ্গনওয়াড়ি ওয়ার্কার যে প্রোমোট হয়ে সুপারভাইজার হবে, সেই লিস্ট আমরা চেয়ে পাঠিয়েছি। সেই প্রোমোশানের লিস্টটা রেডি করা হচ্ছে। আর বাকি যে ডিরেক্ট রিক্রুটমেন্ট হবে, যেটা বলছিলাম, বাকি জেলাগুলোতে বিজ্ঞাপনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আপনি বলেছেন যে, হোম কোটার বিষয় এখানে নেই। কিন্তু হোম কোটা তো আপনার এতেই পড়ছে। কারণ এটা তো দপ্তরের ব্যাপার। এই হোম কোটার নির্দিষ্ট সংজ্ঞা একটু দয়া করে জানাবেন কি ?

ডাঃ শশী পাঁজা : স্যার, যখন উনি ইনসিস্টই করছেন আমি বলে দিই। স্যার, এটাতে বিগত বছরগুলোর কথা আবার উঠে আসবে। এখানে একটা সুখবরও জুড়ে দিই যে, আজ এত বছরের নির্দিষ্ট কোটা যেটা ছিল, Five per cent Quota, সেটা ছিল for home inmates in government run homes, NGO run homes, non-government run homes and others বলে একটা কোটা আছে। স্যার, এত বছরে, এই বছর যেটা সুখবর আছে home inmates যে চাকরি পেতেন না অঙ্গনওয়াড়ি ওয়ার্কারে after fulfilling the criteria also, এটা বেশিরভাগই যেটা উনি বলতে চাইছেন, বিগত দিনগুলোতে সেটা তারা করেছেন যে এম.এল.এ.-রা লিস্ট দিতেন এবং তাদের দিয়ে কোটাগুলো ভরে যেত, হোম কোটাগুলো। Home inmates দিয়ে হত না। আজকে এত বছরে আমরা home inmates-এর কোটা রেডি করেছি। প্রায় home inmates আমি বলছি, যেটা ঘোষিত হতে চলেছে, ৮৩ জন আমাদের গভর্নমেন্ট হোমগুলোতে home inmates বহু বছর ধরে তারা রয়েছেন। যারা eligible to be Angwanwari কর্মী, তাদের নাম ঠিক করা হয়েছে এবং এন.জি.ও. হোমসগুলোর প্রায় ২৮টা নাম। আমার মনে হয় এটা একটা সুখবর যেখানে প্রায় ১১১টি নাম home inmates, তাদের ভবিষ্যতের কথা ভেবে, তাদেরকে প্রাধান্য দিয়ে আমরা অঙ্গনওয়াড়ি ওয়ার্কার হিসেবে নিয়োগ করব। তারপরে যে so-called others-রা আছে, সে বিষয়টা, সেটা যেমন সিলেকশন কমিটি, একটা সিলেকশন কমিটি তৈরি করা হয়েছে বিভিন্ন জেলায়। সেই সিলেকশন কমিটি সবক্ষেত্রে নিয়ে যে নামগুলো প্রস্তাব করবে, সেগুলো বিবেচনা করা হবে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে সুপারভাইজার, অঙ্গনওয়াড়ি যবে থেকে তৈরি হয়েছিল, বিভিন্ন ব্লকে সুপারভাইজার এক একজন ২০ বছর, ২২ বছর, ১৫ বছর ধরে আছে। আপনার দপ্তর তাদের ট্রান্সফারের কোনো নীতি নির্ধারণ আপনি করেছেন কি না সেটা জানাবেন কি ?

ডাঃ শশী পাঁজা : স্যার, সার্বিকভাবেই সব দিক দিয়েই সুপারভাইজার, সি.ডি.পি.ও., ডি.পি.ও. সব লেভেলেরই আমরা একটা ট্রান্সফার নীতি ঠিক করার চেষ্টা করছি। কারণ যেগুলো আবার সেই একই কথা আসে স্যার, যে বহু বছর ধরে এক জায়গায় থেকে একটা মৌরসিপাট্টা, নিজের একটা আলাদা domain, তারা empire মতো তৈরি করে নেয় এবং তার মধ্যে দিয়ে দুর্নীতি এই সমস্ত হয়। ফলে আমরা একটা ট্রান্সফার নীতির পরিকল্পনা করছি, যাতে সব মানুষই সব জায়গায় কাজ করার জন্য সুযোগও পাবে এবং সে এক জায়গায় গেড়ে বসে থেকে নিজের একটা nexus তৈরি করে নিল, সেটাকে যাতে বন্ধ করা যায়। এটা আমরা স্বীকার করছি বহু বছর ধরে কোনো না কোনো কারণে তাদেরকে ধরে রাখা হয়েছে, কারোর কারোর অপ্রিয় হয়েছেন, কোথায় কোথায় প্রিয় হয়েছেন, তাইজন্য কাছের মানুষ হয়ে তাদের রেকমেন্ডেশান করেছে এবং বহু বছর ধরে তারা রয়েছে। এগুলো স্যার একটু আস্তে আস্তে সব গুছিয়ে নিয়ে ট্রান্সফারের বিষয়টা ঠিক করছি।

শ্রী মহম্মদ সোহরাব : স্যার, মাননীয়া মন্ত্রী বললেন যে অঙ্গনওয়াড়ি ওয়ার্কার সিলেক্ট করার জন্য জেলা ওয়াইজ সিলেক্ট কমিটি হয়েছে। মাননীয়া মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, কয়েকটি জেলায় এই গভর্নমেন্টের অর্ডারের বিরুদ্ধে অর্ডার হয়েছে কি না, এবং যদি তাই হয়ে থাকে, যদি কয়েকটি জেলাতে হয়ে থাকে, সঙ্গে সঙ্গে গোটা স্টেটের জন্য এই গভর্নমেন্ট অর্ডারটা পরিবর্তনের জন্য কিছু চিন্তা-ভাবনা কি আপনি করছেন ?

ডাঃ শশী পাঁজা : একটা নোটিফিকেশনের কথা বলছেন কি মাননীয় বিধায়ক, যেটা সেপ্টেম্বর ২০১২-তে একটা নোটিফিকেশন সব জেলাতে গেছে। যেখানে সিলেকশন কমিটির চেয়ারপার্সন এবং ভাইস চেয়ারপার্সন কে হবে, সেটা ঠিক করা হয়েছে। সেটা হচ্ছে সিলেকশন কমিটি, পুরনো সিলেকশন কমিটি, তার মধ্যে চেঞ্জ এনে এই সিলেকশন কমিটির মাধ্যমে সমস্ত অঙ্গনওয়াড়ি কর্মী, সহায়িকা নিয়োগের প্রক্রিয়া কবে কি হবে, সমস্ত ওই সিলেকশন কমিটি বসে কোথায় কি ভ্যাকেন্সি আছে সেই অনুসারে পরীক্ষা থেকে আরম্ভ করে, ভাইভা থেকে আরম্ভ করে সেই লিস্টটা শর্টলিস্ট করে তাদের অ্যাপয়েন্টমেন্ট লেটারটা সি.ডি.পি.ও-র মাধ্যমে দেওয়া হবে।

[11.10–11.20 a.m.]

এবারে কিছু জায়গায় এর বিরুদ্ধে—কোচবিহার থেকে আরম্ভ হয়েছে সেটা—সেখানে একটা আইনি জটিলতার মধ্যে গেছে এবং আমাদের তরফ থেকে affidavit in opposition, সেটাও গেছে। কোর্ট কেস চলছে—কোচবিহার বলুন, মালদা বলুন—সামান্য একটা বিষয় নিয়ে। যেখানে আমরা এই সিস্টেমের মধ্যে একটা স্বচ্ছতা, সততা আনার চেষ্টা করছি, তার বিরুদ্ধে যখন কোর্ট কেস আরম্ভ হয় সেটাকে আমরা আইনি প্রক্রিয়ার মাধ্যমে মোকাবিলা করার চেষ্টা করছি। কিন্তু আমি এখনও বলি, আপনারা যদি এতটাই চান, এই সিস্টেমের ভালো চান, তাহলে এই আইনের জটিলতার মধ্যে দিয়ে গিয়ে আপনারা এই গতিটাকে রোধ করলেন, আপনারা de-accelerate করছেন প্রসেস। আপনারা যেহেতু এখন জিজ্ঞেস করছেন সুপারভাইজারের সংখ্যা কি ভাবে পূর্ণ করা হবে, অঙ্গনওয়াড়ির এত ভ্যাকেন্সি আছে সেটা কি ভাবে পূর্ণ করা হবে, সেই চেষ্টাটা যখন এই সরকার নিচ্ছে, সেই চেষ্টা করছে, সেখানে কিন্তু এই প্রসেসটাকে স্টল করা হচ্ছে।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আমরা কয়েকদিন আগে দেখলাম ভারতবর্ষ পোলিওমুক্ত দেশ হিসাবে চিহ্নিত হয়েছে। এক্ষেত্রে আমি মনে করি আই.সি.ডি.এস. প্রকল্পগুলোর কর্মীরা যথেষ্ট গুরুত্ব দিয়ে এই কাজ করেছেন। এই সময় দাঁড়িয়ে আমি দেখছি আমাদের রাজ্যে—mission mode-এ এই প্রকল্পগুলো নিয়ে যেতে চাইছে। Mission mode-এর উদ্দেশ্যটা কি যদি দয়া করে মাননীয়া মন্ত্রী এই হাউসকে অবহিত করেন।

ডাঃ শশী পাঁজা : যদি mission mode নিয়ে বলতে হয়, তাহলে বলতে হয় যে, it is restructuring of the ICDS scheme. এটা একটা বড় chapter. এর মধ্যে

অনেক কিছু বিষয় আছে। প্রথমেই আমি বলে দিই, এটার সঙ্গে সুপারভাইজারদের কোনো সম্পর্ক নেই। সুপারভাইজার নিয়োগ, কটা আছে সংখ্যা, তার সঙ্গে এটার কোনো সম্পর্ক নেই, যোগ নেই। তবুও ICDS mission mode যদি বলতে হয়, স্যার, এটা একটা বড় লেংদি চ্যাপটার। ...(নয়েজ)... প্রশ্ন করবেন, উত্তর শোনার ধৈর্য থাকবে না ? Mission mode আপনি আমাকে বোঝাবেন ?

মিঃ স্পীকার : আপনি উত্তর দিয়েছেন। উনি নোটিশ দিলে পরে আপনি জবাব দেবেন।

ডাঃ শশী পাঁজা : এটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার flagship scheme. এই restructuring ICDS mode-টা জানেন ? সেখান থেকে সেই গাইডলাইনস্টা আসে। এটাও জানেন তো ? সুতরাং প্রশ্নটা সীমিত রেখে শুনুন। প্রশ্ন কি ছিল ? ICDS restructuring mode-এ কি হবে। আপনি এটাও জানেন, ICDS restructuring mode-এ একটা Directorate-এর কথা উঠছে ? ICDS mission Directorate-এর মাধ্যমে বিভিন্ন প্রোগ্রাম বানানোর থেকে সবাই নিয়োগ হবে ? তারপর অঙ্গনওয়াড়ি ওয়ার্কারদের সঙ্গে একটা লিংক মতো তৈরি হবে, তারপর একটা creche তৈরি হবে, একটা সাপ্লিমেন্টারি নিউট্রিশন প্রোগ্রাম যেটা হবে, সেই সমস্ত যে টাকা আসবে তার বৃদ্ধি হবে, প্রি-স্কুল এডুকেশন যেটা জানতেন পি.এস.ই. সেটা ই.সি.সি.। জানেন কি ? তাহলে প্রশ্ন যখন করছেন তখন উত্তর শোনার ধৈর্য নেই কেন আপনাদের ?

শ্রী শেখ শাহনেওয়াজ : নতুন সুপারভাইজার যে নিয়োগ হচ্ছে, সেইগুলো আই.সি.ডি.এস.-এর এক্সপেরিয়েন্সের বেসিসে নেওয়া হচ্ছে শুনছি। কি ভাবে নেওয়া হচ্ছে, নিয়োগের পদ্ধতি এবং কোয়ালিফিকেশন কি, মাননীয়া মন্ত্রী জানাবেন কি ? নতুন সুপারভাইজার অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে।

ডাঃ শশী পাঁজা : এটা বলে দিই, আমাদের একটা state level recruitment committee আছে। যে তিনটে পদ্ধতি বললাম, direct recruitment এবং promotion-এর ক্ষেত্রে। এই কমিটিতে আছেন director of social affairs, joint secretary ICDS, joint secretary WCD, joint secretary administration as member secretary, additional director এবং SPO. তার সঙ্গে যেটা আছে, যেটা বললাম, সুপারভাইজার হয় কি করে ? অঙ্গনওয়াড়ি থেকেও প্রোমোশন হয়, আর একটা ডাইরেক্ট নিয়োগ থেকে। এবারে সুপারভাইজার যে হবে প্রোমোশনের ভিত্তিতে তার ক্রাইটেরিয়া হচ্ছে অর্থাৎ অঙ্গনওয়াড়ি ওয়ার্কারের ১০ বছর সে কাজ করেছে এবং তার সঙ্গে ক্লাস টেন তো রয়েছে তার একটা কোয়ালিফিকেশন। কিংবা ধরুন যোগ দিয়েছে অঙ্গনওয়াড়ি ওয়ার্কার হিসাবে তিন বছর তার সার্ভিস কমপ্লিট হয়েছে এখানে, অনারারি কাজ যেটা হয়েছে। ইতিমধ্যে সে গ্র্যাজুয়েশনও করেছে। এইটা যদি থাকে তাহলে সে প্রোমোশনের জন্য ক্রাইটেরিয়া সে ফুলফিল করে থাকে। এইটা হচ্ছে মেন ক্রাইটেরিয়া।

প্রত্যেকেই প্রোমোশন হয়ে যাওয়ার পরেও কিন্তু তার একটা রিটন টেস্ট হবে। ডিরেক্ট রিক্রুটমেন্টের ক্ষেত্রেও যেমন একটা রিটন্ টেস্ট আছে প্রোমোশনের পরেও একটা রিটন্ টেস্ট হবে। এইটা হচ্ছে প্রক্রিয়া।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, বলছেন যে সারা রাজ্যে সুপারভাইজারের শূন্য পদ বিশাল। আপনারা শুরু করেছেন মাত্র জঙ্গলমহলের রিক্রুটমেন্টের। কিন্তু সারা রাজ্যে প্রচুর সংখ্যা আছে যেটা আপনি জানেন। আমার সবিনয়ে প্রশ্ন যে, এই সুপারভাইজার পদটা এটা গ্রুপ সি, গ্রুপ ডি এইরকম নয় অফিসার র‍্যাংকের পোস্ট। এর নিরপেক্ষতা বজায় রাখতে গেলে পাবলিক সার্ভিস কমিশনার বা এইরকম একটা কমিটিকে দিয়ে আপনি রিক্রুটমেন্টের ব্যবস্থা করবেন না ? কেন করবেন না ?

ডাঃ শশী পাঁজা : আমি এটার সঠিক উত্তর যেটা বলতে গিয়ে সেটাই বলার যে এই প্রক্রিয়াটা আরম্ভ হয়েছে ইউ হ্যাভ টু গিভ দি পেশেন্স। প্রক্রিয়া আরম্ভ হয়েছে। এটাও বুঝবেন যে যখন ডিরেক্ট রিক্রুটমেন্টে যাচ্ছি তার আগে যে ডিউ ফর প্রোমোশন আছে তার কনসিডারেশন তো আগে করতে হবে। কনসিডারেশন করলাম প্রোমোশনের জন্যে এবং তারপরে ডিরেক্ট রিক্রুটমেন্টে নেওয়া হচ্ছে। আমরা প্রস্তাবগুলো দিয়েছি পি.এস.সি.-কে যে এই ভ্যাকেন্সিগুলো আছে এবং টু থাউজেন্ড ওয়ান হানড্রেড অ্যান্ড এইট্টিন সিটস ডিরেক্ট রিক্রুটমেন্টের জন্যে রয়েছে এবং এবার পি.এস.সি. যেমন গাইডলাইনস্ দেবেন, তারা বলবেন সেই ভাবে আমরা এগোব।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি কিছুক্ষণ আগে বললেন আই.সি.ডি.এস.-এর অথবা এই প্রোজেক্টের যা কিছু চিন্তা-ভাবনা গাইড লাইন এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার। আপনারা কি নতুন নোটিফিকেশন করেছেন রিগার্ডিং দি অ্যাপয়েন্টমেন্ট অব আই.সি.ডি.এস. ওয়ার্কার্স অ্যান্ড হেল্পারস। সুপারভাইজাররা বললেন যে আপনারা স্টেট লেভেলে করেন। আমি আপনাকে একটা কথাই জিজ্ঞাসা করব এই যে গাইড লাইনটা করলেন, ব্লকে যারা চেয়ারম্যান ছিলেন এম.এল.এ.। সেটাকে চেঞ্জ করে আপনি বলছেন যে ডিস্ট্রিক্টে একজন মন্ত্রী হবেন চেয়ারম্যান এবং সেটাই ঠিক। এই গাইডলাইনটা কি ন্যাশনাল গাইডলাইন না এটা স্টেট্ গাইডলাইন ? কোথা থেকে করলেন এটা ?

ডাঃ শশী পাঁজা : সিলেকশন্ কমিটি নিয়ে গাইডলাইনটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার থাকে না। সিলেকশন্ কমিটি নিয়ে ২০০৬-তে গাইড লাইন হয়েছিল, এখানকারই গাইডলাইন ছিল এবং সেটাকে মডিফাই করে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, এম.আই.সি. অব দি রেসপেক্টি ডিস্ট্রিক্ট করা হয়েছে। এটাতে গভর্নমেন্টের গাইড লাইন প্রয়োজন হয় না। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার গাইডলাইন যখন অঙ্গনওয়াড়ি কর্মী এবং হেল্পারের নিয়োগের ক্ষেত্রে এবার জিজ্ঞেসও করেছি যে স্টেট ওয়াইজ উই ক্যান মডিফাই অ্যান্ড দে হ্যাভ গিভন

দি প্রেরোগেটিভ টু আস। অর্থাৎ অঙ্গনওয়াড়ি ওয়ার্কার আপনি জানবেন ১৮ থেকে ৩৫ বছর ওরা বলেছে এবং ক্লাস টেন ওয়ার্কার এবং হেল্পার বলেছে টু গিভ ডিউ রেসপেক্ট টু এভরিবডি এ চান্স ইন দি স্টেট আমরা সেটা ১৮ থেকে ৪৫ বছর করেছি এবং হেল্পারের ক্ষেত্রে ক্লাস টেন ম্যান্ডেটরি করিনি। ক্লাস এইট্‌ই রেখে দিয়েছি। এটা স্টেট ওয়াইজ মডিফিকেশন করতে পারে।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে বামফ্রন্টের আমলে অঙ্গনওয়াড়ি ওয়ার্কার এবং হেল্পার যারা নিযুক্ত হয়েছিল অনেকাংশেই তাদের বয়স থেকে শুরু করে তাদের কোয়ালিফিকেশন সাপ্রেস করে তারা রিক্রুটমেন্ট করেছিল। এদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেবেন কিনা ?

ডাঃ শশী পাঁজা : তারা যে চাকরির মধ্যে আছে, তাদেরকে সেই চাকরি থেকে সরিয়ে দেব এই অঙ্গনওয়াড়ি ওয়ার্কার থেকে তাকে সরিয়ে দেব অন্তত এই মানসিকতা আমরা রাখি না Those who made the mistake, তাদের জন্য অন্য কেউ দায়ী। তাই মানুষটাকে আমরা পানিশ করতে চাই না। তবে এটা বলে দিই অদ্ভুতভাবে একটা গাইড লাইন তাদের ছিল আমরা অঙ্গনওয়াড়ি ওয়ার্কারের ক্লাস টেনই পাশ করতে হবে। তার উপরে কোয়ালিফিকেশন হলে, There was a bar. সেটা দেখুন রীতিমতো একটা মেমোরেন্ডামের মাধ্যমে করা হয়েছিল। এই যে বার ছিল এই বারটাকে আমরা তুলে দিলাম। তাই কোনো না কোনো অদ্ভুত কারণে তাকে ক্লাস টেন পাশ হতে হবে। ক্লাস টুয়েলভ কিংবা গ্র্যাজুয়েট হলে that person is not eligible for this. এই যে অদ্ভুত বার ছিল এই বারটাকে আমরা তুলে দিয়েছি। ফলে স্যার, অনেক মানুষ এই চাকরি পাবার জন্য তাদের কোয়ালিফিকেশন কনসিল করেছে। সেটা নিয়ে কি করা হবে। তারপর কনসিল করেছে বাধ্যতামূলকভাবে তাদেরকে আবার ঢুকতে দেওয়া হয়নি। তারা প্রচুর করেছে স্যার। তাদেরকে প্রচুর নির্যাতন করেছে। তারা যে কনসিল করেছে চাকরি চাইছে বলে। সে তো ক্লাস টেন চেয়েছে, হয়তো সে ক্লাস টুয়েলভ পাশ করেছে, হয়তো গ্র্যাজুয়েট হয়েছে, সে কনসিল করেছে চাকরির জন্য স্যার। তাকে বের করে দেওয়া হয়েছে। এখনও ভুরি ভুরি কেস আমার কাছে আসে। আমরা যেহেতু বারটা তুলে নিয়েছি তাহলে আমরা কি করব এটা নিয়ে।

[11.20–11.30 a.m.]

স্ব-নির্ভর গোষ্ঠীর উন্নয়নকল্পে প্রদত্ত ভর্তুকি

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫) **শ্রী অসিত মজুমদার** : স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্ব-নির্ভর গোষ্ঠীর উন্নয়নকল্পে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ কত ;

(খ) ১লা মে, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে স্ব-নির্ভর গোষ্ঠীভুক্ত কতজন শিল্পোদ্যোগী উপকৃত হয়েছে ; এবং

(গ) আনন্দধারার অধীনে স্ব-নির্ভর গোষ্ঠীগুলির ঋণ প্রদানের পরিমাণ কত ?

মিঃ স্পীকার : মিঃ মাহাতো আপনি এটার অনেক লম্বা উত্তর দিয়েছেন। আপনি ওনাকে দেবেন। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব যদি সাপ্লিমেন্টারি করেন তাহলে সুবিধা হয়। সময়টা কম লাগবে।

শ্রী শান্তিরাম মাহাতো : (ক) (১) স্বনির্ভর গোষ্ঠী সংক্রান্ত প্রধানত দুটি কর্মসূচি রয়েছে। পঞ্চায়েত এলাকায় 'স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা' (SGSY) এবং তদ্‌পরবর্তী 'জাতীয় গ্রামীণ জীবিকা মিশন' (NRLM, যার মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক প্রদত্ত নাম 'আনন্দধারা') এর অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠীগুলির গঠন, প্রশিক্ষণ, ঋণদান এবং তাদের দ্বারা উৎপাদিত পণ্যের বিপণন ইত্যাদির রূপায়ণ সামগ্রিকভাবে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক হয়ে থাকে। এছাড়া পৌরসভা ও পৌরসংস্থা এলাকাগুলিতে পশ্চিমবঙ্গ সরকারের পুর বিভাগের অন্তর্গত রাজ্য নগরোন্নয়ন সংস্থা (State Urban Development Agency) কর্তৃক 'স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনা' রূপায়িত হয়।

এই বিভাগ শুধুমাত্র 'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে'র (SVSKP) রূপায়ণের সঙ্গে যুক্ত। এই প্রকল্পে মোট প্রকল্প মূল্যের ৬৫ শতাংশ ঋণ হিসাবে ব্যাঙ্ক দিয়ে থাকে, ৩০ শতাংশ অনুদান হিসাবে রাজ্য সরকার দিয়ে থাকে এবং বাকি ৫ শতাংশ উদ্যোগীকে নিজেকে বহন করতে হয়।

এস.ভি.এস.কে.পি. (SVSKP) প্রকল্পের অধীনে মে, ২০১১ থেকে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত প্রদত্ত ভর্তুকির পরিমাণ ৩৭৪ কোটি ৮৬ লক্ষ টাকা।

(২) এই বিভাগের অধীন গঠিত 'পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম' (West Bengal Swarojgar Corporation Ltd.) কর্তৃক 'স্বনির্ভর সহায়ক প্রকল্প' (একটি সুদ ভর্তুকি প্রকল্প) রূপায়িত হয়ে থাকে, যার অধীন স্বনির্ভর গোষ্ঠীকে গৃহীত ঋণের উপর ব্যাঙ্ক কর্তৃক আরোপিত সুদের মধ্যে শুধুমাত্র ৪ শতাংশ পরিশোধ করতে হয়। পরিশোধযোগ্য সুদের বাকি অংশ (অনধিক ৭ শতাংশ) স্বরোজগার কর্পোরেশন বহন করে থাকে।

এই সুদ ভর্তুকি বাবদ মে ২০১১ থেকে অদ্যাবধি মোট ২৪ কোটি ২৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

(৩) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অন্তর্গত 'স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা'র থেকে 'জাতীয় গ্রামীণ জীবিকা মিশনে'র (আনন্দধারা) আওতায় আপাতত পশ্চিমবঙ্গের ৫টি জেলা যথা—বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও কোচবিহার এসেছে। বাকি ১৩টি জেলায় এখনও এস.জি.এস.ওয়াই. (SGSY) প্রকল্পটিই রূপায়িত হচ্ছে।

'আনন্দধারা'র অধীনে উক্ত ৫টি জেলায় স্বনির্ভর দলের ক্ষেত্রে প্রাপ্ত ঋণের উপর ৭ শতাংশের বেশি সুদের উপর ভর্তুকির ব্যবস্থা আছে। এছাড়া সময়মতো ব্যাঙ্ক ঋণ পরিশোধ সাপেক্ষে আরও ৩ শতাংশ সুদ ভর্তুকির ব্যবস্থা আছে। বাকি ১৩টি জেলায় ব্যাঙ্ক ঋণ পরিশোধ সাপেক্ষে ৭ শতাংশের বেশি সুদের উপর ভর্তুকির ব্যবস্থা আছে। 'আনন্দধারা'র অধীন ৩ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সুদের উপর ভর্তুকি প্রযোজ্য।

আনন্দধারার অধীন মে, ২০১১ থেকে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত সময়কালে ঋণ প্রদানের পরিমাণ ৬৭২ কোটি ১৫ লক্ষ টাকা। তবে তার মধ্যে সুদ ভর্তুকির পরিমাণের পুঙ্খানুপুঙ্খ তথ্য আহরণের কাজ চলছে যা মাননীয় প্রশ্নকর্তাকে অচিরেই জানানো হবে।

(খ) (১) মে, ২০১১ থেকে ডিসেম্বর. ২০১৩ পর্যন্ত সময়কালে স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের অধীন 'সোসাইটি ফর সেল্‌ফ এমপ্লয়মেন্ট অব আনএমপ্লয়েড ইয়ুথ'-এর দ্বারা রূপায়িত 'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে'র মাধ্যমে উপকৃত ভর্তুকিপ্রাপ্ত একক উদ্যোগীর সংখ্যা ৭৪ হাজার ৬ শো ৫২ এবং গোষ্ঠীভুক্ত উদ্যোগীর সংখ্যা ৪৮।

(২) মে, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের অধীন 'পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম' কর্তৃক রূপায়িত পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্পের (সুদ ভর্তুকি প্রকল্প) দ্বারা স্বনির্ভর গোষ্ঠীভুক্ত উপকৃত সদস্য সংখ্যা ১২ লক্ষ ৭৫ হাজার ৭৩০ জন।

(৩) মে, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে আনন্দধারার অধীনে স্বনির্ভর গোষ্ঠীভুক্ত উপকৃত সদস্য সংখ্যা ১৭ হাজার ৯ শো ৪৫।

(গ) আগেই উল্লেখ করা হয়েছে যে মে, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে আনন্দধারার অধীনে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে ঋণ প্রদানের পরিমাণ ৬৭২ কোটি ১৫ লক্ষ টাকা।

শ্রী শান্তিরাম মাহাতো : আমি ছোটো করে বলছি। এখানে যেটা ভর্তুকির প্রশ্ন উনি করেছেন অর্থাৎ আমাদের যে সংযুক্তি প্রকল্প আছে, এই সংযুক্তি প্রকল্পে আমরা মে দু হাজার এগারো থেকে ডিসেম্বর দু হাজার তেরো পর্যন্ত ভর্তুকির পরিমাণ আমাদের হয়েছে ৩৭৪ কোটি ৮৬ লক্ষ টাকা। এবং আর একটা আমাদের ভর্তুকি প্রকল্প আছে যেটা সুদ ভর্তুকি প্রকল্প। ইন্টারেস্টের উপরে আমরা সাবসিডি দিয়ে থাকি। ইন্টারেস্ট সাবসিডি স্কিমে আমরা মে দু হাজার এগারো থেকে অদ্যাবধি ২৪ কোটি ১৪ লক্ষ টাকা ব্যয় করেছি। এই রকমই আমাদের পরিসংখ্যান এবং এইভাবেই আমরা সেল্ফ হেল্প গ্রুপকে স্ট্রেনদেন করার চেষ্টা করছি।

শ্রী অসিত মজুমদার : স্যার, আমার প্রশ্ন—বামফ্রন্টের সময়ে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে কত টাকা অনুদান দেওয়া হয়েছিল।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, আপনার মাধ্যমে সদস্যকে জানাই যে এই যে সংযুক্তি প্রকল্পটা চালু হয়েছিল ২০০০-২০০১ অর্থবর্ষ থেকে। কিন্তু বামফ্রন্টের সময়ে এই প্রকল্পে এগারো বছরে যেদিন থেকে এই প্রকল্প চালু হয়েছিল তার থেকে এগারো বছরে ৩৯৭ কোটি টাকা ভর্তুকি দিয়েছিলেন। আর আমরা আড়াই বছরে ৩৭৫ কোটি টাকা ভর্তুকি দিয়েছি এবং ভর্তুকির মধ্য দিয়ে আজকে বেকার যুবক-যুবতীরা তাদের কর্মসংস্থান পাচ্ছেন এবং তারা তাদের ইউনিট গঠন করে তারা কাজে নেমেছে।

শ্রী অসিত মজুমদার : স্যার, স্বনির্ভর সহায়ক প্রকল্পে বামফ্রন্টের সময়ে কত টাকা ভর্তুকি দেওয়া হয়েছিল এবং আমাদের সময়ে কত টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, মাননীয় সদস্যকে জানাই যে, আমরা এই আড়াই বছরের মধ্যে স্বনির্ভর সহায়ক প্রকল্পটি হচ্ছে—কোনো স্বনির্ভর গোষ্ঠী যদি ব্যাঙ্ক থেকে লোন নেন, ব্যাঙ্ক থেকে লোন নেবার সময়ে যে ইন্টারেস্ট লাগে সেই ইন্টারেস্ট-এর চাপটাকে কমানোর জন্য স্বনির্ভর সহায়ক প্রকল্প আছে। সেই প্রকল্পের মধ্যে ইন্টারেস্টের ওপর আমরা সাবসিডি, অর্থাৎ সুদের ওপর ভর্তুকি দিয়ে থাকি। এই সুদ ভর্তুকি বাবদ আমরা ২৪ কোটি ২৬ লক্ষ টাকা অনুদান দিয়েছি। এটা আমরা দিয়েছি। কিন্তু আগে বামফ্রন্টের সময় মাত্র ৩ কোটি টাকা অনুদান তারা দিয়েছিলেন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যাদের। আমরা এই কাজে গতি এনেছি।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে একটা প্রশ্ন করতে চাই, বিভিন্ন বিদ্যালয়গুলোতে স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলারা রান্নার কাজ করে থাকেন। কিন্তু তারা যে পরিশ্রম করেন, সেই তুলনায় তাদের যে অনারারিয়াম দেওয়া হয়, সেটা খুবই অল্প। আপনি কি এই ব্যাপারে স্বয়ম্ভর গোষ্ঠীদের সহায়তা প্রকল্প থেকে সেই সমস্ত রাঁধুনিদের সহায়তা প্রদানের ক্ষেত্রে বা তাদের অনারারিয়াম বৃদ্ধির ক্ষেত্রে কোনো রকম পদক্ষেপ গ্রহণ করেছেন কি ? এই ব্যাপারটা আমি শুনতে চাই।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে জানাতে চাই যে, ওরা যে মাইনে পান, ওটা আমরা দিয়ে থাকি না, স্কুল এডুকেশন ডিপার্টমেন্ট থেকে এটা দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি সত্যিই যেভাবে তাদের পরিশ্রম করতে হয়, সেইভাবে তারা পারিশ্রমিক পান না। আমরা এই ব্যাপারে স্কুল এডুকেশন ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে নিশ্চয়ই ব্যবস্থা করব। সত্যি কথায়, তাদের যে পারিশ্রমিক, সেইভাবে তারা পয়সা পান না। আমরা চাই তাদের পয়সা বাড়ানোর ক্ষেত্রে এবং ডিপার্টমেন্ট থেকেও আলোচনা করে দেখব যাতে এদের কিছুটা মাইনে বাড়ানো যায়।

শ্রী ডি. পি. রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে

আমার অতিরিক্ত প্রশ্ন, স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা এখন ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশন নামে পরিচিত এবং সেই নামেই রূপায়িত হচ্ছে। তার একটি কম্পোনেন্ট হচ্ছে, মহিলা সশক্তিকরণ যোজনা। এই মহিলা সশক্তিকরণ যোজনা স্বেচ্ছাসেবী সংস্থার দ্বারা রূপায়িত হওয়ার কথা। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমাদের রাজ্যে কোনো জেলায় মহিলা সশক্তিকরণ যোজনা কোনো সংস্থার মাধ্যমে রূপায়িত হচ্ছে কিনা।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই, এই ব্যাপারে আমরা উদ্যোগ নিয়েছি। যেসব স্বেচ্ছাসেবী সংগঠন—যারা এগিয়ে আসছেন, তাদেরকেও মহিলা সশক্তিকরণের ক্ষেত্রে তারা যদি এগিয়ে আসেন, আমরা নিশ্চয়ই সেই ব্যবস্থা আগামী দিনে করব এবং বিভিন্ন ক্ষেত্রে আমরা প্রোজেক্ট বেস কাজ করে থাকি, অর্থাৎ যদি কোনো এন.জি.ও. ভালো প্রোজেক্ট জমা করতে পারেন, যাতে সেল্ফ হেল্প গ্রুপের উন্নতি হতে পারে এবং সেল্ফ হেল্প গ্রুপটা স্ট্রেনদেন হতে পারে, সেই জায়গাতে আমরা নিশ্চয়ই ভেবে দেখব এবং কিছু কিছু ক্ষেত্রে এটা কাজও হচ্ছে।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা বিষয়ে প্রশ্ন করতে চাই। স্বনির্ভর গোষ্ঠীগুলো যারা নিজেরা নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য সামান্য কিছু কাজ বাড়িতে করছে এবং সেই সমস্ত জিনিস বিক্রি করার জন্য আপনারা কি কোথাও—কোনো ব্লক বা কোনো জেলায় নতুন করে বাজার তৈরি করছেন বা করার পরিকল্পনা আছে কিনা, সেটা জানালে ভালো হয়।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যকে জানাতে চাই, বাজার তৈরি করার ব্যবস্থা আমাদের আছে। কিন্তু অনেক ক্ষেত্রে উদ্যোগ যদি আপনারা নেন, নিশ্চয়ই আমরা বাজার তৈরি করে দেওয়ার ব্যবস্থা করে থাকি বা করছি। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে যেটা সমস্যা দেখা দিচ্ছে সেটা হচ্ছে, বাজার তৈরি। এই বাজার তৈরির জায়গাটা যদি ঠিকমতো না পাওয়া যায়, যদি রিমোট জায়গাতে হয়, তাহলে বাজারে তো স্বনির্ভর গোষ্ঠীকে দিয়ে তাদের বিপণনের সেইভাবে জায়গা পাবে না। যার ফলে আমরা আর.আই.ডি.এফ. এবং আমাদের ডিপার্টমেন্ট থেকে—দুটো জায়গা থেকেই আমাদের জেলার যারা আধিকারিক আছেন, জেলার যারা অফিসার আছেন, তাদেরকে বলি আমরা Training centre cum marketing complex করার ব্যবস্থা করে থাকি, যদি সঠিক জায়গা পাওয়া যায় তাহলে নিশ্চয়ই Training centre বা marketing complex করে দেওয়ার ব্যবস্থা করব। আমরা চাই যে Training centre বা marketing complex হোক। এবং আগামী দিনে এর মধ্যে দিয়ে আরও self help group-কে আমরা প্রভাইড করতে পারি সেই জন্য আমরা বিভিন্নভাবে উদ্যোগ নিচ্ছি।

[11.30–11.40 a.m.]

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী

মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে সকল স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা আছেন, তাদের মধ্যে যে এস.টি. মহিলারা আছেন, যারা ১৮ থেকে ৫০-এর মধ্যে যে সব এস.টি. মহিলারা আছেন তারা ১০ হাজার টাকা সাবসিডি পান। কিন্তু ৫০ বছর পেরিয়ে গেলে তারা কোনো সাবসিডি পাবে কি না এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয়া সদস্যাকে জানাতে চাই, উনি হয়তো সঠিকভাবে এটা ইয়ে করতে পারছেন না। আমরা যে স্বনির্ভর গোষ্ঠীগুলোর দেখাশোনা করি তার মধ্যে স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা এটা একচুয়ালি P & RD ডিপার্টমেন্ট থেকে দেখাশোনা করা হয়, এবং P & RD ডিপার্টমেন্টই এর অভিভাবক। কাজেই উনি যদি দৃষ্টি আকর্ষণ করেন আমি জানিয়ে দেব। এবং যে সমস্যা আছে, সেই সমস্যাটা আগামী দিনে সমাধান করার আমরা চেষ্টা করব।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১০ সাল পর্যন্ত বামফ্রন্টের আমলে প্রায় ১ কোটি ২০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীর সদস্য ছিল। মানে ১২ লক্ষ গ্রুপ গড়ে উঠেছিল। সঞ্চয়ের পরিমাণ ছিল প্রায় ২ হাজার কোটি টাকা। আমার প্রশ্নটা হল ব্যাঙ্ক থেকে গোষ্ঠীগুলি ঋণ পেতেন, এবং তখন সুদের হার ছিল মাত্র ৪%। ৪% হারে তারা এই টাকাটা পেতেন। অনুগ্রহ করে আপনি জানাবেন কি এখন এর থেকে বেশি হারে সুদ দিয়ে টাকা নিতে হয়, নাকি কম ? এই ধরনের যদি কোনো পরিকল্পনা থাকে অনুগ্রহ করে যদি একটু বলেন।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই ১ কোটি ২০ লক্ষ যেটা স্বনির্ভর গোষ্ঠীর সদস্য বা সদস্যা তিনি বলেছেন, কিন্তু এই সংখ্যাটার মধ্যে কিছু সমস্যা আছে। অর্থাৎ আমি যেটা বলতে চাই অনেক জায়গাতে আমরা দেখেছি যে কিছু overlapping আছে, অর্থাৎ overlapping বলতে একজন সদস্যের দু-জায়গাতে হয়তো নাম নথিভুক্ত আছে। এই সদস্য ব্যাঙ্ক থেকে bank linkage এবং credit linkage। এই জায়গাতে আমাদের একটা সার্ভে চলেছে এবং তাতে SLBC যে রিপোর্ট দিচ্ছে তাতে করে সংখ্যাটা এখনও পুরোপুরি—তথ্য সংগ্রহের একটা চেষ্টা চলছে। স্বনির্ভর গোষ্ঠী এখন যেটা আছে সেটা SLBC-র রিপোর্ট অনুযায়ী ৬ লক্ষ ৮৮ হাজার। যাদের সঙ্গে ব্যাঙ্ক চেকে যারা ঋণ নিয়েছেন। এই রকম ঋণপ্রাপ্ত দলের সংখ্যা হচ্ছে ৬ লক্ষ ৮৮ হাজার। আবার কিছু স্বনির্ভর গোষ্ঠী আছে যারা স্মল ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট ব্যাঙ্ক SIDBI আওতায়, NGO-র মাধ্যমে তৈরি স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা প্রায় সাড়ে ৩ লক্ষ। এইভাবে স্বনির্ভর গোষ্ঠী আছে। কিন্তু সদস্যটা অনেক জায়গাতে overlapping থাকার ফলে এখন তথ্যের একটা অনুসন্ধান চলছে যে প্রকৃত স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা কত, যারা ব্যাঙ্কের সঙ্গে যুক্ত হয়েছেন, ব্যাঙ্ক থেকে লোন নিয়ে কাজ শুরু করছেন। স্বাস্থ্যকর স্বনির্ভর গোষ্ঠী তাকেই বলা হবে যে স্বনির্ভর গোষ্ঠী ব্যাঙ্ক থেকে লোন নেবে, ব্যাঙ্ক থেকে লোন নিয়ে

লোন পরিশোধ করতে পারবে তাকেই প্রকৃত ভালো স্বনির্ভর গোষ্ঠী আমরা বলতে পারব। সেই জায়গাতে আমরা দেখেছি সংখ্যাটা কিছুটা অসুবিধা আছে।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে আমার জিজ্ঞাস্য যে বর্তমানে আনন্দধারা যে প্রকল্প আমাদের মুখ্যমন্ত্রী তৈরি করেছেন, এখনও পর্যন্ত পূর্ব মেদিনীপুরে আনন্দধারার অধীনে স্বনির্ভর গোষ্ঠীগুলির কতগুলি পরিবার উপকৃত হয়েছেন এবং পূর্ব মেদিনীপুরের আমার উত্তর কাঁথি এলাকায় কতগুলি আছে, সেটা জানতে চাইছি।

শ্রী শান্তিরাম মাহাতো : স্যার, মাননীয়া সদস্যাকে আপনার মাধ্যমে জানাতে চাই, এটা নোটিশ দিলে আমি সদস্যাকে জানিয়ে দিতে পারব।

চটকলের সংখ্যা

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫) **শ্রী শাহাজাহান চৌধুরী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট চটকলের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, চালু চটকলের সংখ্যা কত ;

(গ) টিটাগড়ের চটকলটি কবে থেকে বন্ধ আছে ; এবং

(ঘ) উক্ত চটকলটি খোলার বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাব, তিনি তারকা চিহ্নিত ২০৫নং প্রশ্নের চারটি প্রশ্ন রেখেছেন। আমি সেই চারটি প্রশ্নের পরপর উত্তর দিচ্ছি।

(ক) রাজ্যে মোট চটকলের সংখ্যা ৬০টি। তার মধ্যে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত ৫টি এবং রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত ৫৫টি।

(খ) ৬০টি হচ্ছে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত এই ৫টিকে নিয়ে। সেগুলি বাদে যদি বলি, ৫৫টি রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত। তার মধ্যে এখন ৫টি জুটমিল বন্ধ আছে এবং তার মধ্যেও একটি এই সময়ের পরে অর্থাৎ উনি প্রশ্ন করেছেন ২০১৩, তারপরে একটি গোন্দোলপাড়া জুটমিল সেটি খুলে গেছে। তাহলে রইল ৪টি। সেই ৪টির বেশিরভাগই অনেক দিন ধরে বন্ধ এবং সেগুলোর ব্যাপারে হাইকোর্টের নানারকম রায় আছে, এগুলো আপনারা জানেন।

(গ) টিটাগড়ে অবস্থিত লুমটেক্স ইঞ্জিনিয়ারিং প্রাইভেট লিমিটেড নামক চটকলটি বিগত ২৮.০১.২০১৩ থেকে বন্ধ (সাসপেনশান অফ ওয়ার্ক) আছে।

(ঘ) উক্ত চটকলটি খোলার ব্যাপারে ইতিমধ্যে ৪/৫টি মিটিং হয়েছে। জেলাস্তরে

হয়েছে, রাজ্যস্তরে হয়েছে, জেলা শাসকস্তরে হয়েছে এবং শেষ মিটিং গত ৬ তারিখে হয়েছে। সেই ত্রিপাক্ষিক মিটিংয়ের প্রক্রিয়া চলছে। আশা করি যত দ্রুত সম্ভব এই কারখানাটি খুলে যাবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এখানে এক বছর আগে বন্ধ চটকলের সংখ্যাটা দেওয়া হয়েছিল ৭৩ এবং চালু চটকলের সংখ্যা ৬৬ ছিল। যাই হোক, এখন বন্ধ যে চটকলের সংখ্যা আপনার উত্তরের পরিপ্রেক্ষিতে ১০ জানাচ্ছে সেই ১০টি চটকল খোলার ব্যাপারে সরকারের কোনো উদ্যোগ নেওয়া হয়েছে কিনা ?

শ্রী পূর্ণেন্দু বসু : আপনাকে আবারও বলি, ৫টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত এন.জে.এম.সি. পরিচালিত মিল। সেখানে রাজ্য সরকারের কিছু করার নেই। এবার বাকি যে ৪টি বন্ধ আছে সেই ৪টি জুটমিল বন্ধের ক্ষেত্রে একদমই ১০টি নয়, রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত। ৫টি রয়েছে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। এই তফাৎটা বুঝবেন। এবার বাকি যে ৪টি আছে সেগুলির মধ্যে আপনারা জানেন যে, সুড়া জুটমিলটি হাইকোর্টের রায়ে কলকাতা থেকে বজবজে নিয়ে যাওয়ার কথা। সেখানকার কিছু কিছু শ্রমিক মানেননি কিন্তু হাইকোর্টের রায়ে সেটা হয়ে আছে। যতদিন পর্যন্ত এটার ফয়সলা না হচ্ছে রাজ্য সরকারের পক্ষে এখানে কোনো উদ্যোগ নেওয়া সম্ভব নয়। আমি দায়িত্ব গ্রহণের পর তিনটি মিটিং করেছিলাম। শ্রমিক পক্ষকে বুঝিয়েছিলাম, মালিক পক্ষকে বুঝিয়েছিলাম কিন্তু দুপক্ষই অনড়। হাইকোর্টের রায়ের জায়গায় মালিক পক্ষ চাইছেন যে যে শ্রমিকরা কাজ করতে চান তারা বজবজে বিড়লাপুরে চলুন সেখানে তারা কাজ করবেন। এই কারখানাটা রায় অনুযায়ী বন্ধ হয়ে গেছে।

দ্বিতীয় যেটা হচ্ছে, আপনারা জানেন যে, গৌরীপুর জুটমিল বন্ধ হয়েছে '৯৮ সাল থেকে। আজকে নয়। বিভিন্ন কারণ আছে এর পিছনে এবং হাইকোর্টে তার মামলা চলছে। সেই মামলার নিষ্পত্তি না হলে রাজ্য সরকার সেখানে হস্তক্ষেপ করতে পারছে না। এরপর একটি বন্ধ হচ্ছে, মঙ্গলপুর বর্ধমানে। এই মঙ্গলপুর জুটমিলের ইতিহাসটা হচ্ছে খুব আশ্চর্যজনক। আশ্চর্যজনক মানে ওখানে বলা হয়েছিল ১২ হাজার শ্রমিক কাজ করবে কিন্তু দেখা গেল সেখানে দেড় হাজার শ্রমিক কাজ করছে।

[11.40–11.50 a.m.]

এবং তাদের জুটমিলের যে মজুরি তার থেকে কম দেওয়া হচ্ছে স্থানীয়ভাবে বোঝাপড়া করে। শেষ পর্যন্ত সেটাও বজায় রাখা যায়নি। সেই মিল বন্ধ হয়েছে। এবং মালিকপক্ষের সাথে আমি তিনবার চারবার কথা বলেছি, তারা এই মিল চালাতে কিছুতেই রাজী নন। এরপরে যেটা আছে, লুমটেক্স আমি বললাম, সেই মিলটা চালু করার জন্য প্রক্রিয়া চলছে এবং আশা করছি এই মাসের মধ্যে খুলে দেওয়া যাবে আর গোন্দলপাড়া জুটমিল খুলে গেছে।

শ্রী শাহজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন সেটা হচ্ছে যে, টিটাগড়-সহ যে বন্ধ চটকলগুলি আছে সেখানে বন্ধ চটকলগুলির শ্রমিকদের ভাতা দেওয়ার ব্যাপারে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

শ্রী পূর্ণেন্দু বসু : আপনাকে জানাই, গৌরীপুর, উত্তর ২৪-পরগনার যে মিলটি ৯৮ সালে বন্ধ হয়েছিল সেখানে এখন শ্রমিক সংখ্যা, আপনারা জানেন ৫৮ বছর পর্যন্ত বয়স শ্রমিকদের ধরা হয়। শ্রমিক সংখ্যা ২১৬৯, তারা ফাউলাই নামে সরকারের যে প্রকল্পটি আছে ১৫০০ টাকা করে মাসে দেওয়ার, সেই প্রকল্প তাদের ক্ষেত্রে চালু আছে তারা পাচ্ছে। মঙ্গলপুর, ১২.৭.২০১১-এ বন্ধ হয়েছে, একবছর হয়ে যাওয়ার পর তারা ফাউলাই পাচ্ছে। সুড়া জুটমিল যেটা ২০০৪ সালে বন্ধ হয়েছিল, আপনাদের আমলে ফাউলাই পায়নি। আমরা ফাউলাই-এর জায়গায় একটা পরিবর্তন এনেছি, সেই পরিবর্তন হচ্ছে যে বদলি শ্রমিকরাও পাবে। তার ফলে, এই সুড়া জুটমিলের শ্রমিকদের আমরা ফাউলাই-এর অন্তর্ভুক্ত করেছি। আর বাকি যে জুটমিলগুলো একবছর না হলে অর্থাৎ এই লুমটেক্স এটা খুলে যাবে, কাজেই এখানে ফাউলাই-এর প্রশ্ন আসছে না। যতগুলোকে আইনত দেওয়া সম্ভব সবগুলোকেই যথাযথভাবে ফাউলাই-এর টাকা মাসে ১৫০০ টাকা দেওয়া হচ্ছে।

...(গণ্ডগোল)...

মিঃ স্পীকার : কেউ হাত তোলেনি। There is no supplementary. আপনি পরেরটায় দেবেন। কারোরই supplementary-তে হাত ওঠেনি। (নয়েজ) কি বলছেন, আমি তো constantly দেখে যাচ্ছি। পরেরটায় দেব, পরে আর একটা question-এ দেব। পরে ওনার একটা প্রশ্ন আছে তখন supplementary দেব। আমি তো ঘুরে ঘুরে দেখলাম, কারোর হাত ওঠেনি। আমি দেখেছি! (নয়েজ) আপনি বলুন। এখন *নং ৪২।

পৌরসভা পরিচালিত বিদ্যালয়

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৬) শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে কলকাতা পুর এলাকায় পৌরসভা পরিচালিত চালু বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(খ) এই বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রী ও শিক্ষকের সংখ্যা কত ?

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আমার অনুমোদিত প্রশ্ন নং ৬৪৬।

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : Now, the Minister-in-Charge of Municipal Affairs Department, Shri Firhad Hakim.

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : গৌরাঙ্গবাবু আপনি আপনার সিটে বসুন। কারোর হাত ওঠেনি, আমি দেখেছি কারোর হাত ওঠেনি। Nobody raised hands. আমি তো বসে বসে চারদিকে চোখ ঘোরাচ্ছি কারোর হাত ওঠেনি। যাই হোক, গৌরাঙ্গবাবু আপনি এর পরের question-এ supplementary দেবেন। না, না, পরেরটায় দেবেন। মাননীয় মন্ত্রী উত্তর দিন। (তুমুল গণ্ডগোল) মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম উত্তর দিন।

(তুমুল গণ্ডগোল)

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, স্যার, (তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : গৌরাঙ্গবাবু আপনি বসুন, বসুন। Please. (তুমুল গণ্ডগোল) আনিসুর সাহেব, মিঃ রহমান, Please ওদের বসতে বলুন, বসতে বলুন।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমার কোয়েশ্চানের আগে আমি স্যার একটা Point raise করছি। যেভাবে সদস্য তেড়ে আসলেন একজন মহিলা সদস্যের উপরে, স্যার, এইটা আমাদের protest, record করার জন্য বলছি।

মিঃ স্পীকার : ঠিক আছে। I have noticed it. আমি notice করেছি এটা। Please.

শ্রী ফিরহাদ হাকিম : গণতান্ত্রিক উপায়ে আপনি কথা বলতে পারেন মাইকে, আপনি এইরকমভাবে তেড়ে আসতে পারেন না। এই তেড়ে আসাটা অসাংবিধানিক।

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি প্রশ্নের উত্তর দিন, আপনি reply দিন। আমি notice করেছি এটা। আমি notice করেছি। গৌরাঙ্গবাবু, আপনি please, আপনারা বসুন। No, no. Please take your seat.

শ্রী ফিরহাদ হাকিম : Speaker is there. Speaker is there.

মিঃ স্পীকার : Please take your seat. আপনারা বসুন please।

(তুমুল গণ্ডগোল)

শ্রী ফিরহাদ হাকিম : সূত্রটা যাই হোক, তেড়ে চলে আসবেন ? আপনার সাথে আমার বাক্‌যুদ্ধ হবে। আপনার সাথে আমার বাক্‌যুদ্ধ হবে কিন্তু সেই সূত্রে আপনি দৌড়ে

চলে আসবেন, আপনি আমায় মারতে আসবেন ? আপনি আমায় মারতে আসবেন ? মহিলা সদস্যাকে মারতে যাবেন ?

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : আমি এটা নোটিশ করেছি। আই হ্যাভ নোটিশড ইট। আমি এটা নোটিশ করেছি। প্লীজ, অনারেবেল মিনিস্টার, প্লীজ কুল ডাউন। আই অ্যাম অন মাই লেগ। আই অ্যাম অন মাই লেগ। প্লীজ টেক ইয়োর সীট। প্লীজ টেক ইয়োর সীট। আমি এটা করছি। আমি তবুও বলব, গৌরাঙ্গবাবু আপনি এই ধরনের আচরণ করবেন না। এই আচরণ করাটা সঙ্গত নয়। আপনারা সিনিয়ার মেম্বার, তেড়ে মারতে যাওয়া ঠিক হয়নি।

...(নয়েজ)...

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন; প্লীজ আপনি রিপ্লাই দিন।

শ্রী ফিরহাদ হাকিম : সুভাষদা আপনি ইনডালজ্ করছেন। সিনিয়ার মেম্বার। আপনি সিনিয়ার মেম্বার, এতদিন ধরে হাউসে আছেন, আপনি ইনডালজ্ করছেন।

মিঃ স্পীকার : ফিরহাদ হাকিম আপনি উত্তর দিন।

সুভাষবাবু, আপনি বসুন, আমি যা বলার বলেছি। প্লীজ আপনি উত্তর দিন, আপনি উত্তর দিন। উত্তর দিন। Let me continue the business of the House. আমি allow করব, পরে তো আর একটা question আছে মাননীয় মন্ত্রীর।

শ্রী ফিরহাদ হাকিম : এটা discretion of the Speaker।

মিঃ স্পীকার : না না আপনার গায়ে হাত তুলবে কি তুলবে না—ইট ইজ ইয়োর কনসার্ন। কেউ হাত তোলেনি, আমি দেখেছি। নো বডি, না না, কেউ হাত তোলেনি। মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন।

শ্রী ফিরহাদ হাকিম : হাউসে আমাদেরও তো অ্যালাউ করেনি, কি হবে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন। প্লীজ আপনি রিপ্লাই দিন।

শ্রী ফিরহাদ হাকিম : (ক) কলকাতা পৌরনিগম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্তমানে চালু পৌর প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৫৩।

(খ) কলকাতা পৌরনিগম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী বর্তমানে চালু প্রাথমিক পৌর প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৬,৫৬৪ জন ও নিয়মিত, পার্শ্ব শিক্ষক ও চুক্তি ভিত্তিতে নিযুক্ত শিক্ষকের মোট সংখ্যা ৮৪৬ জন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবিল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে, কলকাতা পৌর নিগম যে বিদ্যালয়ের সংখ্যা আছে তাতে নিয়মিত, পার্শ্ব শিক্ষক ও চুক্তি ভিত্তিতে মোট শিক্ষকের সংখ্যা ৮৪৬ জন। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে নিয়মিত শিক্ষকের সংখ্যা কত ?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, নিয়মিত শিক্ষকদের সংখ্যা ৮৪৬, তার মধ্যে স্যার, ৫৩ জন প্যারাটিচার বাদ বাকি সবটাই নিয়মিত।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবিল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিদ্যালয়গুলিতে চুক্তির ভিত্তিতে নিযুক্ত শিক্ষকের বেতন কত ? এবং ভবিষ্যতে এই নিয়মিত হবার কোনো পরিকল্পনা আমাদের সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে কিনা দয়া করে যদি আমাদের জানান।

শ্রী ফিরহাদ হাকিম : The consolidated pay of Contractural Teachers is Rs. 6,500/- per month for those who have served for more than 5 years and Rs. 5,500/- for those who have served for less than 5 years and for contractual teachers just at the stage of joining, the salary is Rs. 5,000/-. Para-teacher's salary is Rs. 5,400/- per month (consolidated)। আর আপনি যে প্রশ্নটা করেছেন, এখনই তাদের পার্মানেন্ট করার, এই ব্যাপারে সরকারের বা পৌরসভার কোনো পরিকল্পনা নেই, এখন নেই।

[11.50–12.00 noon]

Mr. Speaker : I am moving on to the next starred question because it also relates to the Labour Departments Minister, Shri Purnendu Bose and I would request the Hon'ble Members to put also their previous supplementaries, if any, now though I have not seen any hands risen at that point of time.

কর্মরত অবস্থায় মৃত সরকারি কর্মীর আত্মীয়দের সুযোগ-সুবিধা

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **ডঃ তরুণ কান্তি নস্কর** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কর্মরত অবস্থায় মৃত সরকারি কর্মচারীর নিকট আত্মীয়রা কী কী সুযোগ-সুবিধা পেয়ে থাকেন ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি জানাতে চাই শ্রীযুক্ত গৌরাঙ্গ চ্যাটার্জী মহাশয়ের জুট মিল সম্পর্কে যত ধরনের প্রশ্ন আছে, আমাকে যদি লিখে পাঠান সাত দিনের মধ্যে সেই সমস্ত প্রশ্নের উত্তর আমি দিয়ে দেব।

এবার প্রসঙ্গে আসি, ২৬৮ তারকা চিহ্নিত প্রশ্নের উত্তরে আসি, শ্রম বিভাগের প্রজ্ঞাপণ অনুযায়ী কর্মরত অবস্থায় মৃত সরকারি কর্মচারীর নিকটাত্মীয়রা যারা সংশ্লিষ্ট কর্মচারীর উপর নির্ভরশীল সদস্য হিসাবে সংজ্ঞায়িত এবং যাদের আর্থিক সহায়তার আশু প্রয়োজন আছে, তারা অনুকম্পাজনিত চাকরি পেয়ে থাকেন।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্য দিয়ে আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রথম যে সাপ্লিমেন্টারি প্রশ্ন সেটা হল যে অনুকম্পাজনিত চাকরি পাওয়ার যোগ্যতার মান কি এবং এই নিয়োগের পদ্ধতি কি ?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে আমি মাননীয় বিধায়ককে জানাতে চাই মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে, শ্রম বিভাগের বিজ্ঞপ্তি নং ২৫১, ৩.১২.২০১৩ অনুযায়ী যে বিজ্ঞপ্তি আছে সেই বিজ্ঞপ্তিটি প্রায় ৭-৮ পাতার। উনি যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের যদি উত্তর দিতে হয় তাহলে সেই নোটিফিকেশানের পুরো অংশটি আমাকে পড়তে হবে। এই ব্যাপারে আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে জানতে চাই যে এই নোটিফিকেশানটা যদি আমি সংশ্লিষ্ট বিধায়ককে দিয়ে দিই তাতে কি ওনার প্রশ্নের উত্তর দেওয়া হবে নাকি আমি পুরোটা পড়তে শুরু করব।

ডঃ তরুণ কান্তি নস্কর : আপনি স্যালিয়েন্ট পয়েন্টটা বলুন না, স্যালিয়েন্ট ব্রিফ পয়েন্টটা বলুন না।

শ্রী পূর্ণেন্দু বসু : স্যালিয়েন্ট পয়েন্ট হচ্ছে, প্রথমত নির্ভরশীল পরিবারের সদস্য তার সংজ্ঞা। (ক) স্বামী অথবা স্ত্রী, (খ) পুত্র, যে কর্মচারীর মৃত্যু হয়েছে তার পুত্র অথবা যদি কেউ স্থায়ীভাবে শারীরিক অক্ষমতার পূর্বে আইনসংগতভাবে দত্তক নেওয়া কোনো পুত্র থাকে তার, তিনিও এই ক্রাইটেরিয়ায় আসবেন। অবিবাহিতা কন্যা কর্মচারীর মৃত্যুর আগে এবং শারীরিকভাবে তিনি যদি শারীরিক অক্ষমতাজনিত কারণে কাজ করতে না পারেন তাহলে আইনসম্মতভাবে দত্তক নেওয়া অবিবাহিতা কন্যাসহ অবিবাহিতা কন্যা, তারা এই প্রকল্পের মধ্যে অবশ্যই আসতে পারেন। বিবাহিতা কন্যা, যে কর্মচারীর মৃত্যুর অথবা তার শারীরিক অক্ষমতার পূর্বে অবিবাহিতা ছিল, তিনিও আসতে পারেন। অবিবাহিত কর্মচারীর ক্ষেত্রে ভাই, বোন, যার উপর তার বাবা, মা, সকল ভাই এবং বোন পুরোপুরি নির্ভরশীল তারা আসতে পারেন। যারা সরকারি কর্মচারীর মৃত্যু অথবা স্থায়ীভাবে শারীরিক অক্ষমতার জন্য যিনি কাজ করতে পারছেন না তার উপর যারা নির্ভরশীল ছিলেন তাদের যে কেউ আসতে পারেন এই প্রকল্পে। সংক্ষেপে এই কটি বিষয় আমি বলতে পারি। আর যদি পুরোটা আপনি জানতে চান তাহলে আপনার কাছে আমি নোটিফিকেশানটা পাঠিয়ে দেব, আপনি পুরোটা পড়ে নেবেন।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি, যতদূর শুনেছি প্রায় দেড় লক্ষাধিক সরকারি কর্মীর পদ শূন্য আছে, সংখ্যাটা ভুল হলে আপনি বলে দেবেন। এই পদে দীর্ঘদিন ধরে বহু মানুষ, যারা এই মৃত সরকারি

কর্মচারীর নিকট আত্মীয় তারা আবেদন করে বসে আছেন। আপনার কাছে আমার স্পেসিফিক প্রশ্ন, কতজন এইরকম মৃত সরকারি কর্মীর উপর নির্ভরশীল আত্মীয় আবেদন করে বসে আছেন এবং কতদিনের মধ্যে তাদের নিয়োগ করার লক্ষ্যমাত্রা সরকার ঠিক করেছেন এটা যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ককে বলব নিয়োগের ব্যাপারটা শ্রম দপ্তরের অধীনে নয়, এটা আপনি নিশ্চয় জানেন। তাই এই হিসাবটা আমার কাছে থাকার কথা নয়। তা সত্ত্বেও আপনাকে যেটা বলব, আমরা ২০১৩ সালে যে বিজ্ঞপ্তিটি জারি করেছি, সেই বিজ্ঞপ্তি অনুযায়ী তার কয়েকটি বিষয় যদি উল্লেখ করি, তাহলে আপনি বুঝবেন যে যত ধরনের সংখ্যা ছিল আগে তাদের সংখ্যা কমে গেছে। এই ব্যাপারে পরেও সুপ্রীম কোর্টের অনেকগুলো রায় আছে। এই রায়ে খুব স্পষ্টভাবে বলা আছে, একজন সরকারি কর্মচারীর মৃত্যু, তিনি সরকারকে দীর্ঘকাল সার্ভিস দিয়েছেন, সেইজন্য তার প্রতি অনুকম্পাজনিত কারণে চাকরিটি দেওয়া হয়। এটা কোনো রাইট নয়, কোনো কন্সটিটিউশানাল প্রভিশান নেই যে এই চাকরি তাকে দিতেই হবে। চাকরি পাবই এই দাবি কেউ করতে পারে না। এ সম্পর্কে সুপ্রীম কোর্টের অনেকগুলো রায় আছে। এবার যেটা আপনাকে বলব, এর মধ্যে যারা ক্রাইটেরিয়া ফুলফিল করছে, আমার কাছে যে হিসাব আছে লেবার ডিপার্টমেন্টে আমি দায়িত্ব নেওয়ার পর ৫১ জনের এই রকম অনুকম্পাজনিত কারণে চাকরি হয়েছে। অন্যান্য ডিপার্টমেন্টেও হয়েছে, আপনারা জানেন যে নিয়োগের গোটা পদ্ধতিটা, সেটা ফিনান্স ডিপার্টমেন্ট বা তার অধীনে যারা রয়েছে তারা দেখেন। কাজেই এই সম্পর্কে বিস্তারিত তথ্য যদি আপনি জানতে চান তাহলে আগামী দিনে অন্যান্য দপ্তরের সঙ্গে কথা বলে আমি প্রেস করতে পারব।

[12.00 noon–12.10 p.m.]

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি বললেন যে বিভিন্ন দফতরের ডাই ইন হারনেস কেসগুলোর তথ্য ওনার কাছে থাকে না। আমরা দেখেছি যে বিভিন্ন দফতরের শ্রম দফতর বাদ দিয়ে এই চাকরি পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন জটিলতা তৈরি হয়। কখনো ফাইনান্স দফতর থেকে তার অনুমোদন পাওয়া যায় না। বিভিন্ন জটিলতা তৈরি হয়। মাননীয় মন্ত্রীকে আমার জিজ্ঞাস্য যে, এই জটিলতা কাটানোর জন্যে আপনার দফতরের পক্ষ থেকে কি বিভিন্ন দফতরের সাথে যোগাযোগ করে কোনো উদ্যোগ গ্রহণ করা হয়েছে যাতে মৃতের পরিবার দ্রুত যাতে চাকরি পায়, সে রকম কোনো উদ্যোগ আপনি গ্রহণ করেছেন কিনা, আপনার দফতর থেকে জানাবেন।

শ্রী পূর্ণেন্দু বসু : এ বিষয়ে মাননীয় বিধায়ককে জানাব যে, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে, মন্ত্রী পরিষদের কয়েকজন দায়িত্ব নিয়ে সেই সেই দফতরের সেক্রেটারীরা তারা বসে যত ধরনের অভিযোগ ছিল সেইগুলো পর্যালোচনা করে, যাতে তারা নিয়মমতো চাকরি পেতে পারেন, সেই ক্ষেত্রে যাতে কোনো বাধা না হয়, সেই সমস্ত পর্যালোচনা করে তিন মাসের একটা পর্যালোচনার কার্যক্রম চলেছিল, সেইটা করার পর এই ৩রা ডিসেম্বর ২০১৩, নোটিফিকেশানটা জারী করা হয়েছে সরকারিভাবে। এইটা আপনি দেখলে, আপনি দেখতে

পাবেন যে, এখানে অনেক বিষয় সহজ এবং সরল করে দেওয়া হয়েছে। বলে দেওয়া হয়েছে যে কোনো বছর পর্যন্ত অ্যাপিল করলে পাওয়া যাবে, কি কি ক্রাইটেরিয়া তাকে ফুলফিল করতে হবে সবটা।

Mr. Speaker: Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the 'Table')

সালকিয়া উড়ালপুল

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৪) **শ্রী অশোক ঘোষ** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সালকিয়া উড়ালপুলের নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১৪-১৫ আর্থিক বছরের মধ্যে শুরু হবার সম্ভাবনা।

বিদ্যুৎ উৎপাদনের হ্রাস-বৃদ্ধির তুলনামূলক চিত্র

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থবর্ষের ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে বিদ্যুৎ উৎপাদনের হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে তুলনামূলক চিত্রটি কিরূপ ; এবং

(খ) এক্ষেত্রে ইউনিট প্রতি বিদ্যুৎ উৎপাদনের খরচ কত ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে মোট ২৬,৬০৫.০৩১ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদিত হয়েছে। ২০১৩-১৪ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ২০১৩ অবধি ওই বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে ১৭,৯২১.৭১৪ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদিত হয়েছে।

(খ) ২০১৩-১৪ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ২০১৩ অবধি তাপবিদ্যুৎ কেন্দ্রে ইউনিট প্রতি উৎপাদন ব্যয় ৩.৫৭ টাকা।

রাজ্যের সমস্ত বাড়িতে বিদ্যুৎ সংযোগ

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪) **শ্রী আনিসুর রহমান**: বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কবে নাগাদ রাজ্যের সমস্ত বাড়িতে বিদ্যুৎ সংযোগের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়:

রাজ্যে এগারোটি জেলায় স্পেশাল ব্যাকওয়ার্ড রিজিয়ান গ্রান্ট ফান্ড থেকে গ্রামীণ এলাকায় বিদ্যুতায়নের কাজ চলছে। আশা করা যায় যে ২০১৪-১৫ আর্থিক বছরের শেষ নাগাদ এই সকল জেলার সব গৃহে বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ সম্পন্ন হবে।

১লা এপ্রিল, ২০১২ থেকে দ্বাদশ পরিকল্পনা শুরু হলেও বাকি সাতটি জেলায় নিবিড় বিদ্যুতায়নের জন্য রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনার অর্থ কেন্দ্র সরকার এখনও প্রদান করেনি। এই অর্থ পাওয়া গেলে দ্রুততার সঙ্গে বিদ্যুতায়নের কাজটি শুরু করা হবে।

গ্রামীণ বৈদ্যুতিকরণে ব্যয়িত অর্থ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ**: বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-২০১৩ আর্থিক বছরে গ্রামীণ বৈদ্যুতিকরণে রাজ্য সরকার কর্তৃক ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়:

৮৭৪.১২ কোটি টাকা।

নতুন বিদ্যুৎ সংযোগ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫) **শ্রী মহঃ সোহরাব**: বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনায়" ২০১৩ সালে (৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত) মোট কতগুলি মৌজায় নতুন বিদ্যুৎ সংযোগ করা হয়েছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়:

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনা (একাদশ পরিকল্পনা)-য় ২০১৩ সালে (জানুয়ারী, ২০১৩ থেকে ডিসেম্বর, ২০১৩) রাজ্যে মোট ৩১৭২টি মৌজায় নিবিড় বৈদ্যুতিকরণের কাজ শেষ করা হয়েছে।

Unstarred Questions
(to which written replies were laid on the 'Table')

আবাসন সমস্যা দূরীকরণে গৃহীত পদক্ষেপ

১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪) **শ্রী তজমুল হোসেন** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আবাসন সমস্যা দূরীকরণে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ; এবং

(খ) স্বল্প ও মাঝারি আয়ের কর্মচারীদের আবাসন সমস্যা দূরীকরণের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) 'মে', ২০১১ থেকে 'গীতাঞ্জলী' প্রকল্পে ৬৫,০৮০টি গৃহ নির্মাণের জন্য ৮৫০ কোটি ৯৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং 'আমার ঠিকানা' প্রকল্পে ১৯৯৪৮টি গৃহ নির্মাণের জন্য ৯৭ কোটি ৯৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

২০০৯-১০ থেকে ধরলে 'গীতাঞ্জলী' প্রকল্পে ৮৩,০৪৭টি গৃহ নির্মাণের জন্য ৯৬৫ কোটি ১৪ লক্ষ টাকা এবং 'আমার ঠিকানা' প্রকল্পে ৩৪,৩২১টি গৃহ নির্মাণের জন্য ১৪৮ কোটি ২৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(খ) হ্যাঁ। রাজ্যে স্বল্প ও মাঝারি আয়ের কর্মচারীদের আবাসন সমস্যা দূরীকরণে সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছে।

(১) **দক্ষিণ ২৪-পরগনা**

(ক) বেচারাম চ্যাটার্জী স্ট্রিটে ১৬০টি ফ্ল্যাট বিশিষ্ট 'সি' এবং 'ডি' টাইপ ফ্ল্যাট নির্মাণ।

(খ) শম্পা মির্জা নগরে ১৩টি ব্লকের মাধ্যমে ২০৮টি ফ্ল্যাট বিশিষ্ট ৫ তলা ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(গ) ডায়মন্ডহারবারের মাধবপুরে নতুন ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(২) **উত্তর ২৪-পরগনা**

বারাসাতে 'এ' এবং 'ডি' টাইপ নতুন ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ।

(৩) **কলকাতা**

সল্টলেকে স্বয়ম্বরা-তে 'জি' + ১০ ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(৪) **বাঁকুড়া**

(ক) বিষ্ণুপুরে ৪৮টি ফ্ল্যাট বিশিষ্ট চারতলা ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(খ) খাতরায় ৬০টি ফ্ল্যাট বিশিষ্ট চারতলা ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(৫) পশ্চিম মেদিনীপুর

(ক) ঝাড়গ্রামের বাছুরডোবায় 'এ' এবং 'সি' টাইপ ফ্ল্যাট (দ্বিতীয় পর্যায়) ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(খ) ঘাটালের কুশপোতায় ৪৮টি ফ্ল্যাট বিশিষ্ট আবাসন নির্মাণ (ভাড়াভিত্তিক)।

(৬) পুরুলিয়ার রঘুনাথপুরে ৪৮টি ফ্ল্যাট বিশিষ্ট 'এ', 'বি', 'সি' এবং 'ডি' টাইপ ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(৭) বর্ধমানের দুর্গাপুর সিটি সেন্টারে ৩০টি ফ্ল্যাট বিশিষ্ট তিনতলা ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

(৮) দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুর গঙ্গারামপুরে ৩০টি ফ্ল্যাট বিশিষ্ট তিনতলা ভাড়াভিত্তিক আবাসন নির্মাণ।

রাজারহাট নিউটাউনে স্বল্প ও মাঝারি আয়ের কর্মচারীদের জন্য 'এল.আই.জি.' এবং 'এম.আই.জি.' আবাসন নির্মাণের কাজ চলছে।

মালদা জেলার বিকল নলকূপ মেরামতি

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪) শ্রী তজমুল হোসেন : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে মালদা জেলায় কতগুলি গভীর নলকূপ বিকল অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত নলকূপগুলি মেরামতের জন্য কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে মালদা জেলায় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর কর্তৃক পরিচালিত ১০৭টি গভীর নলকূপ বিকল অবস্থায় আছে। এর মধ্যে ৫৯টি DTW, ৪৫টি HDTW, এবং ৩টি MDTW।

(খ) ১৭টি গভীর নলকূপ বুজে যাওয়া এবং Parted হওয়ার জন্য বিকল হয়েছে। এগুলি পুনঃখননের পরিকল্পনা নেওয়া হয়েছে। এবং বিভিন্ন প্রোগ্রামে নেওয়ার প্রক্রিয়া চলছে।

২২টি গভীর নলকূপের বৈদ্যুতিক তার, ট্রান্সফর্মার ও অন্যান্য যন্ত্রাদি চুরি বা পুড়ে যাওয়ার কারণে WBSEDCL কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিরন্তর যোগাযোগ রাখা হয়েছে।

৪৭টি গভীর নলকূপের সমস্ত উপকরণ উপর্যুপরি, চুরি ও কৃষক ভাইদের অনাগ্রহ ইত্যাদি কারণে বিকল অবস্থায় আছে।

২১টি গভীর নলকূপের Command Area-তে আমবাগানে বসতি হয়ে যাওয়া ও নদীগর্ভে তলিয়ে যাওয়ার কারণে পরিত্যক্ত হয়েছে।

ব্লকস্তরে যুবকদের সার্বিক কল্যাণে গৃহীত পদক্ষেপ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯) শ্রী তজমুল হোসেন : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যুবকল্যাণ দপ্তরের মাধ্যমে ব্লক স্তরে যুবকদের সার্বিক কল্যাণে কি কি কর্মসূচি গ্রহণ করা হয়েছে / হচ্ছে ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত ক্ষেত্রে মোট ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) (১) ছাত্র-যুব উৎসবের অঙ্গ হিসাবে রাখী বন্ধন, বিবেক ছাত্র-যুব উৎসব পালন করা হয়েছে।

(২) স্বল্প ব্যয়ে ছাত্র-যুবদের কম্পিউটার প্রশিক্ষিত করার জন্য মোট ৯০০-এর বেশি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে।

(৩) যুবক-যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে ২০টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে এছাড়া জঙ্গলমহল ও বিভিন্ন জেলায় মোট ড্রাইভিং ও অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

(৪) পর্বতারোহণ ও রোমাঞ্চকর ক্রীড়ার জন্য বিভিন্ন ক্লাবগুলিকে অর্থ সাহায্য করা হয়ে থাকে।

(৫) কবাডি ও তীরন্দাজীর জন্যও এই বিভাগ থেকে অর্থ সাহায্য করা হয়।

(৬) রাজ্যের স্কুল, কলেজ, ক্লাব ও সংগঠনগুলির অধীনে থাকা খেলার মাঠের উন্নয়নের জন্য অর্থ দেওয়া হয়ে থাকে।

(৭) যুবকদের শরীরচর্চার জন্য বিভিন্ন স্কুল / ক্লাবগুলিকে মাল্টিজিম নির্মাণ করার জন্য আর্থিক সহায়তা করা হয়।

(৮) বিভিন্ন খেলাধুলা আয়োজনের সুবিধার্থে বিভিন্ন স্কুল / ক্লাবকে মিনি ইনডোর কমপ্লেক্স নির্মাণের জন্য অর্থ সাহায্য করা হয়ে থাকে।

(৯) ক্রীড়া সরঞ্জাম ক্রয় করে বিভিন্ন স্কুল / ক্লাবগুলিকে সরবরাহ করা হয়।

(১০) যুব সমাজের বিজ্ঞান চেতনার প্রসার ঘটানোর জন্য বিজ্ঞান মেলা, বিজ্ঞান বিষয়ক আলোচনার জন্য বিভিন্ন ক্লাব / সংগঠনগুলিকে আর্থিক সহায়তা দেওয়া হয়।

(১১) রাজ্যের বিভিন্ন জেলায় ১৭টি যুব আবাস আছে ও আরো ১৩টি নতুন তৈরির কাজ চলছে। স্বল্প খরচে যুবকরা যাতে ভ্রমণ করতে পারে, সেই উদ্দেশ্যে এই যুব আবাসগুলি তৈরি করা হয়েছে।

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্তও এই খাতে ব্যয়িত অর্থের পরিমাণ ৬৬ কোটি টাকা।

নতুন তথ্য-প্রযুক্তি কেন্দ্র

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১) শ্রী অসিত মিত্র : তথ্য-প্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ সালের ১লা মে থেকে ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালে রাজ্যে মোট কতগুলি নতুন তথ্য-প্রযুক্তি কেন্দ্র তৈরি হয়েছে; এবং

(খ) উক্ত সময়ে কতজনের কর্মসংস্থান হয়েছে ?

তথ্য-প্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১ সালের ১লা মে থেকে ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর-এর মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য-প্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ ১৩টি (তেরোটি) আই.টি. পার্ক তৈরির কাজ হাতে নিয়েছে। দুর্গাপুর (ফেজ ২), শিলিগুড়ি (ফেজ ২), রাজারহাট, পুরুলিয়া, খড়্গপুর, বড়জোড়া, আসানসোল এবং বোলপুরে নির্মাণ কাজ চলছে। হলদিয়া, কল্যাণী, মালদহ, হাওড়া এবং কৃষ্ণনগরের প্রকল্পগুলি শুরু হওয়ার বিভিন্ন স্তরে রয়েছে। বর্তমানে ৫০০টিরও বেশি আই.টি. কোম্পানি এই রাজ্যে সক্রিয়ভাবে কাজ করছে। প্রায় সমস্ত বড় বড় আই.টি. কোম্পানিই রাজ্যে তাদের কাজের পরিধি বাড়িয়ে চলেছে।

(খ) ২০১০-১১ সালের ৯০,০০০ থেকে এগিয়ে বর্তমানে রাজ্যের তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে প্রায় ১,৩০,০০০ পেশাদার ব্যক্তি কাজ করছেন, অর্থাৎ এই সময়কালের মধ্যে এ রাজ্যের আই.টি. ক্ষেত্রে প্রায় ৪০,০০০ প্রত্যক্ষ কর্মসংস্থান হয়েছে। আর পরোক্ষ ক্রমবর্ধমান কর্মনিযুক্তির পরিমাণ প্রায় ২,০০,০০০-এরও বেশি। উপরন্তু, পুরোপুরি কাজ শুরু করলে রাজ্য সরকারের এই আই.টি. পার্ক প্রকল্পগুলি ১৯,৮০০ (উনিশ হাজার আটশো) প্রত্যক্ষ এবং প্রায় ১,০০,০০০ পরোক্ষ কর্মনিযুক্তির সুযোগ তৈরি করবে বলে আশা করা যায়। এছাড়াও কগ্‌নিজ্যান্ট, আই.টি.সি., উইপ্রো, টি.সি.এস. ইত্যাদি বৃহৎ তথ্য-প্রযুক্তি সংস্থাগুলিও রাজ্যে তাদের কর্মকাণ্ডের প্রসার ঘটাচ্ছে, যাতে আরও এক লক্ষ কর্মসংস্থান আগামী দিনে হবে বলে আশা করা যায়।

ডোমকলে পৌরসভা গঠন

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৩) শ্রী আনিসুর রহমান : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার ডোমকলে পৌরসভা গঠনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely :–

	Subjects	Name
(i)	Alleged molestation and killing of a girl student at Ramlakhi village in Pukuria Panchayat area in South 24-Parganas district	: Shri Sahajahan Chowdhury
(ii)	Alleged attack on the family members of the Private Secretary of a Minister of the State Government at Bidhannagar	: Shri Rameswar Dolai & Shri Susanta Besra
(iii)	Alleged non-electrification of some villages under Rajib Gandhi Bidyut Yojana Scheme in Harischandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(iv)	Alleged non-electrification of some Mouzas under Kultali and Joynagar Block-II in South 24-Parganas district	: Shri Ram Sankar Halder
(v)	Urge for speedy implementation of the Scheme for construction work of the proposed Fire Brigade Station in Matla Mouza under Canning Paschim Assembly Constituency	: Shri Shyamal Mondal

I have selected the notice of Shri Shyamal Mondal on the subject of "Urge for speedy implementation of the scheme for construction work of the proposed Fire Brigade Station in Matla Mouza under Canning Paschim Assembly Constituency.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Manish Gupta : In respect of the Calling Attention notice of the respected Member Shri Shyamal Mondal the concerned Minister is being requested to submit a written reply to the Member directly.

PRESENTATION OF THE COMMITTEE REPORT

Presentation of the 149th and the 150th Reports of the Committee on Public Undertakings (2013-2014)

(a) **Shri Nirmal Ghosh** : Sir, I beg to present the 149th Report of the Committee on Public Undertakings (2013-2014) on Audit Para No. 3.13 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2010-2011 relating to Webel Mediatronics Limited under the Information Technology Department, Government of West Bengal and

(b) The 150th Report of the Committee on Public Undertakings (2013-2014) on Audit Para No. 3.4 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2010-2011 relating to the West Bengal Power Development Corporation Limited under the Power Department, Government of West Bengal.

LAYING OF NOTIFICATION

Notification made by Department of Power & Non-Conventional Energy Sources under the West Bengal Right to Public Services Act, 2013

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, I beg to lay the Notification No. 809-PO/O/CIV/1E-132/13 dated the 17th December, 2013 made by Department of Power & Non-Conventional Energy Sources under the West Bengal Right to Public Services Act, 2013 and published in the Kolkata Gazette Extraordinary dated the 18th December, 2014 regarding the services alongwith the stipulated time limit for rendering the services, the Designated Officer responsible for providing the services, the Appellate Officer and the Reviewing Officer in respect of the Department of the Power & Non-Conventional Energy Sources.

LAYING OF REPORTS

The Audit Reports on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 2008-2009 and 2009-2010

Shri Manish Gupta: Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 2008-2009 and 2009-2010.

The Audit Reports of the Urban Local Bodies for the years 2009-2010 and 2010-2011

Shri Firhad Hakim: Mr. Speaker, Sir, I beg to lay the Audit Reports of the Urban Local Bodies for the years 2009-2010 and 2010-2011.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে দিয়ে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গত ১৭ই ফেব্রুয়ারী মাননীয়া মুখ্যমন্ত্রী আগামী অর্থবর্ষ থেকে যে বিদ্যুতের মাসুল হ্রাস করার কথা ঘোষণা করেছেন, তাকে স্বাগত জানিয়ে আমি বলছি যে তার ভাষণ থেকে জানা যাচ্ছে বিদ্যুৎ দপ্তর ১৫০০ কোটি টাকা সাশ্রয় করেছে। তাহলে এতদিন যে লোকশানের কথা বিদ্যুৎ দপ্তর থেকে বলা হচ্ছিল তা সঠিক নয়। আমি বি.পি.এল. তালিকাভুক্তদের ৫০ ইউনিট পর্যন্ত বিনা পয়সার বিদ্যুৎ সরবরাহ করতে এবং কৃষকদের জন্য বিদ্যুৎ মাসুল হ্রাসের দাবি করছি। এছাড়া বোরো চাষের সময় কৃষকদের বিল দিতে দেরি হলে লাইন না কাটার দাবি করছি। সি.ই.এস.সি.-ও এক হাজার কোটি টাকা লাভ করেছে—তাকেও মাসুল হ্রাসের নির্দেশ দিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং যে এন.বি.সি.এ. পদ্ধতি বিগত সরকারের সময় লাগু হয়েছিল এবং যার জন্য বেসরকারী সংস্থা বার বার মাসুল বৃদ্ধি করে তা প্রত্যাহার করারও দাবি জানাচ্ছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০১২ সালে দ্বাদশ অর্থ কমিশনের হেরিটেজ রক্ষণাবেক্ষণের জন্য ৪০ কোটি টাকা আর্কিওলজিক্যাল মিউজিয়ামের হাতে আসে। কিন্তু দেখা যাচ্ছে যে ১১ কোটির বেশি টাকা ২০টি চেকে তোলা হয়েছে এবং যা খরচ দেখানো হল তার কোনো বিল-ভাউচার নেই। বিষয়টি তদন্ত করে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছি।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খুবই উদ্বেগজনক ঘটনা। গতকাল সল্টলেকে মাননীয় মন্ত্রী শ্রী শান্তিরাম মাহাতোর একান্ত সচিবের বাড়িতে দুষ্কৃতিকারীরা হামলা করে এবং তার মেয়েকে অপহরণ করে এবং বিষাক্ত গ্যাস স্প্রে করে—আমি বিষয়টি উল্লেখ করতে চাইছি এই জন্য যে, এই যদি অবস্থা হয় তাহলে সাধারণ মানুষের অবস্থাটা কি ? সল্টলেক, কলকাতা-সহ গোটা রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থার দ্রুত অবনতি হচ্ছে। এখানে সিনিয়র মন্ত্রীরা আছেন এবং মন্ত্রী নিজেও ছিলেন, শ্রীকান্ত মাহাতো, শান্তিরাম মাহাতো নিজেও ছিলেন। আমরা খুবই উদ্বিগ্ন। প্রতিদিন ঘটনা ঘটছে। এছাড়া বাসে—আপনারা জানেন কালকেই এই ঘটনা ঘটেছে—সেখানে এক ছাত্রীকে অপহরণ করা হয়েছে, ছাত্রীকে ফোন করা হয়েছে এবং শ্লীলতাহানির ঘটনাও ঘটেছে। এই বিষয়গুলি ঘটছে। আমি সেইজন্য বলব, আইন-শৃঙ্খলার দ্রুত অবনতি ঘটছে। এই রকম বিধাননগরের, কলকাতার ভয়ঙ্কর অবস্থার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ...(নট প্রেজেন্ট)...

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভার অন্তর্গত হরিশ্চন্দ্রপুর থানা থেকে, হরিশ্চন্দ্রপুর স্টেশন পর্যন্ত একটি গুরুত্বপূর্ণ রাস্তা—যেটা এই বিধানসভার মধ্যে গুরুত্বপূর্ণ রাস্তা। থানাতে যদি মানুষকে যেতে হয় তাহলে এক হাঁটু জল পেরিয়ে থানার মধ্যে প্রবেশ করতে হয়। এই রাস্তাটির বিষয় বার বার বলা সত্ত্বেও পি.ডব্লু.ডি. থেকে এখনও পর্যন্ত কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। তাই আপনার মাধ্যমে আমি বলতে চাই স্যার, রাস্তাটা একটু উঁচু করা হোক এবং রাস্তাটা চওড়া এবং মজবুত করার জন্য অনুরোধ করছি। হরিশ্চন্দ্রপুর থানা থেকে স্টেশান পর্যন্ত ২ কিলোমিটার রাস্তা, মানুষকে এখনও জলের উপর দিয়ে যেতে হয়, তাই আপনার মাধ্যমে আমার অনুরোধ অবিলম্বে যেন এই রাস্তাটি মেরামত করা হয়।

[12.10–12.20 p.m.]

শ্রী এস. এম. সাদি : স্পীকার স্যার, পরিতোষ বিশ্বাস, কানাই বিশ্বাস, রাজাক সেখ, রঞ্জিত মিস্ত্রী, জামালুদ্দিন সেখ এই রকম ১১ জন নদীয়া জেলাতে এই সময়ের মধ্যে খুন হয়েছে। এদের পরিচয়, এরা সি.পি.আই(এম) কর্মী। নির্দিষ্টভাবে বিভিন্ন থানাতে এদের কেস করা হয়েছে। আমি এই হাউসে আগেও তুলেছি, কিন্তু এখনও পর্যন্ত কোনো গ্রেপ্তার হয়নি, কোনো তদন্ত হয়নি। বিশেষ করে রঞ্জিত মিস্ত্রী, সে নির্মাণ কর্মী, কোনো তদন্ত হয়নি। আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে নদীয়ার পুলিশ সুপার কার্যত তিনি উর্দি ছেড়ে দিয়ে তৃণমূল কংগ্রেসের পতাকা গায়ে দিয়ে পুলিশ প্রশাসন চালাচ্ছেন। বিরোধীদের কোনো কথাই তিনি শুনছেন না। নদীয়ার পুলিশ প্রশাসনের জন্য ক্রমাগত আইন-শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে। অসংখ্য ডাকাতি হচ্ছে খুন হচ্ছে, রাহাজানি ঘটছে, নারী নিগ্রহ ঘটছে। কিন্তু

নদীয়া জেলার পুলিশ প্রশাসন বিশেষ করে এস.পি. তৃণমূল কংগ্রেসের পতাকার তলায় কাজ করছে। স্যার, থানায় বলতে গেলে পুলিশ আধিকারিকরা কোনো কথা শুনে না।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলতলি বিধানসভার কুলতলি ব্লক এবং জয়নগর ২ নম্বর ব্লক এলাকায় বিদ্যুতায়নের কাজ অনেকটা পেছিয়ে। কাজের শুরুতে ২০১১ সালের দিকে ক্যানিং এবং জয়নগর থানা এলাকায় বহু পোল, গাড়ি গাড়ি পোল লুট হয়ে যায়। যতটুকু পোল এলাকায় পৌঁছায়। বেনটেক বিজয়লক্ষ্মী নামে দুটো এজেন্সি তারা কাজ করে পয়সার বিনিময়ে এবং কোথাও স্কীমের বাইরে খেয়াল-খুশী মতো। দুটো পোলের যে দূরত্ব কোথাও ১৬০ ফুটের জায়গায় সেখানে ২২৫ থেকে ২৫০ ফুটের দূরত্বে বসায়। এই নিম্নমানের কাজের ব্যাপারে বার বার Divisional Manager-কে বলা সত্ত্বেও কোনো ফল হয়নি। বর্তমানে ILFS Company কাজ করেছে। কিন্তু এখনও পর্যন্ত ১৫/১৬টি মৌজায় একেবারে বিদ্যুতের পোল যায়নি। অবিলম্বে প্রতিটি মৌজায় বিদ্যুতের পোল পৌঁছায় এবং যে মৌজায় কাজ করছে অসম্পূর্ণ অবস্থায় রেখে চলে আসছে, এইগুলোতে কাজ করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি মন্ত্রী মহাশয়ের।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য পৌর এলাকায় গরীব বস্তিবাসীদের স্বাস্থ্য পরিষেবা দেবার জন্য ১৯৮৪ সাল থেকে CUDP..CSIP, ITP-VIII, CBPH, CS প্রকল্প কর্মীদের মাসিক ভাতা আড়াই হাজার টাকা করে দেওয়া হত স্যার। বামফ্রন্ট সরকারের আমলে ২৫% বাড়ানোর প্রস্তাব দেওয়া হয়। বর্তমান সরকার ২৫% বাড়ানোর কথা বললেও এখনও অবধি কোনো কার্যকরী হয়নি। পশ্চিমবাংলায় ১২৭টি পৌরসভার মধ্যে ৫২টি পৌরসভার এই সমস্ত কর্মীদের ৬০ বছর পার হয়ে যাচ্ছে এবং বর্তমানে পৌরসভাগুলি তাদের কাজ থেকে ছাঁটাই করে দিচ্ছে। আজকে তারা রানী রাসমণি রোডে জমায়েত হয়েছে। আমার দাবি মন্ত্রীর নিকট অতি সত্বর, কেন্দ্রীয় সরকার আই.সি.ডি.এস. প্রকল্পে ৬৫ বছর বয়স করে দিয়েছে, এদেরও ৬৫ বছর করে দেওয়া হোক এই দাবি জানাচ্ছি। অথবা এককালীন ৩ লক্ষ টাকা এবং মাসে ১ হাজার টাকা করে পেনশান দেওয়া হোক। এরা স্যার অনাহারে ভুগছে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালিয়াচক ২ ব্লক ফুললি আমার কনস্টিটিউয়েন্সির মুথাবাড়ির মধ্যে পড়ে। এটা অত্যন্ত পিছিয়ে পড়া ব্লক। এখানে মালদা জেলার মধ্যে মহিলাদের শিক্ষার হার সব থেকে বেশি। ওখানে কোনো কলেজ নেই। বর্তমান রাজ্য সরকারের চিন্তা-ভাবনা যে প্রতিটি ব্লকে একটা করে কলেজ স্থাপন করবে। স্যার আমি অনুরোধ রাখছি—এখানকার মেয়েদেরকে আধঘন্টা ৪৫ মিনিট পায়ে হেঁটে দু থেকে তিনটি গাড়ি চেঞ্জ করে তারা পার্শ্ববর্তী কলেজে পড়তে যায়—কালিয়াচক ২ ব্লকে যাতে একটা কলেজ স্থাপন করা যায়।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, যে ব্যাপারটা আমি বলছি এটা শুধু আমার নয়. এখানে যারা বসে আছেন তাদের প্রত্যেকেরই ব্যাপার। বহরমপুরে একটা উড়ালপলের টেন্ডার হয়ে গেছে। ব্রিজ অ্যান্ড রুফ টেন্ডার পেয়ে গেছে 'আরবী'। জয়েন্ট ইন্সপেকশান হয়ে গেছে। সমস্ত কিছু হয়ে যাওয়ার পরেও কোনো এক অদৃশ্য কারণে হচ্ছে না। আমি আপনাকে সমস্ত কাগজপত্র দেব। সেই কাগজপত্রগুলো দেখবেন।

মিঃ স্পীকার : আপনি দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি দৃষ্টি আকর্ষণই করছি। আমি সমস্ত কাগজপত্র দেব। শুধু একটা পারমিশন। টেন্ডার হয়ে গেছে, প্রসেসিং হয়ে গেছে। সমস্ত কাজ ওভার হয়ে গেছে। শুধু একটা পূর্ত দপ্তরের অনুমোদনের অভাবে এটা হচ্ছে না। বহরমপুর হচ্ছে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের করিডর। এই 'আরবী' হয়ে গেলে গোটা বাংলার মানুষের সুবিধা হবে। তাই আপনার মাধ্যমে অবিলম্বে যাতে পূর্ত দপ্তর অনুমোদন দেয়, সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার : পূর্ত দপ্তর ছাড়াও রেল ব্রিজ এবং রেল ওভার ব্রিজের জন্য তো কেন্দ্রীয় সরকারের পারমিশানের দরকার হয়।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, পারমিশান দিয়ে দিয়েছে।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি কাগজপত্রগুলো দিয়ে যাবেন।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, কাগজপত্রগুলো আপনাকে দিয়ে যাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয়ে উত্থাপন করতে চাই। সেটা হল—একটা সময় আলুর দাম খুব বেড়ে গিয়েছিল। সেটা নিয়ে যা কেলেঙ্কারি হয়েছে, হয়েছে। আলু ছাড়া অন্যান্য যে সমস্ত কৃষিপণ্য বাজারে আসছে, সেগুলোর দাম দিনের পর দিন ভীষণভাবে কমে যাচ্ছে। যেমন টম্যাটো ইত্যাদি। আবার কোনো কোনো জিনিস দু-টাকা থেকে তিন টাকা কে.জি. দরে বিক্রি হচ্ছে। এর ফলে কৃষকরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অথবা কৃষি বিপণন দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করব তাঁরা অবিলম্বে এই বিষয়টা নিয়ে গভীরভাবে চিন্তা করুন। এই ব্যাপারে কৃষকদের পাশে কীভাবে দাঁড়ানো যায়, যাতে তারা ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করুন।

মিঃ স্পীকার : আপনি আপনার মেনশনটা করুন। আপনাদের স্পিরিটটাই হারিয়ে যাচ্ছে।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গোটা রাজ্যে আইন-

শৃঙ্খলা ভেঙে পড়ছে। প্রতিদিন আদিবাসী মহিলারা নিগৃহীত হচ্ছে, লাঞ্ছিত হচ্ছে, অপমানিত হচ্ছে, ধর্ষিতা হচ্ছে। আদিবাসী ঘরের মেয়েরা ভয়ে স্কুলে যেতে সাহস পাচ্ছে না। ঘটনা ঘটছে প্রতিদিন স্যার, আদিবাসী ঘরের লোকজনের থানায় গিয়ে অভিযোগ করার মতো সাহস পাচ্ছে না।

মিঃ স্পীকার : উল্লেখ পর্ব তো, আপনি নির্দিষ্টভাবে উল্লেখ করুন। এভাবে বলে লাভ নেই। নির্দিষ্ট যদি কোনো তথ্য থাকে, তাহলে নির্দিষ্টভাবেই উল্লেখ করুন মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে। জেনারেল বলে লাভ নেই। এর স্পিরিটটাই নষ্ট করে দিচ্ছেন আপনারা।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আমি নির্দিষ্টভাবেই বলছি। সন্দেশখালির মতো জায়গায় আদিবাসীরা অভিযোগ করার সাহস পাচ্ছে না, থানায় যেতে সাহস পাচ্ছে না। বিষয়টি গুরুত্ব সহকারে পুলিশ প্রশাসনকে দেখার জন্য অনুরোধ করছি।

শ্রীমতী অপর্ণা সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় বর্ধমান সদর ১ নং ব্লকে যে দুটি উপস্বাস্থ্য কেন্দ্র আছে, তার মধ্যে বাঘার পি.এইচ.সি.-র অবস্থা সঙ্কটজনক। যে কোনো সময় একটা বিপদ ঘটে যেতে পারে। সেই কারণে এই বিল্ডিংটা অতি সত্বর রিপেয়ার করতে বলছি। ওখানে প্রসূতি বেড থাকা সত্ত্বেও ডাক্তার এবং নার্সরা প্রসব করাতে সাহস করছে না। বর্ধমান জেলা হসপিটালটা ওখান থেকে ২০-২৫ কিমি দূরে। এখানে ব্যবস্থা নেওয়ার জন্য আমি অনুরোধ করছি।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী শুনেছেন, নিশ্চয়ই ব্যবস্থা নেবেন।

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি আমার কেতুগ্রাম বিধানসভা নদীমাতৃক এলাকা। অজয় থেকে আরম্ভ করে গঙ্গা তীরবর্তী সমস্ত রিভার লিফটগুলো, গত ৩৪-৩৫ বছর যাবৎ আমি যতদিন থেকে দেখছি যে সেখানে রিভার লিফটগুলো পরিষ্কার অচল হয়ে গেছে। কোনো চিহ্নমাত্র নেই। এই এলাকাটা কৃষিভিত্তিক এলাকা। সেই কারণে চাষের প্রচণ্ড অসুবিধা হচ্ছে। এগুলো যাতে চালু করা যায়, তাছাড়া ওখানে যে অগভীর নলকূপগুলো আছে, সেগুলো handed over নলকূপ। সেই নলকূপগুলো সব অচল হয়ে গেছে, সেগুলো সমীক্ষা করে যাতে কৃষিভিত্তিক এলাকাতে জলসেচের ব্যবস্থা করা হয়, তার জন্য মাননীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী শুনলেন, মাননীয় মন্ত্রী নিশ্চয়ই দেখবেন।

[12.20–12.33 p.m.]

শ্রী সুশান্ত বেসরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বান্দোয়ান বিধানসভা কেন্দ্র-সহ সারা পুরুলিয়া জেলায়

এন.আর.ই.জি.এ. প্রকল্পের অধীনে একশো দিনের কাজে ব্যাপক অনিয়ম, দুর্নীতি এবং দলবাজি চলছে। জব-কার্ড এবং ব্যাঙ্কে কার্ড নম্বর থাকা সত্ত্বেও বিরোধী দলের সমর্থকদের কাজ দেওয়া হচ্ছে না। গরীব মানুষরা কাজ না পেয়ে অনাহারে বা অর্ধাহারে দিন কাটাচ্ছে। কাজ না পাওয়ার ফলে তারা পার্শ্ববর্তী ঝাড়খণ্ড বা অন্য রাজ্যে পাড়ি দিচ্ছে। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ, এ বিষয়ে যাতে জটিলতা কাটে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত ব্লক-টু জয়েনপুর গ্রামে যে প্রাথমিক হেল্‌থ সেন্টারটা আছে সেটি বন্ধ হয়ে গেছে। যার ফলে চিকিৎসার জন্য অনেক পেসেন্টকে পুরুলিয়া সদর হাসপাতালে আসতে হচ্ছে। ওখানে যিনি বি.এম.ও.এইচ. আছেন তিনি নিজের ইচ্ছামতো কাজ করেন। রোগী কল্যাণ সমিতির কোনো মিটিংও ডাকছেন না। মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যাতে হেল্‌থ সেন্টারটা খোলা হয় এবং অফিসারকে যেন নির্দেশ দেওয়া হয় যাতে তিনি ঠিকমতো কাজ করেন।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা নির্বাচন ক্ষেত্র—কোচবিহার উত্তর কেন্দ্র—সেখানকার গোপালপুর গ্রাম পঞ্চায়েতের সাগরদার চোটনি থেকে গোপালপুর তেপতি পর্যন্ত চার কিলোমিটার রাস্তা অকেজো হয়ে গেছে এবং যানবাহন চলাচলে অসুবিধা হচ্ছে। এটা কোচবিহার শহরে যাওয়ার একমাত্র রাস্তা। অবিলম্বে যাতে এই রাস্তা মেরামত করা হয়—এই জন্য অনুরোধ করছি, ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু আগে দুজন সি.পি.এম. বিধায়ক রাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ে চিন্তায় পড়েছে। আমি স্যার, এ প্রসঙ্গে একটা কথা বলে যেতে চাইছি। সত্যি রাজ্যের আইন-শৃঙ্খলার এমন অবস্থা হয়েছে যে, সি.পি.এম.-এর নেতারা ঘুরতে পারছে না স্যার। তমলুকের লক্ষ্মণ বাহিনী, তমলুকের লক্ষ্মণ সেনারা হামলা করেছে। তার ভয়ে পালিয়ে এসেছে স্যার। এই গুণ্ডামি এমন এক জায়গায় এসেছে... ...(নয়েজ)...

মিঃ স্পীকার : মিঃ ঘোষ, আপনি, আপনার বিষয়টা উল্লেখ করুন।

শ্রী অশোক ঘোষ : আমি বলছি স্যার, আমার ওখানে হাওড়ার ইমপ্রুভমেন্ট ট্রাস্টের এলাকার মধ্যে বেশ কয়েক একর জমি এই সি.পি.এম.-এর গুণ্ডারা দখল করে রেখে দিয়েছে তাদের রাজত্বে যেটার একটু আগে গৌরাঙ্গবাবু দৃষ্টান্ত দেখালেন। আমাদের হাওড়ার উন্নয়ন সংস্থার চেয়ারম্যান বার বার বলা সত্ত্বেও সে জায়গা থেকে তারা সরছে না। এই প্রশাসনের মধ্যে এমনভাবে সর্ষের মধ্যে ভূত রয়েছে যে তাদেরকে না তাড়ালে হবে না। চেয়ারম্যানের কথা তারা শুনছে না। এর বিরুদ্ধে স্যার, মাননীয় নগরোন্নয়ন মন্ত্রী আছেন তার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে হস্তক্ষেপ করে সেই জায়গার দখল নেওয়া হোক।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার আবেদন, আমার বিধানসভা কেন্দ্র মুর্শিদাবাদ জেলার কান্দি, বহরমপুর ব্লকের অধীন হালসোনা পাড়া, বাসাবাড়ি, চরিগাছা এলাকায়—ভাগীরথীর তীর সংলগ্ন গ্রামগুলি ভাগীরথীর ভাঙনের ফলে সেখানকার মানুষ তাদের বাড়ি-ঘর, মসজিদ, মন্দির ভেঙে যাওয়ার উপক্রম হয়েছে। আমার আবেদন দ্রুত সেই ভাঙন মেরামতির জন্য মাননীয় সেচমন্ত্রী যেন উদ্যোগ গ্রহণ করেন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের বেথুয়াডহরি দুই নম্বরের অধীনে বেথুয়াডহরি খিদিরপুর থেকে সুখসাগর ঘাট পর্যন্ত একটি কৃষি নিয়ন্ত্রিত বাজার অধীনের একটি রাস্তা অত্যন্ত খারাপ। সেটি সংস্কারের জন্য অবিলম্বে তদন্ত সাপেক্ষে—সেই এলাকার মানুষকে অত্যন্ত কষ্টের মধ্যে যাতায়াত করতে হচ্ছে—অবিলম্বে যাতে মেরামতির ব্যবস্থা করা হয়, সে ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা কর্মীদের নিয়োগের ব্যাপারে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০১১ সালে আমার বিধানসভা এলাকার জয়পুর স্বাস্থ্যকেন্দ্র এবং কোটশিলা ব্লক স্বাস্থ্যকেন্দ্র থেকে আশা কর্মীদের নাম CMOH-র মাধ্যমে কলকাতার 'স্বাস্থ্যভবন'-এ এসেছে। কিন্তু সেই স্বাস্থ্যভবন থেকে এখনও অনুমোদন করে সেই নামগুলো জেলায় যায়নি। নামগুলো যাতে অনুমোদন হয়ে জেলাতে যায় তার জন্য মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মণ্ড হারবার অত্যন্ত জনবহুল এলাকা এবং সেখানে একটা মাত্র রাস্তা। কোনো সমস্যা হলে ভীষণ সমস্যার মধ্যে পড়তে হয়। সর্বোপরি ডায়মন্ড হারবারের ওপর যেভাবে রিক্সা, ভ্যান এবং অটোর দৌরাত্ম্য বেড়েছে তাতে মানুষের জীবনযাত্রা অত্যন্ত ব্যাহত হচ্ছে। তাই একটা বাইপাস রাস্তা করার জন্য বুনোরহাট-হটুগঞ্জ রাস্তা এবং এই রাস্তার মধ্যে নতুনহাট গোবিন্দপুর খালের ওপরে ব্রিজ নির্মাণের জন্য আবেদন করেছিলাম। সার্ভে হয়েছে। যাতে দ্রুত পদক্ষেপ হয় তার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে বিনীত অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে শিশু ও নারী কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে কেন্দ্র ও রাজ্য সরকারের সহযোগিতায় প্রতিটা রাজ্যে ICDS প্রকল্প চালু আছে। আমাদের রাজ্যে এই ICDS প্রকল্পে অনেক মহিলা কাজ করছে। ৪,২৫০ টাকা করে তাদের সাম্মানিক ভাতা দেওয়া। আমরা নতুন সরকারের আড়াই বছরে এই সাম্মানিক ভাতা বাড়ানোর কোনো পরিকল্পনা দেখতে পেলাম না। এবারের বাজেটেও আমরা এই বরাদ্দ দেখতে পাইনি। তাই মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, ওই মহিলাদের এবং অঙ্গনওয়াড়ি কর্মী ও সহকারীদের সাম্মানিক ভাতা বাড়ানো হলে তারা উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমার শ্যামপুর বিধানসভা কেন্দ্রের একটি সমস্যার প্রতি মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভার পরিবহণ ব্যবস্থা ভীষণ সংকটজনক অবস্থায় রয়েছে। পূর্বে ২৮টি 'L' bus যাতায়াত করত হাওড়া পর্যন্ত ভায়া বাগনান। বর্তমানে একটাও বাস চলে না। CTC bus কেবলমাত্র দুটি যাতায়াত করে ভায়া বাগনান। সকালে একটা, বিকেলে একটা। CSTC bus তিনটি যাতায়াত করে। কিন্তু হাইকোর্টের নির্দেশে উল্টোডাঙা থেকে আরও ২৬ কিলোমিটার রাস্তাটার দৈর্ঘ্য বেড়ে যাওয়ার বাসের অপ্রতুলতায় CSTC বাসের মানুষ যথেষ্টভাবে সমস্যার সম্মুখীন হচ্ছেন। সরকারী বাস আপাতত যাতে বর্ধিত হয় এবং গাদিয়াড়া ট্যুরিস্ট স্পট থেকে যাতে কলকাতাগামী বাসের সংখ্যা বৃদ্ধি পায় তার জন্য আমি বিনীতভাবে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী আশীষ মারজিৎ : Respected Sir, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা মুর্শিদাবাদের পিছিয়ে পড়া প্রত্যন্ত এলাকা খড়গ্রাম বিধানসভা। আমার এলাকায় যে গ্রামীণ হাসপাতাল এবং ব্লক হাসপাতাল আছে সেখানে কোনো বিশেষজ্ঞ ডাক্তার নেই। বিশেষ করে পারুলিয়া, ইন্দ্রানী, ঝিল্দে এবং মাড়গ্রাম, এই সমস্ত গ্রামীণ হাসপাতালে কোনো রকম ডাক্তারের পরিষেবা নেই। ফলে প্রত্যন্ত এলাকার সাধারণ মানুষ স্বাস্থ্যের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে পারুলিয়া এবং মাড়গ্রাম গ্রামীণ হাসপাতালে খড়ের গাদা, ছাগল-গরুর গোয়ালঘর এবং দুষ্কৃতীদের আড্ডায় পরিণত হয়েছে। এছাড়া যে ব্লক হাসপাতালটি আছে সেখানে ARV injection আর জ্বর-সর্দির দুটো ট্যাবলেট ছাড়া কিছুই পওয়া যায় না। সুতরাং, মা-মাটি-মানুষের যে স্বাস্থ্যের পরিষেবা তা একেবারে তলায় ঠেকেছে।

শ্রীমতী নীলিমা নাগ : স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা বিনীত আবেদন আছে। আমাদের বিধানসভা এলাকায় বিস্তীর্ণ জায়গা জুড়ে যমুনা খাল আছে। এটা আস্তে আস্তে বুজে যাচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ এই কারণে, আমি লিখিতভাবে জানিয়েছিলাম সেই খালটি যদি সংস্কার করা হয় এবং এলাকার মানুষ ভীষণ, ভীষণভাবে উপকৃত হবে।

ZERO HOUR

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করতে চাই। ২০০৯ সালের ৫ই ডিসেম্বর বনগাঁয় গুরুদাস স্টেডিয়ামের শিলান্যাস করে এসেছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী, তখন তিনি রেলমন্ত্রী ছিলেন। স্যার, ২০১১ সালে ১৫ই জানুয়ারী বারাসাতের এক সভাতে হরিজন ঠাকুরের নামে ঠাকুরনগরে একটা স্টেডিয়াম করার কথা বলে এসেছিলেন। বনগাঁ স্টেডিয়ামের জন্য ১৬ কোটি টাকা ঘোষণা করে এসেছিলেন স্যার। সেই স্টেডিয়ামের কাজ আজও পর্যন্ত শুরু হয়নি। যাতে এই দুটি স্টেডিয়াম দ্রুততার সঙ্গে করা যায় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে আমি জানাচ্ছি যে, প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপিকা মালবিকা সরকারের তৃতীয়বার এক্সটেনশান হয়েছে। রাজ্য সরকারের নিয়মানুযায়ী ৬৫ বছর পরে কোনো উপাচার্য কর্মরত থাকতে পারেন না। গত আগস্ট ২০১৩-তে তার ৬৫ বছর পূরণ হয়েছে। অথচ তাঁকে বার বার এক্সটেনশান দেওয়া হচ্ছে। অর্থাৎ রাজ্য সরকারের নিয়মই কিন্তু বার বার ভাঙা হচ্ছে। ফলে আমার উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন, সার্চ কমিটি তৈরি করে যেন রেগুলার উপাচার্য নিয়োগের দ্রুত ব্যবস্থা করেন বার বার আইন না ভেঙে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি একটু চিন্তিত হয়ে আপনার কাছে ছোট্ট একটি বিষয় উল্লেখ করছি। সেটা হচ্ছে, আমাদের রাজ্যের প্রাক্তন বিধায়ক তিনি প্রহৃত হয়েছেন গতকাল। আমাদের রাজ্যের প্রাক্তন মন্ত্রী গতকাল হলদিয়ায় প্রহৃত হয়েছেন। আমাদের রাজ্যের প্রাক্তন এম.পি. তিনিও প্রহৃত হয়েছেন স্যার। আইন-শৃঙ্খলার অবস্থার কথা যারা বলছেন যে দ্রুত অবনতি হচ্ছে। আমি তো চিন্তিত এই কারণে যদি আমাদের রাজ্যের প্রাক্তন চিফ হুইপ ছিলেন সরকার পক্ষের তিনি কালকে গাড়ি থেকে নামতেই পারেননি। স্যার, হলদিয়ায় গতকাল একজন প্রাক্তন সাংসদের দুর্নীতির তদন্ত করবার জন্য দলের পক্ষ থেকে লোকেরা গিয়েছিল। তাদের কালকে এমন বেধড়ক মার দিয়েছে স্যার— আমি চিন্তিত একজন সি.পি.এম.-এর সাংসদ, সি.পি.এম.-এর প্রাক্তন এম.এল.এ.-কে ধরে মারছেন, প্রাক্তন মন্ত্রীকে ধরে মারছেন, প্রাক্তন এম.পি.-কে ধরে মারছেন সত্যি সত্যি আজকে রাজ্যের আইন-শৃঙ্খলার যে অবনতি হচ্ছে এটাই ঘটনা প্রমাণ করছে, স্যার।

(At this stage the House was adjourned till 1-15 p.m.)

[1.15–1.30 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী নাজমুল হক : মাননীয় স্পীকার স্যার, মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রীর ২০১০-১১ এবং ২০১১-১২ এবং বর্তমান মাননীয় অর্থমন্ত্রীর ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫— এই পাঁচটি আর্থিক বিবৃতি আমার কাছে আছে এবং আমি গতকাল রাত্রেও যতটুকু সম্ভব উল্টেপাল্টে দেখেছি। স্যার, আর একটা কথা বলছি যে আপনার দপ্তরের অর্থনীতির কথা ২০১৩ এপ্রিল-মে সংখ্যা—ওর ক্রোড়পত্রে কয়েকটি সংবেদনশীল কথা যা লেখা হয়েছিল আপনার দপ্তরের তরফে, তাও আমি পড়েছি। কিন্তু স্যার, দুঃখের সঙ্গে যে কথাটা জানাচ্ছি যে রাজ্যের স্বার্থে তো অবশ্যই বাজেট পাশ করতে হয়। কিন্তু বাজেট বিবৃতি সম্পর্কে বিভ্রান্তি, সংশয়, স্বচ্ছতা, কিছু কৌতূহল এ তো থেকেই যাচ্ছে যার নিরসন একমাত্র আপনিই করতে পারেন যুক্তি দিয়ে, তথ্য দিয়ে, পরিসংখ্যান দিয়ে যাতে আমরা সবাই সমৃদ্ধ হই। কেননা আপনার ক্রোড়পত্রে আপনি তাই লিখেছিলেন। যে অর্থমন্ত্রীর বাজেট বিবৃতি তথ্য সংগ্রহ বা গবেষণার বিষয় নয়। গভীর পাণ্ডিত্যপূর্ণ বিশ্লেষণও নয়। সাধারণ সচেতন

মানুষের সরকারী কাজ সম্পর্কে রূপরেখা এবং উদ্দেশ্য জানার বিষয়। সেইজন্যই স্যার এই কথাগুলো। আমি দ্বিতীয় যে প্রশ্ন আপনার কাছে রাখছি যে আপনার ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫—এই তিনটে বইয়ের পরপর এই কিষাণ মান্ডি ভদ্রলোকের নাম বারে বারে উল্লিখিত আছে। কিন্তু একে খুঁজে পাওয়া যাচ্ছে না, মুশকিল অবস্থা। কখনও কখনও শেষের দিকে ওর নাম একটু পাল্টে দেওয়া হয়েছে। বিশেষ করে ২০১৪-১৫-তে কৃষক বাজার। কিন্তু ও যে কবে হবে এই সম্পর্কে আপনি জানাবেন। এছাড়াও এই 'গরীবের ঘরে আলো'—বিদ্যুৎ দেওয়ার নামে এই প্রকল্পটি যথারীতি ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ অন্য অন্য নামে বারবার উল্লিখিত হচ্ছে এবং একই কথা বলা হচ্ছে যে রাজ্যের ১১টি গরীব জেলায় এই 'গরীবের ঘরে আলো' এই নামে বিদ্যুৎ প্রকল্প বাবদ হচ্ছে কিন্তু বাস্তবায়িত হচ্ছে কতটা এ বোঝা যাচ্ছে না। এই যে রিপিটেশান, এই রিপিটেশান সমস্যার সৃষ্টি করছে। তেমনি রাজ্যের চিট ফান্ডগুলিতে প্রতারিত ব্যক্তিদের বাঁচাবার জন্য, সাহায্য দেওয়ার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষিত ৫০০ কোটি টাকার তহবিল সম্পর্কে এই বাজেটে কোনো আলোকপাত করা হয়নি কেন, এই সম্পর্কে জানতে উদ্রেক করে। আমি স্যার মূল কথাতে আসছি যে, মূলত একজন দক্ষ অর্থমন্ত্রী নির্বাচনের পূর্বে জনসাধারণকে দেওয়া নির্বাচনী প্রতিশ্রুতির দিকে লক্ষ্য রেখেই তার বাজেট রচনা শুরু করেন। দেখা যাচ্ছে আমাদের এই ২০১৪-'১৫-এর বাজেটের আয়তন—আয়তন বিশাল—প্রায় ৩ লক্ষ ৯৬ হাজার কোটি টাকার কিছু কম এবং স্যার শুধু তাই না এই বাজেটেই দেখানো হয়েছে যে, অভ্যন্তরীণ বৃদ্ধি—বৃদ্ধি পেয়েছে যথেষ্ট পরিমাণে যা ৭.৭ ইঙ্গিত করছে। পরিষেবাতেও বৃদ্ধি সূচিত হয়েছে। উল্লিখিত হল ৭.৮। বিশেষ করে শিল্পে বৃদ্ধির যে পরিমাণ প্রকাশ করা হয়েছে তা কৌতূহল ও সংশয়—দুইকে একইসাথে উচ্চমার্গে নিয়ে যাচ্ছে একজন অর্থনীতির সাধারণ ছাত্র হিসাবে আমার। সংখ্যাটা হল ৯.৫৮। নিয়োগেও বৃদ্ধি দেখানো হয়েছে। একইসাথে ম্যাজিক্যালি নিয়োগের বৃদ্ধি দেখিয়ে নিয়োগ বাবদ বেতন বরাদ্দ প্রায় ৩ হাজার কোটি টাকার মতো কম দেখানো হয়েছে। এতো নবাব সিরাজের আমলে ব্রিটিশ ঐতিহাসিক এলফিনস্টোন লিখেছিলেন যে, ১৪ ফুট বা ৮ ফুট ঘরে ১৪৬ জন ইংরেজ বন্দীকে জোর করে ঢুকিয়ে রাখার জন্য দম বন্ধ হয়ে এতো মারা গিয়েছিলেন। কনক্লুড করেছিলেন এই বলে যে, geography disproving arithmatic give lie to this story. আপনি শিল্পে বৃদ্ধির যে পরিমাণ দেখালেন—শিল্প অত্যন্ত কম করে—রাজ্যে অত্যন্ত কম শিল্প হওয়া সত্ত্বেও শিল্পের উৎপাদন বৃদ্ধির হার যেভাবে দেখালেন, আপনি অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধির হার যা দেখালেন, পরিষেবা ক্ষেত্রে বৃদ্ধির হার সর্বভারতীয় সূচকের তুলনাতে যেভাবে দেখালেন, একইসাথে নিয়োগের বৃদ্ধি যা দেখালেন, বেতনে দেখালেন তার কম। বৃদ্ধি নয়, ডিডাকশান-কম। স্বাভাবিক কারণে আমি পূর্বের কথা উল্লেখ করেছি। আপনি বুঝিয়ে বলবেন। আমার জানতে আগ্রহ করে স্যার যে, উন্নয়নের নিরিখ কি ? What is the definition of development ? রং চাপিয়ে দেওয়া, আকৃতি পাল্টে দেওয়া, কোনো বস্তুর স্থান পরিবর্তন করানো ? উন্নয়নের নিরিখ সভ্য দুনিয়ার মানুষের ভাষাতে যদি হয়, তাহলে তো যেরকমটা হচ্ছে সেরকম তো হওয়ার

কথা নয়। অরাজকতা, জবরদখল, সন্ত্রাস, সাংবাদিক পেটানো, হরবখৎ পেটানো, দুর্নীতি কিংবা অবান্তর প্রতিশ্রুতি—এতো উন্নয়নের নিরিখ হতে পারে না। উন্নয়নের নিরিখ তো অর্থনীতির নিয়মে হওয়াই ঠিক। রাজ্যের মানুষের জন্মহার কত ? মৃত্যুহার কত ? শিশু মৃত্যু বছরে কত ঘটছে, খাদ্য সংগ্রহ করার ক্ষমতা মানুষের বাড়ছে কিনা, খাদ্য গ্রহণ ক্ষমতা কত, শিক্ষার অবস্থা কি, স্বাস্থ্যের হাল কি, কাজ পাচ্ছে কতটা, মাথাপিছু আয় কত, ক্রয়ক্ষমতা কত, অভ্যন্তরীণ বাজারের গতি কি ? অভ্যন্তরীণ বাজারের আয়তন কি ? মোট কেনাবেচা, জনগণের কত অংশ দারিদ্রসীমার নীচে থাকছেন—এই প্রশ্নগুলো যদি পরিচ্ছন্নভাবে বাজেট বিবৃতিতে উল্লেখিত হত, স্বাভাবিকভাবে আমার মনে হয় যে, আমাদের বোঝার জন্য সুবিধা হত এবং জনসাধারণ—যা আপনি বলেছেন যে সরল, সচেতন জনসাধারণের সরকারের কাজের রূপরেখা সম্পর্কে জানতে সুবিধা হত। আমার প্রশ্ন আছে স্যার, একটা ভালো সরকার কেমন হবে ? জনগণকে দেওয়া প্রতিশ্রুতি পালন করবে কি না ? বিশেষ করে নির্বাচনে মানুষের কাছে ২০০৯ সালে, ২০১১ সালে ৪০ দফা এবং ৩৬ দফা যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তার কি হবে ? বন্ধ কল-কারখানার জমি উদ্ধার কতটা পারলেন স্যার ? কাজ হারানো শ্রমিকদের কাজ কতটা ফেরাতে পারলেন ? Employment bank তো করেছেন, ২০ লক্ষর বেশি নাম রেজিস্ট্রেশন হয়েছে। ওখান থেকে চাকরি হচ্ছে ? না দলীয় প্যাডে বিশিষ্ট ব্যক্তিদের নামের সুপারিশ দিয়ে পাঠিয়ে দেওয়া হচ্ছে ? যেমন কৃষি দপ্তরে হয়েছে। সব ছাপিয়ে বেরিয়ে গেছে, Electronic media, print media গিয়ে ছাপিয়েছে। জেলায় জেলায় ডেপুটি ডাইরেক্টরদের কাছে চিঠি গেছে with the recommendation of the Hon'ble person, expecially CM. কি হবে স্যার ? কৃষি দপ্তর, গ্রুপ ডি পদ, ২০১৩ সাল। স্বাভাবিক, আপনি বোঝাবার চেষ্টা করবেন। চুক্তি ভিত্তিক নিয়োগ নয় বলেছিলেন, চুক্তিতেই তো নিয়োগ করছেন। সরকারী নিয়োগে নিরাপত্তা দান—এখন তো স্বেচ্ছায় অবসর করাচ্ছেন। তাই স্বাভাবিকভাবে জানব আপনার কাছ থেকে এই আশাতে এই কথা বলা, যে ভ্যাট বাতিল করার চেষ্টা করবেন বলেছিলেন, এখন বলছেন সরলীকরণ করছি। শপিংমল খুড়োর কল, ওটা বন্ধ করতেই হবে। কিন্তু উদ্বোধন করছেন স্যার ফুলটুল দিয়ে, ধূপ জ্বালিয়ে। স্বাভাবিকভাবে প্রতিশ্রুতি আর বাস্তবতা, বিশেষ করে আপনার কর নীতি, entry tax, এক সময় বিরুদ্ধে বলতেন। সম্মানীয় হাইকোর্ট বললেন constitutional ultra vires। যদিও নিষেধ করেনি আপনাকে, But it has been mentioned that it is constitutional ultra vires. আমি জানতে চাইছি হাইকোর্টের রায় আমাদের সময় আসেনি স্যার, আপনার সময় আসছে। আপনাকে তাই উত্তর দিতে হবে। স্ট্যাম্প ডিউটিতে ছাড়, গাড়ি কেনায় অনুদান, ২৫ লক্ষ টাকার মধ্যে বাড়ি করলে ছাড়, ২০ হাজার টাকা ও ২৫ হাজারের ঘড়ি ও মোবাইলে কর ছাড়। এর বাইরেও মানবতার নামে আরো কিছু ছাড় দেওয়া হচ্ছে, তা কতটা নৈতিক, কতটা অনৈতিক—এসব বিচারের বিষয়। কোন আশায় এইসব করছেন স্যার। ২ তারিখ ব্রিগেড মাঠে রাজনাথ জি ভরসা দিলেন, প্রত্যাশা জাগালেন, যদি আশি হয়তো হয়ে যেতেও পারে মরাটরিয়াম। আবার অনারেবল সি.এম. দিন কয়েক আগে যে কথা বলেছেন এখানে, আগেই তো বলেছিলাম

রাজনীতিতে কেউ অচ্ছুৎ নয়, JJTT, যখন যেমন তখন তেমন। আবার দিন কয়েক আগে যা বললেন, এ তো স্যার ইন্ডিকেট করছে যে তলে তলে একটা বোঝাপড়া থাকছে যদি সরকার পাল্টায় একবার গিয়ে দেখব। স্যার, সেইজন্য বলছিলাম আপনি সব বাজেটে মনীষীদের আনেন, কাব্য কবিতাও বলেন। বিশেষ করে স্যার আপনার গালিব-প্রীতি আপনার প্রতি আমার শ্রদ্ধার উল্লেখ করে। কিছুদিন আগেও আপনি বলছিলেন, গত বাজেটে যে 'জিন্দেগী ভর উমর ভর গালিব, এ ভুল করতা রহা। ধুল চেহেরে পে থি, অর আয়না সাফ করতা রাহা।' ভালো স্যার, আপনি ভালো বলেছেন। এ কাব্য কবিতার প্রতি, ছবি টবির প্রতি টান থাকা ভালো। সুস্থ থাকা যায়। আগেকার সরকারের বিচ্যুতি প্রসঙ্গে আপনি এসব মনে করিয়েছেন, ভালো করেছেন। তবে মহাকবি ইকবালকে আমি আপনাকে মনে করিয়ে দেব। সেটা মনে হয় আমার এবং আপনার দুজনেরই কাজে লাগবে। তবে সংক্ষেপে এইটুকু বলি বামফ্রন্ট সরকার যখন শুরু করেছিল, এই রাজ্যে ৭৪ লাখ মেট্রিক টন কৃষিতে ফলন ফলত। বামফ্রন্ট সরকার চলে যাওয়ার সময় যেটা কাছাকাছি ১৫০ লাখ মেট্রিক টনে পৌঁছেছিল। ভূমিসংস্কার ছিল যার চাবিকাঠি।

[1.30–1.40 p.m.]

সেচ বৃদ্ধি ছিল যার চাবিকাঠি। ৩০ শতাংশ সেচ ছিল ১৯৭৭ সালে, যা ৭২ শতাংশে পৌঁছেছিল। surface water, underground water সব মিলিয়ে ৭২ শতাংশে পৌঁছেছিল। ৩ লক্ষ মেট্রিক টন মাছ হত, সেটা ১৮ লক্ষ মেট্রিক টনে পৌঁছেছিল। ২০ লক্ষ মেট্রিক টন সবজি হত, সেটা ১২৬ লক্ষ মেট্রিক টনে পৌঁছেছিল। ১৯৭৭ সালে বিদ্যুৎ উৎপাদন হত মাত্র ৯৪৫ মেগাওয়াট। কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং captive plant মিলিয়ে, সেটা ১১ হাজার মেগাওয়াটে পৌঁছেছিল। হাজার হাজার কিলোমিটার লাল রাস্তা, কালো রাস্তা, কাঁচা রাস্তা। ৪০০ কলেজ, ১৮টা বিশ্ববিদ্যালয়, ১৬ শতাংশ শিল্প, ৪০ হাজার কোটি টাকার অভ্যন্তরীণ বাজার প্রায়, সেইসময় হয়েছিল এই রাজ্যে। ১০ শতাংশ হারে মাথাপিছু আয় বেড়েছিল মানুষের, যার ভিত্তির উপর দাঁড়িয়ে আপনার বাজেট দাঁড়িয়েছে ৩ লক্ষ ৯৫ হাজার কোটি টাকাতে। আর আপনি বলছেন 'জিন্দেগী ভর গালি দিয়ে ভুল করতা রাহা' ! ইকবাল তাই এরকম বলছেন, কোনো বাগানের মালি পরিবর্তনের চেয়ে বড় সত্য হল বাগানের সৌন্দর্য্যের পরিবর্তন হয়েছে কিনা। দুষ্কৃতী, দুষ্কৃতী ফুল চুরি করতে পারে, কিন্তু বসন্ত খোয়া যাওয়ার কথা নয়। তবু যদি আগের সৌরভ না আসে, আর সেচ দিও না, ও বাগানে তালা লাগাও, ও জমি প্রকৃতিকে ফিরিয়ে দাও....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়: মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৪-১৫ সালের যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলব। স্যার, এই বাজেট সম্পর্কে একটু আগেই আমার বিরোধী বন্ধু যেসব কথাগুলো বলছিলেন, তাঁর বক্তব্যে মনে হল তিনি এই বাজেট বুঝতে পারলেন না। আমি জিজ্ঞেস করতে চাই, অসীমবাবু, প্রাক্তন অর্থমন্ত্রী ছিলেন, সেই সময়ে যে বাজেট পেশ

করতেন, সেই বাজেট কি তিনি বুঝতে পারতেন ? আমরা অসীমবাবুর নাম দিয়েছিলাম juggler of statistics. তথ্যের জাগলারি করার ক্ষেত্রে তাঁর জুড়ি নেই। প্রাক্তন অর্থমন্ত্রী অসীমবাবু আমার বন্ধু, আমরা একই স্কুলে, একই ক্লাসে পড়েছি, তিনি আমার সমবয়সী। তিনি পণ্ডিত লোক, অর্থনীতি বোঝেন আর অর্থনীতি বোঝেন বলেই অর্থনীতির এই Statistics-এর jugglery-টা তাঁর থেকে কেউ ভালো বোঝেনি কোনোদিন। আমার বন্ধু উন্নয়নের কথা বলছিলেন, তার অভিমুখ বলছিলেন, আমরা বুঝতে পারিনি কোনোদিন। প্রতিটি তিনি বাজেটের মধ্যে তিনি লক্ষ লক্ষ কর্মসংস্থানের কথা বলতেন এবং সেই কর্মগুলো কোথায় হচ্ছে আমরা খুঁজে বেড়াতাম, কিন্তু কোনোদিন খুঁজে পাইনি। কিন্তু আমরা পরিষ্কার করে, জানিয়ে দিতে চাই যে, এই সরকার, সরাসরি সরকারীভাবে কত চাকরি পেয়েছে, পুলিশে কত চাকরি পেয়েছে, শিক্ষকতায় কত চাকরি পেয়েছে, হোমগার্ডে কত চাকরি পেয়েছে, এন.ভি.এফ.-এ কত চাকরি পেয়েছে, গ্রামীণ পুলিশে কত চাকরি হয়েছে। সরাসরি, কোথাও কোনোরকম ambiguity নেই, কোথাও কোনোরকম ধোঁয়াশা নেই। এবং তার সঙ্গে সঙ্গে কর্মসংস্থান কিভাবে হয়েছে সেটা আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয় আপনাদের সামনে তুলে ধরেছেন। গতকাল এখানে ডাঃ মানস ভূঞ্যা, আমার ছোটো ভাই, আমরা একসঙ্গে অনেকদিন এখানে ছিলাম, তিনি বেশ sarcastically কতগুলো কথা বলেছেন। বলেছেন, কেন্দ্রীয় সরকার কোনোভাবে আমাদের বঞ্চনা করছেন না। কিন্তু স্যার আমি বলতে চাই, কেবলমাত্র পঞ্চায়েত দপ্তরকেই, ১০০ দিনের যে কাজ, সেই কাজ সমাপ্ত করার পর সেই রিপোর্ট দিল্লিতে যায়, তার ভিত্তিতে তারা টাকা দেন। সেই রিপোর্ট কমপ্লিট করে দিল্লিতে পাঠিয়ে দেওয়ার পরও ১০০০ কোটি টাকা এখনও আমাদের সরকার পায়নি। ইন্দিরা আবাস যোজনায় ভিন্ন ভিন্ন ফেজে টাকা আসে প্রথম আসে ফার্স্ট ফেজে। তারপরে বাড়ি করার পরে সেকেন্ড ফেজ। এইভাবে প্রায় সাতশো কোটি টাকা ইন্দিরা আবাস যোজনায় কেন্দ্রীয় সরকার আটকে রেখে দিয়েছেন। পি.এম.জি.এস.ওয়াই.-এতে আমরা প্রায় বারোশো কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে আমরা পাব। সেদিন মানস ভুঁঞ্যার বক্তব্যের পরিপ্রেক্ষিতে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী একথা উল্লেখ করেছিলেন যে কেন্দ্রীয় সরকার ঠিক নির্বাচনের আগে যাতে মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যাতে মানুষের কাছে অপদস্থ হয়ে যায় তার জন্য পরিকল্পিতভাবেই গ্রামীণ উন্নয়নের বিকাশে যে টাকা লাগে, যে কাজগুলো হয় সেই কাজগুলো যাতে বন্ধ হয়ে যায়, গ্রামের যে দরিদ্র মানুষটি কাজ করেছে সে যাতে টাকা না পায় সরকার-বিরোধী হয়ে পড়ে তারজন্য পরিকল্পিতভাবে সেই টাকা আটকে রেখে দেওয়া হয়েছে। পঞ্চায়েত দপ্তরই প্রায় সাত হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে পাবে। যে কাজ কমপ্লিট হয়েছে, যে কাজের রিপোর্ট দিল্লিতে চলে গেছে, যারা এগেনস্টে কেন্দ্রীয় সরকার টাকা দেবেন সেই টাকা আজকে আটকে রেখে দেওয়া হয়েছে। মানসবাবু বললেন কেন্দ্রীয় সরকার কোনোভাবেই আমাদের বঞ্চিত করছে না। আমি স্যার, আপনার কাছে বলি। পি. চিদাম্বরম তখন কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন। তিনি বলেছিলেন ভারতবর্ষের আজকের সমস্যা দারিদ্র্য নয়। আজকের সমস্যা হচ্ছে উগ্রপন্থা। গোটা মধ্যভারত জুড়ে উগ্রপন্থা এমন একটা জায়গায় চলে গেছে যেখানে

সরকারী প্রশাসন অচল হয়ে যায় কিন্তু উগ্রপন্থীদের প্রশাসন চলে। এই কথা একদিন পি. চিদাম্বরম বলেছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে। আজকে সেই সমস্যা যদি কোনো রাজ্য সরকার মেটায় সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোনো দায় থাকে কি থাকে না ? পশ্চিমবঙ্গ সরকার, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সমস্যার সমাধান গোটা ভারতবর্ষ কোনো রাজ্য করতে পারেননি। আজকেও যেখানে প্রতিদিন ল্যান্ডমাইনে বিস্ফোরণের আওয়াজ পাওয়া যায়। যেখানে সি.আর.পি.-র মৃত্যুর খবর পাওয়া যায়, সাধারণ মানুষের মৃত্যুর খবর পাওয়া যায় ভারতবর্ষ জুড়ে। সেখানে বাংলার মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার অল্পদিনের মধ্যে যেখানে গড়ে চার হাজার মানুষ খুন হত সেখানে আজকে একজন মানুষেরও মৃত্যুর খবর নেই। এই সমস্যার সমাধানে এটা কি কেবল রাজ্যের সমস্যা ? যেখানে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন মূল সমস্যাই ভারতবর্ষের আজকে মাওবাদ, উগ্রপন্থা। সেখানে তাদের দায়িত্ব থাকে না ? এই রাজ্যে এই সমস্যা মোকাবিলা করার জন্যে যে অর্থ লাগবে সেই অর্থ দিতে হবে। দার্জিলিং-এর সমস্যা আমাদের একার সমস্যা ? এর আগে যতবার চুক্তি হয়েছে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী পর্যায়ের লোককে আসতে হয়েছে চুক্তিতে সই করার জন্য। সেই সমস্যা বারবার চুক্তি হওয়া সত্ত্বেও সেই সমস্যা মেটেনি। পরবর্তীকালে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পরে—এ তো সত্য কথা, দার্জিলিং-এর মানুষ ভাবতে শুরু করেছিল যে আমরা এই রাজ্য থেকে কি পেয়েছি ? তাই তাদের মধ্যে বিচ্ছিন্নতা মাথা চাড়া দিয়ে উঠেছিল। মমতা বন্দ্যোপাধ্যায়ের এই অনুভূতিটা তাঁর মধ্যে আছে। মুখ্যমন্ত্রীর এই অনুভূতিটা আছে যে একটা মানুষ যখন অসহিষ্ণু হয়ে পড়ে, সে রাজনৈতিকভাবে অসহিষ্ণু হয়ে পড়ে তার মোকাবিলা রাজনৈতিকভাবে করতে হতে আর সে যদি অর্থনৈতিকভাবে অসহিষ্ণু হয়ে পড়ে তবে তাকে রিলিফ দিতে হবে। তার খাদ্যের প্রয়োজন হলে খাদ্য দিতে হবে। তার যদি চিকিৎসার দরকার হয় চিকিৎসা দিতে হবে। পানীয় জল, পথঘাট, স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয় দিতে হবে যাতে তার মনে একটা আস্থার ভাব ফুটে ওঠে। সে যেন বিশ্বাস করতে শুরু করে যে আমি এই বাংলা থেকে বিচ্ছিন্ন নই। ৩৪টা বছর তো আপনারা ক্ষমতায় ছিলেন। কোনোদিন তো এইভাবে ভাবেননি। যারা এই আন্দোলন করেছিলেন তারা আজকে বলছেন, না, আমরা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বেই বাংলার উন্নয়নে শামিল হতে চাই। আপনি আপনার বক্তব্যের মধ্যে কত কথা বললেন। দু-দুটো যে বিস্তীর্ণ অঞ্চল এই বাংলার তারা বাংলার মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সহায়তা থেকে শুরু করে সামগ্রিক, সামাজিক, অর্থনৈতিকভাবে তাদের দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার যে প্রয়াস তার মধ্যে দিয়ে সমস্যার সমাধান হয়েছে। বন্দুকের গুলিকে পাল্টা বন্দুকের গুলি দিয়ে ভয় দেখাতে হয়নি আমাদের। এটাই হচ্ছে শিক্ষা। এই শিক্ষা আপনি গ্রহণ করতে পারেননি।

[1.40–1.50 p.m.]

এই শিক্ষা আপনারা গ্রহণ করতে পারেননি। স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবারে ৩ লক্ষ ৯৫ হাজার ৬১৬.৪৮ কোটি টাকার বাজেট প্লেস করেছেন যেটা গত বছরের বাজেটের তুলনায় প্রায় তিরিশ হাজার কোটি টাকা বেশি। এই বাজেট তিনি প্লেস করেছেন। কতগুলি

ইনডেক্স উনি বলেছেন। যদি আপনাদের পছন্দ না হয় তাহলে আপনারা চ্যালেঞ্জ করুন, অর্থমন্ত্রী আছেন, উনি উত্তর দেবেন। আমি অর্থমন্ত্রীর তত্ত্বের উপরে নির্ভরশীল, আপনারাও তাঁর তত্ত্বের উপরে নির্ভরশীল। কিন্তু তিনি যে তথ্য দিয়েছেন, তার সোর্সটাকে উল্লেখ করে দিয়েছেন। কোথা থেকে তথ্য তিনি উল্লেখ করলেন বা তৈরি করলেন তার সোর্স হচ্ছে কেন্দ্রীয় সরকারের C.S. এবং BOAEO ও পশ্চিমবঙ্গ সরকারের। এই দুটি সূত্রের উপর ভিত্তি করে। তাহলে তো বলতে হবে বিগত বছরগুলিতে বা বিগত সরকার যত তথ্য দিয়েছেন সব তথ্যই ভুল ছিল। সব তথ্যই জাগলারী ছিল, সব তথ্যই মিথ্যা ছিল। যদি আপনি সরাসরি কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের যৌথ সমীক্ষা ও যৌথ তথ্যকে চ্যালেঞ্জ করেন, তাহলে সেই কথাই বলতে হবে। স্যার, ভারতে জি.ডি.পি. বৃদ্ধির হার ৪.৯ পারসেন্ট। এটা কেন্দ্রীয় সরকারের announced। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারের বৃদ্ধির হার হচ্ছে ৭.৭। স্যার, আমার এই প্রসঙ্গটা উত্থাপন করার একটা কারণ আছে। আজকে কংগ্রেস বলুন, বামফ্রন্ট বলুন যারা এইসব কথাগুলি বলছেন আমাদের সরকারের বয়স ৩৪ মাস। আর আপনারা ৩৪ বছর চালিয়েছেন। আপনারা যখন ৭৭ সালে ক্ষমতায় এসেছিলেন আমার একটু আনতে ভুল হয়ে গেছে, ৭৭ সালে ক্ষমতায় আসার পরে ৩৪ মাসে আপনি কোথায় ছিলেন ? আর একটা সম্পূর্ণ ধ্বংস হয়ে যাওয়া অর্থনীতি একটা ধ্বংসস্তূপের উপরে দাঁড়িয়ে মাননীয়া মমতা ব্যানার্জী কোন জায়গায় পৌঁছে গেছে। এর তুলনামূলক বিচার যদি আমাদের অপজিশন লিডার করতে পারেন, তাহলে আমি খুশি হব যে সত্যিকারের তিনি আমাদের রাজ্যের ভালো চাইছেন এবং তিনি অর্থনীতির কথা বিশ্লেষণ করছেন। আমাদের রাজ্যের যে মূলধন আয়, সেটা কোনোদিন ডেফিসিট ছিল না। আপনারা আসার পর থেকে শুরু হয় ধার নেওয়া, ঋণ নেওয়া। এবং সেই ঋণ চক্রবৃদ্ধি হারে বাড়তে বাড়তে এসে যখন আপনারা ক্ষমতা থেকে চলে গেলেন তখন আপনারা বিরাট অঙ্কের টাকা আমাদের কাঁধে বোঝা হিসাবে চাপিয়ে দিয়ে গেলেন। কেউ কেউ উল্লেখ করেছেন যে 'আপনি কত টাকা ধার নিয়েছেন'। যদি ধার শোধ করতে হয় সুদে-আসলে শোধ করতে হলে নিশ্চিতভাবেই সেই ধারের উপরে নতুন ধারের বোঝা আসবেই। নিশ্চিতভাবেই আসবে। একদিনে কেন্দ্রীয় সরকার মোরাটোরিয়াম দেবেন না। দু-দুটো কেন্দ্রীয় সমস্যা, সর্বভারতীয় সমস্যা আমাদের রাজ্যের। দু-দুটো সর্বভারতীয় সমস্যা থাকা সত্ত্বেও আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকার মোরাটোরিয়াম দেবেন না। আমাদের তিন বছরের জন্য সুদ মকুব করবেন না। তারপরেও যে উন্নয়ন করছেন আমাদের রাজ্যের অর্থমন্ত্রী সেটা কতগুলি ইনডেকসের মধ্যেই পাওয়া যাচ্ছে। কৃষিতে বৃদ্ধির হার ৪.৬ থেকে যেটা কেন্দ্রীয় সরকারের সারা ভারতের, আমাদের রাজ্যের ৫.২৮। শিল্প বৃদ্ধির হার দিল্লির ০.৭ সেখানে আমাদের ৯.৫৮। বুঝতে পারলেন না আমার বন্ধুবর এখানে দাঁড়িয়ে বললেন যে বিনিয়োগ কোথায়। পরিষেবাকেও যে আজকে শিল্প বলে সম্ভবত আমার বন্ধু ইকনমিকসের ছাত্র হয়েছেন বললেন। উনি ইকনমিকসের ছাত্র উনি সেটা বোধহয় জানেন না। এই সামগ্রিক বৃদ্ধি, সামগ্রিক শিল্প বৃদ্ধি এবং যেখানে কিনা কর্মবিনিয়োগ কর্মসংস্থান বা কর্মসৃষ্টি employment potentiality জেনারেট করা এটা কিন্তু সম্ভব হয়েছে আমাদের

রাজ্যে এই বিনিয়োগের মধ্য দিয়েই যার উন্নয়নের বৃদ্ধির হার ৯.৫৮ শতাংশ। আমাদের সরকার ক্ষুদ্র, অতি ক্ষুদ্র, মাঝারি শিল্পের উপরে জোর দিচ্ছে। মানসবাবু কালকে উল্লেখ করলেন না কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী এবারে এই একই কথা বলেছেন। কেন বলেছেন। এই কারণে বলেছেন যে ভারী শিল্প এখন উন্নত প্রযুক্তি দ্বারা পরিচালিত হয় বলে। ভারি শিল্পতে বেশি মানুষের কাজ হয় না। আমি এর আগে উল্লেখ করেছিলাম, আবারও সংখ্যাটা উল্লেখ করছি। আমি লেবার ইউনিয়ন করি। ১৪০০ লোক ছিল, যে উৎপাদন করত, এখন ১০৪ জন লোক তার ১০ গুণ উৎপাদন করে। বিকজ্ অফ হাই প্রযুক্তি। উন্নত প্রযুক্তির জন্য ১০৪ জন লোক ১০ গুণ বেশি উৎপাদন করছে, যা ১৪০০ লোক করত, তার থেকে বেশি। তাহলে এমপ্লয়মেন্ট করতে গেলে আমাদের কি করতে হবে ? কেন্দ্রীয় সরকার এবারের বাজেটেও বলেছে, আমাদের স্মল স্কেল, মাইনর স্কেল এবং মিডিয়াম স্কেল ব্যবসার ওপর গুরুত্ব দিতে হবে। যাতে আমাদের ভারতবর্ষের মানুষের চাকরির সমস্যা মেটে। স্যার, আমাদের সরকার বলেছেন, গত বছর কত চাকরি হয়েছিল এবং এই বছর কত চাকরি হওয়ার সম্ভাবনা আছে। 'চাকরি'—এই শব্দটা নিয়ে আমরা অতীতে বহু চিৎকার করেছি, যখন ওখানে ছিলাম। আমরাও চিৎকার করেছি। সেদিন বছরের পর বছর আমাদের তৎকালীন অর্থমন্ত্রী বলেছেন যে, কনসেপ্ট অফ এমপ্লয়মেন্ট আজকে পাল্টে গেছে। কেউ সেল্ফ এমপ্লয়েড হতে পারেন, কেউ ব্যবসা করতে পারেন সরকারী ঋণ দিয়ে, কেউ চাকরি পেতে পারেন। এই টোটাল ১০০ দিনের কাজে কর্ম সৃষ্টি হচ্ছে। এই যে মলের কথা খুব শ্লেষ করে বললেন, আপনাদের আমলে মল হয়নি ? সেই মলগুলো শোভা পাচ্ছে না পশ্চিমবাংলায় ? আরে, শিল্পের জমি বিক্রি করে দিয়ে মল তৈরি করে দিয়েছেন ঊষা কোম্পানিতে, দক্ষিণ কলকাতায়। আর এখানে দাঁড়িয়ে শ্লেষ করছেন, আর হাসছিলেন ? এটা কিসের হাসি ? অনেক রকম হাসি হয়, এটা কিসের হাসি আমি বুঝতে পারলাম না ? আপনাদের আমলে দক্ষিণ কলকাতায় একের পর এক—ডাবর কোম্পানি, কৃষ্ণা গ্লাস, ঊষা—একের পর এক শিল্পগুলোকে বন্ধ করেছেন এবং বন্ধ করে সেখানে সেই মালিকরাই জমি বিক্রি করে সেখানে মল হয়েছে। আজকে মল হবে, তাতে কি হবে ? এক-একটা মলে কতগুলো লোক চাকরি করে জানেন ? কত মানুষ চাকরি করছে। কনট্রাকচুয়ালি কত মানুষের চাকরি হচ্ছে। যেখানে এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি জেনারেট হবে, সেখানেই আমার সরকার চেষ্টা করবে যাতে আরো বেশি মানুষের চাকরি হতে পারে, ব্যবসা হতে পারে—সামগ্রিকভাবে রাজ্যের উন্নয়ন হতে পারে। স্যার, এই সরকার স্যার—বলছিলেন, কি করে উন্নয়ন হচ্ছে বুঝতে পারছি না। আপনাদের যে স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার, সেই স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার নেগেটিভ হয়ে গিয়েছিল। নেগেটিভ অ্যাট দ্য রেট অফ ৫৮.৫৩%। আমাদের সরকার—দেখুন ইন্ডিকেশন, ইনডেক্স—কোথা থেকে আপনি বুঝবেন যে রাজ্য এগিয়ে চলেছে কিনা। বিস্তারিতভাবে আছে, আমাদের প্রত্যেক বক্তা বলবেন যে, স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারে আমরা বেড়েছি, ২০১২-১৩-তে বেড়ে ১৮ হাজার ৯৯৪.১১ পার্সেন্টেজ—আমরা বাড়াতে পেরেছি। এছাড়া আরেকটা জিনিস স্যার, বলছিলেন যে কেন অর্থমন্ত্রী বারবার বলেছেন, আজ বাংলা যা ভাবে, আগামীকাল সারা ভারতবর্ষ ভাববে। এই যে ন্যায্য

মূল্যের ওষুধের দোকান—ভেরি সিম্পিল। এই কথাটা তো আপনারা ভাবতে পারেননি। আমরা ভেবেছি বলে আজকে ভারতবর্ষকে ভাবাতে সাহায্য করছি। তাই সত্যিই তো বাংলা আজকে যা ভাবছে, সারা ভারতবর্ষ তার অনুকরণ করছে। জঙ্গলমহলের সমস্যা ভারতবর্ষ অনুকরণ করছে। দার্জিলিং-এর সমস্যা সারা ভারতবর্ষ অনুকরণ করছে। আজকে আমাদের রাজ্যে যা করছি আমরা, সারা ভারতবর্ষ তাকে অনুকরণ করে চলেছে স্যার। আর সময় নেই, যদিও অনেক কিছু বলার ছিল। এনি ওয়ে, আমি একটা কথাই বলতে চাই, আমাদের অর্থমন্ত্রী যে বক্তব্য রেখেছেন যে, আমাদের রাজ্য প্রতিটি ক্ষেত্রে—চাকরি বলুন, কৃষি বলুন, শিক্ষা বলুন, স্বাস্থ্য বলুন—প্রতিটি ক্ষেত্রে এই বাজেটের মধ্যে তুলে ধরেছেন—কেমন করে রাজ্যের অগ্রগতি হচ্ছে। আপনারা দেখেও যদি না দেখার ভান করেন, তাহলে কোনোদিন সেই জিনিস দেখতে পাবেন না। বিরোধিতার জন্য বিরোধিতা নয়, সত্যের ওপর ভর করে.... (নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

[1.50–2.00 p.m.]

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী যে বক্তব্যগুলো পেশ করেছেন সে সম্পর্কে জাস্ট দু-চারটি কথা আমি এখানে নিবেদন করতে চাই। স্যার, আমার ভালো লাগল যে আমার ইমিডিয়েটলি আগে মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় যিনি দীর্ঘদিন ধরে বক্তৃতা করে আসছেন। যিনি নিজেকে সব সময় prepare করেন, যাঁর আমি গুণগ্রাহী, কেননা এই হাউসে, এই সদনে যে কয়েকজন মাননীয় সদস্য তথ্যের উপর ভিত্তি করে কথা বলেন তিনি তাদের একজন। দুর্ভাগ্যের বিষয় তিনিও আসল কথাগুলো বলতে পারলেন না। আগের দিন মাননীয় পঞ্চায়েত মন্ত্রী শ্রীসুব্রত মুখার্জী যেভাবে আমাদের একজন সম্মানীয় নেতা মানসবাবুকে বিদ্রূপ করে ছিলেন যে, "আপনি মশাই পড়াশোনা করে আসেন, কি পড়াশোনা করেছেন, কিছুই জানেন না"। কিন্তু আমি বিদ্রূপ করব না, কেননা, উপায় নেই ওনার জানার। যে অবস্থায় এই বাজেটটা পেশ করা হয়েছে সেই অবস্থায় আশিস ব্যানার্জী, শোভনদেব চট্টোপাধ্যায়, জ্যোতিপ্রিয় কর, নির্মল ঘোষ বা পরশ দত্ত কারোর পক্ষেই সম্ভব নয় জানা। স্যার, গত বছর আমি মাননীয় অর্থমন্ত্রীর অনেকগুলো বক্তব্যের উপর কথা বলেছি এবং গত বছর দেখেছিলাম সততা, স্বচ্ছতা, সততা, স্বচ্ছতা প্রতিটি পাতায়। এ বছরে নেই, একটি কথাও নেই। বুঝতে পেরেছি, এক বছরেই তিনি বুঝতে পেরেছেন সততা, স্বচ্ছতা নেই এখানে। কিন্তু তবুও আমি আগেরবার বলেছিলাম আমি তাঁকে ভীষণ শ্রদ্ধা করি। এবং সেই শ্রদ্ধার উপরে নির্ভর করে এবং তাঁর স্বচ্ছতা; সততার প্রতি হয়তো তাঁর কিছুটা আস্থা এখনও আছে এই ভেবে আমি একটু আটকিয়েই পড়েছিলাম স্যার। কেন্দ্রীয় সরকার, কংগ্রেস সরকার আর কিছু না হোক সেকেন্ড ইউ.পি.এ.-তে কতগুলি অধিকার দিয়েছেন, এবং তার প্রথম অধিকার হচ্ছে রাইট টু ইনফরমেশান, তথ্য জানার অধিকার। আমি জানি না আপনারা সে অধিকার কখনও ফলিয়েছেন কি না। রাইট টু ইনফরমেশান এই অ্যাক্টটা হয়েছে ২০০৫ সালে। এই রাইট

টু ইনফরমেশনে আমি এই সরকারকে একটু কাবু করতে চেয়েছিলাম, পারিনি স্যার। পারিনি, তার কারণ, সততার, স্বচ্ছতার প্রতীক তিনি আমাকে ইনফরমেশন দেননি। ২৭.৫.২০১৩-তে আমি যে দরখাস্ত করেছিলাম ফিন্যান্স ডিপার্টমেন্টের কাছে তথ্য চেয়ে, বার বার দরখাস্ত করেছি, বার বার কনট্যাক্ট করেছি। SPIO আমাকে লিখেছেন যে আপনার কাছে যাচ্ছে তথ্য। Appellate Authority আমাকে হিয়ারিং দিয়েছেন, হিয়ারিং দিয়ে কাগজ দেখিয়েছেন স্যার, আপনার কাছে পাঠাচ্ছি, কয়েকদিনের মধ্যেই পাঠাচ্ছি। সেটা ছিল ২৩শে ডিসেম্বর এবং তার পরেও অনেকদিন হয়ে গেল প্রায় দু-মাস, পাইনি। কনট্যাক্ট করেছিল টেলিফোনে, প্রথম বলেছেন পাঠিয়ে দেওয়া হয়েছে তাকে। তা আমি বলেছি ঠিক আছে, আমি যাচ্ছি আপনার নবান্নতে, আপনাদের নতুন নবান্ন গৃহ দেখতে, আমি যাই আপনার কাছে একটু চা খেয়ে দেখব নবান্নের চা কেমন, আপনার সঙ্গে দেখা করে আসি, নিয়ে আসি। তখন বলা হল স্যার, উপর থেকে ফাইল এখনও আসেনি। কেন ? কি চেয়েছিলাম আমি ? ছোট্ট একটি চিঠি, বলেছিলাম আমাকে এই এই এই হেডে, হেড অফ্ অ্যাকাউন্টে ডিপোজিট অ্যাকাউন্টে কোথায় কি আছে সেইটা আমাকে জানান, রিসিট অ্যান্ড ডিস্‌বার্সমেন্ট। উনি জানাননি। কেন না উনি জানেন এই তথ্য যদি দেওয়া হয় তাহলে সুখবিলাস বর্মা এই বাজেট সেশনে অনেক কথা বলবেন। কিন্তু স্যার, আপনার অ্যাসেসমেন্ট একটু ভুল আছে। আমি দীর্ঘদিন ওই জায়গায় কাজ করেছি, অভিজ্ঞতার জন্য আমি জানি আপনি না দিলেও এই তথ্য কোথায় পাওয়া যায়। আমি জানি এই তথ্য পাওয়া যায় এ.জি. বেঙ্গলের কাছে। কাজেই যখন দেখলাম যে আপনার ডিপার্টমেন্ট গড়িমসি করছে, আমি এ.জি. বেঙ্গলের কাছে গেছি। পেয়েছি স্যার ! উত্তর দিয়েছে তারা। কি দিয়েছে ? অনেকগুলো ডিপোজিট অ্যাকাউন্ট আছে, আমি কয়েকটা মাত্র চেয়েছি, 8443 Civil Deposit, 8448 Deposit for local funds। আপনি জানেন, যেহেতু ওই ফাইল আপনার কাছে পড়ে আছে ; কি কি চেয়েছি আপনি জানেন। 8448 other funds যার মধ্যে SUDA আছে, PUP আছে, SDB আছে, FFDA আছে, সব আছে। আর 8449 other deposits. আমি চেয়েছি ৩১.১২.১১-তে কত আছে, মানে ২০১১-তে। Receipt কি, disbursement কি ? ৩০.০৩.১২-তে receipt কি, disbursement কি ? উদ্দেশ্য আছে আমার জানার। আমি চেয়েছি ৩১.১২.১২-তে কত আছে এবং ৩১.০৩.১৩-তে কত আছে। পেয়েছি। মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় যে কথা বললেন যে, সুব্রতবাবু সমস্ত খবর পাঠিয়েছেন, সমস্ত তথ্য পাঠিয়েছেন, হিসাব পাঠিয়েছেন। ভুল। ভুল স্যার, আমি আপনাকে বলছি। পঞ্চায়েত ডিপার্টমেন্টে ২০১২-তে কি আছে ? ২০১৩-তে কি আছে ? পঞ্চায়েত ডিপার্টমেন্টে, পঞ্চায়েত বডিজে deposit of account ২০১২-তে, receipt কত ? ১৬,১১৪। Disbursement কত ? ১৫,৬২১। স্যার, Difference-টা কত রইল ওখানে ? এক হাজার কোটি টাকার বেশি deposit account-এ ফেলে রেখেছেন। পরশ দত্ত সাহেব আগের বারে বলেছিলেন, শোভনবাবু নিশ্চয়ই জানেন deposit account-এর মানে কি। Deposit account-এর মানে হল টাকাটা খরচ দেখিয়ে দেওয়া হল অথচ টাকাটা থাকল গভর্নমেন্টের ঘরে। যাকে নাম দেওয়া হয়েছে parking of funds।

Fund-টা parking করে রাখা হল। খরচ দেখিয়ে দেওয়া হল। এছাড়াও অন্য উদ্দেশ্য আছে স্যার, deposit account-এ পরে আসছি আমি। এই যে মাত্র কয়েকটি আমি চেয়েছি, এই কয়েকটিতে ২০১২-১৩-র deposit account-এ net কত আছে ? Net কত আছে স্যার ? ৮,৯৮১ কোটি টাকা এই কয়েকটি account-এ। আরও অনেক deposit account আছে। ৫ নং বইটা যদি আপনি দেখেন, এই ৫নং বইয়ে আমি আপনাদেরকে অনুরোধ করব আপনাদের কাছে রয়েছে, ৫নং বইয়ে receipt account আপনার ৪১ পৃষ্ঠা থেকে শুরু হয়েছে আর disbursement শুরু হয়েছে কত থেকে ? ১৪৫ থেকে। এত পৃষ্ঠা জুড়ে প্রচুর account, প্রচুর account আমি তো মাত্র কয়েকটার কথা বললাম। তো স্যার, কি করে বুঝবেন ? যিনিই লেখাপড়া করুন না কেন সে শোভনদেববাবুই হন, আর জ্যোতির্ময় কর হন, আর আশীষ ব্যানার্জী হন, আর পরশ দত্তই হন—যারা পড়াশুনা করেন। ছেড়ে দিলাম আমি বিরোধীদের কথা। ওরা তো উল্টোপাল্টা বলবেই, আমিও তো উল্টোপাল্টা বলবই। কিন্তু তারা তো পড়াশুনা করেন তারা কি করে জানবে যে fund-টাকে ওখানে লুকিয়ে রেখেছেন। খরচ দেখিয়ে দিয়েছেন। সুব্রতবাবু খরচ দেখিয়ে দিয়েছেন। আর ওদিকে বলছেন চিৎকার চেঁচামেচি করছেন। কিন্তু পারছে না, কেন ? তার কারণ হচ্ছে, কিছু কিছু জায়গায় এই MGNREGA থেকে আরম্ভ করে অনেক জায়গায় ওদের on line পাঠাতে হয় এবং details দিতে হয়। সেই detailsগুলো ওখানে নেই স্যার। যার জন্যই ওখানকার মাননীয় মন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী জোর গলায় বলতে পারছেন যে, 'না তোমার কাছ থেকে হিসাব পাইনি আমি'। জোর গলায় বলতে পারছেন। কি করবেন স্যার, কোথায় পাব আমরা, কি করে জানব।

Deposit account-এর আরও একটা বড় কাজ আছে। যেটা সবচেয়ে বড় কাজ উনি তো জানেনই, আমি জানি না আর কেউ জানেন কিনা। সেটা হচ্ছে, আমরা যে চিৎকার করতাম overdraft, overdraft, overdraft সেই overdraft-কে avoid করছে। এই যে টাকাটা খরচ দেখিয়ে দেওয়া হল, parking করে রাখা হল এই টাকাটা প্রতি দিন ways and means-এ help করছে। Ways and means ব্যাপারটা কি ? স্যার, আমরা তো এখানে বসে গল্প করছি, তর্ক করছি, বিতর্ক করছি, ঝগড়া করছি, মারামারি করছি কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে আসার আগে বা দুপুরবেলা গিয়ে একবার নাগপুরের রিপোর্টটা দেখতে হবে। রিজার্ভ ব্যাঙ্কের নাগপুর শাখা থেকে আসছে যে, আজকে তোমার positionটা কি, receipt কত, payment কত ? তুমি overdraft করেছ কিনা ? স্যার এখানে সবাই চিৎকার করছিলেন সেদিন থেকে, বলতে বলতে মাঝে মাঝেই চিৎকার করেন—আমরা কারোর দয়ায় নেই, আমরা কারোর দয়ায় নেই।

[2.00–2.10 p.m.]

প্রতিদিন overdraft-এ help করছে এই deposit account-গুলো। Central government যদি Monitoring করতো এবং deposit account-গুলো থেকে আপনাদের যদি না চালাতে দিত central-এর সেই ক্ষমতা আছে,• নিশ্চয়ই আছে।

আপনাদের মনে আছে স্যার, বামফ্রন্টের সরকারের সময় এই deposit account-এর operation যখন proportion-এর বাইরে গেল সেই সময় AG থেকে বলা হয়েছিল আপনারা deposit account এতগুলো রাখতে পারবেন না। চিৎকার চেঁচামেচি হইহই। আপনি যার কথা বলছিলেন স্যার, আগের অর্থমন্ত্রী যিনি এখন এনার গুরু মানে শিক্ষক, আমি শুনেছি স্যার। ও, মাস্টারমশাই নন কিন্তু ওই ইউনিভার্সিটিতে পড়াশুনা করেছেন, দু-বছরের সিনিয়ার। সিনিয়ারের একটা effect থাকে। কাজেই উনি যে কাণ্ডগুলো করেছেন তার effect এখানে থাকবে না তা নয়। এবং আমরা দেখলাম, সেগুলো করছেন উনিও। সেগুলো উনি করছেন। অথচ দোষ দিচ্ছেন ওই ভদ্রলোকের। অপকর্মটা আপনারা একইভাবেই করছেন কিন্তু দোষ চালিয়ে যাচ্ছেন। এবং এই যে, প্রতিদিনের ways and means সেই ways and means-এ help করছে। চারটিখানি কথা নয়। আজকে ধরুন, মার্চ মাসটা শেষ হল, আপনার deposit account-এ ৮০০০-৯০০০ কোটি থাকল, এপ্রিল, মে, জুন মাসে আপনার প্রায় প্রতিদিনই overdraft-এ যাওয়ার কথা, overdraft যাওয়ার মানে কি ? Overdraft যাওয়ার মানে হচ্ছে, আপনার Treasury bill পাশ হবে না, এমনকি মাইনে পেতাম না আমরা। এই এপ্রিল, মে, জুনে কেউ মাইনে পেতেন না। যদি ওই deposit account না থাকত। আর বড় বড় গপ্প করছেন, কারোর দয়ায় নেই। বড় বড় গপ্প করছেন। এই গপ্প আমাদের সাজে না। আমাদের মতো রাজ্যে এই গপ্প সাজে না। সে যেই হন না কেন, ওরা আছেন, আপনারা আছেন, কংগ্রেস কর্মীরা আসতে পারবেন কি না জানি না। কিন্তু কংগ্রেসও যদি আসে তারও গপ্প করা সাজবে না। কারণ, যে জায়গায় আজ রাজ্যটা গেছে যে attitude নিয়ে বাঙালীরা আছে, তাকে আমরা কিছু করতে পারছি না, যদি না change করতে পারি attitude। আমাদের attitude যদি আমরা change না পারি তাহলে কিছুই পারব না। আমাদের এই গপ্প সাজে না। আমাদের অনেক কিছু adjust করে চলতে হয়। এই deposit account স্যার, আপনি শুনবেন, জানি না আপনি জানেন কি না, আমি প্রাক্তন মুখ্যসচিব এবং প্রাক্তন Finance secretary যিনি, আমি মনে করি, এই Finance Department-টাকে গুলে খেয়েছিলেন। Finance Department-এর বিশেষ করে এই issue-গুলো। তাকে আমি জিজ্ঞেস করলাম, 'ভাই, আমি যতদূর শুনেছিলাম deposit account-গুলো বন্ধ করে দেওয়া হয়েছিল।' বললেন, 'yes বন্ধ করে দেওয়া হয়েছিল। আমি তো জানি বন্ধ করে দেওয়া হয়েছিল।' 'তাহলে deposit account-গুলো চলছে কি করে ?' 'কি জানি কিভাবে চলছে।' গেলাম A.G. Bengal-এ, বললাম কি করে চলছে, বলল, সব অন্যায়ভাবে চলছে। আমাদের কেউ permission নেয়নি এবং permission-এর যে প্রয়োজনীয়তা আছে। আপনি স্যার, জিজ্ঞেস করে নেবেন চারদিন আগে আপনার Transport department থেকে officer -রা গিয়েছিল কিনা ওখানে। JNNURM-এর টাকা deposit account-এ রাখার জন্য, permission-এর জন্য। খোঁজ নেবেন স্যার। আমি সত্যি কথা বলছি কি অসত্যি বলছি, মিথ্যা তো বলা যাবে না। খোঁজ নেবেন। প্রয়োজনীয়তা আছে deposit account, ও, পরশবাবু এসেছেন, কারণ, deposit

account, উনিও পণ্ডিত আমার মতো খানিকটা। গতবছর উনি deposit account নিয়ে অনেক বলেছেন যে, কিভাবে Parking of funds করছিলেন। কাজেই সেই deposit account-গুলো এখন চলছে অন্যায়ভাবে A.G.-র approval না নিয়ে। আমি স্যার, আপনাকে একটু দেখতে বলব এবং যদি চালিয়ে যেতে হয় approval-গুলো নিয়ে আসবেন যে, যেগুলো বন্ধ হয়েছিল। একমাত্র District Magistrate-এর deposit account রাখা হয়েছিল, একমাত্র District Magistrate Office-এ L.A. Collector-এ যেহেতু L.A. Land Acquisition-এর জন্য দিতে হয়, সেই L.A. account-গুলো রাখা হয়েছিল আর বাকিগুলো বন্ধ করে দেওয়া হয়েছে। সেগুলো এখনও চলছে। কাজেই deposit account-এর যে ইস্যুটা সেই ইস্যুকে এবার একটু ভালো করে দেখবেন এবং deposit account নিয়েই কিন্তু আজকে এখানে যত সব গুলিয়ে রাখা হয়েছে। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা নিয়ে আপনারা প্রায়ই কথা বলেন। কেন্দ্রীয় সরকারের থেকে যে অনুদানগুলি আসে স্যার, কেন্দ্রীয় সরকারের থেকে যে সাহায্যগুলি আসে— আজকে স্বপনবাবুও বললেন যে কেন্দ্রীয় সরকার বঞ্চনা করছে। বঞ্চনা করছে। আমি স্যার, আপনাকে একটা ছোট্ট করে জানাচ্ছি, কি হয়েছে। কি হয়েছে ? কত কত পেয়েছে, কি পায়, কেমনভাবে পায়, কিভাবে পায়, কম পাচ্ছে কিনা, বেশি পাচ্ছে কিনা, প্রায়ই একটা গল্প শোনা যায়, চিৎকার চেঁচামেচি শোনা যায়, এত টাকা কেন্দ্রীয় সরকার নিয়ে যাচ্ছে। দিচ্ছে আমাদের কম। স্যার, কি করে—আপনি এদের বোঝাতে পারবেন যে ফিনান্স কমিশনের এখনকার creteria-তে কালেকশানের কোনো ব্যাপার নেই। সেখানে আছে পপুলেশান, এরিয়া, ডিসট্যান্স ফ্রম দি ফিসকাল ক্যাপাসিটি। আর আছে ফিসকাল ডিসিপ্লিন, চারটে। বিভিন্ন সময়ে ফিনান্স কমিশন বিভিন্ন ধরনের প্রিন্সিপল নেয়। কালেকশানের প্রিন্সিপলটি যেটা আগে অনেক কম পেতাম, জানেন আপনারা কালেকশানের কি অবস্থাটা, কোথায় কি হয়। ইনকাম ট্যাক্স কালেকশান জানেন আমাদের কলকাতা থেকে, ওয়েস্ট বেঙ্গল থেকে কত হয় ? ওয়েস্ট বেঙ্গল থেকে মাত্র ২৪ হাজার থেকে ২৫ হাজার কোটি টাকা কালেকশান হয়েছে ২০১১-১২-তে। মহারাষ্ট্র থেকে, বোম্বে থেকে কালেকশান হয়েছে ১ লক্ষ ৭৯ হাজার কোটি টাকা। একমাত্র পুণেতে হয়েছে ২৫ হাজার কোটি টাকার বেশি অর্থাৎ পুণের থেকে আমাদেরটা কম। তাহলে ভাবুন তো এবার, কালেকশানের হিসাবে যদি যেতাম আমরা, যেটা আপনারা চিৎকার করে বলছেন, এত টাকা যাচ্ছে, এত টাকা যাচ্ছে। সেই কালেকশান ফিগারে যদি যেতাম আমরা, আমরা কি পেতাম ? কি পেত ছোট ছোট রাজ্যগুলি ? উত্তর-পূর্ব আর পূর্বাঞ্চলের রাজ্যগুলি কি পেত ? কি পেত বিহার, কি পেত ইউ পি ? যার জন্য ইক্যুইটির ব্যাপারটা রেখে ফিনান্স কমিশন যে ক্রাইটেরিয়া করেছে, সেই ক্রাইটেরিয়ার ভিত্তিতে কি হয়েছে। সেই ক্রাইটেরিয়ার ভিত্তিতে দেখুন আপনারা ট্যাক্স-এর শেয়ার, আমি বললাম, মোম্বাই ট্যাক্স কালেকশান করে, ইনকাম ট্যাক্সে কালেকশান করে ১ লক্ষ ৭৯ প্লাস, পুণে ২৫, তার মানে ২ লক্ষ কোটির বেশি। তাতে তারা কত পাচ্ছে ১৩ হাজার ৩৪৩ কোটি। আমরা কি কালেকশান করি ? ২৪ হাজার কোটি, আর আমরা ট্যাক্স-এর শেয়ার কত পাচ্ছি, ১৮,৫৮৮ কোটি টাকা। প্লীজ খেয়াল করবেন। বিহার কত পাচ্ছে, বিহারের

পাটনার কালেকশান মাত্র কয়েক হাজার কোটি টাকা। কত পাচ্ছে—২৭ হাজার ৯৩৫ কোটি টাকা ট্যাক্স-এর শেয়ার। ইউ. পি. কত পাচ্ছে, ইউ. পি.-র কালেকশান আমাদের অর্ধেক। কত পাচ্ছে ৫০,৩৫১ কোটি টাকা। এর নাম ইক্যুইটি। এর নাম হরাইজন্টাল অ্যান্ড ভার্টিকাল ইক্যুইটি। দুটো মিলে এটাকে গ্রহণ করেছেন ফিনান্স কমিশন। এবং ফিনান্স কমিশন-এর সেই থিওরি অনুসারে সবাই পায়। আমরা যদি ফিসকাল অ্যারেঞ্জমেন্ট, ফিসকাল ফিনান্সিং এইটুকু জ্ঞানও না রাখি, তাহলে তো মুস্কিল রাজ্য চালানোটা। তাহলে মুস্কিল, অ্যাডমিনিস্ট্রেশান—সেই ধরনের অ্যাডমিনিস্ট্রেশান রাজ্য চালাতে পারে না। গ্রান্ট-ইন-এইড একই ভাবে গ্রান্ট ইন এইড আমরা কত পেয়েছি, ১৩,৮৮৯ কোটি টাকা। মহারাষ্ট্র কত পেয়েছে ১২,১৬৭ কোটি টাকা। ইউ. পি. কত পাচ্ছে ১৭,৭৬০ কোটি টাকা। এগুলো তো ফিগার। এগুলো তো বাস্তব। এই বাস্তবকে আমরা স্বীকার করব না ! এই বাস্তবকে স্বীকার না করে আমরা চালিয়ে যাচ্ছি। এবং সবচেয়ে দুঃখের কথা স্যার, আমি ভেবেছিলাম আমি ফার্স্ট ক্লাস ফার্স্ট নিয়ে একটা কথা বলব।

[2.10–2.20 p.m.]

কয়েকদিন আগেই মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি অ্যাসেসমেন্ট করে রাজ্যের ক্যাবিনেটের ২নং মন্ত্রী তার কাছ থেকে ছিনিয়ে নিয়েছেন ইন্ডাস্ট্রি। ছিনিয়ে নিয়ে দিয়েছেন মাননীয় অর্থমন্ত্রীকে। কাজে তাকে ধরবোই ফার্স্ট ক্লাস ফার্স্ট। আজকে আপনি শোভনদেববাবু যে কথা বললেন—৯% ইন্ডাস্ট্রি—এটা তো পুরোপুরি ভুল। তাহলে মাননীয়া মুখ্যমন্ত্রী কেন ওই ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টটা ক্যাবিনেটের ২নং মন্ত্রীর কাছ থেকে ছিনিয়ে নিয়ে অন্য কাউকে দিলেন। এটা তো সত্যিকারের অবস্থা হলে দিতেন না। ৯% ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ মানে ফ্যান্টাস্টিক। আমরা প্রায়ই একটা কমপেয়ার করি জি ডি পি-র সঙ্গে জি এস ডি পি। স্যার, Good economists never do that, never do that. তার কারণ হচ্ছে জি ডি পি সেটা বিশাল, সমস্ত স্টেট নিয়ে অ্যাভারেজ হয়। সেখানে নর্থ ইস্টের জায়গাগুলো আছে, সেখানে কেরালা আছে, সেখানে ত্রিপুরা আছে, সেখানে সিকিম আছে, সেখানে আসাম আছে, সেখানে মহারাষ্ট্র আছে, সেখানে গুজরাট আছে। সব কিছু মিলে হয়। আর রাজ্যের সঙ্গে রাজ্যের তুলনা করা যায়। করুন তুলনা মহারাষ্ট্রের সঙ্গে। করুন তুলনা গুজরাটের সঙ্গে। করুন তুলনা অন্ধ্রপ্রদেশের সঙ্গে। সেটা করার মুরোদ নেই আমাদের। আমরা কি করি—জি ডি পি-র সঙ্গে, যেটা কমপেয়ারেবল নয়, সেইটা করি। Never do that Sir, I would advise you not to do that, never do that. মানুষ misled হয়। এই misled-এর তথ্য ফ্যান্টাস্টিক। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর এই সদনে দাঁড়িয়ে একটা স্টেটমেন্ট পড়ছি যাতে আপনারা বলতে না পারেন যে আমি উল্টো পাল্টা কথা বলছি। এটা প্রসেডিংস থেকে নিয়ে আসা। অ্যাসেম্বলির প্রসেডিংস থেকে নিয়ে আসা। কি বলছেন। অমিতদা আমায় বলছিলেন—it may be about 40,000 crores। কি—যেটা নিয়ে যায় গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। তাহলে 30,000 crores যদি ওরা কালেকশান করে নিয়ে যায় আমাদের সেন্ট্রাল স্কিমে—৮ হাজার থেকে ১০ হাজার টাকা দেয়—কোথায় ৮ হাজার থেকে ১০ হাজার টাকা।

Sir actually it is not less than 30,000। স্যার আপনি আপনার মাননীয়া মুখ্যমন্ত্রীকে mislead করবেন ? আপনি না পণ্ডিত মানুষ ! আপনি না স্বচ্ছতা, সততা নিয়ে খুব বড়াই করেন ! Are you misleading মুখ্যমন্ত্রী ? আমার তো ভাবতেই লজ্জা লাগছে। যার জন্য মুখ্যমন্ত্রী তিনি এই হাউসে বলছেন। সমস্ত জায়গায় মিটিংয়ে বলছেন। মানুষ mislead হচ্ছে। না হয় মিছিলে বললেন, রাজনৈতিক বক্তৃতায়। ঠিক ওখানে যতটা সম্ভব মানুষকে ভুল বোঝানো যায় সেটা আপনারা করেন। কিন্তু এখানে ! এই সদনের মাননীয় সদস্য তাদের আপনারা বিভ্রান্ত করলেন, mislead করলেন ? এটা কি ঠিক হল স্যার ? মোটেই ঠিক হয়নি। আমাদের ফার্স্ট ক্লাস ফার্স্ট অর্থমন্ত্রী আর একটি কাজ করেছেন। সেই কাজটাও আপনারা জানেন। বলতে পারবেন না, দুঃখের ব্যাপার। আপনি স্যার বলেছেন, এবারে আমাদের Central Grants Grant-in-aid কম করে দিয়েছে। বড় কাঁদুনি গেয়েছেন, বড় দুঃখ করেছেন আপনি। প্রচণ্ডভাবে বঞ্চনা করেছে কেন্দ্রীয় সরকার। ঝেড়ে কাশুন। কম অংকটা কিসের জন্য ? ২,৮৮৮ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছিল ২০১১-১২-তে। এটা কিসের জন্য—বি.আর.জি.এফ., স্পেশাল বি. আর জি.এফ.। যার জন্য আপনারা বারবার চিৎকার করেছিলেন। স্পেশাল প্যাকেজ হল। সেই স্পেশাল প্যাকেজ করে স্পেশাল বি.আর.জি.এফ. দেওয়া হল। আপনারা কিসে কিসে আনলেন ? তৎকালীন কেন্দ্রীয় অর্থমন্ত্রী বারবার বললেন—আপনারা প্রোজেক্ট দিন। প্রোজেক্ট দিয়ে আমাদের কাছ থেকে টাকা নিন। আপনারা দিলেন প্রোজেক্ট। সেই অনুসারে স্যাংশান হল। আজ পর্যন্ত আপনারা কেউ জানেন না, কি কি ব্যাপারে স্যাংশান হয়েছে। যদি কেউ জানেন, তাহলে হাত তুলবেন দয়া করে। কেউ জানেন না। কারণ কাগজগুলো সবাই দেখেন না। প্ল্যানিং ডিপার্টমেন্টের রিপোর্ট দয়া করে দেখবেন সেখানে বলা আছে—রুরাল ইলেকট্রিফিকেশানের জন্য ২৫০০ কোটি টাকা, চৌত্রিশটি মাল্টি স্পেশালিটি হাসপাতালের জন্য ২২০০ কোটি টাকা, যেটা নিয়ে আপনারা প্রায়ই চিৎকার করেন। চৌত্রিশটি মাল্টি স্পেশালিটি, সুপার স্পেশালিটি হাসপাতাল হবে, এর অর্থটা কি তাও বোধহয় কেউ জানেন না। একমাত্র ম্যাডাম জানতে পারেন। আমি তো জানিই না ভাই সুপার স্পেশালিটি মানে কি। ম্যাডাম যদি এই সুপার স্পেশালিটি মানেটা কি যদি বলেন তাহলে আমরা খুশি হব। কেননা আমাদের পশ্চিমবঙ্গে যেখানে জেলা হাসপাতালগুলোতে অ্যানাটমি specialist নেই, অন্য কিছু যেগুলো স্পেশালিটি সেগুলো কিছুই নেই। এমনকি হাসপাতালগুলোতে জেনারেল সার্জেনের অভাব, অর্থোপেডিক সার্জেনের অভাব এবং গায়নোকোলজিস্ট অনেক জায়গাতে নেই, থাকলেও টিম টিম করছে একজন। সেই রাজ্যে সুপার স্পেশালিটি হাসপাতালের মানে কি আমি জানিনা ? ৩৪টি হাসপাতালের জন্য কেন্দ্রীয় সরকার থেকে টাকা নিয়ে এসেছেন, কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন—ম্যাডাম নিশ্চয় জানেন—৩৪টি হাসপাতালের জন্য ২২০০ কোটি টাকা। এই টাকা দিয়ে বিল্ডিং তৈরি হবে, অনেক কিছু হবে, জানি না সেগুলো কবে কি কাজে লাগবে। এই ৩৪টি হাসপাতাল কোথায় কোথায় হচ্ছে আপনারা কেউ আজ পর্যন্ত জানাননি। এটা ওই ১১টি জেলার বাইরে হওয়ার কথা নয়, কেননা এটা special BRGF, তাই ওই জেলাগুলোর বাইরে হওয়ার কথা নয়। সেটি

আমি আপনাকে জিজ্ঞাসা করব স্যার, যদি উত্তরের সময় বলেন কোথায় কোথায় এই হাসপাতালগুলো হচ্ছে এবং সেগুলোর অবস্থা কি স্টেজে আছে। আমাদের এখানে একটি বোন মাঝে মাঝে খুব চিৎকার করেন, বোনটি নিশ্চয় জানে, যে ওর বাঁকুড়া জেলায় drinking water in 14 blocks কত কোটি টাকা। ১০১২ কোটি টাকা ১৪টি ব্লকের drinking water-এর জন্য। আমি জানি না এর কাজ শুরু হয়েছে কিনা ? বোনটি বলছে শুরু হয়েছে, খুব ভালো, খুশি হলাম জেনে। Roads and culverts in panchayat areas ১৫০০ কোটি টাকা, natural fiber mission ৯১ কোটি টাকা, bridge, sluice gate-এর জন্য ২৫৭ কোটি টাকা। এই সমস্ত কিছুর জন্য ৮,৭৫০ কোটি টাকা, entire-টা স্যাংশান হয়নি, বোধহয় ৮,৬০০ কোটি টাকা স্যাংশান হয়েছে এটা আমি একটা কাগজে দেখেছিলাম। তার মধ্যে ২,৮৮৮ কোটি টাকা ২০১১-১২ সালে দিয়েছিল, আপনারা ২০১২-১৩ সালে পুরোটা খরচ করতে পারলেন না, কিছুটা খরচ করলেন। স্যার, আমি তো আপনার কাগজ থেকেই বলছি, ২,৮৮৮ কোটি টাকার এগেইনস্টে আপনারা ৩০৬ কোটি টাকা পেয়েছেন। তাহলে ২৫০০ কোটি টাকা বাদ গেল। এটা তো সোজা হিসাব ২৫০০ কোটি টাকা কম হবে। কিন্তু কমপক্ষে ২৫০০ কোটি টাকা কম হয়নি, কম হয়েছে বোধহয় এক হাজার কোটি টাকা। কেন ? না, অন্য খাতে অনেক বেশি দিয়েছে সেন্ট্রাল গভর্নমেন্ট। আপনি দুম করে বলে দিলেন ১১% কম দিল। আপনি একবারও ভাবলেন না ২,৮৮৮ কোটি টাকার এগেইনস্টে মাত্র ৩০৬ কোটি আমরা নিয়ে আসতে পেরেছি। আগের টাকার খরচের হিসাব দিয়ে এই টাকা নিয়ে আসতে হয়। সেখানে আপনি পারলেন না, আর দোষ চাপালেন কেন্দ্রীয় সরকারের উপরে। সব কিছুর জন্য দায়ী ওই কেন্দ্রীয় সরকার। আমার একটা গল্প মনে পড়ে যায়। সব কিছুতেই কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় সরকার গালাগাল দিচ্ছে। তো বিদ্যাসাগর, নিশ্চয় আপনারা, হয়তো সবাই জানেন আপনারা। বিদ্যাসাগর বলেছিলেন এই দেখতো লোকটা এতো গালাগাল দিচ্ছে কেন ? আমি ওদের কখনো কিছু উপকার করেছি কিনা দেখতো। তো যে কেন্দ্রীয় সরকার আপনাদের এতো উপকার করে যাচ্ছে, ওয়েজ অ্যান্ড মিনস, যেটাতে দেউলিয়া হয়ে যান মিনসের ক্ষেত্রে হেল্প করছে এবং এতো কিছু হেল্প করছে। তাকে শুধু গালাগাল, শুধু গালাগাল, শুধু গালাগাল। ...(নয়েজ)..., কি হল ? ঠিক আছে, আপনি পরে বলবেন। কিছু শুনতে পাচ্ছি না। পরে কথা বলবেন আমার সঙ্গে। এখন এই তো হল আপনাদের অবস্থা। আমি এই মাননীয় মন্ত্রী, তিনি আরও কি অপকর্ম করছেন আমি আপনাদের বলছি। এখানেই আপনারা পাস করেছেন। কি বিল ? শ্যামল সেন কমিটি। কি বলছে বিলে, তার ডিউটিটা কি ? তার ডিউটিটা হচ্ছে, স্যার, বলছেন, অনেক কিছুর মধ্যে to recommend the bills of providing the persons who have allegedly lost their savings with compensation direct from the assets of the said group of companies—said group of companies, প্রথমে ছিল শুধু সারদা, পরবর্তীকালে এখানে আপনারা অ্যামেন্ডমেন্ট করিয়ে নিলেন, অন্য গ্রুপ অফ কোম্পানিস ঢুকিয়ে দিলেন। অর্থাৎ সারদা থাকবে অন্যান্য গ্রুপ অফ কোম্পানিস থাকবে এবং সমস্ত group of

companies-এর যে assets আছে সেগুলো দেখে শুনে নিয়ে সেই assets থেকে realize করে compensation দিতে হবে। কি করছেন আপনারা ? exchequer থেকে দিচ্ছেন। একজন মাননীয় অর্থমন্ত্রী যার financial propriety সম্পর্কে মানে সজাগ থাকার কথা। যার financial propriety-র প্রতি, সবাইকে নিয়ে যারা চলার কথা। তিনি এই রকম একটা জায়গায় টাকা দিচ্ছেন। কি বলব স্যার ? ভালো কাজ করছেন আপনারা ? এবং দিচ্ছেন কি সারদাকে শুধু, সারদার যারা। দায়টা অনেক বেশি তো সেখানে। অন্য কারোকে দেওয়ার দরকার নেই। কারণ দায়টা তো ওখানে অনেক বেশি। এটা ভালো করছেন কি খারাপ করছেন আপনারা বুঝবেন, আপনাদের সরকার কি করছে, ভালো করছে কি খারাপ করছে। আমি স্যার, ১ নম্বর, ফার্স্টক্লাস ফার্স্ট নিয়ে কথা বললাম এতক্ষণ। আমি এবার ফার্স্টক্লাস সেকেন্ডে যাব স্যার। কেন ? বাকী তো সব ফেলটু। ফেলটুদের নিয়ে কি কথা বলব স্যার ? যাকে মুখ্যমন্ত্রী বলেছেন, ফেল ? এবং যে মুখ্যমন্ত্রী মোটামুটি সব কিছু অ্যাসেসমেন্ট করতে পারদর্শী। কে বঙ্গসন্তান, কে বিভূষণ হবেন, কে রত্ন হবেন সব কিছু তিনি ঠিক করেন। আর সেই লোক, ...(নয়েজ)... হ্যাঁ, ঠিক আছে, প্রধান মন্ত্রী কি করেন আপনারা জানেন ভালো করে, প্রধান মন্ত্রী এইসব করেন না। যাই হোক, সেই জায়গায়, ফার্স্টক্লাস সেকেন্ড যিনি, ফার্স্টক্লাস সেকেন্ড। ফার্স্টক্লাস ফার্স্ট আমি স্যার বললাম। ...(নয়েজ)... আপনারা যদি দয়া করে শোনেন। স্যার, ফার্স্টক্লাস ফার্স্ট আমি বললাম, যাকে এই বিভাগগুলো দেওয়া হয়েছে। আর ফার্স্টক্লাস সেকেন্ড। আমাদের উত্তরবঙ্গের অলিখিত মুখ্যমন্ত্রী, ফার্স্টক্লাস সেকেন্ড। যাকে আরও কিছু, তার বিভাগের সঙ্গে, আরও কিছু যোগ করে দেওয়া হয়েছে। তিনি এস.জে.ডি.এ.-র চেয়ারম্যান। এস.জে.ডি.এ.-র কেলেঙ্কারী সবারই জানা এবং সেই কেলেঙ্কারীতে লোকে বলে যে তারও ইনভলভমেন্ট আছে। কিন্তু তা সত্ত্বেও তাকেই দেওয়া হয়েছে আবার। তিনি North Bengal-র State Transport Corporation-র, তিনি ওখানে যতগুলো হসপিটাল আছে তার চেয়ারম্যান, রোগী কল্যাণের, এমন কিছু নেই উত্তরবঙ্গে যার উনি চেয়ারম্যান নন, এমন কিছু নেই। Coochbehar Development Fund, যেটা বরাবর কোচবিহারের মন্ত্রীকে দেওয়া হত সেটাও। এবং এই Coochbehar Development Fund নিয়ে আপনারা জানেন গ্রেটার কোচবিহার-কামতাপুরী ইত্যাদি তাদেরকে ইনভলভ করে তাদের যে ইমোশান, সেই Coochbehar Development Fund-র ও তিনি চেয়ারম্যান। মিটিং করেননি বোধহয় একদিনও। কি করেছেন জানি না। ...(নয়েজ)... দাঁড়ান দাঁড়ান গান করব। আমার গান শুনলে তো মুশকিলে পড়ে যাবেন আপনারা। কাজেই করব না। স্যার, সেই মন্ত্রী কি করছেন, আমি আগের বারেও বার বার করে এখানে বলেছি, কিন্তু সীমার বাইরে গেছে বলে এইবারে আমাকে বেশি করে বলতে হচ্ছে। স্যার, Rules of Business বলে একটি কথা আছে। এখানে আমার প্রাক্তন বস মাননীয় মণীশ গুপ্ত, প্রাক্তন চিফ্ সেক্রেটারি আছেন—আমার বাঁ পাশে ছিলেন—মিঃ দেওয়ান, উনি আমার ব্যাচমেট। উনি অন্ধ্রপ্রদেশের চিফ সেক্রেটারি ছিলেন। ...(নয়েজ)... মিঃ মণীশ গুপ্ত জানেন Rules of Business বলে একটা কথা আছে। এই Rules of Business জিনিসটা কি ? এটা

স্যার কোনো একজিকিউটিভ অর্ডার নয়, এটা কোনো ক্লাবের অর্ডার নয়। Rules of Business হচ্ছে 166(3) ধারা of Constitution. Constitution-এর 166(3)-এর ধারায় বলা আছে যে Government will make arrangement সমস্ত কামকর্ম কিভাবে চলবে, কোন কোন মন্ত্রী কি ব্যবস্থার কি কাজ করবেন ? তার জন্য অ্যারেঞ্জমেন্ট করা হয়। প্রত্যেকটা বিভাগ যখন নতুন করে তৈরি হয়—আমি জানি না আপনারা কয়েকদিন আগে দেখেছেন কিনা Tribal Development Department বলে একটা তৈরি হল, তার জন্য Rules of Business বেরিয়েছে। এই Rules of Business-এ কি বলা আছে ?—কোন ডিপার্টমেন্ট কি কি কাজ করবে ? আমি স্যার, এখানে কয়েকটা ডিপার্টমেন্ট-এর কথা শুধু বলব, দেখাব, কি কি ভাবে কাজ করে। যেমন ধরুন— এগ্রিকালচার, বলাই আছে এখানে এগ্রিকালচার কি কি করবে ? ফিনান্স ডিপার্টমেন্ট কি কি করবে—এখানে বলা আছে। তেমনি এগ্রিকালচার-এ কি কি বলা আছে ? Food crop production, production of jute, sugarcane, oilseeds, pulses, plantation crop excepting horticultural crops and excepting tea and potatoes, adoptive research on agriculture, procurement, distrition and monitoring of agricultural inputs and implements and quality control thereof. Regulation of agricultural employment and promotion of the welfare of agricultural workers and cultivators. বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, West Bengal State Seed Corporation Ltd., Crop insurance থেকে আরম্ভ সব কিছু। অর্থাৎ এগ্রিকালচার সম্পর্কে যা কিছু আছে সব হয়। একই ভাবে PWD-তে কি বলা আছে ? PWD-তে বলা আছে, PWD-তে একইভাবে সমস্ত construction and maintenance of public works and of lines of communication by land, that is to say, roads, bridges, ferries and other lines of communications, provision of accommodation. আইনগুলো সুন্দর আছে স্যার, এ সব কিছুই PWD-র কাছে। উত্তরবঙ্গ বিভাগের কাজ কি ? একইভাবে পি.ইউ.পি:—এখানে মাননীয় মন্ত্রী নিশ্চয় আছেন, আমি দেখতে পাচ্ছি না। পি.ইউ.পি. উত্তরবঙ্গ বিভাগের এর কাজ কি ? পি.ইউ.পি.-র ক্ষেত্রে যা বলেছেন—উত্তরবঙ্গ বিভাগের এই ক্ষেত্রে তাই বলেছেন। কি বলেছেন ? Promotion of social, economic and cultural advancement of people residing in North Bengal comprising the Districts of Darjeeling, Jalpaiguri, Coochbehar, Uttar Dinajpur, Dakshin Dinajpur and Malda and covered by the Uttarbanga Unnayan Parishad, and financing, regulation and inspection of all bodies established for this purpose. All matters in connection with or in relation to the constitution in functioning of the Uttarbanga Unnayan Parishad. Co-ordination of development schemes and projects operated by different

departments in the areas covered by the Uttarbanga Unnayan Parishad. অর্থাৎ এখানে আছে, যা কিছু হতে হবে সব উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের রেফারেন্স-এ, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য হতে হবে, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে হতে হবে। আর আছে কি ? Co-ordination with other State Government Departments and Central Government Departments for execution of plans for the development of areas covered by the Uttarbanga Unnayan Parishad. Supervision for the execution of any project for the development of the areas covered by the Uttarbanga Unnayan Parishad. আমরা কি করলাম ? উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে নতুন করে গঠন করা হল। ওই এলাকার সব সোসাল ওয়ার্কার্স তৃণমূল এম.এল.এ. এবং তৃণমূল এবং অন্য দলের এম.এল.এ.-দের মধ্যে দুইজনকে নেওয়া হল। একজন হচ্ছে আমাদের সম্মানীয় D.P. Roy আর একজন হচ্ছেন সম্মানীয় উদয়ন গুহ, অন্য দিক থেকে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের গত আড়াই বছরে কি হয়েছে ? স্যার, দুটো মিটিং হয়েছে। একটা ১১ সালে, আর একটা ১২ সালের জানুয়ারীতে। ওই ১১ সালের মিটিং-এ minutes জোগাড় করতে আমার কালঘাম বেড়িয়ে গিয়েছিল। কেননা minutes পাওয়া যায়নি সই হয়নি, অনেক দিন পর পেলাম।

[2.30–2.40 p.m.]

যাই হোক ২০১২ সালের মিনিটস এখনও পাইনি। তাতে প্রথম মিটিং-এ মাননীয়া মুখ্যমন্ত্রী যে যে কাজগুলোর কথা বলেছিলেন তার কিছু হয়নি। ফিনান্স ডিপার্টমেন্ট উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের জন্য ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট করে দিলেন। ইতিহাস। পশ্চিমবাংলায় কোনো ডিপার্টমেন্টের সঙ্গে ইঞ্জিনিয়ারিং উইং নেই, সব ডাইরেক্টরেটের সাথে অথবা তার যে বডি তার সাথে। ইভিন পি.ইউ.পি., পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে সেখানেও একই জিনিস হয়েছে, পর্ষদে ইঞ্জিনিয়ারিং উইং not in the dept. এখানে ডিপার্টমেন্টে দেওয়া হল। এই ডিপার্টমেন্টকে দিয়ে, এই ডিপার্টমেন্ট উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কোনো মিটিং না করে, কারো সাথে পরামর্শ না করে মাননীয় মন্ত্রী একাই চালিয়ে গেলেন তাঁর রথযাত্রা। চলছে রথযাত্রা। অনেক কিছু চলছে।

(এ ভয়েস : বাজেট নিয়ে বলুন)

এটা বাজেট নয় ? শুনবেন, আরো শুনবেন বাজেট কি। এখন এই যে অবস্থাটা হল, কি করল ? উত্তরবঙ্গ উন্নয়নের কাজ চালাচ্ছে। আমি ভাবলাম ব্যাপারটা কি। এতো কিছু কেন হচ্ছে, কেন ? এতো আঠা কিসের ? আমার মনে পড়ল মাননীয়া মুখ্যমন্ত্রীর কথা, ''দাল মে কুছ কালা হোগা''। আমি দেখা শুরু করলাম এবং দেখে যা দেখলাম, 'হ্যায়, দাল মে কুছ কালা নেহি, কালা হি কালা হ্যায়, ইতনে সারে কালে'। আমি মাননীয় অর্থমন্ত্রীকে একটা চিঠি লিখেছিলাম, উত্তর পাইনি, উনি ব্যবস্থা নিয়েছেন কিনা জানি না। এদের ইরেগুলারিটিস নিয়ে লিখেছিলাম। আমি ফিনান্স কমিটিতে আছি, আজকে নেই আমাদের চেয়ারম্যান,

এক-একবার এক এক রকম কথা বলছে এই বিভাগ। সবগুলোর কপি তো আমাদের কাছে আছে, রিপোর্টে আছে এবং লাস্ট রিপোর্টে যেটা আছে সেটা মাননীয় সেক্রেটারি এবং মাননীয় মন্ত্রী ওই ডিপার্টমেন্টের, তাঁরা কথা দিয়ে গিয়েছিলেন ১৫ দিনের মধ্যে সব ঠিক করে দেবেন। আজ পর্যন্ত আসেনি। কি হচ্ছে স্যার ? আমি আপনাকে গত বছর বলেছিলাম, আপনি ফিনান্স মিনিস্টার, আমি গত বছর আপনাকে বলেছিলাম যে এ.জি.-র হিসাব অনুযায়ী ২০১১-১২ সালের খরচ ১৩১ কোটি। আর আমার বিধানসভা প্রশ্নের উত্তর দিয়েছিলেন উনি ২৭ কোটি টাকা। একচুয়ালস হচ্ছে ১৩১ কোটি টাকা। আমাকে এই বছরে ২০১২-১৩ আমি একইভাবে R.T.I. করেছি। R.T.I.-এর উত্তর কি পেয়েছি স্যার ? আমি আপনাকে বলছি কি পেয়েছি। R.T.I. করার ফলে—না না আমার সব মুখস্থ আছে, না দেখালে বুঝবেন না আপনারা—আমি R.T.I. করেছি স্যার, আমি বলেছি আপনার ডিপার্টমেন্টে ২০১১-১২ এবং ২০১২-১৩-তে যে জি.ও.গুলো ইস্যু করেছেন তার কপি আমাকে দিন। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন, আমাকে ২০১১-১২ সালের তিনি যা দিয়েছেন সেটা হচ্ছে ২৩টা স্কীম, নাম দিয়েছেন, জি.ও. দিয়েছেন কপি ৪টি। এটা বোধ হয় আপনার ফিনান্স মিনিস্টারের শোনা দরকার। জি.ও.-র ৪টা কপি দিয়েছেন, বাকিগুলো দেননি। ২০১২-১৩ সালের জি.ও.-র কপি দিয়েছেন একইভাবে, নাম্বার অফ জি.ও. ২০টা জি.ও.-র কপি দিয়েছেন আমাকে ১১টা। স্যার, আমি আরও লিখলাম যে আপনারা বার বার করে ক্লেম করেছেন যে মিনি সেক্রেটারিয়েট তৈরি করছেন। জলপাইগুড়িতে স্পোর্টস কমপ্লেক্স করছেন। আপনারা বারবার বলেছেন যে অনেকগুলো স্কীমের ডি.পি.আর. হয়েছে। সেগুলোর জি.ও.গুলো কোথায়, আমাকে দিন। অ্যাপিলেট অথরিটি কি লিখেছেন স্যার আমাকে উত্তর ? প্রথমবার বললেন, আমরা সমস্ত উত্তর দিয়েছি। জি.ও. ইস্যু নাহলে তোমায় দেব কি করে, সাপ্লাই করব কি করে ? জি.ও. ইস্যু হয়নি স্যার। সিরিয়াস থিং, আমি আপনার কাছে ক্লেম করব আপনি ইমিডিয়েটলি স্পেশাল অডিটের ব্যবস্থা করুন। জি.ও. ছাড়া চলছে এবং কি স্কীম জি.ও. ছাড়া চলছে ? যে স্কীম নিয়ে আপনারা একেবারে এত সরব, দুর্দান্ত আনন্দিত 'উত্তরকন্যা'। কত স্যার, সেই স্কীমের financial ইনভলভমেন্ট কত ? আমি জানি না ফিনান্স ডিপার্টমেন্ট থেকে এরা আপনার অ্যাপ্রুভাল নিয়ে গেছে কিনা ? এই বিল্ডিংয়ের প্রথম ২০১২ সালে এস্টিমেট ছিল ১৩শো ৭৫ লক্ষ, অর্থাৎ ১৩ কোটি ৭৫ লক্ষ। আজকে ২০১৩ সালে আমাকে যেটা দিচ্ছে, ফিনান্স কমিটিকে যা দিয়েছে, এটা স্যার ফিনান্স কমিটির রিপোর্ট। এটা আমাদের মাননীয় চেয়ারম্যান জটু লাহিড়ী সই করেছেন। সেই ফিনান্স কমিটিতে যেটা দিচ্ছে—Construction of C.M.'s Secretariat, ১৩ কোটি যেটা ছিল, সেটা হল ১ বছরে ৫১ কোটি টাকা। এটা চুরি, না ডাকাতি, না লুঠ। আপনি দেখবেন স্যার, ফিনান্স ডিপার্টমেন্ট নিশ্চয়ই অ্যাপ্রুভ করেছে। যে ফিনান্স ডিপার্টমেন্ট, যে ফিনান্স অফিসাররা-অ্যাপ্রুভ করেছেন, তাদেরকে ডাকুন, তাদেরকে বলুন। আর যদি ফিনান্স ডিপার্টমেন্ট অ্যাপ্রুভ না করেন, কেন করেনি অ্যাপ্রুভ, কেন তারা পাঠায়নি, এটা হয়েছে। যদি কেউ বলেন, না এর উত্তর আপনি পাবেন না। যেহেতু উনি ফার্স্ট ক্লাস সেকেন্ড, অর্থাৎ মাননীয়া মুখ্যমন্ত্রীর স্নেহভাজন, এই মুখ্যমন্ত্রীর স্নেহভাজন

অনেকে ছিলেন, একজন ছিলেন সাংসদ দারুণ স্নেহভাজন, একজন ছিলেন কোম্পানীর বড়, তিনিও স্নেহভাজন দারুণ ছিলেন। কাজেই স্যার আপনাকে অনুরোধ করব ফিনান্সিয়াল propriety দেখুন, ফিনান্সিয়াল রুলসগুলো দেখুন কি হয়েছে। এর মধ্যে একটা নয় স্যার। যেগুলো হয়েছে একটা ছিল ১৪ কোটি, ১৯ কোটি টাকা হয়েছে, এখনও চলছে। একটা ছিল ৯১ লক্ষ, সেটা হয়েছে ৪ কোটি ৪৬ লক্ষ, একটা ছিল ৯১, পরে হয়েছে ৪ কোটি ৮৯ লক্ষ, একটা ছিল ৯১, হয়েছে ৪ কোটি ৯২, একটা ছিল ৯১ লক্ষ, হয়েছে ৪ কোটি ৯০। বোধ হয় ৯১ থেকে ৪ কোটি ৯০-র একটা রিলেশান আছে। স্যার দেখবেন না এগুলো কি হয়েছে ? এই সমস্ত কাজ পি.ডব্লু.ডি.-র করার কথা। যার করার কথা নয়, সে এই কাজ করছে। আমি আগেই বললাম, কেন করছে। কারণ ডালমে কুছ কালা হ্যায় এবং আমরা যদি এই কালাটাকে মেনে নিতে পারতাম নিশ্চয়ই আমরা বলতাম 'হ্যাম কালে হ্যায় তো কেয়া হুয়া দিলওয়ালে হ্যায়। হ্যাম তেরে তেরে তেরে চাহানওয়ালে হ্যায়।' যদি কালে হয়েও দিলওয়ালে হতেন, তাহলে না হয় বুঝতাম। সেই দিলও তো দেখছি না। শুধু ধাপ্পা, ধাপ্পা, ধাপ্পা। উত্তরবঙ্গ নিয়ে ধাপ্পা, উত্তরবঙ্গে কী করেছেন ? উত্তরবঙ্গে 'রাজবংশী অ্যাকাডেমি' করেছেন। এই 'রাজবংশী অ্যাকাডেমি' একটা ভাষা দিবস পালন করতে পারেনি। কেন জানেন তো স্যার। টাকা দেননি আপনারা। ক-টাকা লাগত ? ভাষা দিবস, উত্তরবঙ্গের একটা ইমোশন্যাল ব্যাপার। এক সময় যে কোনো কারণেই হোক না কেন, সুনীল গঙ্গোপাধ্যায় মহাশয় যখন সাহিত্য অ্যাকাডেমিতে চেয়ারম্যান ছিলেন তিনি আমাকে সাহিত্য অ্যাকাডেমির একটা কমিটিতে রেখেছিলেন।

[2.40–2.50 p.m.]

সেই কমিটির মেম্বার হিসাবে আমি দেখলাম যে, বহু এলাকায়, বহু জায়গায় যে ভাষাগুলি, যে কথ্য ভাষাগুলি সেগুলিতে সম্মান দেওয়া হয়েছে। আমি বললাম যে, আমার রাজবংশী ভাষাকে সম্মান দিতে হবে। ওরা বললেন ঠিক আছে। আপনার কথা মানব কিন্তু প্রমাণ করতে হবে, আপনার ভাষায় কি কি আছে। ওয়ার্কশপ করুন, করলাম ওয়ার্কশপ। অনেককে নিয়ে—সেখানকার কবি, সাহিত্যিক, বিদ্বজ্জন তাদেরকে দিয়ে ওয়ার্কশপ করলাম। রিপোর্ট পাঠালাম, অ্যাপ্রুভড হল। বলল, তোমাদের ভাষা সম্মান দেওয়া হবে, তোমরা নাম পাঠাও। তিনজনকে জাজ করা হল। ফরচুনেটলি তার মধ্যে আমাকে একজন করেছেন। আমার সৌভাগ্য সেটা। এবং আমাদের বহু পুরনো, যিনি প্রথম রাজবংশী কমিউনিটির ডক্টরেট এবং যিনি প্রথম কাজ করেছিলেন ভাষা-সাহিত্যের হয়ে তাঁকে ভাষা সম্মান দেওয়া হল। সেই ভাষা সম্মান গুয়াহাটিতে নিয়ে গিয়ে যে দিনটিতে দিল সেই দিনটিকে রাজবংশী অ্যাকাডেমি পালন করতে চেয়েছিল। অ্যাকাডেমির চেয়ারম্যান আমার শ্রদ্ধেয় প্রসেনজিৎবাবু, বললেন, 'সুখবিলাস তুমি এসো, তোমাকে ছাড়া তো ওয়ার্কশপ হবে না। আমি বললাম, দাদা বলেছেন, যাব। কিন্তু পরবর্তীকালে অসুবিধায় পড়তে পারেন। বললেন, না না, অসুবিধা হলে আমি দেখব। কিন্তু একদিন আগে বললেন, সুখবিলাস, এখনও টাকা পাওয়া যায়নি।' রাজবংশী অ্যাকাডেমির একটা সামান্য ওয়ার্কশপ করতে পারলেন না। রাজবংশী

অ্যাকাডেমি করেছেন খুব গর্ব করেন। আমাদের উত্তরবঙ্গে তৃণমূলের নেতারা, মন্ত্রীরা দারুণ ভাষণ দেন। দারুণ ভাষণ। রাজবংশী অ্যাকাডেমি আমরা করেছি। স্যার, পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি করেছেন। আমি এখানে নাম দিয়েছিলাম, এটা পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় হোক। আপনার মনে আছে নিশ্চয়। কোচবিহার ইউনিভার্সিটি করতে চেয়েছিলেন, বললাম, পঞ্চানন বর্মা কোচবিহার ইউনিভার্সিটি করুন, করেছেন। খুব গর্ব ওখানে, কি আছে স্যার ? খোঁজ নিয়ে দেখবেন। কোচবিহারের মহারাজা টোল চালাতেন। পণ্ডিত মশায় থাকতেন দু-জন। দু-জন পণ্ডিতকে আপনারা নিয়োগ করে রেখেছেন। একটা রেজিস্ট্রার আর একটা ভাইস চ্যান্সেলার। আর কিচ্ছু নেই। না আছে ক্লার্ক, না আছে অধ্যাপক, না আছে কিছু, কিছু নেই। গর্ব করে চালিয়ে যাচ্ছেন। ক-টা আছে ক্লার্ক ? ক্লাস কোথায় হচ্ছে ? না, পুণ্ডিবাড়ি কৃষি বিশ্ববিদ্যালয় সেখানে। কৃষি বিশ্ববিদ্যালয়ের যারা স্নাতক, এগ্রিকালচারের প্রফেসার সব। সব তো এগ্রিকালচারের। তাদের এখান-ওখান থেকে ধার করে নিয়ে এসে, কলেজের টিচার নিয়ে এসে, স্কুলের টিচার নিয়ে এসে, দু-একজন পেটোয়া ইউনিভার্সিটির টিচার নিয়ে এসে চালাচ্ছেন। এটা কি ইউনিভার্সিটি, না টোল এটা। উত্তরবঙ্গ ইউনিভার্সিটি একটা টোল। আমি আপনাদের সবার কাছে বিনীতভাবে অনুরোধ রাখব, আপনারা চিন্তা করবেন। আমাদের টোল দিয়েছেন, না ইউনিভার্সিটি দিয়েছেন। লেখা আছে প্রথমেই ...(নয়েজ)... হিতেনবাবু রেজাল্ট কিভাবে ভালো হয়েছে আমি জানি। স্যার আপনাকে বলি, প্রথমেই বলি লেখা আছে—প্রমোশন—ইত্যাদি অফ কালচার। স্যার, এই যে অ্যাডভার্টাইজমেন্ট-টা সেটা একদিনের নয়। দিনের পর দিন বেরিয়েছে প্রচুর কাগজে। কি লেখা আছে উত্তরবঙ্গ উৎসব নিয়ে ? আমাদের মাননীয় মন্ত্রী উত্তরবঙ্গ উৎসবের মাধ্যমে প্রমোট করছেন কালচারের। স্যার, এত বড় লেখা আছে। এত বড় ! স্যার, ভাওয়াইয়া দুজন শিল্পী গায় এতগুলোর মধ্যে। একবার হৈমন্তী পাটোয়ারি ....(নয়েজ).... স্যার, দক্ষিণবঙ্গের শিল্পীরা ওখানে গেছে। গিয়ে উত্তরবঙ্গের নামে যে টাকা সেটা নিয়ে এসেছে। স্যার, মাত্র দুজন ওখানকার শিল্পী। স্যার, এই হচ্ছে উত্তরবঙ্গের উন্নয়ন। উত্তরবঙ্গ উৎসব বিষয়ে প্রথম যখন মিটিং হয়েছিল জলপাইগুড়িতে তখন মাননীয় মন্ত্রী গৌতম দেবকে বলেছিলাম যে, দয়া করে এটাকে তিস্তা-গঙ্গা করবেন না। বামফ্রন্ট সরকার তিস্তা-গঙ্গা করেছিল। অজস্র শিল্পী এখান থেকে যেত, উত্তরবঙ্গের কেউ নেই। বার বার বলার পরে, প্রাক্তন মুখ্যমন্ত্রীকে বলার পরে চেঞ্জ হয়েছিল। দক্ষিণবঙ্গেরও ছিল, উত্তরবঙ্গেরও শিল্পী ছিল। ...(নয়েজ)... যা জানেন না তা নিয়ে কেন কথা বলছেন ? এখানের সমস্ত শিল্পী দক্ষিণবঙ্গের এবং স্যার, আমার যে লোকসংস্কৃতি, আমার লোকসংগীত ভাওইয়া, চটকা—যে লোকসংগীতের জন্য কিছু সংখ্যক শিল্পীকে ডেকে গত বছর সরকার সম্মান দিয়েছিল। এই সরকার এই বছর ধনেশ্বর রায়কে সম্মান দিয়েছে। আমাদের ডি.পি. রায় বলছিলেন, আপনি বলরাম হাজরাকে আনতে পারলেন না ? আমি বললাম বলরাম হাজরাকে অনেকবার এনেছি। বলরাম হাজরা ঢোল বাদ্য নিয়ে শুধু উত্তরবঙ্গ বা পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় গেছেন।

মিঃ স্পীকার : বাজেট সম্বন্ধে আরেকটু বলুন, বাজেটের ওপরে বলুন। অনেক হয়েছে এবারে বাজেটে একটু ঢুকুন। আপনার আর সামান্য ২/৩ মিনিট বাকি আছে।

ডঃ সুখবিলাস বর্মা : এটা বাজেট নয় ? ...(গোলমাল)... একি স্যার ! আচ্ছা আমি বাজেটে আসছি।

মিঃ স্পীকার : আপনার সময় শেষ হতে চলল।

ডঃ সুখবিলাস বর্মা : এগুলো বাজেট নয় স্যার ? উত্তরবঙ্গের কথা বলছি। উত্তরবঙ্গকে বঞ্চনা করবেন, আর সেকথা বলতে দেবেন না ? আমার দুঃখের কথা বলতে দেবেন না ? আমার সংস্কৃতিকে অপমান করা হল সে কথা বলতে দেবেন না ?

...(গোলমাল)...

আমার সংস্কৃতিকে অপমান করা হয়েছে। সেখানে আমাদের যে ভাওয়াইয়া সংস্কৃতি, আমার উত্তরবঙ্গের সংস্কৃতি, যে সংস্কৃতিকে আজকে প্রত্যেকেই শ্রদ্ধা করে সেই সংস্কৃতিকে আপনার সরকার অপমান করেছে। মানুষকে ধাপ্পা দিয়ে অপমান করেছে সেই সংস্কৃতিকে। আমি সে কথা বলব না স্যার এখানে ?

উত্তরবঙ্গ নিয়ে অনেক কথা বলেন। উত্তরবঙ্গের সবচেয়ে বড় সমস্যা নদী ভাঙন। সবচেয়ে বড় সমস্যা বন্যা নিয়ন্ত্রণ। এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ নদী ভাঙন এবং বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে একটা প্রোপোজাল দিয়েছিল এবং ওয়েবকনকে দিয়ে স্টাডি করিয়েছিলেন। সেই স্টাডি রিপোর্ট এখন শিলিগুড়িতে পচছে স্যার। উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের প্রয়োজন ছিল না, তাদের একটা ডিউটি ছিল না, দায়িত্ব ছিল না ওই রিপোর্টটা স্টাডি করে দেখে কোথায় কী ভাবে করা যায় ? করেনি। উত্তরবঙ্গের সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি.—কী করেছেন আপনারা ? আজকে এখানে বলছেন নতুন করে এমপ্লয়মেন্ট দেবার জন্য একটা স্পেশ্যাল রিক্রুটমেন্ট করব। কিন্তু নর্মাল রিজার্ভেশন রুল আপনারা মানেন না। প্রাইমারী 'টেট' পরীক্ষা হল, যেটা রিক্রুটমেন্ট পরীক্ষা, আপনারা ইতিহাস করলেন। ইতিহাস করে আপনারা দেখালেন টেট পরীক্ষাতেও পাশ-ফেল হয়। রিক্রুটমেন্ট পরীক্ষায় পাশ-ফেল জীবনে দেখিনি। আপনারা করেছেন। আর বলছেন 'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'। এখানে বাংলা যা সারদার মাধ্যমে করেছে ভারত তাই করবে। এখানে সমস্ত কাজ জি.ও.-ছাড়া হয়। গোটা ভারত তাই কাল করবে। আর কী মজা, কী মজা ! কোনো জি.ও. নেই, কিচ্ছু নেই, সমস্ত কাজ হবে, কোটি কোটি টাকার কাজ হবে, লুঠ, লুঠ, লুঠ চলবে। তাই বলছি স্যার, আব্বাসউদ্দিনের কথায় 'আরে ও ভাই মোর উত্তরবঙ্গবাসী ভাই, চতুর্দিকে জ্বলে সুরুজ বাতি তোমরা কেনে দেখং, আন্ধার রাতি রে....

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে শ্রদ্ধা জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী ২০১৪/১৫ সালের জন্য অর্থ বরাদ্দ সম্বলিত যে বাজেট পেশ করেছেন তাকে সম্মান জানিয়ে দু-একটি কথা বলতে চাই। এর আগে সি.পি.এম.-এর বন্ধুরা যে বক্তব্য

রেখেছিলেন এবং কিছু আগে মাননীয় সুখবিলাস বর্মা সাহেব বক্তব্য রাখলেন। দীর্ঘদিন সংসদীয় জীবনে তাঁর অভিজ্ঞতা রয়েছে। অর্থনৈতিক চিন্তা-ভাবনা সম্পর্কিত অনেক রকম দিশা তুলে ধরবার চেষ্টা করেছেন। আমি অল্প সময়ের মধ্যে নতুন বিধায়ক হিসাবে কিছু কথা বলব।

[2.50–3.00 p.m.]

২০১১ সালে মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠা হওয়ার আগে পশ্চিমবঙ্গে যে অর্থনৈতিক বুনিয়াদটা ছিল সেটা নিশ্চয়ই সকলেই জানেন। সেই সময় ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়ে মা-মাটি-মানুষের সরকার দায়িত্ব পালন করেছে। যার জন্য প্রতি বছরে ২১ হাজার কোটি টাকা থেকে আরম্ভ করে এযাবৎকাল ৭০ হাজার কোটি টাকা ঋণের বোঝা কেন্দ্রীয় সরকার আমাদের উপর চাপিয়ে দিয়েছিলেন এবং সেটা কেটে নিচ্ছেন। যেটা আমাদের অপরাধ নয়, বামফ্রন্ট সরকারের আমলে যে বোঝাটা ছিল সেই বোঝার কারণের জন্য এই দায় আমাদেরকে নিতে হয়েছে। আমার সেখানে মূল বক্তব্য, আজকের কংগ্রেসের যে দায়িত্বশীল ব্যক্তিত্বরা থেকেছেন, যারা আজকে রসিকতা করে মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে মা-মাটি-মানুষের সরকার চলছে তার সম্পর্কে কটূক্তিমূলক কথাবার্তা বলছেন, আমি তাদের উদ্দেশ্যে বলতে চাই আপনার যে সমস্ত অর্থনৈতিক চিন্তাভাবনা মাননীয় অর্থমন্ত্রী সেই বিষয়ে নিপুণভাবে আপনার প্রশ্নের উত্তর নিশ্চয় দেবেন। আমার যেহেতু সময় কম তাই বলতে চাই, আপনারা কংগ্রেসে থাকাকালীন যখন এই সরকারে ছিলেন তখন কতটুকু দায়িত্ব পালন করেছেন। কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে এই ঋণের বোঝাটা বাড়ছে তাকে মুকুব করবার জন্য কতটুকু দায়িত্ব পালন করেছেন। এটা নিশ্চয় উত্তর আজকে দেবেন না। আজকে কেলেঙ্কারীর কথা বলবার চেষ্টা করছেন। আপনারা কেন্দ্রীয় সরকারের পক্ষে আজকে যারা বড় বড় কথা বলছেন, আজকে যেখানে বলছেন এই সময় ফটো দেখে তারা টি.ভি.-র পর্দায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রজেক্টকে কোটি কোটি টাকা ব্যয় করে প্রচার করবার চেষ্টা করেছেন। যারা লক্ষ, লক্ষ, কোটি কোটি টাকার দুর্নীতির সঙ্গে জড়িয়ে আছে তারা আজকে এখানে মমতা ব্যানার্জীর সরকার সম্পর্কে যে মন্তব্য করছেন সেটা গ্রহণযোগ্য কিনা আপনাদের ভেবে দেখার জন্য আমি বলব। আমি মনে করি, এই দায়িত্বে আসার পরে যদি এই পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার যথাযথভাবে দায়িত্ব পালন না করতেন তাহলে আজকে ইকোনমিক্স স্ট্যাটাস রিপোর্টটা থেকে যেটুকু পাওয়া যাচ্ছে সেটা কি করে সম্ভব হল, তারা তো মনগড়া রিপোর্ট এখানে দিতে পারেনি। উন্নয়ন তো হয়েছে বলে আজকে আমরা দেখতে পাচ্ছি। আজকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বা ভারতবর্ষে যে সরকার দায়িত্বে থেকে গেছেন তাদের সঙ্গে পশ্চিমবঙ্গে যে উন্নয়নটা হয়েছে আজকে জি.ডি.পি.-বৃদ্ধির হার কেন্দ্র যেখানে ৪.৯% রাজ্য সেখানে ৭.৭%। কৃষি ক্ষেত্রে ৪.৬% আমাদের সেখানে ৫.২১%, শিল্প ক্ষেত্রে ০.৭% পশ্চিমবঙ্গে সেখানে হয়েছে ৯.৫১%, পরিষেবা ক্ষেত্রে ৬.৯% আমাদের সেখানে ৭.৮%। এটার দ্বারা প্রমাণিত হয় যে, বিশাল ঋণের বোঝা নেওয়ার পরে যে উন্নয়নমূলক কার্য ব্যবস্থা গ্রহণ করা

হয়েছে তার জন্য আজকে বাংলার এই জায়গায় উন্নয়ন সংগঠিত হয়েছে। আর তা যদি না হত তাহলে আজকে বামফ্রন্ট সরকারের এখানে যারা দায়িত্বে আছেন কর্মী-বন্ধুরা তারা কেন এটাকে মানুষের কাছে তুলে ধরতে পারেনি। কংগ্রেসের যারা দায়িত্বে ছিলেন তারা কেন এর বিরুদ্ধে প্রতিবাদ করতে পারেনি। সেই প্রতিবাদ করবার ক্ষমতা নেই। আমরা মনে করি স্বাস্থ্য ক্ষেত্রে যে অভিনব পরিবর্তন সূচিত হয়েছে—কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে গোটা পশ্চিমবঙ্গে যেভাবে নতুন দিগন্তের সূচনা হয়েছে। যেখানে ইউনিসেফ এগিয়ে এসেছে সাহায্য করবার জন্য—আজকে এস.এন.সি.ইউ. ৩৬টি চালু হয়েছে। SNSUS ১২৬টা চালু হতে চলেছে। ফেয়ার প্রাইস শপ ৬০টি যেখানে ৪৮% থেকে ৬৭% ছাড় পাওয়া যায়, মাদার অ্যান্ড চাইল্ড হেল্‌থ সেন্টার যেখানে ১২টি চালু হতে পেরেছে। মাল্টি সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে একের পর এক উন্নয়নের কাজের মধ্যে দিয়ে বাংলার বুকে নতুন দিগন্তের সূচনা করেছেন সেই কারণের জন্য মাননীয় অর্থমন্ত্রী যথাক্রমে নারী উন্নয়ন এবং সমাজ কল্যাণের জন্য ২২১১ কোটি টাকা, শিশু কল্যাণ বিকাশের ক্ষেত্রে ৭৭০ কোটি টাকা এবং ২৪২০ কোটি টাকা বরাদ্দ তিনি করতে পেরেছেন। আমরা আজকে দেখতে পাচ্ছি, যেখানে আজকে ঘরে ঘরে বিদ্যুতের আলো পৌঁছে দেওয়ার জন্য মা-মাটি-মানুষের সরকার এখানে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ১১টি পিছিয়ে পড়া জেলায় আজকে বিদ্যুতের কাজ শুরু হয়েছে। বামফ্রন্টের যারা দায়িত্বে থেকেছেন, কংগ্রেস বন্ধুরা কি দেখতে পায়নি ঘরে ঘরে কিভাবে আলোর সংযোগ তৈরি হয়েছে। ১৪, ১৫ ডি.পি.এল. এবং সাগরদিঘির আধুনিকীকরণের মাধ্যমে ১২৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অতএব এই সমস্তর মধ্য দিয়ে আজকে আমরা দেখতে পাচ্ছি বি.পি.এল. তালিকাভুক্ত কি এ.পি.এল. তালিকাভুক্ত ৪ লক্ষ ৬৮ হাজার বাড়িতে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিদ্যুতের মাশুলকে কমিয়ে দেওয়ার জন্য আজকে চিন্তা-ভাবনা চলছে। এটা কি উন্নয়ন নয় ? এটাকে অগ্রগতির দিশারী হিসাবে কি আমরা চিন্তা-ভাবনা করতে পারি না ? আজকে কৃষির ক্ষেত্রে দেখেছি—যদি কিছুই কাজ না করতে পেরেছে আমাদের মা-মাটি-মানুষের সরকার তাহলে ২০১১-১২, ১২-১৩-তে কৃষি কর্মণ পুরস্কার—আজকে কেন্দ্রীয় সরকারের যারা, এখানকার দায়িত্বে থেকে এই কথা বলার চেষ্টা করেছে। তাদের কাছে প্রশ্ন করি কৃষি কর্মণ পুরস্কার কেন পশ্চিমবঙ্গ সরকারকে দেওয়া হয়েছিল ? এটা নিশ্চয় মুখ দেখে নয়, কাজের মধ্য দিয়ে। কৃষির ক্ষেত্রে ২৪ লাখ থেকে ২৮ লাখ আমরা আজকে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করেছি। মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ডের মধ্য দিয়ে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ক্ষুদ্র ব্যবসায়ীদের পাঁচলক্ষ টাকা ঋণ দেওয়ার ব্যবস্থা করেছে। আমরা বলতে চাই উন্নয়নটাকে সংগঠিত করার চেষ্টা করা হচ্ছে। আজকে সুন্দরবন উন্নয়ন পর্ষদের তিনশো কোটি টাকা বরাদ্দ হয়েছে। আমি সুন্দরবনের একজন বিধায়ক হিসাবে বলতে চাই, কে কথা বলবেন ? কংগ্রেসের কোনো ব্যক্তিত্ব যদি থাকে, সি.পি.এম.-এর কোনো ব্যক্তিত্ব যদি থেকে থাকে, আসুন না একবার, বিভিন্ন জায়গায় গিয়ে দেখুন। আজকে সুন্দরবন উন্নয়ন পর্ষদের মাধ্যমে কিভাবে জেটি করা হয়েছে, ব্রীজ করা হয়েছে, রাস্তা-ঘাট তৈরি করা হয়েছে। বিদ্যুতের ক্ষেত্রেও আজকে সংযোগ তৈরি করা হচ্ছে। আপনারা কিছুই কাজ করেন না।

নানারকম মিথ্যা কথার মাধ্যমে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। পঞ্চায়েত এবং গ্রামোন্নয়নের ক্ষেত্রে এম.জি.এন.আর.ই.জি.-এর ৮০৯ শতাংশ দেশের মধ্যে যা প্রথম, পি.এম.জি.এস.ওয়াই.-এর ক্ষেত্রে আমরা ৩৫০০ কিলোমিটার রাস্তা তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আই.এ.ওয়াই. অধিকার স্কীমে ২.৫ লক্ষ - ৫০ হাজার বাড়ি তৈরি করা হয়েছে। 'গীতাঞ্জলী'তে ১১ থেকে এই পর্যন্ত ৮৩ হাজার গৃহ নির্মাণ করা হয়েছে। গ্রামীণ রাস্তায় একদিনে গোটা পশ্চিমবঙ্গে ১৬ হাজার কিলোমিটার রাস্তা—আমার পাথরপ্রতিমায় এমন কোনো রাস্তা নেই যেখানে আমরা ইঁটের সংযোগ করতে পারিনি। আর এটাকে আপনারা বলছেন মিথ্যা কথা। আর্সেনিক নিষ্কাশন প্রকল্পে হরিণঘাটা এবং চাকদার ক্ষেত্রে ৬.৫ লক্ষ উপকৃত হচ্ছেন। সারফেস ওয়াটারের ক্ষেত্রে নোনা জলের জায়গায়, বিভিন্ন জায়গায় যাতে আমরা পানীয় জল পৌঁছে দিতে পারি তার জন্য এই সরকার নতুনভাবে চিন্তা-ভাবনা করেছে। এই রাজ্যের ক্ষেত্রে আজকে আমাদের মাননীয় সুব্রতবাবু দায়িত্ব নিয়েছিলেন। মজুরি বৃদ্ধির জন্য যে লড়াই করেছিলেন, আমরা দেখেছি ১৩৬ টাকা থেকে ১৫১ টাকা এবং আজকেরই রিপোর্ট ১৫১ টাকা থেকে কেন্দ্রীয় সরকারকে ১৬৯ টাকা হিসাবে এই মজুরি দিতে বাধ্য করিয়েছেন। এটা আমাদের সাফল্য। এই সাফল্যে কেউ অংশগ্রহণ করতে পারবেন বলে আমরা মনে করি না। একের পর এক যে উন্নয়ন আজকে চলেছে, আজকে ২৫ লক্ষ থেকে ৩০ লক্ষ টাকার সম্পত্তি কিনতে গেলে ১% কম স্ট্যাম্প ডিউটি দিতে হবে। ৭% থেকে ৬% করা হয়েছে। কর্মসংস্থানের ক্ষেত্রে ১৬ লক্ষের কথা বলা হয়েছে। পর্যটকদের সুবিধার জন্য পান্থ নিবাসের ব্যবস্থা করা হয়েছে। কর্মতীর্থ নামে ৫০০টি মার্কেটিং কমপ্লেক্স তৈরি করে এক লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। গতিধারা প্রকল্পে বেকার যুবক-যুবতীদের সেখানে দেখা যাচ্ছে এক লক্ষ টাকা করে ছাড়ে তারা গাড়ি কিনতে পারবে। কিষাণ ক্রেডিট কার্ডের মতো ক্ষুদ্র ব্যবসায়ীরা মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ডের মাধ্যমে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ব্যবসায়ীরা ঋণ দান করবে। আজকের বার্ষিক যে বৃত্তিকর, সেখানে তাদেরকে দিতে হবে না। ব্যবসায়ীদের বৃত্তিকরের ক্ষেত্রে পাঁচ লক্ষ পর্যন্ত ছাড়ের ব্যবস্থা করা হয়েছে। এইগুলি কি উন্নয়নের নজির নয় ? এগুলো কি আজকে অর্থনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ নয় ? এই কথা জানার পরেও কেন আজকে সি.পি.এম.-এর বন্ধুরা বলতে পারছে না, শুধু আইন-শৃঙ্খলা, দুর্নীতির কথা বলছেন। আমি তাদের উদ্দেশ্যে বলি আইন-শৃঙ্খলার কথা বলবেন না। আজকে আপনারা লক্ষ্মণ শেঠকে জিজ্ঞাসা করুন। তিনি আজকে এমনভাবে উৎপাত করছেন, আপনাদের রবীন দেব বাবুরা সেখানে যেতে জায়গা পায়নি, ছুটে পালিয়ে আসতে বাধ্য হয়েছে। অথচ উন্নয়নের মধ্য দিয়ে বাংলার মা-মাটি-মানুষের সরকার, মা-মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী যেভাবে নিজের জীবন বাজি রেখে বিভিন্ন এলাকায় যে উন্নয়ন করছেন, সেই উন্নয়নকে স্বাগত জানিয়ে এই বাজেট বিবৃতিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.00–3.10 p.m.]

শ্রী শঙ্কর দোলই : মাননীয় চেয়ারম্যান স্যার, পঞ্চদশ বিধানসভার দ্বাদশ

অধিবেশনে গত ১৭ই ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১৪-১৫ অর্থবর্ষের যে বাজেট বিবৃতি পেশ করেছেন, তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। বাজেট সম্পর্কে কিছু কথা বলার আগে আমার ডানদিকে কংগ্রেস এবং তার ডানদিকে বামপন্থী সদস্যরা যারা রয়েছেন তাদেরকে আমি মনে করি আমার থেকে বয়সে প্রবীণ। গতকাল শুনেছি এবং আজও শুনলাম। তাদের সম্পর্কে আমি কিছু কথা এই মহতী সদনে নিবেদন করতে চাই। আমি মনে করি, প্রথম সদস্য আমি, আমার অভিজ্ঞতা ৩ বৎসরের। আমার মনে হয়েছিল গত ৩৪ বছর ধরে যারা এই বাংলাটাকে শেষ করে দিয়েছে, যারা এই বাংলার মূল সম্পদ—মানব সম্পদকে তাকে ধ্বংস করেছে, কংকাল করেছে, হয়তো আগামী ১০ বছর তারা মুখে কুলুপ এঁটে থাকবেন, সংশোধন করবেন, নিজেদের পরিবর্তন করবেন। কিন্তু দেখলাম পরিবর্তন তো দূরের কথা বরং তারা দুটি জায়গা বেছে নিয়েছে। একটি জায়গা হচ্ছে বিধানসভার ভিতরে চিৎকার করা, অসত্য কথা পরিবেশন করা, আর মাঝে মাঝে এই মহতী সদনকে বয়কট করে মিডিয়ার সামনে ছবি দেখানো, মুখ দেখানো এটাই যেন তাদের বড় কাজ। এই প্রসঙ্গে একটা কথা বলি। আমি যেহেতু গ্রামের দিকে থাকি, আমরা জানি যে, আমাদের ওই বর্ষাকালে আমরা যখন মাঠের দিকে হাঁটি, বর্ষার জলে অনেকসময় আমরা খরগোশ দেখি। আমরা দেখি তাকে তাড়া করলে সে অনেকসময় ছুটে সামনে কোনো গর্ত পেলে আলের ভিতরে মুখটা লুকিয়ে দেয়। কিন্তু তার গোটা শরীরটা সবাই দেখতে পায়। তাই আমি বলব—আমার ধারণা ছিল যে, এরা নিজেরা অন্তত কুলুপ এঁটে, চুপ থেকে নিজেদের পরিবর্তন করবেন, সংশোধন করবেন। কিন্তু ওরা মনে করে খরগোশের মতোন ওদের আসল স্বরূপটা বোধহয় মানুষ ভুলে গেছে। কিন্তু আমি মনে করি ওদের স্বরূপ আগামী ৫০ বছরেও বাংলার মানুষ কখনই ওদের মন থেকে মেনে নেবে না। আমার মনে হয়েছিল যে, বাল্মীকি—আজকে দস্যু রত্নাকর তার পরিবর্তন হয়ে আমরা দেখেছিলাম পরবর্তীকালে তিনি বাল্মীকি হয়েছিলেন—বাল্মীকি রত্নাকর। তাই মনে হয়েছিল যে, হয়তো তাদের পরিবর্তন হবে। কিন্তু এই মহতী সদনে এসে মনে হল, তাদের কোনোরূপ পরিবর্তন হয়নি, আর হবেও না। অপরদিকে গতকাল কংগ্রেসের প্রবীণ সদস্য মাননীয় মানসবাবু—অভিজ্ঞ সদস্য, তিনি বলছিলেন। আজকে সুখবিলাসবাবুর দীর্ঘ বক্তৃতা শুনলাম। বক্তৃতা শুনে যেটা মনে হল—কারণ আগামী—অর্থাৎ এর পরের যে অধিবেশন হবে, হয়তো সেই অধিবেশনে আজকে যারা দিল্লি, দিল্লি, দিল্লি বলে যারা চিৎকার করছেন, পরের অধিবেশনে হয়তো ওই দিল্লি কথাটা তাদের মুখ থেকে আর শোনা যাবে না। কারণ তারা আগামী যে নির্বাচন হবে সেই নির্বাচনে দিল্লিতে আর থাকতে পারবে না এটা তারা জেনে গেছে। অপরদিকে আমার যেটা মনে হয়েছে, এই বাংলায় তারা সাইন বোর্ডে পরিণত হয়ে গেছে। তাই তারা বামপন্থীদের মতো একটা জায়গা বেছে নিয়েছে, যে জায়গাটায় চিৎকার করা, মিথ্যা ভাষণ পরিবেশন করা। আর অপরদিকে আমরা মনে করি আমাদের এই সংবিধান প্রণেতা ভারতবর্ষের ডক্টর আম্বেদকার। তিনি যে সংবিধান রচনা করেছিলেন তার মূল ভিত্তি কি ছিল ? আমাদের যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা। সেই যে ফেডারেল ব্যবস্থা—যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা, সেই যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায়

দিল্লির সরকার থাকে, আমাদের রাজ্যের সরকার থাকে এবং সেই সরকারের অভিমুখ হচ্ছে যারা জনপ্রতিনিধি, সেই অভিমুখকে মানুষের কাছে নিয়ে যাওয়া। আমরা দেখেছি দ্বিতীয় ইউ.পি.এ.—যে দিল্লির সরকার, তারা কাগজ খুললেই আমরা দেখতে পাব তারা ভারতবর্ষের মানুষকে কি দিশা দিয়েছেন। তাই আমার মনে হয়েছে, আজকে বিধানসভায় কংগ্রেসের মাননীয় সদস্য যিনি বক্তব্য রাখলেন, আমি জানি না লোকসভা নির্বাচনের পূর্বেই তিন এই বাংলা ছেড়ে তেলেঙ্গানায় চলে যাবেন কি না। আমার মনে হয় লোকসভা নির্বাচনের পূর্বেই তিনি হয়তো তেলেঙ্গানায় চলে যেতে পারেন। তাই তিনি এইরকম অসত্য ভাষণ বিধানসভায় পরিবেশন করছেন। আমি অর্থনীতির ছাত্র নই, কিংবা বড় ডিগ্রি আমার নেই। আমি সহজ সরল কথায় মনে করি, বাজেট মানে যেটুকু বুঝি, তা হল পূর্ব পরিকল্পিত পরিকল্পনাকে বাস্তবে রূপদান করা বা নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোই হল বাজেট। বাজেট কাজের গতি আনে, সমস্ত স্তরের মানুষের মধ্যে সমন্বয় এবং সমস্ত স্তরের মানুষকে একটি নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর পথ দেখায়। বাস্তবে যদি তা হয় তাহলে—মা-মাটি-মানুষের সরকার সবেমাত্র দু-বছর পূর্ণ করে তৃতীয় বারের জন্য বাজেট সভায় উত্থাপন করেছেন। কিন্তু আমি বামপন্থী বন্ধুদের কাছে বলব এমন অনেক সিনিয়ার সদস্য আছেন, যারা এই বাংলার এই মহতী সদনে একটা, দুটো নয় ৩৪টি বাজেট করেছেন, ৩৪টা বাজেটে অংশগ্রহণ করেছেন। ৩৪টা বাজেট যদি মানুষের জন্য হত, এই বাংলার স্বার্থে হত, বাংলার মানুষের স্বার্থে হত তাহলে কেন আমরা আমলাসোল দেখব ? আমাদের বাংলার যে কৃষ্টি, শিল্প, শিক্ষা সেগুলো কেন ধ্বংসের পথে যাবে ? সেগুলোকে কেন ধ্বংস করা হয়েছিল ? কেন ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই স্লোগান দিতে হল যে, "আমি বদল চাই, আমি বদলা নয়, আমি শান্তি চাই, আমি উন্নয়ন চাই।" তাই আমি মনে করি সেই স্লোগানকে সামনে রেখে আজকে বাংলার মানুষের স্বার্থে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত সোমবার যে বাজেট বিবৃতি দিয়েছেন, সেটা অতি বাস্তব এবং বাস্তবসম্মত বলে আমি মনে করি। এই বাজেট বাস্তবসম্মত এই জন্যই, কারণ বামপন্থীরা বলেছিলেন—এটা আমরা জানি নজরুলের বাংলা, আমরা জানি রবিঠাকুরের বাংলা, আমরা জানি স্বামীজির বাংলা। সেই বাংলাকে ওরা ধ্বংস করেছিল। মনে পড়ে যায় ভোটের সময় যুবকরা স্লোগান বেঁধেছিল, এদের সাধনার ঘাম, এই দেশে আসে কেন মার্কস-এর নাম। মার্কসবাদীরা ভুল করেছিল, আমি আশা করেছিলাম তারা সংশোধন করবেন। কিন্তু সংশোধন করেননি। তাই বলব এই বাজেট মানুষের জন্য বাজেট, মানুষের স্বার্থে বাজেট। কারণ ইতিমধ্যেই আমাদের সরকারী চিফ হুইপ সম্মানীয় শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় এবং সমীরবাবুরা উদাহরণ দিয়ে দেখিয়েছেন যে প্রকৃতপক্ষে এই বাজেট মানুষের স্বার্থে কতটা আগামী দিনে কাজে লাগবে এবং গত দু-বছরে মা-মাটি-মানুষের সরকার যে দিশা, সেটা মানুষের স্বার্থে কতটা কাজে লেগেছে। তাই আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার কথা শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি তো প্রথমেই আমাদের

অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাব ভেবেছিলাম, উনি তো নেই। উনি বাইরে চলে গেছেন। তা সত্ত্বেও আমি অভিনন্দন জানাই এই কারণে আমার ধারণা হচ্ছে উনি জ্যোতিষ শাস্ত্র একটু পড়াশোনা করেন ভালো করে। উনি বলে গেলেন কদিন আগে, কালকে, পরশুদিনও বললেন—আগে আমরা শুনতাম যে What Bengal thinks today, India will think tomorrow. উনি এটাকে বাড়িয়ে বললেন যে, বাংলা যা করছে, আগামীকাল ভারত করবে। ঠিক বলেছেন। তাই তো হয়েছে। গতকাল পার্লামেন্টে যে ঘটনা ঘটেছে তা তো এখানকার মতোই। এখানে সেদিন আমরা ডিভিশন চেয়েছিলাম। স্পীকার বলে দিলেন যে আমি হিসেব করে দেখলাম মেজোরিটি এই পক্ষে আছে, ওইজন্য ভোটের দরকার নেই। এই জিনিস পার্লামেন্টে হয়েছে। এই জিনিস শেখাচ্ছেন। আমাদের অর্থমন্ত্রী নিশ্চয়ই এটা ভালো করে জানবেন। আমি একটা কথা বলেছিলাম এর আগে যে, আমাদের এই বক্তৃতা যেটা হয়, অর্থমন্ত্রী করেন, তার বাংলা-ইংরেজি দুই থাকে।

[3.10–3.20 p.m.]

আমরা আগে জানতাম বাংলা, ইংরেজি একই হয়। কিন্তু কয়েক বছর ধরে দেখছি বাংলা এবং ইংরেজিতে অনেক পার্থক্য আছে। এটা করা কাম্য নয় কোনোমতেই। কে করেছে জানি না। আমি দেখলাম বাংলায় লেখা নেই, কিন্তু ইংরেজির প্রথম পাতায় মজার কথা লেখা আছে, উনি কবে এভাবে লিখতেন আমি জানতাম না, As-Salam Alaikum। ইংরেজির প্রথম পাতায় লেখা আছে বাংলায় লেখা নেই। কেন এই জিনিস করেন আমি জানি না। আপনারা জানেন অডিট হয়, এ.জি. অডিট করে। সেই রিপোর্ট আগে ফিনান্সে আসে, তারপর আমাদের অ্যাসেম্বলিতে আসে, তারপর আমাদের বিভিন্ন কমিটিতে চলে যায়। ২০১০-১১, ২০১১-১২, দুই বছরের রিপোর্ট, বিশেষ করে ২০১১-১২ সালের রিপোর্ট ফিনান্স দপ্তরে পড়ে আছে অনেক আগে থেকে। সব রাজ্যের চলে এসেছে, অ্যাসেম্বলি হয়ে চলে এসেছে পাবলিক অ্যাকাউন্টস কমিটির কাছে, কিন্তু দুর্ভাগ্য হচ্ছে পশ্চিমবাংলায় সেই রিপোর্ট এখনও জমা পড়েনি, বিধানসভায় আসেনি, অর্থ দপ্তরেই পড়ে আছে। এটা কোনোমতেই কাম্য হতে পারে না। অর্থমন্ত্রী থাকলে আমরা বলতাম, এটা আপনি ভালো করেই জানেন। এতদিন পরেও সেই রিপোর্ট জমা পড়েনি। কেন জমা পড়েনি এটা একটু ভাবা দরকার। আপনারা জানেন এই যে বাজেট তৈরি করা হয়েছে, আমাদের অর্থমন্ত্রী খুবই বিপদে ছিলেন, চাপে ছিলেন। তিনটে বড় চাপ—একটা হচ্ছে সামনে ভোট, লোককে খুশি করতে হবে ভোট দেওয়ার জন্য, দুই নম্বর—মুখ্যমন্ত্রীকে খুশি করতে হবে, তিন নম্বর হচ্ছে যেসব আম-আদমি আছে, যাদের জন্য বলেন এটা মা-মাটি-মানুষের সরকার, সেই আম-আদমিকে সন্তুষ্ট করতে হবে। এরকম চাপের মুখে দাঁড়িয়ে বাজেট তাঁকে করতে হয়েছে। সেইজন্য যে প্রস্তুতি দরকার, সেই প্রস্তুতিতে একটা বড় ঘাটতি রয়েছে। আমরা অবাক হয়ে গেলাম, কিছুদিন আগে ঘটা করে আমাদের পশ্চিমবাংলা রাজ্যে একটা নতুন পরিকল্পনা নেওয়া হল, নতুন প্রকল্প বলতে পারেন, স্কিম বলতে পারেন। সেটা হচ্ছে, সারদাকে ঠেকানোর জন্য small savings-এর সরকারী একটা scheme হবে, তাতে যারা ছোট

ছোট সেভিংস করবে, তারা জমা করতে পারবে, ব্যাঙ্কে টাকা রাখবে। আমরা অবাক হয়ে গেলাম, এই যে ঘটা করে একটা স্কিম হল, তার ফেট-টা কি ? কত accounts হয়েছে, কত টাকা জমা পড়েছে তাতে, কি হয়েছে, তার একটা কথাও কিন্তু বলা নেই। এটা আশ্চর্যের ব্যাপার কি করে হতে পারে ? আমি দেখলাম ২০১১-১২ সালে আমাদের অর্থমন্ত্রী বলেছিলেন, একটা মজার স্কিম হচ্ছে, প্রত্যেকটা ব্লকে 500 hectare জমি নিয়ে উনি একটা ডি.সি. করবেন। Demonstrating Crop centre করবেন। প্রত্যেক ব্লকে, in every block setting up of demonstration centre of at least 500 hectares—not acres—500 hectares in every block involving several crops for sample demonstration। এটা বলছিলেন, কিন্তু একটাও শুরু হয়েছে বলে আমি জানলাম না। ২০১১-১২ সালে তিনি বলেছিলেন, আমার মনে আছে—৬২টা কিষাণ মাণ্ডি—বাংলায় বলেছিলেন—হইয়া গিয়াছে, ইংরাজীতে বলেছিলেন—are going to be set up. আজকে আমরা শুনলাম একটাও কিষাণ মাণ্ডি শুরু হয়নি, যা হয়েছে তা কয়েকটা বাজার। আর আপনি বলে দিলেন ! এত বড় একটা অসত্য কথা একজন অর্থমন্ত্রী বলতে পারেন বলে আমার জানা ছিল না। তারপর কতগুলো বিষয়ে উদাহরণ দিতে গেলেন। যে তথ্য দিলেন তার মধ্যে ভারি মজার তথ্য আছে। তথ্য মনের মতো করে তৈরি করা যায়। তৈরি করা যায় মানে, একটা অংশ তুলে দিলেই তথ্য বিকৃতি হয়ে যায়। কৃষির বিকাশের যে growth rate উনি দেখিয়েছেন, আমরা দেখলাম economic survey-তে বলা আছে ২০১০-১১ সালে আমাদের growth rate ছিল ১৩.১৩। সেটা ২০১১-১২-তে হয়ে গেল ৯.৭৯, আর ২০১২-১৩-তে হয়ে গেল ১১.২৪। সেটা ২০১৩-১৪-তে প্রজেকটেড হচ্ছে ৯.২৮। আপনারা বলেন কিছুই হয়নি। ২০১০-১১-তে আমরা ছিলাম, তখন হয়েছিল ১৩.১৩, আর আপনাদের সময় কমতে কমতে হল ৯.২৮। বলুন খারাপ growth rate করেছি আমরা ? আর ধরুন আমাদের GS, SDB। আর SDB -তে আমাদের কৃষির যে অংশ আছে, agriculture তাতে ২০১০-১১-তে ছিল ১৯.১৮, ২০১১-১২-তে হল ১৮.৭৮, ২০১২-১৩-তে হল ১৭.৫৯। আর ২০১৩-১৪-তে প্রজেকটেড হচ্ছে ১৬.২৪। কোথায় ১৯.১৮ আর কোথায় চলে আসল ১৩.কত। কিছুই হয়নি পশ্চিমবাংলায়। তাই আপনারা বলেন। তারপর শিল্পের ব্যাপার নিয়ে বলা হচ্ছে। শিল্প তো কিছু হয়নি। ভালো করে আপনারা জানেন। হবে কি করে ? যারা জমি নিতে দেবে না তারা কি করে শিল্প করবে ? শোভনদেববাবু বললেন সার্ভিস সেক্টরের কথা। সার্ভিস সেক্টর আর ইন্ডাস্ট্রিকে এক করে দিলেন। আমাদের অর্থমন্ত্রী এটা মানবেন কিনা আমি জানি না। আমরা তো জানি তিনটে প্রধান সেক্টর আছে। একটা, এগ্রিকালচার, একটা ইন্ডাস্ট্রি আর একটা হচ্ছে সার্ভিস সেক্টর। সার্ভিস সেক্টরের কথা উনি বেশি করে বললেন যে ওর সঙ্গে যুক্ত করে দিয়ে এবং বললেন যে আজকে বেকারত্ব দূর করার পথের একটা হচ্ছে সার্ভিস সেক্টর। কোন পাগলে বিশ্বাস করে ! যদি আমার প্রোডাকশন ইউনিট না হয়, সার্ভিস সেক্টর প্রোডাকশন করে না। আমি চারটে মল করলাম বেকারত্ব দূর হয়ে গেল ? আজকে আমাদের প্রোডাকশনের দরকার। বিরাট প্রোডাকশনের দরকার যেখানে কাজ দিতে পারে প্রত্যক্ষ এবং

পরোক্ষভাবে। এই যে সিঙ্গুর থেকে আমরা টাটাকে তাড়িয়ে দিলাম। জমি এখনও ফেরত দিতে পারেনি কিন্তু তাড়িয়ে দিয়েছে। কি হত ? বড় কারখানা হত। প্রত্যক্ষ চাকরি কম হতে পারে কিন্তু লক্ষ লক্ষ গাড়ি তৈরি হত। লক্ষ লক্ষ ছেলে ড্রাইভারের কাজ করত। সেগুলো নাকি কাজ নয়। শিল্পের বিকাশ ছাড়া আজকে পৃথিবীর কোনো দেশ নাম করতে পারে ? এমন একটা দেশের নাম করতে পারেন যে দেশ উন্নত হয়েছে, বড় হয়েছে শিল্পের বিকাশ হয়নি। হতে পারে না। আজকে শিল্পের বিকাশই একমাত্র পথ। কৃষি নিশ্চয়ই আমাদের বাড়াতে হবে কিন্তু আমাদের সামনে সবথেকে বড় দায়িত্ব আজকে শিল্প। আমেরিকাতে আমরা গিয়েছিলাম দেখলাম। আমেরিকাতে শতকরা একজন, একশো জনের মধ্যে একজন কৃষিকাজ করে। আর আমার দেশে এখনও ৬০ ভাগ মানুষ কৃষির সঙ্গে যুক্ত। আমি যদি সেই পরিবর্তন করতে না পারি আমাদের যত লোক বাঁচে তাই নিয়ে ওই জমির উপর দাঁড়িয়ে থাকব। এখানে আধুনিক হারভেস্টার আসবে, আধুনিক ট্রাক্টর আসবে, আধুনিক সেচের ব্যবস্থা হবে মানুষ উচ্ছেদ হবে, আর শুধুমাত্র আমরা রাস্তায় ঘুরে তো বাঁচতে পারব না। আমাদের পথ হচ্ছে শিল্পের পথ। আর শিল্প তখনই হতে পারে যতই আপনারা বক্তৃতা করুন, মন্ত্রী পাল্টান, যতই আপনারা যা করুন না কেন শিল্প কখনোই হতে পারে না যদি জমির ব্যবস্থা না হয়। আর সেই জন্য জমি নিতে দেব না শিল্প চাই এ কখনো হবে না। আর্থিক ব্যাপারে বলি যে, যে আলোচনা হয়েছিল। মাননীয় অর্থমন্ত্রী এখানে নেই থাকলে ভালো হত। উনি একটা মজার হিসাব দিয়েছিলেন। প্রথমবার যখন বাজেট পেশ করলেন তখন বাংলায় লিখে সহজ করে একটা আমাদের সামনে হাজির করেছিলেন। বলেছিলেন আপনাদের বোঝার জন্যে আমরা সহজ একটা ব্যবস্থা করে দিয়েছি। তাতে কি বললেন ? কি ভাবে আপনি সব কমিয়ে দিলেন। এক নম্বর রাজস্বর ব্যাপারে উনি বললেন যে অসীম দাশগুপ্ত ৩৫% বাড়াবার সিদ্ধান্ত করেছিলেন। আমি এটা কমিয়ে ৩১% করলাম। মুখে বললেন। তার সঙ্গে বললেন কিনা এরপর এটা আমি বাড়াতে বাড়াতে লোকে এমনভাবে লাফিয়ে লাফিয়ে ট্যাক্স দেবে যেটা ২০১১-তে বেড়ে হবে ৬৫ হাজার ৮৭৪ কোটি টাকা। এত লাফিয়ে বাড়বে। তিনি আরও বললেন যে আমাদের এই বেতন ভাতা যা দিতে হয় তার সঙ্গে আমাদের রেভিনিউয়ের টাকা আদায় হয় এর রিলেশনটা হচ্ছে ৯৯ ভাগ। মানে যত টাকা রেভিনিউ আদায় হয় তার ৯৯ টাকা চলে যায় বেতন ভাতা দিতে। এটা আমি কমিয়ে নিয়ে যাব ৭৪-এ এক বছরে। ৯৯ থেকে ৭৪-এ নিয়ে আসবেন এক বছরে। তিনি বলেছিলেন যে আমাদের যে লোন আছে সেই লোনের যে সুদ শোধ করতে হয় তা এখন হচ্ছে ৪৪%। সেটা আমি কমিয়ে নিয়ে যাব ২২%-এ। এক বছরে নিয়ে যাবেন ২২%-এ। তখন তিনি জানতেন যে আমাদের এক লক্ষ বিরানব্বই হাজার কোটি টাকা লোন আছে তাও তিনি জানতেন। এত জানার পরেও তিনি এই সমস্ত বললেন। চমক লাগিয়ে দিলেন যে এক বছরের মধ্যে বোধহয় বিরাট একটা পরিবর্তন হয়ে যাবে। কিন্তু আজকে আমরা দেখছি যে সবই হচ্ছে ফালতু। সবই হচ্ছে জোলো কথা। এই পঞ্চায়েতের ব্যাপার নিয়ে। আমি তো অবাক হয়ে গেলাম। এত অসত্য রিপোর্ট কি করে দেয় আমি জানি না। এবারে বলা হল গতবার নাকি আমরা একশো জনের কাজে দারুণ রেজাল্ট করেছি। গতবারের

রেজাল্টে আমাদের মন্ত্রী এত উৎফুল্ল হয়ে গেলেন যে উনি বাড়িয়ে বললেন যে ৮০ দিন কাজের ব্যবস্থা করব। আর যেদিন কাজ করবে সেদিনই টাকা দেব। আপনারা জানেন যে জয়রাম রমেশ তিনি কেন্দ্রের মন্ত্রী তিনি একটা চিঠি পাঠিয়েছেন। এখান থেকে যে হিসাব দিয়েছিল টাকা খরচে নাকি এক নম্বরে আছে। টাকা খরচ হয়েছিল কত ? এখান থেকে রিপোর্ট গিয়েছিল ৪ হাজার ৫শো কোটি টাকা। আর উনি চিঠি দিয়েছেন তাতে বলেছেন, ওটা ভুল। ওটা হবে ৩ হাজার ৪৯৩ কোটি টাকা। এটা তার কথা।

[3.20–3.30 p.m.]

এ কার কথা ! আর এবারের অবস্থা আরও খারাপ। এবারের অবস্থা ভীষণ খারাপ হয়েছে আপনারা দেখতে পাবেন। এবারে মাত্র একুশ দিন লোকে কাজ পেয়েছে। যেখানে সারা ভারতে ৪৫ দিন করে কাজ পেয়েছে। সেখানে আমাদের এখানে মাত্র একুশ দিন করে কাজ পেয়েছে। আর শ্রম দিবস তৈরি হয়েছে গতবার যা হয়েছিল উনিশ কোটি, এবারে মাত্র নয় কোটি। এ থেকেই বুঝতে পারা যায় যে কি অবস্থা হয়ে আছে। আর যেটাতে আমরা সব থেকে গুরুত্ব দিয়ে বলি যে উনি বলেছিলেন, ''আমার টাকা বাড়বে, কাজ বাড়বে।'' কি পরিমাণ কাজ বেড়েছে, টাকা বেড়েছে ভালো করে দেখুন ! একটা হিসাব দিলেই সহজে বুঝতে পারবেন। প্রথম হচ্ছে রেভিনিউয়ের হিসাব। রেভিনিউয়ের অবস্থা কি হয়ে আছে, প্ল্যানের টাকা কি হয়ে আছে—এগুলি দেখলেই বুঝতে পারবেন যে কি হতে পারে। আমাদের রেভিনিউয়ের অবস্থা দেখুন—দু হাজার এগারো বারো-তে দেখুন আমাদের রেভিনিউ-এর বাজেট ছিল ৬৫ হাজার ৮৪৬.৯১ কোটি টাকা। আদায় হল কত ? অ্যাকচুয়ালস কত হল ? মাত্র ২৪ হাজার ৯৩৯ কোটি টাকা। কোথায় পঁয়ষট্টি হাজার বাজেট আদায় হল চব্বিশ হাজার কোটি টাকা। বারো তেরো-তে বাজেট ছিল কত ? ছিয়াত্তর হাজার সাতশো তেতাল্লিশ কোটি, আদায় হল বত্রিশ হাজার আটশো এক কোটি। কি পরিমাণ বাজেট হবে বলে তিনি ধরেছিলেন, আর কি হয়েছে সেটা দেখুন। এই হচ্ছে বাজেটের অবস্থা। তারপরে তেরো চোদ্দতে যা ধরেছেন, কি হবে তা কে জানে ! তারপরে চোদ্দ পনেরো যা ধরেছেন কি হবে তা কে জানে ! যা বলছেন, তার সাথে এর কোনো সম্পর্ক নেই। এর ফল হচ্ছে মারাত্মক। যে সব দপ্তরের যে টাকা পাওয়ার কথা, তা পাচ্ছে না। যেমন, দেখুন প্ল্যানে আমরা দেখলাম দু হাজার এগারো বারো-তে প্ল্যানে ধরা হয়েছিল প্রায় একুশ হাজার কোটি টাকা, কিন্তু খরচ হল মাত্র চোদ্দ হাজার কোটি টাকা। কোনো দায়িত্ব নেই। বলেছিল দশ টাকা পাবে, আর দপ্তর পেল পাঁচ টাকা ! ঠিক বারো তেরো সালে আবার একই ঘটনা ঘটল। প্ল্যান বাজেট ছিল আমাদের তেইশ হাজার সাতশো চোদ্দ কোটি টাকা। খরচ হল কত—আঠারো হাজার নয়শো চুরানব্বই কোটি টাকা। বিশাল পরিমাণ বাজেট ছিল। বাজেট ছিল তেইশ হাজার কোটি টাকা। সাতাশ হাজার কোটি টাকা ছিল বাজেট, খরচ হল আঠারো হাজার কোটি টাকা। এই অবস্থা হয়ে আছে। এর ফলে আপনারা দেখবেন কতগুলি দপ্তরের জন্য বিরাট পরিমাণ টাকা ধরা ছিল, মনে হয়েছিল বিরাট কাজ হবে, কিন্তু টাকা তারা পায়নি। যা শুনেছে সেই টাকা তারা পায়নি। উদাহরণ দিলেই বুঝতে

পারবেন। এই যে এ.আর.ডি.ডি. প্রাণীসম্পদ যেটাকে বলে, তার বাজেট ছিল একশো বাইশ কোটি টাকা। সে পেয়েছে আটাত্তর কোটি টাকা। তারপরে দেখুন ও.বি.সি., যেটা অনগ্রসর শ্রেণীর জন্য গুরুত্বপূর্ণ, সেখানকার বাজেট ছিল চারশো সতেরো কোটি টাকা, পেয়েছে তিনশো ছত্রিশ কোটি টাকা। হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার—বাজেট ছিল আটশো আটাত্তর কোটি টাকা, পেয়েছে সাতশো সাতষট্টি কোটি টাকা। হায়ার এডুকেশন, উচ্চশিক্ষার জন্য বাজেট ছিল দুশো কুড়ি কোটি, পেয়েছে একশো চার কোটি। হাউসিং-এর বাজেট ছিল ছশো কোটি, পেয়েছে মাত্র একশো তেরো কোটি। ইনফরমেশন অ্যান্ড কালচার-এর বাজেট ছিল একষট্টি কোটি, সেখানে খরচ হয়েছিল মাত্র সাত কোটি। অবশ্য পরে অর্থাৎ এখন কিন্তু বেড়ে প্রায় দেড়শো কোটি পার হয়ে গেছে। এই ছাপাছাপি আর যত ছবি ছাপা হচ্ছে তার জন্য বিজ্ঞাপন। লেবার, শ্রম দপ্তরের বাজেট ছিল একশো বত্রিশ কোটি টাকা, পেয়েছে মাত্র পঁচানব্বই কোটি টাকা। মাইনরিটি ডেভেলপমেন্ট-এর বাজেট ছিল তিনশো তিরিশ কোটি টাকা, পেয়েছে দুশো সাঁইত্রিশ কোটি টাকা। পি.ডবলু.ডি., পি. অ্যান্ড আর.ডি. পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট-এর বাজেট ছিল দু হাজার নশো একাত্তর কোটি বাজেট ছিল, পেয়েছে দু হাজার চারশো চল্লিশ কোটি টাকা। পশ্চিমাঞ্চল উন্নয়ন-এর বাজেট ছিল দুশো পাঁচ, পেয়েছে একশো সাঁইত্রিশ কোটি। পাওয়ার ডেভেলপমেন্ট, নন কনভেনশনাল এনার্জি-এর বাজেট ছিল এক হাজার দশ কোটি টাকা, পেয়েছে মাত্র ছশো তেইশ কোটি টাকা। পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং-এর বাজেট ছিল আটশো কোটি টাকা, পেয়েছে তিনশো একানব্বই কোটি টাকা। এটা হচ্ছে দু হাজার এগারো বারো সালের। আবার দু হাজার বারো তেরো সালে গিয়ে দেখবেন, সেখানে এ.আর.ডি.-তে বাজেট ছিল একশো উননব্বই কোটি, পেয়েছে মাত্র একশো কুড়ি কোটি। ও.বি.সি.-তে ছিল চারশো একষট্টি কোটি, পেয়েছে চারশো পনেরো কোটি। হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে ছিল এক হাজার উনপঞ্চাশ কোটি, পেয়েছে মাত্র ছশো চল্লিশ কোটি। হায়ার এডুকেশানের বাজেট ছিল দুশো চল্লিশ কোটি, পেয়েছে একশো পঞ্চাশ কোটি। হাউসিং বাজেট ছিল ছশো সাতচল্লিশ কোটি, পেয়েছে মাত্র তিনশো বিরাশি কোটি। ইনফরমেশান অ্যান্ড কালচারে ছিল একশো দশ কোটি, পেয়েছে মাত্র ছত্রিশ কোটি। লেবারে বাজেট ছিল একশো পঁচাত্তর কোটি, পেয়েছে একশো বারো কোটি। মাইনরিটি ডেভেলপমেন্টে বাজেট ছিল পাঁচশো সত্তর কোটি, পেয়েছে মাত্র চারশো চল্লিশ কোটি। পঞ্চায়েত ও রুরাল ডেভেলপমেন্ট-এর বাজেট ছিল পাঁচশো সত্তর পেয়েছে চারশো চব্বিশ। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-এর বাজেট ছিল দুশো দশ কোটি, পেয়েছে মাত্র একশো আঠাশ কোটি। পাওয়ার ডেভেলপমেন্ট-নন কনভেনশনাল এনার্জি—যেটা বাজেট ছিল ১ হাজার ১০ কোটি, পেয়েছে মাত্র ৮৩৮ কোটি। পি.এইচ.ই.—বাজেট ছিল ৮০০ কোটি টাকার, পেয়েছে ৬৩৬ কোটি টাকা। এগুলো দেখলে বুঝতে পারা যায়, যে দপ্তরের যে টাকা পাওয়ার কথা, পাচ্ছে না এই কারণেই যে, বেশি করে ধরা আছে, আর সেই টাকা জোগাড় করতে পারে না। আরো কয়েকটি দপ্তর আছে, এরকম অবস্থা হয়ে আছে। যেমন, ওয়াটার রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট—এখানে ২০১১-১২-তে বাজেট ছিল ৪৯৫, পেয়েছে মাত্র ৭৬ কোটি। ২০১২-১৩-বাজেট ছিল ৪৪৪ কোটি, পেয়েছে মাত্র ১৪৯ কোটি।

ওমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট—বাজেট ছিল ২০১১-১২-তে ১ হাজার ৮১ কোটি টাকা, পেয়েছে মাত্র ৭৬১ কোটি টাকা। ২০১২-১৩-তে বাজেট ছিল ১ হাজার ১৫, পেয়েছে মাত্র ৮১১ কোটি টাকা। এটা দেখে সহজেই বুঝতে পারা যায় যে, কি পরিমাণ টাকা কম পেয়েছে। অর্থাৎ প্ল্যানের টাকা যে দেখানো হচ্ছে, তার আসল মানে কিছুই হয় না। এবারে দেখতে হবে রেফারেল বাজেট আছে, যে কটা গুরুত্বপূর্ণ দপ্তর বলা হয়, আমি একটু আগেই বলছিলাম যে, মাননীয় অর্থমন্ত্রী মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য তার যে বাজেটগুলো আছে, সেখানে দেখবেন বেশি করে ধরা আছে। মজার মজার কথা বলেছেন উনি—কখনো বলেছেন যে ব্যাপকভাবে কর্মসংস্থান বাড়বে, ভয়ঙ্করভাবে বাড়বে, এইসব মজার মজার কথা বলেছেন। কিন্তু বাস্তব অবস্থাটা কি ? হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার—এটা বেড়ে গেলে হবে ? ছিল ২ হাজার ৫৫, হল ২ হাজার ২১১। পুলিশের খরচ—পুলিশের যে খরচ ছিল, আগের বাজেট ছিল মাত্র ৯৬ কোটি টাকা, এটা চারগুণ বেড়ে হয়ে গেল ২৪৭ কোটি টাকা। পুলিশের চারগুণ বেড়ে গেল। তারপর অন্যান্য যেগুলো আছে, মাইক্রো লেভেলে ক্ষুদ্র শিল্প দপ্তরের যে টাকা, সেটা ৩২৪ কোটি থেকে বেড়ে হয়ে গেল ৫৩৬ কোটি টাকা। আর যেগুলো মুখে বললেন যে, খুব গুরুত্বপূর্ণ দপ্তর, রাস্তা গুরুত্বপূর্ণ দপ্তর, তারপর ফুড সাপ্লাই গুরুত্বপূর্ণ দপ্তর, সেখানে অবস্থা কি ? পি.ডব্লু..ডি-র বাজেট কমে গেল। ছিল ৭২২, হয়ে গেল ৬০২। ফুড অ্যান্ড সাপ্লাই—এটা ছিল ২১৭, হয়ে গেল ১৬৯। খুব সহজেই বুঝতে পারা যায়, যে বিষয় আমরা মুখে বলছি—গুরুত্বর কথা—আসলে কার্যত আমরা তার গুরুত্ব দিচ্ছি না। মাননীয় অর্থমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই, শুধুমাত্র এই টাকা দেওয়া-নেওয়াটাই বড় কথা না, বড় কথা হচ্ছে টাকা ঠিকমতো খরচ হচ্ছে কিনা। আমরা তো অবাক হয়ে গেলাম, একটা দেশের, একটা রাজ্যের সরকারী কাজের কতগুলো ন্যূনতম নিয়ম-কানুন আছে। কিন্তু এখানে অবাক হয়ে যাচ্ছি, কোনো নিয়ম-কানুন মানা হয়নি। এই যে আমাদের যুব কল্যাণ দপ্তর থেকে ক্লাবকে টাকা দেওয়া হল। কোনো অর্ডারই আমরা দেখতে পেলাম না, কিভাবে বাছাই করা হল। অর্থমন্ত্রীকে জবাব দিতে হবে। কি নিয়মে বিলি করা হয়েছে, কি নামে প্রচার করা হয়েছে, কোনো রেকর্ড কিন্তু আমাদের সামনে নেই। আমরা জানলামই না। এরকম অনেক কমিটি হয়েছে, যে কমিটিতে আমাদের এম.এল.এ.-রা মেম্বার, তাঁরা জানেনই না যে তাঁরা মেম্বার। আবার যদিও বা জানেন মেম্বার, তার নিয়ে কোনো কাজ হবে না। এই যে আমাদের তিন বছর হতে চলল, আমিও একটা এলাকার বিধায়ক। আজকে কোনো মন্ত্রী আছেন, বলতে পারবেন—অনেক কথা প্রচার হয়েছে—ওখানে সুপার স্পেশালিটি হবে, ওখানে অমুক হবে, তমুক হবে, প্রত্যেক মহকুমায় স্টেডিয়াম হবে—হাজার রকম কাজ, কিন্তু একটাও কাজ খুঁজে পাওয়া যাবে না যে, একটি নয়া পয়সার কাজ এখানে হয়েছে। তা আজকে হয়নি। আজকে বাজেটে দেখলাম যে, খুব গুরুত্ব দিয়ে কর্মসংস্থানের কথা বলা হয়েছে। এ যে কত বড় চালাকি একটা ! আমাদের মনে আছে, গতবার উনি যখন বাজেট পেশ করেন, তখন ওনার পেছনে মুখ্যমন্ত্রী বসেছিলেন। সেই বাজেট বক্তৃতায় কোথাও লেখা ছিল না কর্মসংস্থানের কথা। আমরা যখন বললাম যে, কত কর্মসংস্থান হবে বলুন, উনি হঠাৎ করে পেছন থেকে বলে দিলেন সাড়ে ১১ লক্ষের

মতো হবে। আমি জিজ্ঞাসা করলাম কোথায় হবে ? উনি বললেন যে, কৃষিতে হবে ৭০ ভাগ। কৃষিতে ৭০ ভাগ কর্মসংস্থান আজকের যুগে হবে, এটা কোনো পাগলেও বিশ্বাস করে না। বললেন, এবারে নাকি ১৩ লক্ষ হয়ে গেছে। ১৩ লক্ষ হল কোথায় ? আর সামনে ১৬ লক্ষ হবে, তার দিশা কি আছে ? আমার মনে আছে, আমাদের দেশের একজন প্রধানমন্ত্রী বলেছিলেন যে, এক কোটি চাকরি দেব। তো চাকরি দেবেন কিভাবে ? যখন এম.পি.-রা জিজ্ঞাসা করলেন তখন উনি বললেন, আমার দেশে এই যে কোটি কোটি ঘর-বাড়ি হচ্ছে, সেই প্রত্যেক বাড়িতে কিছু লোক লাগে, যারা মিস্ত্রীর কাজ করে, যারা সহকারীর কাজ করে—এদের যোগ করলে এক কোটি হয়ে যাবে। আমাদের অর্থমন্ত্রী সেই হিসেবটা দেবেন যে, আমি এত দিন এত লোককে ১০০ দিনের কাজ করিয়েছি, এদের সবার কর্মসংস্থান হয়ে গেছে। এত লোক ছোট ছোট দোকান করেছে—এদের কর্মসংস্থান হয়ে গেছে। আমি অবাক হয়ে দেখলাম, একটা ট্যাক্সি কেনা হবে, সেই ট্যাক্সিতে নাকি ২০টা পরিবারের কর্মসংস্থান হয়ে যাবে। এটা পাগল ছাড়া কে বিশ্বাস করে ? তাই আমি অর্থমন্ত্রীকে বলব, আপনি অনেক ভালো কবিতা-টবিতা লিখেছেন, সব করেছেন, অনেক কথা আপনি বলেছেন, কিন্তু আপনি আগেরটা ভুলে গিয়ে এই জিনিস করার চেষ্টা করছেন। এটা আমাদের এই সংস্কৃতির বিরোধী।

[3.30–3.40 p.m.]

এটা হচ্ছে আমাদের সংস্কৃতির বিরোধী, বাংলার ক্ষতি করা হবে। আমি আবেদন জানাব যাঁরা বলেন যে পশ্চিমবাংলায় কিছু হয়নি, তাঁরা ভালো করে তাকিয়ে দেখবেন পশ্চিমবাংলায় কিছু হয়নি তো আমরা আছি কোথায় ? কিসের উপর দাঁড়িয়ে আপনারা বড় হলেন, কিসের উপর দাঁড়িয়ে আমরা আছি। পশ্চিমবাংলার পঞ্চায়েত, পশ্চিমবাংলার ভূমি সংস্কার, পশ্চিমবাংলাকে আজকে অস্বীকার করবে কে ? ত্রুটি থাকতে পারে, সে কথা আলাদা। কাজ করছেন করুন, আর এই যে আমাদের লোনের কথা বলা হয়ে থাকে, আমি বারে বারে বলি লোনটা আজকের ব্যাপার না। এই ৬৭ বছরে যোগ করে যে লোন হয়েছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। আর আজকে আপনারা মাত্র দু-বছরে যা করেছেন আগামী তিন বছর পরে ১ লক্ষ ছাড়িয়ে যাবে শুধু আপনাদেরই। কত মুখের উপর কথা বলেছিলেন কমানো হবে, কমানো তো দূরের কথা বাড়িয়েছেন আপনারা। অত সহজ নয়, মুখে বলা এক জিনিস, আর কাজ করা আলাদা জিনিস। আমি তো আবেদন জানাব আপনারা এখানে যা বলেছেন এর মধ্যে সত্য অপেক্ষা অসত্য রিপোর্ট অনেক বেশি আছে, যা মানুষকে বিভ্রান্ত করে, যা বিধায়কদের বিভ্রান্ত করে। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয়ের ১৭ই ফেব্রুয়ারী ২০১৪ তারিখে ২০১৪-১৫ আর্থিক বছরের যে বাজেট পেশ করেছেন তাতে সাধারণ মানুষ বাংলার বুকে এক নূতন রেনেসাঁর সূচনা দেখতে পাচ্ছেন। এই যে বাজেট সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে গুটিকয়েক কথা বলার আছে। স্যার, আমি একটা কথা বলতে চাই, স্যার, আমি

ডায়মন্ডহারবার থেকে এই বিধানসভায় আসি এবং কলকাতা থেকে ডায়মন্ডহারবার যখন ফিরে যাই প্রায় একটি গাড়ির পিছনে লেখা থাকে দেখি যত দেখবি তত জ্বলবি, আর লুচির মতো ফুলবি। যত দেখবি তত জ্বলবি, আর লুচির মতো ফুলবি। আমি কিছুতেই এর মানে উদ্ধার করতে পারছিলাম না। আমার এক ড্রাইভার আছেন, তাঁর নাম গোপাল, তাঁর ৫৮-৬০ বছর বয়স, আমি গোপালবাবুকে জিজ্ঞাসা করছিলাম গোপালবাবু এই লেখাটার অর্থ কি একটু বলবেন। তা উনি বলছিলেন গাড়িটির গতি, সাফল্য, অগ্রগতি, সুনিপুণ চিন্তাভাবনা, নিরলস প্রয়াস এবং সুষ্ঠু যাত্রী পরিষেবা পিছনের সমস্ত গাড়ির হিংসার ও ঈর্ষার কারণ হোক, এটাই হচ্ছে ওই গাড়ির বক্তব্য। স্যার আমি কয়দিন এই বিধানসভায় বসে বিভিন্ন বক্তার বক্তব্য শুনছিলাম, বিশেষ করে বামফ্রন্টের বন্ধুরা এবং তার সঙ্গে সহযোগী হিসাবে কংগ্রেস বন্ধুরা আছেন বক্তব্য রাখছিলেন। আমি দেখছিলাম বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের একের পর এক কর্মপ্রচেষ্টা, একের পর এক উন্নত ধরনের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে তিনি এই বাংলার মানুষকে সমৃদ্ধ করার চেষ্টা করছিলেন। শিক্ষা থেকে শুরু করে স্বাস্থ্য, কৃষি, বিদ্যুৎ, গ্রামোন্নয়ন, পরিবহন, সেচ থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে যখন তিনি সুনাম, যশ, খ্যাতি এবং বিশ্বের দরবারে মানুষের কাছে মমতা ব্যানার্জীর জনপ্রিয়তা হুহু করে বাড়ছে। তখন আমি দেখছিলাম যে বামফ্রন্টের বন্ধুরা এবং কংগ্রেসের বন্ধুরা কখনও কখনও এই পবিত্র সদন ছেড়ে বেরিয়ে গিয়ে তারা দেখছে, শুনছে, জ্বলছে, আর ফুলছে। আর ইলেকট্রনিক্স মিডিয়ার সামনে ফুলে ফুলে বড় বড় বক্তৃতা রাখছে, লেকচার দিচ্ছে, ভাষণ দিচ্ছে, অপপ্রচার করছে, মমতা বন্দ্যোপাধ্যায় সম্পর্কে কুৎসা রটনা করছেন। আমরা বলতে চাই আজকের এই কথাগুলি মমতা বন্দ্যোপাধ্যায়ের যে সুনাম, যশ, খ্যাতি, যে অগ্রগতি, যে সাফল্য এটা শুধুমাত্র আমরা বলছি না, আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্র সাহেব বলছেন না, কিংবা মমতা ব্যানার্জী বলছেন না, এটা বলছেন যাঁরা বলেন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পরিসংখ্যান দিয়ে যখন কথা বলেন সেই কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান দপ্তরের CSO BOAER পশ্চিমবঙ্গ বলছে যে আজকে পশ্চিমবঙ্গ এগিয়ে চলছে। ২০১৩-১৪ আর্থিক বছরে সার্বিকভাবে ভারতের GDP রেট যখন ৪.৯%, সেখানে বাংলার GSDP বৃদ্ধির হার ৭.৭%। এটা নিশ্চয়ই হিংসার কারণ আমরা জানি, কৃষিক্ষেত্রে ভারতে উৎপাদন বৃদ্ধির হার ৪.৬% সেখানে বাংলার হার ৫.২৮%। এটা নিশ্চিত মমতা বন্দ্যোপাধ্যায়কে ছোটো করার একটা প্রয়াস বামফ্রন্টের থাকা উচিত। আমরা বলতে চাই শিল্পের ক্ষেত্রে সারা ভারতে যখন উৎপাদন বৃদ্ধির হার ০.৭%, তখন বাংলার হার সেখানে ৯.৫৮%। আজকে পরিষেবার ক্ষেত্রে ভারতের হার যেখানে ৬.৯%, সেখানে বাংলার হার ৭.৮%। স্বাভাবিকভাবেই বামফ্রন্টের বন্ধুদের আজকে মমতা বন্দ্যোপাধ্যায় সম্পর্কে কুৎসা রটনা করা ছাড়া আর কোনো উপায় নেই, তার কারণ তাদের হাতে আর কিছু নেই। আজকে আমরা দেখি কি, মমতা বন্দ্যোপাধ্যায়ের একের পর এক কর্মসূচী যদি আমরা দেখি—সবার ঘরে আলো থেকে শুরু করে, জল ধরো জল ভরো প্রকল্প থেকে শুরু করে, আমার ফসল আমার বাড়ি, আমার ফসল আমার গোলা, ৫০০ কোটি টাকা ব্যয়ে ৫০০টি কর্মতীর্থ নামে মার্কেটিং কমপ্লেক্স তৈরি করে আজকে সেখানে ১ লক্ষ পরিবারের

কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া থেকে শুরু করে, আজকে গতিধারা নামে প্রকল্পের মাধ্যমে ১ লক্ষ করে টাকা সরকারী অনুদান দিয়ে গাড়ি কিনতে সহায়তা দিয়ে ৫০ হাজার পরিবারের কাজের সুযোগ করে দেওয়ার বাজেটকে অবশ্যই সমর্থন জানাতে হয়। আমরা জানি বামফ্রন্টের বন্ধুরা কখনই সমর্থন করবেন না তার কারণ এরা শুধুমাত্র প্রতিবাদ করার নামে প্রতিবাদ করে। এরা কখনও বাংলার উন্নয়ন চায় না, বাংলার অগ্রগতি চায় না। আমরা দেখেছি, এটা সময়ে আমরা শুনতাম যে, বাংলা আজকে যা ভাবছে ভারত তা ভাববে কাল। কিন্তু আজকে সেই দিন নেই। আজকে মমতা বন্দ্যোপাধ্যায় তিনি বলছেন, আজকে তার জাগ্রত জীবনের সাফল্য, তার যে মানুষের জন্য কাজ করার মানসিকতা, প্রবণতা, মানুষের জন্য চিন্তা-ভাবনা, মানুষের জন্য প্রতিনিয়ত সময় দিয়ে মানুষের পাশে থেকে কাজ করার যে চিন্তা-ভাবনা, আজকে বাংলাকে শুধু নয়, বাংলাকে শুধু সমৃদ্ধ করা নয় এটা ভারতবর্ষের মধ্যে শুধুমাত্র শ্রেষ্ঠত্বের আসন দখল করার লক্ষ্য নয়। আজকে বিশ্বের দরবারে বাংলাকে পৌঁছে দেওয়ার জন্যে মমতা বন্দ্যোপাধ্যায় এমন এমন কর্মসূচী গ্রহণ করেছেন যা বলছে, বাংলা যা করেছে আজ ভারত তা করবে কাল। তার কারণ আজকে শিশু কন্যা সুরক্ষার জন্যে, বাল্যবিবাহ রোধ করার জন্যে, কন্যা শিশুর শিক্ষার হার বৃদ্ধির জন্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের অনন্য প্রয়াস—কন্যাশ্রী প্রকল্প—যে প্রকল্পের মধ্যে দিয়ে আজকে আমাদের ২০১৪-র মার্চের মধ্যে ১৫ লক্ষ নাম কন্যাশ্রীতে নথিভুক্ত হয়, ২০১৪-১৫ আর্থিক বর্ষে আরও ২০ লক্ষ কন্যাশ্রীর নাম নথিভুক্ত করিয়ে যাতে প্রতি বছর ৫০০ টাকা করে পড়াশুনার ক্ষেত্রে সাহায্যস্বরূপ পাওয়ার সাথে সাথে ১৮ বছর বয়সে গিয়ে ২৫ হাজার টাকা এককালীন অনুদান দিয়ে তার পড়াশুনার ক্ষেত্রে সহায়তা কিংবা বিবাহের কাজে লাগানোর জন্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে এই অনন্য প্রয়াস ভারত সরকার বলছে যে, আগামী দিনে ভারতবর্ষের সমস্ত রাজ্যকে, পশ্চিমবঙ্গকে অনুসরণ করতে হবে। আমরা যা বলি, বাংলা যা করেছে আজ ভারত তা করবে কাল তার কারণ মাননীয় অর্থমন্ত্রী যে ভাষা প্রয়োগ করেছেন যে কথা বলছেন, আমরা কি দেখছি ? আমরা দেখেছি ওষুধের অভাবে অনেক সময় মানুষ মারা যেত। বাবার সামনে সন্তান মারা গেছে, স্ত্রীর সামনে স্বামী মারা গেছে। এক ফোঁটা ওষুধের জন্যে অনেক সময় বাবা শিশু সন্তানকে ছটফট করতে করতে মারা যেতে দেখেছেন। সেই সময় বামফ্রন্ট সরকার ৩৪ বছর ক্ষমতায় থেকে কিন্তু কিছু করেনি। আজকে মমতা বন্দ্যোপাধ্যায় গরীব মানুষের জন্যে, গরীব মানুষের স্বার্থে ৭টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান খুলে সেখানে ৪৮% থেকে শুরু করে ৬৭%, কোনো কোনো ক্ষেত্রে ৩৩% থেকে ৭২% ছাড় দিয়ে ওষুধ দেওয়ার যে ব্যবস্থা করেছেন তা ভারতবর্ষে বিরলতম দৃষ্টান্ত। এটা ভারতবর্ষের একটা দৃষ্টান্তমূলক প্রকল্প। যে প্রকল্প আজকে বাংলায় বাস্তবায়িত হয়েছে সেটা ভারত সরকার বলছে, আগামী দিনে পশ্চিমবঙ্গকে মডেল করে ভারতবর্ষের প্রতিটি রাজ্যে এই কাজ করতে হবে। আমরা তাই বলতে চাইছি, মমতা বন্দ্যোপাধ্যায় বিভিন্ন প্রকল্পের মধ্য দিয়ে বাংলাকে সমৃদ্ধ করবার চেষ্টা করছেন। বাংলাকে অনেকে নেতৃত্ব দিয়েছেন, অনেকে মুখ্যমন্ত্রী হয়েছে। আমরা দেখেছি ভারতবর্ষেও অনেকে প্রধানমন্ত্রী হয়েছেন, অনেক সুযোগ্য নেতৃত্ব—নেতৃত্ব দিয়েছেন কিন্তু আমরা কোনোদিন

একসঙ্গে দেখিনি যে, একটি রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে ধরে ৩৩৪৯টি গ্রাম পঞ্চায়েতে একই দিনে পাঁচটি করে স্কীম নিয়ে ১৬ হাজার কিলোমিটার গ্রামীণ রাস্তা একসঙ্গে তৈরি করবার মতো ক্ষমতা বা চিন্তা-ভাবনা একমাত্র তাঁরই থাকে যিনি মানুষের কথা ভাবেন, মানুষের জন্যে করেন, বাংলাকে সমৃদ্ধ করতে চান। সেটা মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্যে সম্ভব হয়েছে। তাই আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের চিন্তা-ভাবনাকে বাস্তবায়িত করতে অর্থমন্ত্রী যে কথা বলেছেন যে, বাংলা আজ যা করেছে ভারত তা করবে কাল। এটাই হচ্ছে প্রকৃতপক্ষে বাস্তব সত্যি কথা তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার.... (মাইক অফ)।

ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য্য : অনারেবল স্পীকার সাহেব, গত ১৭ই ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রর বাজেট বিবৃতিকে সমর্থন জানিয়ে কয়েকটা কথা আমি বলতে চাই। আমাদের উন্নয়নের দিশারী মাননীয়া শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের উন্নয়নের যে রূপরেখা তৈরি করেছেন তার একটা বিশেষ দিক জুড়ে রয়েছে মানবিক উন্নয়ন। অর্থাৎ মানসিকতার উন্নয়ন, মানবিকতার উন্নয়ন, মানব চেতনার উন্নয়ন। এই পরিপ্রেক্ষিতে মাননীয়া মুখ্যমন্ত্রী, কন্যাশ্রী, যুবশ্রী, শিশুসাথী, ফেয়ার প্রাইস শপ, জল ধরো জল ভরো-সহ নানাবিধ জনহিতকর প্রকল্প সূচনা করেছিলেন। এবং মাননীয় অর্থমন্ত্রী সেই সকল প্রকল্পগুলিতে উপযুক্ত অর্থ বরাদ্দের মধ্যে দিয়ে সঠিক রূপায়ণের দিশা দেখিয়েছেন।

[3.40–3.50 p.m.]

স্বামীজির কথা বলব স্যার, 'তোমরা মেয়েদের শিক্ষা দাও'। শুনবেন, শুনবেন, আপনাদের কথাও শোনাচ্ছি। শুনবেন, তজমুল সাহেব শুনবেন। 'তোমরা মেয়েদের শিক্ষা দিয়ে ছেড়ে দাও'। তারপর তারাই বলব কোন জাতীয় সংস্কার তাদের পক্ষে দরকার'। আজকে স্যার এই কথাটা অত্যন্ত জরুরি এই জন্যে, আমি স্যার, উত্তরবঙ্গের মানুষ শিলিগুড়ির বিধায়ক, (নয়েজ) হ্যাঁ, শিলিগুড়ির বিধায়ক। আপনাদেরও কথা বলব। আপনাদের কথাও বলব, আপনাদের প্রাক্তন মন্ত্রী অশোক ভট্টাচার্যের কথাও বলব সময় আসলে, বলব, ভাববেন না। স্যার, ওখানে 'উত্তরকন্যা' হয়েছে Mini Secretariat। তাতে গাত্রদাহ হচ্ছে এক দুজে কে লিয়ে যারা এখানে থাকেন, তাদের। এই দুজে-র মধ্যে এক চলে গেছে দুজে-টা আছে। লালু-ভালুর মধ্যে একজন নেই আর একজন আছে, তাদের গাত্রদাহ হচ্ছে উত্তরবঙ্গে কেন উন্নয়ন হবে ? সুখবিলাসদাকে আমি সম্মান করি, উত্তরবঙ্গের মানুষ, গুণী মানুষ, গায়ক, উনি অনেক বঞ্চনার কথা বলে গেলেন। এই উত্তরবঙ্গ উৎসবের সময় কিন্তু ভাওয়াইয়া গানও হয়েছে। উত্তরবঙ্গের ৬টি জেলায় কয়েকশো জায়গায় সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছে কয়েকশো জায়গায়। এবং একসাথে ১১,৭৬০ জন ছাত্র-ছাত্রীরা বিভিন্ন বিভাগে অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল, এটা রেকর্ড, গিনেস বুকের রেকর্ড এবং সেখানে সবাই সুযোগ পেয়েছে। তাদের প্রতিভাকে দেখানোর জন্যে। কিছু মানুষের চাহিদা থাকে যে, বাইরের শিল্পীদের আনা হোক। তাদের গান আমরা শুনতে চাই। তাদের

আবৃত্তি শুনতে চাই। তাদের নাটক মঞ্চস্থ হোক আমরা দেখতে চাই। তাই করা হয়েছে। তাদেরও উত্তরবঙ্গের ৬টি জেলার সেখানকার স্থানীয় প্রতিভাবানদের সেখানকার যুবক-যুবতীদের, সেখানকার মানুষদের তাদের সাংস্কৃতিকতা তুলতে দেওয়া হয়নি ; সে-কথাটা অত্যন্ত লজ্জাকর আমার কাছে মেনে নেওয়া। এটা ভয়ঙ্কর অসত্য কথা উনি বলে গেছেন। মাননীয় অর্থমন্ত্রী আমাদের North Bengal Development Department-এর অর্থ বরাদ্দটা বাড়িয়েছেন তার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ জানাই। স্যার, এই কন্যাশ্রী প্রকল্পটা যবে-র থেকেই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন এবং কার্যকরী করা শুরু করেছেন, তারপর থেকে বিরোদীপক্ষের গা-জ্বালাটা খুব বেড়ে গেছে। তারা সবসময় ভাবছেন যে, এটা করে বোধহয় টাকার অপচয় হল। তবে বুঝতে হবে, এই কন্যাশ্রী প্রকল্পটাতে কিন্তু একটা multi faced effect আছে এর short term effect and long term effect. Short term effect is age and marriage and education শিক্ষা। যে শিক্ষাটা ওনারা বন্ধ করে রেখেছিলেন ৩৪ বছর, ইংরেজিটাকে তুলে দিয়েছিলেন। আর রাইটার্স থেকে দুপুর একটার সময় কাঁধে শান্তিনিকেতনের ব্যাগ নিয়ে, বাজারে যেতেন মিটিং করতে। এই কালচারটা দেখেছি চাকরি জীবনে। দেখেছি, শিক্ষাটা তখন ছিল না। এই শিক্ষা দিলে একদিকে যেমন নারীশিক্ষার প্রসার ঘটবে, বিবাহের বয়সটা বাড়বে। বর্তমানে পশ্চিমবঙ্গে মেয়েদের marriage at age হচ্ছে 18.7 years average. Rural area-তে সেটা আরও কম। সব থেকে বেশি কম হচ্ছে রাজস্থানে। সেই তুলনায় আমরা অনেক ভালো জায়গায় আছি অবশ্যই। কিন্তু এই age at marriage এবং শিক্ষা এই যে গ্রামীণ এলাকাতে মা-বাবা যারা অসহায়, যে কথাগুলো আমরা শুনছিলাম বিগত দু-দিন ধরে যারা মেয়েদের পড়াশুনা করাতে পারে না অর্থের অভাবে, ভয় পান তারা যদি শিক্ষা না দিতে পারি আর্থিক কারণে, তাহলে বিয়ে দিয়ে দিই। এখন সেই ভয়টা তাদের মন থেকে বেরিয়ে গেছে। বেরিয়ে গেছে। এবং এই যে, শিক্ষা দেওয়ার ফলে এই নারী-কন্যারা স্বাবলম্বী হবে। তাদের যদি বিয়ের বয়সটা বেড়ে যায়, তার ফলটা কি হবে, এই কথাটা ডাঃ সূর্যকান্ত মিশ্র নিশ্চয়ই উনি জানবেন চিকিৎসক হিসাবে। একটা fertility rate বলে কথা আছে। যেটা আমরা consider করি for any women from the age of 15 to 45 years. যে ৩০ বছর হচ্ছে fertility period, যেখানে সে মহিলা শিশুদের জন্ম দিতে পারে, সক্ষম। এটা যদি আমরা age of marriage -টাকে বাড়িয়ে দিতে পারি এই কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে আগামীদিনে population stabilization-এ this will be a milestone for কন্যাশ্রী প্রকল্প। This will be the milestone. The whole country is looking forward to implement this project in their respective stages. This has a multi-faced effect and a long term effect and this will be a world effective tool for population stabilization হতে বাধ্য। এটা হবে। এটা এই ফলটা এখন ওরা দেখতে পারছেন না, বুঝতে পারছেন না, ইট উইল টেক ফাইভ টু টেন ইয়ারস টাইম। যারা আজকে স্কুলে আছে, তাদের এই age on maturity জিনিসটা বাড়বে, তার এফেক্টটা এরা বুঝতে পারবে।

Sishusathi প্রকল্প আগেও অপারেশান হত, ডাঃ মিশ্র যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন আমি চাকরি করি নর্থবেঙ্গল মেডিকেল কলেজে। তখন হার্টের অপারেশান কি হত না, হত। বাচ্চাদের অপারেশান কি হত না, হত। কিন্তু এখন ভাবুন, সারা রাজ্য জুড়ে যে সমস্ত শিশুরা কনজেনিয়াল অ্যানমলি, জন্মগত। হার্ট-এর বিভিন্ন valvular disease নিয়ে জন্ম নিচ্ছে, যাদের বেঁচে থাকার মেয়াদটা কম, because of many reasons-respiratary failure, cardiac failure তাদের জীবনে মবিলিটি আর mortality ইজ ভেরি হাই। এদের একটা জায়গায় অপারেশান করতে গেলে ভার্ভুলেশানে অন্তত দেড় থেকে দুই লক্ষ, আড়াই লক্ষ টাকা খরচা লাগে। Imagine those poor people coming from the villages where will they go who are in need of cardiac surgery, valvular surgery ? বলতে পারবেন ওনারা। খবরের কাগজ পড়েন, ইতিমধ্যে কয়েকশো শিশুরা ১৮ বছর বয়স অবধি, জন্ম থেকে শুরু করে তারা পশ্চিমবঙ্গে সরকারী বেসরকারী হাসপাতাল যেগুলি সিলেক্ট করা হয়েছে, তার মধ্যে পি.জি. হাসপাতাল আছে, মেডিকেল কলেজ আছে, আর.এন. টেগোর আছে, মিশন হসপিটাল দুর্গাপুর আছে ; সেখানে ইতিমধ্যে তাদের সাকসেসফুল অপারেশান হয়েছে। এটা কি ছোট কথা। এটা অ্যাচিভমেন্ট নয় ? বাজেটে স্বাস্থ্য সম্বন্ধে অর্থ বরাদ্দটা বেশি হওয়াটা অন্যায় ? এর জন্য অর্থ বরাদ্দটা বেশি থাকা দরকার। তাহলে এটা প্রয়োজন আছে, এই মানুষগুলোকে বাঁচিয়ে রাখার জন্য এই ছেলেমেয়েগুলোর ভবিষ্যতের কথা ভেবে। থ্যালাসেমিয়া স্যার, থ্যালাসেমিয়া এমন একটা ব্যাধি মানুষ বেঁচে থাকে না বেশিদিন। যাদের ক্ষমতায় কুলায় তারা হয়তো বাঁচতে পারে বোনম্যারো ট্রান্সপ্লান্ট করে, other sophisticated treatment করে। ওষুধের খরচা গড়ে মাসে ষোলোশো থেকে সতেরোশো টাকা। এই থ্যালাসেমিয়া আক্রান্ত শিশুরা যারা আগে বিনা চিকিৎসায় মারা যেতেন বা যে সমস্ত পেরেন্টসরা অ্যাফর্ড করতে পারতেন তারা বাঁচত। প্রতি মাসে গড়ে প্রায় একবার করে রক্ত দিতে হয়। প্রতি মাসে। ওষুধ খেতে হয়। এবং এদের জন্য এখন বর্তমানে সারা রাজ্য জুড়ে ২১টি জায়গায় Thalassemia Control Unit is functioning. Role of the CMOH ? Regular screening of the blood, supply of medicine and counselling services for the parents. আপনি অনেক হেসেছেন কথা বলার সময়, That is not your topic on budget also. আমি ওথ নিয়ে আসছি, শুনুন কথাটা আগে। স্বাস্থ্যই সম্পদ। আজকে পশ্চিমবঙ্গ—মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব, স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়ানোর জন্য। আগামী দিনে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মডেল হবে। In the whole world, Cyprus has been declared thalassemia free. তারা আজকে থ্যালাসেমিয়া ফ্রি হয়েছে স্যার। Why ? Because of counselling and screening of the blood. We have adopted the same policy in our state. এর একটা লং টার্ম এফেক্ট পড়বে। West Bengal will be free from Thalassemia as we are free from Polio এটাকে ধন্যবাদ জানাবেন না। শুধু সমালোচনা করবে। ধন্যবাদ জানানো উচিত অর্থমন্ত্রীকে, মাননীয় মুখ্যমন্ত্রীকে। তাদের এই সুদৃঢ় পদক্ষেপের জন্য। তারা মানুষের কল্যাণে যে

কাজগুলো হাতে নিয়েছে, যেভাবে এগোচ্ছে, যে গতিতে যাচ্ছে, তার জন্য ধন্যবাদ জানানো উচিত। বিরোধিতা করব বলেই, বিরোধিতা করা এক রকম, ভালো কাজগুলোকে সকলে ভাল কথা বলাটা একটা কাজ। তারা বিরোধী পক্ষ হোক আর যে পক্ষই হোক। হবে হবে, জে.ডি.এ. নিয়ে। শুনুন বেশি কথা বলবেন না। আপনার এখানে বিরোধীপক্ষের দলের নেতা আছেন, উনি এক চ্যানেলে বলেছেন শুনুন, উনি এক চ্যানেলে বলেছেন নিতাই কাণ্ড নিয়ে।

মিঃ স্পীকার : আপনি আপনার কথা বলুন। আপনি অন্যদের কথার উত্তর দেবেন না।

ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য্য : শুনুন, উনি বলেছেন, যে বিষয়টা বিচারাধীন, সেই বিষয়টা নিয়ে আমি বলব না। বলেননি স্যার আপনি ?

[3.50–4.00 p.m.]

স্যার এখানে ফেয়ার প্রাইস শপ নিয়ে টীকা-টিপ্পনী হয়েছে। আজকে কতজন মানুষ সারা রাজ্য জুড়ে বিভিন্ন মেডিক্যাল কলেজ, জেলা হাসপাতাল, সাব ডিভিশনাল হাসপাতালে ওষুধ ন্যায্য মূল্যে পাচ্ছেন। আজকে আমাদের এস.এন.সি.ইউ., পি.আই.সি.ইউ. থেকে শুরু করে মাদার অ্যান্ড চাইল্ড হাব—ডাঃ সূর্যকান্ত মিশ্র এখানে আছেন। ওনার সময় কি ছিল ? গৌতম দেব কালকে আসবেন, কথা বলে নেবেন। ব্লক লেভেল অফিসার কোনোদিন ভেবেছিলেন ওনারা ? আপনাদের ব্লক লেভেল, পি.এইচ.সি. লেভেলে ফ্রি মেডিক্যাল supply to the poor patient. Have you ever thought of it ? Have you ever applied it ? Have you ever thought of putting these in place ? Never. Never they did it. ....(noise).... Sir, the same thing happened in case of cancer treatment. আজকে এখানে ফ্রিতে ক্যান্সারের জন্য ওষুধ দেওয়া হয়। নর্থ বেঙ্গল থেকে শুরু করে সারা রাজ্য জুড়ে এটা হচ্ছে। এখানে কালকে হিন্দিতে অনেক কথা বলে গেছেন—কি মমতা ব্যানার্জী কা পোজ কা বাহার ফোটো হ্যায়, তসবীরে হ্যায়। আজকে পোজ এখানে নেই। বিধানসভাকে ইস চক্কর মে গুম হো গ্যায়ে হ্যায়। এক বিধানসভা কে ভিতর, এক বাহার। বাহার মে যো লোগ পোজ দে র‍্যাহে হ্যায়, বিচ বিচ মে ২০১৪ কে বাহার উয়ো গঙ্গাঘাট কে পাস পোঁচেঙ্গে, বোলেঙ্গে, গানা গায়েঙ্গে—ইয়া কদম কা পেড় অগর মা হো তা গঙ্গাতীরে, ম্যায় ভি উস পার ব্যাঠ কানহাইয়া বনতা ধীরে ধীরে। এক মওকা দেয়েঙ্গে স্যার। স্যার আমাকে এক মিনিট সময় দেবেন। আমরা যারা উত্তরবঙ্গের মানুষ, যে যতই বাধা দিক, যতই অন্ধকার করার চেষ্টা করুক। হাম লোগ ঘাবড়াতে নেহি হ্যায়। হাম লোগ আপনি মঞ্জিল ঢুঁ লেয়েঙ্গে হাম, চাহে জিতনে বার হ্যায় আয়ে কে আপনি মঞ্জিল চুম লেয়েঙ্গে হাম। যারা আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর সামনে কটাক্ষ করেন, তাদের সম্পর্কে খারাপ কথা বলেন, বিভিন্ন জায়গায় সমালোচনা করেন তাদের উদ্দেশ্যে ২-৪টি কথা বলে রাখি—জাহাজোঁ কো যো ডুবো দে উসে তুফান ক্যাহেতে হ্যায়, তুফানো সে যো টক্কর দে উসে মমতা ব্যানার্জী ক্যাহেতে হ্যায়। ধন্যবাদ স্যার।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৭ই ফেব্রুয়ারী আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয় এই পবিত্র সদনে ২০১৪-১৫ এই আর্থিক বর্ষের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে কিছুতেই সমর্থন করতে পারছি না। তার কারণ এই বাজেট আমার কাছে মনে হয়েছে একটা বিভ্রান্তিমূলক, অস্বচ্ছ এবং উদ্দেশ্যপ্রণোদিত। বিষয়টা হচ্ছে, সব দপ্তরে টাকার বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। খুব ভালো। কিন্তু আমার কাছে অবাক লাগছে যে বরাদ্দ বৃদ্ধি হল, কিন্তু এই এই বরাদ্দ বৃদ্ধির টাকা আসবে কোথা থেকে ? এখন তো সারদাও নেই। তিনি তো জেলে। সুদীপ্ত সেন জেলে। এখন কোন্ গৌরী সেন টাকা দেবে তার দিশা কিন্তু এই বাজেটে আমরা খুঁজে পাইনি। গতকাল থেকে আজ পর্যন্ত এই সদনে বিরোধী পক্ষের বন্ধুদের বক্তব্য শুনছিলাম। প্রত্যেকে একই কথা বলেছেন যে ৩৪ বছরে বামফ্রন্ট যা করতে পারেনি তা আপনারা ৩৪ মাসে শেষ করে ফেলেছেন। তাই যদি হয় তাহলে অনেকগুলি গুরুত্বপূর্ণ দপ্তর—যে দপ্তরগুলিতে এখনো কোটি কোটি টাকা পড়ে আছে, খরচ করেননি—গতকাল এবং আজকে আমাদের পক্ষের সমর্থকরা বলেছেন, বক্তৃতা দিয়েছেন। আমি সেই সম্পর্কে সময় নষ্ট করতে চাই না, বলছি না। আমি উত্তরবঙ্গের মানুষ। এতক্ষণ ডাক্তারবাবু বক্তৃতা দিচ্ছিলেন। বক্তৃতা শুনে মনে হচ্ছিল তিনি ডাক্তারি করছেন। বিষয়টা হল, উনি উত্তরবঙ্গের উন্নয়নের কথা বলতে গিয়ে উন্নয়ন কি কি হয়েছে তা তিনি বলতে পারলেন না। আমার খুব দুঃখ হয় যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার এবারের বাজেটেও উত্তরবঙ্গকে সম্পূর্ণভাবে বঞ্চিত করেছেন, উপেক্ষা করেছেন। কি কি বিষয় উপেক্ষা করেছেন ? স্বাস্থ্য, শিক্ষা, সেচ এবং শিল্প সম্বন্ধে এই বাজেট বক্তৃতায় একটি কথাও উল্লেখ নেই। পরপর তিনটি বাজেট বই আমি পড়েছি। তিনটি বাজেট বইতে তিনি একই কথা বলেছেন। কোচবিহারে মেডিকেল কলেজ হাসপাতাল হবে। প্রথম বাজেটেও বলেছেন, দ্বিতীয় বাজেটেও বলেছেন এবং এবারের বাজেট বক্তব্যেও বলেছেন হাসপাতাল হবে। এতো আপনাদের জন্মের পর থেকেই শুনছি ওখানে হাসপাতাল হবে। কবে হবে তা বলতে পারছেন না। আমরা পারিনি বলে তো আপনারা আজকে ওখানে বসেছেন। এশিয়ার মধ্যে বৃহত্তম সেচ প্রকল্প হচ্ছে তিস্তা। যে তিস্তা সেচ প্রকল্প জাতীয় প্রকল্প হিসাবে ঘোষিত হওয়া সত্ত্বেও মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি সেখানে পড়েনি। এই ব্যাপারে একটি কথাও বলেননি। যে তিস্তা সেচ প্রকল্প রূপায়িত হলে ৬২ লক্ষ মেট্রিক টন উদ্বৃত্ত খাদ্য আমাদের রাজ্যে উৎপাদিত হবে, যে তিস্তা সেচ প্রকল্প বাস্তবায়িত হলে ১৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হবে, যে তিস্তা সেচ প্রকল্প বাস্তবায়িত হল চার কোটি শ্রম দিবস তৈরি হবে। এই প্রকল্পের কথা একবারের জন্যও আপনি বাজেট বক্তৃতার মধ্যে উল্লেখ করলেন না, আপনার স্মরণেও এল না। কোচবিহারে আরেকটি মারাত্মক খাল আছে, সেই খালের কথা আমি এই পবিত্র সদনে বহুবার উল্লেখ করেছি, শালতিয়া খাল, এটা কোচবিহারের মানুষের একটি মরণ যন্ত্রণার খাল। এই খালের সংস্কারের জন্য বহুবার কথা হয়েছে, স্কীম হয়েছে, সেন্ট্রাল টিম এসে সার্ভে করে গেছে। কিন্তু এবারের বাজেটেও সেই খালের উল্লেখ নেই। ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যাপারে আপনারা খুব আগ্রহ প্রকাশ করেছেন, খুব ভালো। কিন্তু আপনি বলুন তো কোচবিহারের শীতলপাটি শিল্প ভারত

বিখ্যাত। এখানে প্রায় তিন হাজার মানুষ এই শীতলপাটি শিল্পের সঙ্গে যুক্ত। এই শীতলপাটিকে আরও সম্প্রসারিত করবার জন্য আপনার বাজেট বক্তব্যে একটি কথাও উল্লেখ নেই কেন। এই শীতলপাটির শিল্পীদের বাজার ধরার জন্য ২০১০-১১ সালের কৃষি বিপণন দপ্তরের বাজেটে আমরা টাকা ধরেছিলাম। এক কোটি টাকা খরচ করে একটা সুন্দর বাজার তাদের জন্য তৈরি করে দেওয়া হল। সরকার পরিবর্তন হল, আপনারা সরকারে এলেন। আমার খুব দুঃখ হয় সেই বাজারটি আপনারা এখনও শুরু করেননি। কিসের কারণে এটা শুরু হল না ? সেখানে ঘরবাড়ি হল, রাস্তা হয়ে গেল, কিন্তু তাদের বাজারটা চালু করা হল না। সেই বাজারটি আপনারা এখনও পর্যন্ত চালু করলেন না কেন। ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যাপারে আপনারা এত আগ্রহ প্রকাশ করছেন, তাহলে সেই ক্ষেত্রে আপনাদের এই আগ্রহটা আসে না কেন। গত বাজেটে খুব চমকপ্রদ প্রকল্পের কথা ঘোষণা করেছিলেন, ইমাম এবং মোয়াজ্জিনদের মাসিক আড়াই হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। আমরা জানতে চেয়েছিলাম, ২০১৩-১৪ সালে এই ভাতার জন্য কত টাকা ব্যয় হল। কিন্তু সেটা আমরা জানতে পারলাম না। ২০১৪-১৫ সালের বাজেটে সেই ভাতার ব্যাপারে কোনো উল্লেখ নেই। এই ভাতা দেবেন, না ভাতা বন্ধ হয়ে যাবে, তারও কোনো উল্লেখ কিন্তু নেই।

[4.00–4.10 p.m.]

এবার ২০১৪-র যখন বাজেট হবে, সেই ইমাম এবং মোয়াজ্জমদের ভাতার কথা একটাও উল্লেখ নেই। এটা কি বন্ধ হবে ? নাকি দেবেন ? কি দেবেন না ? নাকি বন্ধ হবে ? তাও কিছু উল্লেখ করেননি। এই চমকটা দিয়েছিলেন। দ্বিতীয় চমক দিলেন, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক যে এখানে যারা নাম লেখাবে, তারা তাদের চাকরীর সন্ধান পাবে। এবং এই এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যারা নাম লেখাবে তার থেকে ১ লক্ষ বেকার ছেলেমেয়েদের মাসে ১৫০০ করে টাকা দেবেন। শুরু হল নাম লেখানো। এখন আমরা জানতে পারলাম, প্রায় ১৯ লক্ষ বেকার ছেলেমেয়ে এই এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছেন। দেওয়ার কথা ১ লক্ষ ছেলেমেয়েদের বেকার ভাতা। শ্রম দফতর সূত্রে আমরা জানতে পারলাম যে, এখনও পর্যন্ত মাত্র ৮৫ হাজার ছেলেমেয়ে দেড় হাজার টাকা করে মাসিক ভাতা দিয়েছেন। কোটাটা পূর্ণ হল না কেন ? এবং কাদের দিলেন ? তাদের নাম কি ? নাকি ওই টেট পরীক্ষার মতো এই তৃণমূল পার্টির ছেলেমেয়েদের এই টাকাটা পাইয়ে দিলেন। এটা একটু আমাদের জানা দরকার। কোনো উল্লেখ নেই। চাকরী ১০ লক্ষ, গতবার ১০ লক্ষ তাও ছাপিয়ে গেছে, ১৩ লক্ষ। এবার বলছেন ১৬ লক্ষ। এই চাকরী, এটা কোন দফতরে কোন বিভাগে কোন ডিপার্টমেন্টে দিচ্ছেন আমরা বুঝতে পারছি না। এই সদনে প্রশ্ন এসেছিল, শ্রম দফতরের মন্ত্রীর কাছে। যে, এই আপনাদের সময়কালে কত কর্মসংস্থান হয়েছে, চাকরী হয়েছে। তিনি এই সদনে দাঁড়িয়ে উত্তর দিয়েছিলেন ১৮৯৯। আপনি ১০ লক্ষ দিলেন। সুতরাং এই যে মানুষকে ধোঁকাবাজির যে বাজেট, এইজন্যে এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রীমতী ফিরোজা বিবি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৪-র ১৭ ফেব্রুয়ারী, আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের পক্ষে, বাজেটকে সমর্থন করে মাননীয় অধ্যক্ষ মহোদয়কে সম্মান জানিয়ে এবং আপনার কাছে অনুমতি নিয়ে আমি বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে এই বাজেট সম্বন্ধে বেশি কিছু বলতে চাই না। কেন না, আমার সময় খুবই সীমিত। তবু আমি বলছি যে, আজকের এই মা-মাটি-মানুষ সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মানুষের জন্য যে মহৎ পরিকল্পনা সেই পরিকল্পনাকে আমি সর্বতোভাবে সম্মান জানিয়ে এ কথা বলতে চাই যে, আমার বিরোধীদলের ভাইয়েরা বা বোনেরা অনেক সময় অনেক কথাই বলছেন এবং আমাদের এই রাজ্যে নারী নির্যাতনের ঘটনা, সেই সঙ্গে মানুষের সঙ্গে প্রবঞ্চনার কথা তুলে ধরেছেন আমাদের নেত্রীর বিরুদ্ধে বা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে। তাই আমি এই মহতী সভায় বলতে চাই, আমি ২০০৯ সালে প্রথম বিধায়িকা হয়ে এসেছিলাম পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম থেকে। বোনেদের ইজ্জতের জন্য যেসব কথাবার্তা বিরোধীরা বলেন, আজকে নারী নিয়ে আপনাদের যে এতো দয়া, মা-বোনদের ওপর আপনাদের এতো যে অনুকম্পা আমি বসে বসে শুনি আর ভাবি মনে হয় আপনাদের কাছে এটা চকোলেটের মতো একটা মুখরোচক বস্তু হয়ে গেছে, সেটা এই মহতী সভায় সব সময় আপনারা বলতে আরম্ভ করেন সরকারকে অপদস্থ করার জন্য। সেই বন্ধুদের বলি, যখন আমি আপনাদের ওইপাশে ছিলাম, আপনারা এইপাশে ছিলেন, আমি বাই ইলেকশানে জিতে এসেছিলাম, তখন আপনারা আমাকে দেখিয়ে বলেছিলেন—যখন আমাদের নন্দীগ্রামের মেয়েকে বিবস্ত্র করে ছোটানো হয়েছিল এবং তাকে যখন অত্যাচার করা হয়েছিল, তখন বলত আপনাদের ওইপাশ থেকে, উত্তর গেছিল এই সরকারের দফতর থেকে, বা নন্দীগ্রামের মেয়েদের পাখনা হল নাকি ? দুই মাইল রাস্তা উলঙ্গ অবস্থায় ছুটে গেল—বন্ধু তখন কোথায় ছিলেন ? বন্ধু আমি বলি যে, আজকে আপনারা অনেক কথা বলছেন। আমি বিগত ২০০৯ সাল থেকে এই মহতী সভায় রয়েছি। আপনাদের অনেক ক্রিয়াকলাপ আমরা দেখেছি। আমাদের মুখে সন্তানহারা জননীর জন্য এতটুকু অনুকম্পা ছিল না। আপনারা তখন ওই চেয়ারে বসা, আমি তখন এই চেয়ারটায় বসতাম—এই চেয়ার পর্যন্ত আপনাদের ঘরে ছিল। ওই চেয়ারটায় যখন আমি বসতাম তখন আপনাদের মহিলা মেম্বাররা বলতেন, ফিরোজা বিবি—মন্ত্রী আর হওয়া হচ্ছে না। তখন আমার উত্তর ছিল আমি ফিরোজা বিবি, আমি মন্ত্রী হতে আসিনি, আমি এসেছি এই মহতী সভায় জানতে যে, অন্যায়ের বিচার হয় কি না। আপনাদের সামনে শুভ্র বস্ত্র পরিধান করা, শুভ্র কেশ মাথায় নিয়ে আপনাদের মুখ্যমন্ত্রী তখন আপনাদেরই বলেছিলেন, 'ওদের আর আমাদের'। তাই আপনাদের মুখ্যমন্ত্রীর কথা বলছি, আমি বলছি, আপনাদের বলেছিলাম যে, আপনাকে আর এই শুভ্র কেশে মানায় না। আপনি বরং রক্ত মেখে বসুন, দেখতে ভালো লাগবে। তাই বলি, ২০০৭-এর ১৪ই মার্চ, ২০০৭-এর ৩রা জানুয়ারী থেকে যে অত্যাচারটা আপনারা প্রতিফলন করেছিলেন। তার পূর্বে অনেক কিছুই করেছেন। আমি ১৯৯৮ সালে বামফ্রন্টের বিপক্ষে হয়ে দাঁড়িয়েছিলাম। সেই সময় আমাকে অনেক কিছু উপদেশ করা হয়েছে। সেগুলো কিন্তু খবরের-পাতায় ওঠেনি।

আমাদের মেয়েরা বলেছিল—তখন আমার স্কুল-কলেজের পড়ানোর ক্ষমতা তখন হয়নি। স্কুলের বদলে তাদের বিয়ে দিয়ে পরের বাড়িতে পাঠিয়ে দিতে হয়েছিল। আমার অনেক শখ ছিল আমার ছেলে-মেয়েকে সুশিক্ষিত করে প্রতিষ্ঠিত করব, সেই আশা কিন্তু পূর্ণ হয়নি। তাই বলি, বিরোধী দলের বন্ধুরা আপনারা একটু চুপ করে বসে শুনুন—২০০৭-এর ১৪ই মার্চ যে সন্তানকে আপনারা আমার কাছ থেকে কেড়ে নিয়েছিলেন, তার অপরাধ কি ছিল জানেন ? তার অপরাধ ছিল মা-বোনের ইজ্জত বাঁচানো। আর আপনারা যাদের তুলে নিয়ে গেছেন তাদের নিয়ে এসে একটু—সেবা শুশ্রূষা করা। একটা ছেলে অল্পবিস্তর কিছু ডাক্তারি জানত, সে কিন্তু অন্যান্য মানুষের যাদের শরীরে গুলি লেগেছিল তাদের শুশ্রূষা করেছিল। আমার ছেলেটা এখনও আমার সঙ্গে আসে। সে এখনও আমার সঙ্গে আসে আপনাদের চোখে পড়ে, কিন্তু আমার ছোটো ছেলে সেদিন আহত লোকগুলোকে তুলে এনে ভ্যানে তুলে দিয়েছিল। লোকেরা তুলে নিয়ে এসে ভাই-এর হাতে তুলে দিত, বা বোনের হাতে তুলে দিত, তারা ভ্যানে করে তুলে দিত। আমি নিজে নন্দীগ্রামে স্বাস্থ্যকেন্দ্রে সেদিন দেখেছিলাম আপনাদের সেই মহৎ ভট্টাচার্য মহাশয়, সেই শুভ্র বসন পরিধানকারী, রক্তাক্ত ক্ষুধাক্রান্ত সেই মানুষটার তার নখে-মুখে সমস্ত জায়গায় রক্ত—তিনি স্বাস্থ্যকেন্দ্র থেকে সব কিছু উধাও করে দিয়েছিলেন। আমরা গিয়েছিলাম, নিজেদের ছেলেকে খুঁজেছিলাম—অনেক ছেলে ওই হাসপাতালে এসে মারা গেছে, তাদের চিকিৎসা হয়নি, ডাক্তারকে সরিয়ে দেওয়া হয়েছিল। সমস্ত ঔষধপত্র-এর ঘরে চাবি লাগিয়ে দেওয়া হয়েছিল। আপনারা কি জানেন, সেদিনকার ঘটনা ? জানেন না নিশ্চয়। মা-বোনেরা ধর্ষিতা হয়েছিল, বিবস্ত্র হয়েছিল, দুই ছেলের-তিন ছেলের মা-র থেকে আরম্ভ করে ১৫ বছর, ১৭ বছরের কন্যাও বাদ যায়নি, মা-মেয়ে-শাশুড়ি-বউমা কেউ বাদ যায়নি। স্বামীর কাছে স্ত্রী এবং ছেলের কাছে মা—তাও বাদ যায়নি। এখন আপনারা চিৎকার করছেন। দুটো-একটা কোথাও গোপনে হচ্ছে, তখন তো গোপনে হয়নি, তখন তো হয়েছিল প্রকাশ্যে। তখন তো আপনাদের অন্তরে এতটুকুও মায়া ছিল না, তখন তো আপনারা নন্দীগ্রামের কথা চিন্তা করেননি। নন্দীগ্রামের মায়েদের কথা জিজ্ঞাসা করেছিলাম। বলুন আপনারা রক্ত-মাংসের মানুষ ? কি চাইছেন আপনারা ? তখন আপনারা উত্তর দেননি। তাই বলি, ২০০৭-এর ১৪ই মার্চের ঘটনায় সিবিআই তদন্ত চেয়েছিলাম আমরা। আমরা নিরুপায় হয়ে এই সরকারকে বিশেষ করে বা সরকারকে, তখন বিশ্বাস করতে না পেরে দ্বারস্থ হয়েছিলাম কেন্দ্রীয় সরকারের। সিবিআই এসেছিল, কিন্তু এসে কি করল ? ১৭ই মার্চ জননী ইটভাঁটার থেকে দশকে দুষ্কৃতীকে ধরা হল, অস্ত্রশস্ত্র-সহ। এখনও পর্যন্ত তারা কোনো শাস্তি পায়নি, তাদের নামটা চার্জশিট থেকে কাটা গেল।

[4.10–4.20 p.m.]

বলতে পারেন আপনাদের স্বপ্নের তপন সুকুর, এসে আমাদের নন্দীগ্রামের কল্পনা মুনিয়ানকে, যাদব মাইতিকে আর দীপেন গায়েনকে রক্তাক্ত অবস্থায় তুলে নিয়ে গিয়ে পালিয়ে গিয়েছিলেন কেন ? গিয়ে ধরা পড়লেন কোথায় ? ধরা পড়লেন এগরাতে। নন্দীগ্রামের মানুষকে গড়বেতার মানুষ এসে তুলে নিয়ে গিয়ে এগরাতে ধরা পড়লেন কেন ?

দয়া দেখাতে এসেছিলেন ? দেখতে এসেছিলেন মা-বোনেদের কিভাবে অপহৃত করা যায়, কিভাবে লাঞ্ছনা করা যায়, কিভাবে নন্দীগ্রামের মানুষদের কান্নার রোল শোনা যায় ? সেই দিন কিন্তু এই হতভাগিনী মা এক বিন্দু কাঁদিনি।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমি সেই দিন বলেছিলাম কান্না সেই দিন হবে যেদিন তোমাদের দুঃখে আমি কাঁদব, আমার দুঃখে নয়। আপনাদের বলেছিলাম নারীর অঙ্গে হাত দিয়ে, কৌরবরাজ শত পুত্রের পিতা হয়েও রেহাই পায়নি, সীতা হরণ করে রাবণরাজ রেহাই পায়নি। আর আপনারা রেহাই পাবেন ? দেখুন বিধির বিধান, উপরে সূর্য নিচে মর্ত্য। বিচার হবেই। আবার আপনাদের বলি আপনাদের সেই পটাশপুরের বন্ধুদের নাম শুনবেন ? আমি বলছি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী পার্থসারথি চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, গত ১৭ই ফেব্রুয়ারী আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই পবিত্র সদনে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই। প্রথমে বলি স্যার, এই বাজেট নিশ্চিত একটা জনমুখী বাজেট, সমাজমুখী বাজেট। আমাদের মা-মাটি-মানুষের সরকারের যে লক্ষ্য, বন্ধ্যা পশ্চিমবঙ্গকে উন্নয়নের দিকে নিয়ে যাওয়ার যে চেষ্টা, যে প্রচেষ্টা চালাচ্ছেন মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, এই বাজেট সেই লক্ষ্য ত্বরান্বিত করার দিশা দেখিয়েছেন। বিরোধীরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করে। ওনারা উন্নয়ন দেখতে পাচ্ছেন না। আমার মনে হয় ওনাদের চোখের চিকিৎসা করা দরকার। আমাদের মেডিকেল কলেজে চোখের ভালো চিকিৎসা হচ্ছে, ওদের আপনি বলুন চিকিৎসা করে আসতে। তার কারণ আমাদের কয়েকটা দপ্তর ইতিমধ্যে ভারতবর্ষের ১ নম্বর স্থানে চলে গেছে। এটা ওনাদের সহ্য হচ্ছে না, ওরা দেখতে চাইছেন না এবং দেখতে পাচ্ছেন না। মাননীয় অর্থমন্ত্রী এই বাজেটকে দুটি পর্যায়ে ব্যাখ্যা করেছেন। এক ২০১৩-১৪ সালে যে অর্থ বরাদ্দ করেছিলেন আমাদের এই অর্থমন্ত্রী সেই বরাদ্দকৃত অর্থের দ্বারা রাজ্যের সার্বিক অগ্রগতি কতটা হয়েছে সেটা এক দিকে যেমন ব্যাখ্যা করেছেন, তার পাশাপাশি ২০১৪-১৫ অর্থবর্ষে রাজ্যের সার্বিক অগ্রগতির যে লক্ষ্যমাত্রা সেটাকেও স্থির করে দিয়েছেন। স্যার, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট প্রস্তাবে দেখিয়েছেন, যদিও আজকের বাজেট বিতর্কের মধ্যে কংগ্রেস পক্ষ থেকে সুখবিলাস বর্মা সাহেব তিনি জি.ডি.পি. বা জি.এস.ডি.পি. উনি মানতেই চাইলেন না। মানতে চাইলেন না এই কারণে ২০১৩-১৪ অর্থবর্ষে সার্বিক ভারতের জি.ডি.পি.-র বৃদ্ধির হার যেখানে ৪০ শতাংশ সেখানে বাংলার জি.এস.ডি.পি.-র বৃদ্ধির হার ৭.৭৫ শতাংশ। সেই জন্য উনি এটা মানবেন না। স্যার, কৃষির ক্ষেত্রে ভারতে যেখানে উৎপাদন বৃদ্ধির হার ৪.৬% সেখানে বাংলার উৎপাদনের হার ৫.২৮%। সেই জন্যই ডঃ বর্মা এটা মানতে চাইলেন না। স্যার, উনি বলেছেন শিল্পে উন্নতি হচ্ছে না, শিল্প হচ্ছে না। আমাদের পরিসংখ্যানে মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন সারা ভারতবর্ষে শিল্পে যে উৎপাদন বৃদ্ধি হয়েছে তা হল .৭%। সেখানে আমাদের রাজ্যে উৎপাদন বৃদ্ধি ৯.৫৮%। এতে তাদের গাত্রদাহ

হয়েছে, তারা সহ্য করতে পারছে না। সেই জন্য জি.ডি.পি. বা জি.এস.ডি.পি. ওরা মানতে পারছে না। গতকাল থেকে সি.পি.এম. এবং কংগ্রেসের পক্ষ থেকে অনেকেই বলেছেন, আমি তাদের কথাগুলো শুনছিলাম। সি.পি.এম. এবং কংগ্রেসের কেউ কেউ বলেছেন আমাদের সরকার আড়াই বছরে ৫৫-৫৬ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। স্যার, আমি যে কথা বলতে চাইছি, যে এই ঋণ নেওয়ার দরকার হত না। যদি কিনা বামফ্রন্ট সরকার ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার যে ঋণ, সেই ঋণ যদি না করে যেতেন তাহলে মাননীয় অর্থমন্ত্রীর নেওয়ার দরকার হত না। ২০১১-১২ থেকে ২০১৩-১৪ সালের মধ্যে মূল এবং সুদ বাবদ কেন্দ্রীয় সরকার ৬৯ হাজার ০৬৫.৮১ কোটি টাকা কেটে নিয়েছে। এত বড় অঙ্কের টাকা কেটে নিয়েছে। এই টাকা যদি না কাটত, তাহলে এই টাকাতে কত রাস্তাঘাট হত, স্কুল কলেজ হত, কত জলপ্রকল্প তৈরি হত। অনুন্নত সংখ্যালঘু সম্প্রদায়ের যুবসমাজ নতুন জীবন পেতে পারত। স্যার, এরা যে পাপ করে গেছে বাংলার মানুষ কিন্তু এদের ক্ষমা করবেন না। গত কালকে আমার অত্যন্ত শ্রদ্ধাভাজন, এই সদনের অনেক সিনিয়র, ডাঃ মানস ভূঁঞ্যা তাঁর বক্তব্যের মধ্যে বলবার চেষ্টা করছিলেন এবং আজকেও ডঃ সুখবিলাস বর্মা কেন্দ্র আমাদের কত টাকা দিচ্ছে, কত টাকা দেয় ইত্যাদি অনেক নাটকীয় ভূমিকাতে বলবার চেষ্টা করছিলেন। গতকালকে শীলভদ্র দত্ত কিছুটা বলবার চেষ্টা করেছিলেন। ডাঃ মানস ভূঁঞ্যা অনেকগুলো তথ্য যেগুলো দিয়েছেন, তার মধ্যে অনেক তথ্য অসত্য হয়ে গিয়েছে। আজকে ডঃ সুখবিলাস বর্মা যেটা বলে গেলেন যে কেন্দ্র এতগুলো টাকা দিচ্ছে। আমি স্যার আপনার মাধ্যমে ডঃ সুখবিলাস বর্মা নেই—আমি বলতে চাই যে কেন্দ্র যেটা দিচ্ছে, এটা আমাদের হক। ফেডারেল স্ট্রাকচারে এটাই নিয়ম। তাই ভিত্তিতেই কিন্তু কেন্দ্র দিচ্ছে। কিন্তু যে কথাটা ডাঃ মানস ভূঁঞ্যা এবং ডঃ সুখবিলাস বর্মা বললেন না, আমরা যখন বারবার বলছিলাম moratorium-এর প্রসঙ্গ ডাঃ মানস ভূঁঞ্যা এনেছিলেন। Moratorium-এর প্রসঙ্গে ডাঃ ভূঁঞ্যা বলেছিলেন যে, মাননীয় অর্থমন্ত্রীর সাথে উনিও গিয়েছিলেন। সেই মানসিক প্রস্তুতি নিয়ে হয়তো যায়নি। যার কারণে উনি বলছিলেন যে দ্বাদশ অর্থ কমিশন স্পেসিফিক কোনো রেকোমেন্ডেশান দেয়নি। আমি আপনার মাধ্যমে ওনাকে বলতে চাই যে টুয়েলভ ফিনান্স কমিশন স্পেসিফিক রেকোমেন্ডেশান দিয়েছিলেন। শুধু আমাদের রাজ্যের জন্য নয়, তিনটি রাজ্যের জন্য—কেরল, মহারাষ্ট্র এবং পশ্চিমবঙ্গ। সেই রেকোমেন্ডেশানে দুটো অপশান দিয়েছিলেন—একটা অপশান, ঋণ মকুব করা যেতে পারে এবং দ্বিতীয় অপশানে moratorium দেওয়ার কথাও বলেছিলেন। স্যার, আমাদের সরকারের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় প্রথম অপশান আমরা চাইনি। আমার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ভিক্ষা নিতে চাই না। আমরা চেয়েছিলাম একটা moratorim-এর ব্যবস্থা করতে। উনি কেন্দ্রীয় সরকারের compulsion-এর কথা বলেছেন। স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাইছি যে, আমরা অতীতে দেখেছি কেন্দ্রীয় সরকার পাঞ্জাবের জন্য ঋণ মকুব করেছিল এবং পাঞ্জাবকে moratorim দেওয়ার ব্যবস্থা করেছিল। পাঞ্জাবের জন্য যদি ঋণ মকুব হয়, পাঞ্জাবকে যদি moratorium-এর ব্যবস্থা করে দেওয়া হয় তাহলে পশ্চিমবঙ্গ কি অন্যায় করল ? পশ্চিমবঙ্গ কেন বঞ্চনার শিকার

হল ? এত বঞ্চনা সত্ত্বেও আমাদের সরকার যে পদক্ষেপগুলো নিয়েছেন, কিছুক্ষণ আগে আমাদের ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য বলছিলেন 'কন্যাশ্রী' প্রকল্পের কথা। এটা একটা যুগান্তকারী দৃষ্টান্ত সারা ভারতবর্ষের ক্ষেত্রে। এটা শুধু আমাদের সরকার বলছে না, কেন্দ্রীয় অর্থ মন্ত্রক এসে বলে গেছেন যে, এটাকে মডেল করে সারা ভারতবর্ষে এই মডেলটাকে চালু করার জন্য। তার কারণ এই 'কন্যাশ্রী' প্রকল্পে যেটা বলছিলেন অত্যন্ত সঠিকভাবেই বলছিলেন ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য মহাশয় যে, এই 'কন্যাশ্রী' প্রকল্পে তিনটি..... (এই সময় মাইক অফ হয়ে যায়)

[4.20–4.30 p.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয়া সদস্য ফিরোজা বিবির কথা শুনছিলাম। একটা অন্ধকার দিনের আমরাও অবসান চেয়েছিলাম। কিন্তু সেটা কতটা হয়েছে, আপনারা বিচার করবেন। এখানে যে তালিকা প্রকাশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী, সেই তালিকায় বেশিরভাগ ক্ষেত্রে দেখেছি যে, প্রেজেন্ট পার্ফেক্ট টেন্স-এ নয় ফিউচার টেন্সে বেশিরভাগ কথা আছে। কিন্তু সময় খুব কম আমার। এক, দুই, তিন, চার করে কিছু কথা আমি বলব। কৃষির ক্ষেত্রে যদিও বা বলেছেন, কৃষিতে উৎপাদনে রেকর্ড কিছু মূল্যবৃদ্ধিরও রেকর্ড। এই দুটো জিনিস কিন্তু সাধারণ অর্থনীতির নিয়মে মেলাতে যাচ্ছি না। আমি বলতে চাইছি, আমার ফসল, আমার গোলা বা আমার ফসল, আমার বাড়ি—এই ব্যাপারগুলির মধ্যে কিছু চাকচিক্য থাকতে পারে। কিন্তু গোলা তো আগেই ছিল, বাড়ি তো আগেই ছিল। তাতে কি মূল্যবৃদ্ধি রোধ হয়েছে, কালোবাজারি রোধ হয়েছে ? হোর্ডারের যে পদ্ধতি সেটা কি বন্ধ হয়েছে ? বন্ধ কিন্তু হয়নি এবং এটা কেমন করে করবেন সেটা কিন্তু এখানে নেই। তিন কোটি রেশন কার্ডের ডিজিটাইজেশনের কথা এখানে বলা হয়েছে কিন্তু আমি নিজে বুঝতে পারছি না, এ ব্যাপারটা কতটা সত্য। আমার নিজের ব্লক জয়নগর এক নম্বর ব্লকে এই মুহূর্তে ৫৫ হাজার মানুষের রেশন কার্ড নেই। বন্ধ চা বাগান তার কর্মীদের খাদ্যশস্য দেওয়ার কথা বলেছেন, এটা খুবই ভালো। কিন্তু বাগান খোলা যদি সম্ভব হত সেটা কিন্তু আরও পজিটিভ কাজ হত। সেই ব্যাপারে প্রস্তাব কিন্তু এখানে সত্যিকারের নেই। মৎস্য চাষ নিয়ে বলা হয়েছে। আর বাজারে গেলে তো মাছের আকাল, বাঙালি কিন্তু তার পাতে মাছ পায় না। ফলে এই ব্যাপারটা কোঁথায় গিয়ে দাঁড়াচ্ছে বুঝতে পারছি না। এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন। স্বাস্থ্যের ক্ষেত্রে অনেক কথা বলা হয়েছে। আমি যে কথাটা বলতে চাইছি—ক্ষুদ্র অভিজ্ঞতা, আমার কিছু ব্লকের হাসপাতাল, ব্লক হাসপাতাল এবং তার কিছু হাসপাতালগুলোর জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে বার বার বলেছিলাম। সেখানে কিন্তু এখনও পর্যন্ত এক ইঞ্চিও পরিবর্তন হয়নি। শিক্ষার ক্ষেত্রে নতুন নতুন বিশ্ববিদ্যালয় হয়েছে। তার জন্য আমরা ওয়েলকাম জানিয়েছি। সে বিশ্ববিদ্যালয় হওয়া দরকার ছিল। কিন্তু আমি এখানে যে কথাটা মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করাতে চাইছি যে, ২০০৭ সাল থেকে যে বিশ্ববিদ্যালয়গুলো হয়েছে বিগত সরকারের শেষের সময়ে সেই বিশ্ববিদ্যালয় কিন্তু এখনও ধুঁকছে পরিকাঠামোর অভাবে। ইউ.জি.সি.-এর স্বীকৃতি এখনও

কিন্তু তারা পায়নি। আপনি বলেছেন, রায়গঞ্জে ইউনিভার্সিটি করেছেন, আমি বুঝতে পারলাম না রায়গঞ্জের কোথায় ইউনিভার্সিটি হয়েছে এই সরকারের আমলে। এটা আমি বুঝতে পারলাম না। অলচিকি একটা স্ক্রীপ্ট জানি আপনার বক্তৃতায় চলে এল অলচিকি একটা ভাষা। এটা কি বললেন আমি বুঝতে পারছি না। কর্মসংস্কৃতির উন্নতি হয়েছে বলে আপনি দাবি করেছেন এবং সেই দাবি করতে গিয়ে শ্রমদিবস নষ্ট 'শূন্যে' নেমে এসেছে সেটা আপনি বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী আপনি কি জানেন, আপনার পাশে বসে আছে মাননীয় শ্রমমন্ত্রী কয়েকদিন আগে তিনি উত্তর দিয়ে বলেছেন যে, ৩.০৭ কোটি শ্রমদিবস এই রাজ্যে নষ্ট হয়েছে। এই নষ্টটা হয়েছে মালিকদের জন্য, লে অফ লকআউটের জন্য নষ্ট হয়েছে। তাতে শ্রমিকরা বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। আপনি আনন্দ পেয়েছেন এখানে যে, শ্রমিকদের ধর্মঘটের জন্য শ্রমদিবস নষ্ট হয়নি। শ্রমিকরা বাধ্য হয় ধর্মঘট করতে। কিন্তু মালিকদের জন্য যে শ্রমদিবস নষ্ট হয়েছে সেটা কিন্তু আপনার নজরে কোথাও এল না। আমার পরের কথা হল, পরিবহণের কথা। এখানে অনেক কথা বলা হয়েছে পরিবহণের ক্ষেত্র নিয়ে। পরিবহণের অবস্থা সত্যি খুবই খারাপ। আমি বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন দেখেছি, প্রচুর রুট তারা খুলেছেন। হয়তো অফিসিয়ালি রুট তারা খুলেছেন। সেই রুটগুলিতে সত্যি প্রাইভেট বাস চলছে কিনা জানি না। আমি গতকালই কলিং অ্যাটেনশনে একটা নোটিশ দিয়েছি। অধ্যক্ষ মহোদয় সেটা দেখে অ্যাডমিট করেছেন। একটা দীর্ঘদিনের রুট যেটা নিয়ে আমি নিজে এবং আমার আশপাশের এম.এল.এ.-রা বার বার মন্ত্রী মহোদয়ের কাছে বলেছি যে, এই রুটে বাস চলছে না। প্রায় ৫০ থেকে ৫৫ কি.মি.-এর একটা রুট সেট রুটে বাস চলছে না। এখনও পর্যন্ত বাস চালাবার কোনও ব্যবস্থা হয়নি। বহু রুট সেখানে কিন্তু অ্যাপ্রুভাল দেওয়া হয়ে গেছে বাস কিন্তু চলছে না। সরকারী বাস কেন চালানো হচ্ছে না সেটা আমি বুঝতে পারছি না। এখানে কর্মসংস্থানের কথা বলা হয়েছে। কর্মসংস্থান যদি সত্যি হয় তাহলে তো খুবই ভালো। গতবারের ১৩ লক্ষ কোথায় গিয়ে দাঁড়িয়েছে জানি না। এবারে ১৬ লক্ষ আপনি প্রোজেক্ট করেছেন। সেই ১৬ লক্ষ কর্মসংস্থান কোথায়, কিভাবে হবে জানি না। এটা কি এন.আর.ই.জি.এস.-এর কর্মসংস্থান ? তা কিন্তু সত্যি কর্মসংস্থান নয়। না হলে ভালো। কিন্তু এটা যদি পার্মানেন্ট, রেমিউনারেটিভ, সিকিউরড জব হয় তাহলে সেই কর্মসংস্থানের একটা সত্যিকারের মানে আছে। আজকে কলকারখানা সত্যি কিছু হচ্ছে না। নতুন নতুন কলকারখানা খুব বেশি হচ্ছে, তাতে প্রচুর জব সৃষ্টি হচ্ছে—বিষয়টা কিন্তু এ রকম নয়। তাহলে এত লক্ষ কর্মসংস্থান কোথায় হচ্ছে ? গতবারেও আমরা বুঝতে পারিনি, এবারেও কিন্তু সত্যিকারের বুঝতে পারছি না।

Fiscal deficit—গতকাল মাননীয় সদস্য নির্মলবাবু বলেছেন। Fiscal deficit 3.2% থেকে নেমে 1.8%, খুব সম্ভবত উনি বলেছেন ; নামিয়ে এনেছেন। কোথা থেকে ফিগার বলেছেন সেটা তিনি পরিষ্কার করেননি। কিন্তু আপনার কাছে আমার প্রশ্ন, এই Fiscal deficit কীভাবে bridge করবেন সেটা কিন্তু এখানে পরিষ্কার করে আসেনি। আজকে বহু প্রশ্ন আসছে, এখানে এসেছে, বিরোধীরাও বলেছেন, সরকার পক্ষ থেকেও

বলেছেন। তাঁরা রাস্তার কথা বলেছেন। রাস্তা তৈরির কথা প্রচুর বলেছেন। গীতাঞ্জলী বাড়ি তৈরির কথা বলেছেন। ITI কত হচ্ছে, না হচ্ছে, ইত্যাদি নানা প্রশ্ন এখানে উঠে এসেছে। অনেক সময় মন্ত্রীরা fumbling করেছেন। তাঁরা যে কথা বলেছেন সেগুলো সত্যিকারের, বাস্তবতার সঙ্গে তার সম্পর্ক নেই। পলিটেকনিক যেগুলো করবেন বলেছেন তার সঙ্গে বাস্তবতার কোনো সম্পর্ক নেই। আমি আপনাকে রিকোয়েস্ট করছি, একটা A.T.R. আপনি প্রকাশ করতে পারেন। Action Taken Report, অর্থাৎ periodically যদি একটা action taken report প্রকাশ করতে পারেন তাহলে ব্যাপারটা পরিষ্কার হবে যে সত্যিকারের যে প্রতিশ্রুতি আপনারা দিলেন সেই প্রতিশ্রুতিগুলোর কতটা কী করতে পারলেন না পারলেন। আমাদের কাছে পরিষ্কার হত সেই action taken report-র মধ্যে দিয়ে। এটা যদি periodically গভর্নমেন্ট রিপোর্টের মধ্যে দিয়ে আনতে পারেন তাহলে আমার মনে হয় গোটা ব্যাপারটা আমাদের কাছে অনেকটা পরিষ্কার হয়ে যাবে। কৃষির ক্ষেত্রে আপনারা বলেছেন। 'দার্জিলিং পাহাড় হাসছে'—হাসলে সত্যিই আমাদের ভালো লাগবে। কিন্তু আমার পয়েন্ট হচ্ছে, সেখানকার মানুষের ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের যে সমস্যা সেই সমস্যাটা দীর্ঘদিন ধরে আছে। বিগত সরকারের সময়ে পাহাড়ে সিঙ্কোনা এবং অন্যান্য যে ভেষজ উদ্ভিদ, সেই উদ্ভিদগুলো, যা আগে ইন্ডাস্ট্রি মিনিস্ট্রির আন্ডারে ছিল সেটাকে হর্টিকালচার মিনিস্ট্রির আন্ডারে এনেছে এবং হর্টিকালচার মিনিস্ট্রির আন্ডারের মধ্যে দিয়ে সত্যিকারের যে শিল্প, সেগুলো নিয়ে যে শিল্প গড়ে ওঠার সম্ভাবনা ছিল, সেই শিল্প গড়ে ওঠার সম্ভাবনাকে কিন্তু তারা সেখানেই শেষ করে দিয়েছেন। আপনার কাছে আমার রিকোয়েস্ট, আপনি তো ইন্ডাস্ট্রি মিনিস্টারও, আপনার কাছে আমার রিকোয়েস্ট, এই যে সিঙ্কোনা এবং অন্যান্য ভেষজ দিয়ে যে শিল্প কলকারখানা গড়ে উঠতে পারে এটাকে যদি আপনি হর্টিকালচার থেকে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টে নিয়ে যান এবং তার মধ্যে দিয়ে শিল্প কলকারখানা গড়ে তুলতে পারেন তাহলে সেটা সত্যিই কিন্তু অনেক পজিটিভ একটা কাজ হবে বলে আমার মনে হয়েছে। স্যার, আমি আরেকটা কথা বলার লোভ সামলাতে পারছি না। মাননীয়া মুখ্যমন্ত্রী এই যে crime on women এবং rape নিয়ে কিছু তথ্য দিয়েছেন এবং year-wise সেগুলো যে কমছে সে কথা তিনি বলেছেন। কথাটা হয়তো সত্যি। কিন্তু আমি যে কথাটা বলতে চাইছি, যেটা NCRB-র report-র মধ্যে দিয়ে বার বার আসছে সেটা হচ্ছে রেপে সেকেন্ড, next to M.P. সেকেন্ড নয় এটা কিন্তু কোথাও রিপিট হয়নি। সংখ্যা দিনের পর দিন কমছে সেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। কিন্তু second to M.P. এটা কিন্তু undone হয়নি রিপোর্টের মধ্যে দিয়ে। Crime on women— এখানে West Bengal first—সেটা নিয়েও কিন্তু বলা হয়নি। আমার বক্তব্য হচ্ছে, এই সমস্ত বিষয়গুলো নিয়ে যদি একটা আসত তাহলে আপনি যে কথাটা বার বার বলেছেন....

(এই সময় বক্তার মাইকে বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

ডাঃ নির্মল মাজী : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি পঞ্চদশ বিধানসভার বাজেট অধিবেশনের, ১৭ই ফেব্রুয়ারী ২০১৪ তারিখে ডঃ অমিত মিত্রের আনা

বাজেটের ওপর বিতর্কে অংশ গ্রহণ করে বিতর্কের আগে কয়েকটা কথা বলতে চাই। যখন আমাদের ফিরোজা বিবি এই সদনে তাঁর অন্তরের অন্তঃস্থল থেকে উপলব্ধি, চেতনা দিয়ে পুত্রহারা মায়ের অশ্রুজল ব্যক্ত করছিলেন তখন আমার মাননীয়, সম্মানীয় বিরোধী দলের বিধায়ক এবং কিছু বিধায়িকার ঠোঁটের কোণে হাসি দেখেছিলাম। আমার মনে পড়ে যাচ্ছিল পৌরাণিক সেই দিনকার ঘটনা। যেদিন দ্রৌপদীর বস্ত্র হরণ হয়েছিল এবং সেই সভাগৃহে দুর্যোধন এবং দুঃশাসন পৈশাচিক উল্লাসে মেতে উঠেছিল। আমার মনে পড়ে সেই দিনকার কথা যখন অন্ধ ধৃতরাষ্ট্র কৌরব বংশের ধ্বংস আসন্ন করেছিল। আজকে আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী এবং আমাদের 'ফিকি'র মহাসচিব, অর্থনীতির পণ্ডিত, অর্থমন্ত্রী অমিত মিত্রের মূল্যায়ন যে কে কী করছেন জানি না।

[4.30–4.40 p.m.]

জনমুখী বাজেটকে বিরোধী বন্ধুরা কটাক্ষ করতে পারেন কিন্তু এই বাজেট বাংলার ৯ কোটি আম জনতার বাঙালীর স্বপ্ন পূরণের অদম্য চেষ্টার বাজেট। এই বাজেট ১ লক্ষ ৯২ হাজার কোটির বাম ঋণ এবং মাথার উপরে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনার দায়কে উপেক্ষা করে তিন দশকের আর্থ-সামাজিক অবক্ষয়ের প্রেক্ষাপটে আসা পরিবর্তনের নতুন সরকার বাংলার ৯ কোটি মানুষের নয়নের মণি, বাংলার জন-গণ-মন অধিনায়িকা মমতা বন্দ্যোপাধ্যায়ের শুধুমাত্র আন্তরিক প্রয়াস, ঐকান্তিক প্রচেষ্টা এবং উত্তরাধিকার সূত্রে বাংলার কঙ্কালসার ক্ষয়িষ্ণু চেহারাকে আর্থ-সামাজিক অবক্ষয় থেকে গরীব মানুষের সামগ্রিক উন্নয়ন আমাদের লক্ষ্য। আমাদের লক্ষ্য পাখির চোখের মতো এই বাজেট আগের মতো কোনো প্রতারণা নেই, কোনো হিপোক্রেসি নেই। এই বাজেট আগের মতো কোনো অহেতুক সংখ্যাতত্ত্বের জটিলতা নেই। এই বাজেট সাদামাটাভাবে স্বচ্ছতার সঙ্গে, সততার সঙ্গে দায়বদ্ধতার সঙ্গে মানুষের স্বার্থে যাদের নুন আনতে পান্তা ফুরোয়, যাদের মাথার উপর আচ্ছাদন নেই, পায়ের নিচে ভিটে মাটি নেই, শত ছিন্ন মলিন পোশাকে থাকে ৩৩ বছর, ৩৪ বছরের বাম জমানায় যারা কিছু পায়নি, সর্বহারা, যারা জনগণতান্ত্রিক বিপ্লবের নামে এসেছিল, শ্রমজীবী মানুষের চেতনার কথা বলে এসেছিল, কৃষিজীবী মানুষের চেতনার কথা বলে এসেছিল তারা আদতে কিছুই করেনি। তারা করবে কি করে। কারণ শুধুমাত্র স্বাস্থ্য দপ্তরে ২০০১ থেকে ২০১০ সাল কি ওয়ার্ল্ড ব্যাঙ্ক, কি ডি.এফ.আই.ডি., কি ন্যাশানাল রুরাল হেল্‌থ মিশন, কি মেডিকেল সার্ভিস কর্পোরেশান বা এড্‌স সোসাইটি—কোটি কোটি টাকা চুরি হয়েছে। ২০০১ থেকে ২০১০ প্রায় ৬ হাজার কোটি টাকার আমরা স্ট্যান্ডিং কমিটি হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার থেকে ছত্রে ছত্রে সেখানে আর্থিক অনিয়ম, দুর্নীতি, স্বজন-পোষণের জ্বলন্ত দলিল দিয়েছি। মুখ্যমন্ত্রী ৬ মাসের একটি তদন্ত কমিশন করেছেন। তদন্ত কমিশনের রিপোর্ট তৈরি হয়েছে। তদন্ত কমিশনের রিপোর্ট বর্তমান হোম সেক্রেটারি, চিফ সেক্রেটারির সাথে আলোচিত হয়েছে কিন্তু আবার এই সদন থেকে—এই গণতন্ত্রের পবিত্র মক্কা, পবিত্র মসজিদ, পবিত্র মন্দির, পবিত্র গুরুদুয়ারা থেকে আমি আমার শ্রদ্ধেয় মা-মাটি-সরকারের নেত্রী, আমার আদর্শ, বাংলার ৯ কোটি মানুষের স্বপ্নপূরণের যিনি দিশারী তাঁর কাছে আবেদন করতে চাই যে ওই রিপোর্টের ভিত্তিতে যেন এফ.আই.আর. লজ করে যাদের বিরুদ্ধে....

মিঃ স্পীকার : আপনি কমিটির রিপোর্ট নিয়ে এখানে কিছু আলোচনা করবেন না, please, don't disclose.

ডাঃ নির্মল মাজী : কমিটির রিপোর্ট তো হয়ে গেছে, তদন্ত কমিশন হয়ে গেছে। তদন্ত কমিশন শেষ, তদন্ত কমিশন ৬ মাস আগে শেষ হয়ে গেছে। তদন্ত কমিশনের পরে যেন একেবারে দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি দিক। তখন স্বাস্থ্য ক্ষেত্রে হবে কি করে ? যেখানে ন্যাশানাল রুরাল হেল্‌থ মিশনের কোটি কোটি টাকা এসেছে সেখানে এমন এমন জায়গায় ডিজিটাল এক্স-রে মেশিন, আল্ট্রা সোনোগ্রাফি মেশিন, স্ক্যান মেশিন পাঠানো হয়েছে যেখানে কোনো রেডিওলজি ডিপার্টমেন্টই ছিল না। যেখানে কোনো ইলেকট্রিক সিস্টেম ছিল না সেখানে ইলেকট্রনিক্স গেজেট পাঠানো হয়েছে। তাই কোটি কোটি টাকার মেশিন বাক্সবন্দী অবস্থায়, মেশিনগুলো জল চুঁইয়ে পড়ে, মরচে পড়েছে, নষ্ট হয়েছে। তাই সেগুলো ডাস্টবিনে, গ্যারেজে ড্যাম্প করে রাখা হয়েছে। তাই এই তদন্তের পরে যে কমিশন হয়েছেন কমিশনের রিপোর্ট এবং কমিশনের রিপোর্টের ভিত্তিতে আমরা চাই দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি। আমাদের ক্রাইম ব্যুরো রিপোর্ট ২০০৯—নারীদের শ্লীলতাহানি হয়েছে ২৩৩৬, ২০১০-এ ২৩১১, ২০১১-তে ২৩৬৩, ২০১২-তে ২০৪৬, ২০১৩-তে ১৫৯০। ক্রাইম ব্যুরো রিপোর্ট কলকাতায় ২০১২-তে ৬৮, দিল্লিতে ৫৮৫। মুম্বইয়ে ২৩২, চেন্নাইয়ে ৯৪, ব্যাঙ্গালোরে ৯০ এবং আমাদের ঐতিহাসিকভাবে ২৬টি নতুন পুলিশ স্টেশন, ২০টি মহিলা পরিচালিত থানা, ৫টি পুলিশ কোর্ট এবং ৬টি coastal police station করা হয়েছে। ২৩ লক্ষ কিষাণ ক্রেডিট কার্ডের আমরা দিতে পেরেছি ১৭৬টি কিষাণ বাজারের মধ্যে ৩৪৬টি ব্লকের মধ্যে আমরা কাজ আরম্ভ করতে যাচ্ছি। ১০৭টি অলরেডি স্টার্ট হয়ে গেছে। ৫০ হাজার যেখানে টার্গেট ছিল সেখানে আমরা PMGSY-তে আমাদের টাকা দেয়নি। তবুও রাস্তাগুলো আমরা নতুন করে নির্মাণ করছি। আমরা polio free বাংলার জন্য সচেষ্ট হয়েছি এবং polio free ইন্ডিয়া শীঘ্রই ঘোষণা হবে। স্বাস্থ্য ক্ষেত্রে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমাদের রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের—সারা বাংলায় যে ৩৬টি Sick New Born Care Unit চালু হয়েছে, তার ১২টি অতি শীঘ্র চালু হচ্ছে। ১২৪টি Sick New Born Stabilization Unit সত্বর চালু হয়েছে। আমরা বিশ্বাস করি মাতৃজঠর থেকে বেরিয়ে যখন সদ্যোজাত শিশু নতুন সূর্যের আলো দেখে, নতুন পৃথিবীকে দেখে তার যেন একটিও অকালে ঝরে না পরে, তার জন্য আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্তরিক প্রয়াস, ঐকান্তিক প্রচেষ্টা। এই বাংলার নবজাগরণ হচ্ছে ফেয়ার প্রাইস মেডিসিন শপ। আমাদের যাদের নুন আনতে পান্তা ফুরোয়, যাদের ওষুধ কেনার ক্ষমতা থাকে না, যারা দিন আনে দিন খায়, যারা শহর কলকাতায় দালালের চক্রে পড়ে ঝাঁ চকচকে কর্পোরেট হাউসে আশ্রয় নেয়, ভেন্টিলেটরে ডেডবডি পড়ে থাকে, বিলের মিটার ওঠে, তারা সর্বস্বান্ত হয়, তাদের ভিটেমাটি বিক্রি করতে হয়, স্ত্রী, মায়ের গহনা বন্ধক দিতে হয়। সুদখোর মহাজনের কাছে চড়া সুদে ধার করা হয়। তাদের বাঁচানোর জন্য, তাদের স্বপ্নপূরণের জন্য বাংলায় এক রেনেশাঁস, বাংলায় এক নব জাগরণ,

সেই নব জাগরণের কেন্দ্রবিন্দু হচ্ছে ফেয়ার প্রাইস মেডিসিন শপ। ফেয়ার প্রাইস মেডিসিন শপ, আমাদের যারা বিমাতৃসুলভ আচরণ করে, যারা আমাদের রাজ্য সরকারের কোষাগারের ন্যায্য টাকা দেয় না, তারাও কিন্তু প্রশংসা করেছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ঘোষণা করেছেন প্রত্যেকটি রাজ্য যেন বাংলার রোল মডেলকে, বাংলার রোল মডেল ফেয়ার প্রাইস মেডিসিন শপকে তারা যেন অনুসরণ করে এবং গরীব মানুষের স্বার্থে তারা যেন এই স্বপ্ন পূরণ করে। নিশ্চয় এটাও আমাদের প্রশংসার দাবি। আরবান সেক্টরে আমাদের হাওড়া জেলা হাসপাতাল ভারতবর্ষের সর্বসেরা জেলা হিসাবে স্বীকৃতি পেয়েছে। আমাদের মাননীয়া রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য স্বাস্থ্য মন্ত্রকে গিয়ে প্রাইজ নিয়ে এসেছেন। এটাও আমাদের মহৎ পাওয়া। আমাদের মাদার এবং চাইল্ড হাব সেন্টার—এম.সি.এইচ. হাবগুলো ১২টি আমরা চালু করতে যাচ্ছি। এর ফলস্বরূপ রাজ্যে প্রসূতি মৃত্যুর হার maternity death rate ১৪৫ থেকে কমে ১১৭-তে দাঁড়িয়েছে। সেটা একটা রেকর্ড। digital X-ray, MRI, C.T. scan, dialysis পি পি পি মডেলে ২০১৪ সালের সেপ্টেম্বরের মধ্যে চালু হবে ৪৭টি সরকারী হাসপাতালে রোগ নির্ণায়ক পরিষেবা প্রদানের জন্য। আমরা রাজ্যে ৯টি ট্রমা কেয়ার সেন্টার চালু করতে চলেছি। সরকারী-বেসরকারী যৌথ উদ্যোগে কোচবিহার, নদীয়ার ধুবুলিয়া, ২৪ পরগনার ভাঙড়, দার্জিলিংয়ের কার্শিয়াংয়ে একটি করে চারটি নতুন মেডিকেল কলেজ হাসপাতাল তৈরি করতে যাচ্ছি। বিগত আড়াই বছরে তিনটি মেডিকেল কলেজ এবং তিনটি নার্সিং ট্রেনিং কলেজ আমরা ইতিমধ্যেই তৈরি করেছি। রাজ্যের সাতটি ফেয়ার প্রাইস মেডিসিন শপ সমগ্র দেশের এবং বিশ্বের নজর কেড়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর মানসকন্যা 'কন্যাশ্রী' প্রকল্পটি রাজ্যে ব্যাপক সাড়া জুগিয়েছে। আমরা মনে করি ভারতবর্ষের বাংলা যেখানে এক নম্বরে ছিল, স্বাস্থ্যক্ষেত্রে যেখান থেকে নেমে আঠারো নম্বরে এসেছে। আমরা মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্ন পূরণ, তার যে আদর্শিত পথ, উন্নয়নের যে কর্মযজ্ঞ চলছে তার মাধ্যমে ভারতসেরা বিশ্বমায়ের যন্ত্রণাটি সমৃদ্ধ। জীবনদায়ী ওষুধের সংস্থান করে বাংলার ৯ কোটি মানুষের স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণ করতে চাই। এই বলে আমার বাজেট ভাষণের শেষে—আমি আর এক মিনিট সময় চেয়ে নিচ্ছি। পরিশেষে আমি এই বাজেটকে সর্বাত্মক সমর্থন করে বলি—এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান, জীর্ণ পৃথিবীতে ব্যর্থ মৃত, আর ধ্বংসস্তূপ পীঠে চলে যেতে হবে আমাদের সকলকেই। চলে যাব, তবুও আজ যতক্ষণ দেহে আছে প্রাণ, প্রাণপণে এ পৃথিবীর সরাব জঞ্জাল। এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমরা, নবজাতকের কাছে এ আমাদের সরকারের দৃঢ় অঙ্গীকার। আমরা জীবনানন্দের রূপসী বাংলা, রবীন্দ্রনাথের সেরা বাংলা আমাদের সরকারের দৃঢ় অঙ্গীকার। আমরা জীবনানন্দের রূপসী বাংলা, রবীন্দ্রনাথের সেরা বাংলা.... (এই সময় মাইক অফ হয়ে যায়)

[4.40–4.50 p.m.]

শ্রী বিরাম মান্ডি : মাননীয় স্পীকার স্যার, এই পবিত্র হাউসে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন—**আয়, ব্যয়, নিজস্ব কর আদায়ের** লক্ষ্যমাত্রা, ঘাটতি ইত্যাদি সব

লেখা আছে। কোথায় কি আছে, না আছে সবটা সবাই পেয়েছেন জানেন, আমি সেগুলো আর পুনরায় বলছি না। শুধু কেবলমাত্র কয়েকটি বিষয়ে আমি বলব যে, বাজেট আমরা নিয়মিত দেখেছি। প্রতিবছর বাজেট বাড়তে থাকে, জিনিসপত্রের দাম যখন বাড়ে সবটাই বাড়ে কিন্তু বাজেটের বাস্তব রূপায়ণটা কি সেই বিষয় নিয়ে আমি কয়েকটি কথা বলছি কয়েকটি দপ্তরের—এতো সময় নেই, প্রথমে শুরু করছি কৃষি বিপণন দপ্তরের ২২৫ কোটি টাকা ধরা আছে। তো আমরা কিছুদিন আগে শুনেছি যে, সমবায়ের যা অবস্থা—পূর্ব মেদিনীপুরে এখন একটা শ্লোগান বেরিয়েছে—সবে মিলে মারি আয় তার নাম সমবায়। সমবায়ের অবস্থা দেখে যাতে শেষ করা যায় তার সব রকমের ব্যবস্থা তৈরি করেছে বর্তমান সরকার। আর গ্রামোন্নয়নের বরাদ্দের টাকা বাড়ানো হয়েছে। মন্ত্রী বলেছেন নাকি ১০০ দিনের অনেক কাজ হয়ে গেছে। কিন্তু আমরা দেখছি সর্বোচ্চ ২৬। আর এই কাজটা করতে গিয়ে আমরা যা দেখলাম আমাদের গ্রামাঞ্চলে—একটা প্রকল্পের কথা বলছি, সেখানে ২৬০০ ম্যানডেজের কাজ ছিল। বর্তমান শাসকদলের লোকেরা কাজ করেছেন সেখানে ১১০০ ম্যানডেজের, আর প্রধান, উপপ্রধানকে সব তালাবন্দী করে শেষে তাদেরকে খুলতে যেতে হয়েছে আই.সি.-কে, বি.ডি.ও.-কে, প্রধান অফিসারকে এবং ২৬০০ ম্যানডেজের টাকা দিতে বলে দেওয়া হয়েছে। এই অবস্থা হয়েছে। আর যে কাজগুলো হচ্ছে প্রত্যেকটি জায়গায় এখন কোথায়-কোথায় জে.সি.পি., ট্রাক্টার, মাটি বইছে, জে.সি.পি. কাটছে, আর অনেকের নাম যারা কাজের সাথে যুক্ত নয়, তাদের নাম দিয়ে টাকা তোলার ব্যবস্থা হয়েছে। তার কিভাবে উন্নয়ন হবে বলা মুশকিল। আমি যাচ্ছি যুব কল্যাণ দপ্তরের কয়েকটি বিষয় নিয়ে—১৩০ কোটি টাকা আছে। এখন কি বলা যাবে ? বি.ওয়াই.ও. নেই। ফুটবল, ভলিবল—ক্রীড়া সামগ্রী যা যাচ্ছে, সব এখন লুঠপাঠ শুরু হয়ে গেছে। যুব উৎসব বলে যা হচ্ছে সেখানে কারা কত বেশি ভাগ পাবে তার জন্য মারপিট শুরু হয়ে গেছে অনেক জায়গায়—আমরা যা দেখছি। আর নারী উন্নয়ন—অনেকে অনেক তত্ত্ব-টত্ত্ব বললেন, আমি অত তত্ত্ব-টত্ত্বে যাব না। একটা বিষয় জানি যে, নারী উন্নয়ন কি হয়েছে বর্তমান দৃষ্টান্ত আছে পার্ক স্ট্রিট, কাটোয়া, কামদুনী, খরশুনা, গেদে, গাইঘাটা—আরও অনেক-অনেক জায়গা বলা যাবে না। আমাদের নারীর সম্মানটা যে কোন জায়গায় সেটা মোটামুটি বুঝতে পেরেছি। আর যদি কেউ বলেন নারীর বিষয়ে, তাহলে আবার ওই দময়ন্তী সেনের মতো অবস্থা হবে। তাই আর বেশি কেউ কিছু করতে চাইছে না। আর যদি কোনো রিপোর্ট-টিপোর্ট দিতে হয়, তাহলে ওই ডাক্তার গড়াইয়ের মতো অবস্থা হয়ে যাবে। ডাক্তারদের রিপোর্ট না প্রকাশিত হয় এই অবস্থায় চলে যাচ্ছে। আর পুলিশ দপ্তরের বরাদ্দ বেড়েছে। অনেকে যদিও বাজেটের টাকা আগে খরচ হয়নি কেন্দ্রীয় সরকার দিয়েছেন, মাওপ্রবণ এলাকা, ১০টি থানা, বর্তমানে আবার ২০টি হবে, ৮৮টি ফাস্ট ট্র্যাক কোর্ট, ৪৫টা মহিলা আদালত, ১৯টা মানবাধিকার কোর্ট, ৩টি সি.বি.আই. কোর্ট ইত্যাদি, ইত্যাদি। অনেক কিছু লেখা আছে। সিভিক পুলিশ ১ লক্ষ ৩০ হাজার। আর যা করছে এখন দিনের পর দিন সন্ত্রাস, জরিমানা, পঞ্চায়েত দখল, অফিস দখল, ইউনিয়ন দখল, স্কুল-কলেজ দখল। আর গ্রামে-গ্রামে গ্রাম দখল, এলাকা দখল চলছে। আর নির্বাচিত পঞ্চায়েত সদস্যরা সব জেলে যাচ্ছে, খুন হচ্ছে, আর দামাল

ছেলেরা ঘুরে বেড়াচ্ছে, আইনিভাবে তাদের কিছু করা যাচ্ছে না। গতকালকে পর্যন্ত একটা গ্রাম পঞ্চায়েত, যাতে গ্রাম পঞ্চায়েত সদস্যরা অফিসে না যায়, যাতে অন্যান্য সাধারণ মানুষ না যায়, তাদেরকে ধমক দেওয়া হচ্ছে। আইনশৃঙ্খলা এই অবস্থায় চলে গেছে। বাজেট কিন্তু বাড়ছে। আর শিল্প-বাণিজ্যে ৫৫৪ কোটি টাকা মাননীয় মন্ত্রী বলছেন। এখানে বেঙ্গল লিডস হল, শিল্পমেলা হল, গান হল, কিন্তু দুঃখের বিষয় একটাও কোনো বড় শিল্প আমাদের বাংলায় এসেছে তার নামটাও পাওয়া গেল না। উচ্চশিক্ষায় ৩৪২.৯৫ কোটি, মানে ৩৪৩ কোটি টাকার মতো হয়ে যাবে। মহামান্য আদালত বলবে শিক্ষক নিয়োগ হবে কি হবে না। এস.এস.সি. পরীক্ষা কবে হবে তার কোনো ঠিক নেই। আর কলেজে বর্তমানে যা চলছে বোমা, বন্দুক, বারুদের আড়ৎ হয়ে গেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে অনেকবার বলেছেন ৯০০টি অলচিকি হরফে সাঁওতালি ভাষায় স্কুল হবে। ১৮০০ জন শিক্ষক নিয়োগ হবেন। আপনারা রিপোর্টে বলেছেন না কি আমাদের এক হাজার কত নিয়োগ হয়ে গেছে। আমি দায়িত্ব নিয়ে বলছি একটাও নিয়োগ হয়নি। এটা ঘোষণাই থেকে গেছে, একটাও নতুন অলচিকি স্কুল বা অলচিকির শিক্ষক, যারা সাঁওতালি ভাষায় পড়াবেন, নিয়োগ হয়নি। আর বাজেটে তো যা আছে দেখছি হচ্ছে আর হবে, ব্যবস্থা করা হয়েছে। আর পর্যটন কেন্দ্র, জঙ্গলমহলের কাঁকড়াঝোরে পর্যটন কেন্দ্র ছিল। আপনারা তো জিতেছেন ওই এলাকায়। এখন দেখা যাচ্ছে সেখানে কাঁকড়াঝোর আর নেই, আগের লোকেরা সব শেষ করে দিয়েছে। আর তথ্য-সংস্কৃতি দপ্তরের কয়েকটি বিষয় বলি মেলা, গান মেলা, বলিউড, টলিউড, সাগর মেলা, সৈকত মেলা অনেক কিছু হচ্ছে। কিন্তু দেখা গেল যে, ওই মনীষীদের জন্মদিন হচ্ছে। পণ্ডিত রঘুনাথ মুর্মুর জন্মদিন হুল দিবস, বিরসা মুন্ডার জন্মদিন পালন হয়নি। বিরসা মুন্ডা একাডেমি হবে, তাও কিন্তু হয়নি। আর জনস্বাস্থ্যের কথা না বলাই ভালো, খারাপ অবস্থা। শিশু মৃত্যুর মিছিল চলছে। আর যে বিষয়টা বলে শেষ করব প্রাণী সম্পদে বি.এল.ডি.ও. নেই, বি.এল.ও. নেই, এল.ডি.এ. নেই, ভি.এস. নেই। (এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের আনীত বাজেটে আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য আমি সবিশেষ গর্বিত এবং এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। এই বাজেট স্বচ্ছ, সহজ, সরল, উদ্ভাবনী শক্তিতে ভরপুর। সাধারণ মানুষ থেকে চাকুরিজীবী, ব্যবসায়ী, খেটে খাওয়া মানুষ, বেকার যুবক-যুবতীদের ক্ষেত্রে এটা এক আশা পূরণের, আকাঙ্ক্ষা পূরণের বাজেট। ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী জহরলাল নেহরু বলেছিলেন, "জীবনে কোনো পর্যায়ে যদি বিবেক তোমাকে বলে, পূর্ববর্তী প্রতিজ্ঞা তোমাকে সত্যের পথ থেকে বিচ্যুত করছে, তবে মূর্খের মতো সেই প্রতিজ্ঞাকে তুমি জড়িয়ে ধরো না। জীবন বড় এবং জবানও বড়, তার চেয়েও বড় বিবেকের স্থান।" আমি মনে করি ২০১৪-১৫ এই অর্থ বাজেট বাংলার মুখ্যমন্ত্রী এবং তাঁর অর্থমন্ত্রী সেই বিবেকেরই প্রতিফলন। আমরা সবাই জানি দীর্ঘ ৩৪ বছর ধরে বাম জমানায় এই বঙ্গভূমি ভারতবর্ষের মানচিত্রে দেউলিয়া ভূমিতে পরিণত হয়েছিল। শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, সমাজ, সভ্যতা সমস্ত

কিছুতে বন্ধ্যাত্ব এনে দিয়েছিল। বাঙালির মনে জন্ম দিয়েছিল দিশাহীনতা, আদর্শহীনতা, নৈতিকতা-হীনতা। আর আমাদের পরিবর্তনের সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, তার মানবতার মর্মস্পর্শী হাত দিয়ে এই বাজেটে অর্থমন্ত্রীর মধ্যে দিয়ে যে দিশা দেখিয়েছেন, আমি মনে করি স্বাধীনোত্তরপূর্ব স্বাধীনোত্তর বাংলায় ভারতবর্ষে মমতা ব্যানার্জীকে নতুন পথের দিশারী হিসেবে চিহ্নিত করা হোক।

[4.50–5.00 p.m.]

মাননীয় চেয়ারম্যান স্যার, জঙ্গল থেকে পাহাড়, দীঘার সমুদ্র সৈকত থেকে বীরভূমের লালমাটি, রাঙামাটি, সর্বত্রই পরিবর্তনের সরকার আজ যেমন সাফল্যের mile stone ছুঁতে পেরেছে, তেমনি সেখানে বিরাজ করছে অনাবিল আনন্দ ও শান্তি। সেখানে শান্তি আনন্দ প্রতিষ্ঠা করতে এই সরকার বদ্ধপরিকর হয়েছে। ৩০ বারেরও বেশি আমাদের মুখ্যমন্ত্রী তাঁর সফরের মধ্যে দিয়ে, তাঁর কাজের মধ্যে দিয়ে, তাঁর উন্নয়নের মধ্যে দিয়ে মানুষের মধ্যে সাহস জুগিয়েছেন, মনোবল জুগিয়েছেন। তাই তো আজ পাহাড় হাসছে, জঙ্গল হাসছে, আর এরা দুঃখ করছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি দুঃখ পাই, বেদনা পাই, আশাহত হই যখন দেখি গতকাল পেছনের দরজা দিয়ে, নৈতিকতা, আদর্শের বিন্দুমাত্র পরোয়া না করে তেলেঙ্গানা বিলকে পাশ করানো হয় শুধুমাত্র রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য। তখন বাংলার মুখ্যমন্ত্রী united Bengal, united India এই মন্ত্রে দীক্ষিত হয়ে পাহাড়ের সমস্যাকে সমাধান করে বিশ্বের কাছে অনুসরণীয় হয়ে উঠেছেন। আমি গর্ব অনুভব করি বাংলার জন্য, বাংলার মুখ্যমন্ত্রীর জন্য। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, পরিকল্পনা, রাজনৈতিক স্বার্থ চরিতার্থতার জন্য ৬৯,০৬৫.৮১ কোটি টাকা মূলধন ও সুদ বাবদ কেটে নিয়ে যাওয়া সত্ত্বেও যে বাংলা এগিয়ে চলেছে তার প্রমাণ দেখবেন growth rate-এর মধ্যে দিয়ে। যখন ভারতবর্ষে growth rate ৪.৯%, তখন বাংলার growth rate ৭.৭%। যখন agriculture-এ ৪.৬% ইন্ডিয়াতে, তখন আমাদের বাংলাতে ৫.২৮%। Industry-তে ভারতে যখন ০.৭, তখন বাংলাতে ৯.৫৮। আর সার্ভিসে যখন 6.9% India-তে তখন Bengal-এ 7.8%। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা মাথায় নিয়ে যখন বাংলাকে পিছিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, তখন মমতা ব্যানার্জীর হাত ধরে বাংলা যে এগিয়ে চলেছে এ স্বীকার করতেই হবে। আমরা দেখছি মমতা ব্যানার্জী নিজেকে একজন সমাজ সংস্কারক এবং দক্ষ প্রশাসক হিসাবে বিকশিত করতে পেরেছেন। কবির ভাষায়—'নারীকে আপন অধিকার জয় করিবার কেন নাহি দিবে অধিকার।' বিবেকানন্দ বলেছিলেন, 'না জাগিলে ভারত ললনা এ ভারত জাগে না জাগে না।' মমতা ব্যানার্জী মনে প্রাণে একথা বিশ্বাস করেন, তাই তো তাঁর মস্তিষ্কপ্রসূত কন্যাশ্রী, যুবশ্রী, যা সারা ভারতবর্ষকে নতুন করে জাগিয়ে তুলেছে। আমরা নিশ্চিতভাবে বলতে পারি, ২০১৪-১৫-তে ২০ লক্ষ টার্গেট নেওয়া হয়েছে। ১৫ লক্ষ এর প্রকল্প আওতায় এসেছে। এই মার্চের মধ্যে নিশ্চিতভাবে পারব। আমরা দেখতে পাচ্ছি আন্তর্জাতিক সংস্থাগুলো এগিয়ে আসছে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি কয়েকটা কথা

বলতে চাই। যেমন আমাদের fair price medical shop একটি যুগান্তকারী দৃষ্টান্ত। আমাদের কমিউনিস্ট বন্ধুদের বলব, আমাদের বামপন্থী বন্ধুদের বলব, ভিয়েতনামে যাওয়ার দরকার নেই, সোভিয়েতে যাওয়ার দরকার নেই, চীনে যাওয়ার দরকার নেই, যান গ্রাম ভিত্তিক সদর শহরে, সেখানে দেখে আসুন কিভাবে দুঃস্থ মানুষেরা, গরীব মানুষেরা সাহায্য পাচ্ছে। আমাদের মন্ত্রী, বিধায়ক, সরকারী আধিকারিকদের সম্মিলিত প্রচেষ্টায় একই সঙ্গে ৩৩৪৯টি গ্রামীণ রাস্তা নির্মাণের যে সূচনা হয়েছে গত ৭ই জানুয়ারী, তাতে 'গ্রামছাড়া ঐ রাঙা মাটির পথ' আগামী দিন খুঁজে পাওয়া সত্য দুষ্কর হবে বলে আমার বিশ্বাস। ১৬ হাজার কিলোমিটার গ্রামীণ রাস্তা আগামী দিনে গ্রামীণ শিক্ষিত যুবক-যুবতীদের কাছে রুর‍্যাল সাইবার বেঙ্গল উপহার দিতে সচেষ্ট হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, স্বাস্থ্যের দিকে বলতে পারি, 'ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে।' এটা আমাদের অনুধাবন করা দরকার। শিশু মৃত্যুর হার কমানোর জন্য আমাদের সরকার ৩৬টি SNCU চালু করেছে, আরও হবে। ১২৪টি SNSU চালু হচ্ছে। NICU, PICU বিভিন্ন জেলার জেলা হাসপাতাল ও মহকুমা হাসপাতালে চালু হচ্ছে। ১২টি mother and child care (HUB) centre, ৪৭টি হাসপাতালে MRI, CT Scan, digital X-ray, dialysis Unit চালু হচ্ছে। ৯টা ট্রমা কেয়ার ইউনিট সেন্টার আমরা তৈরি করেছি। ৪টি মেডিকেল কলেজ তৈরি করা হয়েছে। সিট বাড়ানো হয়েছে। স্বাস্থ্য পরিষেবা কল্যাণ দপ্তর নারী উন্নয়ন, সমাজ কল্যাণ শিশু বিকাশ দপ্তরের ক্ষেত্রে দু হাজার দুশো এগারো দশমিক ছয় কোটি টাকা। সাত হাজার সাতশো ছিয়াত্তর কোটি টাকা, দু হাজার চারশো কুড়ি কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে। আর সংখ্যালঘু মানুষদের কথা বলি। পিছিয়ে পড়া মানুষদের কথা বলি। যেখান থেকে আমিও উঠে এসেছি। আমি নিশ্চিতভাবে বলতে পারি সংখ্যালঘুদের ৩৪ বছর ধরে যাদের শুধু ভোট ব্যাঙ্ক হিসাবে ব্যবহার করেছে, তাদের কথা বলেনি। শুধু মায়াকান্না কেঁদেছে। আমার সরকার, পরিবর্তনের সরকার তাদের অর্থনৈতিক, তাদের সামাজিক, তাদের শিক্ষা, তাদের স্বাস্থ্য সমস্ত কিছুর উন্নয়ন করার জন্য তাদের পাশে দাঁড়িয়েছে। তাই আমরা দেখতে পাই ২০১১ থেকে ২০১৪ ৫৭ লক্ষ প্রি ম্যাট্রিক এবং ম্যাট্রিক বৃত্তি প্রদান করা হয়েছে। দু লক্ষ ছাত্র-ছাত্রীকে অলরেডি সাইকেল প্রদান করা হয়েছে। বিভিন্ন স্থানে, বিভিন্ন স্কীমে ৫৫০ কোটি টাকা খরচ করেছি। ১৮টি সংখ্যালঘু ভবন তৈরি করেছি। এছাড়াও, ১৪শো কবরস্থানে আমরা তাদের সুরক্ষিত করার জন্য ৬৬ কোটি টাকা খরচ করেছি। শুধু বলি সারদা নিয়ে। বিরোধী বন্ধুরা সারদা নিয়ে অনেক কথা বলেছেন। আপনারা ভুলে গেছেন আপনাদের হাত ধরে সঞ্চয়িতা হয়েছে, আপনাদের হাত ধরে সঞ্চয়িনী হয়েছে, আপনাদের হাত ধরে ওভারল্যান্ড হয়েছে, আপনাদের হাত ধরে ভেরোনো হয়েছে। সে কথা ভুলে গেছেন ? আর আমাদের মমতা ব্যানার্জী, আমাদের মুখ্যমন্ত্রী কোনো কিছুর জন্য সত্যকে তিনি বিসর্জন দেন না। তিনি তাই চার লক্ষ মানুষের পাশে দাঁড়িয়ে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি শুধু বলতে চাই শিক্ষার ক্ষেত্রে আমূল পরিবর্তন আনা হয়েছে। তা দৃষ্টান্ত স্থাপন করেছে। আগামীদিনে নিশ্চয়ই এগিয়ে যাবে। আয়করের ক্ষেত্রে আমরা দেখেছি সরলীকরণ করা হয়েছে। সংস্কার করা হয়েছে ভ্যাটের। যারা আয়কর ফাঁকি দেয় তাদের জন্য কঠোর ব্যবস্থা নেওয়ার কথা

বলেছেন মাননীয় অর্থমন্ত্রী। শুধু শেষ করব। শুধু বলব বিগত সরকারের আমলে তমসাঘন অন্ধকারাচ্ছন্ন বাংলার কথা আপনারা ভুলে যান। আসুন আমরা সম্ভাবনাময় নতুন বাংলার কথা ভাবি। বাংলার জয়গান করি। সবার উপরে বিবেক যেন বিচরণ করে। আর বিশ্ব যেন তার জয়গান করে। আমি কবিতার একটি লাইন দিয়ে বলি 'মোদের এ দেশ রহিবে না পিছে, ঋষিরাজকুল জন্মে নিজে পিছে, দুদিনের তরে হীনতা সহিব জাগিবে আবার জাগিবে। আসিবে শিল্প ধনবাণিজ্য আসিবে বিদ্যা বিনয় বীর্য্য। আসিবে আবার আসিবে। আমি সমস্ত সদস্যকে বলব এই বাজেটকে সমর্থন করে বাংলাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সামিল হোন। ধন্যবাদ। নমস্কার।

শ্রী অরুণাভ সেন : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের আনীত বাজেটের সমর্থনে আমি দু-একটি কথা আপনাদের কাছে পেশ করি। ২০১৪-১৫-র বাজেট পশ্চিমবাংলার হৃতদরিদ্র গরীব মানুষগুলোর কাছে একটা অন্য উন্নয়নের দিশার সঞ্চার করেছে নিশ্চিতভাবে। আমরা বিগতদিনে এই হাউসে বিগত রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রীর বাজেট পেশ দেখেছি। যে বাজেটের মধ্যে শুধুমাত্র শব্দের কলকলানি। আমরা দেখেছি একের পর এক মিথ্যা সম্ভাষণ। একের পর এক মিথ্যা স্বপ্ন সৃষ্টি করা। আর এবারের বাজেটে আমরা দেখছি যে বাজেটে পশ্চিমবাংলার গরীব খেটে খাওয়া মানুষ, পশ্চিমবাংলার বেকার যুবকদের কাছে, পশ্চিমবাংলার কৃষকদের কাছে পশ্চিমবাংলার প্রতিটি মানুষের কাছে এক অন্য উন্নয়নের দিশা রেখে গেছে। কৃষি থেকে শুরু করে শিল্প, শিল্প থেকে শুরু করে স্বাস্থ্য, স্বাস্থ্য থেকে শুরু করে গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থান প্রতিটি ক্ষেত্রে বাংলার মানুষ নতুন করে স্বপ্ন দেখছেন এই বাজেটের উপর নির্ভর করে।

[5.00–5.10 p.m.]

আপনি যদি প্রথমেই বাজেটে কৃষির দিকে দৃষ্টি দেন, তাহলে দেখবেন পশ্চিমবঙ্গের ৭০% মানুষ এখনও পর্যন্ত কৃষি জীবিকার সঙ্গে জড়িত। গ্রাম্য এলাকায় তারা বসবাস করেন। কৃষি আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অন্যতম ভিত্তি, যে ভিত্তিকে বিগত দিনে বামফ্রন্ট সরকারের একের পর এক দুর্বৃত্তায়ন, একের পর এক ভুল কৃষিনীতির ফলে ধ্বংস করে দিয়েছিল। শুধুমাত্র কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি করে কৃষির উন্নয়ন সম্ভব নয়। উৎপাদনের সঙ্গে সঙ্গে সেই উৎপাদিত ফসলকে সঠিকভাবে সংরক্ষণের মধ্য দিয়ে কৃষকের কাছে তার সুফল পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সরকারের একটা অন্যতম দৃষ্টান্ত হওয়া উচিত। যে দৃষ্টান্ত বর্তমানে মাননীয় অর্থমন্ত্রীর বাজেটের মধ্য দিয়ে আমরা দেখেছি। আমরা দু হাজার এগারো-বারো, বারো-তেরোতে দেখেছি পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের কাছ থেকে কৃষিকর্মণ পুরস্কার পেয়েছে। দু হাজার এগারো থেকে তেরোর ডিসেম্বর পর্যন্ত চোদ্দ হাজার চারশো দুই কোটি টাকা ব্যয় করে কৃষকদের মধ্যে তেইশ লক্ষ উননব্বই হাজার দুশো তিরানব্বইটি কিষাণ কার্ড বিতরণ করা হয়েছে। দু হাজার চোদ্দ সালের মার্চের মধ্যে আমাদের লক্ষ্য আঠাশ লক্ষ কে.সি.সি. বিতরণ করা। শুধু কে.সি.সি. বিতরণ করার মাধ্যমে

নয়, কৃষকদের কাছে তার কৃষিকাজের ব্যবহৃত যন্ত্রপাতি কেনবার জন্য ভর্তুকি দিয়ে সোজাসুজি কৃষকদের কাছে প্রেরণ করার ব্যবস্থা করা হয়েছে। ফলস্বরূপ ৬৭ হাজার কৃষক ইতিমধ্যে এই প্রকল্পের দ্বারা উপকৃত হয়েছে। অভিনব প্রকল্প আমরা দেখতে পেয়েছি এই বাজেটের মধ্য দিয়ে—'আমার ফসল আমার গোলা, আমার ফসল আমার গাই'। আমরা দেখতে পেয়েছি কৃষকদের আর্থিক অনুদান দেওয়ার চিন্তা এই সরকার করেছেন। আমরা দেখতে পেয়েছি পর্যায়ক্রমে বিভিন্ন ধরনের শস্যগোলা, ভ্যান রিক্সা এবং তার সঙ্গে মালপত্র রাখার ঝুড়ি ইত্যাদি কেনার জন্য কৃষকদেরকে ব্যবস্থা করা হয়েছে। বাংলায় এই সর্বপ্রথম খরিফ মরসুমে পেঁয়াজ চাষের ব্যবস্থা করা হয়েছে। আমরা দু হাজার চোদ্দ পনেরোর আর্থিক বছরে দেখতে পেয়েছি কৃষি খাতে বিগত বছরের থেকে টাকা বৃদ্ধি করা হয়েছে এক হাজার একশো সাতান্ন কোটি টাকা—কৃষি বিপণন খাতে। শুধু কৃষি উৎপাদন নয়, সেই উৎপাদিত ফসল বিপণনের ক্ষেত্রে সঠিক পথকে নির্দিষ্ট করা উচিত যে পথ বিগত দিনের সরকার করেননি। ফলে আমাদের এই পশ্চিমবঙ্গের কৃষক তাদের কোয়ালিটি থাকা সত্ত্বেও তাদের মধ্যে পোটেনশিয়ালিটি থাকা সত্ত্বেও তারা নিজেদের প্রতিষ্ঠিত করতে পারেননি। কিন্তু বর্তমান সরকারের এই বাজেটের মধ্য দিয়ে তাদের কাছে কৃষি বিপণনের যে নতুন পথ খুলে গেছে, তার দ্বারা নিশ্চিতভাবেই আগামীদিনে কৃষিজীবী মানুষ সমৃদ্ধশালী হবে। এবং বাংলা কৃষিক্ষেত্রে আগামীদিনে শুধুমাত্র উৎপাদন নয়, উৎপাদনের সঙ্গে সঙ্গে সংরক্ষণ এবং উৎপাদিত ফসল বিপণনের ক্ষেত্রে নতুন দিশার সঞ্চার ঘটাবে। এই কথা আমরা নিশ্চিতভাবেই বলতে পারি। আমরা দেখতে পাচ্ছি বিগত পশ্চিমবঙ্গ সরকারের আমলে স্বাস্থ্য পরিষেবা যে ভঙ্গুর অবস্থায় বাংলার মুখে পৌঁছেছিল, আজকে সেই স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি স্বাস্থ্যমন্ত্রী আমাদের, তিনি নতুন নতুন চিন্তা-ভাবনা নিয়েছেন। গরীব মানুষ হসপিটালে যারা চিকিৎসা করেন, তাদের জন্য এস.এন.ইউ.সি. সেন্টার চালু করেছেন ছত্রিশটি। শীঘ্রই আরও বারোটি এস.এন.ইউ.সি. সেন্টার চালু হতে চলেছে। আমরা দেখলাম এস.এন.এস.ইউ.সি. দপ্তর চালু হতে চলেছে একশো চব্বিশটি। যার দ্বারা আমাদের এখানে স্বাভাবিকভাবেই শিশু মৃত্যুর হার কমবে। আমরা দেখছি মাদার চাইল্ড কেয়ার ইউনিট তৈরি করা হচ্ছে। তার ফলে একশো পঁয়তাল্লিশ থেকে বর্তমানে একশো সতেরোতে শিশু মৃত্যুর হার নেমে এসেছে। স্বাস্থ্য পরিষেবার আমূল পরিবর্তন হয়ে গেছে। গ্রাম গঞ্জের মানুষ আজকে হসপিটালগুলিতে তারা ওষুধ পাচ্ছে। আমরা স্যার গ্রামের মানুষ। আমরা দেখেছি আগে মানুষ গ্রামের হাসপাতালে যেত। আর কিছুদিন পরে বর্ষাকাল আসছে। গ্রামের মানুষের কাছে এই কালটা একটা ভয়ঙ্কর দিন। সাপের কামড়ে মারা যেত। সাপের কামড়ের ওষুধ ব্লক হাসপাতালগুলিতে, রুরাল হাসপাতালগুলিতে পাওয়া যেত না আগে, কিন্তু আজকে মা-মাটি-মানুষের সরকারের আমলে পর্যাপ্ত পরিমাণে সেই ওষুধের ব্যবস্থা করা হয়েছে। ফলে আজকে সাপের কামড়ে মৃত্যুর হার কমেছে। স্যার, আপনি ভাবতে পারবেন না যেখানে ডেঙ্গু জ্বরের ক্ষেত্রে সারা পশ্চিমবাংলায় কলকাতার শহরের বুকে যেখানে মানুষের মধ্যে ভয়ের সঞ্চার ঘটেছিল, কিন্তু আমার ওখানে একটা গ্রামীণ হাসপাতাল আছে, আমরা যার

নামের সঙ্গে বলতাম কামেরও সামঞ্জস্য আছে। এর নাম ছিল পটলডাঙা হসপিটাল। যেটা বিগত বামফ্রন্ট সরকারের আমলে তৈরি হয়েছিল। ওদের আমলে এই হসপিটাল পটল তোলার আড়ত ক্ষেত্রে পর্যবসিত হয়েছিল। আমরা দেখলাম মা-মাটি-মানুষের সরকারের হাত ধরে সেই হাসপাতালের আমূল পরিবর্তন, যেখানে কলকাতা শহরে ডেঙ্গু মৃত্যু হার বৃদ্ধি পাচ্ছে সেখানে ওই ছোট গ্রামীণ হাসপাতালে সত্তর জন ডেঙ্গু রোগী ভর্তি হবার পরে সেখানে কোনো ট্রান্সফার হল না। প্রত্যেকে সুস্থ হয়ে অজকে সমাজের বুকে ফিরে গেল। যে নতুন দিশা পশ্চিমবঙ্গ সরকার সঞ্চার করেছে মানুষের মধ্যে—স্যার, সময় আমার কম, খুবই অল্প সময়—কর্মসংস্থানের ক্ষেত্রেও নতুন দিশা দেখিয়েছেন বর্তমান পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকার। একের পর এক নতুন বাজার তৈরি থেকে শুরু করে এবং আই.টি. ক্ষেত্রে যাতে নিয়োগের পদ্ধতি বাড়ানো যায়, সেই দিকে দৃষ্টি দেওয়া হয়েছে। পর্যটনের মাধ্যমেও যাতে কর্মসংস্থানের ব্যবস্থা করা যায়, তার দিকে দৃষ্টি দিয়েছে পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার। স্যার, সময় আমার কম, বলার অনেক ছিল। তা সত্ত্বেও আমি বলি, এই মানুষগুলো, যারা উল্টোদিকে বসে আছে—গ্রামে একটা কথা আছে—'এক কান কাটা পাড়ার বাইরে দিয়ে যায়, দু-কান কাটা পাড়ার ভেতর দিয়ে যায়।' স্যার, সূর্যবাবুরা দু-কান কাটা, তাই এদের লজ্জা নেই। তাই আজকে এই পবিত্র হাউসে দাঁড়িয়ে বড় বড় ভাষণ দিচ্ছেন। এদের দিকে তাকাতে, এদের সঙ্গে এক আসনে বসে আছি—এটা ভাবতে লজ্জা হয়। এই সমস্ত মানুষরা থাকলে বিধানসভার পবিত্রতা নষ্ট হবে স্যার, এই খুনিরা থাকলে। তাই আগামীদিন মানুষ এদের যোগ্য শাস্তি দেবে, এই আশা রেখে আমি অর্থমন্ত্রীর বাজেটকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম, নমস্কার স্যার।

শ্রী ধীরেন বাগদী : মাননীয় চেয়ারম্যান সাহেব, গত ১৭ তারিখ আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৪-১৫ সালের যে বাজেট প্রস্তাব রেখেছেন, এটা আলোচনা করতে গিয়ে প্রথমেই তিনি বলেছেন যে, পশ্চিমবাংলার মানুষ এই সরকারের প্রতি আস্থা রেখেছে এবং তাকে ভিত্তি করেই এই বাজেট বক্তৃতা। প্রথমেই বলি স্যার, সরকারের যতই ভালো পরিকল্পনা থাকুক, বাজেট থাকুক, উন্নয়নমুখী কর্মসূচী থাকুক, যদি রাজ্যে স্থিতিশীল অবস্থা না থাকে, শান্তি-শৃঙ্খলা না থাকে, যদি বিশৃঙ্খলা হয়, তাহলে সেই পরিকল্পনা বাস্তবে রূপায়িত হতে পারে না স্যার। এখানে ডঃ মিত্র বলেছেন যে, পঞ্চায়েতে মানুষ আস্থা রেখেছে। স্যার, পঞ্চায়েতে কোথাও সুস্থভাবে নির্বাচন হতে পারেনি স্যার। যদি ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন হত, তাহলে হয়তো রেজাল্টটা অন্য রকম হত। আমি যে বিধানসভা থেকে নির্বাচিত হয়েছি, সেখানে আমাদের নির্বাচনে অংশ নেওয়ার জন্য যেভাবে তারা বাধার সৃষ্টি করেছিল, কিন্তু পেরে উঠতে পারেনি, সেখানে মানুষ দাঁড়িয়ে ফ্রি-ফেয়ার ইলেকশানের পক্ষে মতামত দিয়েছিল। সেখানে ১২টা গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৮টা গ্রাম পঞ্চায়েতে আমরা ক্ষমতায় আছি। পঞ্চায়েত সমিতির ২৮টা সিটের মধ্যে আমরা সেখানে ২০টা পেয়েছি। সুতরাং এই আস্থাটা যদি—আপনারা বলেন যে, মানুষের আস্থাটা স্বাভাবিকভাবে আপনাদের পক্ষে করেছে, আমরা এটা মেনে নিতে পারছি না। তার কারণ

হচ্ছে এই, আমাদের ওই গ্রাম পঞ্চায়েত এলাকায় যারা নির্বাচনে অংশ নিয়েছিল, লড়াইটা করেছিল, তাদের প্রতি এখনও আক্রমণ চলছে। সিউলি পাহাড়ি, চড়িচা অঞ্চলে তিনটে ওয়ার্ডে এখনও নির্বাচিত সদস্যদের পঞ্চায়েতে ঢুকতে দিচ্ছে না। এখনও তাদেরকে মিটিং করতে দিচ্ছে না। আর তার সঙ্গে সঙ্গে যারা অংশ নিয়েছিল, তাদের ওপরে আজকে নানাভাবে অত্যাচার করছে। এখনও ৫০টা পরিবার সিউলি পাহাড়ি ওয়ার্ডে গ্রামে ঢুকতে পারছে না। এর পরেও কি স্যার, আপনি বলবেন যে, মানুষ আমাদের প্রতি আস্থা রেখেছে ? আমি বাজেটে তারপরে যে বিষয়টা বলতে চাই, কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে, আরো বৃদ্ধি পাবে—এটা আপনি বাজেট বক্তৃতায় বলেছেন। কিন্তু আপনি এটা স্বীকার করবেন না যে, বিগত বাম সরকারের যদি ভূমি সংস্কার না হত, তাহলে আজকে কি এই উৎপাদন এই জায়গায় যেতে পারত ? আজকে ৮২-৮৩ ভাগ জমির মালিক ক্ষুদ্র-প্রান্তিক। অর্থাৎ যারা কিনা তাদের নিজের জমি বলে চাষটা যেভাবে করে, উৎপাদনটা যেভাবে বাড়াবার চেষ্টা করে, যারা বেশি জমির মালিক বা অপরের জমিতে চাষ করে, তারা সেইভাবে করে না। এইজন্য বাম সরকারের যেটা ভূমি সংস্কারের কর্মসূচী, তার ফলেই আজকে জমির কেন্দ্রীকরণ, সেটা ভেঙে একটা বিকেন্দ্রীকরণ হয়ে ক্ষুদ্র-প্রান্তিক মানুষের হাতে সেই জমি গেছে বলে আজকে উৎপাদন হয়েছে।

[5.10–5.20 p.m.]

মিঃ চেয়ারম্যান স্যার, খুব দুঃখের বিষয় কৃষকদের খুব বেহাল অবস্থা। কৃষক তার নিজের ফসল বিক্রি করতে গেলে জিজ্ঞাসা করতে হয় ফসলের কত দাম চলছে, আবার যখন সে আবার বাজার থেকে কোনো জিনিস কিনতে যায় তখনও তাকে জিজ্ঞাসা করতে হয় কি দাম চলছে। অর্থাৎ কৃষক তার উৎপাদিত ফসলের ন্যায্য দাম, লাভজনক দাম পায় না। স্যার, এই সরকারের আমলে ৮৯ জন কৃষক তার ফসলের ন্যায্য দাম না পাওয়ায় আত্মহত্যা করেছে। সুতরাং সেই কৃষকদের জন্য আপনি অনেক কিছু মানে গালভরা কথা দিয়ে তাদের ভালো করার কথা বলেছেন, কিন্তু কৃষকের যে দুর্দশা তা নিরসনের জন্য একবার বলছেন মান্ডি, একবার বলছেন কৃষি বাজার। অর্থাৎ এখনও নিশ্চিতভাবে সেই কৃষকদের ফসল বিক্রি করার ব্যাপারে সেই ব্যবস্থাকে এখনও নিশ্চিত করতে পারেননি। স্যার, আরও দুঃখের বিষয় গ্রামীণ সমাজের মধ্যে গ্রামীণ শ্রমজীবী বলতে যাদের বোঝায় ক্ষেতমজুর, দিনমজুর তাদের ন্যূনতম জিনিসপত্রের দাম বাড়ছে। তাদের বাঁচার জন্য যে জীবনীশক্তি ক্যালরী সেই ন্যূনতম মজুরীর মাধ্যমে তারা সেই খাদ্যবস্তু গ্রহণ করতে পারে না। সুতরাং সেই ক্ষেতমজুরগুলো তারা অপুষ্টির জন্য নানাভাবে আজকে মৃত্যুর কোলে ঢলে পড়ছে। সেই ক্ষেতমজুরদের জন্য এই বাজেটে কোনো পরিকল্পনা নেই, সেটা দেখতে পেলাম না। এই ক্ষেতমজুরদের বিগত বামসরকার যে ল্যান্ড লেবার ওয়ার্কার যে প্রোগ্রাম ছিল সেই প্রোগ্রামকে রূপায়িত করা এবং সেই কৃষকদের ভবিষ্যনিধি প্রকল্প কৃষি শ্রমিকদের সামাজিক নিরাপত্তা এবং অন্যান্য নিরাপত্তার ব্যাপারে আপনি এখানে কোনো দিশা দেখতে পারেননি। আপনি চা শ্রমিকদের কথা বাজেটে বলেছেন। সেখানে আপনি এই কথাটা স্বীকার করে

নিয়েছেন অনাহার আছে, অপুষ্টি আছে। সেখানে দু-টাকা দরে খাদ্যবস্তু দেওয়ার ব্যবস্থা করার জন্য এই বাজেট প্রস্তাবে রেখেছেন। আমি বলতে চাই চা শ্রমিকদের অপুষ্টি, অনাহারের কথাটা স্বীকার করলেন। কিন্তু তারা যে অনাহারে মারা যাচ্ছে এই কথাটা যদি স্বীকার করতেন, তাহলে যারা মারা যাচ্ছে তাদের পরিবার-পরিজনরা মানসিকভাবে শান্তি পেত। আমি চা শ্রমিকদের জন্য বলতে চাই তাদের সামাজিক নিরাপত্তা, ভবিষ্যনিধি, তাদের অন্যান্য বিষয়গুলিকে কেন গুরুত্ব দেওয়া হবে না। আমি শেষে যে কথাটা বলতে চাই আপনি শিল্প দপ্তরেরও ভারপ্রাপ্ত মন্ত্রী। সেখানে শিল্পের পুনর্গঠনের জন্য কি পরিকল্পনা গ্রহণ করেছেন ? আমার বীরভূম জেলা, স্যার, এই জেলায় মুখ্যমন্ত্রীর মামার বাড়ী, আবার রাষ্ট্রপতির নিজের বাড়ী। সেই জেলায় কটন মিল বিগত বামসরকার ৫০ লক্ষ টাকা দিয়েছিল কটন মিলের আধুনিকীকরণের জন্য। আপনার সরকার এসে সেটাকে এখনও পর্যন্ত রূপায়ণ করতে পারল না। সেই সঙ্গে সঙ্গে আপনি এও বলছেন যে এই জেলা পিছিয়ে-পড়া জেলা, তার উন্নয়নের জন্য আপনি সেখানে খরা অঞ্চলকে সেচসেবিত করার জন্য আপনার তিলপাড়া জলাধার তার সংস্কারের কথা এবং অন্যান্য প্রকল্পের কথা আপনি এখানে শোনাতে পারেননি। সুতরাং আমার সময় অল্প, আমি বাজেট বই বিস্তারিতভাবে পড়েছি, আপনি ক্ষেতমজুরদের জন্য, শিল্প পুনর্গঠনের জন্য এবং সঙ্গে সঙ্গে কৃষকদের লাভজনক দামে তাদের উৎপাদিত ফসল বিক্রি করার জন্য কোনো দিশা দেখাতে পারেন। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না।

শ্রী অখিল গিরি : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১৭ই ফেব্রুয়ারী ২০১৪ এই সদনে পশ্চিমবঙ্গের মা মাটি মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ডঃ অমিত মিত্র ২০১৪-১৫ আর্থিক বছরের জন্য যে বাজেট বিবৃতি দিয়েছেন, তার সম্পর্কে আমি কয়েকটি কথা এখানে বলছি। মাননীয় অর্থমন্ত্রীর ২০১৪-১৫ আর্থিক বর্ষের যে বাজেট তা খুবই সুস্পষ্ট, সাবলীল ও সহজবোধ্য। বামফ্রন্টের সময়, বিগত সরকারের সময়ে এই ডুবন্ত রাজ্যকে বিত্তমন্ত্রী শুধু রক্ষা করেননি তাকে আরও সজীব ও গতিশীল করার চেষ্টা করছেন। এ.জি. বেঙ্গল ওয়েস্ট বেঙ্গলের ক্ষেত্রে যে রিপোর্ট দিয়েছে ২০১২ এবং ১৩, এই রিপোর্টে আমাদের রাজ্যে পরিকল্পনাখাতে ব্যয় বৃদ্ধি হয়েছে ৩৩.২২%। ২০১১-১২ পরিকল্পনাখাতে ব্যয় ছিল ১৪,০৭৪ কোটি টাকা। ২০১২-১৩-তে বেড়ে দাঁড়ায় ১৮,৭৪৯ কোটি টাকা। বামফ্রন্টের দীর্ঘ ৩৪ বছরে কোনো একটি আর্থিক বর্ষে বিগত সরকারের কেউ কখনও দেখাতে পারবে না যে, পরিকল্পনাখাতে ব্যয় বৃদ্ধি ছিল ৩৩.২২%। তাই মুখ্যমন্ত্রী যথার্থই বলেছেন, state riding the wave of Paribartan. আমাদের বিত্তমন্ত্রীর সাথে বামফ্রন্টের বিত্তমন্ত্রীর কয়েকটা পার্থক্য আছে। সেই পার্থক্যটা কি ? বামফ্রন্টের বিত্তমন্ত্রী নতুন নতুন ক্ষেত্রে কর আদায় করতেন ও বৃদ্ধি করতেন। বর্তমান বিত্তমন্ত্রী দক্ষ আদায়ের জেরে কর বৃদ্ধি না করে রাজস্ব আদায় বারাবার চেষ্টা করেছেন এবং তিনি তা বাড়িয়েছেন। গত বছর ২০১৩-১৪-তে তিনি যে আর্থিক বাজেট পেশ করেছিলেন, তিনি কর নীতির উপর E-Governance চালু করেছিলেন। এ বছর ভ্যাট, রেজিস্ট্রেশান এবং বিত্তি কর আদায়ের

ক্ষেত্রে অন লাইন সিস্টেম চালু করেছেন। এ ব্যাপক ঐতিহাসিক সংস্কার। বিগত অর্থমন্ত্রী কর আদায়ের জন্যে আধিকারিকদের উপর নির্ভর করতেন। বর্তমান বিত্তমন্ত্রী বিক্রয় কর আধিকারিকদের যখন তখন হানা দেওয়ার লাগাম টেনে দক্ষ আদায়ের পদ্ধতির বন্দোবস্ত করেছেন। এটা একটা ঐতিহাসিক সাফল্য। যেমন বিত্তি করের ক্ষেত্রে ১০০-র ক্ষেত্রে এখন তিনি ৪টিতে নামিয়ে এনেছেন। যাতে করদাতারা নিজেরাই সার্টিফিকেট ডিমাইট পদ্ধতি লাগু করার চেষ্টা করতে পারেন। বিশেষ সুবিধা তিনি করদাতাদের ক্ষেত্রে করেছেন। কর আদায় না হলে, রাজস্ব আদায় না হলে কখনও সরকার খরচ করতে পারবে না। তাই বড় কর দাতার কর ভার লাঘবের বন্দোবস্ত তিনি করেছেন। যেটা বলেছেন, যে স্লোগানটা তিনি বাজেটে দিয়েছেন, বাংলা আজ যা করবে ভারতবর্ষ কাল তা করবে। এই স্লোগানটা কেন তিনি বলেছেন ? এক নোডাল অফিসারের একটা জানালার মাধ্যমে তিনি কর আদায়ের সিস্টেমটা করেছেন। তিনি কি করেছেন ? সবচেয়ে বড় যে কাজটা তিনি করেছেন, এক নোডাল অফিসারের সমস্ত পরিষেবা ভ্যাট, সেল ট্যাক্স, প্রফেশনাল ট্যাক্স, এন্ট্রি ট্যাক্স সমস্ত রকমের বিষয়গুলির মান্যতা এক জায়গার মাধ্যমে তিনি এনেছেন। তাই তো এই পরিষেবা ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে কোথাও নেই। তাই তিনি এই স্লোগানটা দিয়েছেন, বাংলা আজ যা করছে ভারতবর্ষ আগামীকাল তা করবে। এই বাজেট কর্মসংস্থানের উপর নতুন দিশা দেখিয়েছে। কর্মতীর্থ, গতিধারা প্রকৃতি চালু করবার চেষ্টা করেছেন, চালু করেছেন। তাই আমি মনে করি যে, এই বাজেট পশ্চিমবাংলার মানুষকে একটি নতুন দিশা দেখাবে। এই বাজেটে যে উন্নয়ন কর্মসূচীর কথা বলা হয়েছে তা আর্থ-সামাজিক বঞ্চনায় জর্জরিত ব্যক্তিকেন্দ্রিক, অবহেলিত অঞ্চল, সম্প্রদায়ভিত্তিক ভাবে জেলা, রাজ্য, গ্রাম, শহরের সমস্যা সমাধানের চেষ্টা করবে। তাই মাননীয় অর্থমন্ত্রীর ২০১৪-১৫-র আর্থিক বছরের বাজেট পুস্তিকার প্রথম পাঁচ পাতায় সাধারণভাবে মাননীয় মুখ্যমন্ত্রীর অভিনব চিন্তার ভিত্তিতে কন্যাশ্রী প্রকল্প, ফেয়ার প্রাইস মেডিক্যাল শপ, গ্রামীণ রাস্তা গড়ে তোলা, জঙ্গলমহল, দার্জিলিংয়ে শান্তির বার্তা বরণ করে উন্নয়নের কর্মযজ্ঞ গড়ে তোলার কথা তিনি বলছেন।

[5.20–5.30 p.m.]

বাজেট চুক্তি, বাজেট পত্রিকার ৬-৩২ পৃষ্ঠায় উন্নয়ন কর্মসূচীর পরিকল্পনাকে কয়েকটি ক্ষেত্রগত বিভাজন করা হয়েছে। আমার ফসল, আমার গোলা, surface water scheme, মা ও শিশুর পরিচর্যা কেন্দ্র, শ্রমিক ভবিষ্যনিধি, পর্যটন প্রকল্প, sports academy। এক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী হাউসে নেই, মাননীয়া মুখ্যমন্ত্রী পর্যটন কেন্দ্রগুলোকে যেভাবে গড়ে তোলার চেষ্টা করছেন, বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রের দীঘা, দক্ষিণবঙ্গের দীঘা পর্যযন কেন্দ্রকে আন্তর্জাতিক মানের যে পর্যটন কেন্দ্র গড়ে তোলার তিনি চেষ্টা করছেন এবং কিছু কম-বেশি আড়াই বছরে দীঘাকে তিনি প্রায় নতুন করে সাজিয়েছেন। এখনও পর্যন্ত দীঘাতে প্রায় ১১০ কোটি টাকার কাজ চলছে। রাস্তা তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে, beautification-এর কাজ সম্পূর্ণ হয়েছে। আমি তাই অর্থমন্ত্রীর কাছে নতুন একটা প্রস্তাব দিতে চাই যে, ওই পর্যটন কেন্দ্রে একটি বড় খেলার মাঠ আছে

যে খেলার মাঠে একটা নতুন করে স্টেডিয়াম তৈরি করার জন্যে আমি নতুন করে প্রস্তাব দিতে চাই অর্থমন্ত্রীকে। যদি তিনি গ্রহণ করেন স্টেডিয়াম যদি তৈরি করেন তাহলে নিশ্চিতভাবে আরো খেলাধুলার মান আরো উন্নত করা যাবে। বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গি ও কর্মসূচী সম্পূর্ণ ভিন্ন ধরনের। অর্থনৈতিক সংকট কাটিয়ে আর্থিক, সামাজিক, সাংস্কৃতিক ক্ষেত্রে উন্নয়ন তথা পরিবর্তন ঘটানোই এই সরকারের লক্ষ্য। তাই আমি মনে করি যে, এই সরকারের মাননীয় অর্থমন্ত্রী ২০১৪-১৫ এই আর্থিক বর্ষে যে বাজেট তিনি পেশ করেছেন যে ব্যয় বরাদ্দের দাবি তিনি এই সদনে দিয়েছেন এটা অত্যন্ত সময়োচিত এবং নতুন করে আগামীদিনে অতি অল্প সময়ের মধ্যে তিনি জানেন, তিনি এটা জানেন, তিনি হচ্ছেন শিল্প জগতের এবং বাণিজ্য জগতের লব্ধ প্রতিষ্ঠিত বিচক্ষণ ব্যক্তিত্ব। তিনি জানেন, এই অল্প সময়ের মধ্যে সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতি সন্তোষজনক হলেও যথেষ্ট নয়। তিনি জানেন, সমস্যার ব্যাপকতা ও গভীরতা। তাই বাজেট পুস্তিকার শেষাংশে তিনি নতুন দিশার সন্ধান দিয়েছেন গৃহীত প্রকল্পগুলি, আরো কর্মসূচী কার্যকর করা, কর্মসংস্থানে নতুন নতুন ক্ষেত্রকে উদ্ভাবন করা। তাই আমি মনে করি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী তজমুল হোসেন : মাননীয় চেয়ারম্যান স্যার, ২০১৪-১৫ বর্ষে ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি পেশ করেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। এই বাজেট হচ্ছে জনবিরোধী, পরিসংখ্যানে একদম ভিত্তিহীন। তাই আমি এই বাজেটে কোনো দিশা দেখতে পাচ্ছি না। উনি যে দিশা আমাদেরকে দেখিয়েছেন, সেই দিশার উপর দাঁড়িয়ে—আমরা গতবছরও বাজেট দেখেছি, তার আগেও বাজেট দেখেছি ওনার। উনি প্রথমে সংখ্যালঘুদের সম্বন্ধে অনেক কিছু তিনি প্রথম প্রথম এসে বলেছিলেন যে, সংখ্যালঘুদের এলাকার জন্য ১০ হাজার মাদ্রাসাকে স্বীকৃতি দেওয়া হবে। কিন্তু এবার বাজেটে সেই ১০ হাজার মাদ্রাসার মধ্যে কতগুলো মাদ্রাসা হয়েছে, একটু মাননীয় অর্থমন্ত্রী যদি বলেন যে, কোন কোন জায়গায়, কোন কোন জেলায় সেই এই সমস্ত মাদ্রাসাগুলো হয়েছে এবং এরসঙ্গে আমি আরও বলছি, যে সমস্ত মাদ্রাসা হয়তো অ্যাপ্রুভাল পেয়ে গেছে, সেই সমস্ত মাদ্রাসাতেও এখনও টিচিং অ্যাপ্রুভাল হচ্ছে না। তার জন্য মাননীয় মন্ত্রী যদি দয়া করে আমাদের তাঁর ভাষণে জানান সেই সমস্ত মাদ্রাসাগুলো কি অবস্থায় আছে ? উনি দিশা দেখিয়েছেন যে, ২০১৩-১৪ সালে কর্মসংস্থান ছাপিয়ে ১৩ লক্ষ ২২ হাজার কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। উনি আমাদেরকে বলবেন, কোন কোন দপ্তরে কোথায়, কোথায় কি হয়েছে ? কোথায় কোন চাকরি হয়েছে ? কোথায় কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে ? যদি দয়া করে হাউসে প্লেস করেন তাহলে আমরা গর্বিত হব। এবং আগামীতে উনি ১৬ লক্ষর যে ব্যবস্থা করছেন এবং কোথায় কোথায় ভ্যাকান্সি আছে, জানতে পারলে, তাহলে আমরা নিশ্চয় উপকৃত হব এবং এই বাংলার যে ছেলেমেয়েরা যে উপকৃত হবে, তাই ওনাকে আমরা বাজেট ভাষণে পরিষ্কার রূপে চাইছি। আমরা দেখছি স্যার, উনি যে দিশা দেখিয়েছেন—আমরা দেখছি যে আমাদের সাধারণত—আমরা একজন বিধায়ক হিসাবে

কোনো বি.এল.আর.ও. অফিসে গেলে, বি.ডি.ও. অফিসে গেলে, আই.সি.ডি.ও. অফিসে গেলে, এ.ও. অফিসে গেলে কিংবা জাতি-উপজাতি এস.সি., এস.টি., ও.বি.সি.-দের সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে যেখানে যাই, বলে যে, কোনো অফিসার নেই। এই অফিসার নাই, ওই অফিসার নাই। অথচ তিনি বলেছেন যে, ১৩ লক্ষ ২২ হাজার কর্মসংস্থান হয়েছে। এগুলো সমস্ত কর্মসংস্থান। আমরা ছোটাছুটি করে—যখন আমরা জানতে যাই, বলে যে, এই অফিসে বি.এল.আর.ও. অফিসে, এস.ও. নাই, সেখানে বলে এই অফিসার নেই, বি.এল.আর.ও. নাই, এই সমস্ত পরিসংখ্যান যে ভাঁওতাবাজী, এই ভাঁওতাবাজীর কতদিনে যে সমস্যার সমাধান হবে—ভাঁওতাবাজী কথাটা—আপনি নিশ্চয় আমাদেরকে একটু জানাবেন—যে সমস্ত অফিসে এখনও পর্যন্ত হয়তো অফিসার নাই। আমি একজন বিধায়ক হিসাবে বলতে চাই, এই যে বাজেট বিবৃতিতে আপনি অনেক কিছু লিখেছেন, অনেক জায়গায় আমরা কার্টুন দেখতে পাচ্ছি, অনেক জায়গায় গান-বাজনা, মেলা-উৎসব সমস্ত কিছু হচ্ছে, কিন্তু এই বিধায়কদের এলাকার যে উন্নয়নের টাকা, এই যে ৬০ লক্ষ টাকা, আমাদের প্রতিবেশী রাজ্য সেই জায়গায় দাঁড়িয়ে দেড় কোটি থেকে দুই কোটি টাকা পায়। তার জন্য আপনার বরাদ্দের যে কিছু বাড়বে সেটা কিন্তু আপনার বাজেটের মধ্যে আমরা কিছুই দেখতে পাচ্ছি না। আমরা আজকে পরিবর্তন সরকারের আসার পর, আমরা হয়তো ভাবলাম যে হয়তো বিধায়করা আরো কিছু উন্নয়ন করতে পারবে। সেই জায়গায় দাঁড়িয়ে আপনার এই বাজেট বক্তৃতায় আপনাদের কোনো কিছু নেই। কিন্তু ছবি মেলার জন্য সমস্ত কিছু টাকা আছে। মালদায়, আমরা যেটা দেখছি, এই যে গীতাঞ্জলি প্রকল্প, গীতাঞ্জলি প্রকল্পের জন্য এক হাজার কোটি টাকা আপনি বরাদ্দ করেছেন, বেশ ভালো কথা। কিন্তু গীতাঞ্জলি, আমার বাড়ী, এখনও পর্যন্ত যে বাস্তবায়িত হয়নি। আমার জেলার কথা বলছি, এখনও পর্যন্ত কটা ঘর হয়েছে ? আমি এর আগে অনেকবার প্রশ্ন করেছি, ওনারা বারবার বলেছেন, যে হ্যাঁ হয়ে যাচ্ছে। কিন্তু সমস্ত ফাইল এখনও পর্যন্ত পড়ে আছে। আমার মালদা জেলার সমস্ত বাড়ী—গীতাঞ্জলি, আমার বাড়ী, সমস্ততে এখনও পর্যন্ত, একটা টাকারও কাজ হচ্ছে না। সেটার ব্যাপারে—মাননীয় অর্থমন্ত্রী নাই—আপনি একটু বলবেন, এই গীতাঞ্জলির টাকাগুলো কবে নাগাদ খরচ হবে ? আপনি কন্যাশ্রী করেছেন, বেশ ভালো কথা। কন্যাশ্রী হওয়ায় আপনি কি নির্দিষ্ট করে বলতে পারবেন যে মালদা জেলায় কতকগুলি কন্যাশ্রী ফর্ম হয়েছে ? কত জন পেয়েছে ? কত জন হয়েছে ? খালি বলে দিলেন, হ্যাঁ হয়ে গেছে। ১৫ লক্ষের টার্গেট আছে, ২০ লক্ষের টার্গেট আছে। কিন্তু আমার নিজের বিধানসভা এলাকায় আমরা আজ পর্যন্ত দেখতে পেলাম না, যে কে একটা চেক পেল ? কিন্তু আপনারা এখানে এসে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এসে বলে দিলেন যে হ্যাঁ চেক পেয়ে গেছে। কিন্তু কোথায় কে পেয়েছে। তাহলে কি আপনারা সমস্ত ক্যাডার—যারা যে ক্যাডার আছে—সেই সমস্ত ক্যাডার যারা, তাদেরকেই দিচ্ছেন ? তাহলে আপনাদের কাছে একটা জিজ্ঞাস্য থাকছে, আপনার এই বাজেটে অনেক রকম দেখছি, কিন্তু আপনার বাজেটের মধ্যে সবচাইতে করুণ অবস্থা, এই যে বিধবা ভাতা, অক্ষম ভাতা, বার্ধক্য ভাতা, কৃষি পেনশন-এর জন্য একটা লাইনও কোথাও লেখা হয়নি। কি খালি কন্যাশ্রী দিয়ে উন্নয়ন হবে ? এই যে বিধবা ভাতা

এখনও পর্যন্ত ৬ মাস, ৭ মাস, ৮ মাস থেকে টাকা পাচ্ছেন না, নতুন কোনো—এখনও পর্যন্ত—কৃষি পেনশান হল না। এই যে বিষয়গুলো, সেইগুলোর জায়গায় দাঁড়িয়ে আপনারা বলছেন যে আমরা অনেক কিছু করেছি। আর একটা কথা বলেছেন, বিদ্যুৎ-এর ক্ষেত্রে সপ্তাহে ৭ দিন, ২৪ ঘণ্টা বিদ্যুৎ পাওয়া যায়। আমি নিজের বিধানসভার কথা বলছি, আপনি গর্বের সাথে বলেছেন যে ২৪ ঘণ্টা বিদ্যুৎ পাওয়া যায়।

[5.30–5.40 p.m.]

এখন আমার যে বিধানসভা ক্ষেত্র সেখানে ১২ ঘণ্টা লোডশেডিং থাকছে। সেই জায়গায় দাঁড়িয়ে এই ধরনের কথা আপনি কি করে বলতে পারেন। আমাদের এখন ১২ ঘণ্টা লোডশেডিং থাকে। সেখানকার মানুষ সেচের জন্য, চাষের জন্য জল পাচ্ছে না। তার ফলে কৃষির কাজও করতে পারছে না। এখন সেখানে যদি বিদ্যুতের একটা ট্রান্সফরমার পুড়ে যায়, বিদ্যুতের সেই ট্রান্সফরমারের জন্য আগেও আমরা এস.এস.-কে, অ্যাসিস্টেন্টদেরকে দিয়ে বা ডি.ই-কে যখন বলতাম, তখন তারা তাড়াতাড়ি করে ঠিক করে দিতেন। কিন্তু এখন যে পর্যায়ে কাজগুলো হচ্ছে, যাদের ট্রান্সফরমার পুড়ে যাচ্ছে তারা এখনও পর্যন্ত সেটা পাচ্ছে না। এই তো আপনাদের উন্নয়ন। এই উন্নয়নের ক্ষেত্রে আপনি লিখেছেন মালদা, মুর্শিদাবাদ ও পূর্ব মেদিনীপুর জেলার ভাঙন শেষ হয়ে গেছে। মালদা, মুর্শিদাবাদে আর ভাঙনের কোনো দরকার নেই—ভাঙন একদম শেষ হয়ে গেছে। আমার মালদা জেলায় ভূতনী, মিয়াহাট, ভালুকায় সমস্ত জায়গায় বাঁধের কাজ এখনও থমকে আছে। বিশেষ করে স্বাস্থ্যের ক্ষেত্রে যে অবস্থা, সেই অবস্থার জন্য মাননীয় মন্ত্রীকে আমি বারবার প্রশ্ন করেছি। উনি আমাকে বলেছেন যে হ্যাঁ আপনার কাজগুলি করা হবে। কিন্তু এখনো পর্যন্ত আমার গ্রামীণ হাসপাতাল, মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, এই সমস্ত হাসপাতালের যে করুণ অবস্থা, সেখানে বেডের যে সমস্যা, সেগুলো এখনো পর্যন্ত কোনোরকম সুরাহা হয়নি। আমি নিজে পি.জি.-এস.এস.কে.এম.-এ গিয়ে ন্যায্য মূল্যের দোকানে গিয়ে আমরা কি দেখতে পেলাম। দেখতে পেলাম যে হ্যাঁ, পাঁচটা ওষুধ লিখেছে। তার মধ্যে হয়তো দুটো আছে। আর বাদবাকিগুলো নেই। সেগুলোর জন্য যখন বাজারে যাচ্ছি সেখানে দোকানদারেরা সেই ওষুধ দিতে চায় না। তাহলে এই ন্যায্য মূল্যের দোকানের কথা বলে কতদিন মানুষকে ভাঁওতা দিয়ে রাখবেন ? গত ১৯ তারিখে আমার একটা প্রশ্ন ছিল শ্রম দিবস সম্পর্কে। আমি প্রশ্ন করেছিলাম যে ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালে রাজ্যে শ্রম দিবস কত নষ্ট হয়েছে ? আমি বাজেট বই পড়ে দেখলাম যে সেখানে লেখা আছে রাজ্যে কর্মসংস্কৃতির প্রভূত উন্নতি হওয়ায় শ্রম দিবস নষ্টের সংখ্যা শূন্যতে নেমে এসেছে। এখানে ওনার রিপোর্ট—আমার কাছে আছে স্যার—ওনার রিপোর্টে শ্রমমন্ত্রী আমাকে উত্তর দিয়েছেন ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে নষ্ট শ্রম দিবসের সংখ্যা তিন কোটি সাত লক্ষ সাতষট্টি হাজার পাঁচশো পঁচিশ। লক আউট জনিত কারণে নষ্ট শ্রম দিবসের সংখ্যা তিন কোটি সাত লক্ষ একষট্টি হাজার ছয়শো তিপ্পান্ন। তাহলে স্যার এটা ঠিক নাকি এটা ঠিক ? এটা আপনি একটু দয়া করে বলবেন স্যার। মাননীয় শ্রমমন্ত্রী উনি বাজেটে শূন্য হওয়ার কথা বলছেন, অথচ এখানে আমার

১৯ তারিখের প্রশ্নের উত্তরে একরকম বলেছেন। যাই হোক স্যার, আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

মিঃ চেয়ারম্যান : আপনার প্রশ্নের উত্তর চেয়ার থেকে দেওয়ার কথা নয়। সেই কারণে এটা জিজ্ঞাসা করা অবাস্তব।

শ্রীমতী নমিতা সাহা : মাননীয় চেয়ারম্যান সাহেব, ২০১৪-১৫ অর্থবর্ষে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ১৭ই ফেব্রুয়ারী যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি সেই বাজেটকে পূর্ণ সমর্থন করে বলতে চাই মা-মাটি-মানুষের নেত্রী, যিনি গণতন্ত্রের অতন্দ্র প্রহরী, সেই নেত্রী তিনি দু লক্ষ তিন হাজার কোটি টাকা দেনার ঝুড়ি মাথায় নিয়ে বাংলার মসনদে বসেছেন। কিন্তু বসার পরে তিনি দেনার ঝুড়ি মাথায় নেওয়া সত্ত্বেও তিনি বাংলার উন্নয়ন একটার পর একটা করে চলেছেন। আমার সামনে আমার বামপন্থী বন্ধুরা এবং কংগ্রেস দাদারা ও ভাইরা তারা বিরোধিতা করেছেন। আমরা জানি বিরোধী আসনে বসলে বিরোধিতা করতে হয়। তাই তারা বিরোধিতা করেছেন। তাই তারা মেনে নিতে পারছে না বাংলার উন্নয়নকে, তারা বাংলার উন্নয়নকে ভালো চোখে দেখছেন না। তাই সর্বাগ্রে বলতে চাই, আমাদের নেত্রীর মস্তিষ্কপ্রসূত যে 'কন্যাশ্রী' প্রকল্প। এই কন্যারা হচ্ছে বাংলা তথা ভারতবর্ষের শ্রেষ্ঠ সম্পদ। বামপন্থী বন্ধুরা দীর্ঘ চৌত্রিশ বছর ধরে বাংলার মায়েদের নিয়ে রাজনীতি করেছেন, বাংলার মায়েদের কোনো সম্মান দেননি, বাংলার মায়ের কোনো উন্নয়ন করেনি। এরা ভুলে গেছেন, বাংলার মায়েরা একদিন বুকের রক্ত দিয়ে, ইজ্জত দিয়ে ভারতবর্ষের স্বাধীনতা এনেছিল। প্রীতিলতা ওয়াদ্দেদারকে এরা ভুলিয়ে দিতে চেয়েছিল, এর ৭৩ বছরের বৃদ্ধা মহিলা মাতঙ্গিনী হাজরাকে ভুলিয়ে দিতে চেয়েছিল। তাই আমাদের নেত্রী যিনি বাংলার মুখ্যমন্ত্রী, তিনি সর্বশ্রেষ্ঠ প্রকল্প কন্যাশ্রী চালু করলেন। তিনি কেন করলেন এই প্রকল্প ? আমরা বিগত চৌত্রিশ বছরে দেখেছি মেয়েরা হারিয়ে যাচ্ছে, মেয়েরা বিদেশের বাজারে বিক্রি হয়ে যাচ্ছে, তাই কন্যা সম্পদকে রক্ষা করতে হবে কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে। মেয়েরা লেখাপড়া শিখছে না, গরীব বাবা-মায়েরা মনে করছে মেয়েরা বোঝা, তাই তাদের তাড়াতাড়ি বিয়ে দিয়ে দিচ্ছে। বাল্যবিবাহ রোধ করার জন্য এই কন্যাশ্রী প্রকল্প।

মাননীয় চেয়ারম্যান স্যার, চারদিকে শিশু মৃত্যু বাড়ছে, হাসপাতালগুলোতে রোগীর উপযোগী ওষুধ ছিল না, স্যালাইন ছিল না, গজ ছিল না। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন একটার পর একটা হাসপাতাল পরিদর্শন করতে যাচ্ছেন, সেই হাসপাতালগুলো পরিদর্শন করতে গিয়ে তিনি অবাক হয়ে গিয়েছেন। প্রকৃত রোগের উপযুক্ত ওষুধ রোগীরা পেত না, তাই তিনি ফেয়ার প্রাইস মেডিকেল শপ তৈরি করে দিলেন। শুধু তাই নয়, এই ওষুধের মূল্য তিনি কমালেন। ওষুধের একটা নির্ধারিত দাম ঠিক করে দিলেন, ৪৮% থেকে ৬৭% ওষুধের দাম কমালেন। এখন গরীব মানুষরা ওষুধ পাচ্ছে, এইভাবে স্বাস্থ্যের উন্নয়ন হচ্ছে। এর জন্য ইউনিসেফও এগিয়ে এসেছে, তারা এই কাজের প্রশংসা করেছে। বাংলার নেত্রী, বাংলার অতন্দ্র প্রহরী কিভাবে কাজ করছেন তা দেখে ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্য এইভাবে এগিয়ে আসছেন এই প্রকল্প গ্রহণ করার জন্য।

মাননীয় চেয়ারম্যান স্যার, আরেকটি কথা বলতে চাই, গত ৭ই জানুয়ারী, ২০১৪, আরেকটি নতুন প্রকল্প তিনি তার মস্তিষ্ক থেকে বার করলেন। প্রকল্পটা হচ্ছে সারা পশ্চিমবাংলায় ৩,৩৪৯টি পঞ্চায়েত আছে, সেই পঞ্চায়েতের প্রত্যেকটা অঞ্চলে একটা করে রাস্তার ব্যবস্থা করলেন। এই রাস্তার দায়িত্বে থাকবে এম.এল.এ., এম.পি. এবং সরকারী আধিকারিকরা। এইভাবে ১৬ হাজার কিলোমিটার রাস্তার পরিকল্পনা করলেন। এই রাস্তা কিভাবে হবে, কোন প্রকল্পের মাধ্যমে হবে ? NGNRSEG প্রকল্পের মাধ্যমে এই রাস্তা হবে, অর্থাৎ একশো দিন প্রকল্পের মাধ্যমে হবে। আমরা দেখেছি, আমাদের বামফ্রন্টের বন্ধুরা, উত্তরবঙ্গ নিয়ে অনেক বড় বড় কথা বলেছেন। আমাদের নেত্রী দুর্দান্ত সাহসী, তিনি উদ্যোগ নিয়ে উত্তরবঙ্গে প্রবেশ করেছেন। জঙ্গলমহলে তিনি গিয়েছেন ৩০ বার। সেখানকার মানুষ না খেতে পেয়ে মরত, তাদের অবস্থা ছিল কঙ্কালসার। আমরা একটা প্রবাদ জানি Health is Wealth, স্বাস্থ্য না হলে হবে না। মানুষের স্বাস্থ্য ভালো না হলে বাংলা এগিয়ে যাবে না। সেখানে যারা কেন্দুপাতা খেত, আর যারা পিঁপড়ের ডিম খেত তাদের জন্য দু-টাকা কেজি দরে চালের ব্যবস্থা করলেন। তাই এই বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.40–5.50 p.m.]

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় চেয়ারম্যান সাহেব আমাদের মা-মাটি-মানুষের সরকারের অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র মহোদয় গত ১৭ ফেব্রুয়ারী যে বাজেট পেশ করেছেন সেজন্য আমি তাঁকে আন্তরিকভাবে অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি। এই বাজেট পশ্চিমবাংলার সাধারণ মানুষের বাজেট। যে বাজেটের দিকে তাকালে কৃষি থেকে শুরু করে শিল্প সমস্ত দিকে সাধারণ মানুষের আগামী দিনে এগিয়ে যাওয়ার বাজেট, পশ্চিমবাংলা যে এগিয়ে চলেছে তার নমুনা বাজেট দেখলেই পাওয়া যাবে। যাঁরা বুঝতে পারছেন না আমার মনে হয় তাঁরা বোঝার চেষ্টা করছেন না। গত বাজেটেই অর্থমন্ত্রী দেখিয়েছিলেন যে ভারতের তুলনায় বাংলা অনেক দ্রুত গতিতে এগিয়ে চলেছে। এবছরও ভারতের তুলনায়, বাংলার অগ্রগতি আবার অনেকটাই বেশী। ২০১৩-২০১৪ অর্থবর্ষে সার্বিকভাবে ভারতের জি.ডি.পি.-র বৃদ্ধির হার যেখানে ৪.৯, সেখানে বাংলার এই জি.ডি.পি. বৃদ্ধির হার ৭.৭ শতাংশ। তাহলে বাংলা এগিয়ে চলেছে। অথচ আমার সামনে বামফ্রন্টের বন্ধুরা বলছেন যে, পশ্চিমবাংলায় কোনো উন্নয়ন হয়নি। এটা এই মহতী সদনের বাইরে গিয়ে মিথ্যা কথা যেগুলো বলেন সেগুলো বললে ভালো হয়। আমার মনে হয় এতে বিধানসভার এই পবিত্রতা নষ্ট হচ্ছে। কৃষি ক্ষেত্রে, যখন আজ থেকে ৩৪ বছর আগে আপনারা ক্ষমতায় এসেছিলেন তখন পশ্চিমবাংলায় কৃষির অবস্থা এই রকম ছিল না। আপনাদের হাতে পশ্চিমবাংলার কৃষি ক্ষেত্রের দুরবস্থা তৈরি হয়েছিল সেখান থেকে বাংলা মা-মাটি-মানুষের সরকার কৃষিতে এগিয়ে নিয়ে যাবার যে চেষ্টা করছেন, তার ফলস্বরূপ আমরা দেখতে পাচ্ছি কৃষি ক্ষেত্রে ভারতের উৎপাদন বৃদ্ধির হার ৪.৬ শতাংশ, সেখানে বাংলার হার ৫.৮ শতাংশ। অর্থাৎ সহজেই বলা যায় যে ইতিবাচক পরিসংখ্যান থেকেই আমরা এগিয়ে চলেছি। অথচ

নেতিবাচকভাবে বিরোধীপক্ষের বন্ধুরা বলছেন শুধু রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিতভাবে যে মিথ্যার উপর আপনারা বলছেন। বামফ্রন্ট সরকারের চলে যাওয়া, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনার দায় মাথায় নিয়ে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পথ চলা শুরু করেছেন। তারপরে দাঁড়িয়ে যে বাংলার উন্নয়ন, সে উন্নয়ন আপনারা দেখতে পাচ্ছেন না। দেখার চেষ্টাও করছেন না। বলছিলেন ওইখানে দাঁড়িয়ে যে, গতকালকে শুনছিলাম, যে মিথ্যা কথা বললেন, আমাদের সুভাষবাবু, এস.সি., এস.টি. অনগ্রসর শ্রেণীর যিনি আমাদের মন্ত্রী রয়েছেন মাননীয় উপেনবাবুকে, যে মিথ্যা বললেন মানসবাবু বা ভুল তথ্য পরিবেশন করলেন সেইটাকে সমর্থন করে বললেন। আপনারা ক্ষমতায় ছিলেন, আপনাদের থাকবার সময় একটা কাস্ট সার্টিফিকেট পেতে গেলে আগে কত বছর লাগত তার কোনো ঠিকানা ছিল না। আজকে আমরা বলতে পারি সরকারে দাঁড়িয়ে, যে দু-মাসের মধ্যে এস.সি., এস.টি., ও.বি.সি.-র যে কাস্ট সার্টিফিকেট তাদের হাতে এখন পৌঁছে দিচ্ছে আমার এই সরকার। এছাড়াও এ কথা বলছিলেন যে পশ্চিমবাংলায় আই.এ.এস., আই.পি.এস., ডব্লু.বি. সি.এস.-এর আজকে আকাল চলছে। এই আই.এ.এস., আই.পি.এস., ডব্লু.বি.সি.এস, পশ্চিমবাংলায় একদিন ছিল, আমাদের আজকে ভিন রাজ্য থেকে আমাদেরকে নিয়ে আসতে হয়। সেইখানে দাঁড়িয়ে আমার সরকার, ৩৪ বছরের যে অবক্ষয়, ৩৪ বছরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার চেষ্টা করেনি পশ্চিমবাংলাকে শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাবার জন্যে। তাই আজকে পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার ঠিক করেছেন, আমাদের পশ্চিমবাংলা থেকে আই.এ.এস., আই.পি.এস.-দের ট্রেনিং দেওয়ার জন্য একটা প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। এ কথা চিন্তা করছেন সুদূরপ্রসারী ফলটা ভেবেছেন এবং যে পশ্চিমবাংলা পিছিয়েছে। সেই পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাবার জন্যে এটা করছেন। আজকে যখন আমরা দেখি, যে গতকালই ওইখানে বলছিলেন যে হসপিটালে গেলে যে ফেয়ার প্রাইসের যে দোকান হয়েছে, সেখানে ওষুধের দাম নাকি বেশী। আমার নিজের ওষুধের দোকান আছে। আমি গতকাল এ কথা শোনবার পরে দেখছিলাম, যে Ajithromycin, যেটা আপনারা সবাই জানেন যে Septicin, যে ওষুধগুলো, যে জীবনদায়ী ওষুধ সব সময় লাগে সেই ওষুধ যদি আমরা ফেয়ার প্রাইসের দোকান থেকে কিনতে যাই তাহলে আমরা ৬৫ থেকে ৭০ পার্সেন্ট সেখানে কম পাচ্ছি। তাহলে কেন মিথ্যা কথা বলা এই মহতী সদনে ? আমি জানি না যে পশ্চিমবাংলাকে যদি আমরা এগিয়ে নিয়ে না যেতে পারি যে ৩৪ বছর ধরে যে যন্ত্রণা পশ্চিমবাংলার মানুষ পেয়েছেন। ২০১১ সালের বাংলার মানুষ, মা-মাটি-মানুষের সরকার এনেছেন পশ্চিমবাংলার উন্নয়ন এগিয়ে নিয়ে যাওয়ার জন্যে, মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতকে শক্ত করবার জন্যে। কৃষাণ ক্রেডিট কার্ড-এর কথা বলছিলেন যে, পশ্চিমবাংলায় কৃষকদের যদি—আজকে কৃষকদের উপর নির্ভরশীল পশ্চিমবাংলা, এই পশ্চিমবাংলায় কৃষকদের স্বার্থ যদি দেখা না যায় সামগ্রিকভাবে পশ্চিমবাংলায় উন্নয়ন হবে না। তাই আজকে মমতা বন্দ্যোপাধ্যায় যে কৃষকদের জন্য কৃষাণ ক্রেডিট কার্ড-এর কথা বলেছেন, সে কথাই আমি বলেছি যে, ২৩ লক্ষ ৮৯ হাজার ২৯৩টি কৃষাণ ক্রেডিট কার্ড ইতিমধ্যেই হয়েছে এবং ২০১৪ মার্চের মধ্যে আমাদের যে ২৮ লক্ষ কৃষাণ ক্রেডিট কার্ড

দেওয়ার যে পরিকল্পনা রয়েছে সেটা আমরা শেষ করতে পারব। আমি অত্যন্ত গ্রামের ছেলে, কৃষকদের দেখছি, প্রতিবারের চাষের সময় মহাজনের কাছে চড়া সুদে টাকা নিতে হত এবং তাকে ফসল বিক্রি করার সময় তাকে সুদ সহ টাকা দিতে হত। আজকে সেই সিস্টেম পাল্টেছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার আজকে সেখানে দাঁড়িয়ে ব্যাঙ্ক থেকে কৃষাণ ক্রেডিট কার্ড-এর মাধ্যমে লোন পাচ্ছে এবং সে চাষ করতে পারছে এবং প্রতি ফসলে যে কৃষি বিমা, সেই বিমার টাকা আমাদের সরকার দিচ্ছে। বিগত দিনে কৃষকদের কথা ভাবেনি। তাই যেহেতু আমার সময় কম, বেশি দীর্ঘায়িত করত না, অনেক বলার ছিল—কয়েকটি কথা বলি যে, এখানে দাঁড়িয়ে বলছিলেন আমার বিরোধী বেঞ্চের বন্ধুরা যে, মমতা বন্দ্যোপাধ্যায় সরকারের কথা যে, সারদা গোষ্ঠীর কথা। আমাদের মুখ্যমন্ত্রীর বা আমাদের অর্থমন্ত্রীর সারদা গোষ্ঠীর টাকা দিতে হয় না। আপনারা এক সময় নিয়েছিলেন পিয়ারলেস-এর টাকা। একথা আপনাদের স্মরণ করে দিই যে আপনাদের আমলেই, আপনাদের রাজত্বেই আজকে সৃষ্টি হয়েছিল এই চিটফান্ডগুলি। আজকে তার পাপের প্রায়শ্চিত্ত ভোগ করতে হচ্ছে আমাদের সরকারের। আজকে সেখানে দাঁড়িয়ে গরীব মানুষের কথা চিন্তা করে—অনেক ভ্যানওয়ালা, রিক্সাওয়ালা আছেন তাদের টাকা ফেরত দেওয়ার জন্য আমাদের সরকার দেওলিয়ার অবস্থার মধ্যে দিয়ে তাদের টাকা পৌঁছে দেওয়ার পরিকল্পনা নিয়েছেন গরীব মানুষের স্বার্থে—এই সরকার এগিয়ে যাবে। যাই হোক আমার বক্তব্য দীর্ঘায়িত না করে আমি এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১৭ই ফেব্রুয়ারী এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয় ২০১৪ এবং ১৫ সালের যে বাজেট বিবৃতি পেশ করেছেন আমি এই বাজেট বিবৃতিকে সমর্থন করতে পারছি না। কারণ, এটা একটি অস্বচ্ছ বিভ্রান্তিমূলক কথার ফুলঝুরি, মায়ার জালে আবদ্ধ করে এই বাজেট বক্তৃতা উত্থাপন করেছেন। তিনি শিল্পমন্ত্রীও বটে। আমাদের রাজ্যের মাননীয় শিল্প মন্ত্রী ছিলেন মাননীয় পার্থ চট্টোপাধ্যায় মহাশয়, তার কাজের ঘাটতির জন্য তার কাছ থেকে দপ্তর কেড়ে নিয়ে মাননীয় অর্থমন্ত্রীকে সে দায়িত্ব ভাবে দেওয়া হয়েছে। তিনি এই বাজেট বক্তৃতায় দুটো দিকের কথা উল্লেখ করেছেন। তার কাজ এগোনো যাচ্ছে না, আটকে যাচ্ছে। এক হচ্ছে, গত বামফ্রন্টের জমানায় যে তার ফেলে যাওয়া ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা যে ঋণ, সেই ঋণের বোঝা তার ঘাড়ে আছে। আর একটা দিক হচ্ছে তিনি বলার চেষ্টা করেছেন কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা, সেই বঞ্চনার ফলে তার যে অর্থ, সেই অর্থ না পাওয়ার ফলে—এই দুটো কাজের জন্য তিনি, তাঁর উন্নয়ন করার যে কাজকর্ম করার ক্ষেত্রে অনেক বাধার সৃষ্টি হচ্ছে। গতকাল আমাদের কংগ্রেসের বন্ধু আগে আপনাদের সঙ্গে ছিলেন, আপনারা কেন্দ্রের মন্ত্রীসভায় ছিলেন—আপনাদের মধ্যে বিরোধ হওয়ার ফলে, আপনারা পরস্পর, পরস্পরকে ত্যাগ করেছেন। রাজ্য সরকারের যারা মন্ত্রিসভায় কংগ্রেসের পক্ষে ছিলেন তারা সেখান থেকে পদত্যাগ করেছেন। আপনারা দিল্লীর থেকে সরে এসে বিরোধীপক্ষে দাঁড়িয়েছে। মানসবাবু কালকে বাজেটের উপর আলোচনায় অংশগ্রহণ করতে

গিয়ে অনেক তথ্য তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। আজকেও কংগ্রেসের পক্ষ থেকে মাননীয় সদস্য সুখবিলাস বর্মা সাহেব, তিনি কিছু আর্থিক অনিয়মের কথা তুলে ধরার চেষ্টা করেছেন।

[5.50–6.00 p.m.]

কেন্দ্রীয় সরকার, তার থেকে প্রাপ্য অর্থ তথ্য দিয়ে তিনি বলার চেষ্টা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী তাঁর যুক্তি তর্ক দিয়ে বলার চেষ্টা করেছেন। মানসবাবু যে কথাটা উত্থাপন করেছেন, আপনি তার জবাব দেবেন। আপনি যে কথা বলতে চাইছেন, কেন্দ্রীয় সরকারের বঞ্চনা। আপনি সঠিক, নাকি বিরোধী সদস্য, আপনাদের এক সময়ের বন্ধু, আপনাদের সঙ্গে সহযোগী ছিলেন, তাদের দু-জন সদস্য, তাঁরা যে বক্তৃতা দেবার চেষ্টা করেছেন তথ্যভিত্তিক, যেভাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ পাওয়া গিয়েছে, যেটা বলার চেষ্টা করেছেন, কোনটা সঠিক, সেটা আপনার কাছ থেকে জানতে চাই। মানসবাবু, তিনি বলতে চেয়েছেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ব্যাকওয়ার্ড শ্রেণী, পিছিয়ে পড়া এলাকার কাজ-কর্ম করার ক্ষেত্রে, অর্থাৎ জঙ্গলমহলের জন্য, মেদিনীপুরের জন্য সুপার স্পেশালিটি হসপিটালের জন্য এবং আরও যে পিছিয়ে-পড়া এলাকা আছে, সেই এলাকার উন্নয়নের স্বার্থে যে টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছে সেই টাকা সঠিকভাবে খরচ করতে পারা যায়নি, যার ফলে উন্নয়নের কাজ করতে গিয়ে ব্যর্থ হয়েছেন। সেই টাকা এখনও পর্যন্ত খরচ করা যায়নি। যার ফলে উন্নয়নের কাজ করতে গিয়ে ব্যর্থ হয়েছেন। তিনি বলতে চেয়েছেন কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা। যে অনুদানের টাকা পাওয়া গিয়েছে তার থেকে আড়াই গুণ টাকা নাকি তারা বেশি দিচ্ছে শুনছি। এই বছর প্রায় ৩০ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার আপনাদের দিচ্ছেন। তার আগে দিত ২০ হাজার কোটি টাকা, তার আগের আর্থিক বছরে ১২ হাজার ৩৪০ কোটি টাকা তারা দিয়েছেন। ওরা বলতে চাইছে এই ইউ.সি. না দেওয়ার ফলে সেই টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করতে চাইছে না। বার বার বলা সত্ত্বেও ইউ.সি. দেওয়া হচ্ছে না। আপনি গত বাজেটে আমাদের রাজ্য সরকারের যে সমস্ত দপ্তরগুলি আছে সেই দপ্তরে যে সমস্ত টাকা বরাদ্দ করা হয়েছিল সেই বরাদ্দকৃত টাকা সেই দপ্তরগুলো খরচ করতে পারেনি। এমনকি স্বয়ং মুখ্যমন্ত্রীর দপ্তর, তাঁর হোম দপ্তর তারা খরচ করতে পারেনি। পার্বত্য উন্নয়ন পর্ষদের টাকা তারা খরচ করতে পারছে না। তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে টাকা খরচ হচ্ছে না, সমবায় সমিতির ক্ষেত্রে যে টাকা বরাদ্দ করে দেওয়া হয়েছে, সেই টাকা খরচ হয়নি। কোন দপ্তরে কত টাকা খরচা হয়েছে সেই তথ্য দিন। কোন দপ্তরে কত টাকা অ্যালট হয়েছিল এবং সেই টাকা কত খরচ করতে পেরেছেন। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মাননীয় মন্ত্রী এক প্রশ্নের জবাবে বলছিলেন সেখানকার উন্নয়নরে ২২% টাকা সেখানে পড়ে আছে, উত্তরবঙ্গের টাকা পড়ে আছে। এইভাবে আমাদের নগরোন্নয়ন দপ্তরের মাননীয় পৌরমন্ত্রী তাঁর দপ্তরের টাকা পড়ে আছে। সেচ দপ্তরের টাকা পড়ে আছে, স্বাস্থ্য দপ্তরের টাকা পড়ে আছে, এইভাবে টাকাগুলি পড়ে আছে। তাহলে উন্নয়নের কাজ কি করে হবে ? এই টাকাগুলো সব খরচ করতে পারলে তাহলে কাজ অনেকটা এগিয়ে যেত। আপনারা বামফ্রন্ট

আমলের কথা বলেছেন, সেই সময় ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকার ঋণ। ৩৪ বছর এবং আগের সরকারের তিন বছর ধরলে ৩৭ বছর ধরলে এই টাকা। আর আপনার এই ঋণ ১৩ নম্বর স্থানে আছে ভারতবর্ষে। আমাদের আগে উত্তরপ্রদেশ আছে, মহারাষ্ট্র আছে এবং অন্যান্য রাজ্য আছে। আপনারা আড়াই বছরে ৫৫ হাজার কোটি টাকা লোন নিয়েছেন বাজার থেকে। আগামী অর্থবর্ষে ২৫ হাজার কোটি টাকা লোন নেবার পরিকল্পনা আছে। এই আর্থিক বছরের শেষে গিয়ে দাঁড়াবে ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা দেনা দাঁড়াবে। তখন হয়তো পশ্চিমবাংলার স্থান হবে তিন কিংবা চার নম্বর জায়গায়। এই রকম জায়গায় গিয়ে আপনারা দাঁড়িয়েছেন। আপনি শিল্পমন্ত্রী, আপনি বলছেন শিল্পে নাকি সারা ভারতবর্ষের বৃদ্ধির হার যেখানে ০.৭%, আপনি বলছেন সেখানে আমাদের ৫.৮৫%। আপনি কি করে বলছেন ? আমাদের বামফ্রন্টের আমলে ২০১০ সালে সেই সময় ৩১২টি শিল্প বাস্তবায়িত হয়েছে। সেখানে বিনিয়োগ হয়েছে ১৫০০০.৫২ কোটি টাকা। আর সেই সময় কর্মসংস্থান হয়েছে ৩ লক্ষ। সেটা কমতে কমতে ২০১২-তে এসে দাঁড়িয়েছে, ১২টি শিল্প মাত্র বাস্তবায়িত হয়েছে, আর ৩১২ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এবারে আপনি ১৫০টি শিল্প সংস্থানের কথা বলছেন। ১৭ হাজার ৫৩৫টিতে বিনিয়োগের কথা বলছেন। এখনও উৎপাদন শুরু হয়নি। উৎপাদন শুরু হলে তার সুফল আপনি পেতে পারেন। আপনার যে বিভ্রান্তিমূলক তথ্য, সেই তথ্য এখানে দেওয়া ঠিক হয়নি। বাজেট বক্তৃতায় আপনি বলেছেন,—মুর্শিদাবাদ এবং মালদার—গঙ্গা-পদ্মা ভাঙন মুর্শিদাবাদের একটা জাতীয় সমস্যা। আপনি বলেছেন, সেখানে সব কাজ কমপ্লিট হয়েছে। এখনও সব কাজ হয়নি। গঙ্গা-পদ্মা ভাঙনের বহু কাজ এখনও পড়ে আছে। কান্দি মাস্টার প্ল্যান একটা জাতীয় সমস্যা। কান্দি মাস্টার প্ল্যানের কোনো অর্থ এই বাজেটে বরাদ্দ করা হয়নি। আমরা বামফ্রন্টের আমলে, যে ২৩% ছিল, কংগ্রেসের সময় যে সেচ ব্যবস্থা, সেটাকে বাড়িয়ে ৭২%-এ নিয়ে গিয়েছিলাম। সেচ ব্যবস্থা সম্প্রসারণ করার ক্ষেত্রে কোনো আর্থিক পরিকল্পনা আপনার এই বাজেটের মধ্যে নেই। ভূমি সংস্কারের ফলে কৃষকদের মধ্যে জমি বণ্টন এবং পাট্টা বিলি বণ্টন, বর্গাদারদের হাতে জমি তুলে দিয়ে চাষের অগ্রগতি হয়েছে, আজ চাষের উন্নতি হয়েছে। আমার সময় অল্প। অনেক কিছু বলার থাকলেও বলা যাচ্ছে না। আপনি বেকার ভাতার ক্ষেত্রে অনেক কথা বলেছেন। অক্ষম ভাতার ব্যাপারে বলি, আমাদের বামফ্রন্ট সরকারের শেষের দিকে সাড়ে সাতশো থেকে বাড়িয়ে এক হাজার টাকা করা হয়েছিল, সেই টাকা তারা পায়নি। চার মাস, পাঁচ মাস, ছ-মাস টাকা বাকি আছে। জিনিসপত্রের দাম বাড়ছে। এরা অক্ষম, এদের সংসার চলে না। তাদের ক্ষেত্রে সেটা বাড়িয়ে দেড় হাজার টাকা নিয়ে যাবেন কিনা সেটা আপনি ভাববেন। আমাদের এই বিধানসভায় যে বিধায়ক উন্নয়ন প্রকল্প কমিটি আছে, সেই কমিটি একটা সুপারিশ করেছে। জিনিসপত্রের দাম বাড়ছে। মাননীয় সদস্য খানিকটা উল্লেখ করেছেন। কেন্দ্রীয় সরকার এম.পি. ল্যাডের ক্ষেত্রে ৫ কোটি টাকা করেছে। আমাদের কমিটি থেকে দেড় কোটি টাকার কথা বলা হচ্ছে। আপনি কি এই বাজেটে বিধায়ক উন্নয়ন প্রকল্পে—জিনিসপত্রের যা দাম বেড়েছে—বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কিনা সেটা বলবেন। সেই জন্য আপনার বাজেটকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ আবুল কাশেম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী তথা শিল্পমন্ত্রী বিগত ১৭ তারিখ যে ঐতিহাসিক বাজেট এনেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি ওনাকে আমার অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ জানাতে চাই। আমি এই প্রসঙ্গে ধন্যবাদ জানাতে চাই বাংলার রূপকার আগামী দিনে ভারতবর্ষের জনমানবের অধিনায়িকা মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জীকে। মাত্র আড়াই বছর সময়, এই আড়াই বছরে ৩৪ বছরে বামফ্রন্টের রাজত্বের অন্ধকারাচ্ছন্ন বাংলাকে মুক্তির আলো দেখানোর জন্য। ২৪ ঘণ্টার মধ্যে উনি ২২ ঘণ্টা কাজ করেন। পশ্চিমবাংলাকে শিক্ষা, স্বাস্থ্য, সংখ্যালঘু উন্নয়ন, বাড়ি বাড়ি বিদ্যুৎ পৌঁছানো থেকে আরম্ভ করে, একশো দিনের কাজ থেকে আরম্ভ করে সমস্ত দিকে ভারতবর্ষের নিরিখে প্রথম স্থানে নিয়ে গেছেন মাত্র আড়াই বছরের মধ্যে। সারা বাংলায় আজ শান্তির বাতাবরণ। জঙ্গলমহল ও পাহাড়ে শান্তি ফিরে এসেছে। তাই রবীন্দ্রনাথের ভাষায় বলি—"নমো, নমো, নমো / সুন্দরী মম জননী বঙ্গভূমি / ছায়া, সুনিবিড় শান্তির নীড় / ছোট ছোট গ্রামগুলি।" সি.পি.এম.-এর হার্মাদদের এবং মাওবাদীদের খুনোখুনি বন্ধ হয়েছে। আজ জঙ্গলমহলে ছাত্রছাত্রীরা নির্ভয়ে মুখ্যমন্ত্রীর সাইকেল চড়ে বিদ্যালয়ে, বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন। সেখানকার যুবকেরা পুলিশের চাকরি করে বাংলায় শান্তি এনেছে। আজ পাহাড় শান্ত, সেখানে শান্তির হিমেল হাওয়া কলকাতাতেও শীতলতা এনে দিয়েছে। আমি ধন্যবাদ জানাই, মাননীয় মুখ্যমন্ত্রীকে। আমি প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের একটা ডিপার্টমেন্ট দেখাশুনা করি। সেখানকার চেয়ারম্যান ও মন্ত্রী ছিলেন আনিসুর রহমান সাহেব।

[6.00–6.10 p.m.]

উনি এখানে নেই। আমি অধ্যক্ষের মাধ্যমে জানাতে চাই, আমি আসার পর দেখছি তিনি থাকাকালীন ওই ডিপার্টমেন্টের কোটি কোটি টাকার লোকসান চলছিল। বিগত ১৯৯৪ সাল থেকে প্রত্যেক বছরই কোটি কোটি লোকসান হচ্ছিল ডেয়ারি পুলে। আমাদের সরকার আসার পরে সাত কোটি টাকা লাভের মুখ দেখেছে এবং আগামী দিনে কিছু মানুষের চাকরিও হবে। আনিসুরবাবু থাকাকালীন দুর্গাপুর স্লটার হাউস থেকে আরম্ভ করে, আন্দুল স্লটার হাউস থেকে আরম্ভ করে, সমস্ত জায়গায় অ্যালুনা কোম্পানিকে বিক্রি করে দেওয়া হয়েছে। মির্জা গালিব স্ট্রিটে প্রায় ৫ হাজার স্কোয়্যার ফিটের একটা অফিস প্রাইভেট সংস্থাকে দিয়ে দেওয়া হয়েছে। কল্যাণী রিয়েল এস্টেট ফার্ম থেকে জমি জ্যোত সিংকে পাইয়ে দিয়ে সেখানে জে.আই.এস. ইঞ্জিনিয়ারিং কলেজ করা হয়েছে। হরিণঘাটায় ৪০০ একর জমি সি.পি.এম-এর ক্যাডারদের বিলিয়ে দেওয়া হয়েছে। স্যার, আনিসুর ভাই নেই তাই এই কথাগুলো আপনার মাধ্যমে জানাচ্ছি। ওনাকে আপনি জানিয়ে দেবেন। আমি একজন চিকিৎসক। তাই স্বাস্থ্য ক্ষেত্রে বাংলার যে সর্বাঙ্গীণ উন্নতি হয়েছে সেই বিষয় আমার বন্ধু চিকিৎসক ডাঃ নির্মল মাজি বিশদে বলেছেন। তবুও দু-একটি কথা উল্লেখ না করে আমার বক্তব্য শেষ করতে চাই না। সূর্যবাবু নেই। সূর্যবাবু থাকাকালীন হাওড়ায় পাঁচলায় পোলিও এসেছিল, পোলিও ধরা পড়েছিল। আজ থেকে তিন বছর আগে। সেই সময় ভারতবর্ষ

পোলিও-মুক্ত দেশ হওয়ার কথা কিন্তু বাংলায় পোলিও ধরা পড়ায় বামফ্রন্টের দৌলতে, আমাদের বামপন্থী বন্ধুদের দৌলতে ভারতবর্ষ পৃথিবীর বুকে পোলিও-মুক্ত দেশ হতে পারেনি। আর বিগত আড়াই বছরে মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাকে পোলিও-মুক্ত করে ভারতবর্ষকে পোলিও-মুক্ত করে দিয়েছেন। রাজ্যে অসংখ্য হাসপাতাল শুরু হয়েছে। আবার নাজিমুল হক সাহেব, উনি দেখতে পাচ্ছেন না। ভাঁওতা বলছেন। ৩৪ বছর বাংলাকে ভাঁওতা দিয়েছেন তাই আজ খালি ভাঁওতাই দেখতে পাচ্ছেন আর কিছু চোখে আসছে না। আমি চিকিৎসক। একটা অসুখ আছে, তার নাম জন্ডিস। ফলে চোখে ন্যাবা হয়। তাই চোখে ন্যাবা হয়েছে। উন্নয়নগুলো দেখতে পাচ্ছেন না। স্বাস্থ্য ক্ষেত্রে অনেক উন্নয়ন হয়েছে। ৩৪টি হাসপাতাল তৈরি হয়েছে। ৩টি মেডিকেল কলেজ তৈরি হয়েছে। আরও ৪টি মেডিকেল কলেজ আগামী ১৪/১৫ বছরে হবে। শুনুন, শুনুন—১০ হাজার শয্যা বাড়ানো হয়েছে। ৩টি নার্সিং কলেজ হয়েছে। সংখ্যালঘু উন্নয়ন নিয়ে দু-একটা কথা না বলে আমি আমার বক্তব্য শেষ করছি না। প্রায় ৫৭ লক্ষ ছাত্রছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে। ইমাম ভাতা দেওয়া হয়েছে। এক বন্ধু বলছিলেন যে, ইমাম ভাতার টাকা বাজেটে নেই কেন ? এই টাকা বাজেটে থাকার দরকার হয় না। আমাদের যে দপ্তর রয়েছে সেই দপ্তরেই সংখ্যালঘুর টাকা জমা আছে। সেই টাকা থেকেই মুহাজ্জিমদের টাকা দেওয়া হচ্ছে। তাই আপনারা দেখতে পাচ্ছেন না। সর্বশেষে বলি, আগামী দিন ভারতবর্ষ যা দেখবে আজকে তা বাংলা দেখছে। আপনি আজকে দেখেছেন কিছুক্ষণ আগে, আন্না হাজারে দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন, বাংলা যা আজ করেছে আগামীকাল ভারতবর্ষ তা করবে। ভারতবর্ষের নেত্রী হিসাবে আন্না হাজারে মমতা বন্দ্যোপাধ্যায়কে.... (মাইক অফ)।

শ্রী বনমালী হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি আমার পরম শ্রদ্ধেয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ না জানিয়ে পারছি না। কারণ তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট শুধু জনমুখী নয় বাংলার বুকে এর আগে কখনও এই ধরনের বাজেট উপস্থাপিত করা হয়েছে বলে আমার জানা নেই। স্যার, একটা কথা খুবই পরিষ্কার করে বলা যায়, যখন মা-মাটি-মানুষের সরকার প্রায় ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা মাথায় নিয়ে এই পশ্চিমবাংলার বুকে ক্ষমতায় এল তখন সঙ্গে আরো ছিল অশান্ত জঙ্গলমহল, অশান্ত পাহাড়। অদ্ভুত একটা ব্যাপার। আজকে সারাদিন আমি এখানে বসে বসে বিভিন্ন বক্তার বক্তব্য শুনছিলাম। বক্তব্য আসছিল বামফ্রন্টের বেঞ্চের দিক থেকে, বক্তব্য আসছিল কংগ্রেসের বেঞ্চের দিক থেকে। আমার একটা জিনিস খুব অবাক লাগছিল, যারা বিভিন্নভাবে এই বাজেট বিবৃতিকে আক্রমণ করে যাওয়ার চেষ্টা করছিল, আমার মনে একটা প্রশ্ন এই কারণে জাগছিল যে, আচ্ছা ওই বন্ধুরা কী জানেন না যে তাঁদেরই আমলে তৈরি করা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝার কথাটা ? জানেন না কি এই সুখবিলাস বর্মারা ? তাঁরা কী জানেন না, জানতেন না ? তাঁরা আজকে বাংলা, উত্তরবঙ্গের জন্য চোখের জল ফেলছেন ; দু-চোখ দিয়ে গঙ্গা-যমুনা বেরিয়ে আসছে। অথচ তাঁরা কী জানতেন না এই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝাটার কথা ? তাঁরা তো একদিন আমাদের

জোট সঙ্গী ছিলেন, বর্তমানে নেই। তাঁরা তো সেদিন পারতেন একসঙ্গে দিল্লীর বুকে গিয়ে, প্রধানমন্ত্রীর কাছে চাপ সৃষ্টি করতে যাতে ঋণ-টা মকুব না করা গেলেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা চেয়েছিলেন, তিন বছর হোল্ড করে রাখার জন্য। কী অদ্ভুত ব্যাপার দেখুন ! সেটা কিন্তু তাঁরা করেননি। অথচ তাঁরা জানেন এই সুদ মেটাতেই কিন্তু আমাদের অধিক পরিমাণ অর্থ বেরিয়ে যায়। আর, এটা বেরিয়ে যাওয়ার জন্যই যে চিন্তা-ভাবনা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এগোতে চাইছেন সেটা কিন্তু সেইভাবে বাস্তবায়িত করা সম্ভব হচ্ছে না। তা সত্ত্বেও কিন্তু তিনি এগিয়ে চলেছেন। আমরা জানি ইউরোপীয় ইউনিয়নের দেশগুলো, বিশেষ করে গ্রীস যখন একটা আর্থিক সঙ্কটের মধ্যে পড়েছিল এবং সঙ্কট-মুক্তির আবেদন জানিয়েছিল তখন তারা সেই ঋণ মকুব করে দিয়েছিল, পুরোপুরি মকুব করে দিয়েছিল। কিন্তু আমরা বার বার আবেদন-নিবেদন করা সত্ত্বেও আমাদেরই কেন্দ্রীয় সরকার, যেহেতু আমরা যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোর মধ্যে বাস করি, সেই কেন্দ্রীয় সরকার, আমাদের মতো একটা অঙ্গরাজ্য, যে অঙ্গরাজ্য দীর্ঘ ৩৫ বছর ধরে বামফ্রন্টের কু-শাসনে ধ্বংস হয়েছে, লাঞ্ছিত হয়েছে, ধর্ষিত হয়েছে, সেই বাংলাকে সুজলা-সুফলা-শস্য-শ্যামলা করার জন্য যখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী চিন্তা-ভাবনা করে যাচ্ছেন তখন তাঁদের দিক থেকে আমরা সাড়া পাওয়া তো দূরের কথা, শুধুমাত্র তির্যক কতগুলো মন্তব্য করে এই আসরটাকে মাতিয়ে রাখা যেন তাঁদের একটা কাজ হয়ে গেছে। এই পর্বতপ্রমাণ ঋণের হাত থেকে বেরিয়ে আসার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বা মাননীয় অর্থমন্ত্রী যেভাবে সচেষ্ট হয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়া না পাওয়ার পর একটাই চিন্তা-ভাবনা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর হচ্ছিল সেটা হচ্ছে নির্বাচনে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, এই বাংলাকে পাঁচ বছরের মধ্যে এমন একটা জায়গায় পৌঁছে দেবেন যেটা আজকে বাংলার মানুষ ভাবতে পারবে না, অর্থাৎ অতীত বাংলার যে গৌরব, যে গৌরবগাথা আমরা শুনেছি সেই জায়গায় পৌঁছে দেওয়া, সেই লক্ষ্যে তারা কিন্তু কাজ করে যাচ্ছেন। সেই লক্ষ্যে এগোতে গিয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ আর্থিক বছরে ৬৮ হাজার ২৯৫.৭৫ কোটি টাকার রাজস্ব আদায় থেকে ২০১৩-১৪ আর্থিক বছরে ৮১ হাজার ১৩৪.৪৫ কোটিতে নিয়ে যান। ২০১৪-১৫ আর্থিক বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করেছেন ১ লক্ষ ৫ হাজার ৯৭৮.২০ কোটি টাকা। এ ব্যাপারে পশ্চিমবঙ্গের মতো এক ঋণ-জর্জরিত রাজ্যের জনপ্রতিনিধি হিসাবে আমি এই সরকারের মুখ্যচালিকা শক্তি মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় ও অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র মহাশয়কে ধন্যবাদ না দিয়ে পারছি না।

[6.10–6.20 p.m.]

স্যার, রাজস্ব আদায় বৃদ্ধি করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী কিন্তু রাজ্যের আর্থিক বিকাশের দিকটা অবহেলা করেননি। এই মহান সদনে আজ এই কথা আমি গর্বের সাথে বলতে চাই, ২০১৩-১৪ আর্থিক বছরে কৃষি, শিল্প, পরিষেবা এই তিন ক্ষেত্রে রাজ্যের উৎপাদন বৃদ্ধির হার দেশের গড় উৎপাদন বৃদ্ধির হারের থেকে অনেক অনেক বেশি।

২০১৩-১৪ আর্থিক বছরে ভারতের জি.ডি.পি. বৃদ্ধির হার যেখানে ৪.৯% সেখানে পশ্চিমবঙ্গে জি.ডি.এস.পি.-র বৃদ্ধির হার ৭.৭%। ২০০৯-১০ সালের তুলনায় ২০১০-১১-তে রাজ্যের পরিকল্পনায় ব্যয় যেটা স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার বলি মাইনাস ৫৮.৫৩% কমে গিয়েছিল সেখানে ২০১২-১৩ রাজ্যের অর্থবর্ষে রাজ্যের রাজস্ব আদায় ব্যয় ৩৪.৯৫% বেড়েছে। স্যার, কিছুক্ষণ আগে আমাদের ডাঃ কাশেম সাহেব বললেন, ওদের চোখে ন্যাবা হয়েছে, সত্যিকারে ওদের চোখে ন্যাবা হয়েছে। ওরা কিন্তু আজকে বাজেট বিবৃতির যে বইটা সেটাও দেখতে পাচ্ছে না। আমরা এম.এল.এ.-রা টাকা পাই, ওনাদের অনুরোধ করব খুব তাড়াতাড়ি তাদের যে ছানি পড়েছে সেই ছানিটা যেন কাটিয়ে নেন। স্যার, শুধুমাত্র এই রাজ্যের একজন জনপ্রতিনিধি হিসাবে নয়, একজন কৃষক পরিবারের সন্তান হিসাবে আমি জানি বিগত বাম সরকার কৃষিপণ্য সংরক্ষণ ও বাজারজাত করার জন্য করার ব্যাপারে চূড়ান্ত ব্যর্থ। তাই আমাদের রাজ্যের কৃষকরা তাদের উৎপাদিত কৃষিপণ্য সংরক্ষণ ও বাজারজাত করার ব্যাপারে বড় ব্যবসায়ী, হিমঘর, মালিক, ফড়েদের উপর নির্ভরশীল ছিল। এই নির্ভরশীলতা শুধুমাত্র কৃষকদের ন্যায্য মূল্য পাবার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায় তাই নয় অনেক সময় রাজ্যের কৃত্রিম খাদ্য সংকট সৃষ্টি করে।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পীকার : মাননীয় সদস্যবৃন্দ আমাদের ৬.১৫ পর্যন্ত সময় ছিল কিন্তু যেহেতু এখন আমাদের দুইজন মাননীয় সদস্য এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করতে বাকি রয়েছে তাই জন্য আমি আপনাদের অনুমতি নিয়ে ২০ মিনিট সময় এক্সটেন্ড করে দিলাম।

শ্রী রঞ্জিত মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট প্লেস করেছেন আমাদের এই পবিত্র সদনে ১৭ই ফেব্রুয়ারী ২০১৪। এই বাজেটে যেভাবে বাক্য বিন্যাস করা হয়েছে, যেভাবে বিভিন্ন কোটেশান আনা হয়েছে তা দেখে মনে হবে যে খুব সুন্দর হয়েছে। তার নির্যাস যদি আমরা গো থ্রু দ্যা রিয়েলিটিতে যাই তাহলে আমরা দেখব এর সঙ্গে বাস্তবের মিলের বড়ই অভাব। তাই আমার শুরুতেই আমি একটি কবিতা দিয়েই শুরু করছি। "Poetry I grant you leave, in the kingdom o hunger, The full moon looks, like a half baked loaf." কবিতা তোমায় দিলাম ছুটি, ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি। That is a vital example. I draw the kind attention of the Hon'ble Finance Minister. The budget is hiding the life of the poor and disabled people of his budget speech. So it has unable me to support this budget. Sir, আমি যেটা বলতে চাই, আজকে যদি স্যার বলতে চাই সেটা হচ্ছে এই বাজেটে সামগ্রিকভাবে কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য—এই চারটি যদি মেজর হেড আমরা দেখি তাহলে আমরা দেখব মাননীয় মন্ত্রী তার বাজেট স্পীচে যেভাবে শিল্পকে তিনি দেখানোর চেষ্টা করেছেন তার সঙ্গে বাস্তবের মিল নেই। ২০১২-তে আমরা দেখলাম সেখানে মাত্র ১২টি শিল্প প্রতিষ্ঠিত হয়েছে,

আর মাত্র ৩১২ কোটি টাকা ইনভেস্ট হয়েছে ইন ওয়েস্ট বেঙ্গল। আর এই বছর তিনি দেখাচ্ছেন যে ১৫০টি শিল্প এখানে স্থাপন হয়েছে এবং ১৭ হাজার ৭২৫ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। কিন্তু এখানে বলা হয়নি কতগুলি শিল্প কাজ শুরু করেছে, নির্মীয়মাণ কত—একটা ধোঁয়াশা তৈরি হচ্ছে। বিশেষ করে, উৎপাদনের যে বৃদ্ধি দেখানো হয়েছে আমি আপনাদের একটা উদাহরণ দিয়ে বলতে চাই। যে সেটা হচ্ছে এই অনেক কিছু বলা হয়েছে। যেমন ২০০৯-১০ সামগ্রিক উৎপাদন ছিল ওয়েস্ট বেঙ্গলে ৮.৩। ২০১৩-১৪-তে সেটা হয়েছে ৭.৭১। কৃষি উৎপাদন ২০০৯-১০ ছিল ৬.৯৪। ২০১৩-১৪-তে সেটা হয়েছে ৫.২৮। হোয়াট ইজ দি ডিফারেন্স ? আপনাদের প্রত্যেকটা রেফারেন্স হচ্ছে কেন্দ্রীয় সরকারের সাথে। লাস্ট লেফ্‌ট ফ্রন্ট সরকারের যে ৩৪ বছর নিয়ে আপনারা এত বলছেন তার সঙ্গে আপনার লাস্ট যে ইয়ার, তার সঙ্গে যদি রেফারেন্স করা যায় তাহলে দেখব অনেক বিষয়ে এখনও আপনারা পিছিয়ে আছেন। শিশু মৃত্যু-২০১১-তে ছিল ৬.১—হাজারে। ২০১৩-১৪-তে ৬.৩—হাজারে। তাহলে হোয়াট ইজ দি ডিফারেন্স ? What is the new scenario in West Bengal ? কি হচ্ছে ? সুতরাং স্যার, আমি যেটা বলতে চাইছি, আমার বক্তব্য হচ্ছে যে মাননীয় মন্ত্রীর কাছে আমি জিজ্ঞাসা করতে চাইছি যে আপনার যে বাজেট, অনেক কিছুর কথা আপনি বলেছেন, সুপার স্পেসালিটি হসপিটাল ইত্যাদি ইত্যাদির কথা বলেছেন, ভালো কথা। এটা হোক, আমরা সাপোর্ট করব। ৩৫টি সুপার স্পেসালিটি হসপিটাল হোক, we would support it। কিন্তু গ্রামীণ যে স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে পি.এইচ.সি., ডিস্ট্রিক্ট লেভেল মহকুমা হসপিটাল, ডাক্তার নেই, লাল ওষুধ নেই, গজ নেই, স্যালাইন নেই, প্লিজ আগে সেগুলির অ্যারেঞ্জ করুন, তারপরে সুপার স্পেসালিটিতে যান। চিকিৎসার বিষয়ে রামা কৈবর্ত, পরান মণ্ডল, আব্দুল মিঞার কি হবে ? প্লিজ আগে সেই দিকটা দেখুন। সুপার স্পেসালিটি হসপিটাল করাতে আপত্তি কিছু নেই। প্রেসিডেন্সি ইউনিভার্সিটির excellencey বাড়ুক, আপত্তি নেই। কিন্তু গ্রামীণ বিদ্যালয়গুলি আছে, স্যার, আপনি কি জানেন যে গ্রামীণ প্রাইমারী বিদ্যালয়গুলিতে ছাত্র কমে যাচ্ছে। এই ছাত্ররা বেশিরভাগ চলে যাচ্ছে বেসরকারী স্কুলে। সুতরাং আপনাকে দেখতে হবে বিদ্যালয়ের মিড-ডে মিল, মিড-ডে মিলের ব্যাপারে আপনি বলেছেন যে ৯৯% হচ্ছে। এতে অবাক হবার কিছু নেই। লাস্ট ২০১০-১১, ১৯৯৭—এই রকম পারসেন্টেজ ছিল। সেটা বাড়ছে। কিন্তু আমরা আশা করেছিলাম আপনার এই বাজেটে হয়তো নবম এবং দশম শ্রেণীর জন্য মিড-ডে মিল বরাদ্দ হবে। এটা আমরা আশা করেছিলাম কিন্তু সেটা হয়নি। তাহলে নতুন কি হল ? নতুন আমরা কিছু দেখতে পেলাম না। এই মিড-ডে মিল যারা রান্না করে তাদের এত poor paid, তাদের দিন চলে না, লিভ ইন hand to mouth। এমনকি তাদের জন্যও কোনো কিছু দেখলাম না। আপনার বাজেটে অনেক কিছু আছে। কিন্তু আমি ক্যাটাগরিক্যালি কয়েকটি কথা বলতে চাই। পার্শ্বশিক্ষক সম্বন্ধে কিছু ভেবেছেন ? ভোকেশনাল শিক্ষক আছে, তাদের সম্বন্ধে ভেবেছেন ? এস.এস.কে., এম.এস.কে.-তে যে সব প্রশিক্ষকগুলো আছে, তাদের কথা ভেবেছেন ? মাদ্রাসা শিক্ষক, যেটা আমরা দশ হাজার করব। মাত্র ৩৩৫টি মাদ্রাসাকে অনুমোদন দিয়েছেন। আর অ্যাকচুয়ালি কাজ শুরু করেছেন মাত্র ১৬টি, জেনে রাখুন।

স্বাভাবিকভাবেই এর সঙ্গে আছে স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন প্রাণী বন্ধু, শিক্ষা বন্ধু, আই.সি.ডি.এস. কর্মী—তাদের বেতন মাত্র ১৩৫০ টাকা। এখানে বাড়াবার কোনো পরিকল্পনা আছে ? পি.এইচ.সি.-র সঙ্গে যারা যুক্ত, জল সাপ্লাই করে, খুব poor paid তারাও। তাদের জন্য বাজেটে কি করা আছে ? গ্রামীণ গ্রন্থাগারে, তথ্যকেন্দ্রে—তারা মাত্র ৯০০ টাকা পায়। দু-বছর ধরে তাদের টাকা দেওয়া যায়নি। আছে ? মাননীয় অর্থমন্ত্রী, আপনি কি জানাবেন, আমি চ্যালেঞ্জ করে আপনাকে বলছি এই সরকার আসার পর বার্ধক্য ভাতা, বিধবা ভাতা এবং আদিবাসী ভাতা, কৃষক ভাতা, যারা মারা গিয়েছে তাদের রিপ্লেস দু-একটা ক্ষেত্রে হয়েছে। একটাও নতুন কেস স্যাংশান হয়নি। এই লাস্ট ৩২ মাসে একটাও নতুন কেসের অনুমোদন আপনি দেননি। তাহলে হোয়াট হ্যাপেন্ড ? হোয়াট ইজ দি ডেভেলপমেন্ট ? তাহলে সত্যিকরের গরীব মানুষের স্বার্থে কি হয়েছে ? আমি আপনাকে বলব স্যার, আপনি এই জায়গাগুলি দেখুন। এই জায়গাগুলি দেখলে পরে খুব ভালো হবে। আসুন শিক্ষায়, ইউনিভার্সিটি হোক, আপত্তি নেই, আমরা সাপোর্ট করব। কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রী রাজ্যে শিক্ষার যে ডেমোক্রেটিক সিস্টেম আছে তা তিনি ঠাণ্ডা মাথায় গোটা গণতান্ত্রিক ব্যবস্থাকে খুন করেছেন। সমস্ত democracy in the school premises have been destroyed, একবার প্রাইমারী থেকে সেকেন্ডারী পুরো দলতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। বামফ্রন্টের ১৯৯৮ সাল থেকে ১ লক্ষ ৩৪ হাজার ৮১৮ জন শিক্ষক নিয়েছিল থ্রু এস.এস.সি.। একটা ক্ষেত্রে finding no litigation, no court case pending. কিন্তু আপনাদের এস.এস.সি.-র মধ্যে কোর্ট আপনাদের তিন-চার বিষয়ে verdict দিচ্ছে। টেট পরীক্ষায় যেভাবে দুর্নীতির আশ্রয় আপনারা নিয়েছেন, এটা বিশ্ব রেকর্ড হয়েছে।

[6.20–6.32 p.m.]

এটা বিশ্ব রেকর্ড হয়েছে—এটা বিশ্ব রেকর্ড হয়েছে। Having no alternative example in the world, I do it, I mind it সুতরাং এটা বলতে হবে বিশ্ব রেকর্ড হয়েছে টেটে যা দুর্নীতি আপনারা করেছেন। ২০তে ২০, এম.এল.এ.-দের আত্মীয়রা-মন্ত্রীকে বলব যদি আপনার সেই সাহস থাকে প্লিজ এটাকে এনকোয়ারিতে দিন। মাননীয় শিক্ষা মন্ত্রী কি বললেন ? ওটা দক্ষিণ ২৪-পরগনার প্রাইমারী কাউন্সিলের যিনি চেয়ারম্যান, তিনি সাফ জানালেন through vision তিনি বললেন এটা খুবই দুর্ভাগ্যের বিষয়। ওটা আমার কণ্ঠই নয়। ওর কণ্ঠস্বর নাকি tampering করা হয়েছে How it is possible in the age of the science. It is impossible। সেই কারণে আমি এটা বলতে পারি স্যার। আমি আপনাকে বলব স্যার, আর একটা বড় সমস্যা হচ্ছে। সেটা হচ্ছে ওদের সাথে এদের তফাৎটা কোথায় ? প্লিজ সরকার পক্ষের সদস্যরা শুনবেন। আর আমাদের সমস্যাটা কোথায় ? আপনাদের ৩৪ রোগে ধরেছে। ৩৪ রোগে-৩৪ বছর-বছর। আপনারা ৩২ মাস এসেছেন। এই ৩২ মাসে কি করতে পেরেছেন সেটা জানান। যেগুলো করেছেন We will support, আর যেগুলো ভালো সেগুলো আমরা সমর্থন করব। আপনারা তিন বছরে ৩৪ বছরটাকে ছাড়িয়ে যেতে চাইছেন। এইটাই তো আপনাদের বিপদ এবং তার সঙ্গে বাস্তবের

কোনো মিল নেই। অর্থাৎ আপনারা যেটা বলছেন এটা আমরা করতে পারি, সেটা পারছেন না। সর্বস্তরে আপনাকে উদাহরণ দিয়ে বলছি—মধ্যশিক্ষা পর্ষদ যে টেক্সট বইগুলো বার করেছে ভুলে ভরা, তাতে প্রচণ্ড সমস্যা হচ্ছে। আমরা বারবার জানিয়েছি তার কোনো প্রতিকার হয়নি। সুতরাং স্বাভাবিকভাবেই বলব দিশাহীন এই বাজেট। তাই মাননীয় মন্ত্রীকে আমি বলব, আপনি যে বাজেট এখানে প্লেস করেছেন এবং সদস্যরা যা আলোচনা করেছেন—সরকারপক্ষের সদস্যদের বলব গোয়েবেলস-এর কায়দায় আপনারা চারকে দশ, দশকে কুড়ি না দেখিয়ে যেটা সত্যি করতে পেরেছেন সেটা বলুন। যেগুলো ভালো কাজ সেগুলো আমরা নিশ্চয়ই সমর্থন করব। এবং এইভাবে তথ্যকে বিকৃত করে বামফ্রন্টের ৩৪ বছরকে ছাড়িয়ে অনেক কিছু করছেন, বাংলার মানুষের সাথে বঞ্চনা করা এটা ঠিক নয়। সুতরাং বাংলার গণতন্ত্রকে ধ্বংস আর নারী নির্যাতন, টেট কেলেঙ্কারী, সারদা কেলেঙ্কারীতে এই সরকার নিমজ্জিত হয়ে পড়েছেন। এই সরকার আজকে অঙ্গুলি হেলনে হয়েছে। সমস্ত প্রতিকার, চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না। ধন্যবাদ।

শ্রী স্নেহাশীস চক্রবর্তী : মিঃ স্পীকার স্যার, গত ১৭ই ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী এই পবিত্র সদনে আগামি ২০১৪-'১৫ সালের যে বাজেট প্রস্তাব আকারে রেকেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলব। স্যার আমি, আমার স্ত্রী, আমার সন্তান—এই হচ্ছে আমার ক্ষুদ্র পরিবার। আর দেশ হচ্ছে একটা বৃহত্তর পরিবার। সম্প্রতি একটা বাংলা ভালো চলচ্চিত্রের সুন্দর সংলাপ এটা। স্যার আমার পরিবারেরও একটা আয়-ব্যয় পরিকল্পনা আছে। অর্থাৎ সারা বছরে কোথা থেকে কতটা আয় করব, আর সে আয়টা আমি কিভাবে ব্যয় করব। তেমনি একটা দেশেরও আয়-ব্যয়ের একটা পরিকল্পনা থাকে। সেটা হচ্ছে আমার পরিবারের যেমন বাজেট, সেটা হচ্ছে দেশের বাজেট। অর্থাৎ কোন কোন সূত্র থেকে, কোন কোন ক্ষেত্র থেকে আয় সংগ্রহ করবে একটা দেশ বা একটা রাজ্য, কোন কোন ক্ষেত্রে সেটা ব্যয় করবে এটা হচ্ছে একটা দেশ বা রাজ্যের বাজেট। আমাদের সমাজে অতীতের একটা প্রভাব চালু আছে। আয় বুঝে ব্যয় করো। আমরা সকলেই জানি অর্থাৎ তোমার যতটুকু আয়, তুমি ততটুকু ব্যয় করো। অর্থাৎ আয়ের বেশি তুমি ব্যয় কোরো না। তাহলে বিপদে পড়বে। এটা যেমন একটা পরিবারের ক্ষেত্রে সত্য হয়। কিন্তু একটা দেশের ক্ষেত্রে যদি সেটা ডেভেলপিং কান্ট্রি হয়—উন্নয়নশীল দেশ হয়, এই সত্যটা কিন্তু খাটে না। অর্থনীতিবিদরা বলছে যে, উন্নয়নশীল দেশের ক্ষেত্রে তুমি ব্যয় বেশি করো। তুমি পরিকল্পনা খাতে, তুমি পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বেশি-বেশি করে খরচ করো। এতে অর্থনৈতিক চাকা ঘুরতে থাকবে। অর্থাৎ গুণিতক আকারে তোমার কাছে সেটা রিটার্ন আসবে, কর্মসংস্থান বাড়তে থাকবে, অর্থনীতি চাঙ্গা হয়ে উঠবে। কিন্তু আমার যদি আয় যেটুকু হয়, আমি খরচ করব কি করে ? আমি বেশি খরচ করব কোথা থেকে ? এখান থেকেই এল ডেফিসিট বাজেটের কনসেপ্ট। অর্থাৎ ঘাটতি ব্যয়ের কথা। কিন্তু ঘাটতি ব্যয় যদি অ্যাবনরমাল হয় তাহলে কিন্তু আবার বিপত্তি তৈরি হয়। অর্থা সেটা আর্থিক বিশৃঙ্খলার

কারণ হয়ে ওঠে এবং সঙ্গে সঙ্গে টাকার মূল্য হ্রাস পেতে থাকে। মানুষের ক্রয়ক্ষমতা, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যায় দ্রব্যমূল্যের দাম। আমাদের মতো ভারতবর্ষে এইরকম আর্তি বাজেট রেখে, হাজার হাজার কোটি টাকা ঘাটতি বাজেট রেখে প্রতি বছর বাজেট তৈরি করা এবং সাধারণ প্র্যাকটিস। ১৯৮৭ সালে পশ্চিমবাংলার তৎকালীন অর্থমন্ত্রী বললেন, আমি এত ঝুঁকি নিতে পারব না, আমার যতটুকু আয়, আমি ঠিক ততটুকু ব্যয় করতে পারব। তিনি বিকল্প অর্থনীতির নামে পশ্চিমবঙ্গে ঘাটতি শূন্য বাজেট চালু করলেন। আমার যারা সিনিয়ার আছেন, সেদিন সমালোচনা করেছিলেন, সারা বাংলা জুড়ে, দেশ জুড়ে একটা সমালোচনার ঝড় উঠেছিল যে, এটা ঠিক হচ্ছে না। আমাদের মতো দেশে এটা ঠিক হচ্ছে না। এটা আর্থিক স্থবিরতা এনে দেবে। হলও তাই। ৩৪ বছরে বাংলা একটা আর্থিক দিক থেকে পশ্চাদপদ রাজ্যে পরিণত হল এবং তার ফলস্বরূপ ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা নিয়ে বামফ্রন্টকে রাজ্য থেকে বিদায় নিতে হয়েছিল। আমরা সেই অবস্থায় রাজ্যের দায়িত্ব নিয়েছি। আমরা এমন একজন মানুষকে অর্থমন্ত্রী করেছি, তিনি শুধু ফিকির সেক্রেটারি জেনারেল নয়, তিনি বিদগ্ধ পণ্ডিত। বাস্তবে কাজ করার তাঁর অভিজ্ঞতা আছে। তার এটা পূর্ণাঙ্গ তৃতীয় বাজেট। এই বাজেটে তিনি বললেন যে, না আমার আয়ও বেশি, আমার খরচও বেশি। অর্থাৎ তিনি তিন বছর ধরে পশ্চিমবঙ্গের রাজস্বকে বাড়াতে বাড়াতে এমন একটা জায়গায় নিয়ে গিয়েছেন, তাই তিনি বলতে পারছেন, আমার আয়ও বেশি, আমার খরচও বেশি। ২০১১ সালে বামফ্রন্ট যাওয়ার আগে রাজস্ব কর বাবদ পশ্চিমবঙ্গের আয় ছিল মাত্র ২১ হাজার ৫০০ কোটি টাকার আশেপাশে। আর আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার পরের বছর সেই আয়কে নিয়ে গেলেন ৩১ হাজার ৫০০ কোটি টাকায়। তার পরের বছর ২০১৩-১৪ আর্থিক বছরে তার পরিমাণটা দাঁড়াল ৩৯ হাজার ১০০ কোটি টাকা, যা সংগ্রহ করে তিনি বুঝিয়ে দিলেন তিনি পারেন। অর্থাৎ তিনি বললেন আমার আয় বেশি, আমার খরচও বেশি। আমি দু-দিন ধরে আলোচনায় কোনো বিরোধী দলের সদস্যকে কিন্তু এটা বলতে শুনলাম না, যে মাননীয় অর্থমন্ত্রী আপনি যে এত বড় লক্ষ্য রেখেছেন আয় সংগ্রহের, আপনি পারবেন তো, আপনি ফেল করবেন না তো, শেষ পর্যন্ত এটা বোগাসে পরিণত হবে না তো। বলতে পারলেন না এই কারণে যে, উনি প্রমাণ করে দেখিয়েছেন সাধারণ মানুষের উপরে করের বোঝা না চাপিয়ে কিভাবে একটা রাজ্য আস্তে আস্তে স্বয়ংসম্পন্ন হয়ে উঠতে পারে। আমাদের বাজেটে এটাই হচ্ছে মাহাত্ম্য, এটাই হচ্ছে আজকের বাজেটের আমাদের গরিমা, সেই কথা আজকে আমি বলতে চাই। স্যার, আমাদের মুখ্যমন্ত্রী মাঝে মাঝে একটা কথা বলেন যে, কলকাতা মানেই বাংলা নয়। তিনি বলেন বাংলা তো ছড়িয়ে আছে গ্রামে। গ্রামই হচ্ছে বাংলা। কারণ বেশিরভাগ মানুষ গ্রামে থাকে। তাই আমাদের গ্রামোন্নয়ন দপ্তর, পঞ্চায়েত দপ্তর গত দু-তিন বছর ধরে অত্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করেছে। আমি জানি না কংগ্রেসের বন্ধুরা নেই। মানসবাবু বলছিলেন যে, গ্রামোন্নয়ন দপ্তরে বেশিরভাগ টাকা দেয় কেন্দ্র। আমরা জানি রাজ্য সরকার হোক বা কেন্দ্রীয় সরকার হোক, তার আয় সংগ্রহের লাইন্স শেয়ার এটা জনগণের থেকে কর সংগ্রহ করেই আসে। কিন্তু যে সরকার সেই জনগণের টাকাকে একটা উন্নয়নের চ্যানেলের মধ্যে দিয়ে নিয়ে গিয়ে

আবার জনগণকে ফেরত দেয় পরিষেবার আকারে, আমরা তাকে দক্ষ সরকার বলি। আর আমাদের সরকার সেই দক্ষতার সঙ্গেই আড়াই বছর ধরে কাজ করে চলেছে। আপনারা পরিসংখ্যান করবেন না যে আমাদের গ্রামোন্নয়ন দপ্তর, যেখানে বামফ্রন্ট সরকার ১০০ দিনের কাজ ১৭ দিনের বেশি তুলতে পারেনি। আর আমরা ক্ষমতায় এসে সেই ১০০ দিনের কাজকে এমন একটা জায়গায় বাড়িয়েছি যে গ্রামের মানুষ অনেক বেশি বেশি করে ১০০ দিনের কাজ পাচ্ছে। গত আর্থিক বছরে ৪৪৮০ কোটি টাকা ১০০ দিনের কাজে খরচ করে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছে। প্রশংসা করবেন না ? প্রশংসা করবেন না টোটাল ম্যানডেজে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে ? প্রশংসা করবেন না যে ২০০১ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বামফ্রন্ট সরকার যেখানে মাত্র ১০ হাজার কিলোমিটার রাস্তা করেছিল, আমরা আড়াই বছরের মধ্যে সাড়ে বারো হাজার কিলোমিটার রাস্তা অনুমোদন করিয়ে এসেছি এবং এই আড়াই-তিন বছরে সাড়ে তিন হাজার কিলোমিটার রাস্তা আমরা সম্পন্ন করেছি। প্রশংসা করবেন না ? আমরা ইন্দিরা আবাস যোজনা এবং আমাদের তৈরি অধিকার প্রকল্পে আড়াই লক্ষ গরীব মানুষকে ঘর তৈরি করে দিয়েছি। আমরা গীতাঞ্জলি প্রকল্পে গরীব সংখ্যালঘু মানুষকে ৬০ হাজার ঘর তৈরি করে দিয়েছি। প্রশংসা করবেন না ? আজকে পশ্চিমবাংলা একটা রাজ্য—আইন শৃঙ্খলা যদি ভালো থাকে তবে রাজ্যে সার্বিকভাবে উন্নয়ন ঘটে। আমরা সেই আইন শৃঙ্খলাকে সুন্দর করে তৈরি করার জন্য, সঠিক করার জন্য আমাদের কিন্তু পদক্ষেপ আছে। বামপন্থী বন্ধুরা এখুনি বলবেন যে পশ্চিমবঙ্গে নারী নির্যাতন—এত করে করে ঢাক-ঢোল আপনারা ফাটাচ্ছেন....। আমাদের চিফ্ হুইপ রয়েছেন এখানে, দুদিন আগে একটা আলোচনায় উনি বলেছিলেন, নারী নির্যাতনের বিষবৃক্ষ তো বামফ্রন্টই পুঁতে গিয়েছিল, সেটাই তো এখন ফল দিচ্ছে, এত তাড়াতাড়ি তো সেটাকে উচ্ছেদ করা যাবে না। কিন্তু আমরা দৃঢ় প্রতিজ্ঞ যে এর শিকড়-সমেত সেই বিষবৃক্ষকে উপড়ে ফেলে দেব। তার জন্যই আমরা শুধু ৪০ হাজার কনস্টেবলই শুধু নয়, ৫টা পুলিশ commiserate, মহিলা থানা ২০টা, ৮৮টা ফার্স্ট ট্রাক আদালত তৈরি করেছি, নোটিফায়েড করেছি, ৪৫টা মহিলা আদালত, ৩টে সি.বি.আই. কোর্ট এবং ১৮টা মানবাধিকার কোর্ট স্থাপনের জন্য নোটিফায়েড করেছি। আমি একটা কথা কবির ভাষায় বলি, 'স্বভূষণা বারাঙ্গনা পথে যদি করে বিচরণ নিরুদ্বেগে, একাকিনী, তারেই মানি প্রকৃষ্ট শাসন।' আমরা সেই শাসন প্রতিষ্ঠা করতে চাই মমতা ব্যানার্জীর নেতৃত্বে। স্যার, বাজেট বইতে সব আছে আমরা কোন কোন খাতে কি কি খরচ করছি। কিন্তু একটা ঘটনা, সংখ্যালঘু উন্নয়নের ক্ষেত্রে আমরা বিশেষ করে যে বৈপ্লবিক পরিবর্তন পশ্চিমবাংলায় মাননীয়া মুখ্যমন্ত্রী এনেছেন Sacher Committee-র রিপোর্টকে প্রাধান্য দিয়ে, যেভাবে ও.বি.সি.-দের জন্য উচ্চশিক্ষায় ১৭% রিজার্ভেশন দিয়ে এবং ১২% সরকারী চাকরিতে রিজার্ভেশন দিয়ে এবং সেই OBC তালিকায় পশ্চিমবঙ্গ সংখ্যালঘু পরিবারের ৯৫ শতাংশ ছেলেমেয়েকে অন্তর্ভুক্ত করে তাদের জন্য শিক্ষা এবং তাদের চাকরির যে সুযোগ তৈরি করে দিয়েছে এটাকে আপনারা প্রশংসা করবেন না ? আমরা স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছি। আমি আগেই বলেছি, অর্থমন্ত্রী যেভাবে অর্থ সংগ্রহ

করছেন, সেইভাবে বিভিন্ন দপ্তরে বাজেট বরাদ্দ বাড়িয়ে বাড়িয়ে আমরা এগোতে পারছি। নারী ও শিশু কল্যাণে, শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে এবং পিছিয়ে পড়া যে সম্প্রদায়গুলো আছে, তাদের এগিয়ে আনার জন্য, প্রতিটা ক্ষেত্রে আমাদের বাজেট বরাদ্দ অনেকটাই কিন্তু বেড়ে গেছে। একটা দেশের উন্নয়ন সূচিত হয় তার রাস্তাঘাট যদি ভালো হয়। এবং আমাদের State Highway Authority তৈরি করা হয়েছে এবং ১ হাজার কিলোমিটার রাস্তা তৈরি করার জন্য আমাদের সিদ্ধান্ত হয়ে গিয়েছে এবং খুব তাড়াতাড়ি সেই কাজগুলো শুরু হয়ে যাবে। সর্বশেষে এই বাজেট প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-33 p.m. till 11.00 a.m. on Thursday, the 20th February, 2014 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 20th February, 2014 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 33 Minister-in-Charge, 07 Ministers-of-State, 23 Parliament Secretaries and 169 Members.

[11.00 – 11.10 a.m.]

Mr. Speaker : Starred Question No. 49 is held over because Hon'ble Minister has intimated me that it will take time for him to give the reply. Accordingly it is held over. The letter is with me.

Starred Questions
(to which oral answers were given)

পর্যটন ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০) **শ্রী অসিত মজুমদার :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে চলতি আর্থিক বছরে বর্তমান সরকার পর্যটনের ক্ষেত্রে কি ব্যবস্থা গ্রহণ করছেন/করেছেন ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আপনার অনুমোদন নিয়েই মাননীয় সদস্য শ্রী অসিত বাবুকে জানাই যে, দু-হাজার তেরো-চোদ্দ আর্থিক বছরে ২০৮৭৩৭২৩১১ টাকা অনুমোদন হয়েছে বিভিন্ন প্রকল্পে এবং ৪৮,২৫,৩৮,৪৬৯ টাকা আমরা রিলিজ করে দিয়েছি। এবং পরবর্তীকালে এবং এইসব প্রস্তাবগুলি যেমন যেমন জেলা আধিকারিকের কাছ থেকে এসেছে, আপনাদের মতো মাননীয় বিধায়করা যারা আমাদের জেলার আধিকারিকের কাছে আপনারা দিয়েছেন এবং সেখান থেকে আমরা পেয়েছি এবং ধাপে ধাপে আমরা এটা দিয়ে দিচ্ছি।

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন গত ৩৪ বছর বামফ্রন্ট সরকার শরৎচন্দ্রকে নিয়ে কিছুই ভাবেনি। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

আমার বিধানসভা দেবানন্দপুরে জন্মগ্রহণ করেছিলেন। সেই দেবানন্দপুরে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মভিটা নিয়ে আমাদের মা-মাটি সরকারের পর্যটন কেন্দ্র করার কোনো প্রস্তাব আছে কি ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় সদস্যের উত্তরে এটুকু জানাই যে, আমাদের দেশে, আমাদের বাংলাতে যে বরেণ্য মানুষরা জন্মগ্রহণ করেছেন তাদের কর্মক্ষেত্র, সারা পৃথিবী বা সারা দেশে খ্যাতিলাভ করেছে সেই সমস্ত মনীষীদের জন্যই আমরা চিন্তা-ভাবনা করছি এবং তাদের জন্মস্থান, তাদের কর্মস্থানগুলিকে সুন্দরভাবে সাজাবার চিন্তা করা হচ্ছে এবং তার মধ্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান নিয়ে চিন্তা-ভাবনা করা হচ্ছে। ইতিমধ্যে ইরিগেশান ওটা স্পার বানাচ্ছে। আমরা ট্যুরিজম দপ্তর থেকে আরও ভালো করে সাজিয়ে দেব। আমি এটুকু বলতে পারি যে, মনীষীদেরকে বামফ্রন্ট সরকার অনেকখানি অবজ্ঞা করেছিলেন। কিন্তু আমাদের এই সরকার মনীষীদের জন্য অনেক কিছু করছেন।

শ্রী অসিত মজুমদার : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন--আমার বিধানসভাতেই হাজি মহম্মদ মহসীনের জন্মভিটা রয়েছে ইমামবাড়া। আমাদের সরকার সেই ইমামবাড়া নিয়ে কোনো কিছু চিন্তা-ভাবনা করছেন কি ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আমি মাননীয় সদস্যকে জানাই যে, আপনার আগের প্রশ্নেই বলেছি আমাদের যারা মনীষী আছেন, যাঁরা এখানে জন্মগ্রহণ করেছেন বা আছেন, প্রত্যেকের জন্যই এই ট্যুরিজম দপ্তর আসবে। আমি কয়েকদিন আগে কালনা গিয়েছিলাম। কালনাতে দেখার মতো প্রচুর জায়গা আছে। সেখানে শিব মন্দির, মসজিদ খুব সুন্দর সুন্দর জায়গা রয়েছে। আমাদের দপ্তর এগুলিকে প্রোমোট করছে যাতে বিশ্বের দরবার থেকে বিভিন্ন পর্যটকরা এখানে আসেন, সুন্দরভাবে দেখেন। আর ট্যুরিজম মানে হচ্ছে ভালো সাজানো গোছানো থাকবে এবং হসপিটালিটিটা থাকবে। আমাদের হসপিটালিটিটা নষ্ট হয়ে গিয়েছিল স্যার। কারণ, দীর্ঘদিন ধরে আমরা যেটা লক্ষ করেছি, আমাদের যে স্লোগান সেটা হচ্ছে, ''অতিথি দেবায় ভবঃ''। কিন্তু আমার মনে হচ্ছে, দীর্ঘদিন এই ''অতিথি দেবায় ভবঃ'' না করে ''অতিথি বাংলা ছেড়ে ভাগো''—এই ধরনের স্লোগান ছিল। ফলে অতিথিদের আসা অনেকটাই কমে গিয়েছে। আমি মাননীয় সদস্যকে বলতে পারি, এই ধরনের প্রচেষ্টা আমাদের সরকার খুব যত্ন সহকারে করছে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গাদিয়ারা লজ, সেই লজে ইতিমধ্যেই ৬ জন কিশোরীকে উদ্ধার করেছে এবং একজন কিশোরী হাত ফের হয়ে ওখানে কয়েকদিন ধরে বারে বারে ধর্ষিতা হয়েছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর কি কিছু জানা আছে ? আর কি ব্যবস্থা নিয়েছেন এই ব্যাপারে, সেটা জানতে চাইছি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে প্রথমেই জানাতে চাই, এই পর্যটন কেন্দ্রে এই ধরনের ঘটনা ঘটলে এটা নিশ্চয়ই লজ্জার বিষয়। আপনারা জানেন যে, আমাদের এই সরকার এই ধরনের ঘটনা যারা

করবেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে এবং আপনি খবরের কাগজে দেখেছেন এবং আমরাও দেখেছি যে, সরকার এত সক্রিয় ছিল, প্রতিটি র‍্যাকেট গ্রুপকে তারা গ্রেপ্তার করেছে এবং আমরা চাই, ট্যুরিজমের ক্ষেত্রে—শুধু গাদিয়ারা না, আরও বিভিন্ন জায়গায় এই ধরনের ঘটনা আমাদের নোটিশে আসলে—এবং দেখবেন, গতকালকে একটা খবরের কাগজে বেরিয়েছিল, দীঘাতে আমাদের কিছু পর্যটক ঘুরতে গিয়েছিল এবং সেখানে পুলিশের কিছু লোক তাদেরকে ধরে হেনস্থা করেছে এবং সেটাও অ্যাকশন নেওয়া হচ্ছে।

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেতুগ্রাম বিধানসভা, নানুর বিধানসভার পাশে। যেখানে চণ্ডীদাস নানুর ছিলেন। সেখানে আপনার ডিপার্টমেন্ট থেকে চণ্ডীদাসের যে মন্দির ছিল, তার সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আমার পাশের বিধানসভা হচ্ছে কেতুগ্রাম। সেখানে জ্ঞানদাশ বৈষ্ণব সাহিত্যিক ছিলেন দীর্ঘদিন ধরে। সেখানে অনেক লোকের সমাগম হয়, হাজার হাজার মানুষের সমাগম হয়। কিন্তু সেখানে মানুষের থাকার কোনো ব্যবস্থা নেই। দীর্ঘ ৩৪-৩৫ বছর যাবৎ যারা চিৎকার করছে, সেখানে কোনো জিনিসের ব্যবস্থা করেনি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, ওই সমস্ত মানুষ, যারা ধর্মীয় অনুষ্ঠানে আসে, তাদের থাকার জন্য যদি কোনো একটা ব্যবস্থা—কান্দ্রা গ্রামেই আমাদের জ্ঞানদাসের বাড়ি আছে, ভিটা আছে। সেখান যদি আপনি প্রতীক্ষালয় করে দেন, সেখানে মানুষ যাতে থাকতে পারে, সেই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের এইটুকু বলছি, এই ধরনের প্রচেষ্টা আমরা চালাচ্ছি। আপনার যদি স্পেশিফিক কোনো প্রস্তাব থাকে, সেটা আপনি মাননীয় জেলাশাসককে দিন, জেলাশাসক আমাদের দেবে, আমরা দেব। তাছাড়া আমরা বিভিন্ন মেলা, উরুস—এইগুলোতেও আমরা লক্ষ রাখছি, সেখানেও আমরা টয়লেটে ব্লক করে দেওয়া, প্যাসেঞ্জার শেড করে দেওয়া বা আমাদের ট্যুরিজমের ক্যাম্প করে দেওয়া—এই কাজগুলোও আমরা করছি।

শ্রী উমাপদ বাউরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মালদা জেলার ওল্ড মালদা ব্লকে সাহাপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় রূপ এবং সনাতন, যার কীর্তিকলাপ বৃন্দাবনে গেলে অনেকেই জানতে পারেন, তার জন্মভিটা সাহাপুর মোরগ্রাম। সেই জন্মভিটা সম্বন্ধে পর্যটন দপ্তর থেকে কোনো পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা, এটা স্পেশিফিক আমি মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য যে প্রস্তাব রেখেছেন, সেই ব্যাপারে জানাই, আমাদের জেলায় আদিনা, গৌর, জগজ্জীবনপুর, রূপ ও সনাতনের যে কার্যকলাপ আছে, সেটা পর্যটন দপ্তর গ্রহণ করছে এবং সেখানে যাতে ভালো করে পর্যটকরা আসতে পারে, কারণ রূপ ও সনাতনের যে চিন্তাধারা—আপনারা দেখবেন যে হুসেন শাহ যখন রাজা ছিলেন, তখন তাঁর দুই মন্ত্রী ছিলেন এবং চৈতন্যদেব যখন মালদায় এসেছিলেন, তখন এইরূপ-সনাতনই তাঁর সমস্ত দেখাশোনা করেছিলেন। এবং তাঁর কাছ থেকে

দীক্ষা লাভ করেছিলেন, ফলে ওটা আমাদের মাথায় আছে, আমি অনুরোধ করব যদি আর কিছু করার থাকে আপনি স্পেসিফিক লিখে জেলা সমহর্তার কাছে দিন, আমরা দেখছি।

[11.10 – 11.20 a.m.]

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে বিশ্ব পর্যটন মেলায় আমাদের পশ্চিমবঙ্গের থিমটা কি ছিল যদি একটু বলেন ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : দেখুন আমরা এক-একটা জায়গায় এক একরকম ভাবে থিম করি, বার্লিনে একরকম, লন্ডনে একরকম, জার্মানে একরকম, বিভিন্ন জায়গায় আছে। আপনি যদি স্পেসিফিক ভাবে ওই প্রশ্নটা করেন যে লন্ডনে কি ছিল, বা আদর্শ কি ছিল, এটা লিখিত ভাবে আমাকে জানালে আমি আপনাকে উত্তর দিয়ে দেব।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করছি, কিছুদিন আগে আমাদের কালনায় পর্যটন উৎসব হয়ে গেল, সেই উৎসবে মন্ত্রী মহাশয় গিয়েছিলেন, ওখানে যে সব পুরানো মন্দির রয়েছে টেরাকোটার কাজ করা এবং তা বিষ্ণুপুরের থেকে অনেক অংশে ভালো। তা সত্ত্বেও এটা তেমনভাবে প্রচার পায়নি, যার জন্য পর্যটন দপ্তর থেকে কোনো রকম কিছু করা হয়নি বিগত সরকারে। আমি মহামান্য মন্ত্রী মহাশয়কে জানাই যে আমাদের কালনাতে যদি ট্যুরিজম লজ করে সেই সঙ্গে গঙ্গা আছে, সেই গঙ্গার সৌন্দর্যায়ন যদি করা হয়, এই ধরনের কোনো প্রস্তাব যদি নেন তাহলে আমাদের কালনা পর্যটন শিল্পে অনেক উন্নতি হবে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে এটুকু আশ্বাস দিতে পারি যে আমি কয়েকদিন আগে স্যার, কালনা গিয়েছিলাম, ওঁনার সঙ্গেই গিয়েছিলাম। কালনায় যে মন্দির আছে, মসজিদ আছে তার যে স্থাপত্য বা কারুকার্য, সেটা আমি বলতে পারি অনেক দেশেও এ রকম নেই। আমরা এটাকে প্রোমোট করা চেষ্টা করছি যাতে ভালো কিছু করা যায় কিনা। আমি মাননীয় বিধায়ককে বলব আপনি এই ধরনের প্রস্তাব দিন। তাছাড়া এই বছর মাননীয় বিধায়কের উদ্যোগেই ওখানে মেলা হয়েছিল, সেই মেলায় অগণিত মানুষ গিয়েছিল। কালনাকেও আমরা হাইলাইট করব। কারণ এই রকম অসংখ্য ancient history-র মনুমেন্টগুলো সেগুলো ছড়িয়ে আছে, সেগুলিকে আমরা ট্যুরিজমের অধীনে আনা—আপনারা জানবেন যে কিছু মনুমেন্ট আছে Archeological Department, Government of India-র, আর কিছু মনুমেন্ট আমরা করি। Archeological Department-কেও আমরা চিঠি লিখব সেটা রক্ষণাবেক্ষণ করার জন্য এবং আর কি করা যায় সেটাও আমরা দেখব।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে আমার ধূপগুড়ি ব্লক ফরেস্ট এলাকা, যে ফরেস্টে মধ্যখট্টিমারি রাঙাবস্তি আছে, সেই জায়গাটায় পর্যটনকেন্দ্র করার কোনো পরিকল্পনা আছে কি না, যদি আপনি একটু বলেন ভালো হয়।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকারের অনুমতি নিয়ে মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তর দিচ্ছি স্যার, ফরেস্টটা আমাদের কন্ট্রোলে নয়, ফরেস্ট হচ্ছে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কন্ট্রোলে। সেখানে আমরা কিছু করতে পারব না। ফরেস্টের একটা আইন আছে যে এত মিটারের বাইরে সব কিছু করতে হবে। আমি এইটুকু আপনাকে আশ্বাস দিতে পারি যে আমরা একটা যৌথ কমিটি করতে যাচ্ছি, ফরেস্ট, ইরিগেশান, পি.এইচ.ই., আমাদের বিভিন্ন যে গেস্ট হাউসগুলো রয়েছে সেগুলোকে একটা জায়গায় এনে যদি কোনো পর্যটক সেইসব জায়গায় থাকতে চায় তার ব্যবস্থা আমরা করব।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, পৃথিবীর সবচেয়ে বড়ো উদ্যান হচ্ছে সুন্দরবন। সেই সুন্দরবনে দেশ-বিদেশের বহু পর্যটক আসছেন এবং এই দ্বীপগুলোতে অসংখ্য মানুষের বাস আছে। এই এলাকাতে village echo tourism করার জন্য কোনো জায়গা, লোকেশান আইডেন্টিফাই করা হয়েছে কি না ? যদি হয়ে থাকে, সেটা যদি নির্দিষ্ট করে বলেন ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, সুন্দরবন আমাদের কাছে শুধু নয়, আমাদের দেশে শুধু নয়, সারা পৃথিবীর কাছে একটা গ্রহণযোগ্য জায়গা বা দেখার জায়গা। সেখানে ইউনেসকো থেকে সেটাকে হেরিটেজ ডিক্লেয়ার করেছে। আপনি দেখবেন ঝড়খালির ৯৮ একর জমির উপর আমরা একটা ইকো ট্যুরিজম সেন্টার বানাচ্ছি forest environment-কে সঙ্গে নিয়ে। ৫০% থাকবে ওপেন পার্ক আর ৫০%-এর উপর কটেজগুলো তৈরি করছি। তাছাড়া সুন্দরবনে অনেকগুলো জেটি করা হচ্ছে। সুন্দরবনে আমরা cruise চালাবার প্ল্যান নিয়েছি। সুন্দরবনকে যাতে আরও আকর্ষণীয় করা যায় এই ধরনের বহু পরিকল্পনা আমরা গ্রহণ করেছি।

শ্রী অসিত মাল : স্যার, মাননীয় পর্যটন মন্ত্রী সারা পশ্চিমবাংলার পর্যটন কেন্দ্রগুলোকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য যে এফর্টস নিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। মাননীয় মন্ত্রী জানেন যে, বীরভূম জেলার তারাপীঠ একটা বিশেষ জায়গা দখল করেছে শুধু পশ্চিমবাংলা নয় সারা ভারতবর্ষে। বিভিন্ন প্রান্ত থেকে কোনো কোনো সময় হাজার-হাজার, কোনো কোনো সময় লক্ষ-লক্ষ মানুষ আসেন। আপনি সারা রাজ্যে পর্যটন কেন্দ্রগুলোকে সুন্দর করে গড়ে তোলার যে ভাবনা রেখেছেন সেইরকম বীরভূমের তারাপীঠের ক্ষেত্রেও কি আপনার কোনো পরিকল্পনা বা ভাবনা আছে ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় সদস্যের উত্তরে এটুকু বলতে পারি যে, এই রকম বহু তীর্থস্থান আমাদের রাজ্যে ছড়িয়ে আছে। সব তীর্থস্থানেই আমরা এই ধরনের প্রচেষ্টা চালাচ্ছি। আর তারাপীঠে আমাদের একটা টুরিস্ট লজ করার প্রস্তাব আছে। সেই জায়গাটা আমরা চেয়েছি, জায়গা যদি আমরা পেয়ে যাই তাহলে তারাপীঠে একটা সুন্দর টুরিস্ট লজ হবে। তারাপীঠের পবিত্র মন্দির এবং তার আশপাশে বিভিন্ন জায়গায় আলোকিত করা বা পর্যটকদের যাতে কোনো অসুবিধা না হয় তার দিকে টুরিজম ডিপার্টমেন্ট লক্ষ রাখছে।

শ্রী স্বপন বাউরি : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন—বাঁকুড়া জেলার শালতোড়া কেন্দ্রের আমি বিধায়ক। ওই এলাকায় বেহারিনাথ বলে একটা সুন্দর পর্যটন কেন্দ্র আছে। শুশুনিয়া থেকে আমাদের বেহারিনাথটা ৫/৭টি পাহাড়ে ঘেরা। খুব সুন্দর একটা পরিবেশে আমাদের বেহারিনাথটা তৈরি হয়েছে। আমি স্যার, মাননীয় মন্ত্রীকে বলতে চাই এই বেহারিনাথকে কেন্দ্র করে কোনো পর্যটন শিল্প গড়ে তোলার পরিকল্পনা আপনার আছে কি না যদি দয়া করে জানান তাহলে কৃতজ্ঞ থাকব। ধন্যবাদ স্যার।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যকে এটুকু বলতে পারি বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া এটা কিন্তু আগামী দিনে পর্যটকদের কাছে একটা আলাদা জায়গায় যাবে। মাননীয়া মুখ্যমন্ত্রী কিছুদিন আগে ওখানে ভ্রমণ করেছিলেন এবং তিনি কিছু নির্দেশ আধিকারিকদের দিয়েছেন। আমরা ওখানে একটা zonal tourism centre বানাচ্ছি। যাতে বাঁকুড়া, পুরুলিয়া বা পশ্চিম মেদিনীপুরের মানুষরা ওখানে যেতে পারে বা ওখানে থাকতে পারে। স্যার, আমি গর্বের সঙ্গে বলতে পারি যে, বাঁকুড়া, পুরুলিয়া বা মেদিনীপুর একদিন বিচ্ছিন্নতাবাদে উত্তাল হয়ে গিয়েছিল সেখানে এখন শান্তি বিরাজ করছে। টুরিজ্‌ম হচ্ছে শান্তির একটা জায়গা। মাননীয় মুখ্যমন্ত্রী যে পদক্ষেপ নিয়েছেন আমি মনে করি যদি সবাই মিলে আপনারা প্রচেষ্টা চালান তাহলে বাঁকুড়ার ওই সেন্টারটা কিন্তু আকর্ষণীয় হয়ে উঠবে। স্যার, আমি গতবার বাজেট ভাষণে একটা কথা বলেছিলাম, মাননীয় বিধায়করা তাঁদের পরিবার নিয়ে আমাদের যত পর্যটন কেন্দ্র আছে সেখানে যদি কেউ ঘুরতে যান তাহলে আমরা ২৫% রিবেট আপনাদেরকে দেব। এটা কিন্তু বাজেট ঘোষণায় আমার ছিল।

শ্রীখগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। উনি বলেছেন যে, রাজ্যে পর্যটন কেন্দ্রগুলোকে উন্নত করাবার জন্য তিনি বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। তার সাথে আমাদের মালদা জেলার পুরনো যে সমস্ত ঐতিহ্যবাহী এলাকাগুলি আছে যেমন—গৌর, আদিনাথ এবং তুলাভিটা, জগজীবনপুরের তুলাভিটা। উনি যদিও অতিরিক্ত প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেছেন যে, এই সমস্ত পর্যটন কেন্দ্রগুলোকে উন্নত করবার জন্য কিছু পরিকল্পনা হয়েছে। আমি স্পেশিফিকভাবে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, হবিবপুরের জগজীবনপুর তুলাভিটা এটার জন্য কি ধরনের পরিকল্পনা আছে এবং আমাদের গৌড় এবং আদিনা যেখানে রাজ্যের তো বটে বাইরেরও অনেক পর্যটক সেখানে আসেন। এই ক্ষেত্রে এগুলোকে উন্নত করবার জন্য, এলাকাগুলোকে উন্নত করবার জন্য, মানুষের কাছে আরো আকর্ষণীয় করে তোলার জন্য আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে তার দপ্তর থেকে মাননীয় মন্ত্রী মহোদয় কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ? নির্দিষ্টভাবে বললে ভালো হয়।

[11.20—11.30 a.m.]

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় বিধায়ক খগেনবাবু যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলতে পারি যে, তুলাভিটাটা খগেনবাবুর এলাকায় পড়ে, ওনার বিধানসভা

কেন্দ্রে। খগেনবাবু অবশ্য জানেন কিনা জানি না, গত একবছর আগে ১৭টি দেশের ২৭ জন বিদেশি পর্যটক ওই জায়গায় ভ্রমণ করেছিলেন এবং গোটা পশ্চিমবাংলার মধ্যে বৌদ্ধবিহার বলতে গেলে ওই জগজীবনপুরেই আছে বৌদ্ধবিহার। তার রুট কিন্তু বাংলাদেশে চলে গেছে এবং আপনাকে বলছি ওই রাস্তাটা তৈরি করার জন্য আমরা কয়েক কোটি টাকা দিয়েছি, রাস্তার কাজ শুরু হয়ে গেছে। এবং সামনে কিছু encroachment আছে সেটা আমরা DM-কে বলেছি এই encroachment-গুলোকে সরাতে। ওখানে সমস্ত জেলা জুড়ে দেখবেন সাইনএজ দেওয়া হয়েছে। আপনি যদি লক্ষ রাখেন আপনার কেন্দ্রেও আছে বিভিন্ন জায়গায়ও আছে সাইনএজগুলো আমরা লাগিয়েছি। তাছাড়া গৌড় এবং আদিনা এই দুটোই আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্টে আছে। ওখানে প্রচুর মনুমেন্ট আছে, হিস্টোরিক্যাল অনেক মনুমেন্ট আছে। আমরা ওইসব মনুমেন্টগুলোকে আলোকিত করার পরিকল্পনা নিয়েছি, গেস্ট হাউস বানাবার চিন্তা করছি এবং তুলাভিটা যেটা জগজীবনপুরে আছে ওখানে একটা বৌদ্ধের মূর্তি আমরা বানাচ্ছি। এবং তালসারিতে মন্টেসরির মতো তৈরি করছি হলিডে হোম থেকে শুরু করে প্রার্থনা করা এইসব জায়গাগুলোতে করার জন্য আমরা পরিকল্পনা নিচ্ছি। যাতে এই জেলায় আরো বেশি সংখ্যক পর্যটক, বিদেশি পর্যটক, দেশের পর্যটক আসতে পারে তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। রামকেলি উৎসবটা গতবছর পর্যটন দপ্তরের উদ্যোগে হয়েছে, এইবারও ৫০০ বছর হচ্ছে, শ্রীকৃষ্ণ চৈতন্যদেবের পদার্পণ মালদাতে সেটাকেও আমরা আকর্ষণীয় করছি। ওখানেও আমরা একটা চৈতন্যদেবের মূর্তি বসাচ্ছি এবং পর্যটন কেন্দ্রগুলোকে রেস্টহাউস, টয়লেট ব্লক, ক্যাফেটেরিয়া এগুলো আমরা করার চেষ্টা করছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন দপ্তরের মন্ত্রী তাঁর কাছে একটি প্রশ্ন করে জানতে চাইছি, আপনি খুব বিস্তৃত করে প্রত্যেকটি প্রশ্নের উত্তর দিচ্ছেন, খুবই ভালো। পশ্চিম মেদিনীপুর এবং পূর্ব মেদিনীপুর জেলার প্রান্তদেশে সবং, নারায়ণগড় এবং পটাশপুরের বর্ডারে প্রায় ২৫০-৩০০ বছর প্রাচীন একটি বিখ্যাত মেলা হয় পৌষ সংক্রান্তিতে 'তুলসীচারা' মেলা। কন্দর্প নারায়ণ ভূঞ্যার একজন ব্রাহ্মণ পূজারী ছিলেন, তিনি পরবর্তী পর্যায়ে আধ্যাত্মিক জগতের বিখ্যাত প্রতিষ্ঠিত ব্যক্তি হিসাবে প্রতিষ্ঠিত হন। তাঁর স্মৃতির উদ্দেশ্যে ওখানে একটি মেলা হয়। সেই মেলাতে লক্ষ লক্ষ মানুষের ভিড় হয়। বিভিন্ন জায়গা থেকে ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে আসেন এবং নদীতে চান করে—তাদের একটা বিশ্বাস "ডুব দিয়ে মাটি তুলে ওই মন্দিরে তারা ফেলেন।" তাতে নাকি অনেক অসুখ-বিসুখ সারে। মেডিক্যালি আমি জানি না, কিন্তু বিশ্বাসের ভিত্তিতে যেমন 'সাগর' মেলাতে যেমন মানুষ যায়, এখানেও আসে। আমরা বিগত বামফ্রন্ট সরকারকে বহুবার বলেছি, এটিকে একটি পর্যটন ক্ষেত্র হিসাবে চিহ্নিত করে সেখানে সরকার কিছু করুন। এই বিষয়ে বারে বারে বলা সত্ত্বেও বামফ্রন্ট সরকার এটার কিছু করেনি। আমি আপনার কাছে আবেদন করব এই যে, লক্ষ লক্ষ মানুষের সমাবেশ হয় ১৫ দিন ধরে মেলা চলে এবং সারা বছর ধরে ওখানে নদীতে গিয়ে স্নান করে মাটি তুলে,

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করুন. Please.

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : প্রশ্নটা স্যার। স্যার একটু দিন।

মিঃ স্পীকার : না, না introduction এত করলে পরে আমাদের আরো প্রশ্ন নিতে অসুবিধা হবে Please.

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : স্যার. আপনি সবাইকে দেন। মন্ত্রীদের তো আপনি এক ঘণ্টা দেড় ঘন্টা করে বাড়িয়ে দেন।

মিঃ স্পীকার : আপনি বলুন, আপনি অনেক lengthy বলছেন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : স্যার, আপনি একটু আমাদের প্রতি সহৃদয় হোন।

মিঃ স্পীকার : আমি সবার প্রতি সহৃদয়। ব্যক্তিগতভাবে কারোর প্রতি আমার কোনো বিদ্বেষ নেই।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞেস করছি, আপনার মাধ্যমে স্যার, আপনি যদি কোনো পরিকল্পনা গ্রহণ করেন বা করতে চান এই ব্যাপারে কি কোনো একটা study করাবেন বা করবেন ? একই সঙ্গে আপনার কাছে আমার জানার ভারতবর্ষের কেরল রাজ্যটা পর্যটনের উপর এবং বিদেশে চাকরিরত মানুষের অর্থনীতির উপর অনেকটা এগিয়ে গেছে। তা, আমাদের রাজ্যে সমুদ্র আছে, বন আছে, পাহাড় আছে— আপনার কমপ্রিহেনসিভ ট্যুরিজিম প্রজেক্ট বা প্ল্যানিং কি আছে ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় বিধায়ক মানসবাবু কয়েকটি প্রশ্ন করেছেন। স্যার, এটুকু বলতে পারি, আমাদের রাজ্যে যতগুলি মেলা হচ্ছে, যে প্রস্তাব আমাদের কাছে আসে, সেই প্রস্তাব অনেক বিধায়ক, অনেক মন্ত্রী, এই কয়েকদিন আগে নেপালবাবু, আপনাদের মাননীয় সদস্য, তিনি তাঁর পিতার নামে একটা মেলা করছেন। সেই মেলাতেও আমরা পার্টিসিপেট করেছি এবং রাজ্যে যতগুলি মেলা হচ্ছে ; স্যার, প্রত্যেকটি মেলাতে আমরা অংশগ্রহণ করছি। স্যার, আপনার যদি কোনো স্পেশিফিক কিছু থাকে, আমাকে লিখিতভাবে দিন, আমি আপনাকে এটুকু সরকারের পক্ষ থেকে অ্যাসিওর করছি যে, আমাদের অফিসাররা যাবে, দেখবে, আপনার সঙ্গে কথা বলবে, কি ধরনের করা যাবে। আর একটি কথা বলে দিচ্ছি, কয়েক মাসে আগে আমি কেরালার ঘুরতে গিয়েছিলাম, কেরালা—সত্যি কথা বলতে, ওরা নদীটাকে কিভাবে কাজে লাগিয়েছে, ব্যাক রিভারটাকে কিভাবে কাজে লাগিয়েছে। সেটা আমি নিজের চোখে ঘুরে এসেছি, দেখে এসেছি, আমরা চেষ্টা করছি, আমাদের এখানে অনেক নদী-নালা আছে, বিখ্যাত বিখ্যাত নদী আছে, তার মধ্যে গঙ্গা, একটা বড়ো পবিত্র নদী আছে, সেই নদীকে কাজে লাগিয়ে ওখানে ক্রুজ বা আদার্স চালিত করে, যাতে পর্যটনটা আরো সুন্দর হয় এবং গ্রহণযোগ্য হয় সেটা চেষ্টা করব। আমি মাননীয় বিধায়ককে আবার বলছি, আপনার প্রস্তাবটা আমার কাছে পাঠান, আমি সেটাকে দেখব।

ফাস্ট ট্রাক কোর্ট

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) শ্রী অসিত মিত্র : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে কতগুলি ফাস্ট ট্রাক কোর্ট চালু হয়েছে ?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে মোট ৮৮টি ফাস্ট ট্রাক কোর্ট চালু রয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে এই একই সময়ের মধ্যে এই ৮৮টি ফাস্ট ট্রাক কোর্টে কতকগুলি বিচারাধীন মামলা বর্তমানে আছে এবং ইতিমধ্যে কতকগুলি মামলা নিষ্পত্তি হয়েছে ?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই যে নিষ্পত্তি হওয়ার সংখ্যা এটা রাজ্য সরকারের কাছে থাকে না এবং কতগুলি মামলা হচ্ছে সেই সংখ্যাও রাজ্য সরকারের কাছে থাকে না। সংবিধানে ২২৭ ধারা অনুযায়ী সমস্ত সাবর্ডিনেট কোর্টের উপর সুপারভাইজারি জুরিসডিকশান হচ্ছে মহামান্য উচ্চ ন্যায়ালয়ের হাইকোর্টের এবং সমস্ত রেকর্ড তাদের কাছে থাকে। এবং সংশ্লিষ্ট কোর্টের কাছে থাকে। রাজ্য সরকারের কাছে কোনো রেকর্ড থাকে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ। আপনি জানালেন যে এই রেকর্ডটা আপনার কাছে নেই। আমি, আপনার কাছে দ্বিতীয় সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করছি, সেটা হল এই যে, ৮৮টি ফাস্ট ট্রাক কোর্ট চালু আছে, এতে বিচারপতি নিযুক্ত করার অধিকার নিশ্চয় আপনাদের আছে। বিচারপতি আপনারাই নিয়োগ করছেন। এই ব্যাপারে এই বিচারপতি কতজন নিযুক্ত হয়েছেন বা আছেন বা শূন্যপদ কত খালি আছে, আমি তো সেটা জানতে চাইবই। এই ব্যাপরে একটা কথা আছে, আমি যেটা বলছি যে, এখানে কি, একদম তাদের যোগ্যতাসম্পন্ন বিচারপতিদের নিয়োগ করা হচ্ছে না, এ নিয়ে একটা কথা আছে যে, কারোর নাকি পানিশমেন্ট নিযুক্তি নাকি ওখানে ওইরকমভাবে হয়, এই ব্যাপারে যদি বলেন।

[11.30 – 11.40 a.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আপনাকে এর আগেই আমি বললাম যে সুপারভাইজারি জুরিসডিকশান হচ্ছে সমস্ত সাব অর্ডিনেট জুডিসিয়ারির ওপর কলকাতা হাইকোর্টের এবং বিচারপতি নিয়োগ থেকে শুরু করে সমস্ত কিছুরই যারা পর্যবেক্ষণ করেন তারা হচ্ছেন মহামান্য বিচারপতি কলকাতা হাইকোর্টের। আপনি যদি আমাকে ভ্যাকেন্সি পোজিশান জিজ্ঞেস করতে চান তাহলে আমি আপনাকে বলে দিই যে ডিস্ট্রিক্ট জজ এন্ট্রি লেভেলে ভ্যাকেন্সি পোজিশান হচ্ছে ৯টি, সিভিল জজ সিনিয়ার ডিভিশান সি.জে.এম. কোর্টে ১টি, সিভিল জজ জুনিয়ার ডিভিশান জে.এম. কোর্টে ৩টি। এই সবকিছুই এক্তিয়ার হচ্ছে মহামান্য হাইকোর্টের।

শ্রী আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার! স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, গোটা ভারতবর্ষের মানুষ সেদিন উদ্বেলিত হয়েছিল—দিল্লীতে যে ধর্ষণ কাণ্ড— সেই ধর্ষণ কাণ্ডের রায় কতদিনের মধ্যে হয়েছিল, সেটা মাননীয় মন্ত্রীও দেখেছেন, গোটা ভারতবর্ষের মানুষ দেখেছেন, আমরা দেখছি এবং আপনিও দেখেছেন। পশ্চিমবাংলায় কামদুনি থেকে শুরু করে গেদে থেকে বীরভূম পর্যন্ত যে ঘটনাগুলো ঘটেছিল, নারীর সম্ভ্রমহানি, তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন ফাস্ট ট্রাক নির্মাণের কথা, এই ফাস্ট ট্রাক কোর্ট গঠনের মধ্য দিয়ে, এই কামদুনি ঘটনার রায় হতে আরো কত বিলম্ব হবে এবং কত সময় লাগবে, এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর কোনো উদ্যোগ আছে কিনা বা কোর্টের সঙ্গে যোগাযোগ করছেন কিনা এবং রায় ঘোষণা হতে কত সময় লাগবে এগুলো যদি বলেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই যে এই প্রসেসটা আপনাকে জানতে হবে এবং কোন দপ্তরের কাছে এই বিষয়ে প্রশ্ন করতে হবে সেটাও আপনাকে বুঝতে হবে। একটা বিচারাধীন মামলার বিচারক কতটা সময় নেবেন এটা বিচার বিভাগের ওপর নির্ভর করে না। বিচার ব্যবস্থার মধ্যে বিচারক একটি মামলা সম্পন্ন করতে কতটা সময় নেবেন সেটা বিচারক তার বিচার্য বিষয়ের মামলাটি—সেটি সম্পর্কিত যা যা তথ্য আছে—সেটি মূল্যায়ন করে তিনি ঠিক করবেন। এটি পুরোটা তাঁরই এক্তিয়ার! তা সত্ত্বেও আমি বলি যে এই ৮৮টি ফাস্ট ট্রাক কোর্ট যা হয়েছে তার মধ্যে ৪৬টি ফাস্ট ট্রাক কোর্টে শুধু মহিলা নির্যাতনের যাতে বিচার হয় তার জন্য আইডেন্টিফায়েড হয়েছে। আমি আপনাকে সংখ্যাটা বলে দিই ১৯টি জেলায় কটা হয়েছে। যদিও আপনি চাননি জানতে। কিন্তু আপনার নির্ভয়ের জন্য বড্ড কষ্ট হল। আপনি জানেন যে কামদুনি বিচারে .....(গোলমাল)..... কতদিন সময় লাগবে ওটা আমার দপ্তর উত্তর দেবে না।

মিঃ স্পীকার : আপনি তো উত্তর দিয়েছেন। এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টের ম্যাটার। আপনি উত্তর দিয়েছেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আপনার অতিরিক্ত কিছু থাকলে আপনি নিশ্চয় বলবেন। কিন্তু আগে বিষয়টা বুঝুন। আগে বুঝুন যে এটা বিচার বিভাগকে জিজ্ঞেস করার মতো প্রশ্ন কিনা। ....(গোলমাল).... আপনার প্রশ্ন হল, এই মামলাগুলি নিষ্পত্তির জন্য আমরা কি ব্যবস্থা নিচ্ছি। এটা আমার দপ্তরের ব্যবস্থা নেওয়ার বিষয় নয়। আপনাকে একটা উদাহরণ দিয়ে দিই! আপনি জানেন না যেটা সেটা হেসে বললে হবে না। এটা বিচার বিভাগের কাজ নয়। আপনার সিনিয়ারদের থেকে শুনে নিন। স্যার আমরা যেটা করেছি, আমাদের যে ৪৬টি ফাস্ট ট্রাক কোর্ট আইডেন্টিফায়েড হয়েছে। সেগুলি হল—বাঁকুড়ায় ১টি, বীরভূমে ২টি, বর্ধমানে ৩টি, কোচবিহারে ২টি, ক্যালকাটা সিটি সেশান কোর্ট ১টি, দার্জিলিং ২টি, পশ্চিম দিনাজপুরে ২টি, হুগলিতে ৪টি, হাওড়ায় ১টি, জলপাইগুড়িতে ২টি, মালদায় ১টি, মুর্শিদাবাদে ৩টি, নদীয়ায় ৫টি, উত্তর ২৪ পরগনায় ৫টি, পশ্চিম মেদিনীপুরে ২টি, পূর্ব মেদিনীপুরে ১টি, পুরুলিয়ায় ১টি, দক্ষিণ ২৪ পরগনায় ৫টি এবং উত্তর দিনাজপুরে ৩টি।

এই ৪৬টি ফাস্ট ট্রাক কোর্ট আইডেন্টিফায়েড হয়েছে মহিলা নির্যাতন বিষয়ক মামলাগুলি নিষ্পত্তি করার জন্য।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন. বাম জমানায় নন্দীগ্রাম-সিঙ্গুর থেকে আরম্ভ করে যে সমস্ত জায়গায় নারীরা ধর্ষিত হয়েছিল এবং যে সমস্ত মানুষ মারা গিয়েছিল, তাদের কি বিচার হয়েছিল আমরা জানি না। আজকে ওদিক থেকে বসে বসে যারা চিৎকার করছে, এই [***] লোকেরা আজকে হাউসে নেই।

মিঃ স্পীকার : আপনি নাম ধরে বলবেন না। কারোর নাম ধরে বলা যাবে না। নামটা বাদ যাবে।

শ্রী তপন চ্যাটার্জী : এরাই বলে থাকেন তপন-সুকুররা হচ্ছে দলের সম্পদ। আমার প্রশ্ন হচ্ছে, বাম জমানায় এই মহিলা নির্যাতনের জন্য কতগুলো কোর্ট তৈরি হয়েছিল ?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : বাম জমানায় মহিলা নির্যাতন সম্পর্কিত একটি কোর্টও ছিল না। আপনারা জানেন এই ফাস্ট ট্রাক কোর্ট থার্টিন্‌থ ফিনান্স কমিশানের প্রদত্ত অর্থ অনুযায়ী ১৫১টি ছিল। থার্টিন্‌থ ফিনান্স কমিশান অর্থ দেওয়া বন্ধ করে দেয় এবং প্রতিটি রাজ্যকে নির্দেশ দেওয়া হল, কোনো রাজ্য যদি ফাস্ট ট্রাক কোর্ট চালাতে চায় তাহলে তাদের নিজেদের অর্থনৈতিক বরাদ্দ থেকে তা চালাতে হবে। ফলে আমাদের রাজ্যে যে ১৫১টি ফাস্ট ট্রাক কোর্ট চলছিল সেটা বন্ধ হয়ে গেল। আমাদের সরকার থেকে অর্থ বরাদ্দ করে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ৮৮টি ফাস্ট ট্রাক কোর্ট চালু করেছেন। তার মধ্যে ৪৬টি ডেডিকেটেড হয়েছে মহিলা সম্পর্কিত মামলাগুলো দেখার জন্য। এছাড়াও মালদহের চাঁচোলে একটি কোর্টকে ডেডিকেটেড করা হয়েছে মহিলা সম্পর্কিত যে মামলাগুলো আছে সেগুলো দেখার জন্য।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তরবঙ্গে নব মহাকরণ চালু হয়েছে এবং প্রথম ক্যাবিনেট মিটিং সেখানে হয়েছে। হাইকোর্টের সার্কিট বেঞ্চের কাজকর্ম সেখানে চলছিল। আমি মাননীয়া মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, প্রশাসন যেমন সেখানে পৌঁছেছে, সেইরকম উত্তরবঙ্গের মানুষের জন্য বিচার ব্যবস্থা কবে থেকে সেখানে সম্পূর্ণভাবে চালু হতে পারবে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে আমি জানাতে চাই, আপনারা জানেন যে, নর্থ বেঙ্গলে সার্কিট বেঞ্চ সেটির শিলান্যাসও করে এসেছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তার পরে একটি সমস্যা তৈরি হয়েছিল। সেখানে কয়েকটি পয়েন্ট মহামান্য কলকাতা হাইকোর্ট তুলেছিল, তার ফলে এর কাজ কিছুদিন বন্ধ ছিল। আপনাকে আমি আনন্দের সঙ্গে জানাই, এখন মহামান্য হাইকোর্ট সমস্ত কিছু ক্লিয়ার

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

করে দিয়েছেন। নর্থ বেঙ্গল সার্কিট বেঞ্চটির কাজ সম্পূর্ণ করবার জন্য যা বা প্রক্রিয়া আছে সেটি সম্পূর্ণ করে চালু করবার জন্য নির্দেশ দিয়েছেন।

মৎস্যজীবীদের পরিচয়পত্র প্রদান

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৮) **শ্রী সমীর কুমার জানা** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে সুন্দরবন এলাকায় মোট কতজন মৎস্যজীবীকে পরিচয়পত্র দেওয়া হয়েছে ?

শ্রী চন্দ্রনাথ সিনহা : ৩১শে ডিসেম্বর ২০১৩ সাপেক্ষে সুন্দরবন এলাকায় মোট ৯৪,৬৫৩ জন মৎস্যজীবীকে বায়োমেট্রিক পরিচয়পত্র দেওয়া হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বায়োমেট্রিক কার্ড পাওয়ার ক্ষেত্রে মৎস্যজীবীদের বোটের লাইসেন্সের ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। এই বোটের লাইসেন্স কত দ্রুত পাওয়া যায়, সেই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এটা যদি সভাকে অবহিত করেন তাহলে ভালো হয়।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, বোটের লাইসেন্সটা বাধ্যতামূলক। এই বায়োমেট্রিক কার্ডটা সেন্ট্রাল গভর্নমেন্টের প্রোজেক্ট। ওদের যা সিস্টেম সেই সিস্টেমে ভোটার আইডেন্টিটি কার্ডটাও বাধ্যতামূলক।

[11.40—11.50 a.m.]

আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ ব্যাপারে কথাবার্তা চালাচ্ছি যাতে এটাকে সরলীকরণ করা যায়। কেননা, আমরাও লক্ষ করেছি অনেকের ওখানে ভোটার কার্ড নেই এবং তারা মাছ ধরার সঙ্গে যুক্ত আছেন। সেইগুলো আমরা বিচার বিবেচনা করছি এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা চালাচ্ছি। যাত বাকিগুলোরও কার্ড তাড়াতাড়ি হয়।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত আর একটা প্রশ্ন, যদিও কেন্দ্রীয় সরকার এই দায়িত্ব পালন করে থাকেন। তবুও বলি, বায়োমেট্রিক কার্ড প্রাপ্ত যে মৎস্যজীবীরা, তারা জীবন যুদ্ধে নানাভাবে পরিশ্রমের মধ্য দিয়ে জীবিকা অর্জন করে। তাদের ৬০ বছর হয়ে যাওয়ার পরে তারা কোনো পেনশান পাওয়ার কোনো সুযোগ পেতে পারে কিনা, এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে অগ্রগতির ক্ষেত্রে কোনো চিন্তা-ভাবনা হচ্ছে কিনা মাননীয় মন্ত্রী মহোদয় যদি বলেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমাদের পেনশান আছে কিন্তু সংখ্যাটা কম মাত্র সাড়ে ৭ হাজার। সেইজন্য আমরা চেষ্টা করছি, মাননীয় মুখ্যমন্ত্রী উনিও চেষ্টা করেছেন এবং কৃষিমন্ত্রী কয়েকদিন আগে

দিল্লী গিয়েছিলেন তখনও উনি এই ব্যাপার নিয়ে আলোচনা করেছেন যাতে আমাদের পেনশানটা বাড়ানো যায়। কেননা, আমরাও লক্ষ করেছি বিশেষ করে সমুদ্রে যারা মাছ ধরতে যান তারা পরবর্তী জীবনে অর্থাভাবে ভোগে। তাদের যদি পেনশানটা থাকে তাহলে তাদের সুবিধা হয় আমরা সেই জন্য এটাকে দ্রুত গতিতে করার চেষ্টা করছি যাতে সংখ্যাটা বাড়ানো যায়।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার প্রশ্ন যে, ফরেস্ট ডোয়েলার্স অ্যাক্ট ২০০৬, সেই অনুযায়ী যারা বনে গিয়ে মাছ ধরেন তাদের একটা দলিল বা পাট্টা দেওয়ার কথা। এই পাট্টা পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, জলপাইগুড়ি এ রকম যে জেলাগুলো যেখানে বন আছে মাছ ধরার সুযোগ আছে, সেখানে পাট্টা দেওয়া হয়েছে। অথচ দক্ষিণ চব্বিশ পরগনায় সুন্দরবন এলাকায় তাদেরকে এখনো পাট্টা দেওয়া হয়নি এবং এটা না পাওয়ার ফলে তাদের পুলিশ অ্যারেস্ট করে মারধোর করে, নৌকা ট্রলার কেড়ে নিয়ে গিয়ে রেখে দেয়, কেস দিয়ে দেয়। এ রকম প্রায় ১০০ জনের বেশি কেস রয়েছে। ফলে দক্ষিণ চব্বিশ পরগনার সুন্দরবনে যারা মাছ ধরছেন বনে গিয়ে, তাদেরকে পাট্টা দেওয়ার বা দলিল দেওয়ার কোনো ব্যবস্থা করছেন কিনা, না করলে কেন করছেন না সেটা একটু বুঝতে চাইছি।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই আপন যে প্রশ্নটা করলেন সেটার দুটো পার্ট। একটা হচ্ছে পাট্টা মানে বাড়ির। আর একটা লাইসেন্স। যারা সমুদ্রে মাছ ধরতে যায়, তারা অনেক নদী জঙ্গলের ভেতর দিয়ে যায়। লাইসেন্স, পাট্টা দুটো আলাদা জিনিস। আমরা দুটো জিনিসই লক্ষ রাখছি এবং ফরেস্ট দফতরের সঙ্গে আমরা অলরেডি দু-তিনবার বৈঠকও করেছি। যাতে এটা সরলীকরণ করা যায় এবং আমরা যাদের লাইসেন্স আছে তাদেরও আইডেন্টিফাই করেছি। তার একটা আইন আছে। যেহেতু দীর্ঘদিন আগে যারা লাইসেন্স পেয়েছিল, তারা বংশানুক্রমিক লাইসেন্স পেয়ে যাবে। হয়তো তাদের ছেলেরা এখন মাছ ধরেন না, কিন্তু লাইসেন্সটা তাদের নামে থাকার ফলে সেগুলো কাটা যাচ্ছে না। সেই জন্যে আমদের আইডেন্টিফাই হয়ে গেছে। আমরা ফরেস্ট দফতরের সঙ্গে বসে এই লাইসেন্সের ঝামেলাটা মেটানোর চেষ্টা করছি এবং তার ফলে লাইসেন্সটা যারা অরিজিনাল মৎস্য চাষী তাদের যদি দেওয়া যায় তাহলে এই ঝামেলাগুলো আর হবে না।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মৎস্য দফতরের মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি, গত ১৯শে জুন ২০১২ তারিখে এই সভাতে মন্ত্রী মহোদয় বলেছিলেন যারা সমুদ্রে মাছ ধরতে যান এ রকম ১ হাজার জন মৎস্যজীবীকে ১০ হাজার টাকা মূল্যের ৫০০টা ডি.এ.টি. যন্ত্র দেওয়া হবে। এই সভাতে বলেছিলেন। এই কাজ কতটা এগিয়েছে যারা সমুদ্রে মাছ ধরতে যান তাদের নিরাপত্তার স্বার্থে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, হ্যাঁ, ঠিকই এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। কেন্দ্রীয় সরকার টাকাটা বরাদ্দ করেছিলেন ১ হাজার জনের জন্য। আমরা ১ হাজার জনকেই যন্ত্র সাপ্লাই করেছি এবং

আমরাও তদ্বির করছি যাতে পরবর্তীকালে টাকাটা পাওয়া যায়, টাকাটা পেলে আমরা ধাপে ধাপে সমস্ত মৎস্যজীবীকেই এই যন্ত্র সাপ্লাই করব।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মৎস্যজীবীদের যে সমস্ত ঘরগুলো দেওয়া হয় এবং আপনি বললেন যে, ভাতা দেওয়া হয়—পেনশান, সেটাও খুব অল্প। এটা রাজ্য সরকার ও সেন্ট্রাল গভর্নমেন্টের রেশিও কত ?

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : মৎস্যজীবীদের যে ঘরগুলো দেওয়া হয়, সেগুলো আবাসন দপ্তরের মাধ্যমে দেওয়া হয়। আমাদের এম.এল.এ-রা বা জেলা পরিষদ থেকে যে লিস্ট আসে, সেই লিস্ট আমরা আবাসন দপ্তরকে পাঠিয়ে দিই। তারাই ঠিক করেন যে কত টাকা দেবেন, না দেবেন এবং আর যেটা বলছেন যে, পেনশানের ব্যাপারটা পুরোপুরি কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আমাদের সাড়ে সাত হাজার লোককে পেনশান দেওয়া হয়। সেটা কেন্দ্রীয় সরকার সাড়ে সাত হাজার অ্যালট করেছে বলেই আমরা সাড়ে সাত হাজার দিতে পারি।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে আমার একটা জ্ঞাতব্য আছে, ফিসারম্যানদের যে ডেভিনেশান আগেকার দিনে ছিল, পরবর্তীকালে বামফ্রন্ট-এর সময়কালে তার পরিবর্তন করা হয়েছে। এর ফলে প্রকৃত অর্থে যারা জাতিগতভাবে মৎস্যজীবী তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয় মৎস্যজীবীদের কোনো সংজ্ঞা করে যদি জানান তাহলে মৎস্যজীবীরা উপকৃত বেশি পরিমাণে হবে। মৎস্যজীবীরা বেশির ভাগটাই অন্য জায়গায় চলে যাচ্ছে। ফলে স্বাভাবিক ভাবেই—যদি প্রকৃত অর্থে মৎস্যজীবীদের উপকার করতে হয়, তাহলে মৎস্যজীবীদের সংজ্ঞাটা নতুন করে করার দরকার।

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আপনি যেটা বলেছেন, ঠিকই বলেছেন। এখন আমাদের যেহেতু কেন্দ্রীয় সরকারের মৎস্য দপ্তর বলে নেই, কৃষি দপ্তরের আন্ডারে। কিন্তু কৃষি দপ্তরের যে সুযোগ-সুবিধা চাষীদের আছে—সেগুলো আমাদের ক্ষেত্রে নেই। আমরা এটা চেষ্টা করছি, কৃষি দপ্তরের সঙ্গে কথাবার্তা চালাচ্ছি এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীও কৃষিমন্ত্রীকেও চিঠি করেছেন যে, মৎস্যজীবীদেরও যাতে—কৃষকরা যেহেতু কৃষি দপ্তরের আন্ডারে, কৃষি দপ্তরের মাধ্যমে কৃষকরা যে সুযোগ-সুবিধাগুলো পায়, সেগুলো যদি পাওয়া যায় তাহলে মৎস্যজীবীরা সত্যিকারেই এর আওতায় হবে, নাহলে এই মুহূর্তে মৎস্যজীবীদের আপনি যেটা বলেছেন ঠিকই যে, তাদের অবস্থা খারাপ, আমরাও চেষ্টা করছি অন্যভাবেও তাদের কিছুটা সাহায্য করা যায় কিনা।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি বলেছেন, সুন্দরবনে মাছ ধরার জন্য বোট লাইসেন্সগুলো সরকারের সঙ্গে VLC-গুলো দেওয়ার জন্য যোগাযোগ করছেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে। আমার কথা হচ্ছে যে, আপনার রাজ্যে বন দপ্তর গত বছরই একটা

নির্দেশিকা জারি করেছিলেন—আমি বিধানসভাতেও বলেছিলাম মেনসান পর্বে। ওখানে ডিজেল চালিত বোট কোনো মৎস্যজীবী চালাতে পারবে না, সমস্ত বোটগুলোকে ধরে রিজার্ভ ফরেস্টে আটকে রাখা হয়েছিল তাদের ছাড়া হয়নি আজও পর্যন্ত। তাহলে আপনার রাজ্যে এই VLC-গুলো—যাতে ডিজেল চালিত বোট না চলে তার জন্য আপনারা বন্ধ করছেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলার বিষয়টা আমার মনে হয়—না। আমার কথা হচ্ছে যে তিন মাস সুন্দরবনে সমুদ্রে মাছ ধরা, যখন মীন জন্মায়, সেই তিন মাস ক্ষতিপূরণ দেওয়ার কথা আপনারা একটা লিখিত উত্তরে বলেছিলেন। এ পর্যন্ত কতজন মৎস্যজীবী এই তিনমাস ক্ষতিপূরণ পেয়েছে ?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে প্রশ্নটা করলেন, আমি একটু আগে যেটা বললাম হয়তো আপনার বুঝতে ভুল হয়েছে যে, এই যে এটা ফরেস্ট, আমরা কেন্দ্রীয় সরকারের নয়, ফরেস্ট দপ্তরের সঙ্গে আলোচনা করছি যে, লাইসেন্সের ব্যাপারটা—আমরা অলরেডি আমাদের ফরেস্ট দপ্তরের সঙ্গে আলোচনা করেছি, কেননা সুন্দরবন থেকে যারা যখন সমুদ্রে মাছ ধরতে যায় তখন তাদের কিছুটা কোর এলাকার মধ্যে দিয়ে তাদের ঢুকতে হয় এবং আপনিও জানেন কোর এলাকার আইনকানুন আলাদা।

[11.50 a.m. – 12.00 noon]

যেহেতু এখানে রয়েল বেঙ্গল টাইগারের একটা সংরক্ষণ কেন্দ্র আছে, সেই জন্যই এই অসুবিধাগুলো হচ্ছে। আমরা সেই জন্যই দফায় দফায় বসেছি। আরো ২-১ বার বসতে হবে এবং মৎস্যজীবী যারা প্রতিনিধি আছেন তাদের সঙ্গেও আলোচনা করেছি। তারাও এসেছেন আমাদের কাছে যে, এটাকে কিভাবে সরলীকরণ করা যায়, এই অংশটুকুর কিভাবে অসুবিধাটা দূর হয়ে যায়। আপনি ডিজেল চলিত যেটা বললেন সেটা নিশ্চয়ই আমাদের চিন্তা-ভাবনার মধ্যে আছে। এইগুলো নিয়ে আলোচনা চলছে। এটা দীর্ঘদিনের সমস্যা, এটা আজকের সমস্যা নয়। এই যে নদীতে মিন, মিন ধরতে গিয়ে নদীতে মাছ শেষ হয়ে যাচ্ছে। এই সমস্যাগুলো আজকের নয়, দীর্ঘদিনের জট থাকলে খুলতে সময় লাগে। আমরা আশা করছি খুব শীঘ্রই এই ঝামেলাগুলো মেরে দেব।

তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) শ্রী শাহজাহান চৌধুরী : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে রাজ্য সরকার কতজন তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের মাধ্যমিকোত্তর স্তরে বৃত্তি দিয়েছে ; এবং

(খ) উক্ত বৃত্তির আর্থিক পরিমাণ কত ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর দিচ্ছি।

(ক) ৩১শে ডিসেম্বর ২০১৩ তারিখ সাপেক্ষে (২০১৩-১৪ আর্থিক বছরে) রাজ্য সরকার থেকে ৬৫৫৮২ জন তপশিলি জাতি ও ১৪২১০ জন উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের মাধ্যমিকোত্তর স্তরে বৃত্তি প্রদান করা হয়েছে।

(খ) উক্ত বৃত্তির আর্থিক পরিমাণ তপশিলি জাতি ছাত্র-ছাত্রীদের জন্য ১৭ কোটি ৮০ লক্ষ এবং উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ৫ কোটি ২৩ লক্ষ টাকা।

এই বিষয়ে আরো একটা কথা আমার জানানো দরকার। এই পয়সা কড়ি নিয়ে একটু বিভ্রান্তি হচ্ছে। সেই বিভ্রান্তিটা আমি পরিষ্কার করে দিতে চাই। আমাদের স্টেট প্ল্যানে ৫২৩.২৪ ইজ দি বাজেট অ্যালোকেশান। আমি রিলিজ করেছি ৪৪৭.২৮৯৬,৭৬.৫৪% আই হ্যাভ রিলিজড। সেন্ট্রাল স্কীমে ১৮০ কোটি টাকা এস্টিমেটেড ছিল এবং আপনারা শুনলে খুশি হবেন যে আমি ২৫৭ জোগাড় করতে পেরেছি ১৪২.২৯% আমি রিলিজ করেছি। সেন্ট্রালের নিউ স্কীমে ৮০ কোটি টাকা পাওয়ার কথা ছিল, শুধু পুরনোটা পাইনি, যেটা পুরনো পেয়েছি এবং নতুন পেয়ে ১৬৪.৮৬ কোটি টাকা পেয়েছি এবং আমি রিলিজ করেছি ২০৫.২৫%। এই সেন্ট্রালের দুটো স্কীমের মধ্যে ২৬১.১৮ তার মধ্যে ৪২২ কোটি টাকা রিলিজ করেছি। এই গ্রান্ট টোটালটা হচ্ছে ৭৮৪ তার মধ্যে ৮২২ রিলিজড। These are the figure. You can challenge any.

শ্রী শাহাজাহান চৌধুরী : আমার সাপ্লিমেন্টারি হচ্ছে আবেদনকারী তপশিলি জাতি এবং আবেদনকারী উপজাতি ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ছিল ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : দেখুন, আজকের এখানকার যে আবেদনকারী ব্যবস্থাটা সম্পূর্ণ পরিবর্তন হয়ে গেছে যেহেতু আমরা অন লাইন দরখাস্তের ব্যবস্থাটা করেছি। আমি সেই হিসাবে আপনাকে বলছি। যে নাম্বারটা অন লাইনের আগে ছিল, এস.সি. ৫,৩৫৮১, এস.টি ৫২৮৮২, ও.বি.সি. ৭৩৬৮১। এই অন লাইন হয়ে যাওয়ার পরে পোস্ট মেট্রিকে হয়েছে ১৮.২.২০১৪ পর্যন্ত এস.সি. ৫,৫৪৯১৫ এস.টি. ৭৬৬৩৬ এবং ও.বি.সি. অনেক বেশি বেড়েছে দেখুন ২,৬৯৪৫৮। প্রি-মেট্রিক হচ্ছে ২,২০৯১৬ এবং এ.সি.টি. হচ্ছে ২৭২২১। এই যে হিউজ ইনক্রিজ এটা সম্ভবপর হয়েছে because of the on line application।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পরবর্তী সাপ্লিমেন্টারি প্রশ্ন হচ্ছে, তপশিলি জাতি ছাত্র-ছাত্রী এবং তপশিলি উপজাতি ছাত্র-ছাত্রীদের অন লাইন সার্টিফিকেটের একটা দীর্ঘস্থায়ী প্রক্রিয়া থাকার জন্য দরখাস্ত যেটা করছে, বাস্তবে এই বৃত্তি পাওয়ার ক্ষেত্রে একটা বিরাট সংখ্যা গ্যাপ থেকে যাচ্ছে। ফলে সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইব ছাত্র-ছাত্রীরা এই বৃত্তি পাওয়া থেকে বঞ্চিত থাকছে। এই বিষয়ে কোনো সরলীকরণ প্রক্রিয়া সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে কিনা ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : Hon'ble Speaker, Sir, আপনার মাধ্যমে বলতে চাইছি, এই অন লাইন করার পক্ষে কি কি জিনিস দেখুন কি সুন্দর হয়েছে আমি মাননীয় বিধায়ককে বলতে চাই, transparency is increased. Harassment is greatly decreased. Processing time is reduced. Data base of students is automatically generated. Students can access the status of application even from their home. This is a revolutionary stage that he can apply for certificate even while remaining at home. আরও একটা বলি আপনাকে, সমস্যাটা অনেকেই রেইজ করেছেন। মাননীয় বিধায়ক নিশ্চয়ই আপনি এটা রিয়েলাইজ করবেন যে স্কলারশিপের সময় কি কাস্ট সার্টিফিকেটের দরকার আছে ? না, সেই সময় কাস্ট সার্টিফিকেটের দরকার নেই। সে যে দরখাস্তটা করেছে, সেই receipt হলেই তাহলে সে অ্যাকসেপ্টটেপ্স হবে। এইভাবে আমরা সরলীকরণ করেছি এবং তাতে যে ইনক্রিজড হয়েছে, I have already given you the figures that the huge increase of this applications has been possible only because of the online application. Thank you.

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে তপশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত ছেলে-মেয়েদের একটা অভিনব প্রয়াসের কথা ভাবছেন। গত ৩৪ বছরে যে বামফ্রন্ট সরকার ছিল, সেই বামফ্রন্ট সরকারের আমলে তপশিলি জাতি, উপজাতির ছেলে-মেয়েদের মধ্যে কতজন ছেলে-মেয়ে বৃত্তি পেতেন এবং আমাদের সরকার আসার পর কতজন ছেলে-মেয়ে এই বৃত্তি পাচ্ছে ? তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আপনার প্রশ্নের মধ্যে দু-তিনটি প্রশ্ন একটু embeded হয়ে আছে। Hon'ble Speaker, Sir একটা হচ্ছে, আমরা কি ধরনের বিভিন্ন স্কীম করেছি বা নতুন করছি সেটা। সেটাই যথেষ্ট বড়ো হয়ে যাবে। তবু আমি যদি কিছু indication না করি,

মিঃ স্পীকার : আপনি ওনাকে লিখিতভাবে দিয়ে দেবেন। বেটার হবে।

Dr. Upendra Nath Biswas: Okay, Sir, It is better. I will explain her widely there. Thant you, Sir.

মিঃ স্পীকার : উনি আরেকটা বিষয় জানতে চেয়েছিলেন, সেই উত্তরটা যদি দিতে পারেন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আপনি জানতে চেয়েছিলেন কত স্কলারশিপ আগে পেয়েছে এবং কত স্কলারশিপ পরে পেয়েছে ? আবার দেখুন, এটা দেখে আপনি বুঝতে পারবেন যে কি ভাবে জিনিসটা হয়। এই আগে যত মানুষ দরখাস্ত করত, তার থেকে অনেক বেশি মানুষ এখন কাস্ট সার্টিফিকেট দরখাস্ত করছে। এটা হয়তো আপনি দেখেন যে আমরা এখন

নয় লক্ষের মতো গত বছর কাস্ট সার্টিফিকেট দিয়েছি। This is a all time record এবং ২০০১ সালে যেটা ছিল ৬-৭, এখন আমি সেটা ৯-এ নিয়ে এসেছি। তাতেই বোঝা যাচ্ছে দেখুন কতখানি এগিয়েছে এবং মানুষ স্বতঃস্ফূর্তভাবে এসে এই বিভাগের কাছে কাস্ট সার্টিফিকেট দিয়ে স্কলারশিপ নিচ্ছে।

শ্রী আবু তাহের খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—উনি বললেন তপশিলি ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে রাজ্য সরকারের যে ব্যয়-বরাদ্দ ছিল, সেই ব্যয়-বরাদ্দের ৬০-৭০%-এর বেশি উনি খরচ করতে পারেননি। অথচ সেন্ট্রাল গভর্নমেন্টের বললেন two hundred percent বেশি খরচ করেছে। এই টাকা কি বাজেটে ওনাকে দেওয়া হয়নি ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, I want to be very clear that 523, West Bengal plan budget. I have spent 476.54 per cent. That is an outstanding performance under any financial calculation. You have to give me credit that I could extract more money from the Central Government although they are not supposed to give. So credit goes to be not to anyone else. This is possible only because we have dont it. We have done it also. এবারে একেবারে ডিটেল্স কথা শুনুন। ...(নয়েজ)... না, কথা শুনতে হবে। কত টাকা আমরা নিজেরা ব্যয় করেছি শুনুন। বুক গ্র্যান্টের জন্য ৩৬ কোটি আমরা ব্যয় করেছি। মেইনটেন্যান্স গ্র্যান্টের জন্য ২৬ কোটি ব্যয় করেছি। হোস্টেল গ্র্যান্টের জন্য ৬৩ কোটি ব্যয় করেছি। আশ্রম হোস্টেলের জন্য ১২ কোটি টাকা ব্যয় করেছি। পোস্ট-ম্যাট্রিকের জন্য ১০১ কোটি ব্যয় করেছি। This is something very unique. ৪৫ কোটি ব্যয় করেছি মেরিট স্কলারশিপের জন্য, আপগ্রেডেশনের জন্য করেছি। আনক্লিন লোকদের জন্য ৩৭ লাখ টাকা করেছি। other compulsory charge-এর জন্য ৭৯ লাখ করেছি। পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপের জন্য, ও.বি.সি-দের জন্য, ৫ কোটি করেছি। পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ টু ও.বি.সি স্টুডেন্টস ১১ অনওয়ার্ডস....

মিঃ স্পীকার : আপনি স্টেটমেন্ট দিয়ে দেবেন। আপনি lengthy বলছেন। আমার সময় শেষ হয়ে গেছে।

The Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the Table)

জলাভূমি সংরক্ষণ

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৫) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ৩১শে ডিসেম্বর, ২০১৩-এর নিরিখে জলাভূমি সংরক্ষণের জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৩ নিরীখে জলাভূমি সংরক্ষণের জন্য গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ :

(১) জলাভূমি সংরক্ষণের জনসচেতনতার জন্য ১৬ই জুন দিনটিকে 'জলাভূমি দিবস' হিসেবে চিহ্নিত করে প্রতি বছর রাজ্যস্তরে এবং জেলাস্তরে ও ব্লকস্তরে ওইদিন নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

(২) ব্লকস্তরে কৃষি মেলায় জলাভূমি সংরক্ষণের গুরুত্ব বোঝাতে সচেতনতা শিবির আয়োজন করা হয়।

(৩) জলাভূমি সংরক্ষণের জন্য 'ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিস অ্যাক্ট, ১৯৮৪' প্রণয়ন ও প্রয়োগ করা হয়েছে।

(৪) জলাভূমি সংরক্ষণের জন্য উক্ত আইন মোতাবেক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

(৫) গ্রামে গঞ্জে বর্জিত, মজে যাওয়া পুকুরগুলি বিভিন্ন সরকারি প্রকল্পের মাধ্যমে পুনর্খননের ব্যবস্থা করে জলাভূমি সংরক্ষণের ব্যবস্থা নেওয়া হয়ে থাকে। বহুক্ষেত্রে নতুন নতুন জলাশয় খননও করা হয়েছে।

(৬) বে-আইনী জলাশয় ভরাটকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে আইন মাফিক জলাভূমি পুনরুদ্ধারের ব্যবস্থা করা হয়।

অজয় নদ ও কুনুর নদী ভাঙন রোধ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) শ্রী বাসুদেব মেটে : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, অজয় নদ ও কুনুর নদী ভাঙন রোধে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছে / করছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এটা সত্যি যে অজয় নদের ভাঙন রোধে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছে। বর্ধমান এবং বীরভূম জেলায় মোট ৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এগুলির মোট ব্যয়মূল্য ১৮.৯৯ কোটি টাকা। কাজগুলি আগামী বর্ষার মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

কুনুর নদীর ভাঙন প্রবণ এলাকা চিহ্নিত করে পরিকল্পনা আগামী দিনে গ্রহণ করা হবে।

হাওড়া স্টেশন সংলগ্ন মাছের বাজারের স্থানান্তকরণ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮) শ্রী অশোক ঘোষ : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া স্টেশন সংলগ্ন মাছের বাজারটি স্থানান্তকরণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হাওড়া স্টেশন সংলগ্ন বর্তমান মাছের বাজারটি কে.এম.ডি.এ.-র তত্ত্বাবধানে আছে এবং সেখানে নতুন বাজার তৈরি সম্ভব নয়। তাই বর্তমান মাছের বাজারটি কে.এম.ডি.এ.-কে হস্তান্তর করার জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। অন্যদিকে নতুন জমির খোঁজে জেলা প্রশাসনের সহযোগিতায় চেষ্টা চলছে।

রাজ্যে মৎস্য আমদানি ও চাহিদা

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) শ্রী সুনীল কুমার মণ্ডল : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে এ রাজ্যে অন্য রাজ্য থেকে কি পরিমাণ মাছ আমদানি করা হয়েছে ; এবং

(খ) উক্ত সময়কালে রাজ্যে মাছের চাহিদার পরিমাণ কত ছিল ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে এ রাজ্যে অন্য রাজ্য থেকে ৯৬৭২৯.৩ টন মাছ আমদানি করা হয়েছে।

(খ) উক্ত সময়কালে রাজ্যে মাছের চাহিদার পরিমাণ ছিল ১২.৩৬ লক্ষ মেট্রিক টন।

হাতির উপদ্রবে ক্ষতি ও ক্ষতিপূরণ

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬১) শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ ও ২০১২-১৩ আর্থিক বছরে হাতির উপদ্রবে কত একর ফসলের ক্ষতি হয়েছে ;

(খ) ক্ষতির পরিমাণ টাকার অঙ্কে কত ; এবং

(গ) ক্ষতিগ্রস্ত পরিবারদের ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত কত টাকার ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১-১২, ২০১২-১৩ আর্থিক বছরে হাতির উপদ্রবে ফসলের ক্ষতি প্রমাণ একরে—

২০১১-১২	৫২৮৪.৯৫	হেক্টর (১৩০৫৯ একর)
২০১২-১৩	৫৮৭২.৪৫৮	হেক্টর (১৪৫১১ একর)
মোট	১১১৫৭.৪০৮	হেক্টর (২৭৫৭০ একর)

(খ) ক্ষতির পরিমাণ টাকার অঙ্কে—৮৩৬৮০৫৬০.০০ টাকা
(১১১৫৭.৪০৮ হেক্টর x ৭৫০০.০০ টাকা)

(গ) ক্ষতিগ্রস্ত পরিবারদের ৩১শে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে—

২০১১-১২	-	২১৪৪৩৫০৭.০০ টাকা
২০১২-১৩	-	৩৫০০৫৮৩৮.০০ টাকা
২০১৩-১৪ (৩১.১২.১৩ পর্যন্ত)	-	৮০১৭৯৩.০০ টাকা

* (এখনও পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী)

রাজ্য সরকার কর্তৃক প্রত্যাহৃত মামলা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৪) শ্রী রামেশ্বর দোলই : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত ২০১১ সালের ২০শে মে-এর পর থেকে ৩১.১.২০১৪ পর্যন্ত রাজ্য সরকার কতগুলি মামলা প্রত্যাহার করেছেন ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ফৌজদারি কার্যবিধি, ১৯৭৩-এর ৩২১ ধারা অনুসারে পাবলিক প্রসিকিউটর অথবা সহকারী পাবলিক প্রসিকিউটর সংশ্লিষ্ট বিচারকের অনুমতি সাপেক্ষে কোনো ফৌজদারি মামলা প্রত্যাহার করতে পারেন।

এইরূপে প্রত্যাহৃত মামলার সংখ্যা সংশ্লিষ্ট আদালতে রক্ষিত থাকে।

মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৩) শ্রী রবিউল আলম চৌধুরী : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণে রাজ্য সরকার ব্রাহ্মণী, দ্বারকা, ময়ূরাক্ষী নদীর বিভিন্ন অংশে বাঁধের উচ্চতা বৃদ্ধি এবং মজবুতিকরণের মোট পাঁচটি প্রকল্প গ্রহণ করেছে, যার মোট ব্যয়মূল্য ৩.২৩ কোটি টাকা। কাজগুলি মার্চ ২০১৪-র মধ্যে সম্পাদিত হবে। এগুলির মাধ্যমে মোট ৯৯৬০ মিটার দৈর্ঘ্যের নদীবাঁধের উন্নতি সাধিত হবে। মোট ২ লক্ষ লোক উপকৃত হবেন। এছাড়া কান্দী অঞ্চলে বন্যা প্রতিরোধে গৃহীত কান্দী মাস্টার প্ল্যান প্রকল্পটিতে কেন্দ্রীয় অনুদান পাওয়া গেলেই এই আর্থিক বর্ষে প্রথম পর্যায় কাজের টেন্ডার চূড়ান্ত করা হবে ও ওয়ার্ক অর্ডার দিয়ে কাজ শুরু করার উদ্যোগ নেওয়া হবে।

নদী ভাঙন রোধ

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪) **শ্রী তজমুল হোসেন :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে গঙ্গা, তিস্তা, মহানন্দা ও ফুলাহার নদীর ভাঙন রোধে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থার অগ্রগতি কিরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে গঙ্গা, তিস্তা, মহানন্দা ও ফুলহার নদী ভাঙন রোধে রাজ্য সরকার জলপাইগুড়ি এবং মালদা জেলায় মোট ১৪টি কাজ হাতে নিয়েছে। এগুলির মোট ব্যয়মূল্য ৯১.১২ কোটি টাকা। উক্ত ১৪টি কাজের মাধ্যমে ৯৪৪৫ মিটার নদী ভাঙন প্রবণ অংশ দৃঢ়কৃত হবে। আগামী বর্ষার আগে কাজগুলি শেষ হবে বলে আশা করা যায়।

ফারাক্কা ব্যারেজের উজানে ৪০ কিমি এবং নীচে ৮০ কিমি গঙ্গা নদীর রক্ষণাবেক্ষণের দায়িত্ব ফারাক্কা ব্যারেজ অথরিটির। কিন্তু ২০০৫ সাল থেকে ওই অংশে উক্ত কর্তৃপক্ষ দ্বারা গৃহীত ভাঙনরোধী ব্যবস্থা প্রয়োজনের তুলনায় নিতান্ত অপ্রতুল। এর ফলে প্রায় ৭১৫ হেক্টর জমি জলের তলায় চলে গেছে। কেন্দ্রীয় সরকারের কাছে এই বিষয়টি নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন। রাজ্যের একটি প্রতিনিধি দল, মাননীয় সেচমন্ত্রীর নেতৃত্বে সেপ্টেম্বর ২০১৩-তে কেন্দ্রীয় সরকারের কাছে বিষয়টির গুরুত্ব ব্যক্ত করেছেন।

তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র প্রদান

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০) **শ্রী অসিত মজুমদার :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত কতজনকে শংসাপত্র প্রদান করা হয়েছে : এবং

(খ) হুগলী জেলায় উক্ত সংখ্যাটি কত ?

অনগ্রসর সম্প্রদায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৩ সালের ১লা জানুয়ারি থেকে ডিসেম্বর, ৪.০৭,০২৬ জন তপশিলি জাতিভুক্ত ও ৭৪,৩০৫ জন উপজাতি সম্প্রদায়ভুক্ত জনসাধারণকে শংসাপত্র প্রদান করা হয়েছে।

(খ) হুগলী জেলার ক্ষেত্রে এই সংখ্যাটি হল—

তপশিলি জাতি	- ১৭,৪৬২
তপশিলি উপজাতি	- ২,৩৬৫
মোট	- ১৯,৮২৭

কলকাতা হাইকোর্টে বিচারাধীন মামলা

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) শ্রী অসিত মিত্র : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে কলকাতা হাইকোর্টে কতগুলি মামলা বিচারাধীন আছে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে কলকাতা হাইকোর্টে নিম্নলিখিত সংখ্যক মামলা বিচারাধীন আছে :

(১) কলকাতা হাইকোর্ট অ্যাপীলেট সাইডে : সর্বমোট ১,৮৭,৬৫৭টি মামলা।

(২) কলকাতা হাইকোর্ট ওরিজিনাল সাইডে : সর্বমোট ৩০,৭৩৬টি মামলা।

মৎস্য উন্নয়নের মাধ্যমে উপকৃতের সংখ্যা

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৩) শ্রী সমীর কুমার জানা : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে মৎস্য চাষের উন্নয়নে গৃহীত প্রকল্পের মাধ্যমে ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে উপকৃত যুবক-যুবতীর সংখ্যা কত ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে মৎস্য চাষের উন্নয়নে গৃহীত প্রকল্পের মাধ্যমে ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে ১,৪০,০০০ জন যুবক-যুবতী উপকৃত হয়েছেন।

গ্রন্থাগারের শূন্যপদ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭) শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে সরকারি গ্রন্থাগারের কত সংখ্যক গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকের পদ শূন্য হয়ে পড়ে আছে ?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে সরকারি গ্রন্থাগারগুলিতে গ্রন্থাগারিকের শূন্য পদের সংখ্যা ৫টি এবং সহকারী গ্রন্থাগারিকের শূন্য পদের সংখ্যা ৫টি।

নিখোঁজ মৎস্যজীবী উদ্ধারে গৃহীত পদক্ষেপ

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭) শ্রী রবিউল আলম চৌধুরী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে ২০১৩-১৪ আর্থিক বছরে মোট কতজন মৎস্যজীবী নিখোঁজ হয়েছেন : এবং

(খ) নিখোঁজ মৎস্যজীবীদের উদ্ধারের জন্য সরকারি কি কি পদক্ষেপ নিয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৩ সাপেক্ষে ২০১৩-১৪ আর্থিক বছরে মোট ৭ (সাত) জন মৎস্যজীবী নিখোঁজ হয়েছেন। এর মধ্যে ডায়মন্ড হারবার সেক্টরের ৪ (চার) জন এবং কন্টাই সেক্টরের ৩ (তিন) জন রয়েছেন।

(খ) নিখোঁজ মৎস্যজীবীদের উদ্ধারের জন্য সরকারের তরফে স্থানীয় প্রশাসন ও সমুদ্র সীমান্ত সুরক্ষা বাহিনী (কোস্টগার্ড)কে জানানো হয়েছে এবং নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

[12.00 – 12.10 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have receivd six (6) notices of Calling Attention on the following subjects namely :

Subject	Name
(i) Non-electrification in some villages under the Rajib Gandhi Bidyut Yojana Scheme in Harishchandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(ii) Urge for construction of a Bridge over the Babla River at Natungram under Ketugram Assembly Constituency.	: Shri Sekh Sahonawez
(iii) Urge for desalination of the land in the closure of Piyali River and Mani River to facilitate cultivation.	: Shri Ram Sankar Halder
(iv) Urge for repairing and upgradation of some roads in the Canning Paschim Assembly Constituency area.	: Shri Shyamal Mondal
(v) Reported arrest of one demonstrator protesting against Kamduni issue at Writers' Building.	: Shri Sahajahan Chowdhury
(vi) Reported leakage of Question Paper of the Examination conducted by the West Bengal Board of Primary Education.	: Shri Asit Mitra

I have selected the notice of Shri Tajmul Hossain on the subject of non-electrification in some villages under the Rajib Gandhi Bidyut Yojana Scheme in Harishchandrapur Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manish Gupta: Hon'ble Mr. Speaker Sir, written reply against the Calling Attention raised by the Hon'ble Member will be sent to him directly.

LAYING OF RULES

The West Bengal Advocates Welfare Corporation Rules, 2012 and amendments made thereunder

Smt. Chandrima Bhattacharya: Sir, I beg to lay the West Bengal Advocates Welfere Corporation Rules, 2012 under Judicial

Department's Notification No. 561-JL dated the 19th September 2012 alongwith amendments made in the said Rules under Judicial Department's Notification No. 24-JL dated the 17th January 2013 in terms of provisions of Section 30 of the West Bengal Advocates Welfare Corporation Act 2012.

GOVERNMENT BUSINESS

LAYING OF NOTIFICATION

Notification made by School Education Department under the West Bengal Right to Public Services Act, 2013

Shri Bratya Basu : Sir, with your permission, I beg to lay the Notification No. 162-JS/ES/ADM/10M-43/2013 dated the 22nd November, 2013 made by School Education Department under the West Bengal Right to Public Services Act., 2013 and published in the Kolkata Gazette, Extraordinary dated the 3rd December, 2013 regarding the Public Authority, services to be rendered, Designation Officer, Appellate Officer, Reviewing Officer and stipulated time limit for service in respect of the School Education Department.

MENTION CASES

মিঃ স্পীকার : সবাই ছোটো করে বলবেন, সেকেন্ড হাফে আমাদের প্রায় ৮ ঘন্টার ডিসকাসন আছে, as precisely as possible.

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অবগত করাতে চাই যে, হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের দুলদুলি গ্রাম পঞ্চায়েত—যখন ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী তখন সেখানে একটা হাসপাতাল হয়। পাঁচ বিঘা জমি আছে, দুটি ডাক্তার কোয়ার্টার্স, একটা বড়ো স্নান বাঁধানো পুকুর, আউট-ডোর, ইনডোর সবই আছে। কমপিউটার, কোয়ার্টার সবই থাকা সত্ত্বেও বর্তমানে সেখানে চিকিৎসকের অভাবে চিকিৎসার কাজ বন্ধ। জনগণ চিকিৎসা পরিষেবা পাচ্ছে না। আমি চাই, বর্তমান সরকার যত দ্রুত সম্ভব সেখানে চিকিৎসকের ব্যবস্থা করে মানুষজনকে যেন চিকিৎসা পরিষেবা দেওয়ার বন্দোবস্ত করেন।

শ্রী বাসুদেব মেটে : (not responding)।

শ্রী শাহজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩ই জুন কামদুনির এক কলেজ ছাত্রীকে

গণ-ধর্ষণ করে খুন করার প্রতিবাদে চারটি বামপন্থী ছাত্র সংগঠন মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশনে সামিল হয়েছিল। পুলিশ আট মাস পরে ছাত্র নেতা, SFI-র সর্বভারতীয় সম্পাদক [***] বর্তমানে M.P., [***] SFI-র রাজ্য সম্পাদক, [***] PHU সভাপতি [***], এঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা সাজিয়েছে ও চার্জসিটও দিয়েছে। এই মিথ্যা মামলা এবং চার্জসিট প্রত্যাহারের দাবী জানাচ্ছি। ধন্যবাদ।

মিঃ ডেপুটি স্পীকার : যাঁরা এই হাউজের member নয় তাঁদের নামগুলো যাবে না।

শ্রী বাসুদেব খাঁ : ম্যাডাম আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে প্রাথমিক শিক্ষকদের ব্রীজ কোর্সের পরীক্ষা ছিল। কিন্তু ৪৫ হাজারেরও বেশি শিক্ষকদের আজকে পরীক্ষা বাতিল হয়েছে। বিভিন্ন রকমভাবে কেলেঙ্কারি সামনে আসছে, 'টেট' কেলেঙ্কারি থেকে আরম্ভ করে সমস্ত কিছু। প্রশ্নপত্র ফাঁস এবং বিভিন্ন প্রশ্নপত্রের উত্তরও বিভিন্ন জায়গায় অর্থের বিনিময়ে বিলি হচ্ছে। এই প্রশ্নপত্রগুলো ফাঁসের বিরুদ্ধে যাতে সুব্যবস্থা করা হয় তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে প্রাথমিক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা চলছিল সেই পরীক্ষা বাতিল হয়ে গেল ; 'টেট' পরীক্ষা, এস.এস.সি. পরীক্ষা। শিক্ষার ক্ষেত্রে বার বার এই নৈরাজ্য এবং অপদার্থতা দেখা দিচ্ছে। হাজার, হাজার, লাখ লাখ ছেলে-মেয়ে আজকে তাদের অবস্থা খুবই খারাপ, আজকে তারা অনীহায় ভুগছে। মাননীয় শিক্ষামন্ত্রী যদি তাঁর দপ্তর সামলাতে না পারেন তাহলে পদত্যাগ করুন। বাংলার লক্ষ লক্ষ বেকার যুবকদের প্রতি যত্নবান হওয়ার আবেদন জানাচ্ছি স্যার। ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া অধ্যক্ষা মহাশয়া আমি সুন্দরবন উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুলতলী ব্লকের হঁকাহারানীয়া নদী দিয়ে কয়েক হাজার মৎস্যজীবী ও কৃষক মাছ ও সবজি নিয়ে রায়দীঘি ঢাকীর বাজারে বিক্রি করতে যায়। ১৯৯৭ সালে নদীর গতিপথ বহাল রেখে কুলতলী পঞ্চায়েত সমিতি ওই নদীর উপর ব্রীজ বানিয়ে দেয়। কিন্তু বিগত সরকারের সুন্দরবন উন্নয়ন বিষয়ক মন্ত্রী উক্ত ব্রীজ ভেঙে দেন এবং বেআইনীভাবে নদীর দুই দিকে বাঁধ দিয়ে কিসারী তৈরি করেন। এর জন্য সাধারণ মানুষের প্রচুর অসুবিধা হয়। বর্তমান সুন্দরবন উন্নয়ন পর্ষদ সাধারণ মানুষের কথা ভেবে উক্ত বাঁধ ভেঙে এবং ব্রীজ পুনর্গঠন করে নদীকে আবার পূর্বাবস্থায় ফিরিয়ে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। গত মার্চে এই সিদ্ধান্ত গৃহীত হলেও এখনও কার্যকরী হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন এই কাজ দ্রুত করা হোক।

***'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি মাননীয় সদস্যদের বলছি, please দেখে কেউ পড়বেন না, don't read out.

শ্রী তজমুল হোসেন : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম আপনি জানেন আমাদের এই বাজেটে দেখলাম MSK, SSk, প্যারা-টিচার, চুক্তি ভিত্তিক শিক্ষক, ICDS, আশা, প্রাণীবন্ধু, শিশু, শ্রমিক, বিদ্যালয়ের কর্মরত কয়েক লক্ষ শিক্ষক ও কর্মীদের সাম্মানিক ভাতার কোনো উল্লেখ নেই। বাজেটে আমরা অনেক রকম দেখতে পাচ্ছি, বিভিন্ন রকমের, অনেক টাইপের খরচের জন্য সরকার অনেক রকম ভাতা করেছেন। কিন্তু এইসব সাম্মানিক ভাতার আওতায় যারা আছেন তাদের উৎসাহিত করার জন্য আজকে বাজেটে, মাননীয় অর্থমন্ত্রী আছেন, তাদের যাতে সাম্মানিক ভাতা বৃদ্ধি করা হয়, তাদের উৎসাহিত করার জন্য কিছু ভাতা যোগ করা হয়, তার জন্য আপনার মাধ্যমে আমি আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

[12.10 – 12.20 p.m.]

শ্রী আব্দুর রজ্জাক : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমাদের রাজ্যে প্যারা শিক্ষক, কনট্র্যাক্টচুয়াল শিক্ষক, ভোকেশনাল শিক্ষক এবং শিশু শিক্ষাকেন্দ্রের শিক্ষিকাগণ—এই দ্রব্যমূল্যের বাজারে তারা যে সাম্মানিক পান বা বেতন পান তাতে তারা নাকানি-চোবানি খাচ্ছেন এবং তারা অসহায় অবস্থায় জীবনযাপন করছেন। তা থেকে উদ্ধারের জন্য তারা মাঝে মাঝে সরকারের কাছে আবেদন-নিবেদন, ধরনা ও ডেপুটেশান দিচ্ছেন। বামফ্রন্টের আমলে প্রায় চার বছর আগে তাদের বেদন বৃদ্ধির..... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : অনারেবল মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, দলতন্ত্র নয়, গণতন্ত্রের স্লোগান নিয়ে এই সরকার ৩৩ মাস আগে এসেছিল। কিন্তু গত ১৭ই ডিসেম্বর আমার বিধানসভা এলাকায় করিমপুর কন্যাদেবী কলেজের ইলেকশানকে কেন্দ্র করে গণতান্ত্রিক কায়দা দেখলাম। আমি সেখানে উপস্থিত ছিলাম, উপস্থিত ছিল প্রায় ১০০ পুলিশ। সেখানে এস.ডি.পি.ও., সি.আই. সবাই উপস্থিত ছিলেন। কিন্তু এস.এফ.আই. থেকে শুরু করে কোনো ছাত্র সংগঠন সেখানে নোমিনেশান পেপার সাবমিট করতে পারল না। সারা নদীয়া জেলায় এই ঘটনা ঘটেছে। গতকাল মাজদিয়ার কলেজ ...(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে যে, এখানে আমাদের একজন এম.এল.এ. বসে রয়েছেন বাসুদেব খান। সে গত আড়াই বছর ধরে ২০ বিঘা জমিতে চাষ করতে পারছেন না। তৃণমূলের গুণ্ডাবাহিনী এই কাজগুলো করছে। গতকাল আমদের মুখ্যসচেতক বললেন এম.এল.এ.-দের নিরাপত্তার বিষয় নিয়ে। রাজ্যে তো আমাদের দুজন প্রাক্তন বিধায়ক খুন হয়ে গেলেন। দিলীপ সরকার এবং প্রদীপ তার এখনও পর্যন্ত কোনো কিছু হল না। বাসুদেব খান গেটে

বসে আছেন, বাড়িতে তার হাত-পা মুচড়ে দেওয়া হল, কিচ্ছু হল না। এই প্রত্যেকটা কাজের সাথে সেই দুষ্কৃতীরা এলাকার তৃণমূল নেতাদের প্রশ্রয় পাচ্ছে, পুলিশ প্রশাসনের প্রশ্রয় পাচ্ছে। এই বিষয়টা আপনাদের দেখতে অনুরোধ করছি। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলাতে গ্রাম পঞ্চায়েতে ১১৩টি সহায়ক শূন্যপদ খালি আছে। সেই পদগুলি পূরণের জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছে। কিন্তু পঞ্চায়েতের আইন অনুযায়ী জি.পি. কর্মীদের দশ শতাংশ শূন্যপদে উন্নতিকরণের নিয়ম আছে। কিন্তু এই বিজ্ঞাপনে তার উল্লেখ নেই। সেই কারণে সহায়কের ১০ পারসেন্ট শূন্যপদে জি.পি. কর্মীদের মধ্যে যোগ্য প্রার্থীদের নিয়ম মাফিক পরীক্ষা নিয়ে উন্নীত করার জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানভার কেতুগ্রাম দুই নং ব্লকের অন্তর্গত নবগ্রাম পঞ্চায়েতের তরালসেনপাড়া থেকে নবগ্রাম পর্যন্ত রাস্তাটায় দীর্ঘ ৩০-৩৪ বছর যাবৎ—সেখানে ১০ হাজার মানুষ নদীটা পেরোতে পারে না—সেখানে কোনো ব্রীজ নেই। দীর্ঘদিন ধরে বামফ্রন্ট সে ব্রীজটা করেনি। এখন ওনারা অনেক কাজের জন্য বলছেন কিন্তু ওনারা বসে রয়েছেন, কোনো কাজই তখন করেননি। আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সত্বর যে কোনো ভাবে যেন ব্রীজটি তৈরি করা হয়।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭০ সালে শ্যামপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত শ্যামপুর এক নম্বর ব্লকে পিছলদহ প্রাইমারি হেল্‌থ সেন্টার স্থাপিত হয়েছিল। তদানীন্তন একজন এম.বি.বি.এস. ডাক্তার ছিলেন। কিন্তু বামপন্থী বন্ধুগণ আসার পর ১৯৭৭ সাল থেকে তাকে তুলে নেওয়া হয়। অদ্যাবধি কোনো এম.বি.বি.এস. ডাক্তার নেই। অথচ এই এলাকা বিশেষত সংখ্যালঘু এবং তফশিলি অধ্যুষিত এলাকা। ওই পিছলদহ প্রাথমিক সাব-সেন্টারে যাতে অবিলম্বে ডাক্তারের ব্যবস্থা করা হয় তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত মজুমদার : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার বিধানসভা কেন্দ্র হুগলী জেলার হেড কোয়ার্টার। সেখানে একটা বাস স্ট্যান্ড আছে দীর্ঘ ৩৪ বছর—বামফ্রন্ট একটা বাস স্ট্যান্ড করে গেছে। সেখানে বাস ঢুকলে মানুষ বেরোবার কোনো জায়গা নেই। আমাদের সরকার আসবার পর মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে একটা বাস স্ট্যান্ডের এক একর জমি দেওয়া হয়েছিল। আপনি কম বলতে বলেছিলেন বলে আমি আর নোটিফিকেশানগুলো বলছি না কিন্তু ডিলে হচ্ছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন যে, হুগলী জেলার হেড কোয়ার্টারে সেন্ট্রাল বাস টার্মিনাল করা। আমি যত তাড়াতাড়ি সম্ভব এই বাস টার্মিনালটা করার জন্য মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে কুলতলি আমার বিধানসভা এলাকায় পুলিশ এবং কোস্টাল থানা এলাকা—যে থানা পুলিশের একটা অংশ—শুধুমাত্র একটা দরখাস্তের ভিত্তিতে রায়ত জমি, পাট্টাদারের জায়গা এবং বর্গাদারের জায়গা থেকে ধান কাটা এবং বোরো চাষে বাঁধা দেওয়ার চেষ্টা করছে। এটা নিয়ে আমরা বার বার বলার চেষ্টা করছি কিন্তু প্রশাসন একপেশে। এই অবস্থায় গরীব মানুষের চাষের কাজে বাঁধা দিচ্ছে। আমার কুলতলি বিধানসভা এলাকায় কুলতলি থানার মধ্যে মৈপীঠ আমাদের সি.পি.আই.এম. পার্টির অসংখ্যা কর্মী, শয়ে শয়ে কর্মীদের মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হচ্ছে। কুলতলি থানা লকআপে করিম গাজির মৃত্যুর তদন্ত চাইছি আমরা। আমরা বলতে চাইছি.....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। বিদ্যা নদীর উপর গদখালি, গোসাবা বাজার পর্যন্ত কংক্রিটের সেতুর কাজ যাতে বাস্তবায়িত হয় তার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। সেতুটি নির্মাণ করা হলে বাসন্তী ও গোসাবা এবং ক্যানিং এই তিনটি বিধানসভার সরাসরি সংযোগ স্থাপিত হবে। প্রতিদিন হাজার হাজার মানুষ, নিত্যযাত্রী এবং যানবাহন চলাচল করতে সক্ষম হবে। উপাধ্যক্ষ মহাশয়া আরো জানাতে চাই, সম্মানীয়া মুখ্যমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় বারুইপুর—ক্যানিং পর্যন্ত ২৬ কিলোমিটার রাস্তার কাজ চলছে। এই কাজ যাতে দ্রুত গতিতে সম্পন্ন হয় এবং বারুইপুর থেকে জয়নগর পর্যন্ত ২৫ কিলোমিটার রাস্তার কাজ চলছে, সেই কাজ যাতে দ্রুত গতিতে সম্পন্ন হয় তার জন্য আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা বলছি। পশ্চিমবাংলার গণতন্ত্র আজ ভয়ঙ্করভাবে আক্রান্ত। ব্রিগেডের জনসভায় আপনি দেখেছেন, খবরের কাগজেও দেখেছেন—সেটা হচ্ছে এই আমার বিধানসভা এলাকার ১২টি বাস আটকে দেওয়া হল, মিটিংয়ে আসতে দেওয়া হল না। দূরবর্তী এলাকা থেকে মানুষজন আসবে তার জন্য নেতাজী ইন্ডোর ভাড়া নেওয়া হবে। শাসক দলকে নেতাজী ইন্ডোর ভাড়া দেওয়া হল, আমাদের ভাড়া দেওয়া হল না। গতকাল বলেছে, নতুন হাটে যে জনসভা হবার কথা ছিল সেখানে পুলিশ প্রশাসন পারমিশান দেয়নি। আমার ওখানে বার বার পুলিশকে বলা সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না। মাননীয় ডেপুটি ম্যাডাম, আপনার মাধ্যমে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : (নট রেসপন্ডিং)

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কানোরিয়া জুট মিলে আবার গতকাল থেকে তালা পড়ে গেল। কানোরিয়া জুট মিলে ন্যাশানাল ইউনিয়ান অফ জুট মিল ওয়ার্কার্স তারা গতকাল

ওখানে তাদের কিছু দাবি নিয়ে আন্দোলন করছিলেন। এই অবস্থার মধ্যে কানোরিয়া জুট মিলে যারা ম্যানেজমেন্ট তারা তাদের ওখান থেকে মারধোর করে তাড়িয়ে দেয় বলে শোনা গেছে, সংবাদ মাধ্যমেও বেরিয়েছে। এবং সেখানে একটা অচলাবস্থার সৃষ্টি হয়। এই জুটমিল অনেকদিন বন্ধ থাকার পরে মাননীয় শ্রমমন্ত্রী জুট মিল চালু করেছিলেন। তারপর ওখানে দুটি ইউনিয়নই টি.এম.সি.-র অন্তর্ভুক্ত। একটা শোভনদেব বাবুর, আর একটা অন্য একজন নেত্রীর। আমি আপনার কাছে অনুরোধ করব যারা ওখানে টাকা পাচ্ছে না, পি.এফ.-এর টাকা পাচ্ছে না, কুড়ি দিন চাকরি করলে একদিন লাইন ছুটি হয়, সেটা পাচ্ছে না। মাননীয় শ্রমমন্ত্রী এখানে আছেন। এই মিলটা যাতে বন্ধ না হয়, অবিলম্বে যাতে খোলা হয়, শ্রমিকেরা যাতে ন্যায্য পাওনা পেতে পারেন, তার জন্য মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। মাননীয় মন্ত্রী যদি এই ব্যাপারে কিছু বলেন।

[12.20 – 12.30 p.m.]

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ককে জানাই যে তার কাছে অসম্পূর্ণ খবর আছে। আজকে সকাল ৬টার থেকে মিল চালু হয়ে গেছে।

শ্রী নাসিরুদ্দিন আহমেদ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে আমার জিজ্ঞাস্য যে ইতিমধ্যেই আমার বিধানসভা এলাকায় কালিগঞ্জে ২৩ নম্বর ঘাটে একটি বৈদ্যুতিক চুল্লীর জন্য সরকার প্রস্তাব গ্রহণ করেছিল। এই বিষয়টি কি পর্যায়ে আছে এটা জানার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর নিকট দাবি জানাচ্ছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং জরুরি হস্তক্ষেপ দাবি করছি। অনেকগুলি পাশ করা ছেলে-মেয়ে স্কুল সার্ভিস কমিশন 12th আর.এল.এস.টি. ২০১১-তে পাশ করার পরেও তারা চাকরি পাচ্ছে না। পার্সোনালিটি টেস্ট হয়ে গেছে, কাউন্সেলিং হয়ে গেছে, সব কিছু। প্রায় ৩৫০০ জন পড়ে আছে দীর্ঘদিন ধরে। তারা জানে না তাদের কি অপরাধ। এস.এস.সি. বিল্ডিংয়ের সামনে তারা বেশ কয়েকদিন ধরে ৬ই ফেব্রুয়ারি থেকে অবস্থান, অনশন করছে, রিলে অনশন করছে। এদের প্রতিনিধিরা ১৩ই জানুয়ারি মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। ব্রাত্যবাবু তাদের আশ্বাস দিয়ে বলেছিলেন যে কিছুদিনের মধ্যেই সরকার জানিয়ে দেবে, তাদের অবস্থান কি এবং এই পাশ করা ছেলে-মেয়েরা যারা ন্যায্য অধিকারের ভিত্তিতে চাকরি পাবে, তাদের কি হবে সেটাও সরকার জানিয়ে দেবে। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় আজকে ২০শে ফেব্রুয়ারি। ৬ই ফেব্রুয়ারি থেকে লাগাতার কলকাতার বুকে সল্টলেকে স্কুল সার্ভিস কমিশনের বিল্ডিংয়ের সামনে অনশন করছে ছেলে-মেয়েরা। সরকারের পক্ষ থেকে এখনও অবধি কোনো প্রতিনিধি গিয়ে তাদের সাথে দেখা করল না। বলল না যে এটা হচ্ছে, এইটা হচ্ছে, আপনাদের কোনো চিন্তা নেই। আমি আপনার মাধ্যমে বিনম্রভাবে অনুরোধ করব মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে, হাউস চলছে আজ এবং কাল, শিক্ষামন্ত্রী এই হাউসে এসে ঘোষণা করুক, এই অনশনরত ছাত্র-ছাত্রীরা, যারা পাশ করেছে যুবক-যুবতীরা যারা পাশ করেছে, তাদের ভবিষ্যৎটা কি হবে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়ার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে নদীয়া জেলার অত্যন্ত প্রাচীনতম ক্ষুদ্রশিল্প কাঁসা, পিতলের মাটিয়ারি, ধর্মদা, মুড়াগাছা, সাধনপাড়ার বিস্তীর্ণ এলাকায় হাজার হাজার শিল্পী এর সঙ্গে যুক্ত। তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। কাঁচা মাল এবং সেই বাজার তারা পাচ্ছে না। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন। এদের ব্যাপারে সরকারের নতুন কোনো পরিকল্পনা গ্রহণ করা যায় কিনা, এই ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান এই সরকার বলেছিলেন যে দলতন্ত্র নয়, গণতন্ত্র। কিন্তু আমরা বর্তমানে কি দেখছি ? গণতন্ত্রের পরিবর্তে দলতন্ত্র হচ্ছে। বর্তমান সরকার এমন কঠোর শাসন ব্যবস্থা পরিচালনা করছেন—একমাত্র সি.পি.এম. পার্টি সমর্থক এবং কর্মীদেরকে বেছে বেছে বিনা কারণে, অকারণে, বিনা অভিযোগে থানার মধ্যে একমাস যাবৎ আটকে রাখছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ হাঁসদা আপনি যেটা মেনশন করছেন, সেই পয়েন্টে আপনি বলছেন না। ইট উইল বি নট অন দি রেকর্ড। উনি একটা দিয়েছেন—সিজার অফ দি অটো রিক্সা, আর বলছেন অন্য কিছু। তাই হবে না। ইট ইজ মেনশন আওয়ার।

শ্রী অসিত্ত কুমার মাল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাট থেকে মাড়গ্রাম, মাড়গ্রাম থেকে বিষ্ণুপুর প্রায় ১৫ কিলোমিটার রাস্তা এক বছর ধরে ভীষণ খারাপ হয়ে আছে। এ নিয়ে সরকারের দৃষ্টি বার বার আকর্ষণ করা হয়েছে। রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। ন্যাশানাল হাইওয়েতে বসে পড়েছে—বিভিন্ন রকমভাবে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছে। এখানে কয়েকশো নয়, হাজারেরও বেশি বাস এবং লরি যাতায়াত করে। মুর্শিদাবাদের বহু বাস এবং লরি মাড়গ্রাম—বিষ্ণুপুর হয়ে রামপুরহাটে আসে। আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার আবেদন, অতি সত্বর রামপুরহাট হইতে বিষ্ণুপুর পর্যন্ত রাস্তা মেরামতি করা হোক। ধন্যবাদ।

ZERO HOUR

ডঃ তরুণ কান্তি নস্কর : ম্যাডাম, রিমেডিয়াল টিচাররা যারা সর্বশিক্ষা মিশনে ক্লাস টু থেকে ক্লাস এইট পর্যন্ত অনুন্নত শ্রেণীর পিছিয়ে পড়া ছেলে-মেয়েদের পড়ানোর জন্য তাদের ২০০৫ থেকে ২০১০-এর মধ্যে তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল এবং প্রথমে তাদের ৫০০ টাকা, পরে ৭৫০ টাকা করে বেতন দেওয়া হত, অনারেরিয়াম দেওয়া হত। ২০১১-'১২ বাজেটেও তাদের জন্য কিছু টাকা ধার্য করা হয়েছিল—১০ কোটি টাকার মতো। কিন্তু এই স্কিমটা ডিসকন্টিনিউড হয়ে যায়। ফলে টাকা তাদের দেওয়া হচ্ছে না। আমি আপনার মধ্য দিয়ে মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই স্কিমটা চালু করা হোক এবং তাদের ব্যবহার করা হোক।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ আজকেই কাগজে দেখলাম যে, গোর্খাল্যান্ড ইস্যুতে বিমল গুরুং ২১ তারিখে মহামিছিল, পোস্টারিং এবং দিল্লিতে ধর্নার কর্মসূচি নিয়েছে। তিনি বলছেন যে, আমার সঙ্গে রাজ্য সরকারের যা চুক্তি হয়েছে—গোর্খাল্যান্ড চুক্তি হয়েছে। স্বাভাবিকভাবে পশ্চিমবাংলা যাতে টুকরো-টুকরো না করতে পারে তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে পশ্চিমবাংলাটা এক থাকে সেই বিষয়ে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গ্রাম-বাংলার কৃষক ভাইরা ন্যায্যমূল্যে ধান বিক্রি করতে পারছে না। খাদ্যমন্ত্রী অনেক কথা বলছেন। কিন্তু সংকট ঘনীভূত। উড়িষ্যা সরকার ১০০ টাকা বোনাস দিচ্ছেন কেন্দ্রের সহায়ক মূল্যের সঙ্গে। বিহার সরকার ২৫০ টাকা বোনাস দিচ্ছেন কেন্দ্রের সহায়ক মূল্যের সঙ্গে। কিন্তু আমাদের রাজ্যে সহায়ক মূল্যে ধানও বিক্রি হচ্ছে না, ডিসট্রেস সেল হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে সরকারের কাছে—খাদ্যমন্ত্রীর কাছে দাবি জানাব কৃষিমন্ত্রীও এটা দেখুন। এই রাজ্যের সরকার যেন সহায়ক মূল্য দিয়ে বিহার এবং উড়িষ্যার মতো ধান ক্রয় করে কৃষকদের বাঁচানোর জন্য।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনি দেখেছেন যে, ভারতবর্ষের রাজনীতিতে একটা নতুন বিন্যাস তৈরি হচ্ছে। ভারতবর্ষের রাজনীতিতে দুর্বৃত্তায়ন, পেশিশক্তি—এসবের বিরুদ্ধে যিনি লড়াই করছেন, সেই ব্যক্তিত্ব গতকাল দিল্লিতে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী তথা আমাদের সকলের নেত্রী একটি প্রেস কনফারেন্স করেছেন। যেখানে সেই ব্যক্তি উপস্থিত ছিলেন এবং তার সঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের সভা হওয়ার পর—প্রেস কনফারেন্স হওয়ার পর আমি লক্ষ করছি যে, যারা আমাদে উল্টোদিকে বসে আছেন, তারা সারা দেশের বিভিন্ন দলকে নিয়ে যোগাযোগ করে একটি মঞ্চ বা মোর্চা তৈরি করার চেষ্টা করছেন। আমি নিশ্চিতভাবে আপনাদের বলতে পারি সেই ব্যক্তি ভারতবর্ষে যাতে করে মমতা বন্দ্যোপাধ্যায় ১০০টি আসন লাভ করেন তার জন্য তিনি ভারতবর্ষের জনগণের কাছে আবেদন করেছেন। একটি স্বচ্ছতার সঙ্গে এক নতুন দিগন্ত উন্মোচিত হতে চলেছে ম্যাডাম। আমি আশা করি মমতা বন্দ্যোপাধ্যায় তার এই যাত্রায় সফল হবেন এবং তার পাশে আন্না হাজারে এসে যে দাঁড়িয়েছেন। তাকে আমরা স্বাগত জানাচ্ছি।

(এখন বিরতি, আমরা আবার ঠিক একটার সময় মিলিত হব।)

[1.00 – 1.10 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৭ই ফেব্রুয়ারি ২০১৪ তারিখে মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বরাদ্দ পেশ করেছেন এই পবিত্র সদনে। এই বাজেটটা পড়তে

গিয়ে আমি যা বুঝেছি—আমার বোঝার ভুলও হতে পারে—তবে সবটা পড়ে আমার বুঝতে অসুবিধা হয়নি যে, এটা পবিত্র সদনের বাজেট না তৃণমূলের নির্বাচনী ইস্তাহার। মাননীয় অর্থমন্ত্রী পণ্ডিত মানুষ, ডক্টরেট মানুষ, কিন্তু তাঁর তথ্যের ভেতরে দেখলাম কয়েকটা খুব গুরুত্বপূর্ণ তথ্যের জাগলারি করা হয়েছে, যা আপনার সামনে. এই পবিত্র সদনে উপস্থিত করতে চাই। স্যার, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন শিল্পের নাকি বৃদ্ধি হবে ৯.৫৮ শতাংশ। যখন সারা দেশে শিল্পের মন্দাদশা-.৭ শতাংশ, তখন আমাদের রাজ্যে দিশা দেখাচ্ছেন_ উনি। উনি বলেছেন ১৫০টা নাকি নতুন ইউনিট স্থাপিত হয়েছে, যার ফলে ১৭,৭৩২.০৭ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। স্যার, এই সময়কালের মধ্যে আমরা যদি আর্থিক সমীক্ষার দিকে নজর দিই তাহলে দেখব, ২০১০ সালে ৩২২টি ইউনিট স্থাপিত হয়েছিল এবং ১৫,০৬২.২৩ কোটি টাকা বিনিয়োগ হয়েছিল। ২০১১ সালে ২৮টি ইউনিট হয়েছে, ২৪৬৫.৪৬ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এটা নামতে নামতে দেখলাম ২০১২-১৩ সালে মাত্র ১২টা ইউনিট স্থাপিত হয়েছে এবং সেক্ষেত্রে ৩১২.২৪ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। স্যার, উল্লেখ করা যেতে পারে ৬টা জেলাতে ১২টা ইউনিট হয়েছে। ৬টা জেলার নাম আমি উল্লেখ করতে পারি, কিন্তু সময় কম থাকার জন্য উল্লেখ করতে চাই না। কিন্তু ৩১২.২৪ কোটি টাকা মাত্র বিনিয়োগ হয়েছে। এক্ষেত্রে কর্মসংস্থান কি করে হবে ? এক্ষেত্রে অসত্য তথ্য উপস্থিত করা হয়েছে এবং এইভাবে মানুষের মনে চমক লাগাতে চাইছেন তিনি। আমি দেখেছি ২০১৩-১৪ আর্থিক বছরে তিনি বলেছেন আদিবাসীদের জন্য ১ লক্ষ, ৩০ হাজার, ৪৬৩ জনকে বার্ধক্য ভাতার জন্য বরাদ্দ করেছেন ১২৮ কোটি ২৫ লক্ষ টাকা। আমি আশ্চর্য হয়ে যাই, মাননীয় অর্থমন্ত্রী কি হিসাবে এই অর্থ বরাদ্দ করলেন ! তাদের ১ হাজার টাকা করে পেনশন দেওয়ার ব্যবস্থা করেছিল বামফ্রন্ট সরকার। তৎকালীন সময়ে এই নামগুলি নথিভুক্ত হয়েছিল। এক হাজার টাকা করে দিলে এক মাসে তেরো কোটি ছেচল্লিশ লক্ষ তিন হাজার টাকা লাগে। তাহলে এক বছরে একশো সাতান্ন কোটি পঁয়ত্রিশ লক্ষ ছয় হাজার টাকা লাগার কথা। এক্ষেত্রে তিনি ধরেছেন একশো আঠাশ দশমিক পঁচিশ কোটি টাকা। অঙ্কের হিসাবেই বলি উনত্রিশ কোটি এক লক্ষ ছয় হাজার টাকা কম ধরা হয়েছে। তাহলে কি আমরা বুঝব যে তাদের বরাদ্দের টাকা কমানো হয়েছে ! এক হাজার টাকার চাইতে কি কম দেওয়া হবে ! তাই যদি হয়, তাহলে ওঁনার অঙ্কে বলছে এক একজন বেনিফিশিয়ারি পাবে আটশো যোলো টাকা। অথচ বামফ্রন্ট সরকার এদের জন্য এক হাজার টাকা বরাদ্দ করেছিলেন। আমি তথ্য দিয়ে বলতে চাই স্যার আজকে এই গুরুত্বপূর্ণ সদনে মাননীয় অর্থমন্ত্রী যে তথ্য দিয়েছেন সেই তথ্য তাই ভ্রান্ত। এক্ষেত্রে আমি দেখেছি স্যার, দু-হাজার তেরো সালে শংসাপত্র পেয়েছে আমাদের রাজ্য। মাননীয় মন্ত্রী, বি.সি. ডবলু মন্ত্রী বলছিলেন নয় লক্ষের বেশি আমরা কাস্ট সার্টিফিকেট দিয়েছি। খুবই গর্বের। তিনি বলেছেন সর্বকালের নাকি এটা রেকর্ড। অঙ্কটা মেলান স্যার। আমি অঙ্কটা মেলাতে বলছি। তেতাল্লিশটা মহকুমাতে বলা হয়েছে কমপিউটারাইজেশান করা হয়েছে। তাই যদি তেতাল্লিশটা মহকুমাতে হয়, তাহলে এক-একটি মহকুমাতে একুশ হাজার নয়শো সাতান্নটা সার্টিফিকেট বার করার মতো, কাজ করার মতো কাজ তারা এক বছর ধরে করেছে।

তাহলে এম মাসে কত পড়েছে—দু হাজারের বেশি নয়। এক-একটা ব্লকে পার ডে যদি হিসাব করা হয় তাহলে সাতটার বেশি কাগজ তারা রেডি করতে পারছে না। সাতটার বেশি কাগজ তারা রেডি করতে পারছে না। একজন অফিসার এত টাকা মাইনে পায়, তার স্টাফ আছে। তারপরে একটা ব্লকে সাতটি কাস্ট সার্টিফিকেটের কাগজ তারা রেডি করছে। তাতে আমরা খুব খুশি। আমার তো মনে হয় মাননীয় মুখ্যমন্ত্রী যা বলেছেন তা বাস্তবের সঙ্গে মিলছে না। কম কাজ আপনারা পছন্দ করেন। কম কাজটাকে বেশি করে হাইলাইট করা অভ্যাসে পরিণত হয়েছে। এই মিথটা তথ্য মানুষের মনটাকে জয় করার জন্য দেওয়া হয়েছে এবং এই ব্যবস্থা করা হয়েছে। আমি স্যার আজকে মাননীয় মন্ত্রী বলছিলেন যে রাজ্য সরকার বলছে বর্তমান সরকার বলছেন তেতাল্লিশ হাজার শিক্ষক নিয়োগ করার ব্যবস্থা করছে। এক্ষেত্রে যদি নিয়োগই করা হবে, তাহলে বরাদ্দ কোথায় ! যা বরাদ্দ ছিল, তার থেকে কমিয়ে দেওয়া হয়েছে দু হাজার চারশো একান্ন কোটি টাকা। প্রবেশকর বাবদ তিনি ধরেছেন এক হাজার চারশো সাঁইত্রিশ কোটি টাকা। স্যার, কোন আইনের বলে প্রবেশ কর নেওয়া হচ্ছে ! হাইকোর্ট নিষেধাজ্ঞা জারি করেছে। বলেছেন এটা অসাংবিধানিক। এতদসত্ত্বেও নেওয়া হচ্ছে। কিসের জন্য নেওয়া হচ্ছে ? ব্যবসায়ীদের হয়রানি করা হচ্ছে ! জিনিসের দাম বেড়ে যাচ্ছে। তবুও তার প্রতি উনি অনেক বেশি আকৃষ্ট হচ্ছেন। এই জায়গায় দাঁড়িয়ে দেখছি বাম আমলে এই সময়ে রাজস্ব আদায়—এই সময়ে তো রাজ্য সরকার ফেলিওর হয়েছে, কিন্তু বাম আমলে ছিল ২৫%। তারপরে নতুন সরকার আসার পরে সেই রাজস্ব আদায় কমে গেল। কত হল না, আঠারো শতাংশ। পরের বছরে অবশ্য বেড়ে তেত্রিশ শতাংশ হয়েছে। স্যার, তার পরের বছরে আরও তলানিতে ঠেকেছে—মাত্র কুড়ি শতাংশ। এর পরের বছরে বলছে পনেরো শতাংশে চলে যাবে। এইভাবে স্যার, আস্তে আস্তে রাজ্য পিছোচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আমি লক্ষ্য করছি আমাদের উত্তর ২৪-পরগনা জেলার হাবড়া এবং গাইঘাটাতে বলা হয়েছে জলের ব্যবস্থা করার জন্য পাঁচ হাজার পাঁচশো আটাত্তর দামিক চুরানব্বই কোটি টাকা পানীয় জল সরবরাহ করার জন্য খরচ করা হয়েছে। স্যার, তাই যদি হয় বর্তমান সরকার ওই সালে খরচ করেছে ছশো তিরাশি দশমিক আশি কোটি টাকা। তাহলে উত্তর ২৪ পরগনাতেই যদি সব টাকা খরচ হয়ে যাবে তাহলে বাকি সারা রাজ্যে তারা কি কোনো কাজ করেনি ? এটা কি কখনো সম্ভব ? সম্পূর্ণ অসত্য তথ্য দেওয়া হয়েছে। আসলে এটা ছিল বামফ্রন্টের আমলে। বামফ্রন্টের জমানায় এই নলকূপ চালু হয়েছিল। এই টাকা বরাদ্দ করা হয়েছিল। তারা আজকে নিজেদের মতো করে ব্যবহার করার চেষ্টা করছে। সুন্দরবনের ব্যাপারে বলি। সুন্দরবনে আয়লা হয়েছে ২৫শে মে দু হাজার নয় সালে। সেই আয়লার জন্য বামফ্রন্টের জমানায় আমরা তখন দেখেছি মন্ত্রীরা ছুটে বেড়িয়েছেন বিভিন্ন জায়গাতে। দিল্লিতে গেছেন তারা টাকা আনার জন্য। বারে বারে ধর্না দিয়েছেন পাঁচ হাজার বত্রিশ কোটি টাকা বরাদ্দ হয়েছে। সেই টাকা আজও খরচ হয়নি! নদীবাঁধ মেরামত হচ্ছে না। এই নদীবাঁধ যদি মেরামত না হয়, সুন্দরবনের মানুষ ক্ষতিগ্রস্ত হবে। সুন্দরবনের মানুষ যাতে টাকা না পায়, তার জন্য মাননীয় মন্ত্রী তখন সি.এম. জাটুয়া দিল্লিতে চিঠি লিখেছিলেন যাতে সুন্দরবনের মানুষ

টাকা না পায়। সেইজন্য বলছি আজকের যে বাজেট এই বাজেট দিশাহীন। ...'(মাইক অফ হয়ে যায়)'...

ডঃ আশীষ ব্যানার্জী: মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্র যে বাজেট বিবৃতি এই মহতি সদনে পেশ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাটমোশানের বিরোধিতা করে কয়েকটি কথা নিবেদন করছি।

[1.10—1.20 p.m.]

স্যার, এই বাজেট বিবৃতিকে একটা ঐতিহাসিক দলিল আখ্যা দেওয়া যায়। ঐতিহাসিক এই কারণে যে, মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র কিভাবে একটি ডুবন্ত জাহাজ আর তার যাত্রীদের বাঁচালেন, কি কৌশলে বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা করে দিক নির্দেশ করলেন, কিভাবে ১১-১২ থেকে ১৩-১৪ অর্থবর্ষে প্রায় ৭০ হাজার কোটি টাকার সুদ বাবদ কেন্দ্রীয় সরকার কেটে নেওয়ার পরেও বাংলার অর্থনীতিকে এমন গতিশীল করে তুললেন—এটা স্যার কম বিস্ময়ের ব্যাপার নয়। মমতা ব্যানার্জীর জাদুকাঠির স্পর্শে সোনার বাংলা গড়ে উঠছে। এই বাজেট বিবৃতি সেই জন্যই স্যার ঐতিহাসিক। আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র—ফিকি-র প্রাক্তন কাণ্ডারিই শুধু নন, একজন পণ্ডিত মানুষ। জাগলারি কি তা উনি জানেন না, সে সম্পর্কে তাঁর সত্যিই কোনো জ্ঞান নেই। সেই জন্য যা সত্য, যা তথ্য নির্ভর, তাকেই তিনি প্রতিষ্ঠিত করেছেন। স্যার, রমানাথ রায় মাননীয় মুখ্যমন্ত্রীর নামে এক গ্রন্থে একটি রৌম্য কথা বলেছেন—'আমার অর্থমন্ত্রী হওয়ার ইচ্ছা ছিল। কারণ, অর্থমন্ত্রী হতে হলে যত কম লেখাপড়া জানা যায়, তত ভালো। সেদিক থেকে আমি যোগ্য ছিলাম। কিন্তু আমার থেকেও যত কম লেখাপড়া জানা একজনকে পাওয়া গেল, তাঁকেই অর্থমন্ত্রী করা হল।' আমি বলছি না স্যার, বামফ্রন্ট এমন লোককে খুঁজেছিল। কিন্তু এটা বলছি স্যার, বামফ্রন্ট এমন লোককে খুঁজেছিল, যিনি তথ্যের বিকৃতি ঘটাতে পারেন। যিনি জাগলারি বিষয়ে প্রয়োগে পটু ছিলেন। যিনি হাজারো প্রকল্প ঘোষণা করেই তাকে বাস্তবায়িত কিভাবে না করা যায়, সেই বিষয়ে দক্ষ ছিলেন। কিন্তু ডঃ মিত্র প্রথমদিন থেকেই 'সত্যরে করিয়া ধ্রুব তারা' চলতে শিখেছেন। কারণ, তারও প্রেরণা এক মহীয়সী নারী, সৎ রমণী মমতা বন্দ্যোপাধ্যায়। খুব সত্য কথা বলেছেন ডঃ মিত্র—'হোয়াট বেঙ্গল হ্যাজ ডান টুডে, ইন্ডিয়া উইল ডু টুমরো।' জাতীয় গড়কে পিছনে ফেলে বাংলা এগিয়ে চলেছে। ১৩-১৪ অর্থবর্ষে ভারতের জি.ডি.পি. বৃদ্ধির হার কত ? ৪.৯ শতাংশ। বাংলার জি.এস.টি.পি. বৃদ্ধির হার কত ? ৭.৭ শতাংশ। এগ্রিকালচার, ফিসারি, ফরেস্ট্রিতে ভারতের উৎপাদন বৃদ্ধির হার কত ? ৪.৬ শতাংশ। বাংলার হার কত ? ৫.২১ শতাংশ। শিল্পের ক্ষেত্রে ভারতের গড় হার কত ? ০.৭ শতাংশ। ১০-১১তে বামফ্রন্টের সময়ে ছিল কত ? শিল্প নিয়ে খুব বড়াই করেছিলেন। কত ছিল ? ৫.৮২ শতাংশ। আর ১৩-১৪ অর্থবর্ষে বাংলার হার কত ? ৯.৫৮ শতাংশ। পরিষেবার ক্ষেত্রে জাতীয় গড় ৬.৯ শতাংশ। আর বাংলার হার ৭.৮ শতাংশ। আরেকটা বিষয় লক্ষ্য করুন, অল ইন্ডিয়াতে মাইনিং-এর—১৩-১৪, এপ্রিল-নভেম্বর মাইনাস ২.২। হোয়্যার অ্যাজ ওয়েস্ট

বেঙ্গল ৬.৪। খেয়াল রাখবেন—মাইনাস ২.২। ম্যানুফ্যাকচারিংয়ে ০.৬ অল ইন্ডিয়াতে। ওয়েস্ট বেঙ্গলে ৩.০। ইলেকট্রিসিটিতে স্যার, অল ইন্ডিয়াতে—লজ্জা পাবেন বামফ্রন্ট এবং কংগ্রেসের দোসররা যে, ইলেকট্রিসিটিতে ৫.৪—এটা স্যার অল ইন্ডিয়ার গড়। আর ওয়েস্ট বেঙ্গল ২১.৮। এরপরে বলবেন যে, এসব ঠিক নয় ? এর পরে বলবেন যে, এগুলি ডঃ মিত্রের মনগড়া ? কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে কই স্যার একটি বারের জন্যেও তো কংগ্রেসের সদস্যরা, তাদের বামফ্রন্টের দোসর বন্ধুরা সোচ্চার হলেন না ! সি.ই.এস.সি. ক্ষতিপূরণ বাবদ পশ্চিমবঙ্গ সরকারের প্রাপ্য—খেয়াল রাখবেন, ওরা বলছেন যে, কেন্দ্রের কথা বলছেন না। কেন্দ্র যেন একটা আলাদা কোনো বস্তু। যে এটা দয়া নয়, অনুগ্রহ নয়, করুণা নয়, ভিক্ষা নয়—এটা প্রাপ্য। ৩৭৮৩.৪৩ কোটি টাকা থেকে বঞ্চিত করল। প্রতিবাদ করলেন মমতা বন্দ্যোপাধ্যায়, কারণ হৃদয় তাঁর গেয়ে উঠল 'বঙ্গ আমর জননী আমার, ধাত্রী আমার আমার দেশ, কেনগো মা তোর শুষ্ক নয়ন, কেনগো মা তোর রুক্ষ কেশ।' আর সেই জন্যই দিল্লির এই অবহেলার পরে, এই বঞ্চনার পরে কমরেড সি.আই.এম.-এর সদস্যরা নীরব, মুখে নাহি নিঃস্বরে ভাষ। জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে রাজ্যের প্রাপ্য ৮৫০.৪২ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান বন্ধ করে দিয়েছেন। স্যার, আমি ডঃ মিত্রকে তাঁর বাজেট বক্তৃতাটা একটু কারেকশান করতে বলব, ডঃ মিত্রকে অনুরোধ করব একটু কারেকশান করুন, তিনি বলেছেন 'আপনারা জেনে মর্মাহত হবেন যে', আমি বলব ওখানে বলুন কংগ্রেস এবং বামফ্রন্টের সদস্যরা জেনে উল্লসিত হবেন যে রাজ্যের প্রাপ্য ৮৫০.৪২ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান বন্ধ করে দেওয়া হয়েছে। রাজ্যের উন্নয়নের জন্য কোনো চিন্তা নেই, কোনো আবেগ নেই। তাই মাননীয়া মুখ্যমন্ত্রী সদনে নেই কেন সে প্রশ্নে সোচ্চার। কিন্তু কেন তাঁর জেলায় জেলায় ঘোরা, কেন তাঁর উন্নয়নের প্রশ্নে administrative meeting, সে কথা ভাবার অবকাশ ওঁদের নেই। জবাব শুনবার মানসিকতা নেই। দিন, ক্ষণ, পাঁজি-পুঁথি দেখে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আসতে হবে ওঁদের খুশি করার জন্য। স্যার, কেন্দ্রীয় সরকার গ্রান্ট-ইন-এইড কমিয়ে দিল বামফ্রন্টের সময়ে স্যার, আমরা দেখেছি। বামফ্রন্টের লজ্জা হওয়া উচিত, কি করেছিলেন ওঁরা ? ২০০৯-১০ কার রাজত্ব ? মহামহিম শ্বেতবস্ত্র পরিহিত নানুর-সিঙ্গুর-নেতাই-নন্দীগ্রাম কলঙ্কিত নায়কের রাজত্ব। ২০১০-১১ কার রাজত্ব ? ওঁর রাজত্ব, বামফ্রন্টেরই। State Plan Expenditure minus 58.53% কমে গিয়েছিল, আর ২০১২-১৩ অর্থবর্ষে বাংলার কল্যাণময়ী রমণী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে এবং ডঃ অমিত মিত্রর পরিকল্পনায় রাজ্য পরিকল্পনার ব্যয় ৩৪.৯৫% বৃদ্ধি পেয়েছে। অগ্রগতি নয় ? গণশক্তি অর্থশক্তি বাড়ালেন সারদার কল্যাণে। বিজ্ঞাপন নিলেন আপনারা, আর চোখের জলে ভেসে গেলেন বাংলার মানুষ। সেই অশ্রুমোচনে উদ্যোগ নিলেন কে ? মমতা ব্যানার্জী। স্যার, চরম বিপদের দিনে ৪ লক্ষ ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়ে আর্থিক সহায়তা দান করলেন। বিগত দিনের একটা উদাহরণ দিতে পারবেন ? এটাই মা-মাটি-মানুষের সরকারের বাজেট, এখানেই Government of the people। স্যার, বাম সরকার দাবি করত সবেতেই তারা প্রথম। কিন্তু ওই উন্নয়নের হার নিয়ে তারা না পেরেছিল কৃষি উন্নয়ন করতে, না পেরেছিল শিল্পায়ন ঘটাতে, না পেরেছিল বেকার সমস্যা দূর করতে, না

পেরেছিল রাজ্যের গড় আয় অনুপাত যে Forex ratio ট্যাক্স রেসিও বা ট্যাক্স আ্যাফর্ট বাড়াতে। কি ছিল বামফ্রন্ট সরকারের সময়ে ? সর্বভারতীয় সমীক্ষায় প্রকাশ পেয়েছিল ২০টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ কৃষিতে ছিল ১১তম স্থানে, শিল্প পরিবেশে industrial environment ছিল ১৮তম স্থানে, পরিকাঠামোয় ছিল ১৩তম স্থানে, অর্থনৈতিক পরিচালনায় ছিল ১৩তম স্থানে, গড় আয় অনুপাত ছিল ৪.৬%। উড়িষ্যার থেকেও কম। বেকারের সংখ্যা ১ কোটি ছুঁয়েছিল। আর বাজেটে যদিও নেই আইন-শৃঙ্খলায় সেই সমীক্ষা বলছে ২০টি রাজ্যের মধ্যে ২০তম স্থানে ছিল এই পশ্চিমবঙ্গ। ওই একই সমীক্ষায় পশ্চিমবঙ্গ যে বর্তমানে এগিয়ে চলেছে সে বিষয়টি উল্লেখিত হয়েছে। বাম সদস্যরা, কংগ্রেস সদস্যরা একই সুরে বাজেটে বিরোধিতা করছেন করুন, কিন্তু বামফ্রন্টের সদস্যরা বলুন আপনারা কোনোদিন উত্তরবঙ্গের কথা আলাদাভাবে ভেবেছেন ? ভেবেছেন উত্তরবঙ্গের জন্য আলাদা মন্ত্রী, আলাদা সচিবালয় ? ভেবেছিলেন মানবিক দৃষ্টিভঙ্গিতে দার্জিলিং, জঙ্গলমহলের সমস্যার সমাধান। ভেবেছেন রাজ্যে একটি নতুন বিমান বন্দর করা যায় ? ভেবেছিলেন শিল্প উন্নয়নের উপযোগী একটি ল্যান্ড ব্যাঙ্ক করার কথা ? কখনও ভেবেছেন যে ধার করে যাচ্ছেন তা একটি নতুন সরকার কি ভাবে সামাল দেবে ?

[1.20—1.30 p.m.]

আসলে আপনারা ভাবেনইনি যে সরকার পরিবর্তন হতে পারে। ছাপ্পা মেরে দিনের পর দিন ভোটে জিতেছিলেন বলে মানুষের মনে পরিবর্তন আসবে এটা বুঝতে পারেননি। স্যার, রাজ্যের ভয়াবহ সমস্যা বেকারত্ব। অথচ রাজ্যে উন্নয়ন ঘটাতে পারলে কত কাজের সুযোগ হতে পারে। এই সমস্যার দ্রুত সমাধান করা সম্ভব যা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করে চলেছেন। এই সরকার প্রথম বছরেই নিয়োগ করেছেন ১৩ লক্ষ ছেলে-মেয়েকে। চলতি বছরে ১৬ লক্ষ। এর মধ্যে আপনাদের ঘরের ছেলে-মেয়েরাও আছে। রাজ্যের ইনক্লুসিভ গ্রোথকে সম্ভব করে তোলার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী রাজ্যটাকে চষে বেড়াচ্ছেন। আমরা খুচরো বাজারে বিদেশি বিনিয়োগে বিরোধিতা করে কেন্দ্রীয় মন্ত্রীসভা পর্যন্ত ত্যাগ করে বেরিয়ে এসেছি। তবে সেটুকু করেই কিন্তু আমরা বসে নেই। যাতে বিক্রেতা ও ক্রেতাদের স্বার্থে বিশেষত কৃষিপণ্যের ক্ষেত্রে খুচরো বাজার গড়ে ওঠে, যার নিতান্তই অভাব ছিল, সেই বাজার গড়ার জন্য কৃষি শক্তি গড়ে উঠছে, কৃষি মান্ডি গড়ে উঠছে। মাননীয় অর্থমন্ত্রী এরকম ১২০টি বাজার তৈরির জন্য অর্থ বরাদ্দ করেছেন। ভেবেছেন আরও ৫০০টি মার্কেটিং কমপ্লেক্স করার কথা। এগুলিতে ১,১২০ কোটি টাকা খরচ করে ১ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। একই ভাবে ক্ষুদ্র শিল্পে অধিকতর গুরুত্ব দেওয়ায় প্রায় ৪৮শো ইউনিটে ৫০ হাজার কর্মসংস্থান হয়েছে। সামনের বছর হবে ১ লক্ষ কর্মসংস্থান। মাননীয় অর্থমন্ত্রী বাজেটের আয়তন বাড়াচ্ছেন। বাড়াচ্ছেন উন্নয়ন বা পরিকল্পনার ব্যয়। আগামী বছর, চলতি বছরের তুলনায় বাজেটের আয়তন ৫২ হাজার ৪৭৬ কোটি টাকা বেড়ে হচ্ছে ৩ লক্ষ ৯৫ হাজার ৬১৬ কোটি টাকা। পরিকল্পনা উন্নয়ন ব্যয় চলতি বছরের থেকে ৫ হাজার কোটি টাকা বেশি। স্যার, কেন্দ্র যেখানে স্বল্প উন্নয়ন,

ঘাটতি ব্যয় ও মুদ্রাস্ফীতির সমস্যায় জেরবার রাজ্যে সেখানে অধিক অগ্রগতি। নারীকে তার ভাগ্যজয় করবার মন্ত্র শিখিয়েছেন মমতা ব্যানার্জী। ১৫ লক্ষ শিশুকন্যা সুরক্ষিত হবে এই বছরের মার্চ মাসে। পরের বছরে আরও ১৫ লক্ষ। এরা কন্যাশ্রী। আজ ভারতের প্রতিটি রাজ্য এই প্রকল্প চালু করতে চাইছে। মমতা ব্যানার্জীর দেখানো পথই আজ তাদের পথ। আমরা বিশ্বাস করি, মমতা ব্যানার্জী সারা ভারতবর্ষকে পথ দেখাবে। স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। অস্বীকার করতে পারবেন ? হতদরিদ্র মানুষগুলো একটু ওষুধের জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছেন। ন্যায্য মূল্যের ওষুধের দোকান খুলে দিলেন হাসপাতালের অঙ্গনে। ৪৮ থেকে ৬৭ শতাংশ কম দামে মানুষ এই ওষুধ পাচ্ছেন। অস্বীকার করতে পারবেন ? আজ সারা ভারতবর্ষ বলছে এ প্রকল্প আমরা চালু করতে চাই। কোন দিশা দিচ্ছে বন্ধু ? একটা যুগ এই বিধানসভায় আছি। এর আগে ১০ বছরে, কই এমন কথাতো শুনিনি। বামফ্রন্ট রাস্তাগুলোকে কি করে তুলেছিলেন ? রাজ্যের রাস্তায়, আপনারাই বলুন যে রাজ্যের রাস্তায় মাছ চাষ করা যেত। আজ যান গ্রামে, পাকা রাস্তা গ্রামের পর গ্রাম জুড়ে হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী চেয়েছিলেন একই দিনে ৩,৩৪৯টি গ্রামীণ রাস্তা নির্মাণের সূচনা করতে। সেই উদ্যোগ সফল হয়েছে। ১৬ হাজার কিলোমিটার গ্রামীণ রাস্তা তৈরি হচ্ছে। এটা উন্নয়ন নয় ? জঙ্গলমহল শান্ত হয়েছে, অশান্ত দার্জিলিং প্রশান্ত হয়েছে। এমনি, এমনি হয়ে গেল ? এখানে উদ্যোগ কার ? মাননীয়া মুখ্যমন্ত্রীর। বিপদগামী যুবকদের পেটের অন্ন যোগাড় করে উন্নয়নের বার্তা নিয়ে হাজির হলেন তিনি। শুধু তাই নয় কর্মসংস্থানেরও ব্যবস্থা করলেন তিনি। খাদ্যশস্যের রেকর্ড উৎপাদন। ভারত সরকারের কৃষি কর্মন পুরস্কার লাভ করল পশ্চিমবঙ্গ। কৃষিজীবীরা আমাদের গর্ব বাড়ালেন। আর এই কৃষিজীবী মানুষগুলোকে নিরন্ন করবার ব্যবস্থা করেছিলেন, কারা ? বামফ্রন্ট সরকার। কত প্রকল্প। বামফ্রন্ট এ সব ভাবতেই পারেননি। কিষান ক্রেডিট কার্ডে ১৪,৪০২ কোটি টাকা ব্যয় করা হয়েছে। আমার ফসল আমার গোলা, আমার ফসল আমার গাড়ি প্রকল্প চালু করা হয়েছে। কৃষির যন্ত্রপাতি সরাসরি কৃষকদের ভর্তুকি দিয়ে কেনার ব্যবস্থা করা হয়েছে। বাজেটে কৃষিখাতে ১১৫৭.৭২ কোটি টাকা, কৃষি বিপণনে ২২৫ কোটি টাকা, খাদ্য প্রক্রিয়াকরণ ও হর্টিকালচার খাতে ১২০ কোটি টাকার প্রস্তাব রাখা হয়েছে। এই সরকারের উল্লেখযোগ্য সাফল্য আমাদের বীরভূম জেলাসহ জঙ্গলমহল, সিঙ্গুর, চা-বাগান, সুন্দরবন অঞ্চলের দরিদ্র মানুষগুলি ২ টাকা কেজি দরে চাল পাচ্ছেন। যে সব আদিবাসী মানুষ দীর্ঘকাল বঞ্চিত তারা শুধু চাল নয়, ৫ টাকা মূল্যের ৭৫০ গ্রাম প্যাকেটের আটা পর্যন্ত পাচ্ছেন। বামফ্রন্ট শুধু বাণী বিতরণ করেছেন আর মা-মাটি-মানুষের সরকার দারিদ্র্য দূরীকরণে ব্যবস্থা গ্রহণ করেছেন। এই বাজেট উন্নয়নমুখী বাজেট, ১০০ দিনের কাজে ভারতে প্রথম। স্যার, শিক্ষাক্ষেত্রে অগ্রগতি বলা বাহুল্য, ভাবছেন বলছেন, আয় কোথা থেকে হবে ? কোথায় দেখালেন না তো। কয়েকজনের বক্তৃতা শুনছিলাম, শুধু বলে রাখি যে, এ বাজেটের বৈশিষ্ট্য হচ্ছে কর্মসংস্থানের ব্যবস্থা, কর ব্যবস্থার সরলীকরণ, বৃত্তি করের ক্ষেত্রে ব্যাপক ছাড়, ভ্যাট পদ্ধতির পরিকাঠামোর বিপুল সংস্কার, বিক্রয় আধিকারীকদের উপর নিয়ন্ত্রণ, কর ফাঁকি রোধে ব্যবস্থা এই ব্যবস্থাই দেখেছেন গতবার, আয় বেড়েছে। আমি তাই বলব যে, এই সরকারের যে বাজেট মাননীয়

অর্থমন্ত্রী ডঃ মিত্র যে বাজেট তৈরি করেছেন তা উন্নয়নমুখী, তা এই বাজেটের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৪-১৫ সালের জন্য যে বাজেট পেশ করেছেন সেই বাজেট যেহেতু বাস্তবভিত্তিক নয়, সেই কারণে আমি তার বিরোধিতা করছি। এবং অসত্য বলতে বলতে, কোথায় যে ভুল হয়, সেটাও তিনি আজ খেয়াল করেননি। তিনি বলেছেন যে, আমাদের রাজ্যের ৩৩৪৯টি গ্রাম পঞ্চায়েতে এক কিলোমিটার করে রাস্তা তৈরির ব্যবস্থা হয়েছে। যদিও ব্যবস্থাটা MGNREGA প্রকল্পের আওতায়। অর্থাৎ যার বেশিরভাগ টাকাটাই কেন্দ্রীয় সরকারের। কিন্তু ৩৩৪৯টি গ্রাম পঞ্চায়েতে এক কিলোমিটার করে রাস্তা হলে সেই রাস্তাটা কি করে ১৬০০০ কিলোমিটার রাস্তা হয়ে যাচ্ছে, আমি অঙ্কের হিসাবে বুঝতে পারছি না। ৩৩৪৯টি গ্রাম (নয়েজ) পঞ্চায়েতে এক কিলোমিটার করে রাস্তা হলে ৩৩৪৯ কিলোমিটার রাস্তা হওয়া উচিত। কিন্তু আপনি বইয়ে লিখেছেন যে, ১৬০০০ কিলোমিটার রাস্তা তৈরি হয়ে গেছে। (নয়েজ) পাঁচটা রাস্তা হয়নি তো। একটা করে রাস্তা শুরু হয়েছে, পাঁচটা রাস্তা হয়নি।

মিঃ স্পীকার : ওনাকে disturb করবেন না। আপনি কারোর কথার উত্তর দেবেন না। আপনি আপনার বক্তব্য বলুন।

(নয়েজ)

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : এক বছরে রাস্তা তৈরি হচ্ছে। যার ফলে এক বছরে ১৬০০০ কিলোমিটার রাস্তা তৈরি করা কিছুতেই সম্ভব নয়। দ্বিতীয়ত, এই রাস্তা তৈরি করতে গিয়ে এই প্রকল্পের যে মূল বক্তব্য ৬০:৪০ রেশিও সেটাও maintain করা যাচ্ছে না। কাজও বেশিরভাগ ক্ষেত্রে আটকে গেছে। এবং এর ফলে এর পরবর্তী ক্ষেত্রে যে টাকা release হওয়ার কথা সেই টাকা release হওয়ার ক্ষেত্রেও অসুবিধা দেখা দেবে। আমার মনে হয় এই ব্যাপারটা সম্পর্কে নতুন করে চিন্তা-ভাবনা করা দরকার। আপনি একটা কথা খুব জোর দিয়ে বলেছেন যেটা আমরাও বিশ্বাস করি বা মনে করি সঠিক, সেটা হল ৩৪ বছরে বামফ্রন্টের রাজত্বে ১,৯২,০০০ কোটি টাকা দেনা করার ফলে যে সুদ সরকারকে শোধ করতে হচ্ছে তার ফলে আমাদের উন্নয়ন ব্যাহত হচ্ছে গতবছরেই সুদ এবং আসল মিলিয়ে প্রায় ৭০,০০০ কোটি টাকা শোধ করতে হয়েছে। সেইখানেই আপনার কাছে আমার প্রশ্ন যে, এই যে ব্যাধি, আমরা আশা করেছিলাম যে নতুন সরকার আসার পর রাস্তা পরিবর্তন হবে, এই সুদ করে ঘি খাওয়ার রাস্তা বন্ধ হবে।

[1.30 – 1.40 p.m.]

কিন্তু আমরা দেখলাম যে ৩৪ বছরে বামফ্রন্ট সরকার ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা দেনা করেছে, আর আপনি তিন বছরে ৫৫ হাজার কোটি টাকা দেনা করেছেন অর্থাৎ যদি

আপনারা ৩৪ বছর থাকেন তাহলে ঋণ-এর পরিমাণ কোথায় গিয়ে দাঁড়াবে সেটাও আপনাদের একটু ভেবে দেখার জন্য বলছি। আপনার বাজেটে আপনি দেখিয়েছেন যে এই বছরে আপনি ১৫ হাজার ৯৪৩ কোটি টাকার মতো কেন্দ্রীয় সাহায্য পেয়েছেন, কিন্তু এবারকার বাজেটে আপনি দেখিয়েছেন যে ৩০ হাজার ৭৭৭ কোটি টাকা কেন্দ্রের কাছে পাবেন, কিসের ভিত্তিতে এই টাকা পাবেন আশা করেছেন সেটা কিন্তু আপনি বলেননি। আবার আগামী বছরের শেষের দিকে গিয়ে বলবেন এটা কেন্দ্রীয় বঞ্চনা, তার কোনো ভিত্তি থাকবে না। আসলে আপনি যে বাজেট পেশ করেছেন তার মধ্যে কোনো সামঞ্জস্য নেই, যে কি ভাবে টাকা আসবে, কিভাবে টাকা খরচ হবে, তার কোনো সামঞ্জস্য নেই। আপনি আয়বৃদ্ধির কথা বলেছেন। আয়বৃদ্ধি করতে গিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বারেবারেই বলেছেন যাতে সাধারণ মানুষের উপর বোঝা না বাড়ে সেই রাস্তা গ্রহণ করার কথা। আমরা দেখেছি বাস ভাড়া বৃদ্ধির ক্ষেত্রে সরকার একটা দৃঢ় পদক্ষেপ নিয়েছেন যাতে বাস ভাড়া বৃদ্ধি না হয়। কিন্তু পণ্য প্রবেশ কর বসলে সেটা সে সরাসরি সাধারণ মানুষের ঘাড়ে গিয়ে পড়ে এটা তো নতুন করে বলার কিছু নয়। তার সঙ্গে কতকগুলি অত্যন্ত অন্যায্য রাস্তা গ্রহণ করা হয়েছে। যেমন আমরা দিন সাতেক আগে কাগজে দেখলাম, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী ২টি জেলার এস.পি.কে তারা খুব ভালো কাজ করেছেন বলে পুরস্কার দিচ্ছেন। তার মধ্যে একটা আমার জেলা, বর্ধমান জেলা। এবং তার সবচেয়ে বেশি কৃতিত্ব কি—তিনি ট্রান্সপোর্ট থেকে সবচেয়ে বেশি ফাইন আদায় করতে পেরেছেন। এ ব্যাপারটায় আপনাকে বলি যে, আপনাদের চাপে এমন পরিস্থিতি হয়েছে একদিন একজন শিক্ষক তিনি আমার কাছে গিয়ে বলছেন যে আপনারা একটু পুলিশকে বলে দিন, যাতে আমার মোটর সাইকেলে দিন ফাইন না নেয়। আমি বললাম দিন ফাইন নেবে কেন ? বলছে, তা জানি না। যেদিন আসি, প্রথমে একদিন বলল, হেলমেট নেই, পরের দিন বললাম আমার তো হেলমেট আছে। পরের দিন বলল, আপনি তো সু পড়েননি, রেগুলারই তার একটা করে ফাইন হয়, তো শেষকালে একদিন তিনি বলেছেন যে তাহলে কি আমি স্কুল আসা ছেড়ে দেব ? তখন ওই শিক্ষককে পুলিশ বলেছে যে আপনি একটা মাসোহারা করে নিন, তাহলে আর এই, বারবার ফাইন করার দরকার পড়বে না। এই যে অন্যায্য রাস্তাগুলি আপনারা দেখিয়ে দিচ্ছেন এবং যার ফলে সাধারণ মানুষ আরো যে ক্ষতিগ্রস্ত হচ্ছেন, সেই ব্যাপারগুলি আপনারা যদি দেখেন তাহলে খুব ভালো হয়। ঠিক তেমনি, আরও একটা খারাপ রাস্তা বামফ্রন্টের রাজত্বে ভূমি রাজস্ব দপ্তরের আয় বাড়াবার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। এবং প্রথমদিকে সেই আয় বেশ কিছুটা বৃদ্ধি পায়। পরে আস্তে আস্তে সেটা অনেক কমে যায়। তার কারণ কি। আমরা দেখেছি যে বামফ্রন্ট রাজত্বে যে সমস্ত সরকারি দপ্তরগুলি থেকে টাকা আয় হত, সেখানে বেশ কিছু বাস্তুঘুঘু তৈরি হয়ে গিয়েছিল। তারা তখন কো-অর্ডিনেশান কমিটির নাম করে মানুষের ঘাড় থেকে জুলুম করে টাকা আদায় করত। এখন সেই বাস্তুঘুঘুগুলি আবার আপনাদের দলে ঢুকে গেছে। এবং আপনাদেরকেও সেই জায়গায় বসাচ্ছে। এই কয়েকদিন আগে দেখলাম, বর্ধমান জেলায় জেলা পরিষদের সভাধিপতি তিনি আক্ষেপ করছেন, যে মাটির জন্য যে ট্যাক্স আদায় হয়, মাটি কাটার জন্য

সেই ট্যাক্স আদায় কমে যাচ্ছে। কমে যাচ্ছে কেন, যখন তিনি ভূমি রাজস্ব দপ্তরের কর্মচারীদের জিজ্ঞাসা করলেন, তারা বলল, পুলিশ আমাদের সাহায্য করছে না। এখন এখানেও এই টাকা আদায় করতে গিয়ে হয়েছে কি আমার বন্ধু স্বপন বসে আছে, সে জানে ব্যাপারটা। অগ্রদ্বীপের গঙ্গার ঘাট, আমাদের প্রাক্তন অর্থমন্ত্রীজিও টেক্সটাইল পদ্ধতিতে ঘাট তৈরি করতে গিয়ে একটা পাকা রাস্তাই উড়ে গেছে। এখন সেচ দপ্তর সেইজন্য বাঁধ দিচ্ছে মাটি ফেলে। আর মাটি মাফিয়া, যারা, এই ব্যাপারেও সেদিন একজন বলছিল সে সরকারি সমাজবিরোধী। যখন বামফ্রন্ট রাজত্ব ছিল সেই সমাজবিরোধীগুলো সেই দলের ছিল। আবার এখন আপনাদের দলে চলে এসেছে। সেচ দপ্তর বাঁধ দিচ্ছে আর সেই বাঁধের মাটিগুলো মাটি মাফিয়ারা কেটে নিয়ে গিয়ে তারা যত ইঁট ভাটা আছে তাদের কাছে বিক্রি করে দিচ্ছে। সেটা দিয়ে যে ট্যাক্স আদায় হচ্ছে—সেই ট্যাক্স বৃদ্ধির রাস্তা আপনাদের দেখাচ্ছেন। আমি সেই জায়গা থেকে আপনাদের অনুরোধ করব অন্ততপক্ষে ট্যাক্স আদায়ের ক্ষেত্রগুলোকে বেআনি জায়গায় নিয়ে যাওয়ার এই যে পদ্ধতি, এইগুলো যদি বন্ধ করা না হয়, যেমন মাটি থেকে ট্যাক্স, আমি যে কথাটা বলছিলাম বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি এ ব্যাপারে আক্ষেপ করছিলেন। আক্ষেপ করার কারণ, প্রথম বছরে ট্যাক্সগুলো আদায় করার ক্ষেত্রে যে ভূমিকা ছিল, যে বাস্তুঘুঘুরা এই ট্যাক্স আদায় করেন, যথারীতি সেই জায়গা ক্ষয় হতে আরম্ভ করেছে। অতএব আপনি যে আশা নিয়ে ট্যাক্সগুলো আদায় করছেন সেগুলো সঠিক জায়গায় সঠিকভাবে পৌঁছাবে না। আপনি বলেছেন ১৩ লক্ষ বেকার যুবক-যুবতীর কর্মসংস্থানের ব্যবস্থা করে দিয়েছেন। আমরা বিধানসভায় দেখেছি, আমাদের আগেকার প্রাক্তন অর্থমন্ত্রীও আপনার মতোই এইরকমভাবে বলতেন কর্মসংস্থানের বিষয়ে। কিভাবে কর্মসংস্থান হবে তার কোনো সঠিক দিশা নেই। এর মধ্যে আপনারা বলেছেন যে এক লক্ষ ত্রিশ হাজার সিভিক পুলিশ নিয়োগ করেছেন। এটাও বাংলার বেকার যুবক-যুবতীদের নিয়ে একটা ছিনিমিনি খেলা শুরু হয়েছে। তার কারণ এই এক লক্ষ ত্রিশ হাজার সিভিক পুলিশ যাদের আপনারা নিয়োগ করেছিলেন, আপনারাই বসিয়ে দিয়েছিলেন, বসিয়ে দেওয়ার পর তারা আন্দোলন করতে গিয়ে বর্ধমানেই আপনার পুলিশ তাদেরকে গ্রেপ্তার করেছিল। পরে আবার একটা ভীষণ চাপ সৃষ্টি হয়। তাদের আবার নিয়োগ করা হয়েছে। কিন্তু এখন তারা বেতন পান না। সমস্যা হয়েছে যে আপনি বলেছেন কনস্টেবলও নিয়োগ হয়েছে। বামফ্রন্ট আমল থেকে পুলিশের একটা ব্যবস্থা আছে। এক-একটা থানায় যা পুলিশ থাকে তার এক তৃতীয়াংশ পুলিশ—ডাকপার্টি বলে জানেন তো, ডাকপার্টি—ভদ্রলোক যখন রাস্তা দিয়ে যায় তাদের জামা টেনে নেওয়ার যে ব্যবস্থা ডাকপার্টির—ওয়ান থার্ড পুলিশ সেই কাজে ব্যবহৃত হয়। আর ওয়ান থার্ড পুলিশ আছে যারা মোটর সাইকেল আর মোটর ধরার কাজে ব্যবহৃত হচ্ছে। ফলে থানায় পুলিশ নেই। কারণ সিভিক পুলিশ তাদের কোনো পরিষ্কার ট্রেনিং নেই। সেই সিভিক পুলিশদের দিয়ে ল' অ্যান্ড অর্ডারের ডিউটি করানো হচ্ছে। অর্থাৎ একদিকে যেমন তাদের চাকরির নিরাপত্তা নেই, তার সঙ্গে তাদের জীবনের নিরাপত্তা নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে। কারণ যাদের কোনো ট্রেনিং নেই তাদের দিয়ে যদি ল' অ্যান্ড অর্ডারের ডিউটি করানো হয় তাহলে তার কি পরিণতি হতে পারে সেটাও আপনাকে ভেবে দেখার কথা

বলছি। এর সঙ্গে আপনি যে তেরো লক্ষ কর্মসংস্থানের কথা বলেছেন, যে পদ্ধতিতে বলেছেন, বাস্তবে সেগুলো সম্ভব নয় সেটা আমরা বাস্তব জীবনে জানি। আপনার মতো আমাদের আগেকার অর্থমন্ত্রীও আমাদেরকে ওই একই রাস্তা দেখাতেন। সেই কারণে আপনাদের একটু বাস্তবমুখী হওয়ার কথা বলছি। শিক্ষাক্ষেত্রে যা পরিস্থিতি হয়েছে, আপনি নতুন করে ইউনিভার্সিটি করেছেন, কলেজ করছেন, বিদ্যালয় করছেন, সব ঠিক আছে। আমি একটা কথা আপনাকে বলি, আমি বেশি জায়গায় যেতে চাই না, কাটোয়া কলেজ, কাটোয়া কলেজে ফিজিওলজির মতো একটা সাবজেক্ট, অনার্স আছে তার, কিন্তু সেই ফিজিওলজির জন্য একটাও ফুল টাইম টিচার নেই। এই শিক্ষা ব্যবস্থাকে আপনি বর্ধিত করছেন, দেখাচ্ছেন ইউনিভার্সিটি করেছেন। দেখা যাচ্ছে বেশিরভাগ ইউনিভার্সিটির তাদের নিজস্ব কোনো বিল্ডিং নেই। কলেজ তৈরি করেছেন। দেখা যাচ্ছে যে এখনো পর্যন্ত কোনো বিদ্যালয়ের মর্নিং সেকশান করে বেশিরভাগ সেই নতুন কলেজগুলো চলছে। এইভাবে যে বিস্তৃতির কথা বলছেন, এর বাস্তব দিক কি আছে সেটাও আপনাকে আমি ভেবে দেখার জন্য অনুরোধ করছি। আপনি স্বাস্থ পরিষেবার কথা বলেছেন। অনেক নতুন ইউনিট খোলার কথা বলেছেন। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে নিচু স্তরে যে জায়গাটা যেগুলো ব্লক লেভেল স্বাস্থ্যকেন্দ্র, উপ স্বাস্থ্যকেন্দ্র, তার যে ইনফ্রাস্ট্রাকচার থাকা দরকার, সেই ইনফ্রাস্ট্রাকচারগুলো সঠিক নেই। যার ফলে জেলা, মহকুমা এবং রাজ্যস্তরের হাসপাতালগুলোতে আগে যেভাবে ভিড় হত এখন তার থেকে আরো বেশি ভিড় হচ্ছে। সেই জায়গায় প্রকৃতপক্ষে স্বাস্থ্য পরিবেবাকে যদি সঠিক জায়গায় নিয়ে যেতে হয় তাহলে ব্লক এবং তারও নীচে প্রাথমিক স্তরে যে স্বাস্থ্যকেন্দ্রগুলো আছে সেগুলোর ইনফ্রাস্ট্রাকচার যদি সঠিকভাবে তৈরি না হয় তাহলে স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন ঘটার কোনো সম্ভাবনা থাকবে না। শিল্পের ব্যাপারে আমরা অবাক হয়ে যাচ্ছি আপনার বিবৃতি দেখে, আগের বার যেখানে ৩৬৮ কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছে, সেখানে গত এক বছরে ১৭ হাজার কোটি টাকার উপরে ইনভেস্টমেন্ট হয়ে গেল, ১৫০টি কোম্পানি তারা এখানে শিল্পের কাজ আরম্ভ করেছে। এ শিল্পগুলো কোথায় হয়েছে এবং তার জন্য সঠিক কত টাকা ইনভেস্ট হয়েছে সেটা যদি আপনি পরিষ্কার করে এখানে বলেন তাহলে খুব ভালো হয়। তার সঙ্গে আপনি বলেছেন আমাদের এখানে একদিনও শ্রম দিব নষ্ট হয়নি। কয়েকদিন আগে শিয়ালদহ লাইনে ট্রেন অবরোধ হয়েছিল. সেই ট্রেন অবরোধ হওয়ার মূল কারণ লুমটেক্স জুট মিল বন্ধ হয়ে আছে। গতকাল কানোরিয়া জুটমিল বন্ধ হয়ে গেছে। বাস্তব ঘটনা কিন্তু আপনার বাজেট বইতে প্রতিফলিত হয়নি। সঠিক পদ্ধতিতে যদি আপনি বাজেট পেশ করতেন তাহলে সমর্থন করা যেত, আপনার এই বাজেট ভাষণে কিছু গালভরা বক্তব্য ছাড়া আর কিছুই নয়, তাই এই বাজেট ভাষণের আমি বিরোধিতা করছি।

[1.40—1.50 p.m.]

শ্রী চিরঞ্জিৎ চক্রবর্তী: অনারেবল স্পীকার স্যার, এই মহতী সভায় মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র যে সুচিন্তিত, উন্নয়নমুখী বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি

কথা বলতে চাই। আমার বক্তব্য শুরু করার আগে বিরোধী পক্ষের বন্ধু বামপন্থীদের সম্পর্কে একটুখানি বলা দরকার। ওদের বক্তব্য থেকে যা যা শুনলাম এবং তারা যে সাজেশান দিয়েছেন ও খুঁত ধরার চেষ্টা করেছেন তার কোনো মানে হয় না। চৌত্রিশ বছর ধরে পড়াশোনা করার পরে যদি কেউ ফেল করে যায় বগুলো সাবজেক্টে—লোকসভা, বিধানসভা এবং পঞ্চায়েত—সেই ফেল্টু ছাত্রের কোনো সাজেশান বোধহয় নেওয়া উচিত নয়, পাশ করা ছাত্রের সাজেশানই নেওয়া উচিত। কাজেই প্রথমে ওদের আমি বাতিল করে দিয়ে আমার বক্তব্য শুরু করব। শ্রদ্ধেয় মানস ভূঞ্যা এবং সুখবিলাস বর্মার মতো প্রবীণ, চিন্তাবিদ বিধায়ক সুদীর্ঘ বক্তব্য রেখেছেন। এই প্রসঙ্গে একটি কথা বলার প্রয়োজনীয়তা মনে হচ্ছে, তিনি বলেছেন কেন্দ্র যা যা দিয়েছে রাজ্যকে তার ঋণ স্বীকার করা নাকি রাজ্যের জাতীয় কর্তব্য। আর সেটা মাননীয় অর্থমন্ত্রী তাঁর ভাষণের মধ্যে না করার জন্য তিনি নাকি গর্হিত অপরাধ করেছেন। প্রশ্ন হল, একজন চাকরি করলে তাকে মাস মাইনে দিতে হবে তার সার্ভিসের জন্য, কেউ অর্ডার ডেলিভারি করলে তাকে দাম মেটাতে হবে। এর মধ্যে দয়ার দান বা দীনের প্রশ্ন আসছে কোথায় আমি বুঝতে পারলাম না। রাজ্য থেকে সংগৃহীত অংশের অর্থই তো রাজ্যকে দেওয়া হচ্ছে। এ তো হকের টাকা, কারোর দয়া-দাক্ষিণ্য নয় কাজেই এটাও null and void হয়ে গেল। তিনি বলেছেন বাজেটে অনেক দুর্নীতির প্রসঙ্গ আছে, কিছু ভুলভাল বলা হয়েছে। ভারতের বাইরে যতবার গেছি আমি—আমি একটু ঘুরি, ইউরোপ কান্ট্রিতে যায়—সেখানে সর্বত্র কেন্দ্রের কংগ্রেস গভর্নমেন্টের পাহাড়প্রমাণ দুর্নীতির কথা শুনতে শুনতে লজ্জায় মাথা হেঁট হয়ে গেছে, দেখুন এখনও সেটা উঠছে না। তারপরে আমি যখন ডঃ মিত্রের বাজেট বক্তব্য পড়ি বা শুনি তারপরে মাথা উঁচু হয়ে যায় আমার। কারণ সেটাই স্বাভাবিক, সেটাই যথার্থ। যেটুকু সময় আমাদের হাতে আছে, যদি অমিত মিত্রের দোষ ধরার চেষ্টা করেন শুধু শুধু তাহলে অর্থহীন হবে সুখবিলাসবাবু। অন্যের ছিদ্র খোঁজার আগে, ছাঁকনির নিজের দিকে একবার তাকানো উচিত। সেতো ছিদ্রে ছিদ্রময় হয়ে গেছে—মানে কেন্দ্রের কংগ্রেস সরকার। সেইজন্য সেই অবস্থায় অন্যের ছিদ্র না খোঁজাই ভালো। যাই হোক, সুখবিলাসবাবু বিরোধী পক্ষের, তাই মাননীয় মুখ্যমন্ত্রীর বদান্যতায় ও আন্তরিকতায়—উনি বলেছেন ভালোবাসার অভাব দেখছেন আমাদের বাজেটের মধ্যে ও মাননীয় মুখ্যমন্ত্রীর আচরণের মধ্যে—সেই ক্ষেত্রে আমি বলি, আন্তরিকতার অভাব একেবারেই নেই, কারণ এ মহতী সভা থেকে তিনি তা শুরু করেছেন এবং প্রথমদিন থেকেই শুরু করেছেন, তিনি এমন একটা আন্তরিকতা দেখিয়েছেন সেইজন্যই সুখবিলাসবাবু তাঁর বক্তব্যের জন্য এক ঘণ্টা সময় পেয়েছেন। আর আমি পেয়েছি মাত্র সাত, আট মিনিট। ....(নয়েজ).... কাজেই বদান্যতা, আন্তরিকতা এবং ভালোবাসা যথার্থভাবে আছে। ৭ মিনিটে, ...(নয়েজ).... শুনুন, ব্যাপারটা ইন্টারেস্টিং, ...(নয়েজ).... শুধু শুধু সময় ফুরিয়ে যাবে ভালো জিনিস শুনতে পাবেন না। কি লাভ হবে বলুন। ৭ মিনিটে, একটু বলে দিই, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, এটিকে আমি একটি ভাতের হাঁড়ি বলে মনে করছি। এবং এই ভাতের হাঁড়িটির মধ্যে, এই ৭ মিনিটেই সুস্বাদু, সুগন্ধী ভাতের হাঁড়িটির সব ভাত টিপে দেখা সম্ভব নয়। তাই হাঁড়ির একটি ভাত টিপে দেখি তাতেই প্রমাণ

হবে, সেটা সায়েন্সের ব্যাপার, তাতে প্রমাণ হবে, হাঁড়ির সব কটি ভাতই ওইভাবে সুস্বাদু, সুগন্ধী এবং নরমসরম হয়ে গেছে খাওয়ার উপযুক্ত। এবারে আমি সেই হিসেবে একটি ভাতকে বেছে নিলাম, এই অল্প সময়ের মধ্যে। আমার বেছে নেওয়া ভাতটির নাম হল 'কন্যাশ্রী' প্রকল্প। মহান নেত্রী, মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের এক অনির্বচনীয় ভাবনার ফসল এটি। সুখবিলাসবাবু, আমি আপামর গরীব মানে, ৯০ শতাংশ পশ্চিমবঙ্গবাসীকে মুখ্যমন্ত্রী কতটা অন্তর দিয়ে ভালোবাসেন এবং তাঁর সুদূরপ্রসারী দৃষ্টি যে শুধু বাংলা কেন, সারা ভারত, সারা পৃথিবীতে এক নতুন সমাজ তৈরি করবে তা অবশ্যম্ভাবী বলে মনে করি। কেন ? বলছি, প্রথমেই নারীদরদী বিশ্বজনের চিন্তনের দুটি উদাহরণ দিয়ে নিই। একটি হচ্ছে Good Earth-এর মতো বিখ্যাত লেখিকা Pearl Buck-এর কোটেশানটা এটা—"An intelligent, energetic educated woman cannot be kept in four walls—even satin-lined, diamond—studded walls—without discovering sooner or later that they are still in a prison cell." মানে উনি বলেছেন যে একজন বুদ্ধিমতী উৎসাহী এবং শিক্ষিত মেয়েকে কখনোই একটি হিরের ঘরের মধ্যেও লোভ দেখিয়ে বন্দী করে রাখা যায় না। সে ঠিক বেরিয়ে আসবে। আর একটি কোট হচ্ছে Bette Davis-এর জ ইনি খুব সুন্দর বলেছেন, Bette Davis. তিনি বলেছেন,—"You educate a man, you educate a man € you educate a woman; you educate a generation." আর এই কথাটি বুঝেছেন সম্যকভাবে, গ্রহণ করেছেন আমাদের মহান নেত্রী মমতা ব্যানার্জী। তিনি বুঝেছেন যে একজন মেয়ে বুদ্ধিমতী কর্মদ্যোমী হতেই পারে কিন্তু তার পক্ষে শিক্ষিতা হওয়া সম্ভব কি ? যদি ৯০ শতাংশ গরীব ঘরের হয় ? যেটা সারা পৃথিবী ভরা আছে। গরীব ঘরে কি হয় আপনারা সবাই জানেন। তারা জন্ম থেকে অবাঞ্ছিত। ডোরম্যাটের মতো। যেমনভাবে পাপোশ পড়ে থাকে দরজার কাছে সবাই মাড়িয়ে যায়। মেয়ে জন্মাতেই দেয় না কেউ। উচ্চ সমাজ তারা সোনোগ্রাফি-টোনোগ্রাফি করে জানতে পেরে যায় যে ছেলে না মেয়ে। তারা ভ্রূণ হত্যা করে দেয়। যদি সে গরীব ঘরে জন্মায় যেটা ৯০ শতাংশ। সেখানে সে কোনো রাস্তা পায় না বোঝার যে মেয়ে না ছেলে হবে। কারণ সে পরীক্ষার তাদের কাছে অর্থ নেই। সেই জন্যে মেয়ে জন্মায় সেখানে। কিন্তু যেদিন থেকে জন্মায় সেদিন থেকে সমাজ, বাড়ির লোক, এমনকি বাবা-মা, জ্যাঠা-জ্যোঠিমা, কাকা-কাকিমা সবাই বলতে শুরু করে যে ওকে ওই নুনের পুঁটলি দিয়ে মেরে দিলেই হত। এই হচ্ছে শুরু। এই যে শুরু হয় মেয়েদের এটা কেন ? এখান থেকে বেড়ে ওঠে। যন্ত্রণার মধ্যে, লাঞ্ছনার মধ্যে, অত্যাচারের মধ্যে সে বড়ো হয়। এবং সেক্ষেত্রে যখন ছেলেকে, তার জন্যে একটা ছোটো মাছের টুকরো থাকলেও থাকতে পারে। দুধটা বেশি পেতে পারে। তাকে কলেজে, স্কুলে নিয়ে যাওয়ার জন্যে পয়সা জোগাড় হতে পারে, ধারও করতে পারে কিন্তু মেয়ের জন্যে নৈব নৈব চ। কখনো না, কখনোই সে করবে না। সে মেয়েটি ওইভাবে ডোর ম্যাটের মতো বাড়তে থাকে। এবং নিজেকে ধিক্কার দিতে থাকে কেন সে এই পৃথিবীতে এসেছে ? ল্যাক অফ কনফিডেন্স তার ভেতর তৈরি হয়। আর সবচেয়ে বড়ো কারণ সেটার যেটা, এনারা, এঁদের কথায় যেটা

বলেছেন এডুকেশান মাস্ট। তাহলে এডুকেশান যদি মাস্ট হয়, সেইটা করতে গেলে কি করতে হবে, না অর্থ চাই বা মোটিভ চাই। কাউকে বোঝাতে হবে যে এডুকেশান চাই। সেই এডুকেশানের জন্যে তাদের একটা অর্থ দিচ্ছেন। স্যার, আমাকে এক মিনিট সময় দেবেন। যদি সেই অর্থটা তাকে দেওয়া যায়। সেটা একটা ইনসেনটিভ হিসাবে সেটা কন্যাশ্রীতে উনি দিচ্ছেন। এবং সেই টাকাটা ৫০০ টাকা করে হতে পারে এইট থেকে ১৮ বছর পর্যন্ত। কলেজ গেলে ২৫ হাজার টাকা পাবে। মেয়েটা বুক ফুলিয়ে এসে বলতে পারবে যে, ভাই নয়, দাদা নয় এই দেখ মা, এই দেখ বাবা' আমি টাকা এনেছি, আমি টাকা এনেছি, একটা মেয়ে, অপদার্থ মেয়ে। যাকে বিয়ে দেওয়া হয় ১০ বছর বয়সে, ১২ বছর বয়সে, যাতে সে অন্যের ঘরে বোঝা হয়—এ ঘরেরও না। এমন একটি কাজ যিনি করেছেন তাকে প্রথম বুঝিয়েছেন—economic crisis থেকে বেরিয়ে আসা, economic liberty সে পেয়েছে এবং সেখান থেকে শুরু হয় তার নতুন জীবন। আর সমস্ত সমাজ জেনারেশান পাল্টে যাবে। সমস্ত সমাজে যদি মেয়েরা শিক্ষিত হয়, তাহলে নতুন সমাজ তৈরি হবে। এত বড়ো কাজ economic crisis-এর কাজ, economic liberty-এর কথা পৃথিবীর কোনো দার্শনিক বলেননি আজ পর্যন্ত, কোনো সমাজবিদ বলেননি—বলেছেন, মমতা ব্যানার্জী। সেই জন্য বলি, যদি কোনো কারণে উনি politics না করতেন তাহলে শুধুমাত্র এই দার্শনিক তত্ত্বের জন্য তাঁকে নোবেল প্রাইজ দেওয়া উচিত। এটা আমি বিশ্বাস করি। একটা চাল যখন টিপে দেখা গেল বেশ নরম, সুস্বাদু এবং সুগন্ধি তখন বোঝাই যাচ্ছে এই হাঁড়ির প্রতিটি চাল সেইভাবে সুগন্ধি এবং সুস্বাদু। আমি আবার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[1.50 – 2.00 p.m.]

শ্রী বাসুদেব মেটে : মাননীয় স্পীকার স্যার, ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি পেশ করেছেন ১৭ তারিখে, সেই অর্থ বাজেটের উপর আমি একটু আলোকপাত করতে চাই। আমাদের ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গ কৃষিপ্রধান একটা দেশ। সেই দেশে ৭০ থেকে ৮০ শতাংশ ভাগ মানুষ কৃষির উপর নির্ভর করে। কিন্তু যারা প্রকৃতপক্ষে আমাদের উচ্চশ্রেণীর মানুষের হাতে খাবার তুলে দেয়—সেই কৃষক, ক্ষেতমজুর এবং পিছিয়ে পড়া মানুষ তাদের জন্য পৃথক করে অর্থমন্ত্রী কোনো দিশা দেখাতে পারেননি। তাই আমি যে কথাটা বলতে চাইছি যে, আমাদের বর্ধমান জেলা হচ্ছে একদিকে শিল্পাঞ্চল আর একদিকে হচ্ছে কৃষি অঞ্চল। সেক্ষেত্রে দুর্গাপুর শিল্পাঞ্চলকে যদি বাঁচাতে হয়, শিল্পতালুককে যদি বাঁচাতে হয় তাহলে পরে দুর্গাপুর ব্যারেজে যে ড্যামগুলো মজেছে তার সংস্কার চাই। আর যদি হাওড়া জেলা, হুগলী জেলা এবং বর্ধমান জেলাকে সঠিকভাবে কৃষিক্ষেত্রের জন্য সেচের সাপ্লাই করতে হয় তাহলে মেঘনাথ সাহার পরিকল্পনা অনুযায়ী আমাদের ওই দুর্গাপুরের নীচে যে রন্ডিয়া গেট রয়েছে তার সেচ বাঁধ নির্মাণের পরিকল্পনা যদি আমাদের অর্থমন্ত্রী বাজেট থাকত, তাহলে খুব ভালো হত। যাই হোক অনেক কথা এখানে রয়েছে। আমরা এই ১৭ তারিখ থেকে বিভিন্ন জায়গায় ঘুরেছি, অনেকের মুখে এই কথাগুলো উঠে আসছে—

এই বাজেটে কোনো দিশা নেই, এই বাজেটে একটু ছলচাতুরি করা হয়েছে, আবার কেউ কেউ এই বাজেটকে ভাঁওতা বলে আখ্যা দিয়েছে। তা যাই হোক আমরা যে কথাটা বলতে চাইছিলাম যে, এখানে আমাদের পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্র বাড়ানোর জন্য বিগত বামফ্রন্টের আমলে এম.এস.কে., এস.এস.কে. সুদূর গ্রামগঞ্জে গজিয়ে উঠেছিল সেই জায়গায়তে অসংখ্য ছেলে-মেয়েরা স্কুলছুট ছেলে-মেয়েরা পড়াশোনার সুযোগ পেয়েছিল, সেগুলো চলছে। সেখানে যাঁরা শিক্ষকতা করছেন বা শিক্ষকতার সঙ্গে যুক্ত রয়েছেন তাঁদের জন্য বাজেটে কি ধরা হল বা কোথায় তাঁদের টাকার সংস্থান করা হল—সেটা কিন্তু এই বাজেটের মধ্যে আমরা দেখতে পেলাম না। যাই হোক, আমি আরও একবার বলব যে, আমাদের নদীবাঁধ ভাঙন এবং সেচের ক্ষেত্রে ৯ কোটি টাকার মতো বীরভূম, বর্ধমানের জন্য ধার্য করেছেন, কোন্ জেলার জন্য কত করেছেন সেটা কিন্তু নির্দিষ্টভাবে পেলাম না। কিন্তু আমাদের বর্ধমান জেলায় অজয় নদের বন্যা এবং অজয় নদের বন্যাতে আউসগ্রাম, কেতুগ্রাম, মঙ্গলকোট—এই এলাকাগুলো অতি বর্ষণে ভেসে যায়। এর ফলে কৃষকদের আমন চাষের প্রচুর ক্ষতিগ্রস্ত হয়। এইগুলোর জন্য বাজেটে যদি পৃথকভাবে উল্লেখ থাকত তাহলে এই বাজেটকে আমরা স্বাগত জানাতাম। তা যাই হোক, স্বাস্থ্য-এর কথা অনেকেই বলেছেন, যদিও এই বাজেটের উপর আমি প্রথম আলোচনা করছি, আমার ভুল-ত্রুটি অনেক হতেও পারে। কিন্তু অনেকে আলোচনা করতে গিয়ে দেখছি এত উন্নত স্বাস্থ্য ব্যবস্থা—সেক্ষেত্রে দেখা যাচ্ছে প্রসূতি মাকে ডেটল দিয়ে ধোয়ার পরিবর্তে কোথাও কোথাও অ্যাসিডও ঢালা হয়েছে, এই সভায় বিভিন্ন সদস্য আলোচনা করেছেন। আমি এখন যে কথাটা বলতে চাইছি, আমার আউসগ্রাম দুই নম্বর ব্লকে সরগ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র আছে। বিরাট বিরাট বিল্ডিংয়ে ডাক্তার একটাও নেই। ব্লক যে স্বাস্থ্যকেন্দ্র আছে সেখান থেকে একজন নার্স সপ্তাহে একদিন করে গিয়ে বসে। এই হচ্ছে স্বাস্থ্য-র অবস্থা। ওখানে আমি ডাক্তার দেওয়ার জন্য এখানে অর্থমন্ত্রী বাজেটে কি সংস্থান করেছেন তার উল্লেখ থাকলে ভালো হত। যাই হোক আমরা পশ্চিমাঞ্চল এলাকার মধ্যে বসবাস করছি। পশ্চিমাঞ্চলের যে সমস্ত স্কীমগুলিতে কাজ হয় সেই স্কীমগুলো সম্পর্কে আমাদের পশ্চিমাঞ্চলের উন্নয়ন মন্ত্রী কালকে কতকগুলো প্রশ্নের সম্মুখীন হয়েছিলেন। সেখানে যা বলছিলেন তাতে দেখলাম, আমাদের বনজ সম্পদ আমাদের কাঁকসা, আউসগ্রাম বুদবুদের কিছু অংশ, এই বেল্টটা গোটা পশ্চিমাঞ্চলের মধ্যে রয়েছে। ওই এলাকাতে শালপাতা, ঝাঁটা, রজন অনেক রকমের বিখ্যাত বিখ্যাত কাঠ, এইগুলো রয়েছে বনজ সম্পদ। সেই বনজ সম্পদগুলোকে সরকারিভাবে সংরক্ষণ করে এবং সরকারি বাজার, কৃষক মান্ডির কথা বলা হয়েছে, এই গরীবরা যারা এর উপর জীবিকা নির্বাহ করে, এদের ফসলগুলো একটা বাজার সৃষ্টি করে সরকারিভাবে সেইগুলোকে বিক্রি করার ব্যবস্থা থাকত তাহলে আমরা এই বাজেটকে স্বাগত জানাতে পারতাম। সিভিক পুলিশের কথা বলছিলেন। সিভিক পুলিশ করা হল ? তারা কোথায় কি করবে, আলাদিনের আশ্চর্য প্রদীপ, সেই ধরনের জিনিস আমরা দেখতে পেলাম। আপনাদের দায়-দায়িত্ব বেড়ে গেছে, আপনারা একটু শুনে নেন। আমি বলতে চাই সিভিক পুলিশ কারা। যারা আমাদের গরীব খেটে খাওয়া ঘরের ভোটাররা, যারা ভোট দিতে পারছিল না, তাদেরকে ধরে নিয়ে এসে, তারা ভোট

দিতে পারল না, অন্ধ সাজিয়ে ভোট দিয়ে দিল, তারাই সিভিক পুলিশের কাজ পেল। আমি এই কথাটা বলতে চাইছিলাম আজকে। আর আই.সি.ডি.এস.-এর ক্ষেত্রে কি করেছেন ? এই নিয়ে তিনবার আই.এ.ডি.এস.-এর পরীক্ষা হচ্ছে। পরীক্ষা হচ্ছে আর প্যানেলগুলো বাতিল হচ্ছে। আমরা যারা বর্তমানে বিধায়ক আছি, কংগ্রেসের বিধায়ক বা বামফ্রন্টে বিধায়ক যারা রয়েছিলাম আমাদের ওই কমিটিতে রাখা হয়েছিল। আমরা থাকাকালীন ওই পরীক্ষাগুলো বাতিল হয়ে গেল। আবার আপনারা পরীক্ষা করলেন সেইগুলোও বাতিল হয়ে গেল। আবার নতুন করে বিজ্ঞপ্তি জারি করা হল। কি হবে জানি না। এখানে কোথায় কি রহস্য রয়েছে আপনারা বলতে পারবেন।

(এই সময় সবুজ আলো জ্বলে ওঠে)

যাই হোক আমি আমার বক্তব্যকে আর বিস্তারিত করতে চাই না, সবুজ আলো জ্বলে গেছে। আমি শুধু এই কথাটা বলব, আমাদের পানাগড় শিল্প তালুক যেখানে সমস্ত মানুষকে সংগঠিত করে যেমন সিঙ্গুরকে উৎখাত করেছিলেন, নন্দীগ্রামকে উৎখাত করেছিলেন, ঠিক সেইরকম আমার পানাগড় শিল্প তালুক, আমি চণ্ডীপুরে একটা কারখানা স্থাপিত করেছিলাম সেটা আজকে আমাদের বলে চালাচ্ছেন। সেখানে যারা জমিদার তারা টাকা পায়নি, জমিদারদের একটা করে চাকুরি পাওয়ার কথা ছিল, তারা চাকুরি পায়নি। পাট্টাদাররা এখানে প্যাকেট পায়নি। এই কথাগুলো যদি এই বাজেটের মধ্যে উপস্থাপিত করা হত তাহলে আমি এই বাজেটকে ধন্যবাদ দিতাম বা সাপোর্ট করতাম। তাই এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

ডাঃ এম. নুরুজ্জমান : মাননীয় স্পীকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট বক্তব্য পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে দু-একটা কথা বলছি। এই বাজেট বক্তৃতায় আমরা সার্বিক উন্নয়নের অভিমুখ দেখতে পেয়েছি। যেখানে কর না বাড়িয়ে মানুষের উপর বোঝা না চাপিয়ে তিনি মানুষের উন্নয়নের প্রস্তাব করেছেন। এটা একটা জনমুখী বাজেট। আগে আমরা দেখতাম আগের বামফ্রন্ট সরকারের আমলে একজন বামফ্রন্ট সরকারের পূর্বতন মন্ত্রী বলেছিলেন সেই সরকার সম্পর্কে যে, This government is of the contractor, for the contractor, by the contractor। আর আমাদের মা-মাটি-মানুষের সরকারের কথা হল This government is of the people, for the people, by the people। আমরা হচ্ছি মানুষের পক্ষে, আমাদের এই বাজেট জনমুখী বাজেট। মায়ের স্নেহে, মাটির স্পর্শে, মানুষের ভালোবাসায় এখন মমতাময় বাংলা, কর্মময় বাংলা, উন্নয়নের বাংলা, প্রগতির বাংলা। রবীন্দ্রনাথের কথায় যদি বলতে চাই "যেথা বাক্য হৃদয়ের উৎস মুখ হতে উচ্ছ্বসিয়া ওঠে, যেথা নিবারিত স্রোত দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়। অজস্র সহস্র বিধ চরিতার্থতায়"। সেই জন্য অর্থমন্ত্রীর বক্তব্য পুনরাবৃত্তি না করে আমরা বলি Today-s Bengal is tomorrows hope for India।

আজকে বাংলা যা ভাবছে ভারত তা ভাববে কাল। সেই কথাই প্রতিধ্বনিত হয়েছে এই বাজেটে। আজকে আমাদের বন্ধুদের কথা শুনছিলাম দু-দিন ধরে। আমার উর্দু একটা কবিতার লাইন মনে পড়ছিল স্যার। "কিসকো ম্যায় কাতিল কহুঁ কিসকো মসিহা কহুঁ, কিসকো ম্যায় কাতিল কহুঁ কিসকো মসিহা কহুঁ ইহাঁ সব দোস্ত বয়ঠে হ্যা, কিসসে কেয়া কহুঁ"।

[2.00—2.10 p.m.]

আজকে আমি দেখছি যে আমার বন্ধুরা সব এক হয়ে গেছে। তাদের গলার প্রতিধ্বনি সব একই। আমি আপনাদের বলি যে এখানে বারেবারে আমাদের বিরোধী বন্ধু থেকে বলছেন যে কেন্দ্র নাকি বঞ্চনা করেনি। আমার পূর্ববর্তী বক্তা চিরঞ্জিতবাবু বললেন যে, আমাদের এটা হক। হকের পাওনা ওরা দিচ্ছে না। আমি সেই সমস্ত বিতর্কে যাচ্ছি না। আমি শুধু দুটো সুনির্দিষ্ট কথা বলতে চাই। সেটা হল যে কেন্দ্রীয় সরকার আমাদের দুটো ইস্যু থেকে বঞ্চিত করেছে, তার নির্দিষ্ট তথ্য আমার কাছে আছে। এক নম্বর, আপনারা জানেন আনএডেড মাদ্রাসার কথা, ২১২টা আনএডেড মাদ্রাসাগুলোর মধ্যে ১৭২টা মাদ্রাসার জন্য আই.ডি.এম.আই. অর্থাৎ ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অফ মাইনরিটি ইনস্টিটিউটের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। কেন্দ্রীয় সরকার বলছেন যে, মাদ্রাসাগুলো সংখ্যালঘু ইনস্টিটিউশান নয়। অতএব মাদ্রাসায় টাকা দেওয়া যাবে না। সেই কথা কেন্দ্রীয় সরকার বলেছে যে, মাদ্রাসায় টাকা দেওয়া যাবে না। মাদ্রাসা কি সংখ্যালঘু ইনস্টিটিউশন নয় ? সংবিধানের ৩০-এর ১ এবং ২ ধারা অনুযায়ী মাদ্রাসা হল নির্দিষ্টভাবে সংখ্যালঘু প্রতিষ্ঠান। যেখানে সংখ্যালঘু ছাত্র-ছাত্রীরা মাইনরিটি স্ট্যাটাসেই শিক্ষা সমাপ্ত করে এবং তারা কর্মজীবনে প্রবেশ করে। দ্বিতীয় কথা হল, এই মাদ্রাসাগুলোতে মিড-ডে-মিলের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। কেন্দ্রীয় সরকার সেই প্রস্তাব এখনও পর্যন্ত গ্রহণ করেনি। কেন্দ্রীয় সরকার বলছেন তারা নাকি রাজ্যকে সাহায্য করছেন। সেই সাহায্যের এই যদি নমুনা হয়, তাহলে আমি বলব 'ভ্যালা রে নন্দ, বেঁচে থাক চিরকাল।' মাননীয় স্পীকার স্যার, আজকে সামাজিক সুরক্ষা এবং ন্যায় বিচার দিবস সারা দেশে পালিত হচ্ছে। রাষ্ট্র সংঘের নির্দেশিত এই দিনটি। সামাজিক সুরক্ষা কিভাবে হয় ? আজকে উন্নয়নের কথা যদি আমরা বলি, সেই উন্নয়ন ইট, কাঠ, মাটি, পাথরের উন্নয়ন নয় ? আজকে এই বাংলার উন্নয়ন মানে রহিম শেখ রামা কৈবর্ত্যের উন্নয়ন। সমাজের যারা সংখ্যালঘু মানুষ, সমাজের যারা পিছিয়ে পড়া মানুষ, সমাজের যারা গরীব মানুষ, সমাজের যারা প্রান্তিক মানুষ, তাদের উন্নয়ন না হলে বাংলা এগোতে পারে না, ভারত এগোতে পারে না। আজকে সেই জন্য রবীন্দ্রনাথ বলেছিলেন—'যারে তুমি নীচে ফেলো, সে তোমারে টানিবে যে নীচে/পশ্চাতে রেখেছো যারে, সে তোমারে পশ্চাতে টানিছে।' আমি দেখছি আজকে তাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বাজেটে মাননীয় অর্থমন্ত্রী দিশা পেশ করেছেন। সংখ্যালঘু উন্নয়নের জন্য আজকের বাজেটে পেশ হয়েছে। এর আগে বামফ্রন্টের আমলে ২০১০ সালে দেখেছিলাম, সেখানে সংখ্যালঘুদের জন্য বাজেট ছিল ১১০ কোটি টাকা, তারপরে ২০১১-১২ সালে

বেড়ে হল ৩৩০ কোটি টাকা। তারপর সেই বাজেট বেড়ে হল ৫৭০ কোটি টাকা। গত বছর বেড়ে হয়েছিল ৮৫৯ কোটি টাকা এবং এ বছর অর্থমন্ত্রী বাজেট প্রস্তাব পেশ করেছেন ১৭শো.৩৭ কোটি টাকা। অভাবনীয় ব্যাপার। গত বছরের সেন্ট্রাল বাজেটের চেয়ে ডবলেরও বেশি বাজেট বরাদ্দ করেছেন সংখ্যালঘুদের জন্য, ও.বি.সি.-দের জন্য। আমার বাবা মরহুম এ.কে. হাসানুজ্জহান সাহেব এই বিধানসভার সদস্য ছিলেন। তিনি বামফ্রন্টের আমলে যে যতবার সংখ্যালঘু সংরক্ষণের জন্য চিৎকার করেছিলেন, বামফ্রন্ট সরকার সরকার সংখ্যালঘুদের জন্য সংরক্ষণের চিন্তা করেননি। হাসিম আবদুল হালিম সাহেব পূর্বতন স্পীকার ওই চেয়ারে বসেছিলেন। তিনি জামান সাহেবকে বলতেন 'জামান সাহেব, মুসলমান ছেলে-মেয়েরা লেখাপড়া না করলে তারা কী করে চাকরি পাবে।' তার উত্তরে জামান সাহেব বলেছিলেন—'স্পীকার হওয়ার মতো যদি হালিম সাহেব খুঁজে পান, আপনারা ডেপুটি স্পীকারের মতো কলিম সাহেব খুঁজে পান, মন্ত্রী হওয়ার জন্য মহঃ আমিন খুঁজে পান, আর বি.ডি.ও. অফিসে চাকরি দেওয়ার মতো লোক খুঁজে পান না, পিওন হওয়ার মতো মুসলমান খুঁজে পান না, আপনারা অফিসে কেরানি হওয়ার মতো আপনারা মুসলমান খুঁজে পান না ?' আজকে তাদের জন্য সংরক্ষণ হচ্ছে, এটা একটা ঐতিহাসিক প্রভিসান। ভারতবর্ষেও সংরক্ষণের বিধান করেছে সংবিধানের ৪ নং ধারা অনুযায়ী। আমাদের সরকার আজকে সংখ্যালঘুদের জন্য, পিছিয়ে পড়া মানুষের জন্য শুধু চাকরিতেই সংরক্ষণ করেননি, ঐতিহাসিক যে সংরক্ষণ করেছেন, সেটা হচ্ছে শিক্ষাক্ষেত্রে সংরক্ষণ, যেটা ২০১৪-১৫ সাল থেকে চালু হয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার বলছে বঞ্চনা করেনি। আজকে সংখ্যালঘুদের যে সমস্ত গোষ্ঠী সংরক্ষণের আওতায় আসা দরকার, সেই সংরক্ষণের তালিকাভুক্ত আপনারা কেন করেননি ? আজকে ৫ এবং ৬ তারিখে যেখানে শুনানি হচ্ছে, এই নির্বাচনের আগে এসে সংখ্যালঘুদের ও.বি.সি. তালিকাভুক্ত করবার জন্য, এতদিন কেন করেননি, সাচ্চার কমিটির রিপোর্ট হওয়ার পরে ? সাচার কমিটির রিপোর্ট হওয়ার পর তারা কি অ্যাকশান নিয়েছেন ? কেন্দ্রে রঙ্গনাথন মিশ্র কমিশন হয়েছিল। তার ভিত্তিতে কি অ্যাকশান নিয়েছেন ? কেন্দ্রে সংখ্যালঘুদের জন্য কেন সংরক্ষণ তাঁরা করেননি ? আজকে সেই জন্য আমার মনে হয় এঁরা যা বলছেন, মুখের কথায় এবং কাজে তফাৎ আছে। আমার মনে আছে, এই সদনে Bengal Legislative Assembly-র প্রথম সংরক্ষণ বিধান করে সংখ্যালঘুদের জন্যে ১৯৩৭ সালে ২৫শে আগস্ট শের-ই-বাংলা, ফজলুল হক সাহেব তিনি তখন Premier of Bengal ছিলেন। তাঁর নেতৃত্বে এ সদন এখানে চাকরির ক্ষেত্রে সংখ্যালঘুদের জন্য প্রথম সংরক্ষণ বিধান তাঁরা রচনা করেন। আজকে ২০১১-১২ সালে এসে মমতা ব্যানার্জীর সরকারকে সেই সিলসিলা এগিয়ে নিয়ে আসতে হল। আজকে আমাদের এখানে স্কিল ডেভলপমেন্ট-এর জন্য, ক্ষুদ্র কুটির শিল্পের জন্য এখানে আমাদের সরকার যেভাবে এগিয়ে এসেছেন, বামফ্রন্ট আমলে ক্ষুদ্র কুটির শিল্পের উন্নয়ন তেমন আমরা দেখিনি। আমরা শুধু দুটি কুটির শিল্প দেখেছিলাম বামফ্রন্ট সরকারের আমলে—একটা হচ্ছে বোমা শিল্প আর একটা হচ্ছে কঙ্কাল শিল্প। তারা বোমা এবং কঙ্কাল শিল্পের উন্নতি করে গিয়েছিলেন। মানুষের জন্য, সাধারণ মানুষের জন্য তারা ক্ষুদ্র কুটির শিল্পের

উন্নয়নের কথা ভাবেননি। আজকে আমাদের ডঃ অমিত মিত্র ক্ষুদ্র কুটির শিল্পকে তিনি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এবং তাদের জন্য উন্নয়নের কথা ভেবেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন প্রান্তের মানুষের কথা তিনি ভাবছেন। ক্ষুদ্র ব্যবসায়ী, ক্ষুদ্র সেচ, পরিবহণ—আমাদের যেখানে বিশ্ব বাংলা ব্রান্ড—আমাদের ঘরের জিনিস বাইরে সেল করবার জন্য আজকে সেখানে প্রস্তাব দিয়েছেন। সেগুলো আমি সমর্থন করি। সব শেষে বলি যে, আগামী দিনে আমাদেরকে নতুন করে এগিয়ে যেতে হবে। সংখ্যালঘু সমাজ, পিছিয়ে পড়া মানুষ তাদের সবাইকে নিয়ে আমাদের উন্নয়নের পথে হাঁটতে হবে। আমাদের অগ্রগতির পথে হাঁটতে হবে। রবীন্দ্রনাথ বলেছিলেন—'তুফানের বুক চিরে সমুদ্রে তীর পানে দিতে হবে পারি, ডাকিছে কাণ্ডারি, হয়েছে আদেশ, বন্দরের কাল হল শেষ, আমরা শুনেছি মহাকালের বাণী—'চরৈবতি'। এগিয়ে চল সামনের দিকে, এগিয়ে চলার মন্ত্র দিয়েছেন আমাদের মাননীয়া মমতা ব্যানার্জী এবং মাননীয় অর্থমন্ত্রী। মাননীয় অর্থমন্ত্রীর অমিত মিত্রের বাজেটকে আমরা পূর্ণাঙ্গ সমর্থন করি এবং সবাইকে সমর্থনের আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা পেশ করেছেন তার সঙ্গে সম্পূর্ণভাবে সহমত হতে পারছি না। তিনি বাজেট বক্তৃতায় প্রথমে শুরু করেছেন, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অঙ্গরাজ্য। এই অঙ্গরাজ্যের বৃদ্ধি সে জি.এস.ডি.পি. বৃদ্ধি হোক, কৃষি বৃদ্ধি হোক, শিল্প বৃদ্ধি হোক। ভারতবর্ষর যেহেতু federal structure, সেই জায়গায় দাঁড়িয়ে প্রতিটি অঙ্গরাজ্যের উন্নয়নের চিত্রকে সামনে রেখে ভারতবর্ষের GDP নির্ধারিত হয়। ভারতবর্ষের কৃষির অগ্রগতির থেকে বলা হয় পশ্চিমবঙ্গ কৃষিনির্ভর একটি রাজ্য। খুব স্বাভাবিকভাবে পশ্চিমবঙ্গ কৃষিনির্ভর একটি রাজ্য। স্বাভাবিকভাবে পশ্চিমবঙ্গের কৃষির উন্নয়ন হবে তা আমরা আশা করতে পারি। সেই জায়গায় কৃষির শতাংশ ভারতবর্ষের তুলনায় বেড়েছে এটা ঠিক। কিন্তু আমার মনে হয়েছে, এই বাজেট বক্তৃতায়, যে ভারতবর্ষে একটি অঙ্গরাজ্য তার সাথে পশ্চিমবঙ্গের তুলনা হচ্ছে। বিষয়টা কি ঠিক তাই ? আমরা যদি ডঃ অমিত মিত্রের কাছে প্রশ্ন করি যে, সমস্ত উন্নয়নগুলো এক জায়গায় করি তাহলে কৃষিতে একটা রাজ্য এগিয়ে আছে, আবার শিল্পে আর একটা রাজ্য এগিয়ে আছে। খুব স্বাভাবিকভাবেই আমাদের উন্নয়ন কিছুটা বেড়েছে, এটা অস্বীকার করার জায়গা নয়—সে কৃষি হোক, শিল্প হোক এটাকে স্বীকার করি। এবং এগুলো করার পেছনে যে কারণগুলো আছে, সেই কারণগুলো নিশ্চয় আমি বলব। পাশাপাশি এটাও বলতে চাই, যে ইনকামের বিষয়ে যেটি উনি বলেছেন, আমরা দেখলাম রেভেনিউ ডেফিসিট একশো টাকা ইনকাম করে জিরো ব্যালেন্স করছেন—করতে চাইছেন, যে আমরা একশো টাকা ইনকাম করতাম ২০১১-১২ সালে খরচ হত রেভেনিউ-এক্সপেনডিচার হত ১২৪.৮০ পয়সা। ২০১২-১৩ সালে একশো টাকা ইনকাম করে ১২০.২৩ টাকা আমাদের খরচ হত। ২০১৩ রিভাইজড্ এস্টিমেটে সেটা দাঁড়িয়েছে ১১৪.৭০ টাকাতে। আর ২০১৪-১৫ সালের বাজেট এস্টিমেটে সেটা শূন্যতে নেমে এল কি করে আমরা জানি না। আমরা জানি, যে আমাদের ডানদিকের বন্ধুরা বসে আছেন তাঁদের অর্থমন্ত্রী জিরো ডেফেসিট বাজেট দিয়ে শুরু

করেছিলেন। আমরা জানি, যে আমাদের ডানদিকে যে বন্ধুরা বসে আছেন চৌত্রিশ বছর এই পশ্চিমবঙ্গটাকে শাসন করার পর পশ্চিমবঙ্গ নামক একটি দেহ, যে দেহের মধ্যে ১১টি গুটি বসন্তের দাগ রেখে গেছেন। অর্থাৎ, ১৯টি জেলার মধ্যে ১১টি জেলাকে পিছিয়ে দিয়ে গিয়েছেন পশ্চিমবঙ্গে।

[2.10 – 2.20 p.m.]

এটা এদের উন্নয়নের সাফল্যের যদি খতিয়ান ধরি, বামপন্থী বন্ধুদের তাই, আর, সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে কিছু কাজ হচ্ছে, এগোচ্ছে—এটা বাস্তব সত্য কথা। সে জায়গায় কেন্দ্রের বঞ্চনা—আমি পরে সে কথায় আসছি। ডঃ মিত্রকে বলি, আমাদের ইনকাম গ্রোথ কিন্তু কমে যাচ্ছে। আমাদের '১১-'১২ সালে যে ইনকাম গ্রোথ ছিল ১৮.০৩%, সেটা '১২-'১৩তে এল ৩১.৫৬ শতাংশে। খুব স্বাভাবিকভাবেই আমরা লক্ষ করছি '১৩-'১৪ সালের রিভাইজড এস্টিমেটে সেটা কমে এল ১৯.৮ শতাংশে। '১৪-'১৫ সালের বাজেট এস্টিমেটসে সেটা এসে দাঁড়াচ্ছে কত ? ১৬.১৫। অর্থাৎ '১২-'১৩তে ৩১.৫৬ গ্রোথ রেট হল। সেটা কমে আসছে। '১৪-'১৫তে ১৬.১৫ শতাংশ। খুব স্বাভাবিকভাবেই ইনকামের রাস্তা যেগুলো বন্ধ ছিল সেগুলো উনি খুলেছিলেন '১১-'১২ সালে, '১২-'১৩ সালে সেগুলো সঙ্কুচিত হয়েছে। স্বাভাবিকভাবেই ইনকামের রাস্তা যতদিন যাবে ততই সঙ্কুচিত হবে। নতুন নতুন ইনকামের রাস্তা তৈরি করতে হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের ইনকাম বাড়িয়ে যেতে হবে। খুব স্বাভাবিকভাবেই আমাদের যে লোন কম্পোন্যান্ট, যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার কথা শোনা যায়, ডঃ মিত্র এখানে নেই, আমি জিজ্ঞাসা করব, actual ২০১১ সালের ৩১শে মার্চ আমাদের লোন কত ছিল ? যেদিন ক্ষমতায় এল মা-মাটি-মানুষের সরকার ঠিক সেদিন আমাদের ঋণের পরিমাণ কত দাঁড়াল ? আর, আজকে '১৩-'১৪ সালের মার্চের শেষে আমাদের কত দাঁড়াবে ? আমার তথ্য তা ভুল হতে পারে। যেদিন বামফ্রন্ট ক্ষমতা থেকে বিদায় নিল সেদিন ১ লক্ষ ৫২ হাজার ৮০০ কোটি টাকা ঋণ ছিল। তার পরের দু-মাসে আরো ৭-৮ হাজার কোটি টাকা বাড়তে পারে। সেইটা বাড়তে বাড়তে '১৪ সালের মার্চে দাঁড়িয়েছে প্রায় ২ লক্ষ ৪৫ হাজার কোটি টাকা, এই ঋণ আমাদের মাথায় চাপবে। আমাদের '১৫ সালের বাজেটে, '১৫ সালের ৩১শে মার্চ যে বাজেটের ওপর আমাদের বক্তৃতা হচ্ছে, তখন এই লোনের পরিমাণ গিয়ে দাঁড়াবে প্রায় ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা। খুব স্বাভাবিকভাবেই বঞ্চনার কথা বলা হচ্ছে, লোনের ওপর মনিটরিয়াম চাওয়া হচ্ছে, সুদ-মকুব চাওয়া হচ্ছে। মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ যদি আমরা দেখি, ঋণ গ্রহণের ক্ষেত্রে, তারা যে ঋণ গ্রহণ করে সেই টাকা তারা ব্যয় করে, উৎপাদন করে তারা সেই টাকা থেকে। অ্যাসেট ক্রিয়েট করে, যেখান থেকে ইনকাম হয়। কিন্তু একমাত্র পশ্চিমবঙ্গে বামপন্থী-বন্ধুরা বিগতদিনে যে লোন করে গেছেন সেই লোন তাঁরা রাজস্ব খাতে ব্যয় করেছেন। খুব স্বাভাবিকভাবেই মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, এরা দিল্লীর কাছে সুবিধা চায় না। কেন্দ্রের কাছে তারা বলছে না যে লোন মকুব কর, এটা কর, ওটা কর, চাইছে না। কারণ তারা সেই টাকা থেকে ইনকাম করে লোন শোধের ব্যবস্থা করে। বামপন্থী

বন্ধুরা যে ট্রাপে আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে ফেলে গেছেন, ডঃ মিত্র আপনিও কিন্তু সেই ট্র্যাপ থেকে বেরোতে পারছেন না। এটা আমাদের দুর্ভাগ্য। সেই ট্র্যাপ থেকে বেরোনোর জন্য নতুন নতুন ইনকামের জায়গা তৈরি করুন। খুব স্বাভাবিকভাবেই আমাদের উন্নয়নের কথা বলা হয়েছে এখানে। কেন্দ্রের বঞ্চনার কথা বলা হয়েছে। কালকে ডঃ সুখবিলাস বর্মা সাহেব বলছিলেন আমাদের এখান থেকে যে ইনকাম হয় সেই ইনকামের টাকা আমাদের দিতে হবে। এর জন্য 13th finance commission ছিল। 14h finance commission নতুন তৈরি হয়েছে। 13th finance commission-এর সুযোগ এই রাজ্য গ্রহণ করতে পারেনি। ডানদিকের বন্ধুদের বদান্যতায় আমরা গ্রহণ করতে পারিনি। কারণ এঁরা FRBM চালু করেনি। এঁরা যখন দেখেছেন রাজ্য থেকে চলে যাবেন তখন FRBM চালু করেছেন। আর্থিক শৃঙ্খলার মধ্যে রাজ্যটাকে বাঁধার জন্য আরেকজনার ঘাড়ে সেটা চাপিয়ে গেছেন। যদি আমরা দেখি আমাদের রাজ্য থেকে কত আয় ? মাননীয় পঞ্চায়েত মন্ত্রী সেদিন বলছিলেন যে, ৪০ হাজার কোটি টাকা নাকি রাজ্য থেকে কেন্দ্রীয় সরকার নিয়ে যায়। আমি একটা ছোট্টো হিসাব দিচ্ছি যদি ভুল থাকে ডঃ মিত্র ঠিক করে দেবেন। '১১-'১২ সালে আমাদের রাজ্য থেকে কেন্দ্রীয় সরকার নিয়ে গেছে ১৮ হাজার ৪৩৮ কোটি টাকা। গুজরাট থেকে নিয়েছে ৪২ হাজার ৭২১ কোটি টাকা। মহারাষ্ট্র থেকে নিয়েছে ১ লক্ষ ৭ হাজার ৭৭১ কোটি টাকা। আজকে দাবি তোলা হচ্ছে, আমাদের যে টাকা নিয়ে গেছে, সে সমস্ত টাকা দিতে হবে। স্যার, আমি একটা ছোট্টো প্রশ্ন করব ডঃ মিত্রের কাছে—সমস্ত রাজ্য যদি বলে আমাদের টাকাগুলো যারা নিয়ে গেছে আমাদের টাকাগুলো ফেরত দাও—ভারতবর্ষের ২৮টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল আছে—সকলের উন্নয়নকে যদি ত্বরান্বিত করতে হয়, তাহলে খুব স্বাভাবিক ভাবেই সেই উন্নয়ন ত্বরান্বিত করতে গেলে যে রাজ্যগুলোর ইনকাম কম, সেই রাজ্যগুলোর টাকার সংস্থান কোথা থেকে হবে ? এটা আমাদের ভাবতে হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা আশা করব 14th Finance Commission চলছে, সেখানে ডঃ মিত্র, মাননীয়া মুখ্যমন্ত্রী নিশ্চয়ই দাবি রাখবেন, আগামী দিনে নিশ্চয়ই কিছু সুরাহার ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করবে। কেন্দ্রের বঞ্চনার কথা বলা হচ্ছে। খুব স্বাভাবিকভাবেই সেই কেন্দ্রের বঞ্চনার জায়গায় দাঁড়িয়ে—একটু আগে ডঃ আশিস ব্যানার্জী কৃষির উন্নয়নের কথা বলছিলেন, আমি এসে শুনছিলাম। যে কৃষিতে কি কি কাজ হয়েছে, সেগুলো বাজেট বক্তৃতায় আছে। আমি আপনাকে একটি ছোট্টো উদাহরণ দেব—যে কৃষি উন্নয়নের কথা বলা হচ্ছে—ধানের গোলা, যন্ত্রপাতি, ৬৩ হাজার কৃষককে উপকার পাইয়ে দেওয়া। আমরা জানি কেন্দ্রীয় সরকার রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা নামে একটি যোজনা করেছে গোটা ভারতবর্ষের কৃষি এগোনোর জন্য। 11th 5 year plan-এ টার্গেট ছিল ভারতবর্ষে কৃষির উন্নয়ন পাঁচ শতাংশে পৌঁছোতে হবে। সেই রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় কেন্দ্রীয় সরকার যে টাকা পশ্চিমবঙ্গকে দিয়েছে, আজকে কৃষির উন্নয়নের কথা বলা হচ্ছে। সেগুলো আপনার বাজেট বক্তৃতায় আছে, আমি ডিটেলসে সেগুলো বলছি না। ২০১০-১১ সালে কেন্দ্র দিয়েছে ৩৩৫ কোটি, ২০১১-১২ সালে দিয়েছে ৪৮৬ কোটি, ২০১২-১৩ সালে দিয়েছে ৩৭৪.৫৮ কোটি, ২০১৩-১৪ সালে ৫০৮ কোটি

টাকা। এই টাকা দিয়েছে এখানকার কৃষকদের উন্নয়নের জন্য, সেই কৃষকদের উন্নয়নের জন্য কি কি প্রকল্প নেওয়া যায়। সেই কৃষি allied sector যেগুলো আছে—কৃষি আছে, গো সম্পদ বিকাশ অভিযান আছে, ফিশারি আছে, horticulture আছে, সমস্ত কথাগুলো বাজেট বক্তৃতায় বলা হয়েছে। আমরা জানি টাকা কেন্দ্রেরও নয়, রাজ্যেরও নয়, টাকা সাধারণ মানুষের। সেই সাধারণ মানুষের টাকা থেকেই এবং যেহেতু আমরা federal Structure বাস করি, তাই কোনো জায়গায় 90:10 রেসিও funding pattern, কোনটা 75:25 funding pattern, কোনটা 50:50 funding pattern থাকে। আমরা জানি এগুলো। সেই জায়গায় দাঁড়িয়ে সেই টাকা কৃষিকে এগোনোর জন্য দেওয়া হচ্ছে। তাই খুব স্বাভাবিকভাবেই কেন্দ্রের বঞ্চনার কথা যেটা বলা হচ্ছে—যদি আমি একটু শিক্ষার দিকে ঢুকি তাহলে Special focused district—আমি দু-একটি উদাহরণ দেব এখানে। শিক্ষার কথা বলা হয়েছে, ছাত্র বৃত্তির কথা বলা হয়েছে, SC, ST, OBC, minority-দের উন্নয়নের কথা বলা হয়েছে। সেখানে কেন্দ্র কতটুকু সহযোগিতা করেছে এখানে দু-একটি উদাহরণ তুলে ধরতে চাই। এই কারণের জন্য ডঃ মিত্র মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনেকবার ধন্যবাদ দিয়েছেন তাঁর বাজেট বক্তৃতায়। একবারও কি কেন্দ্রের প্রধানমন্ত্রী বা National Development Council-এর চেয়ারম্যান—এদের একটা ধন্যবাদ দেওয়া যেতে না ? এই উন্নয়নের জায়গায় দাঁড়িয়ে কেন্দ্রের বঞ্চনার জায়গায় সহযোগিতা হচ্ছে। 14th Finance Commission আসছে, সেখানে আপনাদের বক্তব্য বলবেন। একটি শব্দও ব্যয় হল না। Special Focused District-এর জন্য ২০১২-১৩ সালে শুধু SC, ST, OBC, minority populated যে district, সেই disrict-এর উন্নয়নের জন্য শুধু primary school ওপেনিং করা হয়েছে ১০৩৭। তার মধ্যে special focused district ৮০৩—এটা গোটা ভারতবর্ষের। তার মধ্যে পশ্চিমবাংলার একটা শেয়ার আছে। আপার প্রাইমারি স্কুল ওপেনিং হয়েছে ১৬০৯, special focused district -এ ১০৬৪। Teacher recruitment হয়েছে ১ লক্ষ ৩৩ হাজার ৪৪৮। তার মধ্যে special focused district ৯০,৯১৪। Construction of primary school ১৪০৫, তার মধ্যে special focused district ১১৬২। Construction of upper primary school ১৪৬২ special focused district-এর জন্য।

[2.20—2.30 p.m.]

কনস্ট্রাকশান অফ অ্যাডিশনাল ক্লাস রুম ১ লাখ ২৩ হাজার ১৩ স্পেশাল ফোকাস ডিস্ট্রিক্টের জন্য। খুব স্বাভাবিকভাবেই এডুকেশানালি পিছিয়ে পড়া যে জেলাগুলি আছে সেই জেলাগুলো এই রকম আইডেন্টিফাই হয়েছে গোটা ভারতবর্ষের বুকে ৭৪টি জেলা। যেখানে মডেল কলেজ করার জন্য কেন্দ্রের অনুদান দেওয়া হচ্ছে। খুব স্বাভাবিকভাবেই টোটাল যদি আমরা দেখি স্কুলের বিল্ডিংয়ের ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্টে ভারতবর্ষে ২০১২-১৩ সালে ২ লক্ষ ৫৮ হাজার ৮৫৬টি স্কুলের কাজ চলছে, পারমিশান দেওয়া হয়েছে। অ্যাডিশনাল ক্লাসরুম ১৩ লক্ষ ৪৬ হাজার ৬৫৬টি, drinking water facilities স্কুলগুলোতে ২ লক্ষ

১৩ হাজার ৬১৭, স্কুল প্রাইমারি, আপার প্রাইমারি, কলেজগুলোতে টয়লেট করে দেওয়া হয়েছে সেখানে ৫ লাখ ৩০ হাজার। খুব স্বাভাবিকভাবে আমি জানতে চাইব, যে বঞ্চনার কথা বলা হচ্ছে সেই বঞ্চনার কথা ঠিক নয়। আমি যদি আপনাদের কাছে অনুরোধ রাখি, আমি যদি জিজ্ঞাসা করি যে আমার জেলা মুর্শিদাবাদ জেলা—আজ পশ্চিমবঙ্গে ১৯টি জেলা আছে। কালকে যদি সমস্ত জেলা দাবি রাখে আমাদের জেলা থেকে যে ইনকাম হয় রাজ্যের, রাজ্য সরকার ইনকাম করে, সেই ইনকামের টাকা প্রত্যেক জেলায় জেলায় দিতে হবে। তাহলে রাজ্য সরকার কি বলবে মাননীয় ডঃ মিত্রের কাছে সেটা জানাতে চাইছি। আমরা জেলায় বাস করি মুর্শিদাবাদ জেলার যে জ্বলন্ত সমস্যাগুলো তার মধ্যে কান্দি মাস্টার প্ল্যান অন্যতম। আমি মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম গত ১৯.১২.২০১৩ তারিখে যে কেন্দ্রে একটা মিটিং হয়, সেই মিটিংয়ে এখানে বলা হয়েছিল funding pattern ৫০:৫০ করে দিয়েছে, ৭৫:২৫-এর জায়গায়। এখানে বলা হয়েছিল ইলেভেনথ্ ফাইভ ইয়ার প্ল্যান থেকে সেটা টুয়েলভ ফাইভ ইয়ার প্ল্যানে spill over না হলে কান্দি মাস্টার প্ল্যানের কাজ শুরু করা যাবে না। স্যার, আমার কাছে তার মাইনুটস আছে। সেখানে funding pattern ভারতবর্ষের ৫০টি জেলার জন্য জল সম্পদ দপ্তর ৩ হাজার ৮০০ কোটি টাকা অনুমোদন দিয়েছে। কান্দি মাস্টার প্ল্যানের জন্য ৩৩৮ কোটি টাকার অনুমোদন দেওয়া আছে। কেন স্যার এখনও কাজ শুরু হল না আমরা জানি না। আমরা মনে করি, রাজনৈতিক কারণে এই কাজ শুরু করা হচ্ছে না মুর্শিদাবাদ জেলার উন্নয়নের জন্য। আমি স্যার, একটি ছোট্টো উদাহরণ দিতে চাই, স্পেশাল বি.আর.জি.এফ. দেওয়া হয়েছিল এখানে। স্পেশাল বি.আর.জি.এফ-এ মুর্শিদাবাদ জেলার বিধায়করা যে তালিকা তৈরি করেছিলেন, তৃণমূলের বিধায়ক যাঁরা আছেন শাসকদলের বিধায়করা যাঁরা আছেন, তাঁরা সেই অধিকার পেয়েছিলেন। প্রায় ৩৪ হাজার ঘর নির্মাণের জন্য কিন্তু প্রত্যেকটি বিধায়ককে সেই দায়িত্ব দেওয়া হয়েছিল। কিন্তু মুর্শিদাবাদ জেলার আমরা ১৩ জন কংগ্রেসের বিধায়ক, আমরা একটিও ঘরের অনুমোদন দিতে পারিনি। এখানে মন্ত্রী থাকলে বলবেন, আমরা পারিনি। মুর্শিদাবাদ জেলায় শাসকদলের ২ জন প্রতিনিধি ছিলেন। একজন প্রতিনিধি মন্ত্রী আছে তাকে দেওয়া হয়েছে। আমাদের দলের উচ্ছিষ্টকে আপনারা নিয়ে, সেই উচ্ছিষ্টকে পালোয়ান ভেবে আপনারা দিয়ে দিলেন। আজকে সে কাজ করতে পারিনি, আজকে রবিউল চৌধুরী সেই কাজ করছে। বহরমপুরের রেলের ওভারব্রীজ—এটা মুর্শিদাবাদের সমস্যা নয়, এটা রাজ্যের সমস্যা। খুব স্বাভাবিকভাবেই, রেলের ওভারব্রীজ নির্মাণে যে funding pattern থাকে সেই funding pattern কেন্দ্র ৫০, রাজ্য ৫০ কিন্তু রাজ্য সরকার মুর্শিদাবাদ জেলাকে বঞ্চনা করার পর রেল দপ্তর থেকে ১০০% central assistance নিয়ে আর.ও.বি.-র কাজ শুরু হতে যাচ্ছিল। পি.ডব্লিউ.ডি. দপ্তর joint inspection করে drawing and designing-এর এস্টিমেট প্ল্যান তৈরি হয়েছে। অদৃশ্য কারণে, অজ্ঞাত কারণে শুধুমাত্র ডিজাইনের উপর একটি অ্যাপ্রুভাল দেবে সেখানে কন্ট্রাক্টর এনগেজ হয়ে গেছে, সেখানে সরকারি কনট্রাক্টর কাজ করছে বাইরের কনট্রাক্টর নয়, টাকার অনুমোদন হয়ে গেছে ৩৭ কোটি টাকা, কিন্তু অজ্ঞাত কারণে মুর্শিদাবাদকে বঞ্চিত করা হচ্ছে। দয়া করে ডঃ মিত্র

বলবেন, মুর্শিদাবাদ জেলাকে বঞ্চিত করা হল। ১০ হাজার ১৭৮টি ক্লাবকে টাকা দেওয়া হল। তাদের কোনো ইউটিলাইজেশান নেওয়া হল না। কি কাজে সেই টাকা ব্যয় করা হল শাসকদল জানাতে চাইলেন না। আবার দ্বিতীয়বার তাদেরকে টাকা দেওয়া হল। আমি জিজ্ঞাসা করব, মুর্শিদাবাদ জেলার কতগুলো ক্লাবগুলোকে টাকা দিয়েছেন। যদি তথ্য থাকে ডঃ মিত্র জানাবেন। ১০ হাজার ১৭৮টি ক্লাবের ১২৬ কোটি টাকা দিয়েছেন। খুব স্বাভাবিকভাবেই আর একটি দাবি রাখব, এখানে খাদ্যের সঙ্কট আছে। খাদ্য সুরক্ষা বিল এখনো কেন চালু হল না পশ্চিমবঙ্গে। যেখানে ৩ টাকা কেজি দরে চাল, ২ টাকা কেজি দরে গম এবং ১ টাকা কেজি দরে দানাশস্য। শুধু তাই নয়, গর্ভবতী মহিলাদেরকে সেখানে সাহায্য দেওয়া হচ্ছে। ১ থেকে ৬ মাস পর্যন্ত ১ হাজার টাকা করে তাদেরকে ওষুধ থেকে শুরু করে সমস্ত কিছু কেনার ব্যবস্থা করা হয়েছে খাদ্য সুরক্ষা বিলে। কোনো অজ্ঞাত কারণে, কোনো রাজনৈতিক কারণে সেই খাদ্য সুরক্ষা বিল চালু করা হল না। আমি দাবি রাখব এই হাউসে পশ্চিমবঙ্গে গরীব মানুষদের জন্য খাদ্য সুরক্ষা বিল চালু করা হোক। তাতে এই বাংলার মানুষ উপকৃত হবে। সংখ্যালঘুদের মানুষদের উন্নয়নের জন্য আপনারা বলছেন। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবাল—আমি ১২-১৩ সালের সংখ্যালঘু মানুষদের উন্নয়নের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কথা বলব। কতটা উন্নয়ন কেন্দ্রীয় সরকারের। সংখ্যালঘু কনসেনট্রেটেড ডিস্ট্রিক্ট ৯০টি ভারতবর্ষের আছে। তার মধ্যে এক নম্বর জেলা হচ্ছে মুর্শিদাবাদ জেলা, ভারতবর্ষে। মুর্শিদাবাদ জেলা বঞ্চিত, মুর্শিদাবাদ জেলার খাদ্যের সমস্যা আছে। আমরা একদিন নাম শুনতাম কে.বি.কে. কালাহান্ডি, বোলাঙ্গী, কোরাপুট। আর মুর্শিদাবাদ জেলা সেই কালাহান্ডি, বোলাঙ্গী, কোরাপুটকে ক্রস করে গিয়ে মুর্শিদাবাদ জেলা আজ এক নম্বর জায়গা নিয়েছে। খুব স্বাভাবিকভাবেই মাইনরিটি-প্রধানমন্ত্রীর ফিফটিন পয়েন্টস প্রোগ্রাম, সেই প্রোগ্রামে মাইনরিটি কনসেনট্রেটেড ডিস্ট্রিক্টে এক বছরে ২০১২-১৩ সালে ৬২০টি স্কুল ওপেন হয়েছে, কনস্ট্রাকশান হয়েছে ২৫৪৬৫টি, অ্যাডিশনাল ক্লাসরুম ভারতবর্ষের ৯০টি ডিস্ট্রিক্টে, সেখানে পশ্চিমবঙ্গের জেলাগুলোও আছে, ক্লাসরুম তৈরি হয়েছে। ৬৭০৭টি টিচার সেখানে তৈরি হয়েছে। শুনে রাখুন ৫৩৫৭টি হ্যাবিটেশান, ন্যাশানাল রুর‍্যাল ড্রিঙ্কিং ওয়াটার মিশনে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। ইন অ্যাডিশান আই.এ.ওয়াই. ইন্দিরা আবাস যোজনায় ৯০টি মাইনরিটি কনসেনট্রেটেড ডিস্ট্রিক্টে তিন লক্ষ ত্রিশ হাজার ঘর এক বছরে করা হয়েছে। মৌলানা আবুল কালাম আজাদ ফাউন্ডেশান—যেখান থেকে উচ্চ শিক্ষায় ছেলে-মেয়েদেরকে সাহায্য করা হয়, বিভিন্ন কাজ করা হয়, সেখানে ৭২০ কোটি টাকা দেওয়া হয়েছে। প্রি-ম্যাট্রিক স্কলারশিপ কত দেওয়া হয়েছে ? প্রি-ম্যাট্রিক স্কলারশিপ দেওয়া হয়েছে ৬৪.৫০ লাখ স্টুডেন্টসকে ভারতবর্ষে। টাকার অঙ্কে কত ? ৭৮৬.১৯ কোটি টাকা। তার মধ্যে সংখ্যালঘু পরিবারের ছাত্রী কত ? ৫১% সংখ্যালঘু পরিবারের ছাত্রী। পোস্ট ম্যাট্রিক কত স্কলারশিপ দেওয়া হয়েছে ভারতবর্ষের সংখ্যালঘু পরিবারকে ? ৭ লক্ষ ৫৫ হাজার স্টুডেন্টকে দেওয়া হয়েছে স্কলারশিপ। মৌলানা আজাদ ফাউন্ডেশানকে দেওয়া হয়েছে, স্কলারশিপ দিয়েছে ২৫১৫৬ জন ছাত্রকে। এম.এস.ডি.পি. মাল্টি সেক্টরাল ডেভেলপমেন্ট প্ল্যান ৯০টি জেলার জন্য, এই পশ্চিমবঙ্গের

জেলাগুলোর জন্য মাল্টি সেক্টরাল ডেভেলপমেন্ট প্ল্যানের তথ্য আমার কাছে আছে। প্রত্যেকটি ব্লক ধরে ধরে সেখানে কখনও মাদ্রাসা উন্নয়নের টাকা দেওয়া হয়েছে। সেখানে কোনো ক্লাসরুম তৈরি করার জন্য টাকা দেওয়া হয়েছে। সেখানে অঙ্গনওয়াড়ি সেন্টার করার জন্য টাকা দেওয়া হয়েছে। আই.টি.আই. কলেজ—মাননীয়া মুখ্যমন্ত্রী যাচ্ছেন, আই.টি.আই. কলেজ, পলিটেকনিক কলেজ, তার শিলান্যাস করছেন। কই একবার তো বলছেন না যে এই টাকা মাল্টি সেক্টরাল ডেভেলপমেন্ট প্ল্যান থেকে এই টাকার অনুমোদন দেওয়া হয়েছে। এই ৯০টি কনসেনট্রেটেড ডিস্ট্রিক্টে ইন্দিরা আবাস যোজনার ঘরের কথা বললাম। হেল্‌থ সেন্টারের কথা বলছি যে ২৮৩৮টি হেল্‌থ সেন্টার তৈরি হয়েছে এক বছরের মধ্যে ১২-১৩। আই.সি.ডি.এস. কতগুলি তৈরি হয়েছে ? ৩২৪৮০টি। ড্রিঙ্কিং ওয়াটার ফেসিলিটিজ কত হয়েছে ? ৫০৬৯৬ জন। অ্যাডিশনাল ক্লাসরুম ১৫৬০৯, স্কুল বিল্ডিং ৬৫৮। আই.টি.আই. কলেজ কত হয়েছে ? ১১৩। পলিটেকনিক কলেজ কত হয়েছে ? ৪৩। খুব স্বাভাবিকভাবেই এর সাথে স্কিল ডেভেলপমেন্ট আছে। স্কিল ডেভেলপমেন্টের ক্ষেত্রে, ট্রেনিংয়ের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী আছে জানেন, যে আই.টি.আই. কলেজ ভারতবর্ষের মধ্যে সবথেকে পিছিয়ে দিয়ে গেছেন আমাদের ডানদিকের বন্ধুরা বিগত দিনে। এতদিনের মধ্যে পশ্চিমবঙ্গে ১১০টি আই.টি.আই. কলেজ, সেই কলেজের ক্ষেত্রে বিহারে দেখবেন ৫০০, কেরালায় দেখবেন ৬০০, কর্নাটকে দেখবেন ৮০০। আর পশ্চিমবঙ্গে আমাদের মেধা, আমাদের শ্রমের যে মেধা, সেই মেধাকে এগোনোর জন্য যে স্কিল ডেভেলপমেন্ট আছে, সেই স্কিল ডেভেলপমেন্টে আমরা কিন্তু এখনও এগোতে পারিনি। মাননীয় মন্ত্রী এগুলো দেখবেন। খুব স্বাভাবিকভাবেই আমরা দাবি রাখব যে এখানে পঞ্চায়েতমন্ত্রী ছিলেন। যে ন্যাশনাল ড্রিঙ্কিং ওয়াটার অ্যান্ড স্যানিটরি মিশন ২০০৯ সালে তৈরি করেছে ভারতবর্ষের সরকার। আমি যে জেলায় বাস করি—মুর্শিদাবাদ জেলা। ২০০৯ সালে সেখানে চার কোটি টাকা দেওয়া হয়েছিল। চার কোটি টাকা দেওয়া হয়েছিল ২০০৯ সালে। কিন্তু আজ পর্যন্ত সেই টাকার একটি টাকাও খরচ করা হয়নি, কেন্দ্রীয় সরকারের টাকা। খুব স্বাভাবিকভাবেই ১১-১২, ১২-১৩, ১৩-১৪, ১৪-১৫, কোনো টাকা আমাদের মুর্শিদাবাদ জেলা পাচ্ছে না।

[2.30 – 2.40 p.m.]

সেখানে কি করা যাবে ? সেখানে গ্রামের মধ্যে পানীয় জলের ব্যবস্থা করা যাবে, পাইপ লাইনে সেখানে পানীয় জল দেওয়া যাবে, সেখানে টিউবওয়েল বসানো যাবে সেখানকার মানুষদের জন্য। মুর্শিদাবাদ জেলায় সেই জায়গায় টাক খরচ করতে পারেননি। মাননীয় মন্ত্রী আছেন। আমি ডঃ মিত্রকে বলব, তিনি লোন নিচ্ছেন বিভিন্ন জায়গায়। আমরা দেখেছি স্মল সেভিংস থেকে লোন নেওয়া হয়। আগামী বছর টার্গেট করা হয়েছে ৩ হাজার। গত বছর নেওয়া হয়েছে প্রায় ২৯০০ কোটি টাকার বেশি লোন নেওয়া হয়েছে। স্মল সেভিংস—একটা স্মল সেভিংস খোলা হয়েছিল, যেখানে সারদা কাণ্ড ঘটেছিল—আমরা সকলেই জানি। যে সারদা কাণ্ডের কথা আমি আপনাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই। যে ২০১৩ সালের ১৪ই মার্চ পার্লামেন্টের ৪৪ নম্বর কোয়েশ্চেনের অ্যানসারে সেদিন তৎকালীন মন্ত্রী জানিয়েছিলেন

যে, ৭৩টা এইরকম সংস্থা আছে ভারতবর্ষে। যার মধ্যে সারদা আছে, প্রয়াগ আছে, র‍্যামেল আছে, এম.পি.এস. আছে—এইরকম প্রচুর সংস্থা আছে। জানিয়েছিল ১৪ই মার্চ ২০১৩, তারপরেও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এখনও প্রচুর সংস্থা এইভাবে পশ্চিমবাংলা থেকে কোটি-কোটি টাকা লুন্ঠন করছে। কিন্তু এখনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। যদি বলেন ডানদিকের বন্ধুরা তার শুরুওয়াৎ করেছিলেন, তা এখনও জিজ্ঞাসা করব ডানদিকের বন্ধুরা কেন এখনও বিধানসভার মধ্যে আছেন, কেন এখনও বাইরে আছেন, কেন তাঁরা জেলে যাননি। পূর্ণাঙ্গ তদন্ত করা হোক। কেন সে দাবি মানা হচ্ছে না। কেন সি.বি.আই. করার দাবি মানা হচ্ছে না ? এর মধ্যে কোন্ অজ্ঞাত কারণ লুকিয়ে আছে ? পশ্চিমবঙ্গের মানুষ আমরা তা জানতে চাই। সেই স্মল সেভিংসের জন্য একটা নতুন প্রকল্প তৈরি করা হল পশ্চিমবঙ্গে। যেখানে মানুষ টাকা জমা দেবে। আমি জিজ্ঞাসা করব ডঃ মিত্রকে যে, সেই টাকা জমা দেওয়ার পরিমাণ—যে নতুন বিমা তৈরি করা হল, ঘোষণা করা হল, খবরের কাগজে বড়ো বড়ো বিজ্ঞাপন দেওয়া হল—সেই সমস্তগুলোকে সামনে রেখে আমাদের কাছে যা খবর, আমার কাছে যা খবর এখনও পর্যন্ত সেই স্মল সেভিংস স্কিমের মধ্যে এখনও পর্যন্ত মাত্র ৬৫ লক্ষ টাকা জমা হয়েছে পশ্চিমবঙ্গে—এটা দুর্ভাগ্যের বিষয়। কেন গ্রামের ছেলেরা কাজ করবে, স্মল সেভিংসের এজেন্ট হবে—কথা বলা হয়েছিল সেই গ্রামের মানুষদেরকে—শিক্ষিত ছেলেদেরকে বঞ্চিত করা হয়েছে। তার কোনো উদ্যোগ নেওয়া হচ্ছে না কেন আমরা তা জানতে চাই। প্রচুর ডিপার্টমেন্টের বাজেট কার্টেল করা হয়েছে। তার সাথে সাথে কিছু ডিপার্টমেন্টের বাজেট বাড়িয়ে দেওয়া হয়েছে। ইনফরমেশান অ্যান্ড কালচার—তথ্য সংস্কৃতি দপ্তরের বাজেট এস্টিমেট কত ছিল ? সেখানে টাকা বাড়ানো হচ্ছে। এগ্রিকালচার মার্কেটিংয়ে সেখানে ১৮১ কোটি ছিল, সেখানে ১২০ কোটি—মানে কমিয়ে দেওয়া হচ্ছে। যেখানে ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার ২০১২-'১৪-র বাজেট প্রভিশান ছিল ৫২৩.২৪ কোটি টাকা, সেটাকে কমিয়ে করা হল ১৬৮.৭৪ কোটি টাকা। পিছিয়ে পড়া মানুষদের জন্য কেন এটা করা হল ? এই যে বাজেট কার্টেল করা হচ্ছে, এই বাজেট কার্টেল করার অর্থ কাজ করতে পারছে না। একটা প্রশ্নের উত্তর দেখছিলাম, সেই উত্তর আমার কাছে আছে। যে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ—সেই পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ তার ৫০ শতাংশ টাকাও খরচ করতে পারেছে না। কেন পারছে না ? কাগজে বিজ্ঞাপন হচ্ছে, বড়ো বড়ো খবর হচ্ছে, নিউজ হচ্ছে, উদ্বোধন হচ্ছে। একদিকে কেন্দ্রের বঞ্চনার কথা বলা হচ্ছে। তথ্য দিয়ে বলুন যে কেন্দ্র টাকা না দিয়ে বঞ্চনা করছে—তথ্য দিয়ে বলুন, আমরা নিশ্চয়ই সে কথা মানব। আমরা আমাদের দায়িত্ব সঠিকভাবে পালন করব। এই কথা বলে এই বাজেটকে খুব স্বাভাবিকভাবেই সমর্থন করতে পারছি না এই কারণগুলোর জন্য। সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় চেয়ারম্যান স্যার,আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় গত ১৭ই ফেব্রুয়ারি এই পবিত্র সদনে যে বাজেট পেশ করেছেন, তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার প্রতিবেদন পেশ করছি। স্যার আমাদের অর্থমন্ত্রী পশ্চিমবাংলার ভেঙে পড়া ঋণগ্রস্ত অর্থনীতি এখানে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার

দেনার বোঝা নিয়ে যখন পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসা তখন স্যার এইরকম অবস্থাতে এই পশ্চিমবাংলাকে চালাবার জন্যে একের পর এক বাজেট পেশ করেছেন এবং সেই বাজেটগুলিতে অর্থনীতির যে সমস্ত লিকেজগুলি ছিল, সেই লিকেজগুলিকে বন্ধ করে দিয়ে, যাতে রেভিনিউ কালেকশানকে বাড়ানো যায় এবং বিনিয়োগের জায়গাগুলোকে যাতে প্রোডাকটিভ সেক্টরে বিনিয়োগ করা যায়, সেইরকম ব্যবস্থা নিয়ে ও কর আদায় করার জায়গাগুলোতে ই-গভর্নেন্স, কমপিউটার বিভিন্ন মাধ্যমে যাতে করে সরলিকরণ করা যায়, তার মাধ্যমে যাতে বেশি করে রেভিনিউ কালেকশান করা যায়, প্রোডাকটিভ সেক্টর এবং সার্ভিস সেক্টরে সুচিন্তিতভাবে ইনভেস্টমেন্ট করে আরো বেশি করে রেভিনিউ কালেকশানের জায়গাগুলোকে প্রশস্ত করা যায়, সেইভাবে তিনি বিস্তার করেছেন তিনটি বাজেটের মাধ্যমে। তার ফলে আজকে রেভিনিউ কালেকশান অনেকটা বেড়ে গেছে। আবার কয়েকজন বন্ধু কয়েকটা প্রশ্ন করেছেন, যে তাহলে আমাদের যে সমস্ত অ্যাসেট আছে, সেখান থেকে রেভিনিউ কালেকশান করে আমরা আমাদের ঋণটা শোধ করতে পারছি না কেন। এখানে একটা কথা বলার আছে। এখানে বলা আছে ৭০ হাজার কোটি টাকা সুদেমূলে কেন্দ্রীয় সরকার কেটে নিচ্ছে। এই টাকাটা যদি আমাদের থাকত, তাহলে Kensian অর্থনীতির তত্ত্ব dynamic multiple system, এটাকে আমরা ইউজ করতে পারতাম। এটা যদি আমরা ব্যবহার করতে পারতাম, এই তত্ত্বটা আপনাদের জেনে রাখার দরকার আছে। যদি কোনো জায়গায় এক ইউনিট বিনিয়োগ করা যায়, তাহলে সেখানে কয়েক ইউনিট গ্রোথ, ডেভলপমেন্ট এবং স্ট্যান্ডার্ড বাড়ে ও সেখানকার রেভিনিউ অনেক বেশি কালেকশান হয়। This is the system of Kensian Policy. সারা বিশ্ব যেখানে এই পদ্ধতি মেনে নেয়, সেখানে আমাদের এই রাজ্যে অসুবিধা হয়েছে। আবার কিছু কিছু বন্ধু প্রশ্ন তুলেছেন, যে কেন আমরা ঠিকভাবে প্রয়োগ করতে পারছি না। একদিকে আমাদের যদি ঋণের বোঝা হয়ে যায়, ঋণের বোঝায় যদি আমরা debt trap, অর্থাৎ আমরা ঋণের ফাঁদে যদি পড়ে যাই, আমরা একদিকে রেভিনিউ কালেকশন করছি, অন্যদিকে চক্রবৃদ্ধি হারে আমাদের সুদের হার আরো বেড়ে যাচ্ছে। সুতরাং আমরা যতই কালেকশান করি না কেন সুদে-আসলে মেটাতে গিয়ে আমাদের মেজর পোর্শান টাকাটা যদি চলে যায়, তাহলে উন্নয়নে বা প্রোডাকটিভ সেক্টরে কিভাবে টাকা-পয়সা আরো বেশি করে বিনিয়োগ করতে পারব ? সেই জন্য আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে বলেছেন—কেন্দ্র তো সুদখোর নন, সুদখোর হিসেবে সারা দেশ চলতে পারে না। আমরা এটা জানি ফিনান্স কমিশন যে কয়েকটা রাজ্যকে ঋণগ্রস্ত রাজ্য হিসেবে ঘোষণা করেছে, তার মধ্যে পশ্চিমবাংলা একটা ঋণগ্রস্ত রাজ্য। সুতরাং এই ঋণগ্রস্ত রাজ্যকে যদি আমরা ঋণের ফাঁদ থেকে তুলে আনতে না পারি, তাহলে গ্রোথ, ডেভলপমেন্ট ঠিকমতো হতে পারে না, সম্ভব নয়। এবং সুনির্দিষ্ট বিনিয়োগ আরো বেশি বেশি করে না নিলে, ইনকামের পথগুলো, রেভিনিউ আদায়ের পথগুলো, সেই পথগুলো বিস্তৃত করতে পারে না। This is the economic system and this is the economic policy. এই জিনিসটা আমাদের বন্ধুদের বুঝতে হবে। কেন মোরাটরিয়াম চেয়েছি ? যদি আমরা তিন বছরের মোরাটরিয়াম পেতাম, তাহলে ওই টাকাটা

আমরা প্রোডাকটিভ সেক্টরে ব্যবহার করতে পারতাম, আমরা ইনভেস্ট করতে পারতাম। সেখান থেকে আমাদের রেভিনিউ কালেকশন হত। সেই জায়গা থেকে আমরা ঋণটা শোধ করে দিতে পারতাম। কেন্দ্রও টাকাটা ফেরত পেত, আর এই রাজ্যটাও নিজের পায়ে দাঁড়াতে পারত। আবার কিছু বামপন্থী বন্ধু প্রশ্ন তুলেছেন যে, যদি দেশের উন্নতি করতে হয় এবং যদি উন্নয়ন আনতে হয়, তাহলে ঋণের দরকার আছে। নিশ্চয়ই। ঋণ নিয়ে সেগুলো প্রোডাকটিভ সেক্টরে যদি আমরা ঠিকমতোভাবে ইনভেস্টমেন্ট করতে পারি তাহলে তার থেকে রিটার্ন আসতে পারে। কিন্তু বন্ধু আপনারা কোথায় ইনভেস্টমেন্ট করেছেন ? আপনারা যেখানে করেছেন, ব্যাড ইনভেস্টমেন্ট করেছেন। যেখান থেকে কোনো রিটার্ন আসেনি, যেখান থেকে কোনো গ্রোথ হয়নি, যেখান থেকে কোনো স্ট্যান্ডার্ড বাড়েনি। তার জন্য আজকে আমাদের যে পরিমাণ রেভিনিউ কালেকশন হওয়ার কথা ছিল আপনাদের আমলে, আপনারা করতে পারেননি। সেই জন্য আজকে দিনের পর দিন ঋণের ঋণ হয়ে সুদেমূলে অনেক বেড়ে গেছে। এই কারণে আমরা আজকে debt trap মধ্যে পড়ে গেছি। সেই জন্য কেন্দ্রীয় সরকারকে বলা হয়েছে যে, আপনারা মোরাটরিয়াম দেন, আমরা সুনির্দিষ্ট পথে বিনিয়োগ করে আমাদের রেভিনিউ কালেকশন বাড়াব এবং আমরা নিজেদের পায়ে দাঁড়াতে চাই। কিন্তু সেই সহযোগিতা আমরা পাইনি। কয়েকজন বন্ধু রাইট টু ইনফরমেশান অ্যাক্টে জানিয়ে তিনি কয়েকটা ইনফরমেশান নিতে চেয়েছিলেন, সেখান থেকে না পেয়ে তিনি চলে গেছেন এ.জি.-র কাছে। এ.জি.-র কাছ থেকে কিছু তথ্য তিনি পেয়েছেন। সেই এ.জি.-র কথায় আমি বলি, সেই এ.জি.-র রিপোর্ট অনুযায়ী ২০১২-১৩ সালে এ.জি.-র তথ্য অনুসারে আমাদের নির্ধারিত প্রাপ্য কেন্দ্রীয় সরকারের গ্র্যান্ট ইন এইড কমিয়ে দেওয়া হয়েছে।

[2.40 – 2.50 p.m.]

আমাদের নির্ধারিত প্রাপ্য, কেন্দ্রীয় সরকারের গ্রান্ট-ইন-এইড কমিয়ে দেওয়া হয়েছে। হিসাব অনুযায়ী ১১-১২ অর্থবর্ষে ১৩,৮৮৮.৮২ কোটি টাকা পেয়েছিলাম, সেখানে ২০১২-১৩ অর্থবর্ষে ১২,৩৪২.৮৪ কোটি টাকা পেয়েছি, যা ১১.১৩ শতাংশ কম। আমরা যত দিন এগিয়ে যাই, যত বছর পেরিয়ে যাই, তত দেশের উন্নতি যখন হয়, তখন কি হয় ? আমাদের গ্রান্ট-ইন-এইড-এর পরিমাণটা বাড়ে। কিন্তু আমরা দেখলাম কি ? একটা ঋণগ্রস্ত রাজ্য হয়েও সেই গ্রান্টটুকুও আমরা পেলাম না। তিনি এ.জি.-এর কাছ থেকে রিপোর্ট নিয়ে অনেক তথ্য দিলেন এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে নানা রকমের কুকথা, অকথা বলেছেন। তথ্য দিয়ে বলতে চেয়েছেন কেন্দ্রীয় সরকার নাকি অনেক বেশি সাহায্য সহযোগিতা করেছেন। আজকের পত্রিকায় বেরিয়েছে দেখবেন, সেচ দপ্তর ২০১৩-১৪ আর্থিক বছরে বাজেট বরাদ্দের প্রায় ৪০ শতাংশ নাকি খরচ করতে পারেনি। এরকম ভুল। যার ফলে রাজ্যের তিস্তা প্রকল্প, কেলেঘাই, কপালেশ্বরী, কাঁদি মাস্টার প্ল্যান, উত্তরবঙ্গে ব্রহ্মপুত্র বোর্ডের মতো ঘাটাল মাস্টার প্ল্যান, ফ্লাড ম্যানেজমেন্ট প্রকল্পের মতো জরুরি কাজ থমকে রয়েছে। বাজেট বরাদ্দ ঠিক করা হয় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্য টাকা এবং তার সঙ্গে ম্যাচিং গ্রান্ট ধরে। রাজ্যের অংশ এবং কেন্দ্রীয় সরকারের টাকার অংশ ধরে বাজেট

বরাদ্দ তৈরি করা হয়। ১৭২৭ কোটি টাকার মধ্যে কেন্দ্রের অংশ ছিল ৯২৫ কোটি টাকা, দিয়েছে মাত্র ২০ থেকে ২৫ কোটি টাকা। ৯০০ কোটি টাকা এখনও পাওয়া যায়নি। সেখানে আমাদের রাজ্যের যে অংশ ৮০২ কোটি টাকার মতো আমরা খরচ করেছি, সেটা ২০ শতাংশের বেশি। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

শ্রী উদয়ন গুহ: মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের অর্থমন্ত্রী তাঁর মন্ত্রীত্বকালে তৃতীয়বার বাজেট পেশ করলেন। আমি ওনার প্রত্যেকটা বাজেটের উপর আলোচনায় অংশগ্রহণ করবার সুযোগ পেয়েছি। প্রথমবার বাজেট পেশ করবার পর আমি ওনাকে একটা আর্তি জানিয়েছিলাম। উনি এখন হাউসে নেই, থাকলে এবারেও মনে করিয়ে দিতাম। ওনার মনে থাকার কথা নয়, মনেও নেই, উনি এলে আবারও মনে করিয়ে দেব। এবার যেদিন বাজেট পেশ হয়, সেদিন আমি হাউসে ছিলাম না, তিনি কিভাবে শুরু করেছেন সেটা সংবাদ মাধ্যমে দেখেছি। কিছু কিছু জায়গা তিনি সংক্ষেপে বাজেট বই থেকে পড়েছেন সভার অনুমতি নিয়ে। কোনটা কেটেছেন, কোনটা বলেছেন। যেহেতু আমি উপস্থিত ছিলাম না, তাই বলতে পারছি না। স্যার ওস্তাদ গায়ক-গায়িকারা যখন তাঁদের অনুষ্ঠান শুরু করেন, সরস্বতী বন্দনা দিয়ে শুরু করেন। ওনার বাজেট বক্তৃতা থেকে এটা বুঝতে পারলাম যে, মাননীয় অর্থমন্ত্রী সরস্বতী বন্দনার মধ্যে দিয়ে বাজেটটা পেশ করেছেন। ও ব্যাপারে আমি বলতে চাই না। আজকে অপূর্ব সরকার বলেছেন, গতকাল ডঃ সুখবিলাস বর্মা বলেছেন যে, একটা যুক্তরাষ্ট্রের সাফল্য, ব্যর্থতা নির্ভর করবে রাজ্যগুলির সাফল্য ব্যর্থতার উপর। মাননীয় অর্থমন্ত্রী গর্ব করে বলেছেন যে, দেশের GDP-র চাইতে রাজ্যের GDP বেশি। এটা নতুন কোনো ব্যাপার নয় এই রাজ্যে। এর আগেও এই রাজ্যের GDP দেশের GDP-এর চাইতে বেশি হয়েছে। গতকাল ডঃ সুখবিলাস বর্মা বলেছিলেন যে, মিজোরাম, নাগাল্যান্ড, মহারাষ্ট্র, গুজরাট, সবার GDP-এর গড় করেই তো দেশের GDP হবে। সেখানে কারোর খারাপ, কারোর ভালো। আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কাছে ম্যাডাম আপনার মাধ্যমে এই কথা বলতে চাই আপনি যখন গর্ব করে এটা বলছেন যে জি.ডি.পি. বেড়েছে, আপনি ক্ষমতাতে বসবার তিন বছর আগে আমাদের রাজ্যের জি.ডি.পি. কত ছিল সেই সময়ে দেশের জি.ডি.পি. কত ছিল তার রেশিও, আর আপনি ক্ষমতায় বসবার পরে তিন বছরের জি.ডি.পি. এবং দেশের জি.ডি.পি. তার রেশিও দিয়ে যদি একটা তথ্য আমাদের সামনে তুলে ধরেন, তাহলে বোঝা যাবে যে আপনি কতটা এগোতে পারলেন। তা নাহলে শুধু দেশের জি.ডি.পি., আর আপনার জি.ডি.পি.-এর তুলনা করবার কোনো মানে হয় না। একটা যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোর মধ্যে এটা হয় না। আপনি করছেন, করে সেটাকে নিয়ে আপনার অগ্রগতির কথা বলবার চেষ্টা করছেন। ম্যাডাম দ্বিতীয় যে কথাটি অর্থমন্ত্রী বলেন, আমাদের সরকারি দলের বন্ধুরা সবাই বলেন এই ঋণের ব্যাপারে। মাননীয় অর্থমন্ত্রী হাউসে থাকলে ওনাকে জিজ্ঞাসা করতাম যে আমাদের দেশের আঠাশটি রাজ্য, কেন্দ্রশাসিত এলাকা রাজ্যগুলি একটি রাজ্যের নাম বলুন যে রাজ্যে ঋণ নেই। আপনি আপনার বক্তব্যের সময়ে এইকথা বলুন, আপনি যেদিন ক্ষমতায় বসেছিলেন এই ঋণের ক্ষেত্রে এই পশ্চিমবাংলার স্থান কত ছিল, আর আজকে তার স্থান কোথায়। এটাও তুলে ধরুন। ঋণের কথা বলছেন।

ঋণের ব্যাপারে কেউ কেউ বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন যে বামফ্রন্ট সরকার ৩৪ বছরে যে ঋণ করে গেছে, এই ঋণ যদি না করত তাহলে আমাদের ঋণ নিতে হত না। অর্ধেক জেনে বলছেন। এটা ৩৪ বছরের ঋণ নয়। কেন্দ্রের ঋণ, রাজ্যের ঋণ রাজ্যের ঋণ এটা কিউমুলেটিভ এফেক্ট। ১৯৪৭ সালে স্বাধীনতার পর থেকে এই ঋণ ধরা হচ্ছে। কেন্দ্রের যে ঋণ সেটাও ১৯৪৭ সালের পর থেকে, আমাদের রাজ্যের যে ঋণ সেটাও ১৯৪৭ সালের পর থেকে, যিনি বলছেন যে আমরা ঋণ নিতাম না তার জেনে রাখা উচিত যে সাংবিধানিক বাধ্যবাধকতা আছে। আপনি না চাইলেও আপনাকে ঋণ নিতে হবে। স্মল সেভিংস, আপনি রাজ্যের যত টাকা সংগ্রহ করবেন, এই রাজ্যে যত টাকা স্মল সেভিংস-এ আসবে, তার আশি শতাংশ আপনাকে ঋণ হিসাবে নিতে হবে। সেই টাকা উন্নয়নে খরচ করতে হবে এবং সুদসমেত সেই টাকা ফেরত দিতে হবে। আপনি ঋণ নিতে না চাইলেও সংবিধান অনুযায়ী আপনাকে সেই ঋণের বোঝা আপনার ঘাড়ে চাপবে। এজন্য ঋণ নেব না, একথা বলা যায় না। আবার উল্টোদিকে দেখুন আড়াই বছরে স্মল সেভিংস ভীষণভাবে কমে এসেছে, সেটা অপূর্ববাবু বলছিলেন। তারপরেও ঋণের কি অবস্থা দাঁড়িয়েছে ? এই বছর মার্চের শেষে আপনাদের এই তিন বছরে সেটা দাঁড়াবে ৫৮ হাজার কোটি টাকা আর আপনার বক্তব্য অনুযায়ী দু-হাজার পনেরোর ৩১শে মার্চ যদি না বাড়ে তাহলে সেটা দাঁড়াবে তিরাশি হাজার কোটি টাকা। এবারে ঋণ সবার আছে, ঋণ নিতে হবে, আমি বলছি ঋণ না নিলে চলবে না। ঋণ নেবেন, ঋণ নিয়ে আপনি উন্নয়ন করবেন, আপনি ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট করবেন, আপনি সেখান থেকে রেভিনিউ আর্ন করবেন, আপনি ঋণের টাকা শোধ করবেন, আরও ঋণ নেবেন। কিন্তু আপনি ফেঁসে যাবেন, আপনি আটকে যাবেন যদি আপনি ঋণ নিয়ে খেলা করেন, মেলা করেন, মাটি উৎসব করেন, ধুলো উৎসব করেন তাহলে ওই ঋণ ফাঁসির মতো আপনার গলায় আটকে যাবে। আপনাদের ক্ষেত্রে এই ঘটনাগুলি ঘটছে। এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর এখন থেকে সাবধান হওয়া উচিত।

মাননীয় অর্থমন্ত্রী—তিনি নিয়োগের কথা বলেছেন। শিক্ষক নিয়োগ করেছেন ৪৫ হাজার, কনস্টেব্‌ল নিয়োগ করেছেন ৪০ হাজার, সিভিক পুলিশ নিয়োগ করেছেন ১ লক্ষ ৩০ হাজার। এত নিয়োগ ! শিক্ষক, কনস্টেব্‌ল, সিভিক পুলিশ। স্যালারি খাতে আপনি যে টাকা বরাদ্দ করেছিলেন—আড়াই হাজার কোটি টাকা, প্রায় ২৪৫০ কোটি টাকা—আপনি বাজেট বরাদ্দের চাইতে কম খরচ করলেন। আপনি এত লোক নিয়োগ করে ফেললেন, অথচ মাইনের জন্য যে টাকাটা ধরে রেখেছিলেন, সেই টাকাটা আপনি—২৪৫০ কোটি টাকা কম খরচ করলেন। তাহলে কি পশ্চিমবাংলায় এখন 'বেগার শ্রমিক' নিয়োগ হচ্ছে ? যাঁদের শ্রমিক নিয়োগ করলেন, তাঁরা বিনা মাইনেতে মা-মাটি-মানুষের সরকারের জন্য কাজ করবেন বলে ঠিক করেছেন ? তার জন্য আপনার আর এই টাকার দরকার হচ্ছে না ?

[2.50 – 3.00 p.m.]

যে কথা বলছিলাম ম্যাডাম, স্মল সেভিংস কমে গেছে। কেন স্মল সেভিংস কমেছে তার অন্যতম কারণ হচ্ছে চিট ফান্ড। মানুষ প্রলোভনে পড়ে, নানা নেতা-মন্ত্রীদের ছবি দেখে

স্মল সেভিংস-এ টাকা না রেখে তাঁরা চিট ফান্ডে বিনিয়োগ করেছেন। তার ফলে তাঁরা প্রতারিত হয়েছেন। কিন্তু স্মল সেভিংস-এর যে বিনিয়োগ, সেটা বন্ধ হয়ে গেছে, প্রায় কমে গেছে।

এবার আমার বক্তব্য—মাননীয় অর্থমন্ত্রী এসেছেন, ভালোই হয়েছে। তিনি তাঁর বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন—'আমরা সারদা কোম্পানির টাকা শোধ করছি।' সারদার সাথে আপনার আঠা কি ? সারদা চিট ফান্ড—তার টাকা শোধ করেছেন ; ভিক্টিম-সারদা। তাহলে রাজ্যে আর কোনো চিট ফান্ড ছিল না ? আপনি বলছেন—'২০ লক্ষ প্রতারিত হয়েছে।' ২০ লক্ষ, আপনার কথাই ধরে নিলাম, ২০ লক্ষ সারদার দ্বারা প্রতারিত হয়েছে। আপনি তার মধ্যে আপনার বক্তব্য অনুযায়ী ৪ লক্ষকে ক্ষতিপূরণ দিয়েছেন। বেসটা কি ধরেছেন ? কি ক্রাইটিরিয়ার ওপর ভর করে আপনি ওই ৪ লক্ষকে বাছলেন ? আপনি ২০ লক্ষর মধ্যে ৪ লক্ষ বাছলেন, ৪ লক্ষকে টাকা দিলেন। এই হাউসে আলোচনা হয়েছিল, বিচারপতি শ্যামল সেনের যে কমিশন, সেই কমিশনের সুপারিশ অনুযায়ী আপনি টাকা দেবেন। টাকা দেবেন কমিশনের সুপারিশ অনুযায়ী। কোথা থেকে দেবেন ? আপনি আলোচনার সময় বলেছিলেন যে, ওই টাকা সারদা কোম্পানির যে অ্যাসেট, সেই অ্যাসেট ক্রোক্ করে সেটাকে নিলাম করে আপনি টাকা শোধ করবেন। একটি উদাহরণ ডঃ মিত্র আপনি আমাকে দিন যে, আপনি সারদা কোম্পানির এই সম্পত্তিটা ক্রোক্ করতে পেরেছেন এবং শ্যামল সেন কমিশন করতে পেরেছেন, সেটা বিক্রি করে আপনি টাকা শোধ করেছেন ? করেননি। আপনি যে টাকা দিয়েছেন—কালকে ডঃ সুখবিলাস বর্মা বলছিলেন যে, পুরোটাই গভর্নমেন্ট এক্সচেকার থেকে দিয়েছেন। এই হাউসে যত সদস্য আছেন, সব চাইতে ভালো আপনি জানেন যে, এটা ১০০ শতাংশ বেআইনি কাজ। আপনি সেই বেআইনি কাজটা করেছেন এবং সেই বেআইনি কাজটার আইনি বৈধতা দেওয়ার জন্য আপনি—যেটা কখনো হয়নি, আপনি এটাকে বাজেট বক্তৃতায় তুলেছেন। কারণ, আপনি শুধু নিজে একা এর মধ্যে জড়াতে চাননি, আপনি ২৪৯ জন সদস্যকে এর সাথে জড়িয়ে দিয়ে এটাকে এনড্রোস করতে চেয়েছেন বিধানসভাকে দিয়ে। এত বড়ো বেআইনি কাজ করেছেন। আমি আপনার কাছে অনুরোধ করব, আপনার বক্তব্যর সময় আপনি এই পোর্শানটাকে বাদ দিন, বলুন যে, 'সারদা কোম্পানি বা চিট ফান্ডের টাকা শোধ করবার ব্যাপারে আমরা যে কথা বাজেট বক্তৃতায় বলেছি, সেটা উইথড্র করা হল।' নাহলে এত বড়ো একটা বেআইনি কাজ, আপনি এটাকে প্রশ্রয় দেবেন না, আপনি এটাকে প্রশ্রয় দেবেন না। আমি আপনাকে এই অনুরোধ করব। আপনি শিক্ষিত মানুষ, আপনার প্রতি আমাদের সবার শ্রদ্ধা আছে, আপনি বিনয়ীও বটে, তবে ডঃ মিত্র একটা কথা মাথায় রাখতে হবে, অতি বিনয় কিন্তু মাঝেমধ্যে মনে হয় যে কনফিডেন্সের অভাব আছে। নাহলে আপনি একবার চিন্তা করুন তো ডঃ মিত্র, ১০ তারিখে বাজেট অধিবেশন শুরু হয়েছে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে। আপনি ১৭ তারিখে বাজেট পেশ করবেন। ১৭ তারিখে আপনার বাজেট বক্তৃতার কোনো অংশ যদি আগে বাজারে বেরিয়ে যায় তার জন্য দায়ী কে হবে ? আপনি, না যিনি বের করবেন তিনি। আপনি সংবিধানের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন। এই কথাটা আমি বলছি

এই কারণে আপনি ১৭ তারিখে বাজেট পেশ করেছেন, ১১ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে press conference করে, ক্যাবিনেটের পরে press conference করে এই কথা বলেছেন, দেখুন আপনার বাজেটে লেখা আছে "এই রাজ্যে রাজ্য পরিবহন সংস্থাগুলোতে ৩৭০০ কর্মী নিয়োগ করা হবে।" এটা আছে বাজেটে। ১১ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে বসে যদি এই কথা বলে দেন, তাহলে কি আপনি এই যে বাজেটের যে গোপনীয়তা সেটা ভঙ্গ করেননি ? এটা ফিন্যান্সিয়াল ব্যাপার নয়। সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন—cabinet decision, বাজেটে থাকতে উনি আগে থেকে সিদ্ধান্ত জানিয়ে দেবেন। ডঃ মিত্র এই ব্যাপারটা আপনারও জেনে রাখা উচিত আমরা উত্তরবঙ্গের বিভিন্ন দলের থেকে ৫৪ জন বিধায়ক এখানে আছি, আমার মনে হয় সবাই এটা জানেন। ৩৭০০ যে কর্মী নিয়োগ হবে তার মধ্যে ১৮৫০ জন North Bengal State Transport-এ হবে। আপনি অর্থমন্ত্রী, এখানে পরিবহণ মন্ত্রী নেই, উত্তরবঙ্গ উন্নয়ন বিষয়ক মন্ত্রীও নেই, আপনি জানেন না যে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের কর্মী সংখ্যা ছিল ৩১০০, সারা রাজ্যে যতগুলো ডিপো আছে আপনারা VRS declare করেছিলেন, তাতে সাড়া দিয়েছে ১৯২ জন। সংখ্যাটা এসে দাঁড়িয়েছে ২৯০০ জন। এই ২৯০০ কর্মীর তিন মাসের মাইনে বাবদ বকেয়া ২২ কোটি টাকা। খোঁজ নিন। আর যাঁরা পেনশন পান তাঁরা দু-মাসের পেনশন পাচ্ছেন না নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের। ১৮৫০ জন NBSTC-তে নিয়োগ করবেন বলছেন। আর সেখানে তিন মাসের মাইনে বাবদ ২২ কোটি টাকা বাকি আছে, পেনশনের টাকা বাকি। আপনি যাঁদের নতুন নিয়োগ করবেন তাঁদের কি দেবেন ? তাঁদের কথা কি ভেবেছেন ? আপনি গর্ব করে বলছেন, সরকারি দলের সবাই বলছেন, বিধায়করা বলছেন। Fair Price Medical Shop, এই যে Fair Price Medical Shop, এটাতো দুটো ব্যাপার হয়, একটা ফেয়ার প্রাইস হলে অটোমেটিক্যালি উল্টোদিকে যেটা থাকে সেটা আনফেয়ার। এই আনফেয়ার ব্যাপারটা বুঝতে হবে। Fair Price Medical Shop সবাই জানেন, ডাক্তারবাবুরা সবাই জানেন, আমাদের মতো বেচুবাবুরাও জানেন। Paracetamol 500 mg. brand name Calpol। সবাই জানেন একটা কিনতে গেলে একটার দাম এক টাকা। Paracetamol 500 mg. দুটো ভালো কোম্পানির নাম বলছি Cipla, Ranbaxy, জারে করে বিক্রি করে দাম ৩০ পয়সা। কমে গেল 70%, less। Calpol 500 mg. দাম হচ্ছে এক টাকা, Cipla, Ranbaxy-র Paracetamol 500 mg. দাম হচ্ছে ৩০ পয়সা।

[3.00—3.10 p.m.]

এবার আমি আপনাকে বলি, তাহলে এর জন্য ফেয়ার প্রাইস মেডিকেল শপের দরকার নেই স্যার। এটা কিন্তু সব জায়গায় পাওয়া যাচ্ছে। তবু দাবি করছেন, ভালো। আমি আমার বক্তব্য শেষ করবার আগে এক মিনিট সময় ম্যাডাম আপনার কাছে চাইব। আমি বলছি, যে কংগ্রেস সম্বন্ধে নানা কথা বলছেন, কেন্দ্রীয় সরকার সম্বন্ধে নানা কথা বলছেন, আমরা জানি। সারের দাম বাড়িয়েছে, ডিজেলের দাম বাড়িয়েছে, পেট্রোলের দাম বাড়িয়েছে, কেরোসিনের দাম বাড়িয়েছে। স্টোন ম্যান—কংগ্রেস বা কেন্দ্রীয় সরকার হচ্ছে স্টোন ম্যান।

রাতে যারা ফুটপাতে শুয়ে থাকে তাদের মাথায় পাথর মেরে নৃশংসভাবে যারা হত্যা করে তাদের বলে স্টোন ম্যান। আপনি কি করেছেন ? ২০১১ সালের মে মাসে আপনি যখন এই আসনটায় বসেন, আমাদের রাজ্যে এক ইউনিট বিদ্যুতের অ্যাভারেজ দাম ছিল ৩ টাকা ৩৪ পয়সা। আজকে এক ইউনিট বিদ্যুতের এই রাজ্যে অ্যাভারেজ দাম হচ্ছে ৬ টাকা ১৩ পয়সা। দাম বৃদ্ধি পেয়েছে ২ টাকা ৭৯ পয়সা। পার্সেন্টের হিসাবে ৮৩ পয়সা। কংগ্রেস যদি স্টোন ম্যান হয় তাহলে আপনি হলেন সাইলেন্ট কিলার। আপনি নীরবে মানুষকে হত্যা করছেন। আপনি কংগ্রেসের কথা বলছেন, আপনি আয়নার সামনে গালিবকে বলছেন। আমি বলব যে, আয়নাটাকে মুছে নিজের মুখটাকে পরিষ্কার করে আয়নায় দেখুন। বুঝতে পারবেন যে কি কাজ করছেন। আমি, আপনাকে প্রথম বাজেটের সময় বলেছিলাম যে, আপনি cosmetic surgeon না হয়ে আপনি general surgeon হন। মানুষের সিমটম দেখে, রোগ দেখে আপনি তার রুটটাকে বের করবার চেষ্টা করুন। আপনি বোঁচা নাক টিকালো করে সুন্দরী করবার চেষ্টা করছেন। ও দিয়ে মানুষের প্রাণ বাঁচানো যাবে না। আপনি সার্জেন হয়ে মানুষের প্রাণ বাঁচান। এইক কথা বলে, আপনার বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনাকে নমস্কার জানিয়ে বলি যে, আমাদের.....

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : Do not disturb please, do not disturb. Please do not disturb. Dr. Maji please do not disturb. অপোজিশান বেঞ্চকে অনুরোধ করছি please do not disturb. এবার আপনারা বললে ওরা ডিসটার্ব করবে।

শ্রী তমোনাশ ঘোষ : ডঃ মিত্র যে বাজেট পেশ করেছেন গত ১৭ তারিখে.....

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : যে বলছে তাকে বলতে দিন। প্লিজ, ডিসটার্ব করবেন না। Carry on Mr. Ghosh.

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র, আপনাকে আমি সশ্রদ্ধ নমস্কার জানাচ্ছি। আপনি সম্মানীয় হরিপদ মিত্রের পুত্র বলে আপনাকে সম্মান জানাচ্ছি না। আমি সম্মান জানাচ্ছি এই কারণে যে, আপনি অত্যন্ত সাহসিকতার সঙ্গে একটা বাজেট পেশ করেছেন। আমরা পড়ে দেখলাম যে প্রায় ৩৮ পাতার একটি বাজেট আপনি প্লেস করেছেন এখানে, যা নিয়ে আলোচনা চলছে। উদয়নবাবুরা একটু আগে অংশগ্রহণ করেছেন। তার আগে কংগ্রেসরা করেছেন। আমি আমার দলের তরফ থেকে, সরকারের তরফ থেকে বলি যে, আপনাকে এই কারণে বারবার সম্মান জানাচ্ছি, শ্রদ্ধা জানাচ্ছি যে, একটা বিরাট আর্থিক বিশৃঙ্খলা, একটা বিরাট আর্থিক সংকট। এক হচ্ছে, আমাদের সামনের বাম বন্ধুরা—৩৪ বছর, আর আমার ডানদিকে কতিপয় চারজন বসে আছেন কংগ্রেসের। এরা উভয় মিলে

গোটা দেশটা বরবাদ করে দিয়েছে। দেশ ৪৭ সালে স্বাধীন হয়েছে এবং এই ৪৭ সালের স্বাধীনতার পর ৬৮ বছর কেটে গেল। যদি রাজনৈতিক পরিসংখ্যা দেখা যায় তাহলে দেখবেন এই আমার ডান দিকের বন্ধু কংগ্রেসরা দেশ চালিয়ে গেছেন প্রায় ৫০ বছরের ওপর। আর এনারা চালিয়েছেন ৬৮-র অর্ধেক ঠিক ৩৪টা বছর। আর এই দুজনের ভ্রান্ত অর্থনীতির ফলে এমন একটি সংকট পশ্চিম বাংলায় তৈরি হয়েছে যেখানে ঋণের বোঝায় এই রাজ্যের প্রায় পঙ্গুর মতো অবস্থা হয়েছে। এখানে দাঁড়িয়ে ডঃ মিত্র যে বাজেট পেশ করেছেন আপনারা লক্ষ্য করেছেন কি না জানি না, আমি অনেকক্ষণ ধরে লক্ষ করছিলাম উপরে বেশ কিছু মেয়েরা আমাদের বাড়ির বোনেরা বসেছিল, অনেক, প্রায় ৫০ জন মেয়ে। কোনো স্কুল বা কলেজ থেকে এসেছে। তাদের মুখগুলো আমি follow করছিলাম যে, কন্যাশ্রী নিয়ে আলোচনা হলে ওরা খুব আনন্দ পাচ্ছে, উৎসাহ পাচ্ছে। আর উদয়নবাবু যেই বলতে আরম্ভ করলেন সব বেরিয়ে গেল। (নয়েজ) কারণ, ওরা জানে যে উদয়নবাবু আমাদের সম্পর্কে কিছু বলবেন না। ১৫ লক্ষ এইরকম মেয়েদের ভবিষ্যৎ নিশ্চিত করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, প্রতিশ্রুতি দিয়েছেন আরো ২০ লক্ষ করবেন, অমিত মিত্র মহাশয় বলেছেন করবেন। খুব আনন্দ পাচ্ছিল মেয়েরা। কেন যে আপনি এইসব কথা বলতে উঠলেন যে ওরা ওখান থেকে চলে গেল। ওরা আরো কিছু জানতে পারত, শিখতে পারত, আপনাদের জন্য বিদায় নিল। যাই হোক, আমি রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কথা বলে আমার সংক্ষিপ্ত বক্তব্য আপনাদের কাছে বলব, কারণ দশ মিনিট সময়, খুব বেশি বলার স্কোপ কম। রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, 'ভিক্ষা করে যা আমরা পাই, তা আমাদের আপন নয়। উপার্জন করে যা আমরা পাই, তার উপরে আমাদের আংশিক অধিকার। কিন্তু নিজের শক্তিতে যা আমরা সৃষ্টি করি, তাদের উপরই আমাদের সম্পূর্ণ অধিকার। এ বাজেটটায়, এ নিজের শক্তিতে সৃষ্টির একটা নিহিত অর্থ লুকিয়ে আছে। সেই জন্যই আমি আবার অমিতবাবুকে নমস্কার জানাচ্ছি। আমি খালি অবাক হয়ে যাচ্ছি যে, এই যে আমাদের ডানদিকে কংগ্রেস সরকারের যাঁরা বসে আছেন এখানে, এর আগের দিন মানস ভূঞ্যা হাত-পা নেড়ে, ভালো বক্তা, অনেক কথা বলে গেলেন। একবারও কি বলেছেন যে, এবারে চিদাম্বরমজি যেদিনকে বাজেট পেশ করলেন সেদিনকে অমিতবাবু করলেন। চিদাম্বরমজি যেটা পেশ করলেন, বাজেটটা পেশ করলেন, সেটা পড়ে দেখেছিলেন ? তাতে কি বলেছেন চিদাম্বরমজি, আর আগের বারে কি বলেছিলেন। যদিও [***] এই হাউসের সদস্য নন তবু আমি জানছি [***] নাম হিসাবে, তিনি প্রাক্তন অর্থমন্ত্রী ছিলেন। তিনি বললেন যে, শুল্কের উপর ছাড় দিয়ে বিক্রি বাড়াবো। এবং তাতে আমার আরও কিছুটা আয় হবে। সেই পথে চলতে গিয়ে দেখা গেল ভারতবর্ষের রাজকোষ শূন্য হল। সেদিন প্রথম যিনি সমালোচনা করেছিলেন তাঁর নাম হচ্ছে পি. চিদাম্বরম। অথচ, দেখুন আবার এই চিদাম্বরম এবারে যখন আবার বাজেট পেশ করলেন, সেই বাজেটে দেখা গেল ঠিক একই নীতি, ওই [***] ফেলে দেওয়া ছেঁড়া জুতোর উপর গলিয়ে প্রাক্তন অর্থমন্ত্রীর জুতো গলিয়ে তিনি এবারের বাজেট পেশ করলেন, তাতে তিনি কি করলেন, তাতে আমরা দেখতে পাচ্ছি যে, তিনি এবার শুল্কে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

ছাড় ১২% থেকে কমিয়ে ১০% করলেন। অতএব, এক্ষেত্রেও যে রাজকোষ আবার শূণ্য হবে তাতে কোনো সন্দেহ নেই। এবং আজকে এই যে, ভ্রান্ত অর্থনীতি, এই অর্থনীতির ফলে আজকে গোটা দেশটা একটা পঙ্গু হতে চলেছে এবং আপনারা জানেন যে, আজকে আমাদের এই দ্রুত বেড়ে চলেছে সরকারি আয়-ব্যয়ের যে ঘাটতি, এটাকে সামাল দেওয়ার মতো কিছু নেই। আজকে আমাদের মূল্যবৃদ্ধির হার ৮.৫%। আজকে কোথায় আমরা দাঁড়িয়ে আছি। বাজারে গেলে বোঝা যায় যারা স্বল্প রোজগার করে তাদের অবস্থা। রাজ্যের সরকার ভাবার আগে কেন্দ্রীয় সরকারের ভাবার কথা। তাঁরা ভাবছেন কিনা আমরা জানি না। তা যদি ভাবতেন তাহলে ভারতবর্ষের এই চিত্রটা হত না। একদিকে পাহাড়প্রমাণ দুর্নীতি আর একদিকে দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিদিন বেড়ে চলেছে। আমি এ সম্পর্কে একটা ছোট্ট গল্প বলি, একদিন এক গৃহকর্তা একটা বড়ো মাছ, তোমাদের মনোজ, তোমাদের বাড়ির পুকুরের মাছ, জ্যান্ত মাছ একটা ধরে এনেছে। ধরে এনে বলছে গিন্নিকে যে, এটা আজকে একটু রান্না করে দাও। তিন-চার রকম পদ-টদ বলেছে। ওই মাছ ভাজা, তারপরে ওই ভালো সরষে দিয়ে, তারপরে একটু ঝাল-টাল। এবার এটা বলা মাত্রই, বউ তেতে রীতিমতো কাটারি নিয়ে কাটতে গেছে স্বামীকে। সেই স্বামী কি করল জানেন, ওই জ্যান্ত মাছটাকে তুলে নিয়ে ওই তোমার মতো পুকুরে নিয়ে গিয়ে ফেলে দিল। আর যখন পুকুরে ফেলে দিল, তখন দেখা যাচ্ছে মাছটা বলছে যে, [*** ***] জিন্দাবাদ।

মিঃ স্পীকার : এই নামগুলো যাবে না। দুটো নাম যাবে না।

শ্রী তমোনাশ ঘোষ : মাপ করবেন, এই নামগুলো যাবে না। কিন্তু নামগুলো বলেছে স্যার।

মিঃ স্পীকার : আর [***] যাবে না। আমি ওটাও বাদ দিতে বলছি।

শ্রী তমোনাশ ঘোষ : এখন স্যার, ওখানে কি হল, ওই ভদ্রলোক তখন বললেন, আমি মাছটা, আমার গিন্নি কেটে, ভেজে আমাকে খাওয়াবে বলে, সেই মাছটা তুলে এনে গিন্নির কাছ থেকে বাঁচিয়ে তোমায় জলে ফেলে দিলাম, কোথায় তুমি আমার নামে জিন্দাবাদ দেবে, তা না দিয়ে তুমি ওদের নামে জিন্দাবাদ দিলে কেন ? ওদের নীতির জন্য আজকে মূল্যবৃদ্ধি হয়েছে, মূল্যবৃদ্ধির জন্য গ্যাস, পেট্রোল, তেল সবকিছুর দাম বেড়েছে। মাছটা ভাজতে গেলে অনেক খরচা হবে, গিন্নির গালাগালির ভয়েই আমি জলে দিয়ে এলাম। তাই আমি তাদের নাম করেছি—যারা জিনিসের দাম বাড়াচ্ছেন—ওই ওদের সরকার স্যার। নাম বলা যাবে না বলে নাম বললাম না। যাই হোক, ওদের কষ্ট হচ্ছে আমাদের সরকারের ব্যাপারে। এই যে একটু আগে বলে গেলেন, আর্থিক বঞ্চনার কথা, এই ব্যাপারটা আপনারা কেন ফাইনান্স কমিশনের কাছে গিয়ে জানালেন না।

[3.10—3.20 p.m.]

বিশিষ্ট ভদ্রলোক, তিনি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সঙ্গে করে নিয়ে দিল্লিতে মন্টেক সিং আলুওয়ালিয়াকে তিনি বলতে গিয়েছিলেন, এই বঞ্চনার কথা, যে আমাদের

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

টাকা আমরা ধার করিনি, আর একজন করেছে, আমাদেরকে অন্তত দুটো বছর সময় দিন। যে অন্তত আমাদের টাকাটা কাটবেন না, একটু উন্নয়নের কাজ করি, তারপর আমরা শোধ দেব। আমরা বলছি না দিতে হবে না, আমরা দেব। কিন্তু আমাদের দুটো বছর সময় দিন। এই কথাটাই জানাতে গিয়েছিলেন, কি হল! এই এস.এফ.আই.-এর গুণ্ডারা অমিতবাবুকে ধরে মারধর করল, গোটা পৃথিবী তাকিয়ে দেখল, গোটা দেশ দেখল। আপনারা তাদেরকে সমর্থন করেন অনেক সময়, এদের ক্যারেক্টারটাই হচ্ছে এই রকম। তো, সেইখানে দাঁড়িয়ে আজকে আমাদের এই রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী একটা ভঙ্গুর অবস্থা থেকে বেরিয়ে আসার চেষ্টা করছে। আজকে বাজেট তো একটা রাজ্যের হয়, একটা রাষ্ট্রের হয়, একটা ক্লাবের হয়। পুজো করতে গেলে যে, সুজিত বোস পুজো করে, বাজেট করতে হয়। তোমরা পুজোয় বিশ্বাস কর ওরা বিশ্বাস করে না। তাহলে তোমরাও দেখবে বাজেট, সব জিনিসেরই একটা বাজেট হয়। উনি একটা বাজেট করেছেন যে আমার রাজ্যটা কিভাবে চালাতে হবে। আমি কত টাকা আয় করব এবং কত টাকা আমি ব্যয় করব। এবং সেই ব্যয়গুলো আমি কোথায় কোথায় করব। আমি ঋণ করে আয় বাড়াব, বাড়িয়ে আমি ঘি কিনে ঘি খাব আর ধার বাড়াব, যেটা করে গেছেন ওঁরা, কেন্দ্রীয় সরকার তোমরা যেটা করছো, উনি তার বাইরে যেতে চান। উনি তার বাইরে হেঁটেছেন বলেই আজকে তিনি কি বলেছেন, আজকে দেখা যাচ্ছে সেই টাকা তিনি বিভিন্ন খাতে, উনি খরচা করছেন এবং সেই খরচায় আমরা একটা প্রথম যদি দেখি যে জি.ডি.পি. বৃদ্ধি আমাদের রাজ্যে যখন ৭.৭, তখন ওই মনোজবাবুদের —রাজ্যে—৪.৯ কেন্দ্রে, এত বরাই করছেন। কৃষিতে আমাদের ৫.২৮, কেন্দ্রে ৪.৬। শিল্পে আমাদের ৯.৫৮, ওদের ০.৭। পরিষেবার ক্ষেত্রে বৃদ্ধি, ওদের যখন ৬.৯, আমাদের তখন ৭.৮। তো, ওনাকে ধন্যবাদ জানালে কিছু অপরাধ হবে, কিছু ভুল হবে ? যিনি একটা এই রকম ৩৪ বছরে একটা অরাজক অবস্থা তৈরি করে গেছেন, বিশৃঙ্খলা তৈরি করেছেন এঁরা—এঁদের সরকার, সেখান থেকে একটা সরকারকে তুলে ধরছেন আজকে, বিভিন্ন পরিকল্পনার মধ্যে। কি পরিকল্পনা—শিশু-কন্যার কথা আমি আগেই বলেছি, কন্যাশ্রী। আপনারা ব্যঙ্গ করেছেন, সূর্য্যবাবুকে দেখেছি ব্যঙ্গ করতো বাংলার মানুষ একদিন তার বিচার করবেন। উনি কন্যাশ্রীকে বিশ্রী বলেছেন। বিশ্রী কি কন্যাশ্রী কি হতশ্রী সেটা আগামী দিনে যখন আবার নির্বাচন আসবে, আগামী ১৫ বছর ওইখানে বসে থাকতে হবে। আমরা বসে বসে দেখব। আরো ১৫টা বছর, ৫টা বছর গেল, আরো ১৫টা বছর। আপনারা চোখের সামনে থাকবেন, আমরাও থাকব। আজকে সেই জন্য আমাদের এই দরিদ্র মানুষদের জন্য ২ টাকা করে চাল দিচ্ছেন। ৫ টাকায় ৭৫০ গ্রাম গম দিচ্ছেন। এগুলো ভাবতে পারছেন। আজকে আমাদের যাদের মাসিক আয় সাড়ে ৮ হাজার টাকা, একদম নীচু ক্লাসের মানুষ, যাদের জীবনকে আপনারা অতিষ্ঠ করে দিয়েছেন, এই দুইজনে মিলে, সেই মানুষগুলোকে বাঁচাবার জন্যে আজকে আমাদের বৃত্তি কর উনি মকুব করেছেন। উনি আজকে যাঁরা পেশাদার, যাঁরা ব্যবসায়ী, ৬০ হাজার টাকা পর্যন্ত আয় করতেন, আগে ৮ হাজার টাকা আয় করলেই তাঁদের ট্যাক্স দিতে হত। উনি ৬০ হাজার টাকা পর্যন্ত তাঁদের ছাড় দিয়েছেন। এটা মা-মাটি-মানুষের সরকার নয়, এটা ডাউনস্টেয়ারের যে মানুষগুলো

আছেন, তাঁদের বাঁচাবার তাগিদ উনি দেখাননি। তাহলে ওনাকে ধন্যবাদ আপনি জানাবেন না ? উনি উদয়নবাবু, বিনয়-টিনয় অনেক কথা বলে গেলেন, এই কথাগুলো তো তিনি বললেন না। ছোটো ব্যবসায়ীদের ৫ লক্ষ টাকা পর্যন্ত আয় করে বৃত্তি ছাড় দিয়েছেন এবং আগামী বছরে আমাদের ১৬ লক্ষ মানুষকে চাকরি দেবার ব্যবস্থা হয়েছে, কোথায় চাকরি দেব আমরা ? অনেকে প্রশ্ন করেছেন, অনেকে ব্যঙ্গ করেছেন। আজকে বড়ো বড়ো ব্যবসায়ীদের কনসেপ্টটা কি ? মোর ইনভেস্টমেন্ট, মোর প্রফিট, লেস এমপ্লয়মেন্ট। আজকে সেখানে দাঁড়িয়ে যুদ্ধ করতে হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়কে। আজকে তারা এইটুকু জমিতে ব্যবসা করতে চাইছে না, বিশাল জমি নিয়ে ব্যবসা করতে চাইছে। যেটা বুদ্ধদেববাবু ওদের ফাঁদে পড়েছিলেন। যে ফাঁদে পড়ে তিনি আজকে গদি ছেড়ে চলে গেলেন। আমরা সেই ফাঁদে পড়তে চাই না। আমরা সেই জন্য যেটা চাই, সেটা হচ্ছে যে, ছোটো ছোটো ক্ষুদ্রশিল্পের উপরে মানুষকে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। পরিবহণে ওখানে এনগেজমেন্ট দেওয়া, সেখানে আমরা বিভিন্ন নামের মধ্যে দিয়ে কর্মচিত্ত গতিধারা এইসবের মধ্যে দিয়ে আমরা এমপ্লয়মেন্ট-এর সুযোগ করে দিচ্ছি। আজকে আপনারা এই ভালো কাজগুলোকে সমর্থন করবেন না ? তাই তো আমি আমার শেষ কথাটা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের কথা দিয়েই শেষ করি, শুরু করেছিলাম, "যার ভয়ে ভীত তুমি, যার ভয়ে ভীত তুমি, সে অন্যায় ভীরু তোমায় সয়, তোমার চেয়ে, যখন জাগিবে তুমি তখনি সে পালাবে বলে।" আজকে পালিয়ে যাওয়ার রাস্তা আপনাদের হয়েছে, আপনারা পালাবেন, আমরা জেগে আছি, আমরা মানুষকে পাহারা দেব। আমি ডঃ অমিত মিত্র মহাশয়ের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম, নমস্কার।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী এই মহতী সভায় যে বাজেট বিবৃতি দিয়েছেন তার ওপরে আমি কয়েকটি কথা আলোচনা করছি। প্রথমেই মাননীয় বিধায়ক মিঃ চক্রবর্তী মহাশয় তিনি বলেছেন কন্যাশ্রী প্রকল্প নিয়ে। ভালো কথা। তিনি বলেছেন হাঁড়ির একটা ভাত টিপলে গোটা হাঁড়িতে ভাত হয়েছে কিনা সেটা বোঝা যায়। যাঁরা ভাত রান্না করেন, যে মায়েরা ভাত রান্না করেন, তাঁদেরকে জিজ্ঞেস করলে বোঝা যাবে, হাঁড়ির একটা ভাত যখন তোলা হয় তখন হাতল দিয়ে গোটা হাঁড়িটাকে নাড়িয়ে নেওয়া হয়। নাড়িয়ে নেওয়ার পরে একটা ভাত তোলা হয়। এই কারণে যে হাঁড়ির নীচে তাপটা যদি বেশি পরিমাণে লাগে তাহলে নীচের থেকে ভাতগুলো পুড়তে শুরু করে। চাল অবস্থায় ভাত পুড়ে যায়, ভাত গালানোর দরকারই পড়ে না। ওপর থেকে যদি একটা হাতল দিয়ে একটা ভাত তোলেন তাহলে বোঝা যাবে না যে আপনার গোটা হাঁড়িতে ভাতটা সিদ্ধ হয়েছে কিনা। আপনি বুঝতে পারবেন না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন কন্যাশ্রী প্রকল্পের জন্য তিনি টাকা বরাদ্দ করেছেন। কিন্তু আমরা আশ্চর্যভাবে লক্ষ করে দেখছি যে কন্যা হওয়ার আগে—যাকে কন্যাশ্রী প্রকল্পের মধ্যে আসতে হবে—সেই কন্যাটা প্রথমে শিশু থাকে। শিশু আগে গর্ভবতী মায়ের গর্ভে থাকে। তারপরে শিশু হয়। তারপরে সে কন্যা হয়। স্যার, আপনার বাজেট বক্তৃতায় আমরা লক্ষ করে দেখেছি কন্যাশ্রীকে যতটা গুরুত্ব দেওয়া হয়েছে সেইভাবে নারী ও শিশু কল্যাণ বিষয় দপ্তরকে গুরুত্ব দেওয়া হয়নি এবং

বাজেটে সেই বিষয়ে কোনো কথা পরিষ্কারভাবে উল্লেখ করাও হয়নি। স্যার যদি শিশুই না থাকে তাহলে কন্যা আসবে কোত্থেকে। কন্যা আসবে, তারপরে তো আপনি কন্যাশ্রীকে অর্থ দেবেন। এখানে আমরা যে বক্তব্যটা দেখছি, নারী ও শিশু কল্যাণ বিষয়ক দপ্তরের একটা গুরুত্বপূর্ণ প্রকল্প হচ্ছে আই.সি.ডি.এস.। আই.সি.ডি.এস.-এ আমাদের রাজ্যে ২.৩ লক্ষ ওয়ার্কার এবং হেল্পার কাজ করে। স্যার মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে আপিল করা সত্ত্বেও তেত্রিশ মাসের মধ্যে একটা টাকা অঙ্গনওয়ারি কর্মী এবং সহায়িকাদের জন্য বাড়ানো হয়নি। যারা দিনরাত পরিশ্রম করে, গর্ভবতী মায়েদের সেবা করে, শিশুদের স্বাস্থ্যের সেবা করে, তাদের পুষ্টি সম্পর্কে চিন্তা-ভাবনা করে তাদের সম্পর্কে চিন্তা করা হয়নি। যদি এই অঙ্গনওয়ারি কর্মীরা উৎসাহিত হতে না পারে তাহলে গর্ভবতী মা, প্রসূতি মায়েদের স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি পরিচর্যাও ঠিকভাবে হবে না। আর তা যদি না হয় তাহলে অনেক শিশু মারা যাবে। শিশু পৃথিবীর বুকে আসবে না। আর শিশু যদি পৃথিবীর বুকে না আসে তাহলে কন্যাশ্রী কোথায় নিয়ে যাবেন ? কাকে কন্যাশ্রী দেবেন ? সেক্ষেত্রে স্যার আমি আপনার কাছে আবেদন করব নারী এবং শিশু বিষয়ক যে দপ্তর আছে তাকে আপনার সরকার অবহেলিত করছে। তেত্রিশ মাসের মধ্যে একটা টাকাও বাড়ানো হয়নি। এবারেও বোধহয় বাড়ানো হবে না। ২০১০-১১ সালের যে বাজেট, সেই বাজেটে বিগত বামফ্রন্ট সরকার তারা এই কর্মীদের বেতন বৃদ্ধি করে গিয়েছিলেন, যা এখন ৪৩৫০ এবং তারপরে ১৮৫০ করে তাঁরা পাচ্ছেন। আমি অনুরোধ করব আপনি কন্যাশ্রী প্রকল্প নিয়ে নিশ্চয় চিন্তা-ভাবনা করেছেন, এটার ভালো দিক লক্ষ রাখবেন। আমরা লক্ষ করে দেখেছি এই বাজেটের মধ্য দিয়ে মাইনরিটি, সংখ্যালঘুদের নিয়ে ভাবা হয়নি। কিছু কিছু চমকপ্রদ রং লাগানোর কথা বলা হয়েছে। কৃষিক্ষেত্রে কৃষকরা আজকে ন্যায্য ফসলের মূল্য পাচ্ছেন না। আপনি বলছেন যে, আমার গোলা, আমার বাড়ি, আমার গাড়ি, আমার ফসল। কিন্তু এই ফসল, বাড়ি, গোলা—কৃষকরা যদি ফসল উৎপাদন করতে না পারে তাহলে গোলায় কি হবে, গাড়ির কি হবে। সেই জন্য এই বাজেটটা কোনোমতে সমর্থন করতে পারছি না। এটা রং দেখানো বাজেট। আমি একটা হিন্দি কবিতা আপনার সামনে রেখে আমার বক্তব্য শেষ করব, এই যে মুখোশ পড়ে ঢেকে রেখেছেন বাজেটটাকে—আসলিয়া ছুপ নাহি সকতি, পরদা ওঠানেকো বাদ, হেনা রং লাতি হ্যায় পাথর পর ঘিস জানে কে বাদ। রং জিতনা ভি চাহো খুশবু আ নাহি সকতি, কাগজ কি ফুলো সে। আউর জিতনা ভি খুশবু লাগাও, গন্ধ ছুছুন্দার যা নহি সাকতা চামেলি কি তেলো সে—এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3.20—3.30 p.m.]

Mr. Speaker: Hon'ble Members, I have received one communication from Shri Bratya Basu, Hon'ble Minister wherein he has requested to produce a copy of the proceedings of the House containing debates and discussions for passing of the West Bengal School (Control of Expenditure) Bill, 2005 in connection with a case

pending before the Apex Court. The case will come up for hearing on 24.02.2014. The request may be complied with for administration of justice. I think the House has the consent to do this ; ....(pause).... so there being no dissident voice, I think the House has the consent to this.

Thank you.

The Secretary will take necessary action accordingly.

শ্রী হিতেন বর্মণ : অনারেবল স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি এই হাউসে পেশ করেছেন স্বাভাবিক কারণেই এই বাজেট বিবৃতি একটা সরকারের বিভিন্ন দপ্তরের বাজেটের একটা অভিমুখ। তাই তিনি যে বাজেট বিবৃতি এই হাউসে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। বিগত বামফ্রন্ট সরকারের জমানায় তাদের অর্থমন্ত্রীর দেওয়া লাস্ট বাজেট বিবৃতি আমি পড়েছি এবং তার সঙ্গে এই বাজেট বিবৃতির তুলনামূলক পার্থক্যটা হচ্ছে এই, আগের সরকারের সময় বাজেট বিবৃতি সংখ্যা তথ্য দিয়ে ভারাক্রান্ত থাকত, নতুন কোনো দিশা তার মধ্যে ছিল না। আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির মধ্যে সংখ্যা তথ্য নিশ্চয় আছে, কিন্তু তা সাধারণ মানুষের বোধগম্য। তিনি একটা নতুন দিশা মানুষের কাছে তুলে ধরেছেন, সেই কারণেই আমি এই বাজেট বিবৃতিকে সমর্থন করছি এবং তার প্রশংসা করছি। দ্বিতীয় আরেকটি কথা আমি বলব, যেটা বাজেটের সঙ্গে সম্পর্কিত নয়, তবুও বলতে চাই, দুদিন ধরে আলোচনা শুনছি, বিশেষ করে কংগ্রেসী বেঞ্চ থেকে যে বক্তারা বক্তব্য রাখলেন, এক এক সময় আমার মনে হচ্ছিল আমি বোধহয় দিল্লীতে বসে কেন্দ্রীয় বাজেটের উপর বক্তব্য শুনছি। মাননীয় স্পীকার মহাশয়, আমি শুধু এইটুকু বলতে চাই, কেন্দ্র-রাজ্য সম্পর্ক একটা বাজেটের প্রতিফলনে থাকবে, কিন্তু বন্ধুরা একথাও জানেন, আমাদের সংবিধান যখন তৈরি হল তখন তার মুখবন্ধে প্রথম যে কথাটি লেখা আছে—India is a social welfare state. ভারতবর্ষ একটি সমাজকল্যাণমূলক রাষ্ট্র, এখানে কোনো রাজ্য সরকারের সঙ্গে দর কষাকষি বা সুদের আলোচনা এই সমস্ত বিষয় নয়, সাংবিধানিক যে বাধ্য-বাধকতা তার উপর ভিত্তি করেই এই সোসাল ওয়েলফেয়ার স্টেট নামকরণটা হয়েছে। তবে কেন্দ্রীয় সরকার যে অর্থ দিচ্ছেন তারা বলেছেন সেই অর্থ তাদের নিজের অর্থ নয়। এই প্রসঙ্গে কালকে মাননীয় সদস্য সুখবিলাসবাবুর কথা একটু উল্লেখ করতেই হয়। যে ট্যাক্সের টাকা দিল্লীতে যাচ্ছে তার অংশ আমরা পাচ্ছি না। এই যে আমরা চিৎকার করছি সরকার, সেটা ঠিক নয়। কোন ট্যাক্সের কথা উনি কালকে শোনালেন ? যেটা ডাইরেক্ট ট্যাক্স। বেশি আলোচনাতে যাব না। ডাইরেক্ট ইনকাম ট্যাক্সের কথা উনি বললেন কিন্তু কেন্দ্রীয় কোষাগারে যে ইনডাইরেক্ট ট্যাক্স রাজ্যের মানুষের কাছ থেকে নেওয়া হয়, তার হিসেবের মধ্যে কিন্তু গেলেন না। ব্যাঙ্কিং সেকটারে যে ট্যাক্স আমরা দিই। পোস্টাল ডিপার্টমেন্টে, রেলওয়ে ডিপার্টমেন্টে, ইন্সিওরেন্সে এমনকি আমাদের কৃষকের যে পণ্য বিদেশে বিক্রি হয়, ধরুন, পাট আমরা আবাদ করি। পাট

পাকিস্তানে বিক্রি হয়। সেখানে ইমপোর্ট ট্যাক্স কারা পান ? কেন্দ্রীয় সরকার পান। বাংলাদেশে আমাদের তরাই ডুয়ার্সের পাথর বাংলাদেশে বিক্রি হয়। তার ইমপোর্ট ট্যাক্সটা কে পাচ্ছে, সেন্ট্রাল পাচ্ছে। কাজেই ইনডাইরেক্ট ট্যাক্সের কথা কিন্তু তারা বলেনি। কাজেই ডাইরেক্ট এবং ইনডাইরেক্ট ট্যাক্স মিলে যে টাকা কেন্দ্রীয় কোষাগারে জমা হয়, ভারতবর্ষের সংবিধান অনুযায়ী, তার নিয়ম অনুযায়ী রাজ্য সরকারগুলিকে টাকা দিতে তারা বাধ্য। কাজেই এটা কেন্দ্রের টাকা, কেন্দ্রের টাকা বলে একটু মিস লিড করা হচ্ছে। টাকা জনগণের টাকা। এবং যে টাকা রাজ্যের মানুষের কাছ থেকে নিয়ে যায় তারই যে প্রাপ্য অংশ, সেই অংশটাই রাজ্যের সরকার বারে বারে দাবি করছে। মাননীয় স্পীকার মহোদয়, বাজেটের বিভিন্ন আলোচনায় যাওয়ার নিশ্চয় আমার সময় নেই, আমি খালি উত্তরবঙ্গ সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী যে কথাগুলো বলেছেন, তার সম্পর্কে দু-একটি কথা উল্লেখ করতে চাই। এটি নিশ্চিতভাবে আমরা মনে করি যে, এবারে আপনি ৩৬ পৃষ্ঠায় যে বিবৃতিটা দিয়েছেন এটাতে আমাদের উত্তর বাংলার যে হাজারে হাজারে গরীব চা শ্রমিক আছেন সেই শ্রমিকদের স্বার্থে একটা বিশাল পদক্ষেপ নিয়েছেন, চা-বাগানের শ্রমিকদের যেমন পাশাপাশি রেশন দেওয়ার ব্যবস্থা, তার সাথে সাথে এই শ্রমিকরা যদি বাগান বন্ধ হয়ে যায়, তার খাদ্যশস্য চালিয়ে যাওয়ার কথা বাজেট বক্তৃতায় বলেছেন। আরও একটা ভালো পদক্ষেপ চা শিল্পের বিকাশের জন্য কর্মসংস্থান সেস, শিক্ষা সেস মুকুব করার প্রস্তাব আপনি করেছেন। এই সেস মুকুবের ফলে নিশ্চিতভাবে আমাদের উত্তর বাংলার আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে চা শিল্পে একটা বিরাট ভূমিকা, সেটা নিশ্চয় উত্তরবাংলার আর্থ-সামাজিক উন্নয়নের আমাদের কাজে লাগবে। ১৮ পৃষ্ঠায়, খেলাধুলা যুব কল্যাণ বিষয়ে উল্লেখ করেছেন তাতে উত্তরবঙ্গের কোচবিহার-উত্তর দিনাজপুর ইন্ডোর স্টেডিয়াম তার জন্য অর্থ মঞ্জুর করেছেন। সেজন্য আপনাকে আমরা ধন্যবাদ দিই। ২০ পৃষ্ঠায়, এ.ডি.বি.-র সাহায্যে যে নেপাল-বাংলাদেশ ও ভারত-ভুটান করিডরের উন্নয়ন সাধন এটাও উত্তরবাংলার আমাদের মানুষের যাতায়াতের পক্ষে নিশ্চিতভাবে খুব কাজে লাগবে। কাজেই এই বিষয়গুলোর জন্য আমরা আপনার বাজেটকে সমর্থন করছি। কালকে কোচবিহার জেলা সম্পর্কে আমাদের সুখবিলাসবাবু বলেছেন। তিনি হাউসকে কিছুটা বিভ্রান্ত করেছেন বলে আমি মনে করি। সেই জন্যে দু-একটি কথা বলা দরকার। উত্তরবঙ্গের উন্নয়ন বিভাগ, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ সৃষ্টিটাই তো হচ্ছে এই সরকারের উত্তরবঙ্গে একটা মাইল-স্টোন। আগের বামফ্রন্টের বন্ধুরা এখানে বসে আছেন। বারে বারে চিৎকার করা হয়েছিল যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদ আছে, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ ছিল। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ ছিল। দুই উন্নয়ন পর্ষদের মন্ত্রী ছিল। কিন্তু উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কোনো মন্ত্রী ছিল না। এবারে তো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরকারে আসার পরে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ তৈরি করলেন। শুধু বিভাগ নয়। ২০০ কোটি টাকা বরাদ্দ করেন, যার মন্ত্রী মাননীয় গৌতম দেব। উত্তরবাংলার উন্নয়নে এই টাকা খরচ হচ্ছে। এবারে তার বরাদ্দটা ৩৭৫ কোটি টাকায় নিয়ে গেছেন। নিশ্চিতভাবে উত্তরকন্যার মাধ্যমে প্রশাসনিক সুবিধা হবে, উন্নয়নের গতিও বাড়বে। (এই সময় লাল বাতি জ্বলে ওঠে) কোচবিহারের ক্ষেত্রে যেটা বলছিলাম, উন্নয়নের কথা আমরা

জানি, এই দুই বছরের মধ্যে কোচবিহারের ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল কলেজ, পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়—সেখানে অনেক কাজ হয়েছে। যে কথাটা বলতে হয় কালকে সুখবিলাসবাবু রাজবংশি ভাষা অ্যাকাডেমি সম্পর্কে তিনি এখানে বলেছিলেন। উনি হয়তো জানেন না, রাজবংশী ভাষা অ্যাকাডেমি কোচবিহারের ভিক্টর প্যালেসে কাজ শুরু হয়েছে, তার কাজকর্ম চলছে। পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় সম্পর্কে বলছিলেন, উনি হয়তো জানেন না যে ইতিমধ্যে ২৫ জন অধ্যাপক নিয়োগের জন্য এবং ১২ জন অশিক্ষক কর্মচারী নিয়োগের জন্য টাকা মঞ্জুর হয়েছে, তার নিয়োগ প্রক্রিয়াও শুরু হয়েছে এবং পঞ্চানন বর্মা সম্পর্কে তিনি বলেছিলেন আমি সেকথা বলতে চাই—মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন আগামী বাংলা বর্ষের ১লা ফাল্গুন ঠাকুর পঞ্চানন বর্মার ১৫০তম জন্মদিন পালন হবে এবং তিনি ঘোষণা করেছেন উত্তরবঙ্গে আমাদের শিলিগুড়িতে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[3.30—3.40 p.m.]

শ্রী অরুণ মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন সেই বাজেট আমাদের দেশের কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত মানুষকে কোনো দিশা দেখাতে পারেননি ....(নয়েজ).... বেশ গোল গোল করে অনেক বুদ্ধিমানের মতো, বুদ্ধিমান নিশ্চয় তিনি বিনয়ী, ভদ্রলোক ঠিকই। খুব গোল গোল করে কথা দেখিয়েছেন। আমি এই বাজেটের ....(নয়েজ).... অসীমবাবু কি করেছে এখানে আলোচ্য বিষয় নয়।

মিঃ স্পীকার : আপনি বলুন, আপনি ওনাদের কথায় জবাব দেবেন না। ওনাকে কেউ ডিস্টার্ব করবেন না, ওনাকে বলতে দিন। এমনি ওনার সময় কম আছে, ওনাকে ডিস্টার্ব করবেন না। আপনি বলুন।

শ্রী অরুণ মহাপাত্র : আমার এলাকা একটা বড়ো স্কীম আছে সেচে। সেটা হচ্ছে সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প। যেটা কেন্দ্রীয় সরকারের অনুমোদন হয়ে পড়ে আছে, যেটার ৯০ ভাগ টাকা কেন্দ্র খরচ করবে। এটা অমিতবাবু জানেন, রাজীববাবুও জানেন। কিন্তু সেই স্কীমের ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি এর আগের বাজেটেও বলেছিলাম। প্রথম বাজেটে, এখন আবার—একদিন রাজীববাবুকে বলেছিলাম, কিন্তু সেই ব্যাপারে কিচ্ছু হচ্ছে না। দ্বিতীয় কথা, ক্ষুদ্র সেচ—ক্ষুদ্র সেচে ৮০ শতাংশ লোক কভার হয়, ৮০ ভাগ লোকের সেচের ব্যবস্থা—যা সেচ আছে তাতে ক্ষুদ্র সেচ থেকে ৮০ ভাগ জল দেওয়া হয়। এই ক্ষুদ্র সেচে যে বাজেট হচ্ছে এবং আমি একটা কথা বলতে চাই এই আড়াই বছরে ক্ষুদ্র সেচে কোনো বৃহৎ পরিকল্পনা গ্রহণ করা হয়নি। আমি মিত্র মহাশয়কে বলব যে, আপনি একটু এইসব বাজেটগুলো দেখুন, একটু টাকাটা বাড়ান, সুবর্ণরেখাটা করুন, ক্ষুদ্র সেচের টাকাটা বাড়ান। কেননা ক্ষুদ্র সেচ ছাড়া গ্রামে গভীর নলকূপ, ছোটো-অগভীর নলকূপ করা যায় না। তাই এই দুটো বাজেট গ্রান্ট কোনো দিশা দেখাতে পারেননি। সেটা আপনি একটু চেষ্টা করুন। দ্বিতীয় কথা হচ্ছে যে, এই যে আপনাদের একজন বলছিলেন আই.সি.ডি.এস.-এর কথা। আই.সি.ডি.এস.-এর ব্যাপারে তিনি তো টাকা বাড়াননি—

অমিতবাবু সেটা বলেছেন। আমি একটা কথা বলতে চাই, এই আই.সি.ডি.এস.-এর অনেক পোস্ট ভ্যাকেন্ট পড়ে আছে। বেশ কয়েক লক্ষ পোস্ট ভ্যাকেন্ট অবস্থায় পড়ে আছে, গোটা রাজ্যে। কিন্তু এই গভর্নমেন্ট আসার পরে একটাও ইন্টারভিউ করে অ্যাপয়েন্টমেন্ট হয়নি, পড়ে আছে। তার কি হবে ? অমিতবাবু বলেছেন, এত লক্ষ চাকরি হবে। কিন্তু আমি বলছি, সরকারি দপ্তরে যেগুলো ভ্যাকেন্সি পড়ে আছে, হাজার হাজার—এক হাজার, দেড় হাজার, দুই হাজার, পাঁচ হাজার এই রকম এক-একটা দপ্তরে ভ্যাকেন্সি আছে। তার কি হচ্ছে ? তার জন্য তো কিছুই করতে পারেননি। আমি তো একটা কথাই বলছি, এখানে তো আগের কথা আলোচনা হচ্ছে না। এখানে বর্তমানের কথা আলোচনা হচ্ছে। কেন, আপনারা বলছেন ?

মিঃ স্পীকার : আপনি ওদের কথায় কোনো জবাব দেবেন না।

শ্রী অরুণ মহাপাত্র : আমি বলতে চাই যে আমাদের প্রকৃত—আপনারা বদল আনবেন বলেছিলেন, আমরা তো বদল আনবো বলিনি—মানুষকে অ্যাপয়েন্টমেন্ট দিন, মানুষকে চাকুরি দিন। সব ডিপার্টমেন্টের ভেকেন্সিগুলো পূরণ করুন। আই.সি.ডি.এস.-এর ভেকেন্সিগুলো পূরণ করুন। যে পরিকল্পনাগুলো পড়ে আছে সেটা পূরণ করুন। যেখানে ৯০ ভাগ টাকা কেন্দ্র দেবে। সুবর্ণরেখা প্রোজেক্ট যেটা বললেন সেটা করুন। পরিশেষে অমিতবাবুকে বিনীতভাবে একটা নিবেদন করব—সবুজ আলো জ্বলেছে, এবারে লাল আলো জ্বলবে—

(এই সময় সবুজ আলো জ্বলে ওঠে)

আপনি একটা সার্টিফিকেট দিলেন, ভালো সার্টিফিকেট, এটা আমি আপনার কাছ থেকে আশা করিনি। কি সার্টিফিকেট ? পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে। এটা ঠিক নয়। এই কথাটা আপনি ভুল বলেছেন। কেন ? পঞ্চায়েত নির্বাচনে যে বাহিনী ছিল, ওই বাইক বাহিনী। আমার মনে হয়, আমি জানি না, হয়তো সুদীপ্তবাবুর টাকায় সেই বাহিনী তৈরি হয়েছিল। সেই বাহিনী সন্ত্রাস চালিয়ে পঞ্চায়েত জিতল। এই কথা বলে বাজেটকে সমর্থন না করে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০১৪-২০১৫ সালের, ১৭ই ফেব্রুয়ারি ২০১৪ এই সদনে যে বাজেট বিবৃতি পেশ করেছেন তার সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে জীবনের যে কোনো ক্ষেত্রে যে কোনো সিদ্ধান্ত নির্ভর করে সেই মানুষটির মানসিকতার উপর। এবং মানসিকতা গড়ে ওঠে কে কোন পরিবেশে বড়ো হচ্ছে তার উপর। যে রকম ধরুন কংগ্রেসের মাননীয় বিধায়ক ডঃ সুখবিলাস বর্মা কালকে বলছিলেন, আমি শুনছিলাম। দু-লাইন অন্তর অন্তর বলছিলেন দাল মে কুছ কালা হ্যায়। আমার মনে হচ্ছিল উনি যখন বিগত সরকারের আমলা হিসাবে কাজ করেছিলেন এবং এই দাল মে কুছ কালা হ্যায় সাথে উনি এত ওতপ্রোতভাবে এই ব্যাপারগুলো জানতেন যে তার বাইরে উনি আর বেরোতে পারছিলেন না। রামকৃষ্ণদেব বলেছিলেন "যেখানে দেখিবে ছাই

উড়াইয়া দেখ তাই, পাইলেও পাইতে পারো অমূল্য রতন।'' ছাইয়ের মধ্যে অমূল্য রতন খোঁজার চেষ্টা করেছিলেন। আর উনি ভালো কাজের মধ্যে 'কালো' খোঁজার চেষ্টা করছেন। আমি তাই বলতে চাইছি যে, যে কোনো জিনিস ডিপেন্ড করে মানসিকতার উপর। বলছিলেন নাকি কেন্দ্র বঞ্চনা করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশি সময় নেব না, কারণ আমি অর্থনীতির ছাত্র নয়। কিন্তু আমার অর্থমন্ত্রী এই হাউসে বার বার বলেছেন সেন্ট্রালের কালেকশানের ৩২% স্টেটগুলো পায়। তার থেকে ৭.৩% ওয়েস্ট বেঙ্গল পায়। দ্যাট ইজ ২.৩% অফ টোটাল কালেকশান। কতবার বলবেন অমিত মিত্র এই হাউসে ? কতবার বোঝাবার চেষ্টা করবেন ? আমি যদি জিজ্ঞাসা করি সি.এস.টি.-র ক্ষতিপূরণ বাবদ ৩৭৮৩.৪৩ কোটি টাকা আমাদের বঞ্চিত করা হয়নি ? জবাব দেবেন সুখবিলাসবাবুরা ? আমি যদি অপূর্ববাবুকে জিজ্ঞাসা করি জানুয়ারি ফেব্রুয়ারি মাসে রাজ্যের প্রাপ্য ৮৫০.৪২ কোটি টাকা অনুদান জোর করে বন্ধ করে দেওয়া হয়েছে, অস্বীকার করতে পারবেন ওনারা ? আমি যদি জিজ্ঞাসা করি গ্রান্ট ইন এড-এর ১৫৪৬.৯৮ কোটি টাকা কমিয়ে দিয়েছে কেন্দ্র যা ১১.১৩% কম। অস্বীকার করতে পারবেন ওনারা ? অস্বীকার করতে পারবেন ? এর উপরে ২৮ হাজার কোটি টাকা আমাদের সুদ কেটে নিয়ে বলছেন, পরিবর্তন কোথায়, উন্নয়ন কোথায়। টাকা নেই পয়সা নেই তার মধ্যে থেকে পরিকল্পনা খাতে ব্যয় করেছেন কত টাকা সেটা জানার জন্য আমার মনে হয় ডঃ অমিত মিত্রের ভাষণ শোনা উচিত। আমি শুনছিলাম, সুখবিলাসবাবু বলছিলেন উত্তরবঙ্গে নাকি কোনো উন্নয়ন হয়নি। স্যার, মমতা বন্দ্যোপাধ্যায় এক-একটা জেলায় ৪বার করে ঘুরছেন। ঘুরতে ঘুরতে একটা মমত্ব তৈরি হয়, ঘুরতে ঘুরতে একটা এলাকা সম্পর্কে জানা যায়। ঘুরতে ঘুরতে সেই মমত্ব থেকে বাংলার জন্য লড়া যায়।

[3.40 – 3.50 p.m.]

বাংলার কথা ভারতবর্ষের বুকে প্রচারিত করা যায়। সল্টলেকে বসে উত্তরবঙ্গের উন্নয়ন চোখে দেখা যায় না। তার জন্য উত্তরবঙ্গে পড়ে থাকতে হয়। আমি ওনাকে জিজ্ঞাসা করতে চাই, উনি বলছিলেন উত্তরবঙ্গে যে নতুন ভবন হয়েছে, সচিবালয়, তার বাজেট কি করে বেড়ে গেল ? স্যার, এটা কি কোনো ব্যক্তির উপর নির্ভর করে ? এখানে আমার মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব বসে আছেন, উনি জানেন যে, যে কোনো বাজেট তৈরি হয় ডি.পি.আর.-কে কেন্দ্র করে যে কত টাকার বাজেট হবে। ১৩ কোটি থেকে কেন ২০ কোটি হল উনি সেটা নিয়ে ব্যস্ত। অ্যাকচুয়ালি এগুলো ডিপেন্ড করে ডি.পি.আর-এর উপরে। আমার ধারণা সুখবিলাসবাবু জানেন। তাও এই হাউসকে বিভ্রান্ত করবার জন্য তিনি বলেছেন। আনিসুর রহমান সাহেব নেই। তিনি অনেকগুলি স্ট্যাটিসটিক্স দিচ্ছিলেন যে আমাদের অর্থমন্ত্রী নাকি তাঁর লক্ষ্যমাত্রা পূরণ করতে পারেননি। স্যার, এগুলো সবাই জানেন, আমাদের তমোনাশ ঘোষও বলছিলেন যে একটা ক্লাবও তার বাজেট তৈরি করে। আমার মনে হল যে আমার ক্লাবে একটা কমপিউটার দরকার, তাহলে আমি ক্লাবের ছেলেদের নিয়ে বসলাম। বললাম যে, ওটা স্যাংশান করি, নচিকেতা চক্রবর্তী, যদি

৩০ হাজার টাকা আয় করতে পারি তাহলে আমি কমপিউটারটা ক্লাবে কিনতে পারব। স্যার, টিকিট বিক্রি করতে গিয়ে দেখলাম আমার ওই টাকা আয় হয়নি। এটা তো হতে পারে, তার জন্য আমি পরিকল্পনা করব না ? আমি পরিকল্পনাটা বাস্তবায়িত করতে পারব তখন, যদি আমার একটা নির্দিষ্ট পরিকল্পনা থাকে। আমি দেখলাম আনিসুর সাহেব তাঁর বক্তৃতার দশ মিনিট নষ্ট করে ফেললেন কোথায় কোথায় আমরা লক্ষ্যমাত্রা পূরণ করতে পারিনি। নাজমুল সাহেব নেই, বলছিলেন বাজেটে কিছুই নেই। কারণ বাজেটে নাকি, স্বাস্থ্য, শিক্ষা, জন্ম হার, মৃত্যু হার, খাদ্য—এইসবের সম্পর্কে কিছু লেখা নেই। মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রী বলেছেন, গ্রোথ নাকি কমে গেছে। ২৫% ছিল ওনার আমলে, এখন নাকি কমতে কমতে ১৫%-এ এসে দাঁড়িয়েছে। আমার জিজ্ঞাস্য আপনার মাধ্যমে, নামটা তো উচ্চারণ করা যাবে না, কিন্তু অত বড়ো একজন বিদ্বান মানুষ, এতদিন অর্থমন্ত্রী ছিলেন, উনি জানেন না গ্রোথ ডিপেন্ডস অন বেস। বেস কত তার উপর গ্রোথটা নির্ভর করে। অর্থনীতির ছাত্র না হয়ে আমি যদি বুঝি, উনি বোঝেন না এটা হতে পারে স্যার ? সেই মিথ্যাচার, সেই একই কায়দা, সেই ট্র্যাডিশান সমানে চলছে, কী করে মানুষকে বিভ্রান্ত করা যায়। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা করে একটা সময় বামপন্থীরা স্লোগান দিতেন 'রোটি, কাপড়া ওর মাকান-এর জন্য আমাদের লড়াই।' ৩.২ কোটি মানুষ ২ টাকা কেজি দরে চাল, আর ৫ টাকা মূল্যের ৭৫০ গ্রাম প্যাকেটের আটা পাচ্ছে। ৩ কোটি রেশন কার্ডের ডিজিটাইজেশন হয়েছে। 'রোটির জন্য লড়াই করা' স্লোগান, ব্যবস্থা করছেন মমতা ব্যানার্জীর নেতৃত্বে ডঃ অমিত মিত্র। ওরা বলেছিল, কাপড়ার কথা। ১৪টা শিল্প তালুক, ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ, বাণিজ্য শিল্প আই.টি.। ক্ষুদ্র ছোটো, মাঝারি শিল্পের বিনিয়োগ কত ? ৫৩৬.২৮ কোটি। বাণিজ্য শিল্পে কত ? ৫৯৪ কোটি। আই.টি. সেক্টরে কত ? ১২৬.৭০ কোটি। ওরা মাকানের কথা বলেছেন। আমি যদি আপনার মাধ্যমে বলতে চাই ইন্দিরা আবাস যোজনা অধিকার স্কীমে ২.৫০ লক্ষের মতো বাড়ি তৈরি হয়েছে। 'গীতাঞ্জলি' স্কীমে দুর্বল গোষ্ঠীর জন্য ৮২ হাজার বাড়ি তৈরি হয়েছে। রোটি, কাপড়া, মাকানের স্লোগান দিল ওরা, তৈরি করছে মমতা ব্যানার্জীর নেতৃত্বে ডঃ অমিত মিত্ররা। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা করে স্যার, একটা সময় ছাপ্পা পোস্টারে স্লোগান দিত দেখতাম' শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি।' শিক্ষা খাতে ২০১১-১২ সালে প্রাক্তন অর্থমন্ত্রীর পেশ করা বাজেট, উচ্চ শিক্ষায় খরচ ছিল কত—১২০ কোটি টাকা। আমরা খরচা করছি কত ২০১৪-১৫-তে ? ৩৪২.৯৫ কোটি টাকা। কারিগরি শিক্ষায় ওদের আমলে খরচ ধরা ছিল কত ? ২০০ কোটি টাকা। আমাদের সময় আমরা ধরছি কত ? ৫৪৯ কোটি টাকা। বিদ্যালয় শিক্ষাক্ষেত্রে ওদের সময় ওরা ধরেছিল কত ? ১৭শ ৯ কোটি টাকা। আমাদের আমলে ডঃ অমিত মিত্র ধরেছেন কত ? ৬ হাজার ৮৮৪.৫ কোটি টাকা। ওরা বলেছিল, 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি।' শিক্ষার জন্য কারা বেশি খরচ করছেন, আমি মনে করি ওনারা সেই ধারণাটা নিয়ে যেতে পারবেন। সংখ্যালঘু উন্নয়ন বিষয় ও মাদ্রাসা শিক্ষা ওর খরচ করেছিল ৩১০ কোটি টাকা, আমরা ধরেছি ১৭শ ৩৭ কোটি টাকা। এরপরেও ওর বাজেটের বিরোধিতা করে এখনে বক্তৃতা করবে আর আমরা বসে বসে সেটা শুনব স্যার ? নাজমুল

সাহেব নেই, বলছিলেন—জন্মহার, মৃত্যুহারের কথা এই বাজেটে লেখা নেই। স্যার, সব যদি লিখতে হত না তাহলে ডাঃ অমিত মিত্র যে বইটা পেশ করতেন সেটা আমরা বাড়িতে নিয়ে যেতে পারতাম না কারণ, এত ভারী হয়ে যেত। সব কথা তো বাজেটের বইয়ে লেখা যায় না। কিন্তু, নাজমুল সাহেবের জ্ঞাতার্থে জানাতে চাই, জন্মহার, মৃত্যুহার ওনাদের আমল থেকে আমাদের কমেছে। এক ইঞ্চিও বাড়িনি, এটা দায়িত্ব নিয়ে বলতে পারি এবং এটাও বলতে পারি, এই মৃত্যুহার বেশি হত, এর কারণটা কি ? কারণ, বাড়িতে বেশির ভাগ সময় গ্রামের ক্ষেত্রে ইনস্টিটিউশনাল যে জন্ম তার বদলে হোম ডেলিভারি হত। মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মাননীয়া মমতা ব্যানার্জীর নির্দেশে আশাকর্মীদের জন্য ১৫০০ টাকা মাইনে করে দিয়েছেন যেটা ১৭০০ টাকা বর্তমানে হয়েছে। যেটা বামফ্রন্ট আমলে বন্ধ হয়ে গিয়েছিল। আমার সময় কম, একটা কথা বলব স্যার, বিরোধী দলের নেতা ব্রিগেড গ্রাউন্ডে দাঁড়িয়ে বলেছিলেন—ওই যে বললাম, মানসিকতা নির্ভর করে পরিবেশের উপর, ব্রিগেডে দাঁড়িয়ে বলেছিলেন—'দড়ি ধরে মারো টান, রাজা হবে খান খান, পরে বলেছিলেন, রাজা না রানি বলতে চেয়েছি। আসলে স্যার, হীরক রাজার দেশে যেমন, মগজ ধোলাই হত, উনিও তো চৌত্রিশ বছর ওই যন্ত্রের মধ্যে থেকে বাংলার মানুষের মগজ ধোলাই করেছেন। তাই ওনার স্লোগানটাই ওনার মাথায় আসবে। আর, আমরা স্যার, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে কাজ করেছি। আমি ওনাকে বলছি, হীরক রাজার দেশে নয়, 'রক্তকরবী'র রাজা আমাদের মুখ্যমন্ত্রী। জনতার টানে, জনতার আন্দোলনে রাস্তায় নেমে পড়বে রাজতন্ত্রকে শেষ করার জন্য। গদি যে তাঁর কাছে প্রধান বিবেচ্য বিষয় নয়, সেটা তিনি অতীতে বারংবার প্রমাণ করেছেন। আগামী দিনে দরকার হলে আবার বারংবার প্রমাণিত করবেন। উত্তর-পূর্বে হাওয়া বইছে। আমার সময় শেষ হয়ে এসেছে, স্যার, ভারতবর্ষের উত্তর-পূর্বে নড়াচড়া শুরু হয়ে গেছে। ২০১৪ সালের লোকসভা নির্বাচনের পরে আপনারা টের পাবেন। রাজতন্ত্র শেষ হয়েছে, সাম্প্রদায়িকতা শেষ হয়েছে। মমতা ব্যানার্জী নিয়ন্ত্রক হবেন। ভারতবর্ষে নতুন দিশা দেখাবে বাংলা। তাই বাংলা যা ভাবছে আজ, ভারত ভাববে কাল।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, ১৭ই ফেব্রুয়ারি এই পবিত্র মহান সদনে বিশিষ্ট অর্থনীতিবিদ এবং বর্তমান মন্ত্রী ডঃ অমিত মিত্র রাজ্যের জন্য, ২০১৪-১৫ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দের জন্য যে ৩০,৮৪৭.৩১ কোটি টাকার বাজেট প্রস্তাব পেশ করেছেন সেই সম্পর্কে কতগুলি বিষয়ে আমি আমার বক্তব্য তুলে ধরার চেষ্টা করব। প্রকৃতপক্ষে এই বাজেট eye wash বাজেট। ডঃ মিত্র খুব ঠান্ডা মাথায়, ধীর মস্তিষ্কে এই বাজেট পেশ করেছেন। এবং সুন্দরভাবে নিজেদের ত্রুটি ঢেকে দিয়ে রাজ্যবাসীর কাছে দিশাহীন, অস্বচ্ছ, অসম্পূর্ণ, ভ্রান্তিমূলক এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে খুশি রাখতে একটা তুঘলকি বাজেট প্রস্তাব এই মহান পবিত্র সদনে পেশ করেছেন। এবং আসামির কাঠগোড়ায় দাঁড় করিয়েছেন কেন্দ্রীয় সরকারকে। একদিকে সাফল্যের কথায় রাজ্য সরকারের কৃতিত্ব এবং অন্যদিকে ব্যর্থতার খাতায় কেন্দ্রীয় অসহযোগিতার কথা বলেছেন। কিন্তু, ডঃ মিত্র আমাদের মনে রাখতে হবে, এই বাংলা তখনই সোনার বাংলা হয়ে উঠবে যখন যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় কেন্দ্র এবং রাজ্য সরকার উন্নয়নের স্বার্থে পরস্পর পরস্পরের উপর নির্ভরশীল এবং পরিপূরক হয়ে উঠবে।

একটা রাষ্ট্রযন্ত্রকে সচল রাখতে গেলে কেন্দ্র এবং রাজ্য উভয়ের পারস্পরিক সহযোগিতা সব থেকে জরুরি। ভালোবাসা এবং অধিকার জোর করে কেড়ে নেওয়া যায় না। ভালোবাসা, অধিকার ভালোবাসা এবং কর্তব্যের মধ্য দিয়ে আদায় করতে হয়। যা এই সরকার করতে ব্যর্থ। আমরা জানি, ভারতের মতো উন্নয়নশীল দেশে বেশির ভাগ টাকাই ভর্তুকি, বেতন এবং সুদ দিতেই চলে যায়। এই প্রসঙ্গে আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য ব্যতিক্রম নয়। কিন্তু প্রশ্ন সেখানেই যখন দিনের পর দিন বাংলা আরও বেশি ঋণে জর্জরিত হয়ে যাচ্ছে। ২০১৩-১৪তে ডঃ মিত্র ৮ হাজার কোটি টাকা ডেফিসিট বাজেট পেশ করেছিলেন।

[3.50—4.00 p.m.]

এবং এ বছর, '১৪-'১৫ সালে আমরা দেখতে পাচ্ছি ৯ কোটি টাকার ডেফিসিট বাজেট পেশ করেছেন যা আগের তুলনায় বেশি। ডঃ মিত্রকে আমি শ্রদ্ধা জানাই। উনি ওনার দক্ষতা, পাণ্ডিত্যকে কাজে লাগিয়ে ২০১৩-১৪তে কর বাবদ রাজস্ব সংগ্রহ করেছেন ৩৯ হাজার ১০০ কোটি টাকা। যা ২০১২-১৩ থেকে ৬,২৯২ কোটি টাকা বেশি। ২০১৪-১৫তে রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা দিয়েছেন ৪৫ হাজার ৪১৩.৯৬ কোটি টাকা। কিন্তু তা সত্ত্বেও কেন এই সরকার সংস্কারের পথে না গিয়ে ঋণে জর্জরিত হয়ে পড়ছে ? সি.পি.এম.-এর মতোই সস্তার রাজনীতি শুরু করেছেন। আমরা চাই না 'AAP' সরকারের মতো অবস্থা এই সরকারের হোক। Government order এবং প্রশাসনিক দক্ষতাকে কাজে লাগিয়ে এই সরকার কাজ করুন, উন্নয়ন করুক এটা আমরা হার্টলি চাই, মনেপ্রাণে চাই। বাঙালি হিসাবে আমরা গর্ববোধ করব যদি ডঃ মিত্র এই বাণী বাস্তবে রূপায়িত করতে পারেন 'বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল'। আমরা জানি বামফ্রন্ট সরকার সঠিক সময়ে FRBM চালু করেননি। দু-হাত বাড়িয়ে যে যার মতো করে ঋণ নিয়ে গেছেন, ধার করে গেছেন। ওটা বাংলার কলঙ্কজনক অধ্যায়। কিন্তু দুঃখের বিষয়, ডঃ মিত্র বেশি কর, রাজস্ব সংগ্রহ করার চেষ্টা করেছেন এটা ঠিক, কিন্তু আয় এবং ব্যয়ের মধ্যে সামঞ্জস্য না থাকায় ২০১৩-১৪তেও রাজ্য সরকারকে 15th January পর্যন্ত ঋণ নিতে হয়েছে ১৭,৫৫৬ কোটি টাকা, যেটা আমাদের কাছে চিন্তার বিষয়। ২০১২-১৩তে রিজার্ভ ব্যাঙ্ক মূল এবং সুদ বাবদ ২৫,২০৫.৯৮ কোটি টাকা কেটে নিত। কিন্তু ২০১৪-১৫তে আমরা দেখছি তা বেড়ে দাঁড়িয়েছে ২৯,৯৪২.৪৫ কোটি টাকা। অবশ্য এজন্য ডঃ মিত্রকে দায়ী করা যায় না। মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বেচ্ছাচারিতা, তুঘলকি আবদার, বিভিন্ন ধরনের মেলা এবং উৎসবকে কেন্দ্র করে যে কোটি কোটি টাকা খরচ করছেন তা আসবে কোথা থেকে ? রাজস্ব সংগ্রহ বাড়ছে কিন্তু ঋণের পরিমাণ কমছে না যা নিয়ে এই সরকারকে ভাবা উচিত। 'ভাবতে হয়, না হলে পিছিয়ে পড়তে হয়'। আমরা কথায় কথায় এই পবিত্র মহান সদনে শুধু নয়, বাইরেও যখন রাজনৈতিক মঞ্চে বক্তব্য রাখি তখন একটাই আওয়াজ শুনতে পাই—'কেন্দ্রীয় বঞ্চনা, কেন্দ্রীয় বঞ্চনা'। কেন্দ্রীয় সরকার কোথায় বঞ্চনা করেছে ? তথ্য কিন্তু বঞ্চনার কথা বলে না। কেন্দ্রীয় সরকার গ্রান্ট-ইন-এইডের খাতে ২০১২-১৩তে দিয়েছিল ১২,৩৪২.৮৪ কোটি টাকা, বেড়ে ২০১৪-১৫তে তা দাঁড়িয়েছে ৩০,৭৭৭.১১ কোটি

টাকা। Special BRGP-এ ৮,৭৫০ কোটি টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকার একমাত্র পশ্চিমবঙ্গ সরকারকে যখন এই সরকারের মাননীয় মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী দোহাই দিয়ে আমাদের জোট সরকার থেকে বেরিয়ে আসলেন। ওনারা চেষ্টা করেছিলেন, কেন্দ্রীয় সরকার, কোনো একটা অজুহাত দিয়ে এই রাজ্যকে, কোনো একটা গ্যাপ দেখিয়ে এই রাজ্যকে টাকা দেওয়া যায় কিনা। কিন্তু এটা আপনারা বুঝতে পারলেন না। আপনারা বুঝতে পারলেন না, আপনারা বেরিয়ে আসলেন, বাংলাকে পিছিয়ে দিলেন। পিছিয়ে দিলেন এর জন্য দায়ী আপনারা. আপনাদের ধৈর্যের অভাব। ধৈর্য নেই তাই আজকে বাংলাকে শেষ করে দিয়েছেন। রাজ্য সরকার প্রতিদিন খবরের কাগজে যে বড়ো বড়ো 'অ্যাড' দিচ্ছে তার সিংহভাগ টাকাই কিন্তু কেন্দ্রীয় সরকার দিচ্ছে। হ্যাঁ, আপনারা বলবেন যে, এটা আমাদের প্রাপ্য। তাহলে তো আমরাও বলতে পারি, মালদা জেলার প্রতিটি পঞ্চায়েতে, প্রতিটি ব্লকে, প্রতিটি জেলায় যে অ্যালটমেন্ট যাচ্ছে সেটা আমাদের প্রাপ্য। তাহলে কেন বড়ো বড়ো হোর্ডিং করে পেপারে লেখা হচ্ছে যে আমরা এই পারপাসে, অমুক স্কীমে এত টাকা খরচ করলাম ? কারণ এটা রাজনৈতিক বক্তব্য। রাজনৈতিক বক্তব্য দিয়ে বাংলা চলে না, আবেগ দিয়ে বাংলা চলে না। রাজনৈতিক বক্তব্য দিয়ে, আবেগ দিয়ে দেশ চলে না। আর, তথ্য বলছে, বেশির ভাগ টাকাই কেন্দ্রীয় সরকার দিচ্ছে। যে স্কীমগুলোতে নামে মাত্র ম্যাচিং গ্রান্ট রাজ্য সরকার দেবে সেই স্কীমগুলো ধুক ধুক করে চলছে। কোথাও 25% টাকা, কোথাও 50% টাকা রাজ্য সরকারকে দিতে হবে। সেই স্কীমগুলোতে কেন্দ্রীয় সরকারের টাকা এসে পড়ে আছে। কেন ? কারণ একটাই, ম্যাচিং গ্রান্টের টাকা রাজ্য সরকার দিতে পারছে না। ফলে উন্নয়ন হচ্ছে না, উন্নয়ন স্তব্ধ। আর দায় দিচ্ছে কেন্দ্রীয় সরকারকে। টাকা খরচ করুন, টাকা খরচ করে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়ে আসুন। কেন্দ্রীয় সরকারের টাকা ডিপোজিট অ্যাকাউন্টে রেখে খরচ দেখিয়ে দেওয়া হচ্ছে, যা ভয়ঙ্কর। খরচ হচ্ছে না। আমি কয়েকটি তথ্য এই প্রসঙ্গে তুলে ধরার চেষ্টা করব। এই সরকার সমস্ত দপ্তরগুলিকে গুড সার্টিফিকেট দিচ্ছে। আমি মালদহের কথা বলি—এটা আমাদের কাছে লজ্জাজনক। খোদ মুখ্যমন্ত্রী দুবার, এক-একটা স্কীম তিনবার করে শিলান্যাস করছেন। সেই স্কীমগুলো এখনও পর্যন্ত চালু হচ্ছে না। তখন এই বাংলার একজন এম.এল.এ. হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর আচরণে আমরা দুঃখপ্রকাশ করি। অবশ্য ওনার দোষ নেই। আসলে উনি ওনার দপ্তরে, এমনভাবে জেলার মন্ত্রীদের রেখেছেন, এমনভাবে আধিকারিকদেরকে রেখেছেন যে সেই জেলার মন্ত্রীরা, আধিকারিকরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে মিস-গাইড করছেন। একটা স্কীম তিনবার করে শিলান্যাস হচ্ছে, কাজ হচ্ছে না। এই সরকার উন্নয়নের সরকার নয়, এই সরকার শিলান্যাসের সরকার। আজকে দেখতে পাচ্ছি, বৈদ্যুতিন সাব-স্টেশন, এয়ারপোর্ট, চাঁচোল সাব-ডিভিশনে হসপিটাল, কালিয়াচক রুরাল হসপিটাল, মডেল স্কুল বিভিন্ন পারপাসে এই সরকার তিনবার করে শিলান্যাস করেছেন। কেন্দ্রীয় সরকার কিছু দিচ্ছে না। আপনাদের এই কলকাতাকে লন্ডন বানানোর জন্য, কেন্দ্রীয় সরকার কলকাতাকে safe city করার জন্যে 60:40 রেসিওতে 433 কোটি টাকা দিয়েছে। কাজ এখনও শুরু হয়নি, কোথা থেকে টাকা খরচ হল ? মাননীয়া মুখ্যমন্ত্রীও হয়তো জানেন না। আমরা জানতে চাই এবং

বলতে চাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে জানতে হয়, নইলে পিছিয়ে পড়তে হয়। আজকে আমরা দেখতে পাচ্ছি—বিশেষ করে মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে আমি জানতে চাইব 'KIT', মাননীয় অর্থমন্ত্রী উনি বলবেন 'KIT'-এর আন্ডারে সম্পত্তির পরিমাণ কত এবং আয়-ব্যয়ের হিসাব। একসময় আমরা দেখেছি কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আবাসনের ভাড়া, মার্কেট কমপ্লেক্সের ভাড়া, টার্মিনাল ট্যাক্স এবং জুট ট্যাক্সের মাধ্যমে ভালো ইনকাম করত। হঠাৎ আস্তে আস্তে আমরা দেখতে পাচ্ছি সেই ইনকাম তো দূরের কথা এখন কোটি কোটি টাকা এই পারপাসে সরকারকে ভর্তুকি দিতে হচ্ছে। আমি মাননীয় ডঃ মিত্রকে অনুরোধ করব এই পারপাসটা দেখার, যাতে আমাদের রাজ্য আরো বেশি এগিয়ে যেতে পারে, ইনকাম করতে পারে। কৃষি আমাদের সম্পদ। বাংলার ৭০ শতাংশ মানুষ কৃষিজীবী। এটা আমরা সবাই জানি। আজকে কৃষকরা যদি খুশি থাকে তাহলে বাংলা খুশি থাকবে, বাংলা এগোবে। আজকে রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা দিচ্ছে, তাতে কৃষকদের বিভিন্ন সহায়তা প্রদান করছেন। বর্তমান সরকার চেষ্টা করছে সেগুলোকে ইমপ্লিমেন্ট করার জন্য। এর জন্য আমি ধন্যবাদ জানাব। কিন্তু রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় যে সহায়তা কৃষকদের দেওয়া হচ্ছে সেটা একমাত্র অলটারনেট পথ নয়। আজকে কেন্দ্রীয় সরকার ধানের ন্যায্যমূল্য কুইন্টাল প্রতি ১৩০০ টাকা ধার্য করেছে এবং সংগ্রহ মূল্যের আর্থিক দায় পুরোপুরি কেন্দ্রীয় সরকার বহন করা সত্ত্বেও কৃষকরা আজকে ধানের ন্যায্যমূল্য পাচ্ছে না। এই জায়গায় আমি অনুরোধ করব মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে আজকে যদি ওড়িশা এবং বিহার ধানের প্রতি কুইন্ট্যালে যথাক্রমে ১০০ টাকা এবং ২৫০ টাকা ভর্তুকি দিতে পারে Why not বাংলা দিতে পারবে না ? বাংলাকে দিতে হবে। পার্শ্ববর্তী রাজ্য, পিছিয়ে পড়া রাজ্য তারা যদি দিতে পারে, কেন আজকে কৃষকদের স্বার্থে ১০০ টাকা কিম্বা ২৫০ টাকা ভর্তুকি দিতে পারবেন না ? এটা আপনাদের বোনাস দিতে হবে। তাই বলি, কৃষকদের মুখে হাসি ফোটাতে, মধ্যসত্ত্বভোগীদের হাত থেকে কৃষকদের রক্ষা করতে শুধু কিষাণ বাজার করলে চলবে না, কিষাণ মান্ডি করলে চলবে না। বামফ্রন্ট সরকারও তাদের আমলে ৪৩টা কিষাণ বাজার তৈরি করেছিল।

[4.00 – 4.10 p.m.]

কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি সেই কৃষকরা মধ্যসত্ত্বাভোগীদের হাতে তারা লুন্ঠিত হয়েছে, মধ্যসত্ত্বাভোগীদের হাতে তারা আক্রান্ত হয়েছে। তাই আমি বলি, মাননীয় অর্থমন্ত্রীকে মধ্যসত্ত্বাভোগীদের হাত থেকে বাঁচাতে এফ.ডি.আই-কে স্বাগত জানান। স্বাগত জানাতে হয়, নইলে পিছিয়ে পড়তে হয়। আজকে আমরা দেখতে পাচ্ছি, বড়ো বড়ো হোর্ডিং করে জঙ্গলমহল, সুন্দরবন, সিঙ্গুর ছাড়াও যে ১১টি পিছিয়ে পড়া জেলা আছে সেই জেলায় আজকে জঙ্গলমহল, সুন্দরবন ওখানে আজকে যদি ২ টাকা কেজি দরে চাল দেওয়া হয় তাহলে আরো বাকি পশ্চিমবঙ্গের ১১টি জেলা ব্যাকওয়ার্ড রিজিওন গ্রান্টে ব্যাকওয়ার্ড জেলা, সেই জেলাকে কেন ৩ টাকা কেজি দরে চাল, ২ টাকা কেজি দরে গম দেওয়া হচ্ছে না। কেন আজকে ফুড সিকিওরিটি বিলের বিরোধিতা করা হচ্ছে। আজকে ১১টি জেলা বঞ্চিত হচ্ছে।

গরীব মানুষের পেটে লাথি মারছেন আপনারা অথচ আপনারা বলছেন বামফ্রন্ট সরকারের মতো তাদের গলায় সুর মিলিয়ে বলছেন আপনারা কৃষক দরদী। আবার বলছি, ফুড সিকিওরিটি বিলকে স্বাগত জানাতে হয়, নইলে পিছিয়ে পড়তে হয়। আজকে বৃহৎ, ছোটো ও মাঝারি শিল্প—বামফ্রন্টরা অলিখিতভাবে ৫৪ হাজার ইন্ডাস্ট্রিকে বন্ধ করে দিয়েছিল, আমরা বর্তমান সরকারের আমলে দেখছি ভয়ঙ্কর জমি নীতি এবং এফ.ডি.আই. বিরোধিতা করা জন্য শিল্পপতিরা মুখ ফিরিয়ে নিয়েছে। কোথায় ১৫০টি শিল্প ? আজকে মালদায় ফুড পার্ক ২ বছর হয়ে গেল ডিক্লিয়ার হয়ে গেছে এখনও কোনো কাজ হয়নি। তাই ডঃ মিত্র বলেছেন, ২০১৩-১৪-তে প্রথম ৬ মাসের তুলনায় চলতি আর্থিক বছরে প্রথম ৬ মাসে ঋণপ্রাপ্তির পরিমাণ ১০৫% বৃদ্ধি পেয়ে ৪৩৩১ কোটি টাকা থেকে ৮৯০০ কোটি টাকায় পৌঁছেছে কিন্তু উনি বলেননি চলতি আর্থিক বছরে প্রথম ৬ মাসে অনাদায়ী ঋণের হার বেড়ে কত দাঁড়িয়েছে। আজকে স্বাস্থ্যের কথা যদি আমরা বলতে চাই, ন্যাশানাল রুরাল হেল্‌থ মিশনের টাকা খরচ হচ্ছে না। আজকে ন্যাশানাল রুরাল হেল্‌থ মিশন এবং স্পেশাল বি.আর.জি.এফ.—মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী সুপার স্পেশালিটি হাসপাতালের কথা বলছেন তাই আমি বলব শুধু কেন্দ্রীয় সরকারকে দোষ দিয়ে নয়, নিজেরা কিছু করুন। আপনারা একটা অঙ্গীকার করেছেন, এই সরকার শুধু কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দিয়ে...

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সম্পূর্ণ সমর্থন করে আমি আমার দু-চার কথা বক্তব্য রাখছি। অর্থমন্ত্রী এত সুন্দরভাবে কোনো জাগলারি না করে সাধারণ মানুষের বিশেষ করে মহিলা, নির্যাতিত মানুষ, শিশু এবং সংখ্যালঘু মানুষের কথা মাথা রেখে যে বাজেট তৈরি করেছেন—মাথায় প্রচুর দেনা নিয়েও সেই বাজেট সত্যিকারে জনদরদী। আমরা জানি, আপনি যে বাজেট তৈরি করবেন সেই বাজেট দীর্ঘদিন ধরে যারা আমাদের বিপক্ষে ছিল, দীর্ঘদিন ধরে যারা পশ্চিমবাংলাকে শ্মশানে পরিণত করেছে তারা এই বাজেটকে সমর্থন করবে না। তার কারণ আপনি ফিকির মহাসচিব হতে পারেন কিন্তু ওদের মধ্যে অনেকেই ফিকির মহাসচিব এখানে আছে। অনেক কেন্দ্রীয় বড়ো বড়ো অফিসার আছে যারা আপনার থেকে অনেক বেশি সংবিধান বোঝে। তাই আপনাকে দেখে অঙ্গুলি হেলন করে ব্যঙ্গ করে। আমি জানি না আপনি কতখানি জানেন। সারা ভারতবর্ষের তথা পশ্চিমবাংলার সমস্ত মানুষ জানে কিন্তু আমাদের মধ্যে কতিপয় এম.এল.এ. যাঁরা—আমরা জানি আমাদের অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ—আমরা জানি একটা পরিবারের যেমন বাজেট তৈরি হয়, সেই রকমভাবে আপনি বাজেট তৈরি করেছেন। ভাঁড়ারের সমস্ত টাকা শেষ, সমস্ত টাকা ঋণের দায়ে চলে যায়। সেই অবস্থায় দাঁড়িয়ে আপনি বাজেট তৈরি করেছেন। কিন্তু কতিপয় এম.এল.এ. যেমনভাবে আপনাকে ব্যঙ্গ করে মনে হয় আমরা নতুন এম.এল.এ. হয়ে তাদের এই বক্তব্য, তাদের এই রকম আচরণ আমাদের প্রচণ্ড দুঃখ হয়। মনে হয় অসহায় অবস্থার মধ্যে আমরা দাঁড়িয়ে আছি, অসহায় অবস্থার মতো আমরা দেখে যাই। আমরা জানি, এরা যারা ল' অ্যান্ড অর্ডারের কথা বলে, এরা যারা পশ্চিমবাংলার ধর্ষণ

নিয়ে কথা বলে এরা খুনের রাজত্বে সারা পশ্চিমবাংলাকে লালে লাল করে দিয়েছিল। এই বিধানসভার অনেক এম.এল.এ. আছেন আমি সহ। আমার পরিবারের তিনজনকে এরা খুন করেছিল। এখানে অনেক মহিলা এম.এল.এ. আছেন, যাদের চুল কেটে নিয়ে গোটা গ্রাম এরা ঘুরিয়েছিল। তারা আজকে এখানে ল'অ্যান্ড অর্ডারের কথা বলছে। আমাদের পাশে আমাদের সঙ্গে একসময় ছিলেন কংগ্রেসের এম.এল.এ.-রা, যাঁরা রয়েছেন তাঁরা আজকে বলছেন যে বর্ধমানের এস.পি. সাহেব উনি কর কালেকশানের জন্য রাস্তা থেকে টাকা আদায় করে উনি জমা করেছেন। ভাগ্যিস উনি বলেন বিগত দিনে এই বামপন্থী এম.এল.এ.-রা, বামপন্থী যে সরকার ছিল তারা কিভাবে পশ্চিমবাংলাকে লুট করেছে। আমাদের সরকারের পুলিশ তারা তো রাস্তা থেকে রেভেনিউ কালেকশান করে সেটা সরকারে জমা দিয়েছে। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী স্বেচ্ছাচারী হল কিনা, সেটা স্বেচ্ছাচারিতা কিনা, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ঠিকমতো বাজেট তৈরি করবে কিনা, সেটা আপনাদের কাছে শুনতে হবে না। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মাটি অনুষ্ঠান করবে কিনা, ধুলো অনুষ্ঠান করবে কিনা, সেটাও আপনাদের কাছে শুনতে চাই না। আপনারা জানেন জঙ্গলমহলে যেখানে একটা অনুষ্ঠানে মাননীয়া মুখ্যমন্ত্রী ত্রিশ হাজার লোককে জমায়েত করতে পারেন, যেখানে ১৬০০ ক্লাবকে জমায়েত করতে পারেন, সেখানকার মানুষকে মোটিভেশান করার জন্য মানুষকে নিয়ে তিনি সংগঠিত করার চেষ্টা করছেন। আপনাদের কাছে শুনতে হবে না। নিশ্চয় আপনারা বলবেন। কিন্তু আপনারা মনে করছেন টাকাটা বোধহয় আকাশ থেকে এসে পড়বে। টাকাটা বাজেটে কোথা থেকে আসবে সেই ব্যাপারে আপনাদের চিন্তা-ভাবনা নেই। বাজেটের ব্যাপারে পুরো বক্তব্য আপনারা রাখছেন না। আমাদের সরকার, আমাদের নেত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে যে বাজেট তৈরি হয়েছে সেই বাজেটে বৃত্তিকরে ছাড় দিয়ে, সাধারণ মানুষকে ছাড় দিয়ে, স্ট্যাম্প ডিউটি কালেকশানে ছাড় দিয়ে এক জানালা দিয়ে অন লাইনের মাধ্যমে কিভাবে কালেকশান করতে হবে আগামী দিনে—গত ১০-১১ সালে আপনারা মাত্র ২১ কোটি টাকা আদায় করেছিলেন। এখন আমাদের বাজেট ১৪-১৫ সালে গিয়ে ৪৫ হাজার কোটি টাকায় গিয়ে পৌঁছেছে। আপনারা জানেন আমরা কর বাড়াইনি, কর বাড়ানোর কোনো প্রশ্ন আমরা রাখিনি। মাননীয় অর্থমন্ত্রী সেই কর বাড়ানোর কোনো প্রশ্নে যাননি। তাই আপনারা কোনো প্রশ্ন পাচ্ছেন না। আপনারা কোনো কিছু বলতে পারছেন না। আমাদের সরকারের দৃষ্টিভঙ্গি অনুযায়ী যে সমস্ত জিনিসগুলো করা হয়েছে, যে সমস্ত প্রকল্পগুলো করা হচ্ছে আপনারা চোখে দেখতে পাচ্ছেন না। কৃষি দপ্তর থকে আরম্ভ করে, ক্ষুদ্র কুটির শিল্প থেকে আরম্ভ করে সব দপ্তরেই আমাদের উন্নয়ন চলছে। আপনারা জানেন আমাদের সরকার যেটা চেষ্টা করেছে—কৃষি দপ্তরের বাজেট, সরকার চেষ্টা করেছে যেখানে, আমাদের ক্ষুদ্র কুটির শিল্পের বাজেট, সরকার চেষ্টা করেছেন সংখ্যালঘুদের বাজেট অনেক বাড়িয়ে দিয়েছেন। সংখ্যালঘুদের অন্যান্য স্কিমের সঙ্গে সঙ্গে নির্যাতিত ও অন্যান্য অর্থনৈতিকভাবে দুর্বল তফশিলি জাতি, সব মানুষের বৃত্তি, অনুদান, তাদের স্কীম, যাবতীয় স্কীমগুলোর উন্নয়নের জন্য সরকার জঙ্গলমহল থেকে আরম্ভ করে, পাহাড় থেকে আরম্ভ করে সব জায়গাতে উন্নয়নের কাজ চালিয়ে যাচ্ছেন। আপনারা দেখতে পাচ্ছেন না। আপনারা বামপন্থী চিন্তাধারায়, যারা ডানপন্থী ছিল তারা এখন কি পন্থী বুঝতে পারছি না। তারা

কিভাবে চলছে আমরা বুঝতে পারছি না। দিল্লীর কেন্দ্রীয় সরকারটা মনে হচ্ছে যেন শুধু কংগ্রেসের সরকার। দিল্লীটাও মনে হচ্ছে যেন শুধু কংগ্রেসের। দিল্লীটা মনে হচ্ছে যেন অন্য কোনো দল, অন্য কোনো জাতি, অন্য কোনো রাজ্যের নয়। দিল্লী যে টাকাটা দেবে, সেই টাকাটা মনে হচ্ছে যেন শুধু কংগ্রেসের টাকা। মনে হচ্ছে যেন সেখানে আমাদের দেশের, আমাদের রাজ্যের যেন দিল্লী রাজধানী নয়। তাই আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট যথার্থ এবং সাধারণ মানুষের উন্নয়নের কাজে লাগবে, দিশা দেখাবে। বাংলার আরও উন্নয়ন হবে। যারা মিথ্যা ভাঁওতা করে যারা এখানে ব্যঙ্গ করছে আগামী দিনে তারা আরও পিছিয়ে যাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ১৭ তারিখে যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সমর্থনযোগ্য নহে। কারণ আমরা জানি বাজেট হচ্ছে এমন একটা জিনিস যা এক বছরে সরকার কত আয় করবে এবং এক বছরে মানুষের স্বার্থকে বজায় রেখে কিভাবে তা ব্যয় করবে তার পরিপূর্ণ রূপ। বাজেটে মাননীয় মন্ত্রী কৃষকের কৃষি যন্ত্রাংশ বা সারের ভর্তুকির জন্য কোনো টাকা ধরেননি। আই.সি.ডি.এস., এস.এস.কে., এম.এস.কে. সরকারি কর্মচারীদের ৩৪% ডি.-এর কোনো উল্লেখ মাননীয় মন্ত্রীর বাজেটে নেই।

[4.10 – 4.20 p.m.]

সরকার পক্ষের বিধায়কদের সুপারিশে ক্লাব-লাইব্রেরিকে যে টাকা দেওয়া হয়েছে তার কোনো হিসাব রাখতে হবে না বলে দেওয়া হয়েছে। বইমেলায় দেখলাম বই কেনা-বেচা অপেক্ষা উৎসব বেশি হল। আর মেলা খেলা, হোর্ডিং এসবের তো তোয়াক্কাই করেন না। বাজেট ছাড়া সরকারি টাকা খরচ হলে সততার প্রতীক নামটার পরিবর্তন হয়ে যাবে এটা মনে রাখা দরকার। এম.জি.এন.আর.ই.জি.এ.-এর যে ৪ হাজার ৮০০ কোটি টাকা পেয়েছেন বলে মাননীয় মন্ত্রী দাবি করেছেন, সেখানে গরীব মানুষ কত পেয়েছে, আর যাদের সুপারভাইজার নিয়োগ করা হয়েছে তারা কত পেল সেটা উল্লেখ করা হয়নি। সংখ্যালঘুদের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর দরদ তো উথলে পড়ছে। ইমামভাতা চালু করেছেন। কতজনকে দিয়েছেন, আর কত দরখাস্ত পড়েছে তার উল্লেখও নেই। সংখ্যালঘুদের শিক্ষাক্ষেত্রে ঋণ দেওয়ার পরিমাণও কমে গেছে। রাজ্যে সংখ্যালঘু উন্নয়ন বিত্ত নিগম ২০১১-'১২ সালে ২ হাজার ৮৪৩ জনকে ৮ কোটি ৬৯ লক্ষ ৯৩ হাজার টাকা ঋণ দিয়েছেন। সরকারি রিপোর্ট জানাচ্ছে, ২০১২-'১৩ সালে সেই ঋণ পেয়েছেন ১৬২৪ জন। টাকার পরিমাণও কমে হয়ে গিয়েছে প্রায় ৪ কোটি ৭২ লক্ষ ৪৭ হাজার টাকা। জিনিসের দামের সঙ্গে পার্সেন্টেজ করলে কতগুণ কমে যাচ্ছে ? সংখ্যালঘুদের এটা উন্নয়ন হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষণা ছিল ৫৬টি মার্কেটিং হাব হবে রাজ্যে। কোনো হাবেরই দেখা নেই। গোসম্পদ উন্নয়ন প্রকল্পে ২০১২-'১৩তে ৪৯ কোটি টাকা ব্যয় করা হয়েছিল। ২০১৩-'১৪-তে ২৬ কোটি ৭৪ লক্ষ টাকা খরচ হল কেন ? যেখানে জিনিসের দাম লাফিয়ে-লাফিয়ে বাড়ছে, সেখানে ব্যয়বরাদ্দ কমছে। ২০১১ সালের মে মাসে পরিবর্তিত সরকার এসে বলেছিলেন, এ.পি.এল. এবং

বি.পি.এল. নতুন করে সব তৈরি করে ফেলা হবে। আড়াই বছর হয়ে গেল এই বাজেটে তার কোনো উল্লেখ নেই। মাননীয় মন্ত্রী বেকার ছেলেদের গাড়ি কেনার জন্য গতিধারা প্রকল্প সাবসিডিতে দেবেন বলেছেন। কিন্তু এই গতিধারা প্রকল্প নামটা পরিবর্তন করা হয়েছে। আমরা জানি বি.এস.কে.পি. নামে এই প্রকল্প চালু ছিল। অনেক বেকার ছেলেমেয়ে এই টাকায় গাড়ি কিনেছে। রাজ্যবাসীকে পরিবর্তনের চমক দিয়েছিলেন গতবার যেমন ঘুড়ির কাঠি আর দেশলাইয়ের বাক্সের দাম কমিয়ে মাননীয় মন্ত্রীও এবারে হেয়ার ব্যান্ড ক্লিপের দাম কমিয়ে সেইরকমই চমক প্রদান করেছেন। কৃষকদরদী মা-মাটি-মানুষের সরকার মাটি উৎসব করলেও কৃষকের জন্য কৃষিযন্ত্র ও সারের উপর ভর্তুকির কথা বাজেটে রাখেননি। কৃষকের অবস্থার কথা না ভেবে উৎসব করলে মাটি উৎসব একদিন ভস্ম উৎসবে পরিণত হবে। সরকারি কর্মচারীদের ১ লক্ষ টাকা আয় হলে ওয়ান পার্সেন্ট ট্যাক্স কমানোর কথা বলা হয়েছে, কিন্তু আমরা জানি সরকারি কর্মচারীদের বৎসরে ১ লক্ষ টাকা কারোর আয় নেই। এটাও একটা চমক সৃষ্টি করা। ৪৩ হাজার ৭৭৭ জন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে বলে—এক্ষেত্রে বেকার ছেলেমেয়েরা সততার প্রতীককে আর একবার চিনে নিলেন। আপনারা তো রাগ করবেন। সেই একটা প্রবাদবাক্য আছে না—পড়ল কথা সবার মাঝে, আর যার কথা তার গায়ে বাজে। আপনারা তো দোষ করেছেন। দরিদ্র মহিলাদের সংখ্যা বেশি বলা হয়েছে এস.এইচ.জি. গঠনে। কিন্তু মনে রাখবেন মাননীয় মন্ত্রী মহোদয় আমরা জানি যে, ৭০% বি.পি.এল., আর বি.পি.এল. নয় এমন গরীব মানুষ ৩০% বা ২০% গরীব মানুষদের নিয়েও আমাদের সময়ে যে দল গঠন করা হয়েছিল। তাই একথা তো সত্য যে বামফ্রন্টের সাফল্যের জন্যই আপনি গরীব মানুষকে বেশি আনতে পেরেছেন। বাজেটে সবটা পড়ে আমাদের যেটা মনে হয়েছে—একটা গাছের মোটা গুঁড়িকে জোরে ঠেলে দিলে যেমন অনেকক্ষণ গড়ায়, তো আমাদের বামফ্রন্ট সরকার একটা গোটা গাছের গুঁড়িকে জোরে ঠেলে দিয়েছেন সেই গড়ানোটাই এখন গড়াচ্ছে। যদি এই গড়ানো বন্ধ হয়, তখন কি হবে এই আশঙ্কায় রইলাম। বাজেটকে আমি সমর্থন করতে পারলাম না। সবাইকে নমস্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী রফিকুর রহমান : মাননীয় স্পীকার স্যার, গত ১৭.২.২০১৪ তারিখে রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে আমি সমর্থন করছি এইজন্যই যে, এই বাজেট রাজ্যে যে উন্নয়নের গতি এনেছে, সেই গতিকে আরও ত্বরান্বিত করবে। এই বাজেটকে এই জন্যেই সমর্থন করছি রাজ্যে পরিবর্তনের পর বাংলার বেকারদের বুকে যে নতুন আলো জ্বলেছে, সেই আলো আরও উজ্জ্বল হবে। এই বাজেটকে এই জন্যই সমর্থন করছি যে রাজ্যে গ্রামীণ শিল্প এবং কৃষিক্ষেত্রে উন্নয়ন ত্বরান্বিত হবে। এই বাজেটে ডঃ মিত্র গত বছরের তুলনায় ১৭ পার্সেন্ট আর্থিক বরাদ্দ বৃদ্ধি করেছেন। কিন্তু আশ্চর্যের বিষয় কোনো কর প্রস্তাব করেননি, বরং কর কমিয়েছেন। বৃত্তি করের স্লাব বাড়িয়েছেন। তার পরেও ১৭ পার্সেন্ট আর্থিক বরাদ্দ বাড়িয়ে আগামী বছরে ৪৫ হাজার কোটি টাকা আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করেছেন। গত তিনটি আর্থিক বছর প্রমাণ করে দেয় যে রাজ্যে অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তার বাস্তবায়ন হয় এবং হয়েছে, সেটা প্রমাণ

হয় রাজ্যের উন্নয়ন দিয়ে। আমার সামনে বসে থাকা বামপন্থী মানুষরা এবং কংগ্রেসি ভায়েরা যদি উন্নয়নকে দেখতে না পান, যদি আপনার কানটাও পরিষ্কার থাকে, আপনাদের কাছে অনুরোধ করব গণ-আদালতের মানুষের আওয়াজটা শুনুন, মানুষ কি বলছে। মানুষ কিন্তু বলছে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার উন্নয়ন সূচিত হচ্ছে। এই বাজেটকে আপনারা কিভাবে পড়েছেন জানি না। এই বাজেট যে মানুষের বাজেট, এই বাজেট যে মানুষের মনের কথা বুঝেছে, এই বাজেট যে গরিব মানুষের বাজেট, একটা নতুন স্কীমের মধ্যে দিয়ে মাননীয় অর্থমন্ত্রী সেটা প্রমাণ করতে চেয়েছেন, সেটা বুঝিয়ে দিয়েছেন। আপনারা দেখেছেন এম.বি.সি.সি.-র নামে একটা নতুন পরিকল্পনা আনা হয়েছে কে.সি.সি.-র আদলে। তাতে বলা হয়েছে গ্রামীণ গরীব মানুষ, শহরের গরীব বেকার যুবকরা, অর্ধ-শিক্ষিত যুবকরা ঋণ পাবে মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ডের মাধ্যমে। যারা এখানে বিধায়ক আছেন, ওই বামপন্থী বিধায়কদের আমি বলব আপনারা মানুষের সঙ্গে থেকে বিধায়কগিরি করেন কি না জানা নেই, কিন্তু আমরা যাঁরা তৃণমূলের বিধায়ক, আমরা মানুষের সঙ্গে থাকি। কারণ আমরা মা-মাটি-মানুষের সমর্থনে এসেছি। আমরা যখন রাস্তায় থাকি, অফিসে থাকি, গ্রামের বেকার যুবকেরা এসে বলে এম.এল.এ. সাহেব, আমায় ব্যাঙ্কে একটা ঋণের ব্যবস্থা করে দিন। আমরা কি করি। স্থানীয় ব্যাঙ্কের ম্যানেজারকে একটা চিঠি লিখে দিয়ে বলি, এই ছেলেটিকে পাঠালাম, আপনি ওকে একটা ঋণ করে দিন। বেশির ভাগ ক্ষেত্রে ব্যাঙ্ক তাকে বিভিন্নভাবে ঘোরায়, পরবর্তীকালে আমাদের ফোন করে বলে আপনার ছেলেটির ফিজিবিলিটি নেই, তাই লোন দিতে পারলাম না। এই আইনের মাধ্যমে সেই বেকার ছেলে অতি সহজেই ঋণ পাবে। এটা বাজেটের একটা নতুন বিশেষত্ব। তাই আমি এই বাজেটকেই সমর্থন করি। আমি উত্তর চব্বিশ পরগনার ছেলে। উত্তর চব্বিশ পরগনায় একটা শিল্প পুনর্গঠনের কেন্দ্র গড়া হবে। এ জন্য আমি খুশি। সেই সঙ্গে আরো বলি আমরা যখন খুবই ছোটো ছিলাম, ৬০-এর দশকে, যে দশকে আমর জন্ম, সেই দশকে আমার পাশে কল্যাণী স্পিনিং মিল তৈরি হয়েছিল তদানীন্তন কংগ্রেস সরকারের নেতৃত্বে। তিন হাজার শ্রমিক সেখানে কাজ করতেন। ৩৪ বছরের বদান্যতায় সেখানে কর্মীর সংখ্যা এখন ৩০০-র বেশি নেই। সেই ৩০০ কর্মচারীর মাইনেও ঠিকমতো দিতে পারতেন না। এই সরকার আসার পর তারা ঠিকমতো মাইনে পাচ্ছে। এই সরকার সিদ্ধান্ত নিয়েছে ওই কর্মচারীদের সরকারি অফিসে নিয়োগ করে ওখানে একটা ইন্টিগ্রেটেড ডেভলপমেন্ট পার্ক তৈরি হবে। যেখানে চার হাজার বেকার যুবকের সরাসরি কাজ হবে এবং তিন হাজার মানুষের পরোক্ষভাবে কাজ হবে। তাই আমি এই বাজেটকে সমর্থন করি। যাঁরা বলছেন এই বাজেট উন্নয়নের বাজেট নয়, যাঁরা বলছেন এই বাজেট উন্নয়নকে সমর্থন করে না, তাদের আর একবার বলি আপনি মানুষের গুঞ্জনটা শুনুন। গতকাল বক্তব্য শুনছিলাম আমাদের সুখবিলাসবাবুর।

[4.20 – 4.30 p.m.]

আগে বলে গেছেন পার্থবাবু, তার শেষ অংশটা আমাকে খুব দুঃখ দিয়েছিল। আমি জানি না সুখবিলাসবাবু এখানে আছেন কিনা, যদি না থাকেন তাহলে তাঁর সহপাঠীদের বলব

আমার বক্তব্যটা তাকে পাঠিয়ে দেবেন। তিনি বলেছেন বাংলার মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গের সংস্কৃতিকে অপমান করেছেন। এটা বোধহয় বাংলার মানুষ মানতে পারে না। আপনি জানেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বাংলার হারিয়ে যাওয়া সম্পদ, হারিয়ে যাওয়া সংস্কৃতিকে পুনরুদ্ধারের চেষ্টা করছেন। আপনি জানেন সাঁওতালি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে, উত্তরবঙ্গের সংস্কৃতিকে স্বীকৃতি দেওয়া হয়েছে। সুখবিলাসবাবু, আপনি নিজেও ভুলে গিয়েছিলেন পঞ্চানন বর্মণের নাম, যেটা মনে করিয়ে দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তিনি পঞ্চানন বর্মণের নামে একটি বিশ্ববিদ্যালয় তৈরি করছেন। তারপরও আপনি বলছেন মমতা ব্যানার্জী উত্তরবঙ্গের সংস্কৃতিকে অপমান করেছেন ? আমি মনে করি সুখবিলাসবাবু, এর জন্য আপনার অনুশোচনা হওয়া উচিত। এবং এই সভায় সেটা বলে নিজেকে গান্ধীবাদী, জাতীয়তাবাদী বলে প্রমাণ করুন। অবশেষে এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Trilok Kumar Dewan: Hon'ble Speaker, Sir, through you, I would like to draw the kind attention of the Hon'ble Finance Minister, Dr. Amit Mitra. As we can see from the Budget Publication No. 9, "Budget at a Glance", I am confining my remarks to GTA only, as for the time constraints of 7 minutes only. We can see that the Budget for Hill Affairs in 2012-13 was Rs. 194.11 crores in the Plan Budget. Current year is Rs. 130.27 crores which has been revised to Rs. 255.27 crores. I think further revision is there and for the next year Rs. 157.20 crores. I was comparing this figure, with the previous DGHC regime, where the Left Front Government was very tight for DGHC. And in 2011-12, only Rs. 13 crores was allotted to erstwhile DGHC, in 2010-11, only Rs. 10 crores was allocated out of which only Rs. 3 crores was released. In 2009-10 only Rs. 10 crores was indicated, only Rs. 5 crores was released. So compare to the previous regime, the present Government has given, I have no doubt, it is one of the highest outlay so far as in the history of Darjeeling is concerned.

I on behalf of our Chief Executive, Shri Bimal Gurung, my colleague and myself, would like to thank Hon'ble Chief Minister, Smt. Mamata Banerjee for such generosity. We believe. Now we can feel that we are getting what is due to us and if this is the trend, I am sure, our madam Smt. Mamata Banerjee keeps on saying that Darjeeling will be converted into Swarna Bhumi after three-four years. I think it will be converted in into Swarna Bhumi. Thank you. Sir, once again. Despite such a critical financial state

of affairs in West Bengal, the Government of West Bengal, and the Hon'ble Chief Minister were so generous to give such a huge outlay to Darjeeling District. And we are also determined on the part of the GTA that we will ground it whatever scheme, whatever in the past has been neglected. We will try to make it in three years period time. Now one present budget issue before I come to the current that is next budget Sir, for your kind information, we were told by the Hill Affairs Department that before the establishment of The GTA that 119 crores should be surrendered.

So, accordingly, the then DGHC surrendered. GTA has just taken over. So Rs. 190 crores was surrendered. There was a letter by Hill Affair Department that this amount will be given to GTA. As on today Rs. 74 crores have been given to GTA, out of which Rs. 40 crores have been adjusted against the present budget. I think this is very very unfair. This will have a serious cascading effect in the GTA budget. As you all know we are just a new baby. We are tottering. GTA finance will go haywire and we request the Finance Minister, to adjust, not only to adjust, but pay back this Rs. 40 crore so that we can bring some sort of financial discipline in GTA. This amount consists of pension for Schedule Castes and Schedule Tribes, stipend for the students' security deposit, old-age pension, etc. All these are committed expenditure. This issue has been discussed at the highest level also. So, they are aware of it. Finance Department and Hill Affairs Department are fully aware of it. So, we would like to request that before 31st March, this amount may be given back to GTA.

Now, I will come to the Demands of Hill Affairs, Demand No. 26, Budget publication 19, I was going through the budget book at page 1, page 3, page 14, page 15, page 16 under the minor head 191-0-100007-001. Still it is written as 'Darjeeling Autonomous Hill Council'. There is no more autonomous Hill Council. This error needs to be rectified by the Finance and Hill Affairs Department. The GTA was notified on 12th March 2012. We are now in the saddle of the organization. That apart, I was trying to understand the figures given in 17 pages on Hill Affairs. Most of the pages are blank. So we would like the Finance Minister that in future budget all these blank columns may be furnished. There may be

some communication gap between GTA and Hill Affairs Department. The GTA transition is still going on. So, I would request the Finance Minister to rectify these errors also. Now, in this context, Sir, I would like to draw your kind attention when the DGHC was functioning with small budget. There were as many as 130 Drawing & Disbursing Officers. There was complete Rama Rajya. Finance was totally decentralized without proper control. Today when the GTA budget is very large, there is only one Drawing & Disbursing Officer. Sir, as a result the Finance Department is virtually functioning like Accounts Department. So many files are pending due to concentration of power. So administration has swung from one extreme to the other extreme. So, we would request the Finance Department. We have sent a proposal that twenty six departments may be declared as DDOs so that there is a proper decentralization, for proper functioning and smooth administration of the GTA.

Now, in the budget statement of the Finance Minister, I am comimg back to page no. 13, which is very heartening that medical college under PPP is being established at Kurseong. So we would like to thank again the Hon'ble Chief Minister as this was also a felt-need in GTA. The entire Medical, Health Department, was in shamble in last thirty years. Even for ICU purpose, we have to come to Siliguri. There is no IC Unit. Now, of course, it is being established. So establishment of medical colleges in fulfilling the demands of medical facilities in Darjeeling. At page no. 19, there is a mention of bio-diversity project of forest department at 400 crores. Sir, kindly give me two minutes more. This is a very important project. As you understand that there are 34 bio-diversities locations in the world. Out of 34, two are in India—one is in the Western Ghat and the other is in Eastern Himalayan in Darjeeling, Sikkim, Bhutan and Arunachal Pradesh. So, if you travel from Bagdogra towards Darjeeling Sandakphu and Falut, you will cross four climatic zones, i.e. tropical, sub-tropical, temperate and alpine. This climatic diversity you will find within the Darjeeling itself. This project will go a long way in exploring natural wealth of Darjeeling unexplored so far provided GTA is incolved in this particular project.

[4.30—4.40 p.m.]

Sir, in the roads and infrastructures there have been mentioned that there is corridor in Nepal, Bangladesh, Bhutan and what not, we feel that Pasupati near Mirik should be a Customs Department. That is an important corridor for the trading purpose and commercial purpose which will facilitate the foreigner's travel also as well as it will trigger off order of economy in the Pasupati area. Similarly, in the tripartite agreement Geoloplas already mentioned there. So we would like the Geolopla trade route also to be opened and this will go a long way to revive the economy of Kalimpong. Since my time is running out, I will just point out one more issue. I have many issues, those are very important issues. Sir, I would like to mention that Rajya Sabha Standing Committee on Transport and Tourism, in its 190th report submitted to the Rajya Sabha on 6.2.2013 they have recommended that Darjeeling should be included they have travelled all over Sikkim and Darjeeling. Sikkim is already a part of north region. It has similar topography, similar people are there. Why Darjeeling will not be a part of north east region ? They should get 10% of the Union Budget. So, I would request the Government of West Bengal to take up the matter with the Government of India. I have many other issues but my time is constraint. Thank you for the time given to me.

শ্রী অসীম কুমার মাঝি : মাননীয় স্পীকার স্যার, গত ইংরেজির ১৭.০২.২০১৪ তারিখ এই পবিত্র সদনে ২০১৪-১৫-র যে বাজেট রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র পেশ করেছেন, আমি সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে কিছু কথা বলছি। স্যার, ৩৪ বছরের পাপের বোঝা ফেলে রেখে যাওয়া এই বামফ্রন্ট সরকারের এই ঋণের বোঝা মাথায় নিয়ে মা-মাটি-মানুষের চলার পথ শুরু হয়েছিল স্যার। অর্থমন্ত্রী সাধারণ মানুষের ওপর বাড়তি করের বোঝা না চাপিয়ে যে আয়ের রাস্তাটা দেখিয়েছেন, এটা সত্যিই প্রশংসনীয়! অর্থনৈতিক, সামগ্রিক মানদণ্ডের ভিত্তিতে লক্ষ করা গেছে যে, ২০১৩-১৪ অর্থবর্ষে ভারতে জি.ডি.পি. বৃদ্ধির হার ৪.৯ শতাংশ। সেখানে বাংলার জি.এস.ডি.পি.-র হার ৭.৭ শতাংশ স্যার। ভারতে কৃষি উৎপাদনের বৃদ্ধির হার ৪.৬ শতাংশ, সেখানে বাংলার বৃদ্ধির হার ৫.২৬ শতাংশ। যেখানে শিল্পে ভারতবর্ষের হার .৭ শতাংশ, সেখানে বাংলার শিল্পের হার ৯.৫৮ শতাংশ স্যার। স্যার, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে এই পর্যন্ত ৬৯ কোটি ৮১ লক্ষ টাকা ভারত সরকার কেটে নিয়ে যাচ্ছে। এই বিপুল ঋণের বোঝার জন্য বাংলার মানুষ বামফ্রন্টকে কোনোদিন ক্ষমা করবে না স্যার। চেয়ারম্যান স্যার, যুগান্তকারী সিদ্ধান্ত, বলিষ্ঠ পদক্ষেপ আমাদের সরকারের বাংলার মুখ্যমন্ত্রী মমতা

ব্যানার্জীর—'কন্যাশ্রী' প্রকল্প। কারণ, আমরা দেখতে পেয়েছি স্যার, ২০১৪ সালের মার্চের মধ্যে ১৫ লক্ষ কন্যাকে আমরা এর আওতাভুক্ত করতে পারছি। আগামী ২০১৫ অর্থবর্ষের মধ্যে আমরা ২০ লক্ষ কন্যাকে আমরা এই লক্ষ্যমাত্রায় নিয়ে যেতে পারব। স্যার, যুগান্তকারী সিদ্ধান্ত, বলিষ্ঠ পদক্ষেপ—সারা রাজ্যে আমরা ৬০টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান চালু করতে পেরেছি। যেখানে ছাড় হচ্ছে, ৪৮ শতাংশ থেকে ৬৭ শতাংশ। কিছু স্বার্থান্বেষী, অসাধু ব্যবসায়ী হুমকি দিয়েছিল যে, সারা বাংলাকে স্তব্ধ করে দেবে। কিন্তু সেই ব্যবসায়ীদের হুমকিকে উপেক্ষা করে আমাদের সরকার এই ন্যায্য মূল্যের ওষুধের দোকান চালু করতে পেরেছে স্যার। স্যার, কর্মসংস্কৃতির জ্বলন্ত দৃষ্টান্ত গত ইংরেজির ৭ই জানুয়ারি ২০১৪ তারিখে একই দিনে একই সময়ে বাংলার ৩৪১টা ব্লকে ৩৩৪৯টি গ্রাম পঞ্চায়েতের প্রত্যন্ত এলাকায় সরকারি আধিকারিক, জনপ্রতিনিধি এবং সাধারণ মানুষকে নিয়ে ১৬০০ কি.মি. রাস্তার সূচনা করতে পেরেছি। কর্মসংস্কৃতির আর একটা জ্বলন্ত উদাহরণ ১২ই জানুয়ারি একই দিনে একই সময়ে বাংলার প্রত্যেকটা প্রাইমারি স্কুলের ছেলে-মেয়েদের নিয়ে পরিচ্ছন্নতা এবং গাছ লাগানোর কর্মসূচি নিয়েছিলাম আমরা। স্যার, এঁরা বুঝতে পারছেন না, এঁরা দেখতেও পাচ্ছেন না। কর্মসংস্কৃতির আর একটা জ্বলন্ত দৃষ্টান্ত বলিষ্ঠ পদক্ষেপ গত ১৬ই ফেব্রুয়ারি রবিবার বিশেষ করে উল্লেখ করতে হয় রবিবার, একই সঙ্গে ৩৪১ ব্লকে ভূমিহীন ও গৃহহীনদের 'নিজগৃহ নিজভূমি' প্রকল্পে প্রায় ৫২ হাজার পাট্টা বিলি করা হয়েছে। এটা কর্মসংস্কৃতির একটা জ্বলন্ত দৃষ্টান্ত যে আমরা রবিবারেও সরকারি আধিকারিক এবং জনপ্রতিনিধিদের নিয়ে এই কর্মসূচি আমরা নিতে পেরেছি। বিগত দিনে বামফ্রন্টের প্রয়াত মুখ্যমন্ত্রী তিনি এক সময় আক্ষেপ করে বলেছিলেন যে সরকারি দপ্তরের চেয়ারগুলো সব ফাঁকা, আমরা কাকে জানাব, কাকে বলব যে কাজ করতে হবে, কাজগুলো শীঘ্রই সমাপন করতে হবে। তাই তো বলি স্যার, এই পরিবর্তনের সরকার বাংলার প্রত্যন্ত এলাকায়, প্রত্যন্ত গ্রামের মানুষের কাছে এই মা-মাটি-মানুষের সরকারের ছোঁয়া বা পরিষেবা আমরা পৌঁছে দিতে পেরেছি। স্যার, আর একটা জ্বলন্ত দৃষ্টান্ত ও বলিষ্ঠ পদক্ষেপ হচ্ছে যে মহাকরণ, যে মহাকরণ ৩০০ বছরের পুরনো, সেই মহাকরণ যেটা জতুগৃহ হয়ে গিয়েছিল। সেটার অনেকেই সমালোচনা করেছেন, অনেক সাংবাদিক বন্ধু সমালোচনা করেছেন যে এটা জতুগৃহ হয়ে আছে, এটাকে কবে সংস্কার করা হবে। কিন্তু আমাদের নেত্রী বাংলার মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী এই কাজটা করতে পেরেছেন। সেই মহাকরণকে অন্যত্র সরিয়ে নিয়ে গিয়ে রাইটার্স বিল্ডিং-এর সংস্কারের কাজে হাত দিয়েছেন। স্যার, কৃষকদের ক্রেডিট কার্ড আগেও ছিল, এখনও আছে, তবে নতুন করে বলতে হচ্ছে কেন ? নতুন করে বলতে হচ্ছে এই কারণে যে বিগত দিনে ২০শে মে ২০১১ আমরা দেখেছিলাম ৭ লক্ষ কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। কিন্তু ২০১১-১২, ২০১২-১৩ সালের মধ্যে আমরা প্রায় ২৩ লক্ষ ৮৯ হাজার ২৯৩টা ক্রেডিট কার্ড বিতরণ করতে পেরেছি। আমরা আগামী ২০১৪ সালের মার্চের মধ্যে ২৮ লক্ষ কার্ড দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য করেছি। কিষাণ মাণ্ডি ৯৫টির কাজ শুরু হয়েছে। তার মধ্যে আমরা হুগলী জেলার বলাগড় ব্লকে প্রায় ৭০% কাজ ইতিমধ্যেই হয়ে গেছে। আমরা এখানে শুনছিলাম অনেক বামফ্রন্টের বন্ধুরা বলছিলেন যে

কিষাণ মাণ্ডির কাজ বোধ হয় এখনও শুরুই হয়নি। আমার বলাগড় ব্লকে এই কিষান মাণ্ডির কাজ ৭০% হয়ে গেছে।

শ্রী গোকুল রায় : মিঃ চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ১৭ই ফেব্রুয়ারি ২০১৪-১৫ সালের যে বাজেট পেশ করেছেন এই পবিত্র সদনে আমি এটাকে সমর্থন করতে পারছি না। কারণ হচ্ছে এখানে বর্তমান সরকার উত্তরবঙ্গ নিয়ে বড়ো বড়ো কথা বলে। কিন্তু আমার জেলা উত্তর দিনাজপুর এটা উত্তরবঙ্গের মধ্যে অন্তর্ভুক্ত। আপনারা সবাই জানেন যে উত্তর-পূর্ব ভারতের সাথে যোগাযোগকারী রাস্তা হচ্ছে ৩৪ নম্বর জাতীয় সড়ক। আমার রায়গঞ্জ থেকে ডালখোলা এই সড়কটার কাজ দু-বছর আগেই বন্ধ হয়ে গেছে।

[4.40 – 4.50 p.m.]

কেন কাজ বন্ধ হল ? রাজ্য সরকার NHA-কে জমি দিতে পারেনি। জমি দিতে পারেনি, কাজ বন্ধ ফলে HCC কোম্পানি, যে এজেন্সে চলে গেছে পাত্তারি গুটিয়ে। তাতে কি হল ? এক বছর ধরে ওই রাস্তার মধ্যে বড়ো বড়ো গর্ত। এমন বড়ো বড়ো গর্ত যে টোটালি রাস্তায় যান চলাচল বন্ধ হয়ে গেল। কিছু লোক জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করত। তা করতে গিয়ে অসংখ্য লোক মারা গেছে। প্রায় ১৩ জন মারা গেছে এবং ৪৭ জন আহত। এবং সর্বশেষ যেটা মৃত্যু হয়েছে সেটা হচ্ছে ১২ই ফেব্রুয়ারি আমার বিধানসভা এলাকায় ১৬ জন লোক ৩৪ নং জাতীয় সড়কে অ্যাক্সিডেন্ট করে মৃত্যু হয়েছে। কিন্তু এ সব হত না যদি আজকে রাজ্য সরকার জমি দিতে পারত। দু-বছর আগেই তাহলে রাস্তাটা হত। এত লোকের মৃত্যুর মিছিল হত না। শুধু এখানেই শেষ নয়, আরও উদাহরণ দিচ্ছি। আমার বিধানসভা এলাকা ডালখোলায় একটা জায়গা আছে যেখানে একটা বিশাল পাওয়ার গ্রিড হওয়ার কথা। কিন্তু সেখানেও রাজ্য সরকার জমি দিতে পারল না। আজকে সেই পাওয়ার গ্রিড হওয়ার কথা। কিন্তু সেখানেও রাজ্য সরকার জমি দিতে পারল না। আজকে সেই পাওয়ার গ্রিড হচ্ছে বিহারে। বঞ্চনা এখানেই শেষ নয়। আজকে উত্তরবঙ্গের মানুষ সম্পূর্ণ নির্ভর করেছিল তিস্তা প্রকল্পের উপর। আমরা বামফ্রন্ট সরকার অনেক চেষ্টা করেছিলাম একটাকে জাতীয় প্রকল্প ঘোষণা করার জন্য। কিন্তু করেনি। যখন করা হল ২০০৯-১০ সালের আর্থিক বছরে তখন বামফ্রন্ট সরকারের শেষ সময়। যখন এটা জাতীয় প্রকল্প হল তখন ফান্ডিংয়ে অভাব ছিল না। আমাদের সময় আমরা টাকার অভাবে করতে পারিনি। তখন ফান্ডিং রেশিও ছিল ৯০% কেন্দ্রীয় সরকার আর ১০% রাজ্য সরকার। কিন্তু এই সরকারের আমলে ওখানেও জমি সমস্যার জন্য কাজটা থমকে গেছে। আমাদের আগের যে সেচমন্ত্রী ছিলেন ডাঃ মানস ভূঞ্যা, উনি তাও চেষ্টা করেছিলেন এই জমি জট সমস্যার সমাধানের জন্য। বর্তমান যে মন্ত্রী আছেন রাজীববাবু, তিনি কিন্তু ওখানে যাচ্ছেন না সেই জমির সমস্যার সমাধানের জন্য। শুধু এখানেই শেষ নয় আরও আছে। আজকে এখানে অনেকে বলছেন, জাগলারির ব্যাপারে। তো জাগলারির একটা উদাহরণ দিচ্ছি। এখানে বাজেটে বলা আছে যে ৫টি নতুন সরকারি অনুমোদনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের কাজ চলছে, তার

মধ্যে একটা হচ্ছে রায়গঞ্জে। আমি রায়গঞ্জে থাকি। আমাকে দেখিয়ে দিতে পারবেন কোথায় হচ্ছে ? কোথায় জমি ? কোথায় বিশ্ববিদ্যালয়ের কাজ হচ্ছে ? কাজেই জাগলারি কাদের বলছেন ? এটা কি জাগলারি নয় ? এটাও এক ধরনের জাগলারি। যে কোথায় হচ্ছে আমিই জানি না, আমি রায়গঞ্জে থাকি অথচ বলা হচ্ছে যে কাজ চলছে। এরপরে আমি আসছি সংখ্যালঘুদের ব্যাপারে। আপনারা অনেক বড়ো বড়ো কথা বলেছেন। এবার সংখ্যালঘুদের ব্যাপারে আমি কয়েকটা উদাহরণ দিতে চাই। সংখ্যালঘু সংরক্ষণের যদি ব্যবস্থা থাকত থাকত তাহলে আপনারা কি বলতে পারবেন কতজন সংখ্যালঘু চাকরি পেয়েছেন ? আপনারা বলতে পারবেন না। সংরক্ষণের ব্যবস্থা থাকলে আজকে মেডিকেলে ১২০ জন মাইনরিটি ছেলে পড়াশুনার চান্স পেত। গ্রামের মাইনরিটি ছেলেরা কলকাতায় আসে পড়াশুনা করতে কিন্তু তাদের জন্যে কোনো হোস্টেল আছে কি ? যেটা আছে সেটা—বেকার হোস্টেল। সে বেকার হোস্টেলেও ২২ জনের পদ খালি আছে। সেটা নেওয়ার কোনো ব্যবস্থা আপনারা করছেন না। শুধু এখানেই শেষ নয়। উর্দুভাষী ছেলে-মেয়েদের পড়াশুনা হ্যাম্পার হচ্ছে। এখানেও শেষ নয়। আপনারা একটা আইন করেছেন যে, ১০% যেখানে উর্দু ভাষাভাষী থাকবে সেখানকার দ্বিতীয় ভাষা হবে উর্দু। কিন্তু দেখা যাচ্ছে ইসলামপুর গোটা সাব-ডিভিশানটাই ১০%-এর বেশি উর্দু ভাষী। অথচ ইসলামপুর সাব-ডিভিশান না করে আপনারা শুধু ইসলামপুর ব্লকটাকে করলেন সেকেন্ড ল্যাঙ্গুয়েজ। এই ফেসিলিটি দিলেন। এই বঞ্চনা কেন ? আপনারা শুধু মুখে মুখে বলছেন মাইনরিটি উন্নয়ন। কিন্তু বাস্তবে মাইনরিটি উন্নয়ন হচ্ছে না। আপনারা স্বরাষ্ট্র দপ্তরের জন্যে ২৪৭.৬৭ কোটি টাকা ব্যয় বরাদ্দ করেছেন। এত টাকার ব্যয় বরাদ্দের কি প্রয়োজন আছে ? যেখানে মানুষের নিরাপত্তা নেই, যেখানে মা-বোনদের নিরাপত্তা নেই। যেখানে মন্ত্রীরা সমাজবিরোধীর পক্ষে কথা বলছে, আমাদের মুখ্যমন্ত্রীও মাঝে মাঝে সমাজবিরোধীদের পক্ষে কথা বলছেন। যেখানে নিরাপত্তা নেই সেখানে এত টাকা কোথায় খরচ করবেন ? আমার সময় নেই তাই আমি শেষে বলি এই বাজেটকে কোনো মতেই সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী সন্ধ্যারাণী টুডু : নমস্কার, মাননীয় চেয়ারম্যান স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর ২০১৪-১৫ বর্ষে ১৭ই ফেব্রুয়ারি, ২০১৪ যে বাজেট বিবৃতি দিয়েছেন, সেই বাজেটের উপর পূর্ণ সমর্থন জানিয়ে কিছু বক্তব্য রাখতে চাই। প্রথমে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে প্রণাম জানাই, জহার জানাই। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী স্বাস্থ্য দপ্তরে, স্বাস্থ্য দপ্তরের ক্ষেত্রে মন্ত্রী হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর একটা স্বপ্ন ছিল, ন্যায্য মূল্যে সাধারণ মানুষের কাছে ওষুধ পৌঁছে দেওয়া। এই স্বপ্ন থেকে জন্ম নিল ফেয়ার প্রাইস মেডিকেল শপ। বর্তমানে রাজ্যের বিভিন্ন জায়গায় ৬০টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান চালু হয়েছে। যেখানে মূল্যের উপর ৪৮% থেকে ৬৭% ছাড় পাওয়া যাচ্ছে। স্যার, জঙ্গলমহলে ১৪১.৭০ কোটি টাকা ব্যয় করে ৫০টির মধ্যে ৪৭টি পানীয় জল প্রকল্পের কাজ চালু হয়েছে। যার ফলে ৩.১৪ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী হলেন উন্নয়নের কাণ্ডারী, কর্মযজ্ঞের কাণ্ডারী। কিন্তু ৩৪ বছরের আপনারা বামপন্থীরা যেটা করতে পারেননি, সেটা আড়াই বছরে আমাদের

সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী চোখের সামনে আঙুল দিয়ে প্রকাশ্যে দিবালোকে তিনি দেখিয়ে দিয়েছেন উন্নয়ন কাকে বলে ? উন্নয়ন কাকে বলে আপনারা শিখুন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আড়াই বছরে জঙ্গলমহলে গরীব মানুষের জন্য ২ টাকা কেজি দরে চাল ও ৫ টাকা মূল্যের ৭৫০ গ্রাম প্যাকেটের আটা পাচ্ছে। SC, ST ছাত্রীদের পড়াশুনার স্বার্থে সাইকেল বিলি করেছেন। এখন তারা সুন্দর নির্ভয়ে স্কুলে যেতে পারছে, কলেজে যেতে পারছে। আবার নির্ভয়ে তারা বাড়ি ফিরে আসতে পারছে। জঙ্গলমহলের মানুষেরা অর্থাৎ গরীব মানুষেরা আজকে সুখে-শান্তিতে স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারছে।

আমাদের বর্তমান সরকার গরীব ভাই-বোনদের জন্য জুনিয়ার কনস্টেবল, সিভিক পুলিশে, হোম গার্ডের চাকরি দিয়েছেন। গরীব ভাই-বোনদের জন্য আপনারা কি করেছেন ৩৪ বছরে ? তা আপনারা বলতে পারবেন না। কারণ বলার মতো আপনাদের কাছে কোনো ভাষা নেই। গরীব ভাই-বোনদের হাতে আপনারা বন্দুক, রিভলবার ধরিয়ে দিয়েছিলেন। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী তা করেননি, তিনি তাদেরকে চাকরি দিয়েছেন ও দু-মুঠো অন্ন মুখে তুলে দিয়েছেন এবং উন্নয়নের জোয়ারও বইয়ে দিয়েছেন। শুধু তাই নয়, বর্তমান সরকার 'কন্যাশ্রী' প্রকল্প চালু করেছেন। কন্যাশিশুরা যাতে বিদ্যালয়ে, মাদ্রাসা, স্কুলে শিক্ষা গ্রহণ করতে পারে তার জন্য সামাজিক সুরক্ষামূলক পদক্ষেপ গ্রহণ করেছেন। ১৮ বছর বয়সের আগে বিবাহের বিষয়টি প্রতিরোধ করেছেন। আপনারা আরও শুনে অবাক হবেন, মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্যে আদিবাসীদের জন্য একটি Tribal Advisory Coulcil তৈরি করেছেন এবং Mayel Lyang Lepcha Board গঠন করেছেন যার কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। এবং আমাদের সরকার শিক্ষার ক্ষেত্রে সারা বাংলায় তথা জঙ্গলমহলে শিক্ষার যথেষ্ট অগ্রগতি ঘটিয়েছেন। পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরির কাজও শুরু হয়েছে। ৩৪ বছরে আপনারা ইঞ্জিনিয়ারিং কলেজ তো দূরের কথা, আপনারা একটাও প্রাইমারি স্কুল পর্যন্ত ভালোভাবে গড়ে তুলতে পারেননি। কিন্তু আমাদের বর্তমান সরকার ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দিয়েছেন এবং ইলেকট্রিফিকেশানের প্রক্রিয়ার মাধ্যমে পশ্চিমবাংলায় সবার ঘরে ঘরে আলো পৌঁছে দেওয়ার জন্য অঙ্গীকারবদ্ধ। শুধু তাই নয়, আমাদের মুখ্যমন্ত্রী খেলাধুলা, যুবকদের কথা মাথায় রেখে উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। যুবকল্যাণ দপ্তরের খাতে যথাক্রমে, ১৪২ কোটি টাকা এবং ১৩০ কোটি টাকা বরাদ্দ করেছেন। যুবকদের জন্য খেলাধুলার সরঞ্জাম কেনার জন্য।

পুরুলিয়া জেলায় একটি Sports Hostel নির্মাণ এবং একটি Indore Stadium নির্মাণের কাজও প্রায় শেষের পর্যায়ে। আপনারা আরও শুনুন, ২০১১ সালের মে মাস থেকে ১৪ হাজার ৫৭৩টি ক্লাবকে খেলাধুলার অনুষ্ঠান করার জন্য এবং খেলাধুলার সরঞ্জাম কেনার জন্য এবং কোচিং ক্যাম্প চালানোর জন্য ১২৬ কোটি টাকা অর্থ সাহায্য করা হয়েছে।

আপনাদের ৩৪ বছরে, ৩৪ আপনাদের কটা মুখ্যমন্ত্রী কটা মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে গিয়েছেন ? আমাদের মুখ্যমন্ত্রী ৩০ বছরে ৩০ বারেরও, ৩০ বারেরও বেশি জঙ্গলমহলে

গিয়েছেন। জঙ্গলমহলে আপনাদের মুখ্যমন্ত্রী ভয়ে যেতেন না। যেহেতু আপনারা নিজ হাতে মাওবাদী সৃষ্টি করেছিলেন। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি দেবী দুর্গারূপ ধারণ করে মাওবাদীদের দমন করেছেন। এই জন্য তিনি বার বার গরীব মানুষদের সাহস, আস্থা ও উন্নয়নে উৎসাহিত করতে তিনি বার বার জঙ্গলমহল সফর করেছেন। তিনি আবার জঙ্গলমহলে যাবেন, গরীব মানুষদের উন্নয়নের কথা ভেবে। আজকে জঙ্গলমহল হাসছে। আদিবাসীরা হাসছে। মাইনরিটিরা হাসছে। দার্জিলিংও হাসছে। অর্থাৎ আপনারা বুঝতে পারছেন না, সারা বাংলা হাসছে, এবং সারা বাংলায় উন্নয়ন হচ্ছে। তাই বলি, বাংলা যা করছে আজ, ভারত তা করবে কাল। আমার মাননীয় মুখ্যমন্ত্রীকে প্রণাম জানিয়ে, জোহার জানিয়ে এবং অর্থমন্ত্রীর এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[4.50—5.00 p.m.]

শ্রী তাপস রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মন্ত্রী ডঃ অমিত মিত্র ১৭ই ফেব্রুয়ারি, ২০১৪-২০১৫-র যে বাজেট বিবৃতি এই সদনে রেখেছেন, আমি তা সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধী সদস্যদের আনা প্রতিটি ছাঁটাই প্রস্তাব, কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, সংসদীয় গণতন্ত্রের একটা রীতি ও নীতি হল, বক্তৃতা করতে হয়, বক্তৃতা শুনতেও হয়। আমি অনেককে দেখতে পাচ্ছি তারা বক্তৃতা করে চলে গেল। দীর্ঘক্ষণ ধরে দেখছি ও শুনছি তাদের অনেকেই অনুপস্থিত। এটা সংসদীয় গণতন্ত্রের রীতি-নীতিবিরুদ্ধ এবং এটা প্রমাণিত হয় যে আমারটা শুনতে হবে, আমি অন্যেরটা শুনব না—সহনশীলতার অভাব। আমি ভেবেছিলাম যে যাঁরা যাঁরা বলেছেন, তাঁদেরটা উল্লেখ করে আমি এখানে কিছু বক্তব্য রাখব। আমি তাদের দেখতে পাচ্ছি না। স্পীকার স্যার, আমরা এমন একটা জায়গায় দাঁড়িয়ে, বাংলার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই বাজেট পেশ করছেন—হাসছেন, হই হই করছেন—ঠিকই আছে, বাট রিয়েলিটি ইজ রিয়েলিটি। আমাদেরও অ্যাকসেপ্ট করতে হবে, আপনাদেরও করতে হবে। এটাকে এড়িয়ে যাওয়ার কোনো জায়গা নেই। এড়িয়ে গেছেন বলেই ওইখানে বসে আছেন, আর আমরা এইখানে। আমরাও যদি এড়িয়ে যাই তাহলে আমাদেরও স্থান বাংলার জনগণ ঠিক করে দেবে, ঠিকটা আপনারা করবেন না। আমাদের যখন এই বাজেট বিবৃতি রেখেছেন ডঃ অমিত মিত্র তখন অনেকে বলেন ঋণের ফাঁদে—না বাংলাকে ঋণের খাদে রেখে গেছেন আপনারা। সেই ঋণের খাদ একদিকে আর একদিকে বঞ্চনার পাহাড়। ভাবুন। একটা সমতা আনতে হবে তো। ঋণের খাদ আর বঞ্চনার পাহাড়, একের পর এক। এই দুটোর মাঝখানে দাঁড়িয়ে আমাদের ডঃ অমিত মিত্রকে, মুখ্যমন্ত্রীর ইচ্ছা অনুযায়ী, নির্দেশ অনুযায়ী, তাঁর ইচ্ছা অনুযায়ী, তাঁকে বাজেটটা প্লেস করতে হচ্ছে। এখানে সি.পি.এম.-এর এক বন্ধু বললেন, এটা তো টি.এম.সি.-র ইস্তাহার। উনি রাজনৈতিক কর্মী, সম্মান জানিয়ে বলছি, যে ইস্তাহারের প্রতিফলনই বাজেটে ঘটে ; প্রতিটি রাজনৈতিক দলের। তিনি বোধহয় জানেন না বলেই এই কথাটা বলেছেন। এটা যদি টি.এম.সি.-র ইস্তাহারের প্রতিফলন ঘটে থাকে তাহলে ন্যায্য,

সঠিক। আমরা বাংলার মানুষকে ক্ষমতায় আসার আগে যে কথা বলেছিলাম, তার প্রতিফলন ঘটেছে ডঃ অমিত মিত্রর বাজেটের মধ্যে দিয়ে। আজকে প্রশ্ন হল যে, ঋণ কত রেখে গিয়েছেন। এফ.আর.বি.এম. চালু করেননি কেন ? ফিসিকাল রেসপনসিবিলিটি অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট অ্যাক্ট একমাত্র বাংলা আর সিকিম চালু করল না। সুখবিলাসবাবু কোথায় গেলেন ? ডাঃ মানস ভুঞ্যাকে একটু দরকার ছিল, আমি ওনাকে দু-একটা কথা জিজ্ঞাসা করতাম বা বলতাম, সুখবিলাসবাবু বলেছেন যে আমরা বোধহয় উপকার করেছি। হ্যাঁ, উপকার করেছিলেন বামফ্রন্টের, সি.পি.এম.-এর। আর বাংলার সর্বনাশ করে অপকার করে গেছেন। তার কারণ হচ্ছে এফ.আর.বি.এম.টা সমস্ত রাজ্য চালু করলেও এই রাজ্য আর সিকিম চালু করেনি। এবং এফ.আর.বি.এম. চালু হলে এত ঋণ-এর ফাঁদে বাংলাকে পড়তে হত না, একটা জায়গায় দাঁড়িয়ে থাকত বাংলা। কিন্তু সেই বাংলাকে ২৯ হাজার কোটি টাকা সুদে-আসলে দিতে হবে। আপনারা হা-হা করে হাসছেন ? কোথা থেকে জুটবে সেই টাকা ? কেন্দ্রের বঞ্চনার কথা বলছি—কেন্দ্রের ডেফিসিট থাকতে পারে, কেন্দ্র তার কারেন্ট ডেফিসিট অ্যাকাউন্টটাকে মিট আপ করার জন্য কেন্দ্র এফ.ডি.আই.-কে ডাকছে। আমরা এফ.ডি.আই.-এর বিরোধী। রিটেলের বিরোধী। ডিজেলে ভর্তুকি কমিয়ে দেওয়ার বিরুদ্ধে। রেলের ভাড়া বাড়ানোর বিরুদ্ধে। আমরা গরীব মানুষের ওপর কোনোরকম কোনো চাপের কাছে আমরা নতি স্বীকার করব না। আমরা দেখেছি যে বর্তমান কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা—কেন্দ্রীয় সরকারের বঞ্চনা এখানে বললেন যে—আমরা বলেছি। আপনারা লোক দেখানোর জন্য বলেছিলেন ? আমরা কি তারপরে বলে এসেছি এটা বাংলার মানুষের কাছে যে আমরা আক্রান্ত হতে পারি তাই বলে গেলাম—কিন্তু আপনারা দেবেন না ? যদি তাই হয় আমরা যখন বেরিয়ে এলাম বাংলার বঞ্চনা এবং এফ.ডি.আই. প্রসঙ্গে, বেরোনোর কথা আপনাদের বলছি না। তারপরে আপনারা কি করেছেন ? মানুষ তো আপনারা বাংলার। বিধায়ক তো আপনারা বাংলার। বাংলাতে আপনারা জন্মেছেন, বাংলাতেই মৃত্যু হবে আমাদের সকলের। তাই বাংলার বঞ্চনার প্রসঙ্গে বলুন আপনারা কি করেছেন। কি বলেছেন। এরা একটার পর একটা এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি প্রভাবিত বামফ্রন্ট সরকার তারা বাংলার বঞ্চনা, বাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষাকে তছনছ করে দিয়েছে। আজকে ৩৪ বছরের একটা দানব যখন দু-বছর আট মাসের একটা শিশু যখন ডঃ অমিত মিত্র গুটি গুটি পায়ে হাঁটছেন এবং হেঁটে বাংলাকে একটা উন্নয়নের জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন মানুষের কাছে, প্রথাগত সমস্ত ব্যবস্থাকে ভেঙে, অন্য পথে হেঁটে এবং করের বোঝা না চাপিয়ে। এবং আর একটা বিষয় আপনারা দেখুন। কর চাপালেই হয় না, কর আদায় করতে জানতে হয়। Massachusetts doctorate সেই কর আদায়টা করে যায়নি। ফারাকটা দেখুন না, Massachusetts doctorate-এর সঙ্গে ডঃ অমিত মিত্রের। ফারাকটা এইখানে যে কত আয় তিনি বাড়িয়েছেন কর না চাপিয়ে। আপনি পড়ুন না ৩২-৩৩-৩৪ পৃষ্ঠা। আপনি প্যারা ৬.১ থেকে ৬.৭ পর্যন্ত পড়ুন। কর প্রস্তাবের ব্যাপার দেখুন, ছাড় দেখুন কি করে সম্ভব হল। যে বাংলায় নাকি কেউ লগ্নি করতে আসছে না, যে বাংলায় উন্নয়ন হবে না, যে বাংলা এগোবে না, সেই বাংলাকে আজ ডঃ অমিত মিত্র

কোন্ জায়গায় এনে দাঁড় করিয়েছেন সেটা আপনাদের স্বীকার করতে হবে। আপনারা দু লক্ষ টাকার কাছাকাছি, ১৯-২০ সংখ্যা, সেটা সঠিক করে বলবেন ডঃ অমিত মিত্র মাননীয় অর্থমন্ত্রী। কিন্তু এই যে ঋণের বোঝা—উনত্রিশ হাজার কোটি টাকা ওনাকে তৈরি করে রাখতে হবে। কংগ্রেসী বন্ধুদের আমি বলছি, যাঁরা বলে গেলেন স্বচ্ছতার কথা, সততার কথা, অনেক কথা, আমি আসছি সেই প্রসঙ্গে। আপনারা প্রতিটি বার-এর আগে লোন নিয়েছিল ফাইনান্সিয়াল ইনস্টিটিউট থেকে—সেই লোন নিতে গেলে কি করতে হয়। সেই লোন নিতে গেলে ছাড়পত্র নিতে হয় কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের। সেই ছাড়পত্র পেলে রিজার্ভ ব্যাঙ্ককে দিতে হয়। রিজার্ভ ব্যাঙ্ক তখন ফাইনান্সিয়াল ইনস্টিটিউটকে দেয়। তারা auction করে এবং সেই auction-এ নির্ধারিত হয় এবং আজকে আমাদের এই debt যা রয়েছে তাকে auction debt-এ ঋণ নিতে গেলেও বা যে ঋণ নিয়েছি তাতে ইন্টারেস্ট ভয়ঙ্কর হাই হচ্ছে। এগুলো বুঝতে হবে। আমি অর্থনীতির ছাত্র নই, আমি অর্থনীতি নিয়ে জানিও না, বুঝিও না, শুনিও না, কিন্তু এটা সাধারণ জ্ঞান। তার কারণ আমার যদি বাড়ির কন্যাকে বিয়ে দিতে হয়, বাড়িটা সারাতে হয়, ছেলেকে যদি উচ্চ শিক্ষায় পাঠাতে হয়, তাহলে কিসের প্রয়োজন—অর্থের। আপনারা হা হা করে চিৎকার করছেন। আর বলছেন অর্থ নেই। আপনারা বলছেন দু বছর আট মাসের কথা। অথচ আপনারা ৩৪ বছরে কর আদায় করতে পারলেন না। ৩৪ বছরে উন্নয়ন করতে পারলেন না। ৩৪ বছর ধরে বাংলাকে এগিয়ে নিয়ে যেতে পারলেন না। Debt trap-এর মধ্যে একটা স্টেটকে নিমজ্জিত করে দিয়ে খাদে ফেলে দিয়ে আপনারা চলে গেলেন। তারপরে দু-বছর আট মাসের মাথায় আপনারা উন্নয়নের জন্য কাঁদছেন, ক্রন্দন করছেন, চোখের জল ফেলছেন। এটা মায়া কান্না নয় ? কুমিরের অশ্রু নয় ? এটা কি বাংলার মানুষ বোঝে না নাকি বাংলার মানুষ বুঝতে পারে না ? একথা আপনাদের বোঝা দরকার। আজকে সব থেকে বড়ো কথা হল, কেন্দ্রের food inflation গত দশ বছরে কত—৬%। ৬% food inflation। আপনারা federal, federal, federal বলছেন। এটা ঘটনা। Federal structure-এ ভারতবর্ষের একটা অঙ্গরাজ্য হিসাবে বলুন এসবের প্রভাব কি এই রাজ্যের ওপর পড়েনি বা পড়ছে না বা পড়বে না ? আমরা কি তার বাইরে ? সেই পরিস্থিতির মধ্যে আর্থিক সংকটের মধ্যে অল্প সময়ের মধ্যে সেই কাজটা করছেন অমিত মিত্র বা মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। তাকে তারিফ করবেন না ? উত্তরবঙ্গের উন্নয়নের বরাদ্দ ডবল হয়েছে তা তারিফ করবেন না ?

[5.00—5.10 p.m.]

পশ্চিমাঞ্চলের মানুষদের চাল দেওয়া হচ্ছে, খাদ্য দেওয়া হচ্ছে তার তারিফ করবেন না আপনারা ! চা-শ্রমিকদের যখন অনাহারে, অর্ধাহারে মৃত্যু হচ্ছে, তাদের যখন সস্তা দরে খাদ্য দেওয়া হচ্ছে, তার প্রশংসা আপনারা করবেন না সেটা আমরা জানি। যখন আমরা গেলাম, ডঃ মিত্র গেলেন দিল্লীতে রাজ্যের জন্য দাবি নিয়ে রাজ্যের অর্থ আদায় করতে, তখন আমরা দেখলাম, একটি রাজনৈতিক দলের শাখা সংগঠনের তরুণ নেতৃত্বের দ্বারা আক্রান্ত হল

আমাদের অর্থমন্ত্রী। সেখানেও আমাদের বাধা দেওয়া হল। আমরা আজকে দেখলাম সে সফল নেতৃত্ব দিয়েছে বলেই তাকে রাজ্যসভাতে পাঠালেন। এর পরেও আপনারা বলবেন বাংলার কথা, এরপরেও আপনারা বলবেন আপনারা বাংলার কথা ভাবেন। মাননীয় অর্থমন্ত্রী প্ল্যানিং কমিশানে বাংলার জন্য কথা বলতে গিয়ে মার খাচ্ছেন, আর আপনারা এখানে চিৎকার করছেন। কেন্দ্রীয় সরকার বাংলার জন্য স্পেশাল প্যাকেজ দিল না, মোরিটেরিয়াম দিল না। আমরা বলেছিলাম দু-তিন বছর সুদে স্থগিত দেওয়া হোক, তাও দেওয়া হল না। তাহলে বঞ্চনা নয় এইগুলো। একটা কথা হল, কেন্দ্রীয় সরকারের যে বাজেট তাতে তার দেওয়ার দুটো দিক থাকে—একটা হচ্ছে যেটা রুলে দেয়, নিয়মে দেয় discretionary power—যেটা করুণা নয়, দয়া নয়, ভিক্ষা নয়। আরেকটা হচ্ছে political compulsion-এর কোনটায় দেওয়া হয়েছে এই বাংলায়। আপনারা এইগুলো জানেন না তা নয়, আপনারা সমস্ত কিছুই জানেন। জেনেও বাংলার বঞ্চনার প্রতি তারা দৃষ্টিপাত করেননি। একদিকে বাংলার মানুষের প্রতি সি.পি.এম.-এর চৌত্রিশ বছরের লাঞ্ছনা, আর কেন্দ্রী সরকারের আর্থিক বঞ্চনা। এই কথাগুলো বলব না আমরা। আমাদের কথায় কোনো কর্ণপাত করেননি মাননীয় প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী। তাই আজকে চিদাম্বরমজির কথায় ব্যথার, যন্ত্রণার, বিষাদের করুণ সুর প্রতিধ্বনিত হয় এবং বিদায়ের সুর ধ্বনিত হয়। আগামী নির্বাচনে বাংলার লাঞ্ছনার বিরুদ্ধে, বাংলার বঞ্চনার বিরুদ্ধে বাংলার মানুষ এই দুটো রাজনৈতিক দলকে শিক্ষা দেবে, বুঝিয়ে দেবে। আপনারা এই কথাটা মাথায় রাখবেন। আগামী দিনে আমরা কেন্দ্রে নির্ণায়ক শক্তি হব এবং বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগামী দিনে চালিকা শক্তি হবে কেন্দ্রে। এই বঞ্চনার বিরুদ্ধে আমাদের দাবি সুপ্রতিষ্ঠিত করে আমরা আমাদের পাওনা-গণ্ডা নিয়ে আসবই এবং বাংলার উন্নয়ন এইভাবেই ত্বরান্বিত হবে, এই কথা বলার জন্যই আমরা আজকে আপনাদের কাছে উপস্থিত হয়েছি। কর্মসংস্থানের ব্যাপারে যদি প্রথাগত পথে হাঁটতেন ডঃ মিত্র, আজকে ষোলো লক্ষ কর্মসংস্থানের যে আশা আমরা করছি, সেটা কোনো অবস্থাতেই আমরা করতে পারতাম না। বড়ো শিল্প হবে, বড়ো পরিকাঠামোর কথা চিন্তা করা যাচ্ছে না, আজকের দিনে দাঁড়িয়ে যেটা টেক অফ করতে পারে। আমরা যদি মনে করি তাহলে বড়ো পরিকাঠামো হতে পারে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে ছোটো, মাঝারি শিল্প, পর্যটন শিল্প, কৃষি বিপণন শিল্প এইসব ক্ষেত্রগুলোর উপরে আমরা নজর দিয়েছি। যাতে করে আমরা এগোতে পারি, কর্মসংস্থান হতে পারে। শুধু তাই নয়, আমরা কর ছাড় দিয়েছি। ছোটো ব্যবসায়ীদের কাছে আধুনিক প্রযুক্তি পৌঁছে দিয়েছি। এটা করে আমরা কর আদায় বাড়িয়েছি। যেদিকটাতে আপনারা তাকাননি কখনো। ম্যাসাচুসেটসের ডক্টরেট তাকাননি কোনোদিন সেখানে, সেই জায়গাটা আমরা ধরেছি। এই মানুষগুলো কর দিতে ইচ্ছুক। চাবুক মেরে তো গণতান্ত্রিক রাষ্ট্রে কর আদায় করা যায় না। সেই জন্য আমরা পরিমণ্ডল তৈরি করেছি, পরিমণ্ডল তৈরি মানে জটিলতা দূর করতে হবে। পরিমণ্ডল তৈরি মানে অতি সহজ পদ্ধতিতে যাতে মানুষ কর দিতে পারে তার ব্যবস্থা করতে হবে। আজকে সেই ব্যবস্থা করেছেন ডঃ মিত্র এবং তিনি সেখানে সফল হয়েছেন সেই কাজটা বিগত চৌত্রিশ বছরে আপনাদের পণ্ডিতরা করতে

পারেননি। আপনাদের পণ্ডিত অর্থমন্ত্রী ১৯৮৭ সালের পর থেকে এই জায়গাটাকে অ্যাড্রেস করতে পারেননি—এটা বড়ো দুঃখের, এটা বড়ো অনুতাপের, এটা বড়ো কষ্টের, আমাদের এটা বড়ো যন্ত্রণার বাংলার বিধায়ক হিসাবে। এ বছর ৪৫ হাজার লক্ষমাত্রার কর তুলবে। প্রথম বছর ২১ হাজার। এ বছরে ৪৫ হাজার। আপনাদের যন্ত্রণা হচ্ছে, আপনাদের কষ্ট হচ্ছে, আপনাদের দুঃখ হচ্ছে। আপনাদের রাগ হচ্ছে যে এটা কেন আমরা করতে পারলাম না। এটা আপনারা করতে পারেননি, সেটা আপনাদের ব্যর্থতা এবং সেই ব্যর্থতা আপনারা দয়া করে মেনে নিন। আজকে, সুখবিলাস বাবু বললেন স্বচ্ছতা এবং সততার প্রশ্ন। স্যার, আমি আপনাকে বলব, আমি এই কথাগুলোতে যেতাম না। স্বচ্ছতা এবং সততা, একজনও এখানে বলুন গত ২ বছর ৮ মাসে এই সরকারের অস্বচ্ছতা, অসততা এবং সেটা নিয়ে আপনারা যা যা করার রাজনৈতিকগতভাবে লিগ্যালি আপনারা করুন, ব্যবস্থা করুন। কিন্তু স্যার আমি বলতে চাই যে, কেন্দ্রীয় সরকারের ৫৫ হাজার কোটি টাকা—অঙ্কগুলো শুনুন, ৫৫ হাজার কোটি টাকার কমনওয়েলথ গেমস কেলেঙ্কারি, যে সরকারের কোল ব্লকে, ১ লক্ষ ৮৬ হাজার কোটি, যে সরকারের টু জিতে ১ লক্ষ ৭৬ হাজার কোটি, যে সরকারের ১৪টা হেলিকপ্টার সাড়ে ৪০০ কোটি, যে সরকারের আদর্শ আবাসন স্ক্যাম মহারাষ্ট্রে। আমি প্রশ্ন করব যে, এইসব স্ক্যাম যে সরকারের—স্যার, এরা সব ডেভিলস' অ্যাডভোকেট। অল আর ডেভিলস' অ্যাডভোকেট। They are advocating for a Government, for a party, was in power for 24 years here in Bengal and a party in power in Central Government. কাদের জন্য এরা ওকালতি করছে ? ডেভিলস' অ্যাডভোকেট স্যার। আজকে প্রশ্ন হল যে, আজকে মিৎস্যুবিসী, ইমামি, জনসন অ্যান্ড জনসন যন্ত্রণা আপনাদের হবে। কিন্তু আপনাদেরকে এই যন্ত্রণা দিয়েই বাংলা এগোবে। আপনাদের শাস্তি দিয়ে তো বাংলা এগোতে পারবে না। ৩৪ বছর আপনারা ক্ষমতায় ছিলেন। মানুষের ভোট নিয়ে হোক আর যেভাবেই হোক আপনারা কি করেছেন সেটা দাঁড়িয়ে বলতে পারছেন না ? আপনারা যদি কিছু করতেন, 'বেহায়ার নাহি লাজ, নাহি অপমান, সুজনকে এক কথা মরণও সমান।' আপনারা যদি কিছু করতেন তাহলে পরে ওই প্রান্তে থাকতেন না, এইখানেই ছিলেন, এখানেই থাকতেন। আপনারা যে কিছু করেননি বাংলার মানুষের উপলব্ধি, বাংলার মানুষের অনুভূতিতে সেটা দাগ কেটেছে, সেটা খোঁচা দিয়েছে বলেই আজকে আপনারা এই জায়গাতে রয়েছেন। স্যার, আজকে ওদের যন্ত্রণা হয়, যখন প্রতিটি ছত্রে ছত্রে, স্যার, কাইন্ডলি আমাকে এক মিনিট দেবেন। যখন ডঃ মিত্র বললেন, হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইন্ডিয়া থিংকস টুমরো। ছত্রে ছত্রে যখন বলেন আজ বাংলা যা করবে, কালকে ভারত তা করবে। এত গর্ব হওয়ার কথা বাঙালি হিসাবে, বাংলার মানুষ হিসাবে আমাদের সকলের। এ যন্ত্রণা কেন ? যারা বিশ্ব সৌভ্রাতৃত্বের কথা বলে। তাদের যন্ত্রণা হওয়ার তো কথা নয় স্যার। আজকে মহামতি গোখলে কত বছর আগে এই কথা বলে গিয়েছিলেন একজন মারাঠী মানুষ হিসাবে, ভারতীয় হিসাবে। আর আজকে যখন ডঃ অমিত মিত্র বলেন যে, আজ বাংলা যা করবে, কালকে ভারত তা করবে। তখন যন্ত্রণা হয় আমার এই সমস্ত মানুষদের। এবং বলতে ইচ্ছা করে যে এরা কষ্ট পায় বাঙালি হিসাবে,

বাংলার মানুষ হিসাবে। স্যার কি বলবেন ? আজকে স্যার, প্রশ্ন হল, আজকে যখন বিশ্ব বাংলা ব্র্যান্ড, বিশ্ব সৌভ্রাতৃত্বের যাঁরা কথা বলেন, আমাদের মুখ্যমন্ত্রী বিশ্ব বাংলা ব্র্যান্ড বলেন, আপনারা নাকি ইন্টারন্যাশানালিজমে বিশ্বাসী, আন্তর্জাতিকতাবাদে, বিশ্ব সৌভ্রাতৃত্বে, চ্যারিটি বিগিনস অ্যাট হোম। আপনাদের কমিউনিস্ট নেতারা বিশ্বে, প্রথমে তারা ন্যাশানালিস্ট ছিল। আপনারা প্রথমে বাঙালি হোন, ভারতীয় হোন তারপরে বিশ্ব সৌভ্রাতৃত্বের বন্ধনে আপনারা নিজেদেরকে ভাববেন। এই কথা বলে স্যার, আমি আবার, আই রিপিট, আমি আবার ডঃ অমিত মিত্রের বাজেট বক্তৃতাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের আনা প্রতিটি ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা করেছেন, বিবৃতি দিয়েছেন আমি এইসব কথা উড়িয়ে দিচ্ছি না। সবটা সমর্থনও করতে পারছি না। আমি কয়েকটা বিষয় বলব ভেবেছি, সেটা ওঁর বিবৃতির থেকে....

[5.10—5.20 p.m.]

বা যে বাজেট বুকস আমাদের দেওয়া হয়েছে, তার মধ্যেই যে অসঙ্গতি—আমি কিছু বললেই আপনি বলবেন, আপনি কোথা থেকে পেলেন। তাই আমাকে যা বলতে হবে আপনি যা দিয়েছেন তার থেকে। সেটা কি করে মেলাবেন আপনি দেখেন। মাননীয় স্পীকার স্যার, আমি আপনাকে সাক্ষী থেকে বলতে পারি—আমি এখানে, এই হাউসে মাননীয় অর্থমন্ত্রীকে একবার প্রশ্ন করেছিলাম—প্রশ্ন তো আমার আসে না, তাই ওকেও জবাব দিতে হয় না। একবার প্রশ্ন করেছিলাম, প্রশ্ন ছাপা হল—আমি এখানে দাঁড়িয়ে প্রশ্ন অ্যাডমিট করে দিলাম। উনি ছিলেন, উনি বললেন—এখন আমি প্রস্তুত নই, পরে আপনাকে জবাবটা দেব। স্যার, এক বছর পেরিয়ে গিয়েছে—এখন পর্যন্ত তার জবাবটা পেলাম না। আমি আপনাকে মনে করিয়ে দিচ্ছি। তার পরে আর একবার একটা প্রশ্ন করলাম ওনাকে—উনি একটা জবাব দিলেন। জবাবে যা সংখ্যা বললেন—আমার কাছে বাজেট বই ছিল—আমি বললাম দেখেন, জবাব দিয়েছেন বাজেট বইয়ের সঙ্গে মিলছে না। এটা আপনি জবাব দিচ্ছেন, আর বাজেট বইতে আলাদা লেখা আছে। উনি বললেন আচ্ছা, আমি পরে দেখে বলব। বলেননি স্যার। আজকে আমি খালি বলছি যে, যেগুলো বলব আপনি অনুগ্রহ করে দুটো-একটার জবাব দেবেন, সব জবাব আমি আপনার কাছ থেকে আশা করি না। কিন্তু স্যার, আমি না বলে আপনাকে পারছি না এইগুলো কখনও হয়নি তো বাজেট পেশ হয়েছে—স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেনডিকস্ নেই। এ কখনও হয়নি, এই হাউসে কখনও হয়নি—৩৪ বছর বলুন বা তার আগে বলুন কখনও হয়নি। Statistical Appendix নেই বাজেট পেশ হচ্ছে। আপনার আমলেও হয়নি। আপনি তো গত বছর Statistical Appendix দিয়েছেন, কি অসুবিধা হচ্ছে ? Statistical Appendix ছাড়া বুঝব কি করে আপনি কোথা থেকে কোন সংখ্যায় পৌঁছাচ্ছেন, কি ব্যাপার। আমি আশা করি আপনি এটা বলবেন না যে, Statistical Appendix দিইনি। আজকে বাংলা যা বলছে, কালকে ভারতবর্ষ তাই বলবে, Satistical Appendix ছাড়াই বাজেট পেশ করবে। আমি আপনাকে বলছি যে, আপনি এটা বলবেন

এটা কেন দিলেন না। কাজে আমাকে আপনার বই থেকেই বলতে হবে। বাজেট কথা বলতে গিয়ে আপনি প্রথমেই, শুরুতেই একটা কথা লিখলেন—বিগত পঞ্চায়েত নির্বাচনেই প্রমাণ হয়ে গিয়েছে বাংলার মানুষ এই সরকারের উপরে কত গভীর আস্থা রাখে। আমি খালি বলছি যে, আপনারা মানুষের আস্থা নিয়ে এসেছিলেন। এই পঞ্চায়েত নির্বাচনে প্রমাণ হয়েছে যে সরকার বাংলার মানুষের উপরে কতটা আস্থা রাখে। বাংলার মানুষের উপরে আস্থা রাখলে এই পঞ্চায়েত নির্বাচনে যা করেছেন তা করবার দরকার হত না। আস্থা নেই আপনাদের। আপনি লিখেছেন, সাধারণ মানুষ বাংলার বুকে আজ নতুন রেঁনেসার সূচনা দেখতে পাচ্ছে। এই অতিশয়োক্তিগুলি আমি সমর্থন করতে পারছি না। নতুন রেঁনেসা—রেঁনেসা কেন লিখেছেন আমি জানি না। বাংলার নবজাগরণ লিখতে পারতেন—হয়তো অনুবাদটা আপনার পছন্দ নয় তাই লেখেননি। আবার সারদা নিয়ে লিখেছেন সেখানে ইংরাজিতে লিখেছেন Sarda Scam। আপনারই বাজেট বক্তৃতায়। আর বাংলায় যখন লিখেছেন তখন Scam কথাটার—কেলেঙ্কারি কথাটা করেননি। বাংলা অনুবাদটা আপনি দেখবেন। Scam কি ওভাবে অনুবাদে রাখা যায় ? আর রেঁনেসাকে—আমার বলার ধৃষ্টতা হয়ে যাবে আপনাকে, বলার কোনো প্রয়োজন নেই, আমার থেকে আপনি বেশি জানবেন। রেঁনেসা যখন হয়েছিল পৃথিবীতে আর বাংলাতে, তার ভিত্তিই ছিল শিল্প বিপ্লব, industrial revolution এবং industrial revolution-এর ভিত্তিই ছিল কৃষিক্ষেত্রে ট্রাক ইত্যাদি pre-indusrial relationship of production—উৎপাদন ইত্যাদি সম্পর্ক তাকে অবসান করে। জমিদারি সামন্ততন্ত্র উচ্ছেদ করে এবং সেখানে যে আধুনিক সমাজ গড়ে উঠেছিল—আধুনিকতার যুগ যাকে বলা হয়—যদি না আপনি পোস্ট modernized হয়ে থাকেন। তাহলে আমরা মনে করি সেই আধুনিক যুগেই আমরা বাস করছি। এবং তা শুরু হয়েছিল শিল্প বিপ্লব এবং তার ভিত্তি ছিল কৃষিতে বিপ্লব এবং সেখান থেকে উদ্বৃত্ত এবং শিল্পে তা বিনিয়োগ, মুক্ত শ্রম এবং একটা বাজার যে বাজারে শিল্পসামগ্রী বিক্রি হবে তার উপরে হয়েছিল। আপনি রেঁনেসা বলতে কি সূচনা দেখতে পাচ্ছেন সেটা একটু বুঝিয়ে বলবেন। তার কারণ এখন যা হচ্ছে—কেন যে আপনি মনে করেন যে আমরা সব এখানে তড়তড় করে এগিয়ে যাচ্ছি। এগিয়ে যাওয়ার মতো অবস্থা নাকি এখন ? পৃথিবীতে রিসেশান চলছে, একটা ইকনমিক ক্রাইসিস, দেশে এই অবস্থা, কি দুর্দশায় আমরা আছি এই যে কত বছর ধরে ! তার মধ্যে কৃষিতে যে সঙ্কট, শিল্পে যে সঙ্কট, সামগ্রিক যে অর্থনৈতিক সঙ্কট। বাংলা, এখানে কি তার বাইরে নাকি আমরা ? সারা দুনিয়ার যে রেস তার প্রভাব, এই বিশ্বায়িত বিশ্বে এখন, সে আপনি কি করে তার অস্বীকার করবেন ? আপনি যদি সেটা স্বীকার করতেন তাহলে তার চ্যালেঞ্জটা বুঝে কি করে মোকাবিলা করতে হবে কি কি বিকল্প, খুবই মুশকিল একটা রাজ্য সরকারের পক্ষে। তাহলে বোঝা যেত যে, আচ্ছা আপনি এই রকম একটা চেষ্টা করছেন। আপনি তাকে অস্বীকার করেই আপনি ভাবছেন সবাই পিছিয়ে যাচ্ছে, আমরা এগিয়ে যাব। সেই এগিয়ে যাব তার পন্থা কি সেটা আপনি আপনার এই যে বই আছে Medium-term Fiscal Statement and Fiscal Policy Strategy Statement, এখানে আমি দেখছি, আপনি ওখানে যে ফিগার

দিয়েছেন এইগুলো বলে কিছু লাভ হয় না। ঠিকই আমরা বাজেট লিখলে তাই লিখতাম আপনি লিখলে তাই লিখবেন। আমি আপনাকে বলছি যে তাতে আপনারা যে দাবি করছেন তা প্রমাণ হয় না। আচ্ছা আপনি বলছেন যে আমাদের গ্রোথ রেট বৃদ্ধির হার, উৎপাদন বৃদ্ধির হার—উন্নয়নকে উৎপাদন বৃদ্ধির হার দিয়ে মাপা যায় না, খালি ওটা দিয়ে মাপা যায় না, ওটা একটা ভিত্তি। কিন্তু তার বণ্টন কিভাবে হয় সেটা খুব গুরুত্বপূর্ণ। সেই জন্য পুনর্বণ্টনমূলক সংস্কার সেইগুলোর উপর আমরা জোর দিয়েছিলাম, ভূমিসংস্কার ইত্যাদির উপরে। কিন্তু আপনি যা বলছেন এটা তো এই নয় যে এখন আপনার উৎপাদন বৃদ্ধির হার কেন্দ্রের, সারা দেশের যা তাই চাইতে বেশি। চিরকালই পশ্চিমবাংলায় বেশি ছিল। আপনি আগের বাজেটগুলো দেখুন। আপনি দেখবেন তাই ছিল। আচ্ছা ওটা না হয় ছেড়েই দিলাম। ওটা তখনও ছিল এখনও আছে। কিন্তু আপনি যদি ধরেন এক-একটা করে, ধরেন কৃষি, আপনার বইতে—আমি আপনার বই থেকে এই ফিগার বলছি, আমি আমার থেকে বলছি না কিছু—আপনি কৃষিতে এবারে ধরেছেন যেটা, যে ৫.২৮ এটা আপনার বৃদ্ধির হার। এটা হচ্ছে 'এ', অ্যাডভান্স এস্টিমেটস আপনার। গত বছর যেটা ধরেছিলেন সেটা 'কিউ', মানে কুইক এস্টিমেটস। তার আগের বছর যেটা ধরেছিলেন ২০১১-১২ সালের জন্য সেটা 'পি', মানে প্রভিশনাল এস্টিমেটস। আমি এর কোনোটা বলছি না। ২০০৯-১০ যদি যান আমাদের ৬.৯৪, কাছাকাছি ৭ কৃষিতে বৃদ্ধির হার ছিল। তারপরে মাইনাস ২.১০, তারপরে .০৮৩, তারপরে ৩.৮৫, পরপর বছরগুলো বলছি আমি। তারপর ৫.২৮। আপনি আপনার ইকনমিক রিভিউ যেটা দিয়েছে, আর্থিক সমীক্ষা, সেটা দেখলেই আপনি বুঝতে পারবেন। আর আপনি খবর নিশ্চয়ই রাখেন, এবারে বোরো উৎপাদন কমে যাচ্ছে, পাট উৎপাদন কমে যাচ্ছে। কমে যাচ্ছে তার কারণ সবাই জানি আমরা, কৃষক ফসলের দাম পাচ্ছে না। এটা ন্যাশানাল স্যাম্পেল সার্ভে এস্টিমেটস, জাতীয় নমুনা সমীক্ষা, ৪০ ভাগ কৃষক যদি অন্য কিছু পায় তাহলে চাষ ছেড়ে দেবে। প্রায় ৪০০০ একর করে জমি প্রত্যেক দিন কৃষক ছেড়ে দিচ্ছে, চাষ ছেড়ে দিচ্ছে। এই যে অবস্থাটা, কৃষিতে সঙ্কট, এই রকম যে কৃষিতে আজকে বিশেষ করে কর্পোরেট, ফার্মিং ইত্যাদি আলাদা ব্যাপার, তার একটা অংশ যারা লাভ করতে পারে, লাভজনক কৃষি ইত্যাদি করতে পারে। সেটা যদি আপনার রাস্তা হয় সেটা আলাদা ব্যাপার। আমরা মনে করি না যে সেটাই আমাদের কৃষকের বা কৃষি সমস্যার সমাধান হবে। এই ৫.২৮ আপনি একটা অ্যাডভান্স এস্টিমেটস করেছেন, কিন্তু এটা আপনার দেওয়া অর্থনৈতিক সমীক্ষার অঙ্কের সঙ্গে মেলে না। বরঞ্চ আপনি যা বোরোর জন্য পাটের জন্য যা করছেন। কৃষি সঙ্কটটাকেই আপনি অস্বীকার করছেন। সঙ্কট আমাদের সময় ছিল না তা নয়। কিন্তু আমরা একটা চেষ্টা করতাম এটা দিয়ে, ওটা দিয়ে, প্রোকিওরমেন্ট করে, কি করে এটা ওটা করে, সবাইকে নামিয়ে কিছুটা কৃষকের পাশে দাঁড়ানো যায়।

[5.20 – 5.30 p.m.]

কি করে জে.সি.আই. পাট কিনবে এসব করে করতাম আমরা। সেগুলো আর এখন হচ্ছে না। যাই হোক, আপনি যদি সার্ভিসেসে আছেন, ইন্ডাস্ট্রিতে আছেন, সেটাও আপনি দেখবেন

যে ২০০৯-১০-এ ৯.৬৮, আপনি এখন দেখিয়েছেন ৯.৫৮, যা ওটার চাইতে কম। কৃষির চাইতে, কৃষিতে যে রকম এটা কম। সেটা বড়ো কথা নয়। বড়ো কথা হচ্ছে সত্যি সত্যি আপনি ৯.৫৮ দেখালেন কোনখান থেকে ? আপনি যেটা ধরেছেন অ্যাডভান্স এস্টিমেটে, তার ভিত্তিটা কি ? যেহেতু স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স নেই, বলতে পারছি না। কিন্তু আমি আগেও বলেছি, এখনও বলছি আপনি যে ফিগার দিয়েছেন, যে ফিগার আপনার বইতে আছে, তাতে আপনি কি ধরেছেন ? যেগুলো বাস্তবায়িত প্রকল্প, আর যেগুলো বাস্তবায়িত বা ইমপ্লিমেন্টেড হয়নি, লাইনে আছে, সেগুলোকে আপনি ধরে নিয়েছেন। সেটা ধরলে হয়তো এ রকম একটা অঙ্ক আসত। কিন্তু যা বাস্তবায়িত বিনিয়োগ সেটা যদি আপনি ধরেন, আপনার ৯.৫৮ আসে না, আর আপনার এই তল্লাট ফল্লাট কিছু আসে না। এমপ্লয়মেন্টে ১০ লাখ যখন বলেছিলেন গতবারে, দশ লাখ ক্রস করে গেছে। তখন আমি বলেছিলাম ১০ লাখ কোথায় কোথায় এমপ্লয়মেন্ট হয়েছে আপনি একটা দিন। আজ পর্যন্ত এক বছর হয়ে গেল জবাব পায়নি। ১৩ লাখ আপনি কোথায় দেবেন, ১৩ লাখকে কোথায় দিলেন, আবার ১৬ লাখকে আপনি কোথায় দেবেন ? আপনি যদি পারেন একটু জবাব দেবেন, একটু ইন্ডিকেশান দেবেন। এক বছর জবাব পাওয়া যাবে না এ রকম তো হয় না। এটা বোঝবার চেষ্টা করছি আমরা যে—ভালো হলে তো ভালো বলব—এত আপনি এমপ্লয়মেন্ট বাড়ালেন, ইন্ডাস্ট্রি বেড়ে গেল। আপনি শিল্পের এই হালে রেঁনেসার কথা বলছেন তো, সেইসবের জন্য আমি বলছি। সার্ভিসেসে আমি যাচ্ছি না। আমি ৭.৮৬-এ ছিলাম, আপনি ৭.৮০, ওটা আমি এত গুরুত্ব দিই না বর্তমান অর্থনীতিতে সার্ভিস সেক্টর বাড়ার এইসব নিয়ে যে অনেক গুরুগম্ভীর আলোচনা আছে, সেই সবে যাচ্ছি না। আপনি যা ফিগার দিয়েছেন, বাজেট মানে ঠিকই যে আপনার আয়-ব্যয়ের সমস্যা এটা কোনো সন্দেহ নেই। আপনি দাবি করছেন যে আমি ট্যাক্স বাড়াচ্ছি, আদায় বাড়াচ্ছি ইত্যাদি ইত্যাদি। ট্যাক্সের গ্রোথ রেট আপনি যদি দেখেন, আপনি যা ফিগার দিয়েছেন যে ২০১০-১১-তে এটা ছিল ২৫.০২, আপনার বই থেকে আমি বলছি। তারপর প্রথম বছরে হল ১৮.০৩, তারপর আপনি ২০১২-১৩-তে ৩১.৫৬ পৌঁছলেন, অনেক জাম্প, কোয়ানটাম জাম্প। তারপরে আপনি নামলেন ১৯.১৮, আর ২০১৪-১৫-তে আপনি এস্টিমেট দেখিয়েছেন ১৬.১৫। নামছেন। কেন নামছেন ? কি কারণ ? আমি বলছি আপনাকে। কেন নামছেন সে আপনি বলবেন। তার মধ্যে আপনি যদি দেখেন যে, states own tax, স্টেটের রেভিনিউ যেটা সেটা আমি বলছি। আপনি তারপর টেবল দিয়েছেন pattern of revenue receipt, সেখানে যদি বলেন share in central tax, ওই ২০০৯-১০-এ আমার সময় আর এখনকার সময় যদি আপনি তুলনা করেন, ২০০৯-১০-এ আমরা সেন্ট্রাল ট্যাক্স থেকে যে শেয়ার পেতাম, সেটা ছিল ১১ হাজার ৬৪৮ কোটি। আর আপনি এবারে বাজেটে যেটা ধরেছেন, আপনি ভাবুন, ১১ হাজার ৬৪৮-এর জায়গায় গতবারের রিভাইজড এস্টিমেটে দিয়েছেন ২৪, মানে ডবলেরও বেশি। আর ২০১৪-১৫-র জন্য যে এস্টিমেট দিয়েছেন সেটা প্রায় ২৭ হাজার ৭৯৬, প্রায় ২৮ হাজার কোটি। আমি কি পাচ্ছিলাম, আমরা কি পাচ্ছিলাম, আপনি কি পাচ্ছেন। non-tax revenue সেটা আমাদের সময় ২ হাজার ৪৩৮ ছিল

২০০৯-১০, আর আপনার সময় কেন ওটা নেমে এল ১৮৯৫-এ। আমি জানি না, বলতে পারবেন আপনি। এটা কি ভালো ? এই করে সমস্যার সমাধান হবে ? grants-in-aid—আমি ওদের সমর্থন করছি না, কংগ্রেস, আমি গুরুত্ব দিচ্ছি না। তার কারণ আমি জানি যে এবারে দিল্লীতে আর ওরা যাই বলুন, যাই বাজেট করুন, সেগুলো ওদের কার্যকর করার জন্য ওঁরা থাকবেন না। সেটা আলাদা ব্যাপার। স্যার, তাই জন্য আমি গুরুত্ব দিচ্ছি না। কিন্তু আমি বলছি যে grants-in-aid, বঞ্চনা ইত্যাদি, বঞ্চনা তো আমাদের সময় ছিল, আপনাদের সময়ও আছে। কোন্ বঞ্চনাটা বেশি ? এই যে এত বক্তৃতা হল। ২০০৯-১০-এ আপনার হিসাবে grants-in-aid-এ আমরা পেয়েছিলাম ৫ হাজার ৯৩৫, আর আপনার বাজেট এস্টিমেটে আছে ৩০ হাজরা ৭৭৭। কাজেই মেলাতে পারছি না যে এইসব জিনিস। আপনি যা বলছেন, আমি আর ক্লাসিফিকেশন অফ স্টেটস লোনস, ট্যাক্স রেভিনিউ সেভিংস—এইসবে যাচ্ছি না। কিন্তু আমর কাছে খবর, ঠিক হতে পারে, বেঠিক হতে পারে আপনি যদি আশ্বস্ত করেন, এই বছর জানুয়ারি ৩১ তারিখ পর্যন্ত, আপনি এই চারটি সম্পর্কে অন্ততপক্ষে যদি বলেন—স্ট্যাম্প অ্যান্ড রেজিস্ট্রেশন ফিস, তারপরে এক্সসাইজ, স্টেট এক্সসাইজ, যেটা সেটার কথা বলেছি আমি, তারপরে ট্যাক্সেস অ্যান্ড ডিউটিজ অন ইলেকট্রিসিটি আর একটা হচ্ছে সেস্—এই চারটে। এই চারটিতে আপনার গ্রোথ রেটটা কি ? সত্যি গ্রোথ রেট পজিটিভ, নেগেটিভ ? আপনি যা টার্গেট ধরেছিলেন তার ধারে-কাছে আছে ? আমি স্পেসিফিক চারটে কম্পোনেন্ট-এর কথা বললাম। আপনার কাছে যদি থাকে, আপনি যদি সচেতন থাকেন, তাহলে আমাকে বললেই হবে, না, ঠিক আছে, চলছে ভালোই, কোনও অসুবিধা নেই। তাহলে এক ব্যাপার হয়। তা যদি না হয়... আচ্ছা এর উপরে ভিত্তি করে আয়-ব্যয় ইত্যাদি নিয়ে যা বললাম, আপনি তার উপরে ভিত্তি করে যদি যান, ব্যয়ের জন্য যা ধরেছেন ইত্যাদি, সেই সবে যদি আপনি যান তাহলে আমাকে বলতে হচ্ছে যে, মোট যে বরাদ্দ আপনি ধরেছেন, যা খরচ আপনি করবেন—তার মধ্যে প্ল্যান, নন-প্ল্যান—এই দুটো মিলে কি হয়েছে অসুবিধা ? আপনার বাজেট বক্তৃতায় আছে, রাজ্য পরিকল্পনা খাতে আমি ৩০ হাজার ৮৪৭ কোটি টাকার বরাদ্দের প্রস্তাব আমি রাখছি। আমাকে বোঝান, এই যে ৩০ হাজার ৮৪৭ কোটি টাকা আপনি লিখেছেন আবার বাজেট অ্যাট এ গ্ল্যান্স—৯ নম্বর বুকলেট যেটা তাতে ১২ নম্বর পৃষ্ঠায়, ৭ নং, ৯ নং—বহু পৃষ্ঠায় লিখেছেন—আপনার স্টেট প্ল্যানের সাইজ হচ্ছে, ৪২ হাজার ৬৯৪ কোটি টাকা। কোনটা ঠিক, ৪২ হাজার ৬৯৪ নাকি ২৬,৬৭৪ কোনটা ঠিক ? এইসব আপনার বই থেকেই বলছি আমি। আপনি যদি ধরেন যে, নন-প্ল্যান এক্সপেনডিচার গত বছর আপনি কত করেছিলেন, এ বছর আপনি প্ল্যান এক্সপেনডিচার ধরেছেন ২৬ হাজার কোটি টাকা। গত বছর আপনি নন-প্ল্যান এক্সপেনডিচার করেছিলেন ১ কোটি ১১ লক্ষ ৫ হাজার ৬৯। এটা আপনার নন-প্ল্যান এক্সপেনডিচার। এ বছর কত সেটা কোথাও পাচ্ছি না। রেভিনিউ এক্সপেনডিচার আর ক্যাপিটাল এক্সপেনডিচার নিয়ে আপনি যে হিসাব দিয়েছেন—সেটা যদি ধরি তাহলে দেখবেন রেভিনিউ এক্সপেনডিচার প্রায় ১ কোটি ৫ লক্ষ ৯৭৮-এর মতো—১ কোটি ৬ লক্ষ ধরুন আর ক্যাপিটাল এক্সপেনডিচার আপনার ২৪ হাজার ৩৫। আপনি এই সবে সন্তুষ্ট ?

এইসব ফিগার আপনার। ঘাটতি আপনি দেখাচ্ছেন, ৯ কোটি টাকা। ঘাটতি ৯ কোটি টাকা দেখাচ্ছেন কিন্তু আমি বুঝতে পারছি না যে, বাজেটারি ডেফিসিট—সব রকম ডেফিসিট অর্থাৎ রেভিনিউ ডেফিসিট, ফিসকাল ডেফিসিট এবং টোটাল ডেফিসিট যা আপনি এইসব বইতে দিয়েছেন—দু-খানা বই থেকে বলছি আমি, যা আপনি দিয়েছেন—মিডিয়াম টার্ম ফিসকাল পলিসি স্টেটমেন্ট, স্ট্র্যাটিজি স্টেটমেন্ট—ওই ৯ নম্বরে বাজেট অ্যাট এ গ্ল্যান্স তার থেকে বলছি। আমি কিছুতেই মেলাতে পারছি না। রেভিনিউ রিসিট এবং পার্সেন্টেজ অফ রেভিনিউ এক্সপেনডিচার আপনি যদি ধরেন তাহলে হান্ড্রেড দেখিয়ে দিয়েছেন। অর্থাৎ, ২০১৪-১৫ সব আপনার মিলে যাবে। রাজস্ব বাবদ আয় আপনার সমান হয়ে যাবে আর কোনো ঘাটতি থাকবে না। আপনি ওই বইটাতে কিছু লেখেননি, ফাঁকা রেখে দিয়েছেন। কেন তা বুঝতে পারছি না। যদি তাই হয়, আমি ফিসকাল ডেফিসিটে যদি যায় সেটা বরং কমই। যেতে পারি কিন্তু অঙ্ক-ফঙ্ক বেশি ভালো লাগে না। আপনি দেখবেন যে, ফিসকাল এবং বাজেটারি ডেফিসিট যা আপনি দেখিয়েছেন তা মেলানো খুব মুশকিল হয়ে পড়ছে। আপনি দেখিয়েছেন যে, এবারে টোটাল রেভিনিউ এক্সপেনডিচার কত হবে, হিসাব-টিসাব মোটামুটি করে ফিসকাল ডেফিসিট করে—ওভার-অল সারপ্লাস ডেফিসিট যেখানে ৯ নম্বর বইয়ের দু-নম্বর পাতায় গত বছর আপনি দেখিয়েছিলেন ৪১২ কোটি টাকার মতো ঘাটতি হবে। বাজেটে বলেছিলেন, ২ কোটি টাকার মতো ঘাটতি হবে।

[5.30 – 5.40 p.m.]

এ বছর আপনি ২ কোটি টাকা মতো দেখাচ্ছেন। এটা বুঝতে পারছি না, অঙ্কগুলো কী করে একটার সঙ্গে আরেকটা মেলে। ফলে একটু দুর্বোধ্য হচ্ছে। এরকম হয়তো আরো পঞ্চাশটা বলতে পারি আমি কিন্তু বলছি না। জবাব পাই না তো সেই জন্য। এগুলোর ব্যাখ্যা পাওয়া যায় না তাই অনেক সময় মুশকিল হয়। যাই হোক, এই হচ্ছে আপনার আয়-ব্যয় সম্পর্কে কয়েকটা কথা এবং তার সঙ্গে যুক্ত হচ্ছে, সম্পর্ক যুক্ত হচ্ছে আমাদের উৎপাদন বৃদ্ধির হার যা দেখিয়েছেন, advance estimates করেছেন, অগ্রিম যা অনুমান করেছেন সেটা মিলবে কিনা। তার ওপর নির্ভর করছে কর্মসংস্থানে আপনি যা লক্ষ্যমাত্রা নিয়েছেন সেটা কী হবে এবং তার ওপর নির্ভর করছে আপনার আভ্যন্তরীণ বাজার, চাহিদা তৈরি হবে কিনা। তার ওপর নির্ভর করছে শিল্পায়নের জন্য যে পুঁজি আসবে এখানে, বিনিয়োগ হবে, তার কোনো ভিত্তি তৎসত্ত্বেও তৈরি হবে কিনা। এইটাই হচ্ছে মূল ব্যাপার। তাই এইসব ব্যাপারে আপনার সুনির্দিষ্ট অভিমুখ আমি জানতে চাইছি।

আর, আপনি যেটা বলেছেন 'বামফ্রন্ট সরকারের পাপের জন্য।' পাপ-পুণ্যের হিসাব বাজেটে হয় সেটা ঠিক আমি জানি না। অন্য কোথাও হিসাব হয় শুনেছি। সেখানে আমার যাওয়ার স্কোপ আছে কিনা জানি না। যাই হোক, এখানে ২০১১-'১২ থেকে '১৩-'১৪ সালের মধ্যে মূল এবং সুদ বাবদ কেন্দ্রীয় সরকার এত কোটি টাকা কেটে নিয়েছে, আপনারা চিন্তা করুন এতে কী হতে পারত, ইত্যাদি। কিন্তু আপনি তো এটা জানেন ভালো করে, কতবার বলব ? ১ লাখ ৯২ হাজার কোটি টাকা আমরা যখন ছাড়লাম, আপনি এলেন,

তখন ছিল ঋণ। আর আপনার সময়ে এটা ৫৫ হাজার কোটি টাকা। আপনার সরকারের প্রায় অর্ধেক সময় হয়েছে, পেরিয়ে এসেছে, আর অর্ধেক বাকি আছে। তাতে যদি ৫৫ হাজার কোটি টাকা হয় তাহলে আপনি যখন সরকার ছাড়বেন, মানে আপনি আবার আসতে পারেন, নাও আসতে পারেন তার মধ্যে আমি যাচ্ছি না। আমি ওই দাবি করতে দাঁড়াইনি এখানে যে, আপনারা চলে যাবেন, আমরা আসছি। এই রকম কোনো দাবি করতে দাঁড়াইনি। কিন্তু আমি বলছি, যে নতুন সরকার আসবে তখন তাহলে কত দাঁড়াবে ৫৫ হাজার কোটি যদি এখন হয় ? আর, rate of growth আপনি যদি হিসাব করেন, ১ লাখ কোটি ছাড়িয়ে যাবে ৫ বছরে। ওদের ৬৪ বছরে আমি যেটা বললাম ১ লাখ ৯২ হাজার কোটি টাকা। আর, আপনি পাঁচ বছরে ১ লাখ কোটি টাকা ছাড়িয়ে যাবেন। তার মানে আপনি এবারে পাটিগণিতে হিসাব করুন, ওটাকে ছাড়িয়ে যেতে আপনাকে ক'বছর লাগবে, যদি আপনি চান্স পান বা আপনাদের কেউ চান্স পান বা পরবর্তী সরকার চান্স পায়। এই যে আপনি এটা বলছেন, এটা বলছেন সেটা ঠিক আছে। কিন্তু আসল ঘটনাটা কী ? আসল ঘটনাটা হচ্ছে এই, আমি দেখলাম মাননীয়া মুখ্যমন্ত্রী আপনার বাজেট বক্তৃতার আগে একটা বক্তৃতা দিয়েছিলেন, এই হাউস থেকে আমি প্রসিডিংস নিয়েছি, তাতে তিনি বলছেন যে, 'ওঁরা জোর করে small savings-র টাকা, সেখান থেকে ঋণ নিয়ে নিত।' আমরা জোর করে নিতাম নাকি ? কেন্দ্র জোর করে নিত। যে, small savings-র টাকা বাধ্যতামূলক। তুমি লোন নেবে, ইত্যাদি, ইত্যাদি। কিন্তু ওটার একটা সিকিউরিটি ছিল, গ্যারান্টি ছিল। মানুষের যদি আয় উদ্বৃত্ত হয়, সে যদি সঞ্চয় করে, এটা অর্থনীতির একটা বড়ো ব্যাপার, সেই সঞ্চয়টা সুরক্ষিত হবে কিনা, এটা একটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। অন্ততপক্ষে যেটা সরকারের স্কীম, small savings, সেখানে টাকাটা ছিল এবং সেই সঞ্চয় থেকে উন্নয়নের কাজ হচ্ছিল। আমাদের ঝগড়া ছিল, কেন তোমরা আমাদের সাফল্য, সব রাজ্যের মধ্যে আমরা এক নম্বর স্বল্প সঞ্চয়ে, বছরের পর বছর, সেই টাকা কেন, আমার সাফল্যের জন্য আমারই ঘাড়ে চাপাচ্ছো ঋণ বলে ? এই নিয়ে ঝগড়া করেছি, FRBM-এ মামলা করেছি। তখন ওঁরা বললেন যে, ঠিক আছে, আমার সুদটা একটু কমিয়ে দেব আর, এটা ২০ বছর, দীর্ঘমেয়াদি করে দেব। তার সুবিধাটা আপনারা পাচ্ছেন এখন। কিন্তু হলে কী হবে আপনার এখন small savings নেই। আপনার savings কোথায় গেছে ? চিট ফান্ডে লোপাট হয়ে গেছে। যেটা আমি বললাম, 'স্ক্যাম' আপনি লিখেছেন, সেইটা। ফলে অর্থনীতির ভিত্তিটা ভেঙে যাচ্ছে। আপনি একটা বলেছেন যে, 'আমরা রাজ্যে একটা small savings scheme করব। সেটার কী হল ? আপনি এত সব দাবি করেছেন, কিন্তু আপনি তো লিখলেন না তার কী করবেন ? কী পর্যায়ে আছে সেটা ? উল্টে আপনি এখন এখানে লিখেছেন, কিছু লোক টাকা লুঠ করল আর আমাদের দিতে হবে, ট্যাক্স পেয়ারদের ? আমাদের মানে আমি বিধায়কদের কথা বলছি না, আমরাও ট্যাক্স পেয়ার, পশ্চিমবাংলার ট্যাক্স পেয়ারদের দিতে হবে ৫০০ কোটি টাকা ? টাকা লুঠ করবে একজন, চুরি করবে একজন আর তার দায়ভার আমাদের ? আপনি সেটা বড়াই করে লিখেছেন যে ৪ লক্ষ মানুষের পাশে দাঁড়িয়ে আর্থিক সহায়তার ব্যবস্থা করেছেন। এটা কি ? অর্থ আছে এর ?

সারদা চিট ফান্ডে যিনি আছেন তিনি বলছেন, আমার সম্পত্তিগুলো বিক্রি করে আমানতকারীদের ফেরত দিয়ে দাও। আর ওখানে আমি কাগজে পড়লাম, ঠিক-বেঠিক এসব জানি না, কাগজে যা পড়লাম যে কোনো এক চ্যানেল গিয়েছিল—দেখা যাচ্ছে সেগুলো হস্তান্তরিত হয়েছে। নিজেদের মধ্যে বোঝাপড়া করে হস্তান্তরিত হয়েছে। ফলে সে এখন যদি বলে আমার সম্পত্তি বিক্রি করে দাও, আসলে সম্পত্তি তো ও রাখেনি। এটা আর এক লোকের হাতে আছে। কার হাতে আছে সেটা আপনারাও জানেন ভালো করে। তাদের সব আড়াল করে আপনি ট্যাক্স পেয়ারদের পয়সা দিয়ে, ট্যাক্স দিয়ে—আমরা কেন ওদের—যারা লুঠপাট করেছে তাদের কেন আড়াল করার জন্য আমরা পয়সা খরচা করতে যাব ? এটাই হচ্ছে আমার কথা। আগেও বলেছি এসব কথা। আপনি এটা লিখেছেন 'কৃষি কর্মন' পুরস্কার লাভ করে আমাদের গর্বিত করেছেন। আপনি একটু অনুগ্রহ করে বলবেন, 'কৃষি কর্মন' পুরস্কারটা কিসের জন্য পেয়েছিলেন ? কোন বছরে, কীসের কৃষি সাফল্যের জন্য ? একটু অনুগ্রহ করে বলবেন ? এই যেরকম সেদিন আমি শুনলাম মুখ্যমন্ত্রীর বক্তৃতায় লেখা আছে এখন দেখছি—বাঁকুড়া পুরস্কার পেয়েছে, বললেন না কোন সালে ? কারা ছিল বাঁকুড়ায় তখন ? যাই হোক এই 'কৃষিকর্মন' ইত্যাদি, ইত্যাদি। আমি এগুলো বলছি এইজন্যই যে কিছু লিখবার সময় সেটা লিখুন যেটা আপনি করেছেন। এটা তো আমি না করব না যে আপনি করেননি। আপনি কন্যাশ্রী, যুবশ্রী—আমি আগেও বলেছি এখানে, আমি সব পাবলিক মিটিংয়ে বলি, আপনারা সব দরখাস্ত করুন কন্যাশ্রীতে, যুবশ্রীতে। কিষাণ ক্রেডিট কার্ড বলতে আমার অসুবিধা হয়। —স্যার, এটা কি হচ্ছে—কিষাণ ক্রেডিট কার্ড—ক্রেডিট নেওয়া ঠিক না। কেউ বলতে পারেন আমি জানি না, আপনারা কালকে কোনো তথ্য দাঁড় করাবেন কিনা ? ক্রেডিট ক্রেডিট নেওয়া ঠিক নয়। আপনি কিষাণদের ক্রেডিট কার্ড কি করে দেবেন ? আপনি কি জানেন রিজার্ভ ব্যাঙ্কের একটা ছোট্টো—আমি আন্তর্জাতিক সেমিনারে না গেলে বুঝতে পারতাম না—এখানে পেপার প্রেজেন্ট হল কৃষিতে যে priority lending নরসিমা রাও কমিটির পর priority lending-এর ডেফিনেশানটা বদলে গেছে। priority sector lending যেটাকে বলে। এগ্রিকালচার ইত্যাদি ইত্যাদি নিয়ে। তার মধ্যে প্রসেসিং ইত্যাদি এসে গেছে। দু কোটি টাকা পর্যন্ত ঋণও ওর মধ্যে পড়ে। আপনি জানেন এগ্রিকালচারে priority lending ওয়েস্ট বেঙ্গলে যা হয়েছে তার ৪০ পার্সেন্ট হয়েছে কলকাতাতে। কলকাতাতে কৃষির খুব বিকাশ হচ্ছে। ৪০ পার্সেন্ট কলকাতাতে বিকাশ। আসলে ওইসব কে করল কি না করল ওইসব ব্যাপার আপনি খোঁজ নিয়ে দেখুন কারণ এস.এল.বি.সি. তো আমি দেখেছি, এস.এল.বি.সি.-র পরে আপনার briefing। আমি দেখেছি। এই যে একটা ভয়ঙ্কর, ভয়ঙ্কর ব্যাপার শুনতে পাই, দেখতে পাই, পেপারের তথ্যটথ্য নিয়ে যখন এগুলো আসে তখন চিন্তা হয়, কি হচ্ছে ? ভবিষ্যতের জন্য। শ্রমিক কল্যাণ, শিল্প শ্রমিক এসব—এখানে মাননীয় শ্রমমন্ত্রী রয়েছেন। এটা কি কল্যাণের ব্যাপার নাকি ? স্যার, রাজ্যে কর্মসংস্কৃতির প্রভূত উন্নতি হওয়ায় শ্রম দিবস নষ্টের সংখ্যা শূন্যে নেমে এসেছে। শ্রম দিবস নষ্টের সংখ্যা শূন্যে নেমে এসেছে ? শ্রম দিবস নষ্ট হচ্ছে লে অফ, লক আউটে। এতে আপনার শ্রম দিবস নষ্ট হচ্ছে, সেটা নষ্ট হচ্ছে না ?

আর আপনি যে এত সব ছুটি বাড়িয়ে যাচ্ছেন তাতে শ্রমদিবস নষ্ট হচ্ছে না ? আপনি লিখেছেন শ্রমদিবস নষ্টের সংখ্যা শূন্যে নেমে এসেছে। বাঃ, এটার সঙ্গে মাননীয় শ্রমমন্ত্রীর এখানে যা জবাব দিয়েছেন কোনোটাই মেলে না। আর বাকি যেগুলো আপনি বলেছেন ভবিষ্যতে কি কি করবেন না করবেন সেই সব হবে, হচ্ছে ইত্যাদি ইত্যাদি সেই ভাষাগুলো আমি আর ব্যবহার করছি না। এত হবে, হচ্ছে আছে বা পরিকল্পনান্তরে রয়েছে সেগুলো আমি ব্যবহার করছি না। আপনার ট্যাক্স প্রপোজালে আমি যাই। ট্যাক্স প্রপোজালে আপনি ট্যাক্সের ছাড়ই দিয়েছেন। আপনি এখানে তো আয় দেখাননি, আপনি complianceগুলো বাড়িয়েছেন—এই মোটামুটি আমি যা বুঝেছি। ফিনান্স বিলে সেইসব নিয়ে হয়তো আলোচনা হবে ছাড় ফাড় দিয়েছেন—আপনি এই যে ছাড় দিচ্ছেন আপনার কত ছাড় যাচ্ছে। কত আপনার কমবে ? এটা তো হিসাব। বাজেটে এইসব আলোচনা হয়, আচ্ছা ঠিক আছে আমি ছাড় দিচ্ছি, এই ছাড় দিলে আমাদের এত টাকা আয় আগের চাইতে কমে যাবে। কি আমি বাড়াচ্ছি তার থেকে আমি এত টাকা আয় করব।

[5.40 – 5.50 p.m.]

হিসাবটা তো একটা মেলাতে হবে কোথাও। যেহেতু এই সবের কোনো ভিত্তি নেই, আমি আপনার এই বইপত্রে যেহেতু পাচ্ছি না, আবারও বলছি যেহেতু Statistical Appendix ইত্যাদি নেই, তাতে অনেক জিনিস বোঝা যাচ্ছে না। তার মধ্যে এটা যদি আপনি পারেন এক মিনিটে বলবে—এই কথা। বলতে বেশি সময় লাগবে না—আমি এই ছাড় দিলাম, মোট এত টাকা ছাড় দিলাম। আর যদি আয় করেন তাহলেও বলবেন। আপনার বড়ো সমস্যা হচ্ছে এখনও বলছি আপনাকে, আগেও বলেছি—আমি দুই-একবার এমনিতে আপনার সঙ্গে পারসোনালিও কথা বলেছি সেটা হচ্ছে যে, আপনি যেটার উপর নির্ভর করছেন সেটা হচ্ছে এন্ট্রি ট্যাক্স—প্রবেশ কর। যে ফর্মে আপনি করছেন সেটা। সেটা তো হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে বলে দিল। তারপরে আমি আপনার কাছে শুনেছিলাম ডিভিশান বেঞ্চে stay হবে। কিন্তু আমি স্টে হয়েছে বলে জানি না। কিন্তু ওটাতে আয় বাড়ছে না কমছে—আমি আপনার কাছে এটা যখন জিজ্ঞাসা করেছিলাম তখন বলেছিলাম যে আমি আগ্রহী জানতে যে স্টেটের ইনকাম কি করে বাড়ে without any inflationary effect. সাধারণ লোকের উপর বোঝা যাতে না পড়ে। আপনাকে বলি, যখন প্রথম এন্ট্রি ট্যাক্স বিল এখানে আনলেন, তখন আমি বললাম যে আপনি ভ্যাটে যাচ্ছেন না কেন ? ভ্যাটে যেটা four to five পার্সেন্ট করা যায় আপনি সেটা বাড়িয়ে দিন। আপনি পরের বারে সেটা করলেন, সেই বছর করলেন না। তাতে কি দাঁড়াল ? না, আপনি এন্ট্রি ট্যাক্সে ১% বাড়ালেন, আবার ভ্যাট করে ১% বাড়ালেন, তাহলে কি হল ? এই যে ২% বোঝাটা চাপল। এটায় এত inflationary effect হয় এবং তার চেয়ে বড়ো কথা হচ্ছে আমি যেটা argue করেছিলাম, Tax on tax is a regressive tax. অন্যান্য রাজ্য যারা করেছে সেই সব experience কিছু কিছু। আমরা জানি না, আপনি বেশি জানবেন আমার চাইতে। আপনি নিশ্চয়ই interact করে থাকবেন তাদের সঙ্গে। তার মধ্যে কেউ কেউ যেটা করেছে

সেটা ভ্যাটের ফর্মেই হচ্ছে অর্থাৎ Value Added Tax, মূল্যযুক্ত কর যেভাবে আদায় করা হয় সেইভাবে। কিন্তু এইরকম করে কিছু লাভ নেই। আপনার তাতে যদি আয় বাড়তো ভালো কথা। আমি জানি না, যদি আটকে যায়, অসুবিধা হয়—আপনাকে বুঝতে হবে। যদি জোর করে কাউকে টেলিফোন করে বলতে হয় কর, কর, কর—এই তাহলে আরো মুশকিল ব্যাপার হবে। সেইজন্যে এইসব মিলিয়ে যা দাঁড়াচ্ছে তাতে আপনি খালি একটা দেখবেন যে, এটা করে অর্থনীতিতে কোন কি নৈরাজ্য সৃষ্ট হতে যাচ্ছে ভবিষ্যতের জন্যে। কারণ এটা বিশ্ব অর্থনীতিতে এই নৈরাজ্য চলছে। দেশের অর্থনীতিতে এই নৈরাজ্য চলছে। আপনি যেটা বলেছেন রেঁনেসা সেটা হয়েছিল industrial revolution—উপর ভিত্তি করে। That time, সেই সময় শিল্প বিপ্লবের সময়। তারপরে, capatilism, industrial society, তার একটা শতক উনবিংশ শতাব্দীতে সেটা প্রথম ছিল। বিংশ শতাব্দীতে তার এক রকম চেহারা ছিল। একবিংশ শতাব্দীতে যেটা দাঁড়িয়েছে এটা উৎপাদনের সঙ্গে, কর্মসংস্থানের সঙ্গে, কারোর সঙ্গে সম্পর্কযুক্ত নয়। লুঠপাট, ছুট এই ছাড়া এই পুঁজি কোথাও যাচ্ছে না। একটা নৈরাজ্য সারা পৃথিবী জুড়ে আমরা দেখতে পাচ্ছি, দেশ জুড়ে দেখতে পাচ্ছি, রাজ্যে রাজ্যে দেখতে পাচ্ছি। এবং তারই প্রতিফলন হচ্ছে চিট ফান্ড ইত্যাদি, ইত্যাদি। এটা অর্থনৈতিক নৈরাজ্য খালি নয়—এটা রাজনীতিতে, সমাজে নৈরাজ্য নিয়ে আসে এবং এই অর্থনীতি ভিত্তি তৈরি করে যাকে বলা হয় lumpenisation of society। কারণ informal economy—not informal sector—informal economy হচ্ছে ইকোনমির সেই অংশ যেটা GDP.-তে GSDP-তে হিসাব হয় না। সেই informal economy, সেটা বৃহৎ আকারে বাড়ছে এবং তার প্রভাব সমাজের উপরে যা হয় তা ভয়ঙ্কর। আপনি সচেতনভাবে কি অবচেতনভাবে সেইদিকে এগোচ্ছেন। এটা আপনি একবার ভেবে দেখবেন ভবিষ্যতের কথা ভেবে। আপনি যেহেতু কবিতা দিয়ে শেষ করেছেন তাই আমার একটা মনে হল আপনাকে বলি—আমি কবিতা-টবিতা পড়ি না খুব একটা, কিন্তু আমার একটা কবিতা মনে হল, আমি পড়ে সেটা শেষ করতে পারি। "আগেকার চেয়ে, আগেকার চেয়ে ঢের ঢের, আগেকার চেয়ে মশা, মাছি। মশা বেড়েছে এখন। নদী কি বেড়েছে একটিও অথবা পাহাড়।"—পূর্ণেন্দু পত্রী। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজ তিনদিন ধরে খুব ডিসিপ্লিনের সঙ্গে এই হাউসে রেসপেক্ট দিয়ে আমি এইখানে বসে দেখেছি। আমাকে একজন মাননীয় বিধায়ক—কলিগ, আমাদের দল থেকে নয়, তিনি বললেন আগে কখনও এরকম দেখেননি অর্থমন্ত্রী বসে আছেন ঘন্টার পর ঘন্টা। কেন বসে আছি ? তার কারণ শেখার কোনো শেষ নেই—এক, যতই বয়স হোক। দ্বিতীয়—মাননীয় বিধায়করা যা বলবেন তা আমি সিরিয়াসলি নিই। চেষ্টা করি তার সম্বন্ধে যদি কিছু বক্তব্য থাকে সেটা বলার। এটা আমাদের এই সরকারের কালচার। আমি দেখেছি অনেক মন্ত্রীরাও এখানে বসেছিলেন। যদিও বাজেটে তাদের নিজেদের ডিপার্টমেন্টের ইস্যু আছে। সেই জন্য আমি বিনীতভাবে বলতে চাই যে আজ আমাদের লিডার অফ দি অপোজিশান ডাঃ মিশ্র যে কথা বললেন, কিছু কিছু তার

অল্প কিছু জিনিসের উপরে বলতে পারব। আর যদি কোনো দ্বিমত প্রকট করি তাহলে ক্ষমা করে দেবেন। প্রথমেই নৈরাজ্যের কথা বলেছেন। জি.ডি.পি. গ্রোথের যে জি.এস.ডি.পি.-র সঙ্গে তুলনামূলক বিচার আমি দিয়েছি, তাতে তো নৈরাজ্য দেখতে পাওয়া যাচ্ছে না পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে। I am convinced, আমি কনভিন্স নাহলে আপনাদের সামনে একথা এসে বলতাম না। নৈরাজ্য বিশ্বে ছড়িয়েছে। কিছু দেশ এগিয়ে গেছে। ইউরোপ, জার্মানি এগিয়ে গেছে। আমেরিকার পরিবর্তন আসছে আবার। কিছু দেশ পিছিয়ে পড়েছে। ভারতবর্ষের growth slow down করেছে। চায়নাতে growth slow down করেছে। এখন সবাই দেখছে কি করে soft landing করা যায়. চীন বিশেষ করে। কিন্তু পশ্চিমবঙ্গে আমি গর্বের সঙ্গে বলব আজ এই তিন বছরে দিন-রাত কাজের জন্য পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে, যেটা সারা ভারতবর্ষ দেখছে। সেটা স্ট্যাটিসটিক proof করে। যার বিস্তারিত স্ট্যাটিসটিক্স আমি দিয়েছি এবং with my respect to the Leader of the Opposition আমি আরও কিছু যদি অনুমতি দেন স্যার, কিছু আরও specific statistics দেব যাতে হয়তো উনি খুশি হবেন। কেননা ওঁর যে সমস্ত প্রশ্ন ছিল তার সম্বন্ধে নিশ্চয় কিছু উত্তর আমি দেব। অল্প দ্বিমত বিনীতভাবে। রেনেসাঁ বলেছি, তার কারণ রেনেসাঁ ইন্ডাস্ট্রিয়াল রেভোলিউশানের নয়। I am sorry রেনেসাঁ হয়েছিল revolution of thoughts, মাইকেল অ্যাঞ্জেলো industry-এর আগে, গ্যালিলিওর industry-এর আগে। সেহেতু প্রথম কথা হচ্ছে আমি রেনেসাঁ বলেছি, তার কারণ মানসিক পরিবর্তন is the matter of the day today in Bengal. ইন্ডাস্ট্রি আসবে, ইন্ডাস্ট্রি হবে কিন্তু মানসিক পরিবর্তন, তাত্ত্বিক বিচারের পরিবর্তন, outlook-এর পরিবর্তন and work culture-এর পরিবর্তন, ওভার অল পরিবর্তন, সেই জন্যই রেনেসাঁ বলেছি স্যার। Industrial revolution, আমি জানি হয়তো মাননীয় Leader of the Opposition আমার সঙ্গে এগ্রি করবেন যে it was a revolution in thoughts এবং যার মধ্যে আমরা দেখেছি পরে কার্ল মার্কসের জন্ম হয়, কাহানের জন্ম হয়, বিভিন্ন চিন্তাধারার মানুষের জন্ম হয় যাদের সঙ্গে আমি এগ্রি করতে পারি বা disagree করতে পারি। They followed রেনেসাঁ, Renessa মানে revolution in thoughts, সেই প্রতীকে আমাদের এগিয়ে যেতে হবে not just mere industry, mere agriculture. এই বিপ্লব আমাদের আনার প্রচেষ্টা। আশা করি আমরা সফল হব। এই ছোট্টো দ্বিমত প্রকট করে, যার উপরে আমাদের নিশ্চয় আরও বিচার হতে পারে with respect and humility, আমি এগিয়ে যাব। একটি কথা একেবারে শুরুতে আমাদের একজন বিধায়ক বলেছিলেন অপোজিশান থেকে।

[5.50 – 6.00 p.m.]

ক্যাপিটাল এক্সপেনডিচার খুব গুরুত্বপূর্ণ। ব্রীজ, রাস্তা, অ্যাসেট ক্রিয়েশান এটা ক্যাপিটাল এক্সপেনডিচার থেকে হয়। সেহেতু স্যার আমি ক্যাপিটাল এক্সপেনডিচার সম্বন্ধে বিনীতভাবে কিছু বলব। কিন্তু তার আগে একটা—অনারেবল লিডার অফ অপজিশান ডাঃ মিশ্র একটা

খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে, আমি বুঝতে পারছি না কি করে এই ফিগারগুলো আসছে—৩০ হাজার কোটি টাকা ইত্যাদি—সেন্ট্রাল গভর্নমেন্ট-এর থেকে দেওয়া। আমি এটা জুলাই ১১, ২০১৩-এ একটা চিঠি পড়ে দিচ্ছি—অফিস মেমোরেন্ডাম—প্ল্যানিং কমিশন থেকে। তাঁরা কি বলছেন ? 'All plans and schemes under central assistance is provided to the state are to be classified এবং art to be classified and budgeted together as central assistance to state plans.' তার মানে স্টেট প্ল্যানের মধ্যে as per directive of the Planning Commission central assistances—এ এবারে আপনাদের state plan-এর বইতে আছে। That is apples and oranges—দুটোর সঙ্গে তো তুলনা করা যাবে না। কিন্তু It is there, সেই জন্য তো বুঝতে পারছেন না। এই চিঠি পড়ে দিলাম আপনাকে। ডেট হচ্ছে জুলাই ১১, ২০১৩, উইথ এফেক্ট ফ্রম ২০১৪-'১৫ Be it onwords. আপনি শুনুন, কথাটা শুনুন। সেহেতু আপনি যদি একটু তুলনা করেন, দেখবেন আমাদের স্টেট প্ল্যান এক্সক্লুডিং OCASPS। সেন্ট্রাল গভর্নমেন্টের বিভিন্ন খাতে, তা আমি শর্ট ফর্মে বলে দিলাম। তা হল আমাদের প্ল্যান এক্সপেনডিচার হচ্ছে ৩০ হাজার ৮৪৭.৩৮। কিন্তু আপনি যদি সেন্ট্রালে এগুলো ঢোকান যেগুলো আমাদের কনস্টিটিউশনাল রাইটস ইন মোস্ট কেসেস—মিশন মোড প্যাকেজ, যেটা সারা ভারতবর্ষকে দেওয়া হয় that figure becomes 42,694। তার কারণ That is our constitutional right. এইজন্যই হয়তো কনফিউশান হয়েছে। সেহেতু আমি ক্লিয়ার করে দিতে চাই। আমি কিন্তু অ্যাপেলস আর অ্যাপেলস-এর তুলনা করব। আপেল আর আপেলের বা কমলালেবু-কমলালেবু। তার কারণ আমি সেন্ট্রাল গ্রান্টস নিয়ে আজকে আপনাদের গ্রোথ রেট বলতে চাইছি না। যদি গ্রোথ রেট বলতে যাই তাহলে ১৩০%, ১৫০% কমপেয়ার টু লাস্ট ইয়ার হয়ে যাবে। সেটা অন্যায় হবে। করতে পারতাম আমি। আমার বলার পরে আপনাদের আর বলার কোনো উপায় ছিল না। কিন্তু আমি তা করছি না। আমি যা আপনাকে ফিগার দেব That is state plan comparable to last year, not comparable with this year, এক্ষেত্রে ক্যাপিটাল এক্সপেনডিচারে আসছি সাধারণ মানুষদের জন্য যা খুব গুরুত্বপূর্ণ—রাস্তা, ব্রীজ, স্কুল, কলেজ, ফিসকাল অ্যাসেট ক্রিয়েশান। ক্যাপিটাল এক্সপেনডিচার ২০০৯-'১০-এ ছিল ৩০১১, ২০১০-'১১-তে হল ২২২৫। কতটা পড়ে গেল চিন্তা করুন। তার হয়তো পার্সেন্টেজটা চাইবেন। পার্সেন্টেজটাও বলে দিচ্ছি। ২০০৯-'১০-এ নেগেটিভ ১৮.৭% গ্রোথ ইন ক্যাপিটাল এক্সপেনডিচার-সেম। ২০১০-'১১-তে আমরা তখনও সরকারে আসিনি—নেগেটিভ ২৬.০৮-ইট ইজ এ সেম। আমরা আসার পরে ক্যাপিটাল এক্সপেনডিচার ২০১১-'১২-তে প্লাস ২৪.১৭-এটা অ্যাকচুয়াল দিচ্ছি আমি। আমি বানিয়ে বলছি না। এটা হচ্ছে এ.জি.-র অ্যাকচুয়াল। তাই আমি এ.জি.-র অ্যাকচুয়ালের পরে যাচ্ছি না। ২৪.১৭-২০১১-'১২-তে। ২০১২-'১৩-তে ক্যাপিটাল এক্সপেনডিচার গ্রোথ ৬৪.৫৩%। দ্যাট ইজ মা-মাটি-মানুষের সরকার। আমি অ্যাবসোলিউট ফিগারগুলো দিয়ে আপনাকে নানা ফিগারের মধ্যে আনতে চাই না এবং আবার সেহেতু পড়ে দিই। ২০০৯-'১০-এ মাইনাস ১৮.৭৪%, ২০১০-'১১-তে যখন আমরা

আসিনি মাইনাস ২৬.০৮%, এবং ২০১১-'১২-এ আমরা এসেছি, কয়েক মাস আমরা ছিলাম সরকারে ২৪.১৭, সেটা বাড়িয়ে ২০১২-'১৩-তে ৬৪.৫৩। এর থেকে বেটার পারফরমেন্স কি চান ক্যাপিটাল এক্সপেনডিচারে ? এই প্রশ্নটাই শুরুতে উঠেছিল। আপনারা হয়তো ভুলে গেছেন গৌরাঙ্গবাবু তুলেছিল এই প্রশ্নটা। আমি সেহেতু তার জবাবে exact statistics আপনাদের সামনে তুলে ধরলাম। স্যার, এই capital expenditure-এর একটা part আমি শুধু দুটো ছুঁয়ে যাব। 'কর্মতীর্থ', এটা কি ? ৫০০ কোটি টাকা physical asset creation, ৫০০টি market complex, তাতে আমি বলেছি বাজেটে যে ১ লক্ষ direct employment হবে। এবারে আপনাদের বলি স্বনিযুক্ত, স্বনির্ভর গোষ্ঠী, গ্রামীণ কারিগর, ক্ষুদ্র ও প্রান্তিক ব্যবসায়ী, তাঁরা ঘুরে ঘুরে বেড়ান। বিভিন্ন জায়গায় exhibition হয়, exhibition শেষ হলেই তাদের বিক্রি করার সম্ভাবনা পড়ে যায়। আমি দেখেছি লন্ডনে, পর্যটনের যে বিরাট exhibition, পশ্চিমবঙ্গের সেই বিরাট সুন্দর জায়গা, কিসের ? এদেরই। শাঁখের যে কাজ করে, ২৪ হাজার পাউন্ডে একটা শাঁখের জিনিস সে বিক্রি করতে পারল জীবনে প্রথম। তার কারণ এত নিখুঁত কাজ পৃথিবীতে কেউ দেখেনি। কিন্তু ওই লন্ডন থেকে ফিরে এসে সে চলে যাবে গ্রামে, তার কিন্তু সেই শাঁখ বেচার জায়গা নেই। তারা rootless। কেননা তাদের জন্য আমরা করিনি, বামফ্রন্টের সরকার করেনি। তাই তাদের ৫০০টি তৈরি করে, যাতে সেই, তারই সঙ্গে আমি দেখেছি কিভাবে তারা লন্ডনে বা সিঙ্গাপুরে তারা গিয়েছিল, আমি যাইনি। আমি জানি, আমাকে এসে তারা বলল, পটচিত্রে মহিলা শিল্পী, ডোকরার মহিলা শিল্পী, মুখোশের একটি লোক, তারা কিন্তু একবার সেই ফেয়ারে যাওয়ার পরে ফিরে এসে খুঁজবে বাজার। খুঁজে পাবে না। তাই অ্যাসেট ক্রিয়েট করে, ক্যাপিটাল এক্সপেনডিচার করে, ৫০০ কোটি টাকা খরচ করে আমরা ৫০০টি সেইরকম তৈরি করব। যেখানে তারা পারমানেন্টলি আসবেন এবং আমি আপনাকে with confidence বলছি indirect employment, কেননা তাদের সাপ্লাই চেনটা বেড়ে যাবে, ৫ লক্ষ লোকের কাজ হবে, একবার যদি তখন তারা বসে পড়ে সেখানে। আমি তো এক লক্ষ বলেছি বাজেটে। indirectটা ধরুন, multiple effectটা ধরুন, তাহলে দেখতে পাবেন স্পষ্ট। দ্বিতীয় উদাহরণ capital asset। হাইওয়ে তৈরি হচ্ছে, capital asset। এক হাজার কিলোমিটার হাইওয়ে হবে। কিন্তু আমার মা-বোনেরা যাচ্ছে ঘন্টার পর ঘন্টা। তাদের জন্যে একটি নতুন নাম 'পথসাথী'। বাজেটে এটা বলা হয়েছিল, এই descriptionটা ছিল, আমি এখন বলেছি—আপনাদের বিভিন্ন বক্তব্যের মাধ্যমে—যে রেস্ট রুম চাই। তাঁরা অন্তত দাঁড়াবেন, তাঁরা একটু সুযোগ পাবেন। ইট ইজ অলসো অ্যাসেট ক্রিয়েটিং পথসাথী, পর্যটকদের জন্য। দ্যাট ইজ অ্যাসেট ক্রিয়েটিং। এবারে স্যার, আমি কয়েকটি ইস্যুতে আসছি, যেগুলো উঠেছিল। বি.আর.জি.এফ. সম্বন্ধে উঠেছিল। তার জবাবটা দিই। কেউ বলেছিলেন বি.আর.জি.এফ.-এর টাকা আমরা খরচ করতে পারছি না। Construction of upgradation projects of roads and bridges বলছিলেন খরচ করতে পারছি না, করছি না। কত পার্সেন্ট ইউটিলাইজেশান ? Hundred per cent utilization. যার ইউ.সি. দেওয়ার পরে আরো বাড়িয়ে দেওয়া হয়েছে। Improvement

of rural roads and connectivity in South 24-Parganas, Hundred per cent utilization. Improvement of Rural road Connectivity in the districts of North Bengal, স্যার নর্থ বেঙ্গলের কথা বলছিলেন। Hundred per cent utilization. Construction of Girls hostels and PTTI, hundred per cent utilization. আর সবচেয়ে বড়ো Rural Piped Water Supply, Hundred per cent utilization. পুরো প্রচেষ্টা চলছে যাতে সেই টাকা ব্যবহার করা যায়। তার আমি কয়েকটি উদাহরণ দিয়ে দিলাম। বিস্তারিত বিবরণ করতে বললে আরো আমরা করতে পারব। দ্বিতীয় প্রশ্ন উঠেছে tax revolution। তার মানে কেন্দ্রীয় সরকার আমাদের constitutional right অনুযায়ী যে ট্যাক্স তারা দেয়, তারা যে এখান থেকে tax collect করে নিয়ে যায়, income tax, production, industrial excise, service tax সব এখান থেকে নিয়ে যায়।

[6.00 – 6.10 p.m.]

সেই টাকা থেকে, তাদের দায়বদ্ধতা রাজ্যে ফিরিয়ে দেবে, According to Finance Commission—যেটা আমার বন্ধুরা বলেছেন। ৩২ শতাংশ, তার ৭.৩% পশ্চিমবঙ্গ পায়। আপনারা শুনে অবাক হয়ে যাবেন, এই বছর সেই tax revolution কত কমে গেছে জানেন ? ২,০৯৪.৭৯ কোটি টাকা। শুধু কেটে নেওয়া হচ্ছেই নয়, interestটাও। সেটা আমি বলেছি বাজেটে যে, interest, repayment কেটে নেওয়া শুধু হচ্ছে না, tax revolution—এই তথ্যটা হয়তো কারো কাছে নেই, যেহেতু এই প্রশ্নটা তুলেছেন সেইজন্য রিসার্চ করে বার করেছি—২,০৯৪.৭৯ কোটি টাকা ২০১৩-১৪-তে, যেটা আমাদের পাওনা, revolution, সেটা কেটে নেওয়া হচ্ছে। ইন্ডাস্ট্রি সম্বন্ধে আপনারা বলেছেন কিরকম গ্রোথ হয়েছে ? এবারে আসছি সরকার, সেন্ট্রাল গভর্নমেন্টের তথ্যে, Index of industrial production-এ, তাহলে হয়তো একটু পরিষ্কার হবে। আপনারা স্বচ্ছতা ডিমান্ড করেছেন, সেই স্বচ্ছতাই আপনাদের সামনে আনছি। Index of industrial production, IIP বলা হয়, তার তুলনামূলক ব্যাপারটা কি। Mining, ভারতবর্ষের গ্রোথ, এটা কিন্তু under industry আসে overall, ৩টে element আসে—mining, manufacturing and electricity. Mining-এ কত ? ভারতবর্ষের গ্রোথ negative ২.১%, minus ২.১%। আর পশ্চিমবঙ্গের গ্রোথ ৭.৬%। বুঝতে পারছেন কোথা থেকে সেই প্রেসারটা আসছে to the GDP, GSDP, Manufacturing - IIP মাইনাস ০.৬%, পশ্চিমবঙ্গের গ্রোথ ৫ গুণ, ৩%। যেখানে দেশের মাইনাস ০.৬% index of industrial production সেখানে পশ্চিমবঙ্গের কিন্তু ৫ গুণ এই বছরে। CSO-Central Statistical Organization-এর data। Electricity, এটা শুনে আপনারা খুশি হবেন, all India level-এ Electricity বেড়েছে ৫.৪%। আমাদের পাওয়ার মন্ত্রী বসে আছেন, former chief secretary of the State। পশ্চিমবঙ্গের কত বেড়েছে ? ওদের ৫.৪%, পশ্চিমবঙ্গের ২২.৮%। তাহলে aggregate-এ আসুন। overall IIP, এটা সমস্ত খবরের

কাগজে বেরিয়েছে, আপনারা দেখে নেবেন। overall IIP negative 2.0% growth in India, its a shame. Negative ২.০% ভারতবর্ষ, আর পশ্চিমবঙ্গ পজিটিভ ৬.৮%। কোথা থেকে pushটা আসছে বুঝতে পারছেন। Electricity ২২.৮% against ৫.৪% in India, manufacturing ৩% against -০.৬% in India, mining ৭.৬% against minus ২.১% সেহেতু আপনারা বুঝতে পারছেন। IIP যদি না বোঝেন তাহলে শিল্প বুঝবেন না দাদা। আগে IIP বুঝুন, তারপরে শিল্পের কথা আমরা সবাই আরও আলোচনা করব। IIP এর পর যে প্রশ্ন তুলেছিলেন মাননীয় Leader of the Opposition, খুবই important question—কি হচ্ছে আমরা ঠিক বুঝতে পারছি না। এবারে আপনাকে statistics দিই, এটা আমার নয় actuals, আমি সেহেতু BEREতে যাচ্ছি না, তখন আপনারা বলবেন, আরে ও তো mythical। ঠিক আছে actuals. ২০১০-১১ debt GSDP ratio, তার মানে যত ধার, তার তুলনায় GSDP, debt GSDP ratio ২০১০-১১তে যখন আপনারা সরকারে ছিলেন তখন কত ছিল ? ৩৯.৫৪। অ্যাকচুয়াল দু-হাজার এগারো-বারোতে ৩৯.৬২, কমছে না। আমরা এলাম সরকারে দু-হাজার বারো-তেরো তার রিয়েল অ্যাকচুয়াল ফিগার আমরা পেয়েছি ৩৬.৯৩, কমিয়ে এনেছি ৩% সহজ নয়। ডেট জি.ডি.পি. রেশিও সেটাকে এবারের বাজেটে আমি প্রজেক্ট করেছি ৩৩.৭৩তে নিয়ে যাব। This is vision আমার ভিসন নয়, এই মা-মাটি-মানুষের সরকারের ভিসন। revenue deficit as percentage of revenue receipt আমরা যে রাজস্ব পাচ্ছি রেভিনিউ রিসিট, তার রেভিনিউ ডেফিসিটটা কত। দু-হাজার দশ-এগারো যখন আপনারা সরকারে ছিলেন তখন রেভিনিউ ডেফিসিট ছিল ৩৬.৫৫%। ছত্রিশ দশমিক পাঁচ পাঁচ পারসেন্ট। দু-হাজার এগারো-বারো—২৪.৮০। আমরা কোথায় নিয়ে গেছি দু-হাজার বারো-তেরোতে—২০.২৩। again same picture নামিয়ে এনেছি ২৪.৮০ থেকে ২০.২৩-এ। তারপরে জিজ্ঞাসা করবেন, এটা মাননীয় কেন্দ্রের অর্থমন্ত্রীকে সবসময় জিজ্ঞাসা করা হয়—'ফিসক্যাল ডেফিসিটের কি করেছেন ? বলুন না, স্বচ্ছতা আনুন না !' ফিসক্যাল ডেফিসিট দু-হাজার দশ-এগারোতে আপনারা যখন ছিলেন তখন ছিল ৪.১২%। দু-হাজার এগারো-বারোতে ৩.৩৮%। ভালো কথা। দু-হাজার বারো-তেরোতে ৩.০৮%, নামিয়ে এনেছি আমরা ফিসক্যাল ডেফিসিট। That is discipline. That is fiscal discipline. এবং আমি আপনাদেরকে হয়তো এগ্রিগেট ফিগারটা আপনাদের বলেছিলাম যে কত ইন্টারেস্ট আর রি-পেমেন্ট কেটে নেওয়া হচ্ছে। কিন্তু আমাকে কেউ জিজ্ঞাসা করেননি আজ তিনদিনে যে, 'এটা একটু ভেঙে দিন না—কত ইন্টারেস্ট আর কত রি-পেমেন্ট ?' তাহলে হয়তো আরও স্বচ্ছতা আসবে। তাই ভেঙে দিচ্ছি। কত ইন্টারেস্ট কত সুদ কেটে নেওয়া হচ্ছে। উনপঞ্চাশ হাজার কোটি জিরো এইট থ্রি দশমিক জিরো ফোর ইন্টারেস্ট কেটে নেওয়া হল। আর যে ঋণ ছেড়ে গিয়েছিলেন, সেই ঋণে রি-পেমেন্ট কত ? আসলটার সুদ। অ্যামোর্টাইজেশন টেবিল ধরে যেটা করা হয়েছে। নাইনটিন থাউজেন্ড নাইন হান্ড্রেড অ্যান্ড এইট্টি টু পয়েন্ট সেভেন এইচ, এর টোটালটা আপনাদের বাজেটের বইতে দিয়েছিলাম। কিন্তু আজ স্বচ্ছতার জন্য আরও ভেঙে দিলাম, যাতে এই নিয়ে আমরা সবাই

একসঙ্গে বসে চিন্তা করতে পারি। আর একটি কথা বলি একটা প্রশ্ন উঠেছে স্যালারি নিয়ে। স্যালারি নাকি কমে যাচ্ছে ! তাহলে আপনাদের কাজ কি করে, সরকারের কাজ কি করে বাড়ছে ? দিয়ে দিই আপনাদের স্বচ্ছতার জন্য। দু-হাজার বারো-তেরো টোটাল স্যালারি ছিল আঠাশ হাজার তিনশো চৌত্রিশ দশমিক তিন সাত। সেটা দু-হাজার তেরো-চোদ্দতে এসে হল তিরিশ হাজার তিনশো একুশ কোটি। এখন বাজেট এস্টিমেটে আমি এটা তেত্রিশ হাজার ছয়শো পঁচিশে নিয়ে যাচ্ছি, তার কারণ ভেকেন্ট পজিশন আপনারা হাজার হাজার ছেড়ে গেছেন। আমাদের ফিল আপ করতে হবে। না ডাক্তার আছে, না নার্সেস আছে, না টিচার আছে, না ইঞ্জিনিয়ার আছে। কি করেছিলেন ? কি করে এই বিরাট ডেট তৈরি করেছিলেন। কোথায় গেল সেই টাকাটা ? সো, আপনাকে স্যালারির ডিটেলটাও দিয়ে দিলাম। এবারে হয়তো আপনি জিজ্ঞাসা করবেন, এটা দু-একবার কেউ জিজ্ঞাসা করেছেন এই আলোচনার মধ্যে যে tribal and backward, আমাদের পিছিয়ে পড়া মানুষ এবং ট্রাইবাল ডিপার্টমেন্ট, 'সেখানে আপনি কি বাড়িয়েছেন ?' তার ফিগারটা দিয়ে দিই। তিপ্পান্ন দশমিক দুই সাত শতাংশ হারে বেড়েছে। ওটা দুটো ডিপার্টমেন্ট আছে। একসঙ্গে গুনে নেবেন। আমি অ্যাপেল টু অ্যাপেল কমপেয়ার করছি। দুটি ডিপার্টমেন্ট করে দেখবেন ফিফটি থ্রি পয়েন্ট টু সেভেন, ট্রাইবাল অ্যান্ড ব্যাকওয়াড। এ ডিনাই করতে পারবেন না। It is in the books. পাবলিক ওয়ার্কস, থার্টি ওয়ান পয়েন্ট ওয়ান সেভেন পারসেন্ট গ্রোথ যাতে রাস্তা ইত্যাদি তৈরি হয়, পাবলিক ওয়ার্কস, থার্টি ওয়ান পয়েন্ট ওয়ান সেভেন পারসেন্ট গ্রোথ যাতে রাস্তা ইত্যাদি তৈরি হয়, পাবলিক ওয়ার্কস। হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার অত্যন্ত গুরুত্বপূর্ণ। থার্টি পয়েন্ট ফোর এইট পারসেন্ট গ্রোথ স্বাস্থ্যের ক্ষেত্রে। That is a record. Micro and small enterprise. আপনি জানেন স্যার, আজকে ব্যাঙ্ক লেন্ডিং যেটা হয়েছে, পশ্চিমবঙ্গ নাম্বার ওয়ান হয়েছে—আমি বাজেটে বলেছি। ১০০% ছাড়িয়ে গেছে, যেখানে নেক্সট রাজ্য ৫২-তে আছে। আমাদের মধ্যে ৫০% এর গ্যাপ। আপনি জিজ্ঞাসা করতে পারেন, এই যে কর্মসংস্থান বাড়বে, তার জন্য স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজকে কত দিয়েছেন ? আমি সবকটা বলছি না, কয়েকটা টাচ করে যাচ্ছি। মাইক্রো অ্যান্ড স্মল স্কেল ৬১.৩৪%। ধারের কথা যখন বলেছেন, মনে রাখবেন, যা ধার আমরা নিচ্ছি উইথ ডিসিপ্লিন। প্রথমে তো এগ্রিগেড ফিগারস আমি দিয়েছি—কিভাবে আমরা নামিয়ে নিয়ে যাচ্ছি। Debt G.S.T.P. ratio, রেভিনিউ ডেফিসিট, রেভিনিউ রিসিট, ফিসক্যাল ডেফিসিট। তার সঙ্গে এটাও বলে দিই কোনো বছরে—আপনারা তো ৫ বছর এফ.আর.বি.এম. করেননি। সেই এফ.আর.বি.এম. ঘাড়ে নিয়ে একটি বছরও আমরা এফ.আর.বি.এম. লিমিট ভায়োলেট করিনি। That is the fiscal discipline of this government. সেহেতু যখন বলেছেন আমরা ধার নিচ্ছি, Not in violation of FRBM Limit. That is my right. আপনাদের তো লিমিট ছিল না। তার কারণ, আপনারা FRBM পাশ করেননি। যত খুশি ধার নিয়েছেন। বাট দিস গভর্নমেন্ট—এই মা-মাটি-মানুষের সরকার is sticking to the FRBM limit. কোথাও সেটা স্পাইক করবে না। এবারে আমি আসছি—আমার আর ২-৩ মিনিট আছে স্যার।

[6.10 – 6.20 p.m.]

মিঃ স্পীকার : আপনার আর কতটা সময় লাগবে ? ঠিক আছে, আমি ১০ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

ডঃ অমিত মিত্র : স্যার, একটা প্রশ্ন উঠেছিল। ব্যালেন্স অফ ডিপোজিট অ্যাকাউন্ট। মাননীয় লিডার অফ দি অপোজিশন হয়তো তখন হাউসে ছিলেন না, হয়তো শুনছিলেন। সেটা তুলেছিলেন Former Civil Servant, respected শ্রী সুখবিলাস বর্মা। আমি একটু জানতে চাই। ফিন্যান্স ডিপার্টমেন্টের জয়েন্ট সেক্রেটারি কে ছিলেন ? সুখবিলাস বর্মা। সেহেতু তিনি তখন কি করেছেন—আমি বলতে চাই না, কার হাত ধরে, কোন মুখ্যমন্ত্রীর হাত ধরে কি করেছেন বলতে চাই না। ২০০৭—Blance in deposit accounts কত ছিল ? Balance in deposit accounts as a percentage of total expenditure কত ছিল ? ১০.০৭%। আপনি জানতে চান, ২০০২-এ কত ছিল ? আমি জানি না তখন অনারেবল্ বিলাসবাবু রিটায়ার করেছেন কিনা। ২০০২-তে ছিল ১৪.৪৯%। উনি কি ছিলেন ? আমি জানি না। সেটা আপনারা বলতে পারবেন। আমি ২০০৭-এ বলছি ১০.০৭। ২০০৮—আমরা নেই। ২০০৮-এ কত ? ৯.৯৪%। ২০০৯-এ কত ? ৯.১২%। আর ২০১২-তে আমরা সেটাকে নামিয়ে এনে ৮.৩৬%-এ পৌঁছে দিয়েছি। তার কারণ, ওই যে ব্যালেন্স ইন ডিপোজিট অ্যাকাউন্ট—আমরা চাই খানিকটা কন্টেনজেন্সি থাকেই উনি জানেন। কেননা উনি জয়েন্ট সেক্রেটারি হিসেবে করেছিলেন। Joint Secretary is a pillar—না ? কেন নেন, তার কারণ, প্রোজেক্ট যখন এসে যায়, চট করে টাকাটা রিলিজ করতে হয়, তখন আবার পুরো তিনমাস ঘুরে নয়, ব্যালেন্স অফ ডিপোজিটে আপনি সেই টাকাটা রেখেছিলেন। আমরা সেটা কমিয়ে আনছি। আমি জানি Hon'ble member respected সুখবিলাসবাবু উত্তরবঙ্গ সম্বন্ধে বলেছেন। দুটো কথা বলে আমার বক্তব্য শেষ করব। নর্থ বেঙ্গলে, উত্তরবঙ্গের জন্য কত টাকা অ্যালোকেট হয়েছে—গুরুত্বপূর্ণ ৫৬.২৫% রেট অফ গ্রোথ। এক বছরে। ৫৬.২৫ শতাংশ উত্তরবঙ্গ ডেভলপমেন্ট ডিপার্টমেন্টের জন্য অ্যালোকেশন হয়েছে। This is the manasikata of the this government। স্যার, আমি ব্যক্তিগত কথা বলতে চাই না। ওঁর গানটা খুব ভালো লাগল শুনে, উত্তরবঙ্গের সাংস্কৃতিক ইস্যুর উপরে উনি বলেছেন। পরে আমি আমাদের একজন বিধায়ক ডাক্তার সাহেবের কাছ থেকে শুনলাম ৫১টি ওখানকার লোকাল লোকেদের নিয়ে বিরাট কনফারেন্সেস হয়েছে, যেখানে লোকাল আর্টিস্ট তাঁদের কালচার, তাঁদের সংস্কৃতি, তাঁরা এগিয়ে নিয়ে গেছেন। স্যার, সল্টলেকে বসে সুন্দর বিলাস অবস্থায় সুখবিলাসবাবুর এটা বলা হয়তো ঠিক হয়নি। কেন না, We have done. We have to do। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি চেষ্টা করেছি, Renaissance থেকে শুরু করে এক-একজনের প্রশ্ন,—উনি এসেছিলেন মাঝখানে, গৌরাঙ্গবাবু চলে গেছেন, capital asset-র উপরে উনি বলেছিলেন। ডিটেলস্ আপনাদের দিয়েছি। সেইহেতু আমার কি conclusion on fiscal discipline of growth। ডিপার্টমেন্টের গ্রোথ ফিগার্স দিয়েছি। এটাই বলব,

ফর্মেশান, ভালো। আপনি সেদিকে নজর দিয়েছেন, ক্যাপিটাল ফর্মেশান করছেন। কত পারসেন্ট অফ জি.এস.ডি.পি ? স্যার, আপনি নিশ্চয় জানেন যে, স্টেট লাইক অন্ধ্রপ্রদেশ, স্টেট লাইক মহারাষ্ট্র, কর্নাটক, গুজরাট তাদের রেশিও অফ গুড ক্যাপিটাল ফর্মেশান টু জি.এস.ডি.পি সেটা হচ্ছে সিক্স পারসেন্ট, সেভেন পারসেন্ট, নাইন পারসেন্ট। আর আমাদের কি ছিল ? ওরা করেছিলেন .৯ পারসেন্ট। আমি জানি না, আপনি কত পারসেন্টে নিয়ে এসেছেন। আমি ক্যালকুলেশান করার সুযোগ পাইনি এখনও। কেননা এই দুদিনে এত ব্যস্ত ছিলাম, কাজেই সুযোগ পাইনি। কিন্তু আপনি যদি দয়া করে বলতেন যে কত পারসেন্টে নিয়ে এলেন ? জি.এস.ডি.পি-র কত পারসেন্ট আপনি ক্যাপিটাল ফর্মেশান করছেন। লোন নিয়ে আমরা চিৎকার করি ; চিৎকার করি অনেক বেশি, অ্যাবসোলিউট অ্যামাউন্ট অনেক বেশি মহারাষ্ট্রের, অনেক বেশি বিহারের। এই যে টাকা দিয়ে—লোন নিয়ে আপনি ঠিকই বলেছেন, লোন নিয়ে খেলে, সেই লোন নিয়ে কাজ হয় না। লোনটাকে ইনভেস্টমেন্ট করতে হবে। এখন খুব সুন্দর বোঝেন আপনি। আমি কিন্তু সেইটাই বলছি, আপনারা করুন। ওখান থেকে অনেকেই বলছিলেন যে এই লোনের ব্যাপারে ক্যাপিটাল ফর্মেশানের ব্যাপারে আপনি চিন্তা করছেন, আপনি চেষ্টা করছেন, আপনি চেষ্টা করুন। দেখবেন, আমরা আপনার সঙ্গে আছি। কিন্তু যদি লোন নিয়ে শুধু মেলা করেন, আর একজিবিশান করেন, তাহলে কিন্তু কিছু হবে না। সব চলে যাবে। আবার সেই অবস্থা হবে। অলরেডি আপনারা—৯৩ থেকে ৪৫ অর্থাৎ ৬০ ভাগ—৫২ হাজার কোটি টাকা নিয়েছেন এই সময়ে ; আড়াই বছরে ৫২ হাজার কোটি টাকা। আপনার ফিগার, আমার ফিগার নয়, আপনার ফিগার বলছি, এবং নেক্সট ইয়ারে—আপনি যাবেন ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকাতে। কোথায় যাব আমরা ? এটা ভেবে দেখবেন। ....(গোলমাল).... আমি আপনার কাছে সেই কথা বলছি যাতে রাজ্যটা ভালোভাবে চলে সেভাবে করুন। আপনি চেষ্টা করছেন। ফিনান্সিয়াল ডিসিপ্লিন নিয়ে আসুন। যেখানে কোরাপশান চলছে, সেই কোরাপশানকে আপনি দেখুন কি করা যায়। যদি এভাবে কোরাপশান চলতে থাকে তাহলে উত্তরবঙ্গের উন্নয়ন কেন কিছুই হবে না। উত্তরবঙ্গে আপনি 'উত্তরকন্যা' করছেন। এখন একটা ডিপার্টমেন্ট আছে উত্তরবঙ্গে। সেই একটা ডিপার্টমেন্ট যদি এত সর্বনাশ করে, তাহলে দশটা ডিপার্টমেন্টে গেলে কি সর্বনাশ করবে উত্তরবঙ্গে, সেটা ভাবুন। কোথায় যাবে সেই সর্বনাশটা। একবার ভেবে দেখুন। শুধু গর্ব করব, শুধু বড়াই করব, এই হবে এই হবে। উত্তরবঙ্গ নিয়ে অনেক দুঃখ আছে উত্তরবঙ্গের মানুষের। তাপসবাবু ওখানে বলছিলেন যে বাঙালি হিসাবে আপনি ফিল করবেন না, আপনি লড়াই করবেন না ! অবশ্যই। কিন্তু ডেফিনিটলি কনস্টিটিউশানের বাইরে নয়। আপনারা যাঁরা বলছেন যে বাঙালি হিসাবে আপনি ফিল করবেন না, লড়াই করবেন না, আমি উত্তরবঙ্গের মানুষ, আমি উত্তরবঙ্গ নিয়ে লড়াই করলে তাঁরাই আবার তখন ন্যাশনালিজম দেখান। এটা আনফরচুনেট, ভেরি আনফরচুনেট। আমি আপনাদের সবার কাছে করজোরে অনুরোধ করব উত্তরবঙ্গের মানুষকে বোঝার চেষ্টা করুন। ....(গোলমাল).... আপনারা খুব বোঝেন সেটা বুঝতে পারছি ! এখন আরো ভালো করে বুঝুন। যদি না বোঝেন, তা সত্ত্বেও ন্যাশানালিজমের কথা বলছেন, তাদের বলব বুকটা খুলে দেখবেন আপনার ন্যাশানালিজম। ....(গোলমাল)....

আপনি বলছেন সল্টলেকে, না স্যার, আমি সল্টলেকে থাকি না। আমি অধিকাংশ দিনই জলপাইগুড়িতে থাকি। আমি গ্রামে যাই এবং উত্তরবঙ্গ চষে বেড়াই। সার জন্য উত্তরবঙ্গের আমি সবকিছু জানি। আমি সল্টলেকে বসে থাকি না। এটা আপনার জানা দরকার। ভেরি আনফরচুনেট যে এটা আপনি জানেন না। ....(গোলমাল).... এভাবে ঝগড়া করে কিছু লাভ নেই। আমি ঝগড়া করতেও চাই না। আপনাদের কাছে করজোড়ে অনুরোধ করছি উত্তরবঙ্গের মানুষকে এভাবে দেখবেন না। যদি দেখেন তাহলে হয়তো আগামীদিনে আবার ওইসব চলবে যেটা আমরা কখনোই চাই না, আপনারাও চান না। কেউ চাই না। তাই আবার আমরা সবাই মিলে একসঙ্গে বাংলাকে এগিয়ে নিয়ে যাব সবার কাছে এই অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী পরশ দত্ত : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আজকে মাননীয় অর্থমন্ত্রী ২০১৩-১৪ অর্থাৎ চলতি আর্থিক বছরের যে Supplementary Demand for Grants দিয়েছেন, এটা তো প্রতিবাদ করারও কিছু থাকে না, অথবা বিরোধিতা করারও কিছু থাকে না। এই খরচটা হয়েছে, এই খরচটা হাউস থেকে অ্যাপ্রুভ করিয়ে নিতে হবে। এবারে প্রশ্ন আসছে, এই খরচটা কি করে হল, কেন হল। আমার মনে আছে, আমি গত বছরেও বলেছিলাম, মা-মাটি-মানুষের সরকারের আর্থিক বিষয়ের অভিমুখ হচ্ছে elimination of Revenue Deficit যতটা সম্ভব, Reduction of fiscal deficit যতটা সম্ভব—মাননীয় অর্থমন্ত্রী একটু আগেই বললেন ফিসক্যাল ডেফিসিট কিভাবে কমিয়ে আনছেন। Prudent of Debt Management and consistent fiscal sustenability and greater transparency in fiscal management of the state. এই ফিসক্যাল ম্যানেজমেন্ট, ট্রান্সপারেন্সি এগুলো সম্পর্কে আমরা আধঘণ্টা আগেও শুনলাম। এরপরেও যদি কেউ বলেন যে এগুলো ঠিক নয় বা শুনিনি বা সন্দেহ প্রকাশ করেন তাহলে তো যুক্তির ওপরে সন্দেহ প্রকাশ করতে হয়। যিনি যুক্তির ওপরে সন্দেহ প্রকাশ করেন তাঁর যুক্তি বোঝার ক্ষমতার ওপরেই এই হাউসের সন্দেহ প্রকাশ করা উচিত। যুক্তি যদি না বোঝেন তাহলে কিছু করার নেই। এতবার করে এক্সপ্লেন করার পরেও যদি কেউ বলেন যে যুক্তিটা বুঝিনি, তার মানে হয় তিনি যুক্তিটা বোঝেন না অথবা যুক্তি বুঝতে চান না।

[6.40—6.50 p.m.]

গত তিনদিন ধরে বাজেট আলোচনা যখন হচ্ছিল তখন আমি শুনছিলাম, আমাদের সরকার নাকি বিভিন্ন ডিপার্টমেন্টের টাকা খরচা করতে পারেননি। স্যার, আজকে সকালেই আমি একটা হিসাব নিয়েছিলাম হাউজিং ডিপার্টমেন্টের ২০০৫-০৬ সালে বরাদ্দ ছিল ৮.৮৫ কোটি টাকা ; ২০০৬-০৭ সালে বরাদ্দ ছিল ৬.৬৮ কোটি টাকা, কমে গিয়েছিল ; ২০০৭-০৮ সালে বরাদ্দটা বাড়িয়ে ১৮.৯৭ কোটি টাকা হল ; ২০০৮-০৯ সালে বরাদ্দ ছিল ৮২.৪৩ কোটি টাকা ; ২০০৯-১০ সালে বরাদ্দ ছিল ৬৬.৮৩ কোটি টাকা ; ২০১০-১১ সালে, তার অর্ধেকটা আমরা এসে গেছি, বরাদ্দ ছিল ১১৪.০৫ কোটি টাকা ; ২০১১-১২ সালে বরাদ্দ ছিল ১৪৬.৬৪ কোটি টাকা ; ২০১২-১৩ সালে ছিল ৪০৬.২৩ কোটি টাকা এবং ২০১৩-১৪

সালে টিল ডেট হচ্ছে ৫৭০ কোটি টাকা। এ বছরে বাজেট অ্যালোকেশানে ৯৩.১৩ কোটি টাকা অলরেডি রিলিজড করে দেওয়া হয়েছে। খরচা করতে পারিনি যাঁরা বলছিলেন, তাঁরা যেখান থেকেই তথ্যগুলো পেয়ে থাকুন সেগুলো একটু চেক করে নেবেন। এই তথ্যগুলো আমি বলছি না. এটা দেওয়া আছে। এই ফ্যাক্টসের উপরে যাঁরা রাজনৈতিক রং চড়িয়ে দেখাতে চান. তাঁদের কাছ থেকে তো আমরা চৌত্রিশ বছর ধরে জিরো ডেফিসিটের গল্প শুনেছি। আর সেই গল্প কিসে পর্যবসিত হয়েছে সেটা আমরা জানি। এই ধসে পড়া অর্থনীতি, এই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার বিশাল ব্যাগেজ আমরা ইনহেরিট করেছিলাম। রাজনৈতিক রঙে ফ্যাক্টসকে রাঙিয়ে পেশ করার এটাই হচ্ছে ফল। স্যার, গত বছর আমাদের এই সাপ্লিমেন্টারি বাজেটে ৮,১০০ কোটি টাকা গ্র্যান্ট করা হয়েছিল, অ্যাবসোলিউট ফিগারে আমি বলছি না। এই বছরে ১১,৭৬৭ কোটি টাকার বেশি এই সাপ্লিমেন্টারি গ্রান্টে দেওয়া হয়েছে। কোথায় কোথায় এই টাকা দেওয়া হয়েছে দেখুন—মেডিকেল অ্যান্ড পাবলিক হেল্থ এখানে ৬২ লক্ষ ৪২ হাজর টাকা দেওয়া হয়েছে ; পাবলিক ওয়ার্কস—এখানে সাপ্লিমেন্টারিতে দেওয়া হয়েছে ৫৮ লক্ষ ৪ হাজার টাকা। আর হাউজিঙের টাতো বলেই দিলাম একটু আগে। এগুলো কেন দেওয়া হয়েছে ? সুখবিলাসবাবু বলছিলেন, আপনারা প্রথমে কেন এগুলো দেননি। যে ট্রেন্ডটা ছিল পশ্চিমবাংলার, সেই ট্রেন্ডটাতে দাঁড়িয়ে কতটা দিতে পারব সেটা ডিপেন্ড করে আমরা কতটা কালেকশান করতে পারব তার উপরে। একটা এস্টিমেটের উপরে দাঁড়িয়ে এটা দেওয়া হয়েছিল এবং যখন কালেকশান বেড়েছে তখন দেওয়া হয়েছে। এটা তো সত্যি কথা, মাননীয় অর্থমন্ত্রীর ফিগারে দেখা যাচ্ছে কালেকশানটা আশাতীতভাবে বাড়িয়েছেন উনি, তাই এই খরচটা হয়েছে। খরচাটা করা হয়েছে প্রত্যেকটা ডিমান্ডের additional provision is required for meeting the additional expenses in respect of establishment of National Informatics Centre এটা বলেছে কোথায়, এটা বলেছে ডিমান্ড নাম্বার থার্টি ওয়ানে similarly roads and bridges. ২ লক্ষ ৩৯ হাজার টাকা এক্সট্রা খরচা হয়েছে সেটা চাওয়া হয়েছে এখানে এবং সেখানে বলা হয়েছে কি ? An amount of Rs. 12,97,000/- were drawn as advance from the Contigency Fund of West Bengal for payment of decretal dues and equivalent amount is required for recoupment to that fund during this year. Hence additional Provision is being taken. যে ফান্ডটা থেকে নেওয়া হয়েছিল আবার সেই ফান্ডটাতে ওই টাকাটা ইমার্জেন্সি বেসিসে নেওয়া হয়েছিল, তার মানে খরচা করতে পারেনি বলে যে অভিযোগটা আধবেলা ধরে এখানে শুনলাম। সে অভিযোগটা ঠিক নয়। সুখবিলাসবাবু চলে যাচ্ছেন। সুখবিলাসবাবুকে একটা কথাই বলব, উনি বলছিলেন, খুব বার বার বলেছিলেন, ডাল মে কুছ কালা হ্যায়, ডাল মে কুছ কালা হ্যায়। আরে উনি যে দলকে রিপ্রেজেন্ট করছেন, গত তিন-চার বছর ধরে দিল্লির খবর যা পাচ্ছি, তাতে তো ডাল মেঁ কালা নেহি। কালা মে থোড়া বহোত ডাল হ্যায়। পুরোটাই তো কালা। তারপরে দাঁড়িয়ে গলাবাজি করছিলেন এখানে। বলুন দেখি, একি শোভা পায় ? আপনি এতক্ষণ কি শোভা পায়, কি শোভা পায় না তার জ্ঞান দিচ্ছিলেন মাননীয় অর্থমন্ত্রীকে। আপনাদের কি শোভা পায়, সেটা

কি একবার চিন্তা করে দেখেছেন ? নাকি এখানে রাজনৈতিক নেতারা যা বলে গিয়েছেন, সেটাকে বলবার জন্যেই গলাবাজি করছিলেন। সুখবিলাসবাবু, আপনি নেই, শুনতে পাচ্ছেন বাইরে থেকে নিশ্চয়। এই জিনিস করে হয়তো কতিপয় নেতাকে সন্তুষ্ট করতে পারবেন কিন্তু জলপাইগুড়ির লক্ষ লক্ষ ভোটারকে মোটেই ইমপ্রেস করাতে পারবেন না। উত্তরবঙ্গের জন্য এই সরকার যা করেছে, বা যা করছে আজ অবধি কেউ করেছে ? একমাত্র স্বাধীনতার পর থেকে উত্তরবঙ্গের জন্য কিছু কাজ করেছিলেন তৎকালীন কংগ্রেসের একজন রাজ্যসভার মেম্বার এস.পি. রায়। এবং আর একজনের নাম আমি ভুলে গেছি। হ্যাঁ, বি.সি. ঘোষ। ওঁরা সেই কংগ্রেসের ছিলেন। যে কংগ্রেস জওহরলাল নেহরুর কংগ্রেস। যে কংগ্রেসে মৌলানা আজাদের কংগ্রেস। যে কংগ্রেস ইন্দিরা গান্ধীর কংগ্রেস। আজকের কংগ্রেস কিছু করেনি। আজকের কংগ্রেস উত্তরবঙ্গের জন্য কেবল ভোট নিয়েছেন আর ভোট নেওয়ার জন্য রাজনৈতিক হিসাব-নিকাশ করেছেন। যাতে আমাদের বামপন্থী বন্ধুরাও অনেকেই শামিল ছিলেন। উত্তরবঙ্গ আমার দ্বিতীয় বাড়ি। জলপাইগুড়ি জেলায় শুধু সুখবিলাসবাবু একাই থাকেন না। আমিও একেবারে জন্ম থেকেই জলপাইগুড়ি জেলায়। কাজেই আমাকে এসব কথা বলে ইমপ্রেস করতে পারবেন না। কে কি করেছে, সব জানা আছে। স্যার, আমার খালি, একটিই কথা বলার আছে এ বিষয়ে যে, ডিমান্ড করা হয়েছে গ্রান্টের। সেই ডিমান্ডটা তো পাস করবই। এবং পাস করার সঙ্গে যেন আমরা গর্বের সঙ্গে অনুভব করতে পারি যে, সারা পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের জন্য, ধ্বংস হয়ে যাওয়া পশ্চিমবাংলাকে আবার গড়ে তোলার জন্য যে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া হয়েছে, যে বলিষ্ঠ পদক্ষেপ ফলপ্রসূ হচ্ছে সেই বলিষ্ঠ পদক্ষেপ আমরা এই হাউসে সবাই মিলে একসঙ্গে নিতে পারছি এটা যেন বলতে পারি। তা না হলে ইতিহাসের কাছে যাঁরা বিরোধিতা করবেন তাঁরা অপরাধী হয়ে থাকবেন। আগামী ৫০ বছর বাদে এই হাউসে আজকে যারা আছি কেউই থাকব না কিন্তু ৫০ বছর বাদে পশ্চিমবাংলা থাকবে। ৫০ বছর বাদেও মানবতা থাকবে। ৫০ বছর বাদেও মানুষ ইভ্যালুয়েট করবে, আজকে যেমন আমরা করি, স্বাধীনতার আগে কারা কি করেছিলেন, তাঁদের কাজ ইভ্যালুয়েট করি। আগামী ৫০ বছর বাদেও মানুষ ইভ্যালুয়েট করবে কে তখন সঙ্গ দিয়েছিল আর কে সঙ্গ দেয়নি। স্যার, শুধু পলাশীর প্রান্তরে দেশদ্রোহিতা অনুষ্ঠিত হয়নি, পলাশীর পরে, অনেক পলাশী সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে আছে ছোটো ছোটো জায়গায়। যেখান থেকে দেশদ্রোহিতা, জাতিদ্রোহিতা, বঙ্গদ্রোহিতা তৈরি হয়েছে।

[6.50—7.00 p.m.]

তাতে কেউ কেউ রাজনৈতিক লাভ করেছেন, একটা নির্বাচনে জিতেছেন। কিন্তু হাউসে আমি আজকে বলে যেতে চাই স্যার, একটা নির্বাচন জাতীয় জীবনে বড়ো কথা নয়, একটা নির্বাচন রাজনীতিতে বড়ো কথা নয়—একটা নির্বাচনে জেতার জন্য যাঁরা এই ধরনের কাজ করেন, ইতিহাস তাঁদের কোনোদিন ক্ষমা করবে না। আজকে দার্জিলিঙে একজন এম.পি. হয়েছিলেন। কেউ তাঁর কথা মনে রাখে না। তিনি দিল্লির মানুষ, দিল্লিতে তার নাম কারও

মনে নেই। কাজেই এই ধরনের রাজনীতি পরিহার করুন। আর আপনাদের কি বলব স্যার, এই আমাদের সামনে বিরোধী বন্ধুদের ওদের তো—বাংলায় একটা কথা আছে না 'লাজ-লজ্জা-ভয় তিন থাকতে নয়'। আপনাদের জন্য কথাটা প্রযোজ্য। হাড়ে হাড়ে বুঝতে পাচ্ছি শুধু আমি নয়, এই সদন এবং এই সদনের বাইরে পশ্চিমবঙ্গবাসী হাড়ে হাড়ে বুঝতে পাচ্ছে যে যারা আজও বিরোধিতা করার মতো বুকে পাটা দেখাচ্ছেন তাঁদের আসল বেসটা কোথায়। এখন তো নিজেরা ঝগড়া-মারামারি করে মরছেন, তাতেও লজ্জা হচ্ছে না, আরও বেড়োবেন আরও প্রকাশ পাবে, আরও লোক আপনাদের চিনতে পারবে। আমি এই Demand for Supplementary Grant-কে সম্পূর্ণ সমর্থন করে এবং এই ডিমান্ডটা রাখার জন্য, বাজেটটা রাখার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে Congratulate করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুর রহিম বক্সী: মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে Supplementary বাজেট পেশ করেছেন তার উপরে দুই-একটি কথা বলতে চাইছি। স্যার, আমরা মূল বাজেট দেখেছি যে, বরাদ্দকৃত অনেক অর্থ—অনেক টাকাই খরচ করা যায়নি—একথা বলছেন মাননীয় বিধায়ক। আবাসন প্রকল্পে বরাদ্দকৃত টাকা—অনেক টাকাই খরচ করা যায়নি। অথচ আবাসন প্রকল্প থেকে minority-দের জন্য গীতাঞ্জলি প্রকল্পের একটা বাড়ি দেওয়া হয়েছিল। ২০১১ সালের এই সরকার ক্ষমতায় আসার পরে—আজকে ২০১৪ সাল প্রতি বছর গীতাঞ্জলি প্রকল্পে আবাসন তৈরি করার জন্যে সংখ্যালঘুদের তালিকা নেওয়া হয় সরকারের পক্ষে, কিন্তু সেটা শুধু ২০১১ সালের একবার অর্ধেক টাকা পাওয়ার পর আজ পর্যন্ত সেই টাকা Beneficiary-দের হাতে, উপভোক্তাদের হাতে দেওয়া হচ্ছে না। গত ২০১২-১৩ সালের যে তালিকা স্যার, আমরা পাঠিয়েছিলাম সেই তালিকাও ফেরত চলে গিয়েছে—আবার নতুন করে তালিকা তৈরি করতে হয়েছে। এখানে Supplementary Grant চাইছেন মাননীয় অর্থমন্ত্রী। বাজেটেরই টাকা খরচ করা যাচ্ছে না। তাহলে এই অতিরিক্ত টাকা যা খরচ দেখাচ্ছেন—সেই খরচটা কি কাজে লেগেছে ? কিসে লেগেছে ? আমি বুঝতে পারছি না। আমরা শুধু দেখছি ঠিকই—দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি। সরকারের প্রচার আমরা দেখি। কিন্তু এমনভাবে প্রচার হচ্ছে সরকারে—আজকে আনন্দবাজার পত্রিকা পড়ছিলাম। আনন্দবাজার পত্রিকায় স্যার,—দেখেছি, এই সরকার তার প্রচার করতে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া এবং সাথে অন্যান্য মন্ত্রীরা তিন পাতার, ফুল পাতার পেজ জুড়ে প্রচার দেওয়া হয়েছে। হাফ পাতায়—শুধু আনন্দবাজার পত্রিকায় প্রচারটা হয়েছে। এরকম করে বহু পত্রিকায় দেওয়া হয়েছে। এই যে স্যার, সরকারি টাকা, সাধারণ মানুষের টাকা অপচয়। নিশ্চয় প্রচার করবে সরকার। কিন্তু এইভাবে মোটা অঙ্কের টাকা খরচ করে আজকে প্রচার করা হচ্ছে। আমরা লক্ষ করে দেখছি স্যার, মিলনমেলায় যখন কোনো মেলা অনুষ্ঠিত হচ্ছে গোটা মেলা এবং মেলার বাইরে, গোটা শহর জুড়ে শয়ে শয়ে Hoarding লাগানো হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার। সেখানে দুটো হোর্ডিং, দশটা হোর্ডিং দিলে হত। একটা বিশাল অঙ্কের টাকা অপচয় করা হচ্ছে। আর এখানে আজকে বলা হচ্ছে যে প্রচুর পরিমাণে টাকা Supplementary Grant হিসাবে মাননীয় অর্থমন্ত্রী

মহোদয় এখানে আমাদের সামনে অনুমোদনের জন্য আজকে এই পবিত্র হাউসে ডেকেছেন। আজকে স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই, তিনি সারদায় যারা উপভোক্তা ছিলেন, যাঁরা টাকা জমা দিয়েছিলেন—তাঁদের জন্য তিনি আজকে Supplementary Grant-এ বলেছেন। আমাদের সেই টাকা সাধারণ মানুষের টাকা থেকে chit fund যাঁরা করে গেলেন তাঁদের সেখানে টাকা শোধ দেওয়ার কথা কেন সেখানে বলা হয়েছে ? তাদের যে সম্পত্তি বাজেয়াপ্ত করার মধ্যে দিয়ে সেখান থেকে টাকা উপার্জন করে, সেই টাকা দিয়ে উপভোক্তাদের টাকা শোধ করার কথা ছিল। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ করছি, সেই টাকা আজকে এখানে সাপ্লিমেন্টারি বাজেটে বলাহচ্ছে, সেই টাকা সেখান থেকে, আজকে সাধারণ মানুষের টাকা থেকে, সরকারি টাকা থেকে আজকে তাদেরকে দেওয়া হবে। তাদের যে কোটি কোটি টাকা, হাজার হাজার কোটি টাকার সম্পত্তি, তাদের স্যার কোটি কোটি টাকা, জমাকৃত টাকা, সেই টাকা কোথায় গেল ? কারা সেই টাকা নেবে ? কাদের কাছে সেই টাকা থাকবে ? যদি আমাদের টাকা দিয়ে সেই টাকা শোধ করা হয়, সাধারণ মানুষের টাকা দিয়ে যদি সেই টাকা শোধ করা হয়, তাহলে স্যার সারদার যে টাকা, যে কথা বলা হয়েছিল, যে তাদের জমি-জায়গা তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করার মধ্যে দিয়ে যে টাকা আসবে সেই টাকা কি হবে সেটা একটু জানাতে পারলে উপকৃত হব।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমরা স্যার লক্ষ করছি, আমি যে কথাটা বলছিলাম, এই সরকার ব্যাপকভাবে প্রচার করছে। কেন করছেন বুঝতে পারছি না। স্যার, আমার মনে হয়েছে, ছোটোবেলাকার একটা কবিতা মনে পড়ে যাচ্ছে, দু-লাইনের কবিতা। কবিতাটা ছিল 'কভু ভাবি মাছ হয়ে কাটিব সাঁতার, কভু ভাবি পাখি হয়ে উড়িব আকাশে'। কিন্তু সম্ভব নয়, আমি তো মাছ হয়ে সাঁতার কাটতে পারব না, আর আমি পাখি হয়ে আকাশে উড়তে পারব না। ঠিক সেইভাবে সাধারণ মানুষের কোটি কোটি টাকা খরচ করে এই সরকার ভাবছেন, এই সরকারে মুখ্য, তিনি ভাবছেন যে কভু ভাবি ঘোড়ার গাড়িতে চেপে উড়ে গিয়ে বসিব দিল্লির মসনদে। এই রকম ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে স্যার সাধারণ মানুষের কোটি কোটি টাকা অপচয় করা হচ্ছে, সাধারণ মানুষের কোটি কোটি টাকা নষ্ট করা হচ্ছে। আমি আশা রাখব নিশ্চয়ই সাপ্লিমেন্টারি গ্রান্টের মধ্যে দিয়ে এই টাকা অনুমোদন পাবে, কিন্তু যেটা প্রয়োজন আছে স্যার, প্রয়োজনের বাইরে সাপ্লিমেন্টারির টাকা অপচয় করার মধ্যে দিয়ে...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, সাপ্লিমেন্টারি গ্রান্টের যে টাকা-পয়সা রাখা হয়েছে সেই ব্যাপারে আলোচনার আগে প্রথমে আমি একটা বিষয়ে যেতে চাই যে, আজকে মাননীয় অমিতবাবু বক্তব্য থেকে অন্তত রেনেসাঁ সম্বন্ধে একটা নতুন ধারণা তৈরি হল। সেই অনুযায়ী আমার মনে হয়, উনি যে ব্যাখ্যা দিলেন সেই অনুযায়ী মানুষ যেদিন গাছের ছাল পরতে শিখল সেই দিনও রেনেসাঁ হয়েছিল। মানুষ যেদিন আগুন জ্বালাতে শিখল সেই দিনও রেনেসাঁ হয়েছিল। আবার হচ্ছে, সেই অনুযায়ী আবার এটাও ঠিক যে, Leonardo de

Vinchi-কে যখন বলা হয়েছিল যে last supper ছবি আঁকতে, তখন অনেকদিন আঁকেননি। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল কেন তুমি আঁকছো না ? তিনি তখন বলেছিলেন যে আমি জুডাসের মুখের চেহারা খুঁজে পাচ্ছি না। যদি শেষ পর্যন্ত না পাই তাহলে কোনো একজন চার পেয়ে পাদরীর মুখটা আমি বসিয়ে দেব। সেই হিসাবে দেখতে গেলে সেই দিনকে Leonardo de Vinchi-ও সেই সময় ছিলেন একজন রেনেসাঁ। স্যার, আমার যেটা মনে হয় আগামী দিনেযখন পশ্চিমবাংলা ধ্বংসের পথে চলে যাবে অর্থনীতিতে, তখন পশ্চিমবাংলাকে ধ্বংস করার জন্য কোনো জুডাসের ছবিটা মুখে বসাব সেটা ভাবতে হবে। স্যার, সাপ্লিমেন্টারি গ্রান্টের যে টাকা-পয়সা রাখা হয়েছে সেই ব্যাপারে আলোচনার আগে প্রথমে আমি একটা বিষয়ে যেতে চাই যে, আজকে মাননীয় অমিতবাবু বক্তব্য থেকে অন্তত রেনেসাঁ সম্বন্ধে একটা নতুন ধারণা তৈরি হল। সেই অনুযায়ী আমার মনে হয়, উনি যে ব্যাখ্যা দিলেন সেই অনুযায়ী মানুষ যেদিন গাছের ছাল পরতে শিখল সেই দিনও রেনেসাঁ হয়েছিল। মানুষ যেদিন আগুন জ্বালাতে শিখল সেই দিনও রেনেসাঁ হয়েছিল। আবার হচ্ছে, সেই অনুযায়ী আবার এটাও ঠিক যে, Leonardo de Vinchi-কে যখন বলা হয়েছিল যে last supper ছবি আঁকতে, তখন অনেকদিন আঁকেননি। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল কেন তুমি আঁকছো না ? তিনি তখন বলেছিলেন যে আমি জুডাসের মুখের চেহারা খুঁজে পাচ্ছি না। যদি শেষ পর্যন্ত না পাই তাহলে কোনো একজন চার পেয়ে পাদরীর মুখটা আমি বসিয়ে দেব। সেই হিসাবে দেখতে গেলে সেই দিনকে Leonardo de Vinchi-ও সেই সময় ছিলেন একজন রেনেসাঁ। স্যার, আমার যেটা মনে হয় আগামী দিনে যখন পশ্চিমবাংলা ধ্বংসের পথে চলে যাবে অর্থনীতিতে, তখন পশ্চিমবাংলাকে ধ্বংস করার জন্য কোন জুডাসের ছবিটা মুখে বসাব সেটা ভাবতে হবে। আপনি যদি রাগ না করেন, দুঃখ না পান সেটা হচ্ছে আপনার মুখ বসবে, না যারা আজকে সমর্থন করছে তাদের মুখের চেহারা বসবে, আমি এটা বুঝতে পারছি না। যাই হোক আমি এখানে যে প্রশ্নে আসতে চাইছি, ২০১৩-১৪ সালে যেহেতু সাপ্লিমেন্টারি গ্রান্ট যেটা চাওয়া হয়েছে সেটা ৭৫৮৪ কোটি ৬৭ লক্ষ ২০ হাজার টাকা। তার সঙ্গে চার্জ হল কত ? ১১৭৭৬ লক্ষ ৪৪ হাজার ৭০০ টাকা। অর্থাৎ এটা যে চার্জ হল আমি মাননীয় অমিতবাবুর কাছে আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে, এইটার মধ্যে রেভিনিউ এক্সপেন্ডিচার কত এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচার কত। আমি রেভিনিউ এবং ক্যাপিটালের প্রশ্নে আবার আসছি। কারণ স্যার, উনি একটু আগে বক্তব্য রাখতে গিয়ে সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশানের কথা বলছিলেন, সি.এফ.-এর কথা বলেছেন, যদি তিনি সি.এফ.-এর কথা বলেন তাহলে তিনি কেন একথা বলছেন না আমরা জানতে চাই যে, ২০১৩-১৪ সালে ক্যাপিটাল এক্সপেন্ডিচার যা হচ্ছে GNP deflector দিয়ে যদি ভাগ করা হয় তাহলে ২০১৩-১৪ সালে গ্রোথ রেট মাত্র রিয়েল খরচা যেটা হচ্ছে সেটা ৬.১৪%।

[7.00 – 7.10 p.m.]

আমি আবার জোর দিয়ে বলছি ৬.১৪% এবং আমাদের দেশের ক্যাপিটাল গ্রোথ রেট রেসিও ৩.১। অতএব, ৩.১ যদি হয় তাহলে ২০১৩-১৪ সালে আপনি যে টাকা অ্যালট

করেছিলেন বাজেটে, সেই টাকাটা ছিল ১৮ হাজার ৯১৩ কোটি ৮৭ লক্ষ টাকা ক্যাপিটাল এক্সপেন্ডিচারে। তার গ্রোথ রেট যদি ২% দাঁড়ায়, তাহলে একটু আগে বললেন যে ৫০০ কোটি টাকা আপনি ক্যাপিটাল এক্সপেন্ডিচারে দিচ্ছেন। ৫০০ কোটি টাকা যদি ক্যাপিটাল এক্সপেন্ডিচারে দেন, তাহলে তার notional life কত দিন ? তার notional life যতদিন হয় তার ফলে রিয়েল এক্সপেন্ডিচারের জায়গাটা কোন জায়গায় দাঁড়াচ্ছে। আমি বলব সি.এস.ও.-র রিপোর্ট থেকে আপনার এটা দেওয়ার দরকার আছে যে আপনি যে টাকা খরচ করছেন ক্যাপিটাল এক্সপেন্ডিচারে এবং যে টাকা আপনি চাইছেন ক্যাপিটাল এক্সপেন্ডিচার বাবদ খরচ করার জন্য, আমরা সবসময় জানি যে ক্যাপিটাল এক্সপেন্ডিচারে যত বেশি খরচ হবে, দেশ তত বেশি উন্নতির দিকে যাবে। ঘোড়ার কারবারিরা বুঝতে না পারুক, আপনি পারবেন এটা। ঘোড়ার কারবারিদের জন্য এই ইকোনমিক্সের বিষয় নয়। এটা স্যার আপনার সাথে আমার কথা হচ্ছে, বামফ্রন্টের কথা হচ্ছে। কাজেই আমি বলব, এই বিষয়টা আপনার কাছে আরও পরিষ্কার থাকার দরকার ছিল। কারণ সভাতে এইভাবে আলোচনার মধ্যে নিয়ে আসা কতটা যুক্তিসঙ্গত আমি বুঝতে পারিনি। আমার প্রশ্ন এখানে, আপনি বাজেটে যে টাকা চেয়েছেন, তার সাথে গত ২০১৩-১৪ সালের বাজেটে যে টাকা চেয়েছিলেন, তার একটা সামঞ্জস্য থাকবে তো। আমরা যখন বাজেট অ্যাট এ গ্ল্যান্স ২০১৩-১৪ সালে দেখছি, তখন আমি দেখছি যেমন ধরুন ডিমান্ড নং ৭, ব্যাকওয়ার্ড ক্লাসেস অ্যান্ড ওয়েলফেয়ার, তাতে অ্যালটমেন্ট কত ছিল ? ৫২৩.২৪ কোটি। আপনি চাইছেন কত, আপনি বলছেন কত ? ৭ কোটি ৭১ লক্ষ ৫০ হাজার টাকা। এখানে দিতে হবে ডিমান্ড নং ৭এ। জেনারেলি লেফ্ট ফ্রন্ট গভর্নমেন্ট যখন ছিল, কখনই সাপ্লিমেন্টারি বাজেট কোনো সময় মূল বাজেটের ৫%-এর বেশি ক্রস করেনি। আপনার সময়তে কেন ক্রস করছে, আমি এই প্রশ্ন করতে পারি না ? ঘোড়ার কারবারিরা অনেকে চিৎকার করবেন। করুন। কিন্তু আপনি মাস্টারমশাই। আপনার কাছে এটা জানব। আপনি আমাদেরকে এটা বোঝাবেন। আপনি আমাদেরকে বোঝাবেন যে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, মূল বাজেটে ছিল ৫৪০ কোটি টাকা ২০১৩-১৪ সালে। আপনি এখন চাইছেন ২৫ কোটি টাকা। কেন ? এত হচ্ছে কেন ? কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে কি এমন ডেভলপমেন্ট হল ? কমার্স ইন্ডাস্ট্রিতে কটা কারখানা এল ? মাত্র ১২টা কারখানা এসেছে। এই ক্ষেত্রেও আপনাকে যেটা বলার বিষয়, সেটা হচ্ছে এই যে ২০১০-১১ তুলনায় ৯৭%-এর কম কারখানা ২০১১-১২ সালে পশ্চিমবাংলাতে এসেছে। ২০১০-১১-র তুলনায় ৮৫% কারখানা ২০১২-১৩ সালে পশ্চিমবাংলায় এসেছে। আপনার সময়কালে মাত্র ১২টি কারখানা হয়েছে। তাহলে কেন আপনি এত টাকা চাইবেন ? কোথায় খরচা করলেন জানতে হবে না আমাকে ? আমাদেরকে জানতে হবে না যে এটা ক্যাপিটাল এক্সপেন্ডিচারে খরচা করছেন, না রেভিনিউ এক্সপেন্ডিচারে খরচা করছেন ? আমরা এটা জানতে চাইব না যে কারেকশন্যাল অ্যাডমিনিস্ট্রেশন, যেখানে লোক মারা যাচ্ছে, জেলের মধ্যে আত্মহত্যা করছে, সেখানে ২৬ কোটি টাকা ছিল আপনার, সেখানে আপনি ৫০ হাজার টাকা আরও চাইছেন। কেন চাইছেন ? আমরা জানতে চাইব না ? এই সমস্ত যেগুলো জানতে চাইছি আপনার

কাছে, যেমন —হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি এটার ক্ষেত্রেও বলছি, হেল্‌থ মিনিস্ট্রির ক্ষেত্রে— যদিও এই ক্ষেত্রে রেভিনিউয়ের ব্যাপারে অবজেকশানের বিষয় নেই, কিন্তু ১২শ ৬০ কোটি টাকা বাজেট ছিল, এখন আপনি চাইছেন ১১ কোটি ৫৫ লক্ষ টাকা। কেন চাইছেন এত টাকা ? কি এমন হেল্‌থের ডেভেলপমেন্ট হয়েছে এত বাচ্চা মারা যাচ্ছে মালদা মেডিকেল কলেজ সহ সমস্ত জায়গায়। কোন্ খাতে খরচাটা হচ্ছে ? আমরা জানতে চাইব না ? হিল অ্যাফেয়ার্স ১৩০ কোটি টাকা আপনার মূল বাজেটে ছিল। আপনি কত চাইছেন সাপ্লিমেন্টারিতে ? ১৫৪ কোটি। মানে হান্ড্রেড পারসেন্টের বেশি। কেন চাইবেন আপনি ? কিসের জন্য ? এটা যদি কেউ ভেবে থাকেন যে বাজেটটা কেউ পড়তে জানে না, কেউ দেখে না, কেউ বোঝে না, ইকোনমিক্সটা সবাই বোঝে না, একজন-দুজনই বোঝে বাকি আর কেউ বোঝে না, আমি এরকমভাবে আপনাকে অনেকগুলো দেখাব যেগুলোতে কোন জায়গাতে ৫%-এর অ্যাবভ ক্রস করে গেছে। আপনার ধরুন ল্যান্ড রিফর্মস, ল্যান্ড রিফর্মসের ক্ষেত্রে ৮০ কোটি টাকা ছিল। এবার আপনি সেখানে চাইছেন কত, সাপ্লিমেন্টারিতে বলা হচ্ছে কত ? ১২ কোটি ৪০ লক্ষ ৫০ হাজার টাকা supplementary দিতে হবে! ল্যান্ড রিফর্মস-এ কি হবে ? পশ্চিমবাংলাতে যে সমস্ত চাষিদের হাতে জমি ছিল সেই জমি কেড়ে নেওয়া হচ্ছে। ল্যান্ড রিফর্মস-এর এই টাকা কোথায় খরচা হচ্ছে ? ছবিতে খরচা হচ্ছে ? জানতে চাইব না ? জানতে চাইব না যে, মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স-এর বিষয়ে ? মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স-এ ২ হাজার ৪৪ কোটি টাকা ছিল। মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স-এ আমাদের যেটা দেওয়া হচ্ছে ৩৩ কোটি ১৭ লক্ষ ৯০ হাজার টাকা, কিসের জন্য ? Trident light-এর জন্য ? Trident-এর জন্য ? আমরা চাইব না যে, ত্রিফলা নিয়ে কত কেলেঙ্কারি হল এবং সেখানে কিসের জন্য এত টাকা অতিরিক্ত জায়গায় এল ? মাননীয় অর্থমন্ত্রীর কাছে এই প্রশ্নের জবাব চাওয়ার অধিকার পশ্চিমবাংলার মানুষের রয়েছে এবং আমাদেরও রয়েছে এই প্রশ্নের অধিকার। এটাকে যদি কেউ বলে থাকেন, অর্থনীতির সাধারণ সূত্রকে অস্বীকার করে কেউ যদি এইরকম ভাবে বলেন যে, এটাকে শুধুমাত্র বিরোধিতা করার জন্য বিরোধিতা, আমরা কিন্তু সেটা করছি না। আমাদের দুর্ভাগ্য কি জানেন—দুর্ভাগ্য ভুল বললাম, মাপ করবেন, আমাদের সৌভাগ্য। আপনি যদি দুঃখ না করেন মনে আমাদের সৌভাগ্য যে, আপনার মতো অর্থনীতিবিদ পশ্চিমবাংলার অর্থমন্ত্রী। কিন্তু এক এক সময় আমার মনে কষ্ট হয় এটাই ভেবে যে, আপনার বোধ হয় দুর্ভাগ্য যে, আপনি হচ্ছেন এমন একটি মন্ত্রিসভার একজন অর্থমন্ত্রী যে মন্ত্রিসভা অর্থনীতির ধারে-কাছে না গিয়ে সমস্ত অর্থকে অন্য জায়গাতে খরচা করছেন এবং ইচ্ছা করলেও আপনি রাজ্যের সেই উন্নতির জায়গাটাতে নিয়ে যেতে পারবেন না। কারণ, মূলত এই খরচটাকে পঞ্চায়েতের ক্ষেত্রে যেমন, ২ হাজার ৯৯০ কোটি ৩৭ লক্ষ টাকা— এটা বাজেটেড ছিল' আরও চাওয়া হচ্ছে কত, ৫০ লক্ষ টাকা চাওয়া হচ্ছে পঞ্চায়েতে। কি কারণে ? কারণটা জানতে চাইব। আমি যা এখানে দেখলাম, প্রত্যেকটি supplementary grants তাদের প্রত্যেকটি ডিমান্ড নম্বর ধরে ধরে আলাদা করে খুঁজলাম এবং খোঁজার পরে দেখছি, এ রকম বেরিয়ে আসছে। আমরা জানতে চাইছি যে, ধরুন, power

and non-conventional energy—power and non-conventional energy-তে ১১১৬.৫৫ ছিল এবং সেখানে supplementary grants-এ দেওয়া হচ্ছে ১৫৯ কোটি ৬ লক্ষ ৪০ হাজার টাকা। কত পাওয়ার জেনারেট করেছি আমরা ? কোথায় কম পাওয়ার কাজে লাগাচ্ছি ? কটা পাওয়ার ইন্ডাস্ট্রি গড়ে উঠল এই সময়কালের মধ্যে—এক বছরের মধ্যে ? জানতে হবে এগুলোকে। এগুলোর ক্ষেত্রে supplementary grants-এ সমস্ত জিনিস রয়েছে। যেটা আমরা দেখছি যে, প্রত্যেকটি জিনিসের ক্ষেত্রে ঠিক একইভাবে যেভাবে supplementary grants যেগুলো চাওয়া হয়েছে—কারণ আমরা তো ২০১৩-১৪ সালের supplementary grants আপনাকে দিচ্ছি। আমরা ২০১৩-১৪ সালের supplementary grants-এর উপরে আলোচনা করছি। কাজেই ২০১৩-১৪ সালের supplementary grants-এর উপরে আলোচনা করতে হয় তাহলে দেখা যাচ্ছে প্রত্যেকটা ডিপার্টমেন্ট—যে যে ডিপার্টমেন্টের কাছে এই grants চাওয়া হয়েছে সেই সেই ডিপার্টমেন্টগুলি যদি দেখতে যাওয়া হয় তবে দেখা যাবে প্রত্যেকটি ডিপার্টমেন্টের ক্ষেত্রে failure কাজ করেছে। Correctional and Administration-এ failure কাজ করেছে। Panchayaet Administration-এর ক্ষেত্রে failure কাজ করেছে। Land Reforms-এর failure কাজ করেছে। Municipal Affairs-এর ক্ষেত্রে failure হয়েছে। এবং Sarada Scam-এর ক্ষেত্রে তাই, ঠিক একইভাবে। সারদাতে যে টাকা আজকে যুক্ত করে দেওয়া হল সারদার সঙ্গে, জনগণের অর্থকে, জনগণের করকে। আপনি কোন জায়গাতে যুক্ত করছেন ? কথাটা হচ্ছে, যে সমস্ত খরচগুলো হচ্ছে আমাদের হিসাবে, আমার যেটা মনে হয়েছে, আপনি মনে করতে পারেন কিন্তু দেখে আমার কাছে মনে হয়েছে যে, টোটাল খরচাটাকে রেভিনিউ এক্সপেন্ডিচারে খরচ করে দিচ্ছেন। রেভিনিউ এক্সপেন্ডিচারে খরচ করার ফলে কোনও property generate করতে পারি না। সম্পদ জেনারেট না করতে পারলে, সেই সম্পদ যদি জেনারেট না পারা যায় তাহলে আগামী সেই খরচ আমাদের কোনই কাজে লাগবে না। টাকাটা তাহলে কোথা থেকে কি হবে ? আপনি supplementary চাওয়ার ক্ষেত্রে এটা হতে পারে। এটা আমরা মানি যে, কিছু Central Government-এর programme থাকে, কিছু হয়তো রাজ্য সরকারের প্রোগ্রাম থাকে, কিছু যুগ্ম তালিকার প্রোগ্রাম আছে। যুগ্ম তালিকার জন্য যে প্রোগ্রাম সেই প্রোগ্রামের জন্য কোনও সময় central assistance বেড়ে গেল, কমে গেল। কোনও প্রোগ্রাম হয়তো নতুন করে ঢুকলো এবং সেই প্রোগ্রামের জন্য আপনার হয়তো বেশি টাকা চলে এল। আবার কোনও সময়ে কোনও টাকা কমে গেল। হতে পারে। তাই বলে এত ! ফাইভ পার্সেন্টেজের বেশি ! হিসাব করে যেটা দেখা যাচ্ছে, head-wise বেশ কিছুতে অনেকগুলোর ক্ষেত্রে দেখা যাচ্ছে, head-wise যদি হিসাব করে দেখি আমরা যে, আপনার গত বছর ২০১৩-১৪ সালে ৬৫টি হেড আছে। ৬৫টা হেডের মধ্যে '১৩-'১৪ সালে কম করে ৯০টা হেডে 5%-র বেশি খরচ supplementary grant বলে যেটা চাওয়া হচ্ছে তাতে চাওয়া হয়েছে। ফলে আমাদের কিন্তু এই প্রশ্নটা থেকেই যাচ্ছে যে কী কারণে এই অর্থ চাওয়া হচ্ছে ? এবং আমরা মনে করি, আপনি নিশ্চিতভাবে জবাব দেওয়ার সময় বলবেন

যে কেন এই টাকাটা বেড়ে গেল ? কিসের জন্য বাড়ল ? কোন কোন খাতে ? পার্টিকুলারলি, এই এই জায়গাগুলোতে কেন হচ্ছে ? এত এত বেড়ে যাচ্ছে। কোথাও 100% বেড়ে যাচ্ছে। কোথাও 40% বেড়ে যাচ্ছে। কোথাও 20% বেড়ে যাচ্ছে। কোথাও 30% বেড়ে যাচ্ছে। এটা কেন বাড়ছে ? কাজেই আপনার কাছে আমাদের এই বিষয়গুলো জানাতে হবে। সেই সঙ্গে সঙ্গে আগামীদিনে নির্দিষ্টভাবে আপনার কাছে জানতে চাইছি, real expenditure আমরা কত করছি ? যেভাবে inflation হচ্ছে, inflation-র হিসাবে আপনি যে টাকা allot করছেন সেই ক্ষেত্রে real expenditure কত ? আর real expenditure-কে জানতে গেলে আপনি যেমন আগের C.S.-র অনেক উদাহরণ দিলেন, ঠিক সেইভাবে উদাহরণ দিয়ে আশা করি আপনি আমাদের বোঝাবেন। এই বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7.10 – 7.20 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আজকে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী "Demands for Supplementary Grants" ২০১৩-১৪ পেশ করেছেন। এখন আমাদের আলোচনা করে এই বিল পাশ করতে হবে। এটা আমাদের একটা obligation অর্থাৎ, ভারতবর্ষের সংবিধানের ২০৫ ধারায় এই provision-টি রাখা আছে। সেখানে পরিষ্কার করে বলা আছে, আমি একটু পড়ে দিচ্ছি 'If the amount authorised by any law made in accordance with the provisions of Article 204 to be expended for a particular service for current financial year found to be insufficient—এখনই গৌরাঙ্গবাবু আপনি যেটা বলছিলেন—insufficient for the purposes of the year or when a need has arisen during the current financial year for supplementary or additional expenditure upon some new services not contemplated in the annual financial statement for the year or if any money has been spent on any service during a financial year in excess of the amount granted for the service for that year.

অতএব, যে টাকা বাজেটে অ্যালট হয়েছে বা যে টাকা বাজেটে বলা হয়েছে সেই টাকা কাজ করতে গিয়ে সংবিধান যখন রচনা করা হয়েছিল তখনই বোঝা গিয়েছিল এই টাকার কোনো ক্ষেত্রে কিছু কম হতে পারে, কোনো ক্ষেত্রে কিছু বেশি হতে পারে, কোনো ক্ষেত্রে ট্রান্সফার হতে পারে, inter change হতে পারে। এই যে বিষয়গুলো এগুলো মাথায় রেখেই ২০৫ ধারায় এই supplementary grants-এর ব্যবস্থা করা আছে।

মাননীয় গৌরাঙ্গবাবু অনেক কথা বলছিলেন। আপনি জানেন কিনা জানি না, আমি কিন্তু এই বিধানসভায় অমিত মিত্রকে আমরা যখন বলছিলাম না, একটু আগে বিধানসভায়, অমিতবাবু বলছিলেন 'পাপ বহন করতে হয়েছে' তখন খুব উত্তেজিত হচ্ছিলেন আমাদের মাননীয় Opposition Leader, যে 'পাপ কিসের' ? আমি বলি কিসে পাপ। আমাদের

রাজ্য সরকার যদি একটা টাকাও খরচ করে তাহলে সেই টাকা আইনসঙ্গতভাবে তাকে বাজেটে দেখাতে হবে। যদি বেশি খরচ করে তাকে সেটা supplementary grant-এ আনতে হবে এবং সেই খরচ তাকে বিধানসভায় বৎসরের শেষে পাস করিয়ে নিতে হবে। আমি জিজ্ঞাসা করছি, আপনি গৌরাঙ্গবাবু জানেন কিনা যে, এই বিধানসভায় বামফ্রন্ট সরকার হিসাববহির্ভূত ৪৫ হাজার কোটি টাকা খরচ করেছে। যে টাকা, প্রতিটি টাকার তার পরবর্তী বছরের বাজেটে কোনো রিফ্লেকশন হয়নি। একে দুর্নীতি নয়, চুরির চরম বলা যেতে পারে। চরম অপচয় বলা যেতে পারে। এখন অমিত মিত্র সাহেব সেই টাকা, ২ বছর, ৩ বছর, ৪ বছর ধরে ধরে হিসাব করে করছেন এবং আনিসুর রহমান সাহেব, এখন আমাদের Public Accounts Committee-র চেয়ারম্যান। ওনাকে জিজ্ঞাসা করবেন, ওনার কি মতামত ছিল ওই মিটিংয়ের মধ্যে উনি বুঝতে পারছিলেন না একজন প্রাক্তন মন্ত্রী কি করে, একটা সরকার এত টাকা প্রায় ৪৫ হাজার কোটি টাকা খরচ করল ? সেই বছরের বাজেটে রিফ্লেকশান নেই, সাপ্লিমেন্টারি বাজেটে রিফ্লেকশান নেই, তার পরবর্তীকালের বাজেটেও রিফ্লেকশান নেই। সেই পাপকে আজকে ধুয়েমুছে সাফ করতে হচ্ছে কাকে ? অমিত মিত্রকে সেই পাপ ধুতে হচ্ছে। জানেন না আপনারা ? একটা প্রশ্ন হল কি জানেন ? কিছু লোক আছেন যাঁরা সব জানেন তাঁদের সবজান্তা বলে। কিছু লোক আছেন যাঁরা কিছুই জানেন না, এই আমাদের মতো লোক যারা। যাঁরা কিছুই জানেন না। কিন্তু কিছু লোক আছেন যাঁরা হাফজান্তা, গৌরাঙ্গবাবুদের মতো, তাঁদের নিয়ে বড়ো সমস্যা আমাদের। খুবই সমস্যা। এতক্ষণ একটা একটা পয়েন্ট ধরে অমিতবাবু আপনার উত্তর দিয়েছেন, আপনার লিডার অফ দি অপোজিশান উত্তর দিয়েছেন। আপনি সেই কথা পুনরায় উত্থাপন করার চেষ্টা করছেন। এটা তো আমাদের পাস করাতেই হবে, কেননা এটা আমাদের কাছে বাধ্যতামূলক। কিন্তু যে প্রসঙ্গ তুলছেন আপনারা—সারদার কথা বলেছেন, সারদায় যাদের টাকা মারা গেছে তাদের টাকা কেন দেওয়া হল ? আসলে সকালবেলা আমাদের পার্থ কতগুলো কথা বলছিল—যে যেখান থেকে আসে তার মনটা সেইভাবে তৈরি হয়। আমার কথাটা খুব সুন্দর লেগেছে। A man is known by the Company he keeps অথবা যেখান থেকে উঠে আসে একটা মানুষ, তার মানসিক অবস্থা ঠিক সেইভাবে তৈরি হয়। আমরা জানি যে লোকগুলো ডিপোজিট করেছিল সেই লোকটি খারাপ, সেই লোকটি চোর, সেই লোকটি দুর্নীতিগ্রস্ত, তাকে সরকার অ্যারেস্ট করেছে, তার জন্য কমিশন বসিয়েছে। কিন্তু যে মানুষগুলো ওই টাকার জন্য আত্মহত্যা করতে যাচ্ছিল আপনাদের দায়বদ্ধতা তাদের প্রতি নেই, কারণ এই সবকটা চিট ফান্ডই আপনাদের সময় তৈরি হয়েছিল। কিন্তু মৃত্যুর কারণগুলো ঘটছে এখন। তাই সেই মানুষগুলোর কথা মাথায় রেখে যে মানুষগুলো অসহায় হয়ে টাকা জমা রেখে—তারপর যখন অ্যারেস্ট হয়ে গেলেন সারদার মালিক, তখন অনেক মানুষের মধ্যে কান্নার রোল উঠেছিল, হাজার হাজার মানুষ রাস্তায় নেমে পড়েছিল, বিক্ষোভ দেখিয়েছিল। সেই মানুষগুলোর মুখে হাসি ফোটানোর জন্য সরকার একটা দায় নিয়েছেন। আপনি বললেন আমাদের টাকা ওদেরকে দেওয়ার অধিকার কে দিয়েছে ? কেন দিলেন ? প্রশ্নটা তা নয়। প্রশ্নটা মানবিক, আর সেই মানবিক দৃষ্টিকোণ

থেকেই আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী --কিন্তু তারপরেও তো আলোচনা হয়েছে. কমিশন রিপোর্ট দিচ্ছে যে তার সম্পত্তি আস্তে আস্তে বিক্রি করা হবে। সারদার মালিকের বন্ধু হিসাবে কে যেন বললেন সারদার মালিক তো বলেছেন আমাকে সম্পত্তি বিক্রি করতে দাও। আমি টাকা শোধ করে দেব। কি বিশ্বাস আছে ? কি বিশ্বাস আছে ? প্রাইভেটে নাকি সত্যিকার প্রপার্টি ট্রান্সফার হয়ে যাচ্ছে। সেক্ষেত্রে সরকার নিজে দায়িত্ব নিয়ে এই সমাজের দরিদ্র মানুষ নিশ্চয়ই কিছু বেশি টাকার লোভে হয়তো টাকাগুলো জমা দিয়েছিলেন। কিন্তু তাঁরা আজকে মৃত্যুর মুখে, অনেকেই আত্মহত্যা করতে যাচ্ছেন বা করেছেন। এই সরকার বাধ্য হয়েছেন মানুষের কথা ভেবে সেই টাকা দেওয়ার জন্য। বলেছেন উৎসব হচ্ছে। উৎসবে অনেক টাকা চলে যাচ্ছে। অ্যাডভারটাইজমেন্টে অনেক টাকা চলে যাচ্ছে। ঠিকই তো যাওয়া উচিত। আপনাদের তো এই সোসাইটিটা সম্পর্কে কোনো আইডিয়াই নেই। আমাদের দেশে যখন কোনো অর্থনীতি তৈরি হয়নি তখন গোটা অর্থনীতিটা কোথায় কেন্দ্রীভূত ছিল জানেন ? এই উৎসবকে কেন্দ্র করে। ধরে নিন একটা দুর্গাপুজো। একটা দুর্গাপুজোয় যে মাটি বিক্রি করবে সেখান থেকে মাটি, তুস, রং, তুলি, বাঁশ, প্যান্ডেল, আলো, সোলার কাজ, প্রতিটি পেশার সঙ্গে যুক্ত মানুষের অর্থনীতি নির্ভর ছিল একসময় এই উৎসবগুলোকে কেন্দ্র করে। আপনাদের জানা উচিত এটা তো সহজ ব্যাপার—যখন মার্কসবাদ তৈরি হয়নি, গান্ধীবাদ তৈরি হয়নি, কোনো অর্থনৈতিক মতবাদের কথা ছিল না, তখন সোসাইটিতে তার অর্থনৈতিক বন্ধন ছিল, সামাজিক বন্ধন ছিল এই উৎসবগুলো, এই পুজোগুলো। আজকে দিল্লিতে একটা জায়গা আছে—তাকে বলা হয় 'দিল্লি হাট'। কি সেটা ? সারা ভারতবর্ষের বিভিন্ন হাতের কাজ করা ছোটো ছোটো মানুষগুলো, শিল্পীগুলো যাঁরা বিভিন্নভাবে যুক্ত আছেন তাঁরা ওখানে দোকান তৈরি করেছেন। কেন ? ব্যবসা-বাণিজ্য করার জন্য। আমি সেদিন মাটি উৎসবে গিয়েছিলাম। মাটি উৎসবে গিয়ে দেখলাম রাজ্যের বিভিন্ন ধরনের মানুষ তাদের নিজেদের হাতের তৈরি করা জিনিস—কেউ একটা বিড়ে তৈরি করেছে তাও সে নিয়ে গিয়ে বিক্রি করছে।

[7.20—7.30 p.m.]

কেউ পুতুল তৈরি করছে, কেউ টিপ তৈরি করছে, তাও সে নিয়ে গিয়ে বিক্রি করছে। এই যে উৎসবকে কেন্দ্র করে হাজার হাজার মানুষের জীবনের আর্থিক বন্দোবস্ত করে দেওয়া, সুবিধা করে দেওয়া—এই যত উৎসব হচ্ছে ভাবছেন এতে আপনাদের ভালো লাগছে না কেন ? মানুষের involvement হচ্ছে। এত মানুষ—মমতা বন্দ্যোপাধ্যায়ের এই আড়াই বছর ধরে যে উৎসব সেই উৎসবে অংশগ্রহণ করছে। সেখান থেকে জীবন ধারণ করছে। এই ব্যাপারে আপনাদের কোনো সায় নেই, কারণ আপনারা মানুষের থেকে বিচ্ছিন্ন হচ্ছেন। আর মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়ের দেওয়া যে উৎসবের সুযোগ, সেই উৎসবের সুযোগে—শুধু তাই নয়, সেই সব জায়গায় cultural programme হচ্ছে। সেই cultural programme-এ বাংলার এক প্রান্ত থেকে আর এক প্রান্ত, এমনকি বাংলার বাইরের মানুষ যাঁরা লোকসঙ্গীতের সঙ্গে যুক্ত আছেন, তাঁরা আসছেন, তাঁরা পয়সা পাচ্ছেন, তাঁরা

রোজগার করছেন। যাঁরা এতদিন অবহেলিত ছিলেন তাঁরা আমাদের সরকার আসার পর থেকে ছোটো ব্যবসায়ী, হাতের কাজ করা মানুষ, শিল্পী, গ্রামীণ শিল্পী তাঁরা সকলে আজকে মর্যাদা পাচ্ছেন। এই ব্যবস্থাকে আপনারা সমালোচনা করছেন কি কারণে আমি অন্তত বুঝতে পারছি না। আর একটা কথা বলেছেন আমাদের সুখবিলাসবাবু, আচ্ছা সুখবিলাসবাবু আপনি কি কোনো সময় ছিলেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টি পরিচালিত বামফ্রন্ট সরকার যে সময় এই ধরনের আর্থিক অন্যায়গুলো করছিল, টাকা খরচ করছিল, কিন্তু খরচ করে সেটা বাজেটে আনছিল না, বাজেটে reflected করাচ্ছিল না। অনেক টাকা deficit হত। যদি এই টাকার reflection বাজেটে থাকত তাহলে বহু কোটি টাকার budget deficit হত। সেই কথা অসীমবাবু—আমি তো বলেছিলাম, অসীম আমার ক্লাসমেট। আমরা একই স্কুলে পড়েছি। আমি অসীমকে এখানে দাঁড়িয়ে বলতাম, তোমার মতো juggler and statistician ভারতবর্ষে কেউ জন্মাবে না। আর তুমি পণ্ডিত বলেই এই jugglingটা করতে পার। তুমি পণ্ডিত বলেই jugglerytা করতে পার। তাই আজকে বেরোচ্ছে সেইসব পাপের কথা, যে পাপ তাঁরা করে গিয়েছিলেন। আর একটা কথা বলি, কংগ্রেসের সুখবিলাসবাবু একটা কথা বলেছেন অত্যন্ত গায়ে লেগেছে অন্ততপক্ষে। যে কেন্দ্রীয় সরকারের টাকায় আমাদের মাইনে হয়। আমরা না এলে এই সরকারটা মুখ থুবড়ে পড়ে যেত। আমি জানি, আমি জানি বামফ্রন্ট সরকার FRBM করে গিয়েছিলেন শেষ মুহূর্তে। অর্থাৎ financial discipline, budgetary discipline-এর জন্য FRBM আইন কিন্তু অনেকদিন আগে ভারতবর্ষে পাস হয়ে গিয়েছে। রাজ্যে রাজ্যে পাশ করে দেওয়ার কথা অনেক আগে কিন্তু আপনারা আর্থিক বিশৃঙ্খলাকে প্রশ্রয় দেওয়ার জন্যই, ইচ্ছামতো ঋণ নেওয়ার জন্যই বাজার থেকে আপনারা FRBM আইন পাশ করেননি। কিন্তু পাশ করে দিয়ে গেলেন কখন ? এই কথা মাথায় রেখে যে পরবর্তীকালে যিনি আসবেন তিনি মুখ থুবড়ে পড়বেন। বাজার থেকে ঋণ না নিলে সরকার চালাতে পারবেন না। অমিত মিত্র সাহেব খুব সুন্দরভাবে আপনাদের বুঝিয়ে দিয়েছেন। FRBM আইনকে সম্পূর্ণ মেনে, financial disciplineকে সম্পূর্ণ মেনে কিভাবে তিনি সরকার চালাচ্ছেন আপনাদের উত্থাপন করা প্রতিটি প্রশ্নের উত্তর তিনি দিয়েছেন। আমি আবার সুখবিলাসবাবুকে বলতে চাই, আপনি কালকে যেসব কথাগুলো বলেছেন এটা শুধু ভুল নয়, এটা অত্যন্ত অসম্মানজনক একটা পদ্ধতি যার কথা একটু আগে অমিত মিত্র সাহেব বললেন balance of deposit। balance of deposit এটা কি শুধু পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত্রে প্রযোজ্য। এটা প্রত্যেকটি রাজ্য সরকারের ক্ষেত্রে প্রযোজ্য। যে টাকাটা আসে সেটা একটা amount রাখা হয় account-এ। যার দরকার পড়লে সেখান থেকে সরাসরি টাকাটাকে সেই কাজের জন্য খরচ করা যায়। আমাদের ক্ষেত্রেও তাই হয়েছে, নতুন কোনো ব্যাপার নয়। কিন্তু সুখবিলাসবাবু এমন একটা ভাব করলেন যে আমাদের রাজ্য থেকে কোনো ট্যাক্স যাচ্ছে না, আমাদের রাজ্য থেকে কেন্দ্র কোনো ট্যাক্স পাচ্ছে না। সমস্ত টাকাটা দান-ই করছেন আমাদের এবং আমরা সেই টাকায় সরকারি কর্মচারীদের মাইনে দিয়ে বেঁচে আছি, অদ্ভুত ব্যাপার। আপনি কি করে এতদিন ওই ফিনান্স ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারি পদে বহাল রইলেন, এই নিয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে অথবা আপনি নিজেকে 'pretend করছেন। আপনি

নিজে জেনেও ভুল তথ্য পরিবেশন করে এই সভাকে বিপথে পরিচালিত করবার চেষ্টা করছেন এবং আপনি ধন্যবাদ দেওয়ার চেষ্টা করছেন ওই পাশের দলটাকে। আপনাকে তো মনে হয় ওদের থেকেও অনেক বিপ্লবী মানুষ। আপনাকে মনে হচ্ছিল ওদের থেকেও বেশি বিপ্লবী এমন এমন কথা বলছিলেন। কোথায়ও কোনো ভুল নেই। এই কথা অমিত মিত্র আপনাদের সামনে বার বার বুঝিয়ে দিয়েছেন প্রতিটি point-এ বুঝিয়ে দিয়েছেন। সে আমাদের ডেফিসিট, জি.এস.ডি.পি.-র ক্ষেত্রে বলুন, জি.ডি.পি.-র গ্রোথের ক্ষেত্রে বলুন, সব ক্ষেত্রেই তিনি বুঝিয়ে দিয়েছেন। তাই আমি বিস্তারিত বিবরণের মধ্যে যাব না। বিভিন্ন কথা উত্থাপন করে আজকে সভাকে বিপথে পরিচালিত করার চেষ্টা করেছেন। আমি তাঁর বিরুদ্ধে বক্তব্য রাখছি। তবে যেহেতু এটা আমাদের বাধ্যবাধকতা, এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টস পাস করিয়ে নেওয়া, আমি এর সপক্ষে এটাকে পাস করার জন্য আপনাদের কাছে আবেদন জানিয়ে শেষ করছি।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, demand for supplementary grants ২০১৩-১৪ উপর আলোচনার শুরুতেই আমি বাজেটের পর সাপ্লিমেন্টারি বাজেটের যে আলোচনা, সেই আলোচনার মধ্যে আমার একটা কথা মনে পড়ছে এই তর্জা শুনে, একজন বিখ্যাত essayist—তিনি বলেছিলেন, আমরা যারা statesman, তারা জাস্ট like a sieve or the audacious perverter of truth পরিসংখ্যানের এত ব্যাপার চলছে তাতে যা মনে হচ্ছে, পরিসংখ্যানবিদরাও পাজেলড্ হয়ে যাবেন। যাই হোক, আমি প্রথমেই বলে রাখি অ্যাজ ইউজুয়াল যেমন করে সাপ্লিমেন্টারি গ্র্যান্টসকে সাপোর্ট করতে হয়, আমি সাপোর্ট করছি। কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টের আলোচনার সময় বেশ কিছু বিষয় আমাদের নজরে এসেছে। সেগুলোর সমালোচনাও আমরা করতে চাই। প্রথমত আমি যেটা বলতে চাই ডিম্যান্ড নম্বর পাঁচ—সেখানে যে গ্র্যান্টটা দাবি করা হয়েছে required for implementation of various schemes related with modernization and development of agri seeds and crops. ডিম্যান্ড করেছেন ৯ কোটি ২৬ লক্ষ ২৮ হাজার কোটি টাকা। কৃষি—তার উন্নতির জন্য, তার আধুনিকীকরণের জন্য, তার আধুনিক পদ্ধতিতে বীজ উৎপাদনের জন্য মাননীয় মন্ত্রী মহোদয় এটা সাপ্লিমেন্টারি গ্র্যান্ট হিসাবে দাবি করেছেন। পরবর্তী ক্ষেত্রে এই কৃষির মতোই এই কৃষিক্ষেত্রে যেমন সাপ্লিমেন্টারি গ্র্যান্ট দাবি করা হবে, সেই ক্ষেত্রে আমি সমালোচনার সুরেই বলতে চাই যে দাবি আপনারা করছেন, সেই দাবিটা সঠিক কাজে যদি ব্যবহৃত হয় ঠিক আছে। কিন্তু গত বছর একটা ব্যাপার আমাদের নজরে এসেছিল যেটা গমের মিনিকিটস দেওয়ার সময়, যে মিনিকিটটা দেওয়া হয়েছিল, সেটার কিন্তু অঙ্কুরোদগম ঘটেনি। এদিকে লক্ষ রাখবেন। ডিম্যান্ড নম্বর ছয়—সেখানে অ্যাডিশনাল প্রভিশান রাখা হয়েছে for payment to incentives to the farmers. কৃষকদের উৎসাহ ভাতা। উৎসাহ দেওয়া আমাদের একটা কর্তব্য। কৃষিপ্রধান রাজ্য আমাদের। কিন্তু এই কৃষকরা দারুণ নিরুৎসাহিত। নিরুৎসাহিত এই কারণে পাটের ফলন কমেছে, বোরো ধানের ফলন কমেছে, উৎপাদন কমে গিয়েছে। সেখানে উৎসাহিত না হয়ে, তারা দাম না পেয়ে নিরুৎসাহিত হচ্ছেন। সেই নিরুৎসাহিত চাষিদেরকে উৎসাহিত করবার জন্য শুধুমাত্র

এক হাজার কোটি টাকা দিয়ে উৎসাহ প্রদান আমার কাছে নতুন হয়েছে একটা অন্য ধরনের ব্যাপার। এই পরিমাণটা খুব কম নয় কি ? আমি বলতে চাই ডিমান্ড নম্বর ১৩ সম্বন্ধে। সেখানে বলা হয়েছে শিক্ষাক্ষেত্রে required for construction of new Government Engineering College. আমরা ২০১১ সালের নির্বাচনী ইস্তাহারে দেখেছিলাম এবং আপনারা যাঁরা তথাকথিত মা-মাটি-মানুষের সরকার বলে দাবি করেন, তাঁরা এখানে ঘোষণা করেছিলেন যে পশ্চিমবাংলার প্রত্যেকটি ব্লকে ব্লকে একটা করে ইঞ্জিনিয়ারিং কলেজ হবে। পরিসংখ্যান কি বলছে আমি জানি না। পশ্চিমবঙ্গের কতটা ব্লক আছে তার সঙ্গে ইনটু ওয়ান দিয়ে গুণ করলে যে কলেজের সংখ্যা হয়, ৩৩ মাসের মধ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ কটি হয়েছে, পরিসংখ্যান জানা থাকলে আমাদের জানাবেন।

[7.30 – 7.40 p.m.]

আমরা মনে করি এটা এখনও প্রতিশ্রুতির মতো জায়গাতেই আছে। কোনো কোনো জায়গায় ঘোষণা করেছেন ইমপ্লিমেনটেশান কিছু হয়নি। এটা করবেন। হলে খুব ভালো, আমরা স্বাগত জানাব। ডিমান্ড নাম্বার ১৮, সেখানে আপনারা বলেছেন required for providing additional fund for payment of interest on open market borrowing, wage and means advance কিন্তু আমি মনে করি যেভাবে ঋণ গ্রহণের জন্য বিভিন্ন রকম কায়দায় ৩৪ বছরের বামফ্রন্ট সরকারকে কালিমালিপ্ত করবার চেষ্টা করছেন আপনারা কিন্তু বদম-কদম বাড়ায়ে যা—এই কথাটাকে মনে রেখে ঋণের ফাঁদে যেভাবে যাচ্ছেন, ওপেন মার্কেট থেকে যেভাবে ঋণ সংগ্রহ করছেন—অনেকে আলোচনা করেছেন ৫৫ হাজার কোটি টাকা ইতিমধ্যেই ঋণ গ্রহণ করা হয়ে গিয়েছে। কিন্তু ১৯৪৭ সালের পর থেকে ২০১১ সালের ২০শে মে পর্যন্ত পশ্চিমবঙ্গের বাইরে ঋণ কত ছিল ? সেইটা দেখার প্রয়োজন আছে। সেই সঙ্গে সঙ্গে তুলনা করার প্রয়োজন আছে মাত্র ৩৩ মাসের ঋণের সংখ্যা। আমি আরও একটা কথা বলে শেষ করব রাজনীতিতে দুর্বৃত্তায়ন ঘটিয়েছেন, তার acceleration ঘটিয়েছেন আপনারা। দলতন্ত্র কায়েম করে গণতন্ত্রকে হত্যা করছেন—হ্যাঁ, কথাটা স্বীকার করতে হবে। তাই আমার একটা কথা মনে পড়ছে, সেটা বলে আমার বক্তব্য শেষ করব—কবি শ্রীজাত বলেছিলেন দয়া নামক একটি কবিতায়, দয়ার রং সবুজ, সবাই ভাবে তার গায়ে তো ১০৩ জ্বর, তাও সারা রাত বৃষ্টি আসবে ভেবেই বাঘের মুখোশ বানায় কারিগর। কারিগর আপনি বাজেট বাড়িয়েছেন। সাপ্লিমেন্টারি বাজেট বাড়িয়েছেন। ধন্যবাদ, বৃষ্টি আসবে বলে পশ্চিমবঙ্গের মানুষ অপেক্ষা করবে।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি যে বাজেট সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়েছে, স্যার এখন শুধু সাপ্লিমেন্টারি গ্রান্ট-এর সম্বন্ধে আলোচনা হচ্ছে। সেহেতু আমি ডিসিপ্লিন্ড ওয়েতে সেইটুকুই কথাই বলব। স্যার, আজকে সাপ্লিমেন্টারি গ্রান্ট সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই—কোথায় সাপ্লিমেন্টারি গ্রান্ট আমরা চাইছি—সেটা কি ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড ? এই প্রশ্নটা উঠেছে—এক নম্বর। আমি কয়েকটি উদাহরণস্বরূপ দিচ্ছি। Development for infrastructural facility on agricultural

programmes-কে এটার সঙ্গে দ্বিমত প্রকট করবে এগ্রিকালচারাল সেক্টরে পরিকাঠামোর সম্বন্ধে ? সাপ্লিমেন্টারি গ্রান্ট। কৃষকের সুবিধা হবে। যেখানে ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটি নেই, তার জন্য একটু টাকার দরকার, সেটা গ্রান্টে আনা হয়েছে। Grant to Mayal Young Lepcha Development Board, আপনারা সবাই জানেন যে তারা কত সাফার করেছে, ব্যাকওয়ার্ড কন্ডিশানে আছে। তাদের জন্য অল্প একটু গ্রান্ট, কয়েকটা বাড়ি-টাড়ি তৈরি যাতে করতে পারে বাঁচার জন্য এই ঠাণ্ডাতে—কেউই আপত্তি করবে না। Development of Schools and hostels—১৩১.৫১ কোটি-১৩১ কোটি—এটা কি অন্যায় স্যার Development of schools and hostels ? যত বাড়ানো যাবে ততই ভালো। কেউই এটা আপত্তি করবেন না আমি আশা করব—in their normal senses। construction, reconstruction renovation of food storage godowns and allied works. আজকে স্যার যা চাল, ধান, বিশেষ করে চাল যে আমরা নিচ্ছি, তার জন্য গোডাউন নেই। কি অদ্ভুত অবস্থা ছিল। আমার বাজেট বক্তব্যে সরকারের তরফ থেকে, আমার খাদ্যমন্ত্রীর তরফ থেকে তার ডিটেলস দিয়েছি যে, কতগুলো আমরা তৈরি করছি। সেখানে অল্প কিছু টাকা চাই, যাতে সেই কাজটা আরও এগিয়ে নিয়ে যাওয়া যায়—সাপ্লিমেন্টারি গ্রান্ট। Development for Widening and strengthening of road এটা কি কেউ না বলবে স্যার ? অল্প supplementary grant, যাতে যেটুকু কাজ হচ্ছে, আর একটু এগিয়ে নিয়ে যাওয়া যায়। ৪২৫ কোটি টাকা, যেটা অনেক বড়ো বাজেট ওই ডিপার্টমেন্টের। যাতে কাজগুলো এগিয়ে নিয়ে যাওয়া যায়। Improvement of State Roads and Bridges, widening and strengthening of roads, সেটাও public works-এর। কেউই মানা করবে না। Labour Ministry, মাননীয় মন্ত্রী আছেন, Social Welfare Scheme for the unemployed persons, তাদের একটু যাতে সুবিধে হয়, তার জন্য অল্প একটু supplementary grant স্যার। Expenditure for environmental improvement project সবাই বলছে আজকে আমাদের এনভায়রনমেন্টকে আরো ভালো করা উচিত। অল্প গ্রান্ড। Nation Old age pension Scheme, কেউ মানা করবে স্যার ? এটা অন্যায় ? State share of expenditure under NREGS, ১০০ দিনের কাজ, আরো এগিয়ে নিয়ে যেতে হবে। কেউই মানা করবে না। State share of Indira Awas Yojona-তে আমাদের স্টেটের শেয়ারটা দিতে হবে। তার থেকে আমাদের অল্প কিছু দেওয়া। Pipe water supply scheme, পাইপে যাতে জল আসে। আমার এখনও মনে আছে স্যার, আমার খড়দার গ্রামে পানীয় জল ছিল না। সেখানে এত বছরেও পানীয় জলের কলের পানীয় জল পাওয়া যেত না। ৪৯ হাজার লোকের জন্য পানীয় জলের যে ব্যবস্থা হয়েছিল, আমি সেটার inauguration পরে আমি আসছি, আমাদের একটি বৌদি তিনি দুটো বালতি নিয়ে ওই কলের সামনে এসেছেন। নতুন কল ছিল না। আমি থেমে তাকে বললাম, কি হল বৌদি দুটো বালতি ? বললেন একটা পুরনো, যাতে চান করার জল ধরব, আর একটা নতুন অ্যালুমেনিয়ামের বালতি কিনে এনেছি, প্রথমবার জীবনে কল খুলে জল পাব। সেখানে যদি supplementary grant আমরা দেই স্যার, তাকে কি কেউ দুঃখ প্রকট করবে ? স্যার, implementation of

Kanyashree Prakalpa, সবাই বলছে, সারা ভারতবর্ষ বলছে. পৃথিবী থেকে চিঠি আসছে, ই-মেল আসছে Unique Programme in Developing Nation. আফ্রিকার দেশ থেকে, ল্যাটিন আমেরিকার দেশ থেকে ই-মেল আসছে স্যার যে, আমরাও কন্যাশ্রী প্রকল্পের মতো প্রকল্প করতে চাই। যেটা মমতা বন্দ্যোপাধ্যায় নিজে ইনিসিয়েট করেছিলেন এবং আমি আমার বাজেট বক্তব্যে বলেছি ভারত সরকার থেকে শুরু করে সবাই বলছে। UNESSCO আমাদের সাথে এসে, তখন বলার সুযোগ হয়নি, এখন বলছি UNESSCO একটা সারভে, based line survey করার জন্য সরকারের কাছে এগিয়ে এসেছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর সেই স্বপ্ন পূরণ করার, কন্যাশ্রী প্রকল্প, সেখানে যদি supplementary grant দেই, সরকার দেয়, নিশ্চয়ই আপনারা খুশি হবেন। Development of North Bengal, নর্থ বেঙ্গল নিয়ে অনেক আলোচনা হয়েছে, সেখানে supplementary grant দেবেন না ? সেহেতু আমি বিস্তারিতভাবে বলতে চাই না। শুধু এইটুকু শেষে বলব আমি অবাক হয়ে গিয়েছিলাম শ্রী আনিসুর রহমান-এর চেয়ারম্যানসিপে কমিটি যে রিপোর্ট দিল, যেটা আমাদের চিফ হুইপ মেনশান করেছেন। আমি অবাক হয়ে গেলাম বছরের পর বছর supplementary দেওয়া হচ্ছে না ! rationalization of account হচ্ছে না ! আমরা দেইনি। Public Accounts Committee। তার আগে চেয়ারম্যান ছিলেন শ্রী পার্থ চট্টোপাধ্যায়। উনি চলে যাওয়ার পরে, মন্ত্রী হয়ে যাওয়ার পরে রহমান সাহেবের চেয়ারম্যানসিপে সেই বই পাবলিশ করলেন। Failure of the past government, ২০০৫ থেকে তারা সেটাকে rationalize করেনি। কিন্তু আমরা স্বচ্ছতায় বিশ্বাস করি। সেইজন্য আজ আমরা আপনাদের সামনে এই supplementary grant রেখেছি। আমি আশা করব সবাইকার সম্মতিতে এই supplementary grant আপনারা অ্যাকসেপ্ট করবেন। কেননা সাধারণ মানুষের ভালোর জন্যেই মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায় বিভিন্ন স্বপ্ন আজকে যে পরিণত হচ্ছে তার into reality, তার প্রতি এই supplementary grant সাহায্য করুন। ধন্যবাদ। নমস্কার।

DEMAND No. 3

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1,88,78,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Ministers" during the year current financial year, was then put and agreed to.

DEMAND No. 5

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 198,31,28,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads : "2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry

and 4415—Capital Outlay on Agricultural Research and Education" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 6

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 5,000 be granted for expenditure under Demand No. 6, Major Heads : "2403—Animal Husbandry, 2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 7

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 28,72,50,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Calsses and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 8

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 9,76,56,000 be granted for expenditure under Demand No. 8, Major Head : "6425—Loans for Co-operation" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 9

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 125,00,00,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads : "2852—Industries and 6885—Other Loans to Industries and Minerals" during the current financial year, was then put and agreed to.

[7.40—7.50]

DEMAND No. 10

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 50,00,000 be granted for expenditure under Demand No. 10, Major Head : "3456—Civil Supplies" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 12

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 20,00,00,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 13

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 11,25,00,000 be granted for expenditure under Demand No. 13, Major Head : "5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 14

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 37,44,88,000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2202—General Education" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 15

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 131,50,68,000 be granted for expenditure under Demand No. 15, Major Head : "4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 18

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 2096,88,36,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2030—Stamps and Registration, 2040—Taxes on Sales, Trades etc., 2052—Secretariat—General Services, 2071—Pensions and Other Retirement Benefits, 2235—social Security and Welfare and 2250—Other Social Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 19

The motion of Dr. Amit Mitra that a sum of ₹ 1,95,52,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads :

"2052—Secretariat—General and 2070—Other Administrative Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 20

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 5,79,46,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "2405—Fisheries" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 21

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 101,23,49,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads : "2235—Social Security and Welfare, 2408—Food, Storage and Warehousing, 3456—Civil Supplies and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 22

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 9,99,62,000 be granted for expenditure under Demand No. 22, Major Head : "2401—Crop Husbandry" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 24

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1250,30,89,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2051—Public Service Commission, 2210—Medical and Public Health, 2211—Family Welfare and, 4210—Capital Outlay on Medical and Public Health" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 25

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 642,98,16,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 4059—Capital Outlay on Public Works and

5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 26

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 154 14,83,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2551—Hill Areas" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 27

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 70,96,60,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015—Elections, 2055—Police, 2059—Public Works, 2070—Other Administrative Services, and 2575—Other Special Areas Programmes" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 29

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1,28,82,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "2852—Industries" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 30

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1,98,96,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2205—Art and Culture and 6220—Loans for Information and Publicity" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 31

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 20,00,000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2251—Secretariat—Social Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 35

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 15,41,74,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 36

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 12,40,50,000 be granted for expenditure under Demand No. 36, Major Head : "2059—Capital Outlay on Public Works" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 37

The motion of Dr. **Amit Mitra** that a sum of ₹ 1,12,39,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "2052—Secretariat—General Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 38

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 47,36,08,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 39

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 33,17,90,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "6217—Loans for Urban Development" during the current financial year, was then put and agreed to.

[7.50—8.00 p.m.]

DEMAND No. 40

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1218,17,12,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2216—Housing, 2235—Social Security and Welfare, 2505—Rural

Employment and 5054—Capital Outlay on roads and Bridges" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 43

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 239,73,00,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2801—Power and 4801—Capital Outlay on Power Projects" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 44

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1,50,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 45

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 172,53,28,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2215—Water Supply and Sanitation and 2250—Other Social Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 52

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 2,76,02,000 be granted for expenditure under Demand No. 52, Major Head : "3452—Tourism" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 53

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 254,26,82,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "3055—Road Transport and 5053—Capital Outlay on Civil Aviation" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 54

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 418,26,21,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads :

"2217—Urban Development, 3604—Comensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4217—Capital Outlay on Urban Development" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 56

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 194,72,99,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "2235—Social Security and Welfare and 2251—Secretariat Social Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 58

The motion of **Dr. Amit Mitra** that a sum of Rs. 6,89,000 be granted for expenditure under Demand No. 58, "Major Heads: 2052—Secretariat General Services" during the current financial year was then put and agreed to.

DEMAND No. 59

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 1,57,39,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "2052—Secretariat—General Services and 2204—Sports and Youth Services" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 62

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 42,42,66,000 be granted for expenditure under Demand No. 62, Major Head: "4575—Capital Outlay on other Special Areas Programme" during the current financial year, was then put and agreed to.

DEMAND No. 64

The motion of **Dr. Amit Mitra** that a sum of ₹ 27,01,77,000 be granted for expenditure under Demand No. 64, Major Head: "2235—Social Security and Welfare" during the current financial year, was then put and agreed to.

[8.00–8.10 p.m.]

LEGISLATION

The Adamas University Bill, 2014

Shri Bratya Basu : Sir, I beg to move that the Adamas University Bill, 2014 be taken into consideration.

Mr Speaker : There is a motion for reference of the Bill to a Select Committee by Shri Sahajahan Choudhury. The Hon'ble Member may now move his motion.

Shri Sahajahan Choudhury : Sir, I beg to move that the Adamas University Bill, 2014 be referred to a Select Committee of the House with the instructions to submit its Report by the 30th April, 2014 and that the quorum of the Select Committee be fixed at 6.

.....(Noise).....

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনাকে আমরা বারবার বলেছিলাম, গতকাল একটা নতুন বিল, এই রকম একটা important বিল একটা প্রাইভেট ইউনিভার্সিটি হবে. গতকাল আমরা হাউসে পেয়েছি। আর আজকে সেটা আলোচনা হবে। আমরা বলেছিলাম যে, এটা আপনি সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দিন বা স্ট্যান্ডিং কমিটিতে পাঠিয়ে দিন, আপনারা যা ইচ্ছা করুন। এটা কি স্যার ? এটা একটা unprecedented ব্যাপার। নতুন বিল—কালকে প্রেস করে আজকে এখানে আলোচনা। কেউ কি পড়ে থাকবেন নাকি এখানে ? সে জন্য আমরা এটার তীব্র বিরোধিতা করছি। এর আগে সিকিম ইউনিভার্সিটি বিল আমরা সবাই সহমত হয়েই সিলেক্ট কমিটিতে পাঠিয়েছিলাম। আপনি নির্দিষ্ট সময় করে দিন তারপর হবে।

মিঃ স্পীকার : সিকিম ইউনিভার্সিটি বিল আর এই বিলটার মধ্যে বেসিক্যালি কোনো ডিফারেন্স নেই। আমি দুটো বিল পড়ে দেখেছি—একই ধরনের বিল।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি তো পড়িনি। আর জানি না কে পড়েছে। কালকে একটা বিল দিয়ে আজকে discussion হয় নাকি ? স্যার, আপনি যেহেতু ভোট নিতে যাচ্ছেন তাহলে ডিভিশান দিন। ডিভিশান দিন।

....(At this stage the Motion of Shri Sahajahan Chowdhury was put for a division)....

...(At this stage voters' slips were distributed)...

AYES 40

NOES 139

ABST 01

NOES have it. NOES have it.

The amendment is lost.

(At this stage Hon'ble Members of the Left Front staged walk out)

[8.10 – 8.20 p.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আজকের এই পবিত্র বিধানসভায় একটি যুগান্তকারী সিদ্ধান্ত, যে সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু যে বিল পেশ করেছেন, অ্যাডামাস ইউনিভার্সিটি একটা নতুন যুগান্তকারী পদক্ষেপ তিনি নিয়েছেন। স্যার, এই বিরোধীরা, এরা চায়না কখনই যে উচ্চশিক্ষার ক্ষেত্রে আমাদের ছেলে-মেয়েরা এই রাজ্যের তারা হরিয়ানাতে চলে যাচ্ছে, দিল্লিতে চলে যাচ্ছে, কর্নাটকে চলে যাচ্ছে, পাঞ্জাবে চলে যাচ্ছে। এরা চায় না, আমাদের যে গ্রোয়িং নীড, এই ব্যবস্থাটাকে ওরা কখনই মানতে চায় না, তাই একটি অজুহাত সিলেক্ট কমিটিতে পাঠাতে হবে। আলোচনা করতে পারত, আলোচনা করে তাদের যদি কোনো পয়েন্ট থাকত, এই হাউসের সামনে রাখতে পারত। যাদের কোনো পয়েন্ট নেই, যাদের আলোচনা করার বিষয়বস্তু নেই, তারা এমনি করেই বিপ্লব করে হাউস থেকে চলে যায়। আমি স্যার, এই প্রসঙ্গে যে It is expedient to provide for the establishment and incorporation of the Adamas University at Barasat, in the district of North 24-Parganas, West Bengal promoted by the Sachis Kiron Roy Memorial Trust, an educational and charitable trust duly created and registered under the Indian Trust Act, 1882, and to confer the status of a Private University thereon and for matters connected therewith. স্যার, এই প্রসঙ্গে আমি যাওয়ার আগে বলব, আজকে শিক্ষা দপ্তর যুগান্তকারী সিদ্ধান্ত নিয়েছে। আমি শুধু বলব স্যার, অনেক দূরে যেতে চাই না। শুধু পশ্চিমবঙ্গের সঙ্গে—কারণ যারা আজকে বয়কট করে গেল, তারা তো সপ্তম বামফ্রন্ট করে গিয়েছিল। অতএব ৩৪ বছরেরও বেশি, কাছাকাছি ৩৫ বছর ক্ষমতায় ছিল, ১৯৭৭ অ্যান্ড অনওয়ার্ড। এবার যদি আমরা আমাদের রাজ্যটাকে একটু কর্নাটকের সঙ্গে তুলনা করে দেখি যে এরা ৩৪ বছরে এই রাজ্যে কি সরকারি, কি বেসরকারি কটি বিশ্ববিদ্যালয় এরা স্থাপন করেছে। ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি শুধু এইটুকু বলতে চাই, এরা ৩৪ বছরে পশ্চিমবাংলায় এরা ১০টি সর্বসাকুল্যে ইউনিভার্সিটি হয় স্থাপন করেছে, তা নাহলে তারা ইনফ্রাস্ট্রাকচার ক্রিয়েট করেছে। এটা ৩৪-৩৫তম বছরে এসে এরা পরাজিত হয়ে চলে গেছে। এখন এই সময়ের মধ্যে আমাদের মাত্র আড়াই বছরের সরকার। এই আড়াই বছরের মধ্যে আমাদের সরকার যে যুগান্তকারী সিদ্ধান্ত নিচ্ছে, এই যুগান্তকারী সিদ্ধান্তে আজকে বিরোধীরা নেই, কারণ ওরা চায় না শিক্ষাক্ষেত্রে পশ্চিমবাংলা মাথা তুলে দাঁড়াক, বিশেষ করে উচ্চশিক্ষায়। আমাদের এই সরকারের উদ্যোগে আগেই কাজী নজরুল ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। একটি বেসরকারি টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। ডায়মন্ড হারবারে মহিলাদের জন্য উওমেন

ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। কোচবিহারে পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। বাঁকুড়াতেও ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। এই ত্রিশ মাসের মধ্যে আমাদের সরকার ৬টি ইউনিভার্সিটি স্থাপন করেছে। আমি বলতে চাই যে এই প্রায় তিন বছর ত্রিশ মাসের মধ্যে—আর এরা ৩৪ বছর ক্ষমতায় ছিল—ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি ৩৪ বছর যদি পশ্চিমবাংলাকে একটি রাজ্যের সঙ্গে, কর্নাটকের সঙ্গে তুলনা করি, তাহলে আমি দেখতে পাব কর্নাটক, তাদের রাজধানী ব্যাঙ্গালোরে তারা এই ত্রিশ বছরের মধ্যে ২১টি ইউনিভার্সিটি করেছে সরকারি ক্ষেত্রে। এরা বেসরকারি ক্ষেত্রে প্রাইভেট ইউনিভার্সিটি করেছে ৬টি। ডিমড ইউনিভার্সিটি এরা তৈরি করেছে ১৫টি। ম্যাডাম ডেপুটি স্পীকার আমি এই পবিত্র হাউসে বলতে চাই যে একটি রাজ্য পশ্চিমবাংলা ৩৪ বছরে লেফট ফ্রন্ট গভর্নমেন্টের নেতৃত্বে নিরবচ্ছিন্নভাবে শিক্ষাক্ষেত্রকে যেভাবে পিছিয়ে দিয়েছে বিশেষ করে উচ্চশিক্ষাকে, তার একটি নিদর্শন হচ্ছে যে আমরা যদি কমপেয়ার করি দশটি বিদ্যালয়ের ক্ষেত্রে তারা পদক্ষেপ নিয়েছিল, আর মাত্র ত্রিশ মাসের মধ্যে আমাদের সরকার মাননীয় মন্ত্রী ব্রাত্য বসুর নেতৃত্বে এবং এই সরকারের যিনি সঞ্চালক, এই সরকারের যিনি আদর্শ তাঁর নেতৃত্বে পশ্চিমবাংলায় ৬টি ইউনিভার্সিটি হয়েছে। আজকে আমরা এই অ্যাডামাস ইউনিভার্সিটি বিল পাশ করছি, যাতে প্রাইভেট হলেও রাজ্যের শিক্ষাক্ষেত্র বিস্তার লাভ করবে এবং রাজ্যের শিক্ষার ক্ষেত্রে গ্রোয়িং নিডে আমাদের রাজ্যের ছেলে-মেয়েরা সেই সুযোগ পাবে। ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি শর্ট করে কয়েকটি কথা এখানে রাখতে চাই, রাজ্য সরকার যেমন একে ইউনিভার্সিটি হিসাবে গ্রহণ করে তাদের স্বীকৃতি দেবে, তেমনি এই ইউনিভার্সিটি সঞ্চালনের ক্ষেত্রে ভারতবর্ষের যতগুলি রেগুলেটরি বডি আছে—আমাদের এই বিলে আছে—সমস্ত রেগুলেটেড অথরিটিগুলো, তারা যেভাবে যেভাবে গাইড করবে সেই গাইডেন্সকে এদের মেনে নিতে হবে। তাদের স্ট্যাটিউটকে এদেরকে মেনে নিতে হবে। তাদের স্ট্যাটিউট অনুযায়ী সেটা করা হবে। কারা কারা আছে ম্যাডাম—আমি সবটা পড়তে চাই না। আমি অল্প একটু পড়ছি—"higher education in its designated areas of coverage, including University Grants Commission, All India Council for Technical Education, Council for Scientific and Industrial Research, Department of Science and Technology, Distance Education Council, Indian Council of Scientific Research"—এরা করতে চাইছে। এই করে এই ইউনিভার্সিটি স্থাপিত হবে। আমি শেষ পর্যায়ে চলে আসছি। অবজেক্ট কি। সরকার কেন এটা করতে চাইছে। আমি বলেছি যে উচ্চশিক্ষার ক্ষেত্রে উৎসাহ দেওয়া। উচ্চশিক্ষার ক্ষেত্রে আমাদের রাজ্যের ছেলে-মেয়েদের আমাদের রাজ্যের যে গ্রোয়িং নিড এটাকে কমব্যাট করাবে। আমি শেষ প্রান্তে এসে গেছি। অনেকক্ষণ বলার থাকলেও যেহেতু বিরোধীরা নেই আর বলছি না। শুধু বলি আমাদের এই বিলটি একটি সুষম বিল এবং অত্যন্ত প্রয়োজনীয় এবং সম্ভাবনাময় বিল। এইজন্য ম্যাডাম আমি দুটি লাইন পড়ে আমার বক্তব্য শেষ করে দেব। আমি প্রথমেই বলেছি যে গ্রোয়িং নিডকে এটা কোপ আপ করবে। এই প্রাইভেট ইনভেস্টমেন্টকে আমাদের এই সরকার ট্যাপ করতে পারছে এবং প্রাইভেট ইনভেস্টমেন্টকে নিয়ে এসে রাজ্যের শিক্ষাক্ষেত্রে বিশেষ করে উচ্চশিক্ষা ক্ষেত্রকে এটা

এগিয়ে দেবে। এতে সরকারি যা নিয়ম আছে. সেই সরকারি নিয়ম অনুযায়ী তাকে চলতে হবে। স্টেট গভর্নমেন্টের যা পলিসি. এডুকেশানের যা নীতি. সেটাই তাদেরকে গ্রহণ করতে হবে। অতএব এই বিলটিকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং সেই সঙ্গে হাউসের সবাইকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[8.20—8.30 p.m.]

ডঃ সুখবিলাস বর্মা : ম্যাডাম ডেপুটি স্পীকার. এর আগে Seacom University Bill একটা ছিল কনসিডারেশানের মধ্যে, সেটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সেই সিলেক্ট কমিটিতে আমিও ছিলাম. সেখানে আমার কিছু নোট অফ ডিসেন্ট আছে। আমার পূর্ববর্তী বক্তা যেটা দিয়ে শেষ করলেন অর্থাৎ Objection and reasons আমি সেটা দিয়েই শুরু করব। Considering the growing need for quality facilities in the States Higher Education system the State Government formulated a Policy published in the Official Gazette vide notification No. 142/End(U) dated 31.1.13 আমি মনে করি যেহেতু Objection and reasons বলা আছে এই রিপোর্টটার কথা, তাই এই রিপোর্টটা বিলের সঙ্গে দেওয়া উচিত ছিল। কেননা এটা হাউসের অধিকার। ওটা যদি আমরা না দেখি. তাহলে এটা নিয়ে আলোচনা করা যায় না। সেকেন্ড বলা আছে The Sachis Kiron Roy Memorial Trust is a sister concern of Roys Institutions of Competitive Examinations, popularly known as the RICE Group. The Sponsoring trust is duly registered under Indian Trust Act, 1882. It may be noted that the RICE Group is well known for providing teaching and training well-known RICE Group যত ওয়েল নোনই হোক না কেন রাইস গ্রুপ সম্পর্কে কিছু একটা দেওয়া উচিত ছিল। তারা কোথায় কি করেন, সেটা বোধ হয় মাননীয় সদস্যদের কাছে দেওয়া উচিত।

(নয়েজ)

আপনি জানতে পারেন, আমি জানি না। আমার অধিকার আছে জানার, আপনি যদি আপনার অধিকার প্রয়োগ না করতে চান তাহলে আলাদা কথা। ওই গ্রুপ সম্পর্কে আমার জানার অধিকার আছে এবং এই ব্যাপারে একটা রিপোর্ট প্লেস করা উচিত। যেটা Seacom University Bill-এর ক্ষেত্রে একটা রিপোর্ট প্লেস করা হয়েছিল সিলেক্ট কমিটির কাছে। আপনার মনে আছে, আপনারা একটা রিপোর্ট প্লেস করেছিলেন। এই যে একটা অর্গানাইজেশানটা তার এই এই এই—এখানে সেটা কেন হবে না। থার্ড যেটা Seacom University-র ক্ষেত্রে হয়েছিল, আপনার মনে আছে রেজিলিউশান নিয়েছিল সিলেক্ট কমিটি, কিন্তু যে কোনো কারণেই হোক, সেই রিপোর্ট দেওয়া হল না। কিসের রিপোর্ট ? সেভেন মেম্বারস কমিটির রিপোর্ট। সেভেন মেম্বার কমিটির রেফারেন্স রয়েছে Objection and reasons-এ এবং রেফারেন্স থাকলে সেই কমিটির রিপোর্টটা প্লেস করা উচিত ছিল। স্যার, 267 of Rules of Procedure and Conduct of Business সেখানে কি বলছে। সেখানে বলছে, The Government may decline to produce a

document to the Committee only on the ground that its disclosure with the prejudicial to the safety or impress of the State। Seacom University-র ক্ষেত্রে বার বার বলা সত্ত্বেও এই রিপোর্ট দেখানো হয়নি। তার মানে আমরা ধরে নিতে পারি. There is something which is prejudicial to the interest of the State, তাহলে কেন দেওয়া হবে না কমিটির কাছে বা হাউসের কাছে। যেখানে মাননীয় সদস্যরা চাইছেন সেখানে দেওয়া হল না। কেন দেওয়া হল না ? There must be something in the report disclosure of which will be prejudicial to the interest of the state সেইজন্য আমি দাবি করছি আপনাদের কাছে এই রিপোর্টটা দেওয়া হোক। সেই রিপোর্টটি দিয়ে তারপরে আলোচনা করা হোক। আমার মনে হয় মাননীয় সদস্যদের এটা অধিকার। আর যদি না দেওয়া হয়, তাহলে আমি অবশ্যই বলব, ডিপার্টমেন্ট কিছু লুকোচ্ছে। কেন দেবে না ? There must be something in the report, disclosure of which will be prejudicial to the interest of the state. কাজেই, আমি আপনাকে অনুরোধ করব স্যার, আপনারা এই বিলটার ব্যাপারে, বিলটা আলোচনা করার জন্য তিনটি রিপোর্ট দিন একটি হচ্ছে পলিসি রিপোর্ট, Policy guidelines of the department, and a brief about the organization, RICE group and the third one, report of the seven member committee, আমি এই কথা বলে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমি নীতিগতভাবে, The Adamas University Bill, 2014-কে বিরোধিতা করছি। এটা অত্যন্ত সত্যি কথা এবং আমি সেটা ভীষণভাবে বিশ্বাসও করি যে secondary system থেকে যত ছাত্র আমাদের রাজ্যে বেরোচ্ছে তাদের জন্য প্রচুর University হওয়া দরকার এবং রাজ্য সরকার যখন একের পর এক University খুলেছে state-aided আমি তাকে সমর্থন করেছি দু-হাত তুলেই। কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি করে এই secondary system-কে যদি serve করা হয় সেটা কেমন করে হবে, সে ব্যাপারে কিন্তু আমার যথেষ্ট সন্দেহ আছে, সেটা সম্ভব নয় সরকার website একটা notification করেছিল, to encourage private investment in the state higher education system এই নীতি আমি একেবারেই সমর্থন করি না। কারণ এই নীতি শিক্ষায়, বেসরকারিকরণের flatgate খুলে দেবে এবং তার মধ্যে দিয়ে শিক্ষা commercialization ছাড়া আর কিছু হবে না। উচ্চশিক্ষায়, এই যে বেসরকারিকরণ experiment এই রাজ্যে হয়েছে, যাঁরা ওয়াকআউট করেছেন তাঁরাই কিন্তু দরজাটা খুলে দিয়ে গিয়েছিলেন। তারা private engineering college, Mashrooming of Private College তাঁরা করেছিলেন এবং তাঁরা একটা Universityও করেছিলেন। ধীরুভাই আম্বানীর নামে, সেই University, যা এই বিল, সেই বিলের সঙ্গে আপনাদের বিল, অর্থাৎ প্রথম যখন Techno University করেন। তার সঙ্গে প্রায় হুবহু মিল ছিল। ফলে নীতিগতভাবে কোনো পার্থক্য ছিল না। যারা তখন ওই বিশ্ববিদ্যালয়ের বিলকে নীতিগতভাবে বিরোধিতা করেছিলেন তাঁরা কিন্তু এখন এসে সমর্থন করছেন সেটাও আমি জানি। আপনার আজকে

যাঁরা সরকার পক্ষের আছেন তাঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন তখন তাঁরা তাকে বিরোধিতা করেছিলেন। কিন্তু এখন তাঁরা এসে একই বিলকে প্রায় সমর্থন করছেন। আমাদের এখানে medical college privateও হয়েছে এবং সেই medical college ৩০ লক্ষ টাকার বিনিময়ে একটা seat এম.বি.বি.এস.-এর ফার্স্ট ইয়ারের seat বিক্রি হয়েছে এই অভিযোগও আছে কাজেই এই ম্যানেজমেন্ট কোটার নামে যে money londering হয়, যেভাবে extortion of money হয়, আমরা Higher Education Standing Committee-তে ভিজিট করে দেখেছি, এই সমস্ত কলেজগুলিতে যেভাবে hire and fire করা হয়, শিক্ষা বলে কিছু নেই। দু-একটা কলেজ ছাড়া ভার্চুয়ালি সব জায়গাতেই কিন্তু সেখানে business and commerce এটা ছাড়া আর কোনো কিছু নেই, দু-একটা কলেজ ছাড়া। এবং সে রকম একটা গ্রুপকেই আপনারা ইউনিভার্সিটি খুলতে দিচ্ছেন। অবজেকটিভ লিখেছেন, inclusion ও quality। আমি মনে করি, inclusing ও quality অবজেকটিভ হওয়া উচিত। কিন্তু যেখানে এই রকম money londering হয়, extortion of money হয়, সেখানে inclusion ও quality যে কি করে স্যাটিসফায়েড হবে আমি কিন্তু বুঝতে পারছি না। এই বিশ্ববিদ্যালয় তৈরি করার জন্য এখানে যে এক্সপার্ট কমিটির কথা বলেছেন, সেই এক্সপার্ট কমিটির মেম্বারদের আমি কাউকে কাউকে চিনি, আমার দৃঢ় বিশ্বাস তারা কেউই এই বিশ্ববিদ্যালয়ের পক্ষে কিন্তু রেকমেন্ড করেনি। করলে আমার ধারণা সেটা আমাদের সামনে প্লেস করা হত। আমি এই বিশ্ববিদ্যালয়ের জন্য যে ট্রাস্ট, সেই ট্রাস্ট সম্পর্কে বহু অভিযোগও আমি শুনেছি। ফলে আমার পরিষ্কার বক্তব্য যে এই রকম ভাবে যদি একের পর এক University খোলা হয়, অতীতেও একটা খুলেছেন, আজকে একটা খুলছেন, এবং আগামীকালও একটা খোলা হবে। এইটা যদি চলতে থাকে তাহলে inclusion & quality কথাটার সত্যিই কোনো মানে থাকবে না। এটা আপনারা ভেবে দেখুন। এবং আমর যেটা খুবই খারাপ লাগছে, যে একটা কোচিং সেন্টার করায় যারা অভ্যস্ত সেই কোচিং সেন্টারের মালিককেই কিন্তু আপনারা একটা বিশ্ববিদ্যালয় খোলার পারমিশান করে দিলেন। এটা অত্যন্ত দুঃখজনক এবং তাতে শিক্ষার ব্যবসাকে দিয়েই যারা শুরু করেছে, তারা এই বিশ্ববিদ্যালয় খোলার পরে তাদের হাতে একটা বিশ্ববিদ্যালয় দেওয়ার পরে শিক্ষার ব্যবসাটা কোথায় গিয়ে দাঁড়াবে এটা আপনারা নিজেরা কাইন্ডলি ভেবে দেখুন এবং আপনাদের কাছে অনুরোধ করব, রি থিঙ্কিং করুন, এই বিলকে কিন্তু আমি একেবারেই সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আজকে সন্ধে সাড়ে আটটা বাজে, কেউ কেউ রাত বলবেন। আজকে যেটা উঠেছে 'দি অ্যাডামাস ইউনিভার্সিটি বিল' আর কালকে সকাল দশটায় 'দি সিকম স্কিলস ইউনিভার্সিটি বিল ২০১৪' আপনার মনে থাকবে স্যার, এর আগে আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম যে, বিরোধী দলের দাবি অনুযায়ী যে এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। তিন মাস ধরে সিলেক্ট কমিটিতে, চার মাসের বেশি সময় নিয়ে, আলোচনা করে সর্বসম্মত হয়ে আমরা 'দি সিকম স্কিলস ইউনিভার্সিটি বিল' আগামীকাল আনতে যাচ্ছি এবং এই অ্যাডামাস ইউনিভার্সিটি বিল যদি আপনি খেয়াল করে পাশাপাশি দেখেন—যেটা একটু আগে মাননীয় বিরোধী দলনেতাকে বললেন যে দুটো বিল অনুপূর্বিক দিয়েছেন এবং দুটোর

মধ্যে বিশেষ কোনো ফারাক নেই। এটা আবার ওরা সিলেক্ট কমিটিতে পাঠানোর কথা বলেছেন। একই বিল যেটা ওঁরাই সহমত হয়েছেন একই ড্রাফটিংয়ে। আবার কেন বললেন আমার ঠিক বোধগম্য হল না। কিন্তু আমার মনে হয় যে এই দুটো বিলের চরিত্র যেহেতু এক, যেটা দুই বিরোধী বা আমাদের দুই বন্ধু ডঃ সুখবিলাস বর্মা এবং ড. তরুণ নস্কর বলেছেন—কেন ইউনিভার্সিটি করা দরকার, কিভাবে দরকার ? কোথায় কোথায় করা দরকার ? সেটা কালকে আমি বিস্তারিতভাবে বলতে চাই সিকম স্কিলস ইউনিভার্সিটি বিলের ক্ষেত্রে। নইলে একই রকম রিপিটেশান হয়ে যেতে পারে আমি সেই প্রসঙ্গটা কালকে বলার জন্য তুলে রাখতে চাই। আজকে খালি এইটুকু বলতে চাই, যেটা ওঁরা বললেন সেটা হচ্ছে সুখবিলাস বর্মা যেটা বলেছেন পলিসি গাইডলাইন। এটা স্যার, এখানে বিধানসভায় দেওয়ার দরকার নেই, এটা আমাদের হায়ার এডুকেশান ডিপার্টমেন্টের ওয়েব খুললেই সেখানে পেয়ে যাবে যে প্রত্যেকটা ইউনিভার্সিটির ক্ষেত্রে কি পলিসি গাইডলাইন দেওয়া হয়েছে। দ্বিতীয়ত, ওঁরা যেটা আপত্তি করছেন যে, সেভেন্থ মেম্বার কমিটির রিপোর্ট—এটা স্যার, আপনার মনে আছে সিলেক্ট কমিটির ক্ষেত্রে—এটা আমরা সম্মত হয়েছিলাম, এটা দেখাব বলে। কিন্তু আমাদের বিভাগীয় আধিকারিকরা সেটা শুধু আমাদের ডিপার্টমেন্ট নয়, এই বিধানসভার বিভাগীয় আধিকারিকরা মনে করলেন যে, এটা দেখতে চাওয়ার অধিকার বা দেখানোর অধিকার সেটা ওনাদের উপরে বর্তায় না, আমাদের উপরেও বর্তায় না। সেটা একমাত্র সেই বিষয়ে রায় দিতে পারেন এই ডকুমেন্টগুলো—কমিটির রিপোর্ট যে ডকুমেন্ট—সেই ডকুমেন্ট দেখাতে পারেন কেবল আপনি, অর্থাৎ মাননীয় স্পীকার স্যার, সেই মোতাবেক আমরা—ওঁরা যে রকম চেয়েছেন সিলেক্ট কমিটিতেই আমরা তিন-চারবার এটা আলোচনা করি, সিলেক্ট কমিটির অনেক সদস্যরা এখানে আছেন, আপনাদের মনে পড়বে হয়তো বা যে, সেটা আমরা আপনার কাছে পাঠাই—আপনি রুলিং দেন যে এটা আপনারা দেখাবেন না। যেখানে আপনি রুলিং দিচ্ছেন, বিধানসভায় আপনার উপরে কে আছে ? তারপরে আজকে আমাদের বন্ধু সুখবিলাস বর্মা একথা বললেন। আবার বলছি যে, আমাদের এটা অত্যন্ত স্বচ্ছ এবং যখন আমরা এটা তুলব তখন এই পুরোটাই আবার আমরা ওয়েবে তুলে দেব। দ্বিতীয়ত, তরুণ নস্কর যেটা বলেছেন, আমি খালি কারা কি বলেছেন সেটার উত্তর দিয়ে আমার আলোচনা শেষ করতে চাই আজকে, সময় নিতে চাই না। যেটা মানি লন্ডারিং-এর কথা যেটা উনি বলেছেন, কিন্তু এখন কথা হচ্ছে যে, সেই প্রসঙ্গে উনি বলছিলেন যে মানুষের পালস ইত্যাদি যে আমাদের মতো দেশের মানুষের যে অবস্থা, সোসিও পলিটিক্যাল যে অবস্থা সেটা উনি যেভাবে বুঝেছেন বা ওনার বোঝা মানে ব্যক্তির বোঝা নয়, ওটা রাজনৈতিক দলের বোঝা। রাজনীতিগতভাবে যেটা বুঝেছেন সেটাই—এই ধরনের একটা আশঙ্কা থেকেই যাচ্ছে। আমি এর আগে আপনার স্যার, মনে আছে অন্যান্য বিশ্ববিদ্যালয় নিয়ে যখন আলোচনা হয়েছে ডঃ তরুণ নস্কর এই ধরনের আপত্তির কথা তুলেছেন এবং আমি তখন অন্যান্য স্টেট ধরে ধরে দেখিয়েছি যে কোথায় কোথায়, কোন কোন বিশ্ববিদ্যালয় কি হয়েছে এবং তারা কতটা এগিয়ে গিয়েছে শিক্ষার ক্ষেত্রে। আগামীকাল এনরোলমেন্টের হিসাব দেব স্যার, যে কোন কোন উচ্চশিক্ষায় কত সংখ্যক এনরোলমেন্ট দরকার, কেন্দ্রীয় সরকার কি বলছে, ইউ.জি.সি. কি বলছে, অন্যান্য রাজ্যে কি হয়, সেটা আমি কালকে

বিস্তারিতভাবে বলব। সব শেষে আমি একটামাত্র তথ্য দিয়ে শেষ করতে চাই, সেটা আমি জোগাড় করেছি. মানুষের পাল্‌স বোঝার কথা উনি বলছিলেন বা রাজনীতিগতভাবে উনি বলছিলেন. সেটা হচ্ছে ২০০১ সালে আমরা দেখতে পাচ্ছি যে এস.ইউ.সি.আই. মোট ৮৫টি সিটে লড়েছিল স্যার। দুটো সিটে জিতেছিল। ভোট পেয়েছিল ২.৮৯ শতাংশ। ২০০৬ সালে স্যার, এস.ইউ.সি.আই. হয়তো বা মানুষের পাল্‌স বুঝেই ভোটে তাঁরা লড়েননি, নির্দলকে তাঁরা সমর্থন করেন। একটা সিটও পায়নি ২০০৬ সালে। ২০১১ সালে তখন যাঁরা শাসক দল, তাঁদের সঙ্গে জোট করেন। তখন আগে ওনারা যে ২.৮৯% ভোট পেয়েছিলেন, যে কথা আমি বলছিলাম, টোটাল ভোট. সেখানে একটা হিসাব দিলে আপনি বুঝতে পারবেন যে, এ.আই.টি.সি. পেয়েছিল ২০০১ সালে ৩৯.৮৮% ভোট, তৃণমূল কংগ্রেস পেয়েছিল। আর ২০১১ সালে ওঁরা পাচ্ছেন, একটা আসনে জিতেছেন এবং ভোটের সংখ্যা হচ্ছে ০.১৫ শতাংশ মানুষের ভোট পেয়েছে। এটা হচ্ছে ভোটে মানুষের পাল্‌স বোঝার চালচিত্র এবং এইভাবে আপনারা যদি বুঝতে থাকেন, এই শতাংশের হার আগামী দিনে আরো কমবে, আরো কমবে, আরো কমতে থাকবে। তাই জন্য বলছি রক্ষণশীল অবস্থা থেকে বেরিয়ে আসুন। একটা নতুন সরকার একটা নতুন অ্যাপ্রোচ নিয়ে এগোচ্ছে। এমন একটা দৃষ্টিভঙ্গি নিয়ে এগোচ্ছে যে আমাদের রাজ্যে সত্যিকারের ছাত্র-ছাত্রীরা যারা বেরোচ্ছে তাদের কতটা আমরা উচ্চশিক্ষার জন্য সুযোগ করে দিতে পারি। এবং সেখানে সরকারি উদ্যোগ এবং তার পাশাপাশি বেসরকারি যে ছুঁতমার্গের কথা—আমি বার বার করে বলছি, এর আগেও আমি বলছি,—সিলেক্ট কমিটিতে আপনিও ছিলেন Seacom-এর ক্ষেত্রে, সেই প্রসঙ্গে কালকে আমি বলব যে ওনার sceptic-এর ক্ষেত্র কি ছিল। আমার মনে হয় যে, যে জায়গায় আমাদের সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী ভাবতে চাইছেন এই উদ্যোগগুলোকে সমর্থন করুন। প্রথমেই স্কেপটিক হবেন না, প্রথমেই সন্দেহভাজন হবে না, কারণ আমি আপনাকে বললাম একাধিক রাজ্যের উদাহরণ দিয়ে আমি আপনাকে দেখাতে পারি এবং সেখানে আপনাকে দেখিয়ে দেব আগামীকাল এই বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি করার ক্ষেত্রে আমরা আমাদের রাজ্য ভেবেছে সবার শেষে। অন্যান্য রাজ্য অনেক অনেক আগে ধরেছে, অনেক এগিয়ে গেছে। সেখানে বিশ্ববিদ্যালয় স্থাপন, উচ্চশিক্ষার এনরোল মেন্ট, সুযোগ পাওয়া, তার মেরিট, তার গবেষণা, অনেক অনেক এগিয়ে গেছে। আপাতত আমি আজকে এইটুকু বলছি, এখন আমার মনে হয় অন্যান্য যাঁরা আছেন বন্ধুরা, এই অ্যাডামাস ইউনিভার্সিটি বিল আমার মনে হয় এটা আপনারা সর্বসম্মতিক্রমে এখানে গ্রহণ করুন। আমার ধারণা এই বিল পাস হলে সরকারি ক্ষেত্রে ৪টি বিশ্ববিদ্যালয়, পাশাপাশি এটি হবে রাজ্যে দ্বিতীয় বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং কালকে সিকম পাশ হলে হবে তৃতীয় বেসরকারি বিশ্ববিদ্যালয়। অর্থাৎ আড়াই বছরে এই সরকারের অধীনে বা নেতৃত্বে, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তৈরি হবে মোট ৭ খানা ইউনিভার্সিটি। আমার মনে হয় এই তথ্যটাই আপাতত যথেষ্ট হবে। কালকে আমি আরো বিশদে বিস্তারিতভাবে বলব। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please

say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clauses 2 to 45

There is no amendment to Clauses 2 to 45. The question that Clauses 2 to 45 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

SCHEDULE 'A' & 'B'

There is no amendment to Schedule 'A' and 'B'. The question that Schedule 'A' and 'B' do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Shri Bratya Basu: Sir, I beg to move that the Adamas University Bill, 2014, as settled in the Assembiy, be passed.

Mr. Speaker: As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Ayes, ayes)
Ayes have it, ayes have it.

The Bill is passed, the Bill is passed.

Adjournment

The House was then adjourned at 8.41 p.m. till 10.00 a.m. on Friday, the 21st February, 2014 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 21st February, 2014 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 34 Minister, 06 Minister of State and 23 P.S. and 185 Members.

[10.00–10.10 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, আমার একটা Point of information আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলেই জানি, যে আজকে ২১ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ২১ ফেব্রুয়ারি ভাষা শহিদদের আত্মত্যাগের দিন, গভীর শোকের দিন। ১৯৫২ সালে বাংলা ভাষা আন্দোলনে যাদের রক্তে লাল হয়েছিল সেই সালামুদ্দিন, বরকত রফিক, আবদুল জব্বরদের স্মরণের দিন। ভাষা শহিদদের শ্রদ্ধা জানাতে আসুন সবাই শোক জ্ঞাপন করি। আমরা শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে সবাই মিলে এক মিনিট নীরবতা পালনের আবেদন জানাই আমাদের মাননীয় অধ্যক্ষের মাধ্যমে যাতে আমরা তাদের শ্রদ্ধা জানাতে পারি।

মিঃ স্পীকার : আমি ওনার প্রস্তাবের সঙ্গে সহমত। এক মিনিট নীরবতা পালনের জন্য সবাইকে অনুরোধ করছি।

(At this stage one minute silence was observed)

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Forty-Fifth Report of the Committee on Subordinate Legislation (2013-2014)

Shri Nepal Mahato: Sir, With your kind permission I beg to present the Forth-Fifty Report of the Committee on Subordinate Legislation (2013-2014) on the West Bengal Right of Cildren to Free and Compulsory Education Rules, 2012.

Presentation of the Fourth Report of the Standing Committee on Labour (2013-2014)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে আমি শ্রম সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির ২০১৩-২০১৪ সালের রাজ্যের বিড়ি শ্রমিক ও বিড়ি শিল্পের বর্তমান অবস্থা সম্পর্কিত চতুর্থ প্রতিবেদন পেশ করছি, ধন্যবাদ।

LEGISLATION

The Seacom Skills University Bill, 2013 as reported by the Select Committee.

Mr. Speaker: Now I call upon Hon'ble Minister-in-Charge of the higher Education Department to move the motion for consideration of the Bill as reported by the Select Committee.

Sri Bratya Basu: Hon'ble Speaker, Sir, I beg to move that the Seacom Skills University Bill 2013 as reported by the Select Committee be taken into consideration.

মিঃ স্পীকার: সাধারণ নিয়ম অনুযায়ী সিলেক্ট কমিটিতে যাঁরা মেম্বার থাকেন তাঁরা বলেন না। তবুও আমি অনুমতি দিচ্ছি আপনাকে বলবার। সাধারণত এটা প্রসিডিওর নয়, Kaul & Sakdher দেখছিলাম, anyway আপনি বলুন।

শ্রী আনিসুর রহমান: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার শরীর-টা ভালো নেই, তবু আমি এ ব্যাপারে কয়েকটা কথা বলতে চাই। তার মধ্যে প্রথম হচ্ছে, আমি এর আগে প্রথম একটা সিলেক্ট কমিটির মেম্বার হয়েছিলাম। তখন আমি শুনেছিলাম সিলেক্ট কমিটি যে বিষয়ের ওপর হয় তার সমস্ত কিছু জানতে পারে। কাগজ-পত্র দেখতে চাইলে দেখতে পারে, কারো সঙ্গে কথা বলার দরকার হলে গিয়ে বলতে পারে। এইসব সুযোগ-সুবিধা আছে। যে কমিটি-টা হয়েছিল, যেটা বোধ হয় ক্রেতা সুরক্ষা নিয়ে, সেখানে সমস্ত কাগজ-পত্র আমাদের দেওয়া হয়েছিল। এমন কি বাইরের রাজ্য থেকে আমরা যা যা চেয়েছিলাম সমস্ত কাগজ-পত্র দেওয়া হয়েছিল। কিন্তু আমরা অবাক হয়ে গেলাম, মূল যে কাগজ-পত্র, যার ওপর ভিত্তি করে ইউনিভার্সিটি হবে, সেই কাগজগুলো আমরা দেখতে পেলাম না। আমি কথাটা বলছি এই কারণে যে, অনেকে হয়তো মনে করছেন আমরা প্রাইভেট ইউনিভার্সিটির বিরুদ্ধে। না। দুটো কথা বলি। শিক্ষাকে বেসরকারী করা চলবে না। আমরা এর বিরোধী। কিন্তু বেসরকারী উদ্যোগ যদি যুক্ত হয় তাহলে তার আমরা বিরোধী না। আমাদের যে শিক্ষা ব্যবস্থা আছে তাকে যদি কেউ প্রাইভেটের হাতে তুলে দেয় তাহলে আমরা বিরোধিতা করব। কিন্তু কোথাও যদি একটা প্রাইভেট কলেজ হয়, প্রাইভেট ইউনিভার্সিটি হয় তাহলে আমরা তার বিরোধিতা করি না, কিন্তু কতগুলো নিয়ম-কানুন মানার জন্য আমরা বার বার বলি। এখন এখানে যেটা হল, ব্রাত্যবাবু ভালো করে জানেন, সাধারণত, যখন কোনো স্কুল হয়, recognition পায়, তার আগে inspection হয় এবং অফিসাররা যান। আমি এক সময় স্কুল তৈরি করেছিলাম। Inspection হয়েছে। অনেক সময় স্কুলটা হওয়ার জন্য অসত্য কথা, অসত্য report—এইসব দিয়ে দিতে হয়। এখানে এই যে সাতজনের কমিটি, তার যাঁরা অফিসার ছিলেন, বেশির ভাগই হচ্ছেন অফিসার, আমি অবাক হয়ে গেলাম, অফিসাররা জানতে পারবেন অথচ আমরা জানতে পারব না। আমরা জানতে চাইলাম,

माननीय मन्त्री बललেन, আমার দেওয়ার ইচ্ছা আছে। কিন্তু কোনো একজন সচিব নাকি তাঁকে বলেছেন 'দেওয়া যাবে না'। এই সচিবের কথামতো এঁরা আটকে গেলেন। তার পর বিতর্ক হল, আপনার কাছে গেল কিন্তু সেই কাগজ আমরা পেলাম না। সব থেকে দরকার ছিল যে কাগজটা সেই কাগজটা আমরা পেলাম না। দ্বিতীয়ত, গভর্নমেন্টের যে শিক্ষানীতি, পলিসি ছিল, সেই পলিসির কপি আমরা পেলাম না। তাই আমরা যে বিষয়গুলো জানতে চেয়েছিলাম সেই বিষয়গুলো আলোচনার সুযোগ আমরা পেলাম না। তা সত্ত্বেও কতগুলো সংশোধনী আমরা দিয়েছিলাম। সেই সংশোধনীগুলো গৃহীত হয়নি। আমাদের যে বিষয়ে আপত্তি ছিল মাননীয় অধ্যক্ষ মহোদয়, তার মধ্যে প্রথম হচ্ছে, এই ধরনের ইউনিভার্সিটি আমাদের রাজ্যে দূরে থাক, আমাদের দেশে দূরে থাক, পৃথিবীতে কোথাও আছে কিনা আমি জানি না। এমন একটা ইউনিভার্সিটি তৈরি করা হচ্ছে যে ইউনিভার্সিটি সব কিছু পড়াবে। এমন বিষয় নেই যা পড়াবে না। এখানে আপনারা দেখতে পাবেন, 'To provide instruction, teaching, training and research including development of skills in various branches and specialized field of study of Science, Technology, Medicine, Management, Law, Humanities, Social Sciences, Education, Performing Arts.' —মানে শিক্ষাতে যত বিষয় আছে, সব বিষয়ের অধিকার এই ইউনিভার্সিটিকে দেওয়া হয়েছে। শুধু তাই না তার পরে বলা আছে, দু'নম্বরে, 'To establish the main campus in West Bengal—বীরভূমে যেটা হবে তার সঙ্গে and to have study centres, campuses, off-campus centres, off-shore campuses and regional centres at different places in India and abroad. মানে এই ইউনিভার্সিটি পৃথিবীর যে কোনো জায়গায় সেন্টার করতে পারবে, স্কুল করতে পারবে, সব করতে পারবে। তার পর আছে, যাঁরা পড়াশোনা করবেন তাঁদের যে মূল্যায়ন বা পরীক্ষা, সেটা ইউনিভার্সিটি মনের মতো করে করতে পারবে। এখানে distant education হবে। অর্থাৎ, আসলে যা দাঁড়াবে, কার্যত এটা একটা সার্টিফিকেট দেওয়ার প্রতিষ্ঠান হবে। এতে বলা আছে academic distinction থেকে শুরু করে যত রকমের সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা আছে সব এদের হাতে থাকবে। এটা একটা মারাত্মক ব্যাপার হবে। কেননা, মাননীয় মন্ত্রী নিশ্চয় জানেন, আমাদের যে IGNU আছে, এবং বিশেষ করে নেতাজী ওপেন ইউনিভার্সিটি আছে বা স্কুল আছে সেখানে আমরা দেখতে পাচ্ছি টাকা-পয়সা দিলে তাড়াতাড়ি সার্টিফিকেট পাওয়া যায়, ডিগ্রিও পাওয়া যায়। আমি এ রকম দেখলাম, ICDS-র কিছু মহিলারা, যারা এইট পাশ ছিল, তারা ওখানে গিয়ে টাকা-পয়সা দিয়ে একটা সার্টিফিকেট নিয়ে টেন পাশ হয়ে গেছে। এই অবস্থা যদি এখানে হয় তাহলে বেসরকারী হাতে গেলে কী হবে তা ভালো করেই বুঝতেই পারছেন। আমার ধারণা এর ফলে হয়তো ওই সারদা কাণ্ডের মতো একটা কাণ্ড হওয়ার সুযোগ এতে আছে। তার পরে যেটায় আসব সেটা হচ্ছে, এই "fees" সংক্রান্ত ব্যাপারে। অদ্ভুত ! আমি অবাক হয়ে গেলাম, fees-এর ব্যাপারে বলা আছে, fees-এর দুটো ভাগ আছে। একটা হচ্ছে, tution fees। আরেকটা, other fees. Tution

fees-এ বলা আছে, শুধুমাত্র কতগুলো যে প্রফেশনাল কোর্স আছে, যেমন, ইঞ্জিনিয়ারিং মেডিকেল—এই সমস্ত ক্ষেত্রে গভর্নমেন্ট অ্যাপ্রুভ করে দেবে তার fees কত হবে। কিন্তু 'others'-এর ক্ষেত্রে কী হবে তা বলা নেই। এই যেমন B.Ed., ওই BLAD না কি কোর্স আছে সেখানে আমরা দেখতে পাচ্ছি এমনি টিউশন ফি যা নিচ্ছে, ভর্তি হওয়ার জন্য কোথাও ১ লক্ষ, কোথাও ২ লক্ষ, কোথাও ৩ লক্ষ, কোথাও ৪ লক্ষ টাকা. এই রকম নিয়ে নিচ্ছে।

[10.10–10.20 a.m.]

other fees-এর কোনো রেসট্রিকশান এখানে দেওয়া নেই। সেকেন্ড হচ্ছে, other fees যেমন দেওয়া নেই তেমনি other then Professional course সেখানেও ফি কত হবে তাও কিন্তু বলা নেই। আমরা একটা অজুহাত শুনলাম তাতে বলা হয়েছে, এসব দিলে নাকি তারা কাজকর্ম করবে না। আমাদের কাছে অন্য শিক্ষা—আমি বলতে চাই আজকে মেডিক্যাল করুন আমাদের আপত্তি নেই, ডাক্তার হবে আপত্তি নেই। ইঞ্জিনিয়ারিং কলেজ করুন, আপত্তি নেই। তার জন্য university করুন, আমাদের আপত্তি নেই। এর জন্য আমরা কোনো আপত্তি করিনি। কিন্তু একেবারে মাধ্যমিক, হায়ার সেকেন্ডারি থেকে আরম্ভ করে যত রকমের শিক্ষা আছে সব শিক্ষা, জেনারেল এডুকেশান যেগুলো সবক্ষেত্রে প্রফেশনাল নয়, সেখানেও এইরকম ছাড় দিয়ে দেওয়া হয়েছে একটা বিশ্ববিদ্যালয়কে, এটা কখনওই কাম্য হতে পারে না। এরকম করা হয়েছে। এছাড়াও যে বিভিন্ন কমিটি আছে, সেই কমিটিতে প্রতিনিধি রাখা হয়েছে, সব তো রাখা হয়নি। ছাত্র প্রতিনিধি নেই, এমন কি নন-টিচিং প্রতিনিধি নেই। কিন্তু যে কটা আছে সবকটাই নমিনেটেড। তাহলে সবটা মিলিয়ে যে নাই, কেউ চান না—আমরা যে একটা বিশ্ববিদ্যালয় করছি, যে বিশ্ববিদ্যালয় খুশিমতো সবকিছু পড়াতে পারবে, যে বিশ্ববিদ্যালয় খুশিমতো পরীক্ষা নিতে পারবে, যে বিশ্ববিদ্যালয় খুশিমতো সার্ভিস দিতে পারবে এবং এটা যদি দিয়ে দেওয়া হয় তাহলে আমরা একটা ভুল পথে চলে যাব। এর আগে অনেকে বলার চেষ্টা করেছিলেন যে, আজকে Market economy-র যুগ। এখানে এটা মানতেই হবে, এটা করতেই হবে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী retail sale-এর ব্যাপারে, খুচরো বিক্রির ব্যাপারে বাইরের ইনভেস্টমেন্ট বন্ধ করেছেন, আপত্তি করেছেন এই কারণে, স্বাভাবিকভাবেই তিনি ভালো কাজ করেছেন আমরা সমর্থন করি। কিন্তু আজকে শিক্ষার ক্ষেত্রে আমাদের মতো দেশে, আজকে যে দেশে সবাই টাকা দিয়ে শিক্ষা কিনতে পারে, সেখানে যে সব ব্যবস্থা নেই, সব কিছু প্রাইভেট করে দেয়নি, আর আমরা যদি এরকম একটা উদ্যোগ নিয়ে থাকি তাহলে ক্ষতি হবে। আমি বলতে চাই আমাদের অনেক university আছে। তাদের একটা সীমাবদ্ধতার মধ্যে রেখে দিয়েছি। আজকে আমাদের এমন university আছে যারা গোটা রাজ্যে কাজ করতে পারে। গোটা রাজ্যে প্রতিষ্ঠান গড়তে পারে, distance education করতে পারে, ট্রেনিংয়ের ব্যবস্থা করতে পারে। সব করতে পারে। সেগুলো বাদ দিয়ে এরকম একটা ঝুঁকি নিয়ে, এরকম একটা প্রাইভেট university করে দেওয়া সেটা ঠিক হবে না বলে মনে

করি। আর সব থেকে যেটা খারাপ হয়ে থাকল—আমাদেরও খারাপ লাগছে এমন একটা বিষয়ে আমরা committee-র মধ্যে ছিলাম যে বিষয়ের মূল কাগজগুলো আমরা পেলাম না। না পেলাম inspection committee-র রিপোর্ট, না পেলাম এই government-এর Education policy-র রিপোর্ট। কোনো রিপোর্টই আমরা পেলাম না। যার ফলে যে উদ্দেশ্য নিয়ে এটা করা শুধুমাত্র দাঁড়ি, কমা, ছেদ এগুলো ঠিক করার জন্য Select Committee হয়নি। আমি যা দেখলাম যে কটা মেনে নেওয়া হয়েছে তার মধ্যে কতগুলো ছাপা ভুল ছিল, সেগুলোই মাত্র মেনে নেওয়া হয়েছে। আর একমাত্র anti ragging ব্যাপারটা মেনে নেওয়া হয়েছে। আর বাকি যে মূল বিষয়টা, যেটা আমরা বলেছিলাম সমস্ত ক্ষেত্রেই, tuition fee-এর ক্ষেত্রে, admission-এর ক্ষেত্রে, সমস্ত পলিসিগত ব্যাপারে, সেগুলো কিন্তু গ্রহণ করা হয়নি। যার জন্য আমরা সেই কমিটিতে বার বার চেষ্টা করেছি এটা শুধু আমার একার কথা নয়, আমরা এরকম Note of decent দিয়েছিলাম। কেন Note of decent দিয়েছি তাও আমাদের লিখিত করা আছে এই রিপোর্টে। আমাদের অন্যান্য যাঁরা বন্ধু আছেন কংগ্রেস দলের পক্ষ থেকে আপত্তি জানানো হয়েছে। SUCI বন্ধু তাঁরা আপত্তি জানিয়েছেন। আমি দেখলাম আরেকটি দলের পক্ষ থেকে আপত্তি জানিয়েছে। অর্থাৎ সবারই পক্ষ থেকে আপত্তি জানানো হয়েছে। কতগুলো বিষয় পরিবর্তন করা একান্ত দরকার। তা না করতে পারলে আমাদেব যে মূল লক্ষ্য শিক্ষা নিয়ে, সেই লক্ষ্য থেকে আমরা অনেকখানি সরে যাব বলে আমার ধারণা। কাজেই আমার বক্তব্য হচ্ছে এটা পুনর্বিবেচনা করা হোক। আমি বলছি নিরপেক্ষ বিচার করুন। প্রয়োজনে আরো সময় নিয়ে ভেবে নিন, আমাদের আপত্তি নেই। University হোক আমরা চাই। এ ব্যাপারে আমাদের কোনো আপত্তি নেই, আমাদের কোনো সংকীর্ণতা নেই। কিন্তু এমন কতগুলো বিষয় রেখে দেওয়া হচ্ছে সেগুলো খুবই ক্ষতিকারক। আজকে হয়তো বুঝতে পারছেন না, কিন্তু পরবর্তীকালে বুঝবেন। যখন বুঝব তখন দেখা যাবে আবার একটা সারদা কাণ্ড হয়ে গেছে। একই ঘটনা ঘটেছে কালকে যেটা করা হল, যে university করা হল, একই রকম ব্যবস্থা রাখা হয়েছে। এই কারণে সারা পৃথিবীব্যাপী যেখানে খুশি সেন্টার করতে পারবে এবং যে কোনো জায়গায় collaborate করতে পারবে। এমনকি এখানে বসে ইংল্যান্ডের certificate দিয়ে দিতে পারবে। সেই ব্যবস্থা করে দেওয়া হয়েছে। মোট কথা আমার যেটা মনে হয় এর ফলে certificate দেওয়ার যে কাজটা এটা ভীষণভাবে চালু হয়ে যাবে। এর ফলে একটা ব্যবসা ভালো বাড়বে এবং শিক্ষা জগতে তার বড় রকমের ক্ষতি হবে। কেননা যে মানের কথা আমরা বলছি সেই মান রক্ষিত করার কোনো ব্যবস্থা ওখানে নেই। এই জন্য আমার অনুরোধ মাননীয় মন্ত্রীর কাছে, এর মধ্যে কোনো সংকীর্ণতার ব্যাপার নেই। কেননা আমি একটু অবাক হয়ে গিয়েছিলাম—আমরা রিপোর্টটা চাওয়ার পরেই একদিন আলোচনা হল হঠাৎ করে, মাননীয় মন্ত্রী সভাপতি ছিলেন। তিনি বলে দিলেন কারা কারা চান ? এবং দেখলাম তাকিয়ে আমরা চারজন মাত্র ছিলাম যারা বামপন্থী, তারা হাত তুললাম। আর বাকিরা বলল আমাদের দেখার দরকার নেই। আমি অবাক হয়ে গেলাম মাননীয় সদস্য সিলেক্ট কমিটির মেম্বার, তারা দেখতেই চাইছে না রিপোর্টটা। যে রিপোর্টের

উপর ভিত্তি করে একটা ইউনিভার্সিটি হচ্ছে, তাতে সব লেখা আছে কত বাড়ি আছে, কত জমি আছে, কি আছে কি না আছে আমরা কিছুই জানি না। আর মেম্বাররা জানতেই চাইলেন না, কি রিপোর্টটা আছে একটু। এটা আমার কাছে অবাক লাগল। এটা কখনই একটা উদার চিন্তা হতে পারে না। সিলেক্ট কমিটি মানেই বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতা আছে অতএব ওখানেও সংখ্যাগরিষ্ঠতা আছে—সংখ্যাগরিষ্ঠতাতে পাশ করিয়ে নেব, এটাকে কখনই সিলেক্ট কমিটি বলে না। সিলেক্ট কমিটি ন্যায্য বিচার করে, নিরপেক্ষ বিচার করে তবেই সত্যিকারে সিলেক্ট কমিটির কাজ ঠিকমতো হয় বলে আমি অন্তত জানি। কিন্তু এখানেই আশ্চর্য হয়ে গেলাম, সেই কাজটা হল না। যার ফলে এই বিষয় নিয়ে যেভাবে রিপোর্টটা আসছে—ইউনিভার্সিটি হত, আমাদের শিক্ষার উপরে কন্ট্রোল থাকত, শিক্ষাকে বাণিজ্যকরণ করা হত না, আমাদের উদ্দেশ্য সফল হত, সেটাও হল না। আমি এখনও মাননীয় মন্ত্রীর কাছে আবার আবেদন জানাব, ইউনিভার্সিটি হোক কিন্তু কতগুলি specialize sector যেগুলি আছে ডাক্তার তৈরি করার জন্য, আপনি অ্যালাউ করুন মেডিক্যেল, Engineering-এ কোনো আপত্তি নেই। যেখানে Professional course আছে, যেখানে আমাদের ঘাটতি আছে, সেটা হওয়া দরকার, কিন্তু বি.এ. পাস, এম.এ. পাস সার্টিফিকেটের জন্য এই রকম একটা ইউনিভার্সিটি করে দেওয়ার জন্য কোনো যুক্তি পাইনি। তাই অনুরোধ, এটা আবার বিবেচনা করুন। বিবেচনা করে নিয়ে যে সমস্ত বক্তব্য আমাদের আছে সেগুলি ভালো করে শুনে—আপনারা দেখুন, আপনারা নিজেরাই বুঝতে পারবেন কি অন্যায় হচ্ছে। সেটা দেখে নিন যাতে সত্যিকারে ন্যায্য বিচার হয় সেই ব্যবস্থা করবেন। এই কথা বলে আবার আমি এটার ব্যাপারে আপত্তি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

মিঃ স্পীকার : একটা ঘোষণা—আজকে ভাষা আন্দোলনের শহিদদের শ্রদ্ধাজ্ঞাপনের উদ্দেশ্যে লবিতে একটা শহিদ বেদি করা হয়েছে। বিরতির সময়—ওখানে মাল্যদান করার জন্য সমস্ত সদস্যদের আমি অনুরোধ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমেই সিলেক্ট কমিটির সুপারিশকৃত এবং মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসু আনীত The Seacom Skills University Bill, 2013-এর প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিক্ষা প্রসারের জন্য কতগুলি সিদ্ধান্ত গ্রহণ করেছেন যাকে আমরা সুদৃঢ় পদক্ষেপ বলে উল্লেখ করতে পারি। পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। স্যার, একটু আগেই আনিসুর রহমান সাহেব বলছিলেন যে সিলেক্ট কমিটির ব্যাপারে। তিনি সেখানে বিস্তারিত কথাবার্তা বলেছেন এবং তিনি জেনেছেন মাননীয় স্পীকার মহোদয় অনুমোদন না দিলে সেই রিপোর্টটা পাওয়া যায় না। স্বাভাবিকভাবেই সেই রিপোর্ট আসেনি কিন্তু রিপোর্ট না আসাতে কি ক্ষতি বৃদ্ধি হয়েছে আমরা অন্যান্য সদস্যরা কিন্তু বুঝতে পারলাম না। স্যার, আমাদের রাজ্যে বেসরকারী বিশ্ববিদ্যালয় ছিল না। বিগত বামফ্রন্ট সরকার—স্যার, আমার মনে পড়ছে একটা বই প্রকাশ করেছিলেন। যার নাম ছিল

আমরা চলি সম্মুখ পানে। কিন্তু ঘটনার বিশ্লেষণে এবং এর তাৎপর্য দাঁড়িয়েছিল আমরা চলি পিছন পানে. কে আমাদের রুখবে। কোনো অগ্রগতি নেই, কোনো প্রগতিশীলতার লক্ষণ নেই। শুধুই মিনিবাসের মতো পিছন দিকে এগিয়ে চলুন এই বার্তা ছিল বামফ্রন্টের। তাই সরকারী কলেজ করার উদ্যোগ নেই. বেসরকারী বিশ্ববিদ্যালয় গড়ে তোলার কোনো প্রয়াস নেই। স্যার, মমতা বন্দ্যোপাধ্যায় সেই মুখ্যমন্ত্রী যিনি অগ্রগতির কথা ভাবতে পারেন, তাকে প্রয়োগ করতে পারেন। আর সেই জন্যই ২০১১ সালে সরকার গঠন করে গঠনমূলক চিন্তাভাবনা নিয়ে রাজ্যটাকে সাজিয়ে তুললেন। সেই জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সংকল্প। বাংলার ছাত্রছাত্রীদের পড়াশুনার সুযোগ করে দেওয়া সেই জন্যই বিশ্ববিদ্যা প্রাঙ্গণকে প্রসারিত করা। স্যার, আগেই বলেছি আমাদের রাজ্যে private university ছিল না। ৩৪ বছর রাজত্ব করলেন কিন্তু একটাও বেসরকারী বিশ্ববিদ্যালয় করলেন না। অথচ মমতা ব্যানার্জী, মাননীয়া মুখ্যমন্ত্রী একটা বছরের মধ্যেই চারটে সরকারী বিশ্ববিদ্যালয় তৈরি করলেন। ওঁরা তো তৈরি করেছিলেন ২০০৮ সালে একটা বিশ্ববিদ্যালয় বারাসাতে। তার ৩৯ বিঘা জমির মধ্যে বেশির ভাগটাই জলা জমি কিনলেন। ৪ বছরে একটা বিল্ডিং শেষ করতে পারলেন না—এটা সরকারী বিশ্ববিদ্যালয়ের নমুনা। সরকারটা কার ছিল ? সরকারটা বামফ্রন্টের ছিল বলেই তাদের অগ্রগতিটা, তার লক্ষণটাও সেই রকমই। এখানে স্যার আমরা দেখব যে একটা বছরের মধ্যেই ৪টি বিশ্ববিদ্যালয় তৈরি করলেন। এক, কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয় করলেন আসানসোলে। যার ক্লাস শুধু হয়ে গেছে।

[10.20–10.30 a.m.]

দুই-পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় কোচবিহারে, এখানেও ক্লাস শুরুই শুধু হয়নি, শুনে অবাক হবেন মাত্র ৯ দিনের মাথায় প্রথম সেমিস্টারের ফল পর্যন্ত প্রকাশিত হয়েছে। অথচ দূরের নিন্দুকেরা বলছেন ক্লাসই নাকি শুরু হয়নি। তিন—ডায়মন্ডহারবারে সারা পূর্ব ভারতের মধ্যে মহিলাদের জন্য প্রথম বিশ্ববিদ্যালয়। আর চতুর্থটি—বেসরকারী বিশ্ববিদ্যালয়—টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি। বিশ্ববিদ্যালয় আরও তৈরি হয়েছে—বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ হয়েছেন, ১৪-১৫ শিক্ষাবর্ষেই ক্লাস শুরু হবে। বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে। গতকালই অ্যাডামাস বিশ্ববিদ্যালয়ের বিল পাশ হয়েছে। আর আজ এই বিশ্ববিদ্যালয় দি সিকম স্কিলস ইউনিভার্সিটি চালু হওয়ার জন্য প্রক্রিয়া শুরু হয়েছে। স্যার, একটা কথা বলি। বেসরকারী বিশ্ববিদ্যালয় শুনে কেউ কেউ আঁতকে উঠছেন, যেন ভূত দেখছেন। তাঁদের জেনে রাখা উচিত আমাদের রাজ্যেই শুধুমাত্র বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উদ্যোগ গ্রহণ করা হয়নি। এর আগে ১৭৩টি প্রাইভেট ইউনিভার্সিটি সারা দেশে হয়েছে। আমাদের রাজ্যকে কতটা পিছনে ফেলে দিয়েছিলেন এই আনিসুর সাহেবরা। অরুণাচল প্রদেশ, আসাম, গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, এমনকি কয়েক বছরের সৃষ্ট রাজ্য ঝাড়খণ্ড, সেখানেও হয়েছে। এছাড়া কর্নাটক, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড. উড়িষ্যা, পাঞ্জাব, রাজস্থান, সিকিম, ত্রিপুরা উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড—এই সব রাজ্যে বেসরকারী বিশ্ববিদ্যালয় হয়েছে। আর আমাদের রাজ্যে মমতা ব্যানার্জীর হাত ধরে

প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি হল। কল্প হয়েছে আডামাস ইউনিভার্সিটি, আর আজ আলোচনা চলছে বীরভূম জেলার দি সিকম স্কিলস ইউনিভার্সিটি। স্যার, আর একটা কথা বলি। এই বিশ্ববিদ্যালয়গুলির একটি নিয়ম আছে। প্রাইভেট ইউনিভার্সিটি হলেই যেটা আনিসুর সাহেব বলছিলেন, ওনার মনে হচ্ছে যে, উনি ওয়েবসাইট খোলেন কিনা জানি না, ওয়েবসাইট খুললে তিনি জানতে পারবেন যে প্রাইভেট ইউনিভার্সিটি হলেই কোনো নিয়ম থাকবে না, সরকারী কোনো নিয়ন্ত্রণ থাকবে না, এমনটা কিছু নয়। প্রথমত এই বিশ্ববিদ্যালয় হবে unitary. কোনো কলেজ চালু করতে পারবেন না। অর্থাৎ কোনো কলেজকে অনুমোদন দিতে পারবেন না। এটি UGC establishment an maintenance of standards in Private University Regulations 2003 and judgement of Hon'ble Supreme Court অনুসারে হঠাৎ করেই কোনো কলেজ খোলবার অনুমোদন পাবে না এই প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে। উনি কি করে বলছেন যে ডিগ্রি পাওয়া সহজ হয়ে যাবে, এটা আমি জানি না। আবার পাঁচ বছর পর যদি বিশ্ববিদ্যালয় তার মানোন্নয়ন ঘটাতে পারে তাহলে রাজ্যের বাইরেও ইউ.জি.সি.-র প্রায়র অ্যাপ্রুভাল বা প্রাক্ অনুমোদন নিয়ে অফ ক্যাম্পাস সেন্টার চালু করতে পারেন। উনি যে বলছেন লন্ডনে খুলবেন, অন্য রাজ্যে খুলবেন, এখানে খুলবেন, সেখানে খুলবেন কিন্তু তার আগে জানা উচিত যে আমাদের শিক্ষা ব্যবস্থার সঙ্গে যিনি মাথায় বসে রয়েছেন তিনি হচ্ছে মঞ্জুরী কমিশন। এই যে ইউ.জি.সি.-ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন বা এ.আই.সি.টি.ই. এখানে বলছেন যে ইউ.জি.সি.-র প্রায়র অ্যাপ্রুভাল বা প্রাক্ অনুমোদন নিয়ে অফ ক্যাম্পাস সেন্টারস চালু করতে পারেন। Distance mode এই যে ডিস্ট্যান্স এডুকেশানের ক্ষেত্রেও, ডিস্ট্যান্স মোডের ক্ষেত্রেও ইউ.জি.সি.এ.আই.সি.টি.ই. এবং ডি.ই.সি.-এর জয়েন্ট কমিটির ডাইরেক্টরের কাছ থেকে প্রায়র অ্যাপ্রুভাল নিয়ে তবে চালু করতে পারেন। স্যার, এই প্রাইভেট ইউনিভার্সিটির উপর যেমন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের একটা নিয়ন্ত্রণ থাকবে, ঠিক তেমনি রাজ্য সরকারেরও একটা নিয়ন্ত্রণ থাকবে। কোনো কোনো সদস্য আশঙ্কা প্রকাশ করেছেন সিলেক্ট কমিটিতে। কিন্তু স্যার সেই আশঙ্কা অমূলক। যেমন আনিসুর সাহেব বলেছেন যে provision has been kept in the Bill for extension of activities, jurisdication of a new private university beyond the territorial limit of the state of West Bengal, even leaving scope for off-campus thereof. কিন্তু বিলে প্রভিশান কি রাখা হয়েছে ? বিলটাও যদি পড়তেন ভালো করে তাহলে বুঝতে পারতেন আনিসুর সাহেব যে ক্লজ সিক্স, সাব ক্লজ টু-তে বলা হচ্ছে to establish the main campus in West Bengal, and to have study centres, campuses, off-campuses centres, off-shore campuses and regional centres at different places in India and abroad as per the norms and [University's] reguations of the University Grants Commission and other relevant reguatory bodies.' সুতরাং স্যার, আমি পূর্বেই উল্লেখ করেছি যে ইউ.জি.সি.-র প্রায়ার অ্যাপ্রুভাল ছাড়া, ইউ.জি.সি.-র অনুমোদন

ছাড়া কোথাও কোনো অফ ক্যাম্পাস সেন্টার চালু করা যাবে না। পাঁচ বছর পর তাঁরা আবেদন করতে পারেন। তাহলে আনিসুর সাহেবের ভয় কিসের ? আর এটা তো বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের মান দেখবেন কে ? আমি আপনি নয়, দেখবেন ইউ.জি.সি.। ডঃ তরুণ কান্তি নস্কর—স্যার, উনিও বলেছিলেন The Government in the state is giving red carpet welcome to private univestors in the field of education. দেশের অগ্রগতি যদি ঘটাতে হয়, তাহলে বাইরের বিনিয়োগকারীকে ডাকতে আপনার অসুবিধা কোথায় ? শিল্পের ক্ষেত্রে ডাকছেন না ? তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে ডাকছেন না ? বিশ্ববিদ্যালয় একটা ভালো সেমিনার কিংবা পড়ানোর জন্য বাইরের মানুষদের ডাকছেন না ? তাহলে বিশ্ববিদ্যালয়ের উপরে সরকারের নিয়ন্ত্রণ রেখে যদি বাইরের বিনিয়োগকারীকে ডাকি, তাহলে ক্ষতি কি স্যার ? এখন opposition for opposition's sake যদি করেন, তাহলে স্যার বলার কিছু নেই। রাজ্য সরকারেরও এই প্রাইভেট ইউনিভার্সিটির উপরে একটা নিয়ন্ত্রণ থাকবে। কিভাবে এই নিয়ন্ত্রণ থাকবে ? তা Clause 40-তে সুন্দরভাবে বলা আছে। সাবক্লজ (1)-এ বলছে The State Government shall have the power to cause inspection of the University in such manner as may be prescribed and in particular, its buildings, libraries, halls, museums and other infrastructures including the administrative as well as financial functions of the University. সুতরাং এখানে স্যার বলা হচ্ছে যে, ইউনিভার্সিটিকে ইউনিভার্সিটির বিষয়ে সরকার তার নিয়ন্ত্রণটা জারি রাখতে পারবেন এবং নিয়ন্ত্রণ রাখতে পারবেন। আর কি করবে ? The State Government shall have power to give directions to the University from time to time considering the interest of the Student as well as for public interest. বিশ্ববিদ্যালয়ের যদি স্যার ছাত্রদের স্বার্থ রক্ষা করার বিষয়টা প্রধান হয়ে থাকে, আর সেই স্বার্থ রক্ষার বিষয়টি যদি সরকার দেখে এবং বিশ্ববিদ্যালয়কে নির্দেশ দেয়, তাহলে অসুবিধা কোথায় ? কারণ বিশ্ববিদ্যালয় তো মূলত ছাত্রদের জন্য। ছাত্রদের লেখাপড়ার উন্নয়নের জন্য। তাহলে অসুবিধা কোথায় ? সরকারের আরও একটা নিয়ন্ত্রণের কথা বলা হয়েছে। ক্লজ 38-এ খুব স্পষ্টভাবেই বলা হয়েছে, Subject to the provisions of this Act, the University-s statutes, the Ordinances and the University-s regulations, the State Government may make rules for the purpose of duly carrying out the provisions of, or exercising the powers conferred by, this Act or to provide for matters which, by the University-Statues, the Ordinances or the University-s regulations, are required to be prescribed by rules. এছাড়া মাননীয় রাজ্যপাল হবেন ভিজিটার। রেগুলেটরী কমিটি থাকবে। সরকারের পক্ষে এই কমিটি কাজ করবে যতক্ষণ না তৈরি হচ্ছে ততক্ষণ West Bengal Higher Education Council তা দেখবে। সুতরাং স্যার এই যে আশঙ্কা করছেন, সেই

আশঙ্কাগুলো অমূলক। আসলে মমতা বন্দ্যোপাধ্যায় যে অগ্রগতির চাকা ঘরিয়েছেন, সেই অগ্রগতিকে রোধ করার জন্যই এদের বিরোধিতা, তাই আমি এই বিলকে পূর্ণ সমর্থন করে নতুন একটা বিশ্ববিদ্যালয় গড়ে উঠুক, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : শ্রী অসিত মিত্র একটু দেরি করে আসবেন, আমাকে ঠিক একটু আগে কংগ্রেস পরিষদীয় দল থেকে জানানো হয়েছে। উনি এলে পরে ওনারটা দেব।

[10.30–10.40 a.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই যেটা বলতে চাইছি এই বিল নিয়ে যে, গতকাল অ্যাডামাস ইউনিভার্সিটি বিল নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী যেটা বলেছেন যে, ভোট কে কত পেয়েছে অর্থাৎ আমার দল, ভোট কত পেয়েছেন তার ভিত্তিতে উনি বিচার করেছেন আমার যুক্তিটা কতটা সঠিক কি বেঠিক। একজন মেম্বার আমি এখানে বসে আছি, স্বভাবতই ভোট খুব কম। তাঁর যুক্তি যদি মানতে হয় তাহলে বিরোধীদের তো কোনো যুক্তি থাকারই কথা নয় এখানে। এটা আমার মনে হয়েছে। মাননীয় ব্রাত্যবাবু কিছু মনে করবেন না, প্রভার্টি অফ থিংকিংই মনে হয়েছে আপনার। আপনার সম্পর্কে আমার অন্য ধারণা আছে। এটা আপনার কাছে এক্সপেকটেড ছিল না। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে সিলেক্ট কমিটির রিপোর্ট যখন গ্রহণ করা হয়, সেই পর্বে আমি আলোচনায় অংশগ্রহণই করিনি। কারণ নীতিগতভাবে আমি এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে। ফলে আমি নোট অফ ডিসেন্ট পরবর্তীকালে দিয়েছি। যে নোট অফ ডিসেন্ট এখানে লেখা হয়েছে, আমি কেন বিরোধিতা করেছি সেটা হল যে, আপনারা নিশ্চয়ই খেয়াল করবেন জাতীয় স্বাধীনতা আন্দোলনের সময় যাঁদের কথা আমরা এখানে প্রায়ই স্মরণ করি, উদ্ধৃত করি, তাঁরা প্রত্যেকেই কিন্তু শিক্ষার সার্বজনীনতা চেয়েছিলেন, শিক্ষা যাতে অবারিত হয় সেটাই চেয়েছিলেন। সেজন্য শিক্ষার খরচ সমস্ত দিক দিয়ে সরকার বহন করবে এবং সেখানে ব্যবসায়ীকরণ, বাণিজ্যিকীকরণের কোনো সুযোগ থাকবে না। এই কথাগুলোই কিন্তু বার বার এসেছে। তাঁদের স্বপ্ন ছিল স্বাধীনতার পরে এটা, যারা সরকার গঠন করবে তারা এই যে মিশান, সেই মিশানকে তারা সাকসেসফুল করবে। আমি প্রথমেই উদ্ধৃত করতে চেয়েছি রবীন্দ্রনাথকে। তিনি বলেছিলেন, 'চিরকালই মানুষের সভ্যতায় একদল অখ্যাত লোক থাকে, তাদেরই সংখ্যা বেশি, তারাই বাহন ; তাদের মানুষ হবার সময় নেই, দেশের সম্পদের উচ্ছিষ্টে তারা পালিত। সবচেয়ে কম খেয়ে, কম পরে, কম শিখে, বাকি সকলের চেয়ে বেশি তাদের অসম্মান। কথায় কথায় তারা রোগে মরে, উপোসে মরে, উপরওয়ালাদের লাথি-ঝাঁটা খেয়ে মরে—জীবনযাত্রার জন্য যত কিছু সুযোগ-সুবিধা সবকিছুর থেকেই তারা বঞ্চিত। তারা সভ্যতার পিলসুজ, মাথায় প্রদীপ নিয়ে খাড়া দাঁড়িয়ে থাকে ; উপরের সবাই আলো পায়, তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে।' এই যাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে তাদের শিক্ষা দেওয়ার জন্যই তো ইনক্লুসিভ এডুকেশন এবং সেই

ইনক্লুসিভ এডুকেশনের কথাই কিন্তু আমাদের দেশের মনীষীরা বার বার বলে গেছেন। এই যে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠান, তার যে এক্সপেরিমেন্ট এখানে হয়েছে, সেই এক্সপেরিমেন্টে এই ইনক্লুসিভনেসের অভাব কিন্তু সব সময় ছিল। রবীন্দ্রনাথ আর এক জায়গায় বলেছেন, "দেহের সমস্ত রক্ত মুখে এসে জমা হলে সেটাকে স্বাস্থ্যের লক্ষণ বলে না। তেমনি গোটা দেশকে রিক্ত করে, নিঃস্ব করে, বঞ্চিত করে অল্প কিছু মানুষের জন্য অনন্যসাধারণ সুযোগ-সুবিধার ব্যবস্থা করাটাও কোনো সভ্য সমাজের নীতি নয়।' যে শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার বলছে অনেক বড় শিক্ষা প্রতিষ্ঠান হবে, তার সুযোগ-সুবিধে কিন্তু সীমাবদ্ধ থাকবে গুটি কয়েক মানষের কাছে। সেটা কিন্তু সবার জন্য কখনও বিস্তারিত হতে পারে না। কারণ তার ফিজ স্ট্রাকচার হবে অনেক বেশি। ফলে এটার জন্যই কিন্তু আমি সেখানে বিরোধিতা করেছিলাম এবং সেই নোট অফ ডিসেন্ট আমি এখানে দিয়েছি। এখানে জাতীয় শিক্ষার সম্পর্কে যাঁরাই ভেবেছেন, তাঁরাই কিন্তু এই কথাটা বার বার বলেছেন যে, শিক্ষার দ্বারটা অবারিত হোক এবং শিক্ষার যে ব্যয়ভার, শিক্ষার রাজস্বর সিংহভাগ কোথায় খরচ হবে ? লালা রাজপত রায় বলছেন, 'শিক্ষাই হচ্ছে জাতির প্রথম প্রয়োজন এবং যাবতীয় রাজস্বের সিংহভাগই এই খাতে ব্যয় করা উচিত।' এটা লালা রাজপত রায়ের কথা। যাঁদের উদ্ধৃত করছি তাঁরা কিন্তু কেউ মার্কসবাদী কমিউনিস্ট ছিলেন না। তাঁরা শিক্ষাকে এইভাবে দেখেছেন। ফলে যখন এখানে সরকারী উদ্যোগে বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল যে কারণে তাকে মুক্ত হস্তে সমর্থন করেছিলাম। কিন্তু এর মধ্যে দিয়ে যে ব্যবসায়ীকরণ, বাণিজ্যিকিকরণ হবে, সেটাকে আমি কখনোই সমর্থন করতে পারি না। মাননীয় অর্থমন্ত্রী গোপালকৃষ্ণ গোখলের বক্তব্যকে একটু অন্যরকম করে তার বাজেট বক্তৃতা দিয়েছিলেন। সেই গোপালকৃষ্ণ গোখলে বলেছেন, 'যেভাবে এবং যতদূর পর্যন্ত গণশিক্ষার ক্ষেত্রে কোনও সরকার তার দায়িত্ব পালন করে, তার দ্বারাই সেই সরকারের জনসাধারণকে সত্যি সত্যিই সুস্থভাবে রাখার আকাঙ্ক্ষাকে বিচার করা যায়। বিশ্বের সভ্য দেশগুলির সঙ্গে যথাযোগ্য স্থান পেতে হলে এই ক্ষেত্রে সরকারকে আরও অনেক বেশি দায়িত্ব নিতে হবে।' আমি আপনাদের জানাতে চাই ইউরোপের যে সভ্য দেশগুলো, যাদের কথা আমরা প্রায়ই উচ্চারণ করি এখানে এবং যারা ইন্ডাস্ট্রিয়ালি অনেক অ্যাডভান্স কান্ট্রি, তারা কিন্তু প্রত্যেকে শিক্ষাক্ষেত্রে এখনও পর্যন্ত সরকারী আনুকূল্যে অর্থাৎ স্টেট এডেড এডুকেশন, স্টেট ফান্ডেড এডুকেশন তার উপরই কিন্তু তারা বার বার জোর দিয়ে এসেছে। ফলে যে কারণে আমি এটার বার বার বিরোধিতা করে এসেছি। আমি এখানে উদ্ধৃত করতে চাইছি সুভাষচন্দ্রকে। তিনি বলছেন, 'জাতীয় শিক্ষা সম্বন্ধে ভাবিতে গেলে আর একটি কথা আমাদের মনে পড়ে—সেটি হইতেছে শিক্ষাক্ষেত্রের কথা। শিক্ষার ক্ষেত্র স্নেহময়ী জননীর ন্যায় আপনার সকল সন্তানকে যেন ঐকান্তিক স্নেহের সঙ্গে আপনার বুকে টানিয়া লইতে পারে। সেখানে ব্রাহ্মণ, শূদ্র, চণ্ডাল, হিন্দু, মুসলমান, শিখ, পার্শি, নির্ধন, কাঙাল সকলেই যেন জাতিধর্মনির্বিশেষে সমান স্থান পায়।' আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে ভাবার জন্য বলছি, যে শিক্ষা প্রতিষ্ঠান গতকাল করেছেন এবং আজকে যেটা করতে যাচ্ছেন, সেই শিক্ষা প্রতিষ্ঠান ঐকান্তিক স্নেহে সমস্ত স্তরের জনসাধারণকে তারা টেনে নিতে পারবে ? যেটা সুভাষচন্দ্র যে আকাঙ্ক্ষা প্রকাশ করে

গেছেন, তা কিন্তু কখনও টানতে পারে না। ফলে যে কারণে এটার বিরোধিতা। আমি আরও একটি উদ্ধৃতি আপনাদের সামনে দিতে চাইছি। আপনারা নিজেদের গান্ধীবাদী দল বলেন, যে গান্ধীবাদী দলের একটা সরকার চলছে। গান্ধীজী এই জাতীয় শিক্ষা সম্বন্ধে কি বলেছেন ?—জাতীয় শিক্ষার চরিত্র ধর্ম হ'ল এই যে, শিক্ষা হবে অবৈতনিক, শিক্ষাকে যেন অর্থনির্ভর হতে না হয়, সূর্য যেমন সকলকে সমানভাবে কিরণ দেয়, বৃষ্টির ধারা যেমন সবার জন্যই ঝরে পড়ে, শিক্ষাও তেমনি সকলের জন্য সহজলভ্য হবে। এখানে শিক্ষা সকলের জন্য সহজলভ্য হবে না; তাই আমার বিরোধিতা। আশিসবাবু আজকে যে কথা বললেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিই, আমি তাঁর বক্তব্যে দেখেছি, Dhirubhai Ambani University ওরা আগে করে গিয়েছিলেন। কি করে আপনি বললেন যে ওরা কোনো প্রাইভেট ইউনিভার্সিটি করেনি ? ওঁরা প্রাইভেট ইউনিভার্সিটি বিল এনেছিলেন, সেই বক্তব্যে আপনি প্রাইভেট ইউনিভার্সিটির বক্তব্যকে ছত্রে ছত্রে বিরোধিতা করেছিলেন। আজকে কিন্তু আপনি সম্পূর্ণ অন্য কথা বললেন। ফলে আমার বক্তব্য হচ্ছে, শিক্ষা এমন হওয়া উচিত, আমার শেষ উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করব। রবীন্দ্রনাথ তাঁর 'শিক্ষা সংস্কার' প্রবন্ধের শেষে একটা উদ্ধৃতি দিয়েছিলেন, সেই উদ্ধৃতি হচ্ছে টলস্টয়ের। আমি সরকার এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব এটা ভেবে দেখার জন্য। টলস্টয়ের সেই বক্তব্য উদ্ধৃত করে তিনি বলছেন, "জনগণের অজ্ঞতাই সরকারের শক্তির উৎস। সরকারও এটা জানে, এবং জানে বলেই সে সর্বদাই যথার্থ শিক্ষা বিস্তারের বিরোধিতা করে। আজ এই সত্যটা বুঝতে হবে। সরকার অজ্ঞতার অন্ধকার সৃষ্টি করবে, আবার একইসাথে জনগণের মধ্যে শিক্ষার বিস্তার ঘটাতে সচেষ্ট এমন ভান করবে—এটা কিছুতেই মেনে নেওয়া যায় না।" সমস্ত সরকার সম্পর্কেই টলস্টয় এটা বলেছেন, যেটা রবীন্দ্রনাথ উদ্ধৃত করেছেন। সুতরাং আপনার সরকার যেন এই কাজটা না করে, এটা ভেবে দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। এই বিলের বিরোধিতা করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য অসিত মিত্র বলবেন না, যেহেতু তিনি এই কমিটির সদস্য ছিলেন, আমাকে বললেন। ওনার বদলে মহম্মদ সোহরাব বলবেন।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী, প্রফেসর ব্রাত্য বসু 'The Seacom Skills University Bill, 2013' যেটা নিয়ে এসেছেন, সেই সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। শিক্ষা বাড়ুক, শিক্ষা প্রসার লাভ করুক, এটা তো আমরা সকলেই চাই। এই যে Private University বিল, গতকাল একটা হয়েছে, পাশ হয়েছে বিল। এই objects and reasons-এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি Seacom Marine College Trust, এই ট্রাস্টই এই প্রপোজালটা নিয়ে এসেছিল। তাদের engineering college আছে, one marine engineering college and several industrial training institute. এঁরা প্রস্তাব দিয়েছিলেন যে, আমরা একটা ইউনিভার্সিটি করব। objects-এর মধ্যে বলা হয়েছে স্যার, এর feasibility দেখার জন্য একটা seven-man committee তৈরি করা হল এবং on the basis of the report given by the

7-member committee আজকে এই বিলটা তৈরি হয়েছে। কিন্তু সেই যে ৭ জন সদস্যের কমিটি, সেই কমিটির রিপোর্টটা কোথায় ? The report has neither been placed before the select committee nor before the House. ওই রিপোর্টের ভিত্তিতে বলছেন—আমরা একটা ইউনিভার্সিটি করছি। কিন্তু সেই রিপোর্টটা অন্ধকারে থেকে গেল। এটা আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, আপনাদের কাছে যদি সেই রিপোর্টের কিছু থাকে, সেই রিপোর্টটা কি দেখে করেছেন, নাকি না দেখে বিলটা তৈরি করেছেন ? যদি দেখে থাকেন তাহলে সেই রিপোর্ট হাউসের সামনে পেশ করা হোক, before passing the Bill। স্যার, দু নম্বর হচ্ছে, আজকে ডঃ আশিস ব্যানার্জী বললেন গোটা ভারতবর্ষে অনেক প্রাইভেট ইউনিভার্সিটি আছে। ঠিক। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞেস করতে চাই, আজকে ঝাড়খণ্ড, বিহারে যে সমস্ত ইউনিভার্সিটিগুলো আছে, সেখান থেকে কিভাবে ডিগ্রিটা পাওয়া যায় ?

[10.40–10.50 a.m.]

Is it not a fact যে ওখান থেকে যে সমস্ত ডিগ্রি করে আসে, তখন আমাদের এই সরকার থেকে আমাদের এই ওয়েস্ট বেঙ্গলে সেই ডিগ্রিটা ঠিক, কি বেঠিক সেটা আবার এনকোয়ারি করা হয়। তারপর তা মঞ্জুর করা হয় যে হ্যাঁ, সেটা ঠিক কি বেঠিক। এই যে আমাদের প্রাইভেট ইউনিভার্সিটিগুলি হচ্ছে, পশ্চিমবাংলাতে হতে শুরু করেছে, আমি প্রথমেই বলেছি যে আমি তার বিরোধিতা করছি না। আমি চাই যে পশ্চিমবঙ্গে শিক্ষার প্রসার ঘটুক। কিন্তু যে সমস্ত কথা বিলের মধ্যে বলা হচ্ছে এটাতে কিন্তু সেই গার্ডগুলি হবে কিনা আমার সন্দেহ আছে। যেমন, ভাগলপুর ইউনিভার্সিটি থেকে পরীক্ষা না দিয়েই ল-এর ডিগ্রি নিয়ে চলে আসছে। এইসব হতে আরম্ভ করেছে। এমন অনেক ইউনিভার্সিটি থেকে ডিগ্রি নিয়ে আসা হয়, আমার বাস্তব নলেজে আমি দেখেছি যে সায়েন্স সাবজেক্ট সেই সায়েন্স সাবজেক্টের যেখানে প্র্যাকটিক্যাল পরীক্ষা দিতে হয়, প্র্যাকটিক্যাল করতে হয়, সেই সমস্ত ইউনিভার্সিটি থেকেও ডিগ্রি নিয়ে চলে আসছে এবং বলছে যে আমরা এখান থেকে পাশ করেছি। যেগুলি আর্টস সাবজেক্ট, সেগুলি না হয় প্রাইভেটে পড়ানো যায়। সুতরাং এটা দেখার জন্য আমি অনুরোধ করছি। দ্বিতীয় জিনিস বলি আজকে কতগুলি কলেজ বি.এড, কলেজ যেমন হচ্ছে প্রাইভেট ইনস্টিটিউশান, সেখানে আমরা কি দেখতে পাচ্ছি ! তারা কত টাকা করে ক্যাপিটাল নিচ্ছে। যেমন এখানে আমাদের ডক্টর ব্যানার্জী বললেন যে ভারতের অন্যান্য রাজ্যে যে সমস্ত কলেজগুলি ইউনিভার্সিটিগুলি হয়েছে, সেখানে ভর্তি হওয়ার সময়ে ছাত্রদের কাছ থেকে যে টাকা নেওয়া হয়, সেই টাকার পরিমাণ যে কত সেটা আন্দাজ করা যাবে না। সুতরাং সেই জিনিসটা কি এখানে আবার আমাদের পশ্চিমবাংলাতে প্রবর্তন যাতে না হয় তার কি কোনো গার্ড আছে ? আমরা সেই জন্য বলছি যে এখানে ফ্রি স্টুডেন্টশিপ যাতে পাওয়া যায়। যাতে সরকার থেকে তাদের কোটাটা বেঁধে দেওয়া হয় কারণ দেখুন Governor will be visitor বাকি ভাইস চ্যান্সেলর, চ্যান্সেলর সমস্ত কিছু তো তাদের যে গভর্নিং বডি তারা অ্যাপয়েন্টমেন্ট দেবে। সুতরাং সেই গভর্নিং বডি 'governing

body will govern the entire university' তাদের ক্ষেত্রে কেরালাএ যেটা ডঃ ব্যানার্জী বললেন যে আমাদের গভর্নমেন্টের কিছু চেক অ্যান্ড ব্যালান্সেস থাকবে। কিন্তু সেটা কিভাবে থাকবে থ্রু দ্য গভর্নর ! তারপরে সমস্ত ইউনিভার্সিটিরই তো তিনি আচার্য. ভিজিটর এখানে হবেন। নাম দেওয়া হয়েছে। সুতরাং এই জিনিসগুলি আমি বিচার করার জন্য অনুরোধ করছি। গোটা ভারতের অনেক, মোর দ্যান ৭০০ ইউনিভার্সিটি আছে। কিন্তু এটা তো দুর্ভাগ্যের বিষয় যে এই সমস্ত ইউনিভার্সিটিগুলির মান, আমাদের গোটা পৃথিবীর যে সমস্ত উন্নত ইউনিভার্সিটিগুলি আছে, তার কাছে আমরা পৌঁছাতে পারিনি। পৌঁছাতে পারছি না। Not all spaces. নিশ্চয় কোয়ালিটির এডুকেশন দরকার quantity education ইন আওয়ার স্টেটস। Primary for all প্রাইমারি থেকে আরম্ভ করে ইউনিভার্সিটি পর্যন্ত নিশ্চয় আমাদের এডুকেশন দরকার। সেকেন্ডারীতে আরও বেশি দরকার। হায়ার এডুকেশানে আরও স্কোপ থাকা দরকার, তার জন্য ইউনিভার্সিটি বানানোর দরকার। আই এগ্রি, কিন্তু তার মানটা তো তৈরি করা দরকার। এখন পর্যন্ত গোটা পৃথিবীতে আমরা উন্নত দেশগুলির সঙ্গে তুলনা করি, সেখানকার ছাত্ররা হায়ার এডুকেশন যতটা পায় তার থেকে অনেক কম পারসেন্টেজ পায় আমাদের এখানের ভারতবর্ষের। আমি শুধু পশ্চিমবাংলার কথা বলছি না। অনেক কম number of students' They get the higher education at the university level. সুতরাং এই যে আমাদের যে ইউনিভার্সিটিগুলি আছে, তাদের আমাদের কোয়ালিটি আরও বাড়াতে হবে, কেন না কোয়ালিটি যদি না হয়, আজকে ইউনেসকোর যে চিন্তাধারা সেখানেই বলাই হচ্ছে যে, খালি Not only the quantity education, but there must be provision for quality education. এখানে যে স্কিল ইউনিভার্সিটি করা হচ্ছে ওরা দুটো চালাচ্ছে মেরিন এবং skill education। এখানে যেটা আনিসুর রহমান সাহেব বলছিলেন পৃথিবীতে যতগুলি শিক্ষাধারা আছে সব কিছু এখানে ঢুকিয়ে দাও। এর যে স্যার, Quality education হবে, বরঞ্চ তাদেরকে যদি Restricted রাখা হত যে তোমরা Technical engineering কিংবা আরও দু-একটা দেওয়া যেত যাতে তোমরা Quality education দাও, তাহলে বোধ হয় that would have been better এবং এই যে বিলের বা ইউনিভার্সিটি স্থাপন করার যে সার্থকতাটা তাহলে হত। স্যার, আমি আগেই বলেছি আমি এর বিরোধিতা করছি না। কিন্তু স্যার, checks and balance দিয়ে তাদের কোয়ালিটি এডুকেশন হয়—আপনাদের সকলের এক্সপিরিয়েন্স আছে যে অন্যান্য ইউনিভার্সিটিগুলো কিভাবে চলছে, সেখান থেকে ডিগ্রি কিভাবে পাওয়া যায়। আমার ভয় হচ্ছে, আশঙ্কা হচ্ছে, এই যে প্রাইভেট যে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি হতে যাচ্ছে যদি proper check and balance না থাকে, কোয়ালিটি এডুকেশনের ব্যবস্থা যদি না থাকে, তাহলে the purpose will be frustrated। যে উদ্দেশ্য নিয়ে আজকের সরকার এই প্রাইভেট ইউনিভার্সিটি করার জন্য একটা ট্রাস্টকে দিচ্ছেন সেই উদ্দেশ্যটা—একটু আগে আশিস ব্যানার্জী বললেন আমরা অনেক ইউনিভার্সিটি করে দিচ্ছি। করুন, সেটা আমরা সাপোর্ট করব, নিশ্চয়ই সাপোর্ট করব, আমরাও চাই এডুকেশন বাড়ুক। কিন্তু স্যার কোয়ালিটি এডুকেশন হোক

এবং যাতে গরীব দস্থ ছেলেরা যারা মেরিটোরিয়াস তারা পাচ্ছে না চান্স, প্রাইভেট ইনস্টিটিউ-শনগুলোতে পাচ্ছে না। স্টুডেন্টসদের কনসেশন, যাতে তাদের ফ্রী স্টুডেন্টশিপ থাকে এগুলো'র একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। তারপরে Schedule Caste, Schedule Tribe এবং অন্যান্য যারা পিছিয়ে পড়া মানুষ তাদের জন্য যাতে Reservation থাকে সেগুলো দেখে এই আইনটা আনুন। যদি কিছু তার change করতে হয়, amendment করতে হয় এবং সর্বশেষে আবার seven members committee—on the basis of which this University is going to be established সেই রিপোর্টটা আমাদের সামনে আনুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, স্যার, ধন্যবাদ।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, 'The Seacom Skills University Bill, 2013', যেটা select committee-তে যায় এবং আমরা সেখানে দাবি করেছিলাম যে ৭ জনের যে কমিটি এবং তার রিপোর্ট দাবি করেছিলাম এই কারণে যে, তাদের পরিকাঠামোগত অবস্থা কি যে এই সব যে কলেজ তাঁরা পরিচালনা করেছেন, ইউনিভার্সিটি যে পরিচালনা করবেন তার যোগ্যতা, দক্ষতা এই সব সম্পর্কে—আমি জানি না যে ৭ জনের select committee-র সদস্যদের মধ্যেই সেটা থেকে গেল। আমরা জানার কোনো অধিকার পেলাম না, এর মধ্যে কোনো কারণ আছে কি না ? কারণ যেহেতু এটা একটা বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং রাজ্য সরকার শিক্ষাক্ষেত্রকে এই যে প্রাইভেট বিনিয়োগ সেই দিকে ঠেলে দিচ্ছেন, এর ফলে শিক্ষা ব্যবস্থায় বেসরকারীকরণ হবে এবং বাণিজ্যিকিকরণ হবে। শিক্ষা নিয়ে একটা ব্যবসা চলবে। কারণ টাকা দিলে এখানে ডিগ্রি পাওয়া যাবে। টাকা দাও আর ডিগ্রি নাও, আর বেকার হয়ে ঘুরে বেড়াও। ডিগ্রিধারী একদল বেকার তাদের সংখ্যা বেড়ে যাবে। ফলে পরিবেশটা সাংঘাতিকভাবে নষ্ট হবে। সরকারের নিয়ন্ত্রণটা এখানে কোথায় ? এখানে কোনো নির্বাচন ব্যবস্থা, ছাত্র প্রতিনিধি, বা অশিক্ষক প্রতিনিধি এবং local bodies, মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েত থাকবে তাদের প্রতিনিধি কারোর কোনো প্রতিনিধি রাখার ব্যবস্থা এখানে নেই। অর্থাৎ এদের বিচরণের পথটা সম্পূর্ণভাবে খোলা রাখা হচ্ছে। সুতরাং এই ধরনের একটা বিল যেটা এসেছে, যেভাবে এসেছে এবং যা করতে যাওয়া হচ্ছে সেটা মেনে নেওয়া যায় না। এখানে বলা হচ্ছে যে self-financed অর্থাৎ পকেটের টাকা দিয়ে পড়তে হবে। সুযোগ হবে কাদের, যাদের টাকা আছে তাদের। ফলে তারা ডিগ্রি লাভ করবে, আর সেই ডিগ্রি, তার শিক্ষার মান-গুণ কি, তার কোনো বিচার-বিশ্লেষণ সেখানে হবে না। আর এরাও যে ডিগ্রি লাভ করে চাকরী পাবে এর সম্ভাবনাও কিন্তু খুবই ক্ষীণ, খুবই ক্ষীণ। ফলে আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, এই বেসরকারীকরণ এবং বাণিজ্যিকিকরণ শিক্ষার ক্ষেত্রে একটা বড় সর্বনাশ ডেকে আনবে।

...(গোলমাল)...

[10.50–11.00 a.m.]

মিঃ স্পীকার : মাননীয় সদস্যরা যখন বলবেন, তাঁদের বক্তব্য রাখার সময় কেউ ইন্টারাপ্ট করবেন না। আর এমন কিছু কথা বলবেন না, যাতে কিনা আঘাত পেতে পারেন। এটা ঠিক নয়।

শ্রী আনন্দময় মণ্ডল : তাই আমি, এই বিল যেভাবে এসেছে, সেইভাবে মেনে নেওয়ার বিরোধী। আমি সেইভাবে মেনে নেওয়ার বিরোধী। আমি এ কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবন মুখোপাধ্যায় : Not present.

শ্রী ঈদ্ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The Seacom Skills University Bill, 2013 এই সভায় মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী উত্থাপন করেছেন। এই বিলটি সিলেক্ট কমিটিতে গিয়েছিল। একটা বেসরকারী বিশ্ববিদ্যালয় তৈরি করার প্রস্তাব উঠেছে। গতকাল আমরা দাবি করেছিলাম অ্যাডামাস নামে বেসরকারী বিশ্ববিদ্যালয় বিলটি সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেওয়ার জন্য। কিন্তু সেটা মানা হয়নি। গতকাল পাশ হয়েছে। এর আগেও টেকনো ইন্ডিয়া বলে একটি বিল, সেটিও পাশ হয়েছে। আজকে আবার সিলেক্ট কমিটি হয়ে Seacom Skills University Bill, উত্থাপিত হয়েছে। এর ফলে শিক্ষার যে বাণিজ্যিকিকরণ, সেই বাণিজ্যিকিকরণ এবং বেসরকারীকরণের যে প্রবণতা, সেই প্রবণতা দেখা দিচ্ছে। এই বিলে সরকারী নিয়ন্ত্রণ থাকবে কিনা—কারণ যাঁরা তৈরি করেছেন তাঁরা নিজস্ব টাকায়, অর্থে তৈরি করবেন। তাই সরকারী যে নিয়ন্ত্রণ বা ইউ.জি.সি.-র যে নিয়ন্ত্রণ বা শর্তসাপেক্ষে টার্মস অ্যান্ড কন্ডিশান তাদের উপর আরোপিত হবে কিনা, আরোপিত হলে তারা সেগুলি মানবে কিনা ? এখানে এই ধরনের কোনো শর্ত বা টার্মস অ্যান্ড কন্ডিশান নেই। এর আগেও সাতজনের একটি কমিটি হয়েছিল। সেই সাতজনের কমিটির ইন্সপেকশানের ভিত্তিতে, সরকারী লেভেলেই সেই কমিটি হয়েছিল, যার ভিত্তিতে অনুমোদন দেওয়ার জন্য এই বিল। তাহলে সেই কমিটি কি সুপারিশ করলেন, সেই সুপারিশে কি কি ক্রাইটেরিয়াগুলো আছে—মানতে তাদের হবে। সেটা সিলেক্ট কমিটির মাননীয় সদস্যগণ জানতে চেয়েছিলেন। তাঁদের দেওয়া হয়নি। এখানে বিধানসভাতেও সেই কমিটির রিপোর্ট দেওয়া হয়নি। তাহলে পরে, এই বিশ্ববিদ্যালয় সরকারী নিয়ন্ত্রণে থাকবে, না তারা তাদের মতে চলবে ? আমরা দেখেছি ডিসটেন্স কোর্সেও অনেক বেসরকারী বিশ্ববিদ্যালয় আছে। আমরা দেখেছি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আছে, distant course তাদের কিভাবে হয় ? এদের সবরকম faculty থাকবে, সবরকম faculty থাকবে। তাদের শিক্ষক নিয়োগ তারা কিভাবে করবে, পঠন-পাঠন কিভাবে হবে, নাকি সবটাই ওই বিভিন্ন জায়গায় সংস্থা খুলে দিয়ে তাদের মাধ্যমে certificate দেওয়া বা অর্থ দিয়ে certificate কেনার প্রভিশান—সেটা আমরা দেখছি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যেভাবে, অনেক বিশ্ববিদ্যালয় আছে যাদের নাম করা যেতে পারে। এখানে যে কমিটি হচ্ছে, governing body সেখানে কোনো শিক্ষকের

কোনো প্রতিনিধি থাকবে না। এই সংস্থাই তারা ঠিক করে দেবে। এখানে ছাত্রদের কোনো প্রতিনিধি থাকবে না, এখানে কি ভর্তি ফি হবে কি তাদের capitation fee হবে এইসব গুলো এর মধ্যে উল্লেখ নেই। তারা যা করবে, বলবে সেটাই মানতে বাধ্য। শিক্ষক-শিক্ষিকা, কর্মচারীদের তাদের কি বেতন থাকবে, তাদের gratuity pvovident থাকবে কি না, সেইসব সম্পর্কে বিলে কিছু বলা নেই। আমরা ছত্রিশগড়ে একটা বিশ্ববিদ্যালয় দেখেছি সেটা সুপ্রিম কোর্টের নির্দেশে দূষণ পরিকাঠামোর দায়ে সেটা বন্ধ হয়ে গেছে। সেখানে ছাত্র-ছাত্রীরা অসুবিধার মধ্যে পড়েছেন। অনুরূপভাবে মেঘালয়েও ঘটেছে। তাহলে যদি এইসব বিশ্ববিদ্যালয় যদি তারা মাঝপথে বন্ধ করে দিয়ে চলে যায়, তাহলে ছাত্র-ছাত্রীদের কি অবস্থা হবে? তারা কি ভোগান্তির মধ্যে পড়বে না? এখানো কোনো reservation-র কথা বলা নেই। Reservation-এ যারা scheduled castes and scheduled tribes OBC, minority এদের যে সংরক্ষণ, সেই সংরক্ষণের কথা এতে বলা নেই। যার ফলে সবটাই তাদের মর্জি মাফিক তারা চলবে, তারা অর্থ খরচ করবে, আমাদের রাজ্য সরকারের কোনো নিয়ন্ত্রণাধীনে তারা থাকবে না। তাদের কথা মানতে তারা বাধ্য নয়। এইরকম একটা পরিবেশের মধ্য দিয়ে কি শর্তে কি কারণে এই বিশ্ববিদ্যালয়গুলোকে অনুমোদন দেওয়ার যে প্রবণতা, সেই প্রবণতাকে পরিষ্কার করা দরকার আছে। আমরা দেখছি বিভিন্নভাবে যে, বেসরকারীকরণের যে প্রবণতা, একসময় আমরা এর বিরুদ্ধে খুব বলেছি। শিক্ষার প্রসার বাড়ুক শিক্ষা যত পাওয়া যাবে দেশ তত উন্নত হবে। শিক্ষাই জাতির মেরুদণ্ড, চেতনা ঘটায়। তাহলে পরেও শিক্ষার পরিবেশ আরো প্রসার করুক। আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু সেটা করতে গিয়ে সরকারের নিয়ন্ত্রণহীন সেগুলো থাকবে কি না, না কি সবটা ওদের ঘাড়ে ছেড়ে দিয়ে তারা তাদের মতো ব্যবসা-বাণিজ্য বহাল তবিয়তে চালিয়ে যাবে, আমাদের কিছু করার থাকবে না, সরকারের কিছু করার থাকবে না। এটা যদি হয় তাহলে সর্বনাশ হবে। তারা যে এত টাকা শুধু খরচ করবে তারা তো এমনি এমনি করবে না, তারা লাভ করার জন্য করবে। কি তাদের প্রয়োজন আছে এত কোটি টাকা, ১০ কোটি টাকা security money জমা দিয়ে, পরিকাঠামো তৈরি করে তারা কেন করবে? তারা তো লাভ করার জন্য করবে। কিন্তু সেই লাভটা যেন সবটা লাভের জন্য না হয়। যে উদ্দেশ্যে করা হচ্ছে, সেই উদ্দেশ্য কতটা সফল হবে সেটার দিকে লক্ষ্য রেখেই আমাদেব সরকারের যে ব্যবস্থাপনায় যে নিয়ন্ত্রণাধীন আছে সেটা রাখার চেষ্টা করতে হবে। UGC-র যে শর্ত terms and conditions আছে সেই terms and conditions তাকে মেনে চলতে হবে। এই বলে আমি বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ স্যার। গতকাল আমাদের Adamas University Bill Pass হয়েছিল এই বিধানসভায়। এই মহতী সভায় এবং সেখানে আমি আমার বক্তব্য রাখতে গিয়ে বলেছিলাম যেহেতু দুটি বিশ্ববিদ্যালয়েরই bill প্রায় হুবহু এক মানে গতকালের Adamas University এবং আজকের এই Seacom Skills University, এই বিশ্ববিদ্যালয় বিলটায়। ফলে আমি কালকে বলেছিলাম, আগামীকাল মানে আজকে আমি

বিস্তারিতভাবে বলব। গতকাল খালি বিরোধীদের প্রশ্নের উত্তরে দিয়েছিলাম। আজকে আমি একটু বিস্তারিতভাবে বলতে চাই। আমি এই সভায় জানাচ্ছি যে, একটা তথ্য দিতে চাই, সেটা হচ্ছে যে, আমাদের কেন্দ্রীয় সরকার ২০১১ সালের যে তথ্য দিয়েছেন, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তর তাতে বলছেন যে, আমাদের রাজ্যে gross enrolment ratio হচ্ছে ১২.৬ শতাংশ।

[11.00–11.10 a.m.]

আর সেখানে জাতীয় গড় হচ্ছে ১৮.৮ শতাংশ। ওই দপ্তর কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক তাঁরা আমাদের বলছেন যে জাতীয় লক্ষ্য হচ্ছে গ্রস এনরোলমেন্ট রেশিওকে ২০২০ সালের মধ্যে ৩০ শতাংশে নিয়ে যেতে হবে। আমাদের রাজ্যের জন্য সেটা ওঁরা বলছেন। আমাদের এখন বললাম ১২.৬ শতাংশ এবং সেই জন্য আগামী কয় বছরে '১৯ সাল অবধি নাকি, আমাদের রাজ্যে স্নাতক এবং স্নাতকোত্তর/গ্রাজুয়েট এবং পোস্ট গ্রাজুয়েট এটা মিলিয়ে আমাদের কত আসন, তাঁরা নির্ধারিত করছেন, সেই সংখ্যাটা হচ্ছে ৪.৫ লক্ষ ; এবং এটা করতে হবে, তাঁরা বলছেন আগামী তিন বছরের মধ্যে। আর একটা তথ্য দিই, আমি স্যার, ২০০৬ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছিল, যারা পাস করেছিল আর কি, উন্নীত হয়েছিল, সেই সংখ্যাটা হচ্ছে ২ লক্ষ ৩০ হাজার। ২০১২ সাল, ঠিক ৬ বছর পরে সেটা দাঁড়িয়েছে ৪ লক্ষ ৬৬ হাজার অর্থাৎ গত ৬ বছরে এই রাজ্যে উচ্চশিক্ষায় যারা উন্নীত হচ্ছে তার শতকরা হিসাব হচ্ছে হানড্রেড পারসেন্ট বেড়ে গেছে। যদি ড্রপ আউট বাদ দিই এবং সেটা বাদ দিয়ে যদি হিসাব করি তাহলে দেখা যাচ্ছে বর্তমানে উচ্চমাধ্যমিকের এনরোলমেন্ট-এর সংখ্যা হচ্ছে ৬ লক্ষ ৫৪ হাজার। আর আমাদের এখনই বলছে, প্রত্যেক বছরে ৪ থেকে ৫ লক্ষ অতিরিক্ত আসন বৃদ্ধি করতেই হবে। এবং সেইজন্য আমাদের রাজ্যে আরো বেশি করে সরকারী এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়, আরো বেশি করে করা দরকার। এবং এই লক্ষ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি যে নির্দেশিকা দিয়েছেন এবং তিনি যে আশ্চর্যভাবে উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন এনেছেন বিভিন্ন সরকারী কলেজ এবং বিশ্ববিদ্যালয় স্থাপন করে, সেটা একটা আশ্চর্যের বিষয়। মানে, আপনি দেখবেন স্যার, এই যে ৪টি সরকারী সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় আমরা করেছি, আমাদের বিধায়করা বারবার বলেছেন, মাননীয় সদস্যরা বলেছেন যে, কোচবিহার, আসানসোল, ডায়মন্ডহারবার এবং বাঁকুড়ায়। এছাড়া সেনজেভিয়ার্সকে আমরা দ্বিতীয় উইং করার জন্য আমরা জমি দিয়েছি, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়কে দিয়েছি। গতকাল এবং আজ যদি এটা পাস হয় এবং টেকনো ইউনিভার্সিটি এটা ধরলে তিনটি বিশ্ববিদ্যালয় হবে। এবং এছাড়া ৩১টি সরকারী কলেজ আমরা করতে যাচ্ছি স্যার। এর সঙ্গে একটু জানিয়ে রাখা ভালো স্যার, সরকারী কলেজ, ৩৪ বছর-টছর নয়, যদি আপনি হিসাব নেন তাহলে দেখব, '৪৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় তৈরি হওয়া সরকারী কলেজের সংখ্যা ৮। স্যার, এই। আর ২০১১ থেকে ২০১৪ পর্যন্ত সরকারী কলেজ হওয়া এবং উদ্যোগ নেওয়া তার সংখ্যা হচ্ছে ৩২। এই ফারাকটা দেখলে সরকারী উদ্যোগ, যে সরকারী উদ্যোগের কথা বারবার বলছেন, সেটা

আপনারা বুঝতে পারবেন যে সরকার কতটা উচ্চশিক্ষার ক্ষেত্রে সচেষ্ট আছে। না না, সরকারী উদ্যোগ প্রসঙ্গে বলছি। আমরা সরকার কি কি নিয়েছি। যেমন ধরুন, মহিলাদের জন্য শেষ সরকারী কলেজ হয়েছিল, আমাদের রাজ্যে, শুধুমাত্র মহিলাদের জন্য আমাদের রাজ্যে, জনাব আনিসুর রহমান সাহেব যদি শোনেন, আপনি জিজ্ঞাসা করছিলেন, সেটা হচ্ছে ১৯৩৯ সালে লেডি ব্রাবোর্ন কলেজ, তারপরে এই হেস্টিংস কলেজ ২০১৩ সালে। সরকারী উদ্যোগের ক্ষেত্রে উচ্চশিক্ষার ক্ষেত্রে আমি বলতে চাই সেই কারণে, যথেষ্ট, আমরা দায়িত্ব পালন করছি। বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আমরা যদি অন্যান্য রাজ্যের নিরিখগুলো আমরা নিই—সোহরাব সাহেব ঝাড়খণ্ড বা ছত্রিশগড়ের কথা বলছিলেন—আমি জানাব আপনাকে ১৭৩টি বিশ্ববিদ্যালয় আমরা বলেছি, পশ্চিমবঙ্গের বাইরে ইতিমধ্যে আছে। সেই সংখ্যাগুলো হচ্ছে, আমি মূলগুলো বলছি, গুজরাটে আছে ১৫টি, হরিয়ানায় আছে ১৪টি, হিমাচল প্রদেশে ১৬টি, মধ্যপ্রদেশে ১১টি, রাজস্থানে ৩৫টি, উত্তরপ্রদেশে ২০টি, উত্তরাখণ্ডে ১০টি। এখনও পর্যন্ত গতকালের পর দুটো হল। একটা পশ্চিমবঙ্গে হল, আমাদের আমলে। আর একটা রাজ্যে একটা আছে। সেই রাজ্যের নাম ত্রিপুরা, একটা বেসরকারী বিশ্ববিদ্যালয় আছে। এই তথ্যের জায়গা থেকে বোঝা যাচ্ছে যে আমরা এতদিন একেবারে শেষে ছিলাম। আমি আগেও বলেছি ভারত সরকারের দেয় তথ্য অনুযায়ী যে পরিমাণ প্রসার এবং বিস্তার তাঁরা চাইছেন সেটা একা সরকারের পক্ষে সম্ভব নয়। যে অভিযোগ বা সংশয়গুলো বারবার এখানে উঠছে, আমরা আশ্বস্ত করছি প্রত্যেকটা বিলে আপনারা দেখবেন আমরা কেবলমাত্র একটা নীতির ভিত্তিতে একটা ইউনিভার্সিটি বিল পাশ করে দিলাম, সেটা করছি না। প্রত্যেকটা ইনডিভিজুয়াল বিল তৈরি করছি। সেই ধরনের মানুষদের নিয়ে আসার চেষ্টা করছি যাদের সামাজিক বাধ্যবাধকতার মধ্যে যাঁরা সমতাকে মানেন, ছাত্র স্বার্থ মানেন এবং যাতে উচ্চশিক্ষা সাধারণের নাগালের মধ্যে থাকে। এই ব্যাপারে আমরা আপনাদের জানিয়ে রাখি বেশির ভাগ রাজ্যে আমরা আমাদের প্রতিনিধি পাঠিয়েছিলাম। বিশ্ববিদ্যালয়গুলো তাঁরা ঘুরেছেন। প্রতিটি বিল তাঁরা সংকলিত করেছেন। এতগুলো রাজ্যে প্রায় ১৮টি রাজ্যের শ্রেষ্ঠ অংশগুলো আমরা আমাদের বিলে সংকলিত করেছি। আপনারা জানলে খুশি হবেন খুব সার্থকভাবে, খুব যথার্থভাবেই যে অংশগুলোকে আমরা কমপাইল করে নিয়ে এসেছি তার মধ্যে একটা বিশ্ববিদ্যালয় বিল যেটা আমরা দেখেছি, যেটা নিয়ে মাননীয় বিধায়ক ডঃ তরুণ কান্তি নস্কর মহাশয়, তিনি দেখছি চলে গেলেন, তিনি বিলটা নিয়ে আপত্তি করেছিলেন, অর্থাৎ আপনাদের সময়ে আনা আম্বানিদের যে প্রাইভেট বেসরকারী বিশ্ববিদ্যালয় তার যেটা ভালো অংশ সেটাও আমরা এই বিলের মধ্যে রেখেছি। অর্থাৎ আমরা চেষ্টা করেছি যে সারা ভারতবর্ষের শ্রেষ্ঠ অংশগুলো বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে, সেগুলো কি করে এর মধ্যে নিয়ে আসা যায় যা একই সঙ্গে ছাত্রছাত্রীদের স্বার্থ দেখবে, গড় রেসিও রাখবে। দপ্তরের লোকেরাও গিয়েছিলেন। এইভাবে এটি আমরা তৈরি করেছি। যে কথাটা মাননীয় সদস্য আনিসুর রহমান বলেছেন, মাননীয় সদস্য শ্রী আনন্দময় মণ্ডল বলেছেন, মাননীয় সদস্য সোহরাব সাহেব বলেছেন, আমি সেই প্রসঙ্গে একবার আসি। আনিসুর রহমান সাহেবের মূল অভিযোগ ছিল তিনি যখন নোট অফ ডিসেন্ট দিচ্ছেন এই

সিলেক্ট কমিটির ক্ষেত্রে, সেটা আমরা মিনিটস থেকে নিয়েছি। সেখানে তিনি বলেছেন কেবলমাত্র আপনি একটা বক্তৃতায় আপনার খালি রিপোর্টের কথা বলেছেন। আরো কতগুলি পয়েন্ট আপনি বলেছেন, আপনি যে অ্যামেন্ডমেন্টগুলো দিয়েছিলেন নোট অফ ডিসেন্টে। আপনি বলেছিলেন, বিশ্ববিদ্যালয় এলাকা যেন কখনোই পশ্চিমবঙ্গের বাইরে না হয়। আপনি বলেছিলেন, বিভিন্ন প্রফেশনাল কোর্স এবং দূর শিক্ষার কোর্সগুলি যেন কখনো চালাতে দেওয়ার অনুমতি না দেওয়া হয়। মিনিটসে আমরা তাই দেখছি। আপনি বলেছিলেন, সমস্ত কোর্সের টিউশান ফি নিয়ন্ত্রণের কোনো ব্যবস্থা আইনে নেই। আপনি বলেছিলেন, রাজ্যে বসবাসকারী ছাত্রছাত্রীদের বিশেষ আসন সংরক্ষণের কোনো ব্যবস্থা আইনে নেই। ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। অনেকগুলো আছে। আপনার মনে আছে নিশ্চয়, আমি ওই সাত সদস্যের কমিটির ক্ষেত্রে, আপনারা দুঃখ করার সঙ্গে সঙ্গেই আমি রাজি হয়ে গিয়েছিলাম। কিন্তু বিধানসভার আধিকারিকরা এবং বিভাগীয় আধিকারিকরা তাঁরা বলেন এটা ওনারা দেখতেও পারেন না, আপনি দেখাতেও পারেন না। এটা আপনার আইনের আওতার মধ্যে পড়ে না।

[11.10–11.20 a.m.]

কিন্তু বিধানসভার আধিকারিকরা এবং বিভাগীয় আধিকারিকরা বলেন, ওনারা এটা দেখতেও পারেন না, আর আপনিও দেখাতে পারেন না। বিষয়টা আইনের আওতার মধ্যে পড়ে না। তখন সবার সঙ্গে আলোচনাক্রমে এটা আমরা মাননীয় স্পীকারের কাছে পাঠাই। তখন মাননীয় স্পীকার মহাশয় আমাদের রুলিং দেন, যে এটা দেখানো যাবে না। কিন্তু ইনফর্মালি আমি যখন তখন এটা আপনাদের দেখাতে পারি। আর আমি গাইডলাইনের কথা বলছি, আর.আই.টি. বা যেভাবেই হোক না কেন ইনফর্মালি এটা আমি যখন তখন আপনাদের দেখিয়ে দিতে পারি। ওর মধ্যে এমন কিছু কিরীটি রায় গোছের ব্যাপার নেই। যেটা নিয়ম, যেটা আইন, আমরা সেই আইন মোতাবেক এগিয়েছি। এরপর মাননীয় সদস্য আনিসুর রহমান সাহেব বলেছিলেন, ওই পাঁচ শতাংশের ব্যাপারটা, দূরশিক্ষার ব্যাপারটা। ইউ.জি. সি.-র নির্দেশিকা বলছে এটা হল law inabiling provision, কিন্তু বেসরকারী বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টার ইউ.জি.সি. বলছে off-shore campus পশ্চিমবঙ্গের বাইরে বিশ্ববিদ্যালয় চালু হওয়ার অন্তত পাঁচ বছর পরে করতে পারবে এবং সেটা আইনে উল্লেখ আছে। ইউ.জি.সি. এবং রাজ্য সরকারের অনুমোদন ছাড়া, সেটা তারা কখনই খুলতে পারবে না। অর্থাৎ একসঙ্গে আমাদের অনুমোদন নিতে হবে, এবং ইউ.জি.সি-রও অনুমোদন নিতে হবে। আপনারা আরও কেউ কেউ বলেছেন, যে কেন এতগুলো বিষয় হল। আপনাদের জানিয়ে রাখি, এই বিশ্ববিদ্যালয় যাঁরা করবেন, তাঁদেরকে প্রত্যেকটা বিষয়ে প্রত্যেকটি রেগুলেটরি বডির থেকে অনুমোদন নিয়ে তবেই তাঁরা এই বিষয়গুলো খুলতে পারবেন · যেমন—All India Council for Technical Education, Council for Scientific and Industrial Research, Distance Education Council, Bar Council of India, Medical Council of India, Indian Council of Scientific Research, National Assessment and Accreditation Council

প্রত্যেকের থেকে এক একটি বিষয়ের ক্ষেত্রে অনুমোদন নিয়ে তবেই তাঁরা এই বিষয়গুলো খুলতে পারবেন। আর ফি স্ট্রাকচারের ক্ষেত্রে যে কথা মাননীয় সদস্য অসিত মিত্র মহাশয় বলেছেন, বা আপনারাও কেউ কেউ বলেছেন সেই ব্যাপারে মহামান্য সুপ্রীম কোর্টের গাইড লাইন অনুযায়ী এটা করা হয়েছে। সুপ্রীম কোর্টের গাইড লাইনে বলছে, রাজ্য সরকার তাদের ফি স্ট্রাকচার কমিটির দ্বারা ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ম্যানেজমেন্ট ও অন্যান্য প্রফেশনাল কোর্সে কেবলমাত্র টিউশান ফি নিয়ন্ত্রণ করতে পারেন। অন্যান্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এই রকম নীতি বা বাধ্যবাধকতা নেই। আর আপনি যেটা বলেছেন পাঁচ শতাংশ, সেটা কিন্তু পাঁচ শতাংশ নয়। আপনি যদি বিলটি ভালো করে দেখেন, তাহলে দেখবেন রাজ্যের ছাত্র-ছাত্রীদের কথা মাথায় রেখে ২৫% স্টেট ডোমিসাইল করে সংরক্ষণের ব্যবস্থা আমরা করেছি। এই কথাটা ভুল যে কোনো স্থানীয় সংরক্ষণ হচ্ছে না। অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে আমরা আইন করেছি যে ন্যূনতম ফিফটি পারসেন্ট স্থানীয় বাসিন্দাদের নিতেই হবে এবং এটা এই বিলের মধ্যেই আছে। যেমন আজকেও সোহরাব সাহেব বললেন এবং সিলেক্ট কমিটিতে সুখবিলাস বর্মাও বলেছিলেন, বে-সরকারী বিশ্ববিদ্যালয়ের যে পলিসি, যে গাইড লাইন, সেটা আমাদের দেওয়া হয়নি। আমি বলছি যে, এই পলিসি বা গাইড লাইন কখনো সিলেক্ট কমিটিতে চাওয়া হয়নি। তবুও আমি বলছি, এই পলিসি বা গাইড লাইন যদি আপনারা দেখতে চান, তাহলে উচ্চশিক্ষা দপ্তরের ওয়েবসাইটে পরিষ্কার এটা দেওয়া আছে, সেটা খুললেই আপনারা তা দেখতে পাবেন। আর যদি আপনারা হার্ড কপি চান সেটাও আমরা আপনাদের দিয়ে দিতে পারি। রাজ্য সরকার ন্যূনতম পাঁচ শতাংশ আসনে সমস্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ফ্রিশিপ দিয়ে থাকে। এটা মূলত অর্থনৈতিকভাবে দুর্বল ছাত্র-ছাত্রীদের জন্য। এই পাঁচ শতাংশের ব্যাপারটা আমরা বেসরকারী ক্ষেত্রেও বলেছি। সরকারীতে যা আছে, বেসরকারীতেও তাই আছে। আর জনপ্রতিনিধিদের কথা মাননীয় আনন্দময় মণ্ডল উনি বলেছেন, ওনাকে জানাই, আপনি যদি সরকারী বিশ্ববিদ্যালয় অ্যাক্ট দেখেন, তাতে সেখানেও কিন্তু কোনোরকম কোনো জনপ্রতিনিধি থাকার, সে বিধায়ক হোক, মিউনিসিপ্যাল মেম্বার হোক, পঞ্চায়েত সদস্য হোক, কোনোরকম কোনো ব্যবস্থার কথা বলা হয়নি। স্যার, এরপরেও বার বার আমাদের এখানে মূল যে কথাটা, সরকারী এবং বেসরকারী ক্ষেত্রে আপত্তির কথা বার বার বলা হয়েছে। স্যার, আমি জানতে চাই, জানতে পারলে খুশি হব। আপনারা এই ব্যাপারে অনেক বিচক্ষণ, আমাদের তো খালি কলেজ বা বিশ্ববিদ্যালয় নয়। আমাদের রাজ্যে তো অনেক স্কুলও আছে। এবং সেই স্কুলের ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি তিন ধরনের স্কুল আছে। একটা সরাসরি সরকারী স্কুল। একটা এডেড স্কুল, গভর্নমেন্ট এডেড স্কুল এবং প্রচুর প্রাইভেট স্কুল এবং তার মধ্যেও আবার ভাগ আছে। কিছু সি.বি.এস.সি. বোর্ড কিছু আই.সি.এস.সি. বোর্ড ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। আমার জানতে ইচ্ছা করে এই প্রাইভেট স্কুলগুলো তো দীর্ঘদিন ধরে আছে। আমার গত ২০, ২৫ বছরে যা অবজারভেশান আমি ভুলও হতে পারি, সেটা হচ্ছে দেখা যাচ্ছে যে, যাঁরা বিত্তবান মানুষ তাঁদের সন্তানরা ওই ধরনের প্রাইভেট স্কুলে পড়তে চলে যান। এবং সমাজে প্রতিষ্ঠিত বা গুরুত্বপূর্ণ হয়ে যাওয়ার পর তাঁদের সন্তানরাও ওই ধরনের প্রাইভেট স্কুল বা তথাকথিত

সরকারী কুলীন স্কুলে যায়, সরকারী এবং সরকারী এডেড স্কুলের মধ্যে পার্থক্য আছে আমি বলেছি। যেমন কিনা, হিন্দু স্কুল বা কোচবিহার বা জেলাস্কুল বা হাওড়া জেলা স্কুল, মালদা জেলা স্কুল এগুলো সেই তুলনায় অনেক অনেক কুলীন স্কুল, সরকারী। সাধারণত এই ধরনের, এই কুলীন সরকারী স্কুল সেটা সংখ্যায় কম। এবং প্রাইভেট স্কুল, ইংলিশ মিডিয়াম প্রাইভেট স্কুল প্রধানত তাদের কাছে পড়তে পাঠিয়ে দেয়, আমার ধারণা। আমি ভুলও হতে পারি। আমাদের এখানকার অধিকাংশ সদস্যের ছেলেমেয়েরাও হয়তো বা ওই ধরনের প্রাইভেট স্কুলে পড়েছে, ইংলিশ মিডিয়াম প্রাইভেট স্কুলে পড়েছে। তো আমার বার বার, স্যার, আমি একটা সাধারণ এডেড স্কুলে পড়েছি। আমার এটা স্ট্রাইক করতো যে আমার পাশের বন্ধু এত ভালো বলছে। আমার বাবা কলেজের মাস্টারমশাই ছিলেন, তিনি বলেছিলেন এই ধরনের স্কুলেই পড়া উচিত। সেখানে পড়লেই নাকি নীতিশিক্ষা হয়। সে তাঁর ধারণা ছিল, তাই নিয়ে আমি কিছু বলতে চাই না। তো আমি দেখতাম এ রকম একটা ভালো ইংলিশ মিডিয়ামে কেউ পড়তে চলে যাচ্ছে বা কি একটা সরকারী ভালো স্কুলে যাচ্ছে, যে স্কুলগুলো আমি শুনতাম ছেলেবেলায় হিন্দু স্কুল, হেয়ার স্কুল বা আরও এই রকম, পরবর্তী ক্ষেত্রে সল্টলেক গভর্নমেন্ট স্কুল আমাদের ছেলেবেলায় তৈরি হল। তো এই জাতীয় স্কুলগুলোয় আস্তে আস্তে দেখলাম যে ভালো ছেলেমেয়ের সংখ্যা কমতে শুরু করল। চলে যেতে শুরু করলো সব ঐ ধরনের প্রাইভেট স্কুলে মূলত এবং কিছু অংশ সরকারী কুলীন স্কুলে। দেখা গেল যে এডেড স্কুলে অত্যন্তভাবে ড্রপ আউট রেট বাড়তে শুরু করেছে। তো আমার মনে হয় যে একই সঙ্গে এই যে আমি বার বার করে তথ্য দিয়ে বলার চেষ্টা করছি। বেসরকারী কলেজও করছি, ইউনিভার্সিটি করছি, তেমনি পাশাপাশি এতগুলো সরকারী বিশ্ববিদ্যালয় করছি, সরকারী কলেজ করছি, যদি এই রকম, আমার মনে হয়, প্রশাসনের কাজ হচ্ছে দুটো রাস্তাই খোলা রাখা। অর্থাৎ যাঁরা বিত্তবান যাঁরা সমাজে যাঁরা গুরুত্বপূর্ণ পদমর্যাদা পেয়েছেন পরবর্তী ক্ষেত্রে, নিজে হয়তো এডেড স্কুলে পড়েছেন, কিন্তু তাঁর সন্তানকে পাঠিয়েছেন ওই রকম একটা ভালো স্কুলে বা বড় স্কুলে। সমাজে গুরুত্বপূর্ণ হয়ে থাকল সেটা হতেই পারে। আমি তার মধ্যে কোনও দোষের দেখি না। আমার মনে হয় যে এটাই আমাদের চ্যালেঞ্জ হওয়া উচিত যে, যারা মেধাবী অংশ যেটা অন্যদিকে চলে গেল, আমরা কি আমাদের স্কুলগুলোকে আমাদের ছেলেমেয়েদের জন্যে তার পরিকাঠামো বাড়িয়ে সেটাকে আমি আরও বাড়ানোর চেষ্টা করব ? না মেধাকে আমি বা বাইরের যোগ্যতাকে আমি আটকে দেওয়ার চেষ্টা করব। তার ফলে কি হচ্ছে আমাদের মেধাবী যে ছেলেমেয়েরা তারা যদি বা গুরুত্বপূর্ণ বা ওই আমি বলছি বিত্তবান বাড়ির ছেলেমেয়েরা তারা যদি এই জায়গাটা অকুপাই করে রাখে,

[11.20–11.30 a.m.]

তাহলে এই যে আমি বললাম ৬ বছরে উচ্চ মাধ্যমিক উন্নতির সংখ্যা দাঁড়িয়েছে ১০০ পারসেন্ট। ২০০৬ সালে একটা তথ্য দিয়েছি, ২০১২ সালে একটা তথ্য দিয়েছি। ১০০ পারসেন্ট বেড়ে গেছে হায়ার সেকেন্ডারীতে পাশ করার সংখ্যা। আমার তো মনে হয় পাঁচ

থেকে ছয় বছর পর এই রকম একটা সময় আসতে যাচ্ছে হয়তো বা আপনারা যেটা ভাবছেন তার একটা পজিটিভ দিকও আছে—ভালো, মেধাবী, গুরুত্বপূর্ণ, বিত্তবান, বড়োলোক বাড়ির ছেলেমেয়েরা এই ধরনের প্রাইভেট ইউনিভার্সিটিতে পড়তে যাবে। আর আমাদের ছেলেমেয়েদের জন্যে এই ধরনের কলেজ যেখানে মারামারি হয় ভর্তির জন্যে—যার জন্য আমাদের এবার অনলাইন করতে হচ্ছে, পুরো কলেজ, ইউনিভার্সিটি অনলাইন করে দেব. তখন সেই রাস্তাটা ওপেন হয়ে যাবে। প্রতিযোগিতার সংখ্যা বাড়বে, ছেলেমেয়েদের সামনে ওপেনিং বাড়বে, আমাদের ছেলেমেয়েরা আমাদের কলেজে, আমাদের বিশ্ববিদ্যালয়ে পড়বে—যাদের গরিষ্ঠ সংখ্যককে আমরা প্রতিনিধিত্ব করি। তাদের জন্য আমরা এই রকম একটা জায়গা তৈরি করতে পারি। ওপেনিং আনতে পারব এবং তখনই আমাদের চ্যালেঞ্জ হচ্ছে এই সরকারী এই কলেজগুলো, এই বিশ্ববিদ্যালয়গুলো আমরা আরও concentrate করতে পারব, আমরা আরও মন দিতে পারি এবং সেই জায়গা থেকে তাদের আরও অবকাশ তৈরি করে দিতে পারব, তাদের বেস তৈরি করে দিতে পারব এবং জাতীয় সরকার, কেন্দ্রীয় সরকার যে লক্ষ্যমাত্রার কথা বার বার বলছে—আমি শুরুতেই বলেছি যে, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তর বলছে যে ২০২০-এর মধ্যে এই ১২.৬-কে ৩০ শতাংশ নিয়ে যেতে হবে এবং তার জন্য প্রত্যেক বছর ৪.৫ লক্ষ অতিরিক্ত আসনসংখ্যা সৃষ্টি করতে হবে। সেটার আমরা রাস্তা তৈরি করতে পারব। আমার মনে হয়, যে ধরনের আমরা যদি যে কোনো দিকের একটা পজিটিভ মাইন্ড আছে, যে কোনো দিকের একটা নেগেটিভ মাইন্ড আছে—আপনি সরকারী ব্যবস্থাপনার কথা বলছিলেন—আশিসবাবু বলছিলেন যে ২০০৬ সালে তৈরি হওয়া একটা বিশ্ববিদ্যালয় তার কোনো বিল্ডিং ছিল না—সেই বিল্ডিং আমরা তৈরি করেছি। শুধু তাই নয়, শুধু বিল্ডিং ছিল না—আপনারা হয়তো জানেন কি জানেন না আমি জানি না আশীষবাবুকে মনে করিয়ে দিতে চাই যে কাউন্সিল ছিল না, statute ছিল না। Statute ২০১৪ সালে হল, ২০০৬ সালে তৈরি হওয়া বিশ্ববিদ্যালয়ে, কি ০৮ সালে তৈরি হওয়া বিশ্ববিদ্যালয়। তার মনে সরকারী নিয়ন্ত্রণ থাকলেই, সরকারী বিশ্ববিদ্যালয় হলেই সেটা একমাত্র খুব মসৃণ এবং খুব ভালোভাবে চলবে এবং বেসরকারী হলেই সেটা খারাপ হয়ে যাবে—তা নয়, ...(নয়েজ)... এই ধরনের সংকীর্ণ এবং আবার বলছি, এই ধরনের সংকীর্ণতায় না ভুগে আমরা যদি এটাকে ওপেন করি, প্রত্যেকটার ক্ষেত্রে এবং সরকারী ক্ষেত্রে কড়া ব্যবস্থার মধ্যে এবং আশীষবাবু বিস্তারিতভাবে বলেছেন যে কিভাবে সরকারী নিয়ন্ত্রণ প্রতিটি ক্ষেত্রে—শুধু আমরা নয় ইউ.জি.সি. আছে, প্রত্যেকটা ক্ষেত্রে আছে, স্বয়ং Hon'ble Vice-Chancellor আছে—এইটার মধ্যে ভিজিটার হিসাবে, যখন-তখন এইটার মধ্যে আমরা ঢুকতে পারি। একজন আমাকে বলছিলেন যে, এই রকম কখনই এরা বিশ্ববিদ্যালয় বন্ধ করে চলে যেতে পারে। আপনাদের জানিয়ে রাখি, আপনারা যদি বিলটা দেখেন ভালো করে যে আপনারা দেখবেন একটা Endowment fee তাদের অ্যাকাউন্টে রাখতে বলা হয়েছে, যার মূল্য হচ্ছে ১০ কোটি টাকা এবং পরিষ্কারভাবে উল্লেখ আছে—অন্ততপক্ষে ১০ বছরের আগে কোনো অবস্থাতেই আপনারা তার আগে **বিশ্ববিদ্যালয় বন্ধ করতে পারবেন** না এবং আমরা সেই ধরনের

মানুষকে আবার বলছি বার বার নিয়ে আসছি—আমরা কোনো পলিসি ভিত্তিতে ছেড়ে দিচ্ছি না যে তারা অ্যাপ্লাই করল. আমরা কোনো inspect করলাম না —ছেড়ে দিলাম। প্রত্যেকটার ক্ষেত্রে আমরা একটা করে বিল তৈরি করার চেষ্টা করছি। তাই আমার মনে হয় আজকে এই পৃথিবীর পরিপ্রেক্ষিত. পৃথিবীর যে সার্বিক অবস্থা এবং শিক্ষাক্ষেত্রে আমাদের রাজ্যের যা অবস্থা, জাতীয় যে অবস্থা—এর সঙ্গে তাল মিলিয়ে বেভাবে খুব উচিতভাবেই বেসরকারীকরণের ক্ষেত্রে বলছেন আনিসুর সাহেব আপনারা কিন্তু বেসরকারীকরণ ইঞ্জিনিয়ারিং কলেজের ক্ষেত্রে এনেছিলেন এবং আপনি দেখবেন আমি বলব মোটের উপরে তার ফলটা ভালো, হয়েছে, ফলটা ভালো হয়েছে এবং অনেক ছেলে-মেয়েদের মধ্যে একটা স্থপতি ইঞ্জিনিয়ারিং হওয়ার প্রবণতা বেড়েছে। আপনি বলেছেন যে আমি আপনার কথা বুঝতে পারিনি. আপনি বলেছেন যে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে নই—আপনি যেটা বললেন আপনার বক্তৃতায়। কিন্তু প্রাইভেট ইউনিভার্সিটির বিরুদ্ধে নয় কিন্তু বেসরকারীকরণে বিরুদ্ধে। আমি আশ্চর্য, টটোলজিটা বুঝিনি। আমি বলব যে আমি প্রাইভেট বিশ্ববিদ্যালয় পক্ষে কিন্তু বেসরকারীকরণের বিরুদ্ধে। এই কথাটার মানে কি আমি হয়তো বুঝতে পারিনি, আমার অজ্ঞতা, আমার অক্ষমতা। সেটা আপনি বুঝিয়ে দেবেন পরে। আমি যেটা বলছি আমরা যদি এই বাজারটাকে উন্মুক্ত করি, সরকারী এবং বেসরকারী দুটোর ক্ষেত্রেই একটা কড়া নিয়ন্ত্রণ রেখে—যেমন কিনা ইঞ্জিনিয়ারিং কলেজের ক্ষেত্রে তরুণ কান্তি নস্কর বার বার বলেছেন, তরুণ কান্তি নস্কর এখন এখানে নেই কালকে উনি এই ভোটের প্রশ্ন টেনেছেন, উনি যে প্রসঙ্গে বলেছেন সেই প্রসঙ্গে আমি বলি। আমি জনগণের পালস এবং জনগণের আশা-আকাঙ্ক্ষা বোঝার ক্ষেত্রে, গরীব মানুষের আশা-আকাঙ্ক্ষা বোঝার ক্ষেত্রে বলেছিলাম, তা সত্ত্বেও ওনার যদি খারাপ লেগে থাকে আমি ক্ষমাপ্রার্থী। যাই হোক এই ইঞ্জিনিয়ারিং কলেজের ক্ষেত্রে আপনারা দেখবেন আপনারা কিন্তু সবই করেছিলেন, একটা জিনিস করেননি। সেটা হচ্ছে ম্যানেজমেন্ট কোটা, এটাকে কি করে স্ক্রিনিং করা যায়. আটকানো যায় এবং এখান থেকে এই পথে লক্ষ লক্ষ টাকা রোজগার করছে, এটাকে কি করে আটকানো যায়, সেটা কিন্তু আপনারা করেননি। আপনারা লক্ষ্য করে দেখবেন, ২০১২ সালে এটা আমরা চালু করি। তার ফলে ২০১২ সাল থেকে আমরা এটা চালু করার পর আপনি যদি খোঁজ নিয়ে দেখেন অসিতবাবু, এবার এর সংখ্যা অত্যন্ত কমেছে এবং যার ফলে যেটা নিয়ে যথারীতি মিডিয়াতে নেগেটিভভাবে লেখা হল যে, ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্র সংখ্যা কম। কম কেন ? এটা স্ক্রিনিং করা হয়েছে। এটা আটকানো হয়েছে। আবার বলছি আমার মনে হয়, যে কোন দিকের একটা পজেটিভ দিক আছে, যে কোন দিকের একটা নেগেটিভ দিক আছে। আমরা যদি সার্বিকভাবে পজেটিভ দিকটা গ্রহণ করি এবং সত্যিকারের শিক্ষাবিদদের এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জড়াই তাহলে ভালো হবে। কলেজ সার্ভিস কমিশন তাদের প্যানেল বার করতে যাচ্ছে। ২০০০ বেশি ছেলে চাকুরি পাবে, নেট বা স্লেট কোয়ালিফায়েড। আবার ২০০০ বেশি পাবেও না, কারণ ৪০০০ বেশি অ্যাপ্লাই করেছে। পোস্ট আছে ২০০০। এই ধরনের কলেজগুলোতে তাদের ক্ষেত্রে বলে দেওয়া আছে ন্যূনতম ক্রাইটেরিয়া হচ্ছে নেট বা স্লেট পেতেই হবে। ইউ.জি.সি.-র গাইড

হউন। কর্মসংস্থানও হবে। অনেক নেট পাস স্লেট পাস করা ছেলেমেয়েরা সরকারী কলেজে ঢুকতে পারছে না. তারা ওই কলেজে গিয়ে পড়াবে। আমার মনে হয় এই যে অবকাশ, এই যে পরিসর. এই যে একটা চ্যালেঞ্জ. নতুন একটা সময়, এই সময়কে আমরা উপলব্ধি করি, আর বাকি যে গ্রায়শটা আছে সেটা আমরা দেখব। আমার মনে করি এটা আপনারো সর্বসম্মত ভাবে গ্রহণ করুন। এর ফলে রাজ্যের শিক্ষা ব্যবস্থা, কর্মসংস্থান, গ্রস দেয়ার এনরোলমেন্ট. তার ক্ষেত্রে এটা ভালো হবে। ধন্যবাদ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে, সেই ব্যাপারে আপনি রুলিং দেবেন। আমাকে ১ মিনিট বলতে দিন।

Mr Speaker : আপনার তো second reading-এ বলার scope তো নেই। আপনি third reading-এ বলতে পারেন।

Dr. Surya Kanta Mishra : Point of Order চাইছি স্যার। আপনার একটা ruling চাইছি। এই ব্যাপারে. যা মন্ত্রী বললেন. একটা রুলিং চাইছি। আমি বলছি যে মাননীয় মন্ত্রী বলছেন যে ৭ জনের যে কমিটি officer-দের হয়েছিল তার একটা রিপোর্ট উনি দিতে চেয়েছিলেন সিলেক্ট কমিটিতে। তারপরে অফিসাররা, তাঁরা দেখেছেন, ডিপার্টমেন্টের অফিসার আর অ্যাসেম্বলির অফিসার, তাঁরা দেখেছেন, তাঁরা মনে করেছেন উনি এটা দিতে পারেন না। আপনি নাকি স্যার বলেছেন যে এটা দেওয়া যাবে না।

Mr. Speaker : This matter has been disposed of.

Dr. Surya Kanta Mishra : I think Assembly has the privilege to know what some officers know. What the Minister intends to give এটা কি স্যার মিনিস্টারের রাইট ? এটা Assembly-র রাইট, এটা কি encroach করা যায় স্যার ? আপনি ruling দিন একটা। হাউসে লেখা থাক যে হাউসের অধিকারের মধ্যে পড়ে না।

Mr. Speaker : Dr. Mishra, this matter was referred to me and after elaborately observing everything I have given a ruling thereon.

Dr. Surya Kanta Mishra : Ruling has to be given in the House.

Mr. Speaker : এটা observation. I have given ...(noise)...

Dr. Surya Kanta Mishra : On what ground ? এটা অ্যাসেম্বলির privilege. এনক্রোচমেন্ট হচ্ছে স্যার। আপনি রুলিং দিন, এই হাউসে নোট থাকুক যে আপনি কিভাবে এটা আপনি বাতিল করে দিতে পারেন মন্ত্রী চাইছেন, অফিসাররা বললেন যে এটা অ্যাসেম্বলি জানতে পারবে না। এটা কি ব্যাপার ? এটা অ্যাসেম্বলির sovereign right, every right, Neither me nor ... ...(noise)...

[11.30-11.40 a.m.]

Mr. Speaker : Alright, alright. One minute, please. I am reading it out. Please take your seat.

The Seacom Skill University Bill 2013 was introduced in West Bengal Legislative Assembly on 27.08.2013, thereafter was referred to Select Committee of the House. During discussion in the meeting dt. 11.11.2013 of the Select Committee on the Seacom Skill University Bill 2013 some members of the committee desired to have the administrative report of 7 member committee headed by the vice chairman of the West Bengal State Council of Higher Education, who recommended the establishment of the proposed university. In the said meeting a question arose whether the production of such report is relevant for the purpose of examining the text and other aspects of the bill.

Since the committee could not arrive at any decision it has been referred to me to determine the issue.

The function of the Select or Joint Committee on the bill is to examine by the text of the bill clause by clause in order to see that the provisions of the bill clearly brings out the intention behind the measure, so that there may not be procedural defect in its working and that the bill does not offend provisions of the existing law, and that the object proposed to be achieved is adequately brought out. The committee may further desire to take oral evidence of experts or other interested persons and organization to explain the policy behind each clause of the bill as the committee may desire. This is Page 831 of 6th edition of Practice and Procedures of Parliament by Kaul Shakdar.

I have carefully examined the bill and the statement of the objects and reasons for introducing such bill. The objects and reasons for introducing the bill has been clearly mentioned in the 'Statement of Object and Reasons'.

So far as the scope of operation of the Select Committee is concerned, the committee has to examine the text of the bill clause by clause and to trace out the irregularities, if any further to see that the provisions of the bill do not offend provisions of the existing law.

Therefore, in my opinion the said report need not be called for.

The issue is thus disposed of.

...(Noise)... মাননীয় সূর্য্যবাবু, আমি elaborately বলে দিয়েছি। আপনি বলার জন্যই আমাকে বলতে হল। এটা বলার প্রয়োজন ছিল না। কারণ এটা একটা রিপোর্ট On the basis of the requisition of the member it was referred to me. আমি বার জন্য এই অর্ডারটা দিয়েছি। Please take your seat.

...(noise)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হাউসে এইভাবে পাশ করানো যাবে না। এই হাউসে নোট থাকুক যে আপনি কিভাবে এটা বাতিল করে দিতে পারেন।

Mr. Speaker : বসুন, বসুন। আমি দেব, আপনি বলেছেন আমি রুলিং দিয়ে দেব। I will give appropriate ruling on it. Please take your seat. ...(noise)...

The question before the House is that the Seacom Skills University Bill, 2013 as reported by the Select Committee of the House be taken into consideration. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say. No. Ayes have it. Ayes have it.

Clauses 2 to 24

The question before the House that Clauses 2 to 24 do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

Schedule A and B

The question before the House that Schedule A and B do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, Preamble and the Title of the Bill.

The question before the House that Clause 1, the Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it

Shri Bratya Basu : Mr. Speaker, Sir, I beg to move that the Seacom Skills University Bill, 2013 as settled in the Assembly, be passed.

[11.40–11.50 a.m.]

Mr. Speaker : Now I put the motion of Shri Bratya Basu to vote. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

(At this stage voting slip were distributed.)

...(At this stage, voting slips were distributed amongst the Hon'ble Members in the House)...

Mr. Speaker : Now, the results of the Division.

'Ayes' being 116, 'Noes' being **41**, 'Ayes' have it'. 'Ayes' have it. The Bill is passed.

The West Bengal Panchayat (Amendment) Bill, 2014

Shri Subrata Mukherjee : Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 2014.

(Secretary, then, read the Title of the Bill)

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that The West Bengal Panchayat (Amendment) Bill, 2014 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the Motion of Shri Asit Mitra, The amendment is in order. Now, I call upon Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2014 be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 2014.

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge, do you accept the Amendment ?

শ্রী সুব্রত মুখার্জী : আমি এটা গ্রহণ করতে পারছি না স্যার।

Mr. Speaker: The question before the House is that the West Bengal Panchayat (Amendment) Bill 2014 be circulated for the purpose of eliciting opinion thereon by 30th June 2014 (amdt No 1) moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

শ্রী আনিসুর রহমান: স্যার, এই Panchayat (Amendment) Bill 2014 যেটা এখানে হাজির করা হয়েছে আমার কতগুলো বিষয়ে সে ব্যাপারে আপত্তি আছে। আপনারা সবাই জানেন যে আমাদের সুব্রতবাবু যিনি এই দপ্তরের মন্ত্রী তিনি এখন ফাস্ট বয়। কিছুদিন আগে যে পরীক্ষা হয়েছিল তাতে উনি ফাস্ট হয়েছিলেন। আশা করেছিলাম ফাস্ট বয় একটা ভালো কিছু আমাদের সামনে হাজির করবে। তিনি যে এরকম একটা বিষয় হাজির করবেন সেটা আমার ধারণার মধ্যে ছিল না। এখন উনি এক থেকে পাঁচ পর্যন্ত যে Amendment এনেছেন সেটা আমরা সমর্থন করিনি, কারণ ওটা আমাদের আগে থেকেই আছে। Lien-এর যে সিস্টেম সেটা আগে থেকেই আছে। শুধুমাত্র কয়েকটি ক্ষেত্রে নতুনভাবে যে scope তৈরি হয়েছিল SSK, MSK, তাদের টিচার এবং এরকম কতগুলো ছিল সেগুলো যুক্ত করা হয়েছে, এটাকে আমরা সমর্থন করি, আপত্তি নেই। কিন্তু যেটা সবথেকে মারাত্মক করেছেন এটা আমি অবাক হয়ে গেলাম এই যে 213A, এই যে সেকশানটা এখানে Amendment আনার কি দরকার ছিল সেটা বুঝলাম না। এবং এমনভাবে আনা হয়েছে যেন সবাই তাড়াতাড়ি পড়তে না পারে, বুঝতে না পারে। এই যে গোটা তিনটে-চারটে পাতা এ বিষয়ে Amendment আনা হয়েছে, যা আছে তা বেশির ভাগ যা ছিল তাই আছে। কিন্তু কতগুলো জায়গায় Amendment আনা হয়েছে, দেখানো হয়েছে গোটা সেকশানটার Amendment আনছি। সবথেকে যেটা অবাক ব্যাপার আজকে যখন সারা দেশের কথা হচ্ছে দুর্নীতি রোধ করতে হবে তার সঙ্গে আমাদের horse trading রোধ করতে হবে, এই যে বেচাকেনা যেটা কিছুদিন আগে আমরা দেখলাম রাজ্যসভার ভোট হল সেখানে মেম্বারদের কেনাবেচা হয়ে গেল। আমরা দেখলাম সারা দেশে এ নিয়ে আপত্তি হচ্ছে। পঞ্চায়েত যদি নিয়মিত কেনাবেচা না হয়, তার জন্য আমরা প্রথম—এমনকি সংবিধানের পরিবর্তনের আগে—পশ্চিমবাংলাতে এই দলত্যাগ-বিরোধী আইন চালু করেছিলাম। তারপরে আমাদের সংবিধানে গৃহীত হয়। তারপরে এটাকে কড়াকড়ি করে ব্যবস্থা করা হয় দলত্যাগ বন্ধ করার জন্য। এটা ভালো করে নিশ্চয়ই জানেন। কিন্তু অদ্ভুত ব্যাপার দলত্যাগ-বিরোধী যে আইন আছে সে আইনের প্রধান লক্ষ্য হচ্ছে একটাই। যে দল থেকে তিনি নির্বাচিত হবেন সেই দলের যে ডাইরেকশান সেই ডাইরেকশানটা যদি তিনি কমপ্লাই না করেন, তার বিরোধিতা করেন তাহলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা হবে। কিন্তু অবাক হয়ে গেলাম এমন একটি বিষয় তিনি ঢুকিয়ে দিলেন সবথেকে মারাত্মক। সুব্রতবাবু ভালো করে দেখবেন। ওই যে আপনার 213A(ii) সাব ক্লজ A(ii) যেটা আছে যেখানে কি ছিল আর কি হয়েছে দেখুন, তাহলে ভালো করে বুঝতে পারবেন,

কতবড় অন্যায় আপনি করেছেন। আমাদের এখানে ছিল exercise of voting right or abstained from the voting contrary to any direction issued by the Leader of the political party to which he belongs without obtaining the prior permission of the said Leader or such voting or abstainment has not been condoned by the Leader of the concerned political party মানেটা আপনি ভালো করে বুঝতে পারছেন। এখানে বলা ছিল যে ভোটের ব্যাপারে সে যদি বিরুদ্ধে ভোট দেয়, সিদ্ধান্তের বিরুদ্ধে ভোট দেয়, কিংবা সে যদি বাড়িতে বসে থাকে, না আসে, absent করে তাহলে সে দলত্যাগ-বিরোধী আইনের মধ্যে পড়বে। এটা সংবিধানে আছে। এটাই আমাদের করা হয়েছিল। আপনি অজ্ঞাত কারণে abstainment বাদ দিয়ে দিলেন কেন ? এটার মানে হচ্ছে আপনি আবার ঘোড়া কেনাবেচা করতে পাকা ব্যবস্থা করে দিলেন। এমনভাবে করে দিলেন যত খুশি করা যাবে। ভোট দিতে হবে না, বাড়িতে বসে থাক। যেটা আমাদের সময়ে ছিল না তার পাকা ব্যবস্থা করে দিলেন। আমি এ ব্যাপারে Amendment এনেছি। আমি সবাইকে বলব ভালো করে দেখুন। আমাদের দুর্ভাগ্য হচ্ছে আমাদের যাঁরা সরকারী পক্ষের বিধায়ক আছেন তাঁরা না দেখে হাত তুলে দেন। সেদিন যে মিটিং হয়েছিল সেই মিটিংয়ে না দেখে বলে দিলেন— তাই আমি বলছি ভালো করে দেখুন কি করা হয়েছে। এখানে যেটা করে দেওয়া হয়েছে সেটা চরম অন্যায়। Abstainment-কে বাদ দেওয়া হয়েছে। তার মানে মেম্বার বাড়িতে বসে থাকবে, সে যাবে না। তার বদলে অন্য পার্টি সেটা ব্যবহার করে নেবে। একেবারে কেনাবেচার পাকা ব্যবস্থা করে দেওয়া হয়েছে। এটা একটা খুব অন্যায়। দু নম্বর হচ্ছে এখানে একটা মজার কথা বলা আছে যেটা শুনতে অবাক লাগছে যে abstainment উঠিয়ে দিলেন। দিয়ে কি বললেন ? আগে যেটা ছিল তারপরে যেটা বললেন, আগাম পারমিশান নিতে হবে। কিসের ? Abstainment উঠে গেল এবার তাহলে ভোট দিতে যাবে, আগাম পারমিশান নিতে হবে অথবা মাপ করে নিয়ে আসতে হবে তাতে সে বিরুদ্ধে ভোট দিতে পারবে। কোন পাগল আছে এখানে যে কোনো একটা দল তার লোককে বলবে তুমি আমার কথার বিরুদ্ধে ভোট দাও, আমি তোমাকে অনুমতি দিচ্ছি।

[11.50–12.00 noon]

আমি তাই বলছি, লিখেছেন দেখুন The action of such member was taken on obtaining prior permission of, or was condoned by, such recognized political party. তার মানে পার্টি আগাম বলে দেবে তুমি আমাকে ভোট দিও না, তুমি ওদের ভোট দিয়ে দাও। আর সেই পারমিশান নিতে হবে, কি করে যে এটা লিখলেন সেটা বুঝতে পারলাম না। লিখে দিলেন এটা। তারপরে আমাদের যেটা বলা আছে, ওয়ান-থার্ডের যে কোরেশ্চেনটা আছে যেটা আপনারা ভালো করে জানেন, সংবিধানেও বলা ছিল যে ওয়ান-থার্ড যদি একটা গ্রুপ করে তাহলে তারা এই ব্যাপারে ছাড় পাবে কিন্তু পরে হাইকোর্ট থেকে বলেছে এটা ঠিক নয়। আমরা চাই সত্যিকারে ডায়রেকশান যেটা—যেভাবেই হোক

ডায়রেকশানকে অমান্য করে তার এই নিয়মের মধ্যে পড়ার কথা। কিন্তু আপনি কি বললেন. ওয়ান-থার্ড বললেন আবার একটা কথা ঢুকিয়ে দিলেন that all the members of such group have voluntarily given up their membership of such recognized political party। তার মানে হচ্ছে তিন ভাগের এক ভাগ পুরোর. একভাগ এবং সবাই মিলে দল ত্যাগ করলে স্বেচ্ছায় তবেই এই নিয়মের মধ্যে পড়বে, নইলে পড়বে না—এটা কি করে মাথায় ঢুকল আমি বুঝতে পারছি না। তারপর হচ্ছে স্যার, যারা লিডার সেই লিডারের সিদ্ধান্ত যা হবে তাই। আমাদের সময় করেছিলাম—আমরা ৩ মাস ৩ মাস করেছিলাম এই কারণে অনেকগুলো পলিটিক্যাল পার্টির সমস্যা হচ্ছিল। ওইজন্য আমরা সময়টা বাড়িয়ে দিয়েছিলাম। আপনি আবার কি করলেন, সময়টা পুরো কমিয়ে দিলেন ১ মাস। ঠিক আছে। কি করলেন shall বলে দিলেন। এর দরুন প্রত্যেকবারে যে ১ মাসের মধ্যে অবশ্যই করতে হবে। আবার সেকেন্ড প্যারায় গিয়ে বলে দিলেন আবার এটা ছাড় পাবে unlimited period-এর জন্য, অসীম সময়ের জন্য ছাড় পাবে। যদি এটা প্রয়োজন হয়ে থাকে তাহলে আগেরটা কোনো বাধা হবে না। এটা কি কারণে আমি বুঝতে পারলাম না। চার নম্বরে একটা বিষয় আমরা দেখলাম, আমরা চেয়েছিলাম দলত্যাগ-বিরোধী সমস্যা তাড়াতাড়ি মিটে যাক। এই জন্য আমরা কি করেছিলাম এই যে proceed করার টাইম, সেটা আমরা করেছিলাম ২ সপ্তাহের মধ্যে করতে হবে, আর শেষ করতে হবে ৪ সপ্তাহের মধ্যে। আপনি পুরোটা ডবল করে দিলেন। কাজ পুরো করতে লাগবে নাকি ৪ সপ্তাহ আর শেষ করতে লাগবে ৮ সপ্তাহ। এত সময় লাগার তো কথা নয় যা নিয়ম-কানুন করা আছে। আপনি সেটা করে দিলেন। এর পরে আপনি যেটা আনলেন স্যার, একই নিয়মে। এখানে এনেছিলাম আমরা যে from the word six weeks, the words two weeks. আমরা এটা করেছিলাম। আগে ৬ সপ্তাহ ছিল আমরা ২ সপ্তাহ করেছিলাম। আপনি আবার এটাকে ৬ সপ্তাহে নিয়ে গেলেন। আর যেটা ৪ সপ্তাহ করেছিলাম সেটা আপনি করে দিলেন ৮ সপ্তাহ। এর মানেটা কি আমি বুঝলাম না। আমি আপনাকে বলতে চাই, পশ্চিমবঙ্গে আপনি যাই করুন না কেন, এই যে আইনের বইটা আছে এটা আপনার সময়ে তৈরি। Panchayet Act, 1973 আপনি তখন পঞ্চায়েতের মন্ত্রী। আপনি আইনটা করেছিলেন। কিন্তু দুর্ভাগ্য একটাই ৫ বছর ক্ষমতায় ছিলেন কিন্তু ভোট করেননি। তখন বাংলাতে ১২-১৩ বছর ভোট হয়নি। আজকে আবার আপনারা ক্ষমতায় এসেছেন, মন্ত্রী হয়েছেন। আবার এসেই আপনারা কি শুরু করেছেন, পঞ্চায়েতের ক্ষমতা কেড়ে নিয়ে বি.ডি.ও.-দের ক্ষমতা দিচ্ছেন। আমি আবেদন জানাব, যা করা হয়েছে পশ্চিমবাংলায় যত সময়োপযোগী বলা হোক না কেন—আমি সেই জন্য বলেছিলাম, একটা ব্লকে বি.ডি.ও. অফিস সেই বি.ডি.ও. অফিসের নামই এখন পঞ্চায়েত সমিতির অফিস। তখন বি.ডি.ও. ছিল প্রধান, এখন একটা গ্রামের গরীব মানুষ, সিডিউল্ড কাস্ট, সিডিউল ট্রাইব মানুষ সে বি.ডি.ও.-র উপর উঠেছে। আজকে এই ব্যবস্থা কায়েম করতে কি পরিশ্রম করতে হয়েছে, কি ব্যবস্থা নিতে হয়েছে আপনি ভালো করে জানেন। আজকে সেই ব্যবস্থাকে ভেঙে দিয়ে, আজকে আবার বলছেন চলো বি.ডি.ও.-র কাছে। চলো

আবার ডি.এম.-এর কাছে। তারাই আমাদের মাথা! আর তার জন্য কি ? আপনি তো বলেছিলেন যে এবার ৮০ দিন কাজে দেবেন ১০০ দিনের কাজে। আপনি বলেছিলেন, এটা আমি প্রমাণ করব। আজকে জয়রাম রমেশের চিঠিটা আপনি পড়ে দেখুন, আর আপনার রিপোর্ট দেখুন—এই বছরে মাত্র কাজ দিয়েছেন ২১ দিন। শ্রমদিবস মাত্র ৯ কোটি। আর আপনি যে খরচের হিসাব পাঠিয়েছিলেন ৪ হাজার ৫০০ কোটি টাকা খরচ বলেছিলেন সেই খরচ হয়নি। খরচ হয়েছে ৩ হাজার ৪০০ কোটি টাকা। সেটা রিপোর্টে, জয়রাম রমেশের চিঠিতে আছে। যে কাজ করতে পারত পঞ্চায়েত সেই ক্ষমতাটা কেড়ে নিয়ে আপনি আজকে চেষ্টা করছেন অফিসারকে দিয়ে করানো। যে ব্যবস্থা ছিল, আর যে ব্যবস্থা করা হয়েছে সেটা ধ্বংস করার শামিল। আমি আবেদন জানাব, এই যে ২১৩-A যে সেকশানটা আছে এটা পুরোপুরি বাতিল করে দিন। যা আছে সেটাই যথেষ্ট। এখানে কোনো পরিবর্তনের দরকারই নেই। আমি বিশেষভাবে অনুরোধ করব আমার আবেদন যে আপনি এটাকে পুরো বাতিল করে দিন।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আজকে পবিত্র সদনে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল ২০১৪—যেটা উপস্থাপন করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে এই পবিত্র সদনে সকলের কাছে এই বিলটিকে অনুমোদনের জন্য আবেদন জানাই। ম্যাডাম, আপনি জানেন আজকে যারা এখানে বসে পঞ্চায়েত সম্পর্কে অনেক টীকা টিপ্পনী কাটার চেষ্টা করছেন, তাদের বোধহয় এটা স্বীকার করে নিতে হয় যে এই পবিত্র সদনে বহুদিন ধরে যে প্রত্যাশা ছিল, যেটা ভারতবর্ষের অন্য কোনো অঙ্গরাজ্য করে দেখাতে পারেনি, মহিলাদের ৫০% পঞ্চায়েতে সংযুক্তির মধ্য দিয়ে যে এক অভিনব অধ্যায়ের সূচনা করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাকে বাস্তবায়িত করার জন্য মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ব্যবস্থা-গ্রহণ করেছেন, এটা এই মুহূর্তে পশ্চিমবঙ্গে শুধু নয়, গোটা ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্যের কাছে একটা ঈর্ষার কারণ হয়ে দাঁড়িয়েছে। এক অভিনব অধ্যায়ের সূচনা করেছেন, এটাকে নতুন করে বলার অপেক্ষা রাখে না। বিভিন্ন ক্ষেত্রে যেভাবে কাজকর্ম চলছে, স্বচ্ছতার সঙ্গে বিভিন্নভাবে গ্রামীণ কাজকর্মের ক্ষেত্রে তাদের যে অন্তর্ভুক্তি, এটা নিঃসন্দেহে বাংলাকে একটা বিশেষ জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছে। মাননীয় আনিসুর সাহেব যেভাবে বলার চেষ্টা করলেন, তাদের সময়ে পঞ্চায়েত কতটা অগ্রগতি হয়েছিল তাঁরা নিঃসন্দেহে জানেন। কিন্তু আজকে দায়িত্ব পাওয়ার পর থেকে, আপনি ভালোভাবেই জানেন, আপনি একটু আগে বলেছেন। মাননীয় সুব্রত মুখার্জী তাঁর এই কাজের মধ্য দিয়ে তিনি যথেষ্ট কৃতিত্বের পরিচয় রেখেছেন। ১০৯% কাজের অগ্রগতি তিনি করতে পেরেছেন, এটা তিনি নিজেই স্বীকার করেছেন। আর যে ঘোড়া কেনাবেচার কথা বলছেন, আমি আপনাকে বলি আপনারা যখন ৩৪ বছর ধরে পঞ্চায়েতের দায়িত্ব পালন করে এসেছেন, তখন বিভিন্ন ক্ষেত্রে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে যেভাবে একপেশে কাজ করেছেন, যে ভীতি, সন্ত্রাসের কাজটা আপনারা চালিয়ে এসেছেন, বিরোধী

পক্ষের সুযোগ ছিল না পঞ্চায়েতে অংশগ্রহণের মধ্য দিয়ে গণতান্ত্রিক অধিকারকে প্রতিষ্ঠা করার। সেই কাজে আপনারা সন্ত্রাসের মধ্য দিয়ে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলোকে আপনাদের নিজেদের করতলগত করবার চেষ্টা করেছিলেন। তারপর আপনাদের ২০১০ সালে যে অ্যামেন্ডমেন্ট করেছিলেন, এইভাবে যখন আপনারা অধিকতর গ্রাম পঞ্চায়েত দখল করে নিয়েছেন, তাদেরকে গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করেছেন, তখন আপনাদের সেই নিয়মটা ছিল যে এখান থেকে বেরিয়ে যেতে গেলে একটি পলিটিক্যাল পার্টির নির্দেশনামা ছাড়া, পলিটিক্যাল পার্টির যিনি দায়িত্বে থাকবেন তার নির্দেশনামা ছাড়া তিনি কোনোমতেই ওখানে যেতে পারবেন না। এটা আপনাদের বক্তব্য ছিল। কিন্তু তার মানেটা কি ? তাহলে তার আগে আপনারা যে কাজগুলো করেছেন সেখানে কি আপনারা গণতান্ত্রিক অধিকারকে রক্ষা করতে পেরেছিলেন ? এই প্রশ্নটা আপনাদের কাছে রাখছি। দ্বিতীয় প্রশ্ন আজকে যেখানে আমরা দেখেছি সেকশান ৯, সেকশান ৯৮, সেকশান ১৪৩ এবং ১৭২ এক্ষেত্রে আমরা দেখেছি যে পঞ্চায়েতের প্রধান থেকে আরম্ভ করে, পঞ্চায়েত সমিতির সভাপতি, সহ-সভাপতি, জেলা পরিষদের সভাধিপতি, সহ-সভাধিপতি এবং জেলা পরিষদের ৯ জন কর্মাধ্যক্ষের ক্ষেত্রে—এর আগে গ্রামাঞ্চলে যাঁরা দায়িত্ব পালন করতেন, শিক্ষকতার কাজ বা অন্যান্য কাজের সঙ্গে যুক্ত থাকতেন, তাঁরা ছুটি কোনোমতেই পেতেন না। এই ক্ষেত্রে আজকে অ্যামেন্ডমেন্ট করার পরে এই প্রভিশান অ্যাক্টে বলা হয়েছে to make provision for lien or leave of absence in favour of Pradhans or others. এইভাবে একটি নতুন চিন্তা-ভাবনা করা হয়েছে। এটাকে আমরা নিঃসন্দেহে স্বাগত জানাই। এবং সেকশান ২১৩ ক্ষেত্রেও আমরা যেটা দেখেছি যে আগে যেমন কোনো একটা রাজনৈতিক দলের একজন নির্বাচিত পঞ্চায়েত সদস্য যদি স্বেচ্ছায় তাঁর পদ গ্রহণ করে থাকেন তাহলে সেটা ডিসকোয়ালিফায়েড হবে। কিন্তু আপনাদের মূল অবজেকশান যেখানে, ২১৩-এ এর কথা যেটা বলছেন, ২১৩ A-এর ক্ষেত্রে আগে যেটা ছিল এটাকে পরিবর্তন করে If he along with a group of members, set up by the same political party consisting of not less than 1/3rd of the total members belonging to the said party in the Panchayat, voluntarily give up membership of that political party—if one third of the total members set up by a political party in the Panchayat voluntarily give up membership of that political party—and exercise voting right to the contrary, they shall not be disqualified as members of that Panchayat. অতএব এর মধ্য দিয়ে বিলে বলার চেষ্টা করা হয়েছে যে সত্যিকারের যদি ওয়ান থার্ড মেম্বার চলে আসতে পারে তার ক্ষেত্রে কোনো ডিসকোয়ালিফিকেশন হবে না। এটাই এই বক্তব্যের মূল বিষয়বস্তু এবং একটি পার্টি থেকে যদি আর একটি পার্টিতে মার্জ হয়ে যায় সেখানে কোনো ডিসকোয়ালিফিকেশান হবে না। এটার মধ্য দিয়ে আজকে এই পঞ্চায়েতের যে অ্যামেন্ডমেন্ট করা হয়েছে এটা ঘোড়া কেনাবেচার জন্য নয়, ঘোড়া কেনাবেচার ব্যাপারে যাঁরা বারবার করে বলার চেষ্টা করেছেন, তাঁরা তাঁদের ঘোড়াকে রক্ষা

করতে পারলেন না। সেটার দায়িত্ব তাদের নয়। আজকের বাংলার উন্নয়ন যেভাবে সংঘটিত হচ্ছে বাংলার বুকে-বুকে, আজকে মানুষ সেদিকে অংশগ্রহণ করছে। গোটা পশ্চিমবঙ্গে সর্বক্ষেত্রে—আজকে পঞ্চায়েতের ক্ষেত্রে এ উন্নয়নটাকে সংঘটিত করবার জন্য সবাই একযোগে আজকে তৃণমূলের দিকে ধাবিত হচ্ছে। অতএব এই যে আইনটার বিরুদ্ধে যাঁরা বক্তব্য রেখেছেন আমি মনে করি তাঁদের প্রিভিয়াস যে চিন্তা-ভাবনা, তার বিরোধী বলেই আপনারা এটার বিরোধিতা করছেন। এই বিরোধিতার জন্য বিরোধিতা না করে বাংলার উন্নয়নকে ত্বরান্বিত করবার জন্য মমতা ব্যানার্জী—মা মাটি মানুষের সরকার যে কাজ করেছে, তাকে স্বাগত জানানোর জন্য এই বিলের পক্ষে সমর্থন করবার জন্য আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[12.00 noon –12.10 p.m.]

শ্রী নেপাল মাহাত : অনারেবেল ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী The West Bengal Panchayat (Amendment) Bill 2014 যেটা পেশ করেছেন, তার উপর ভিত্তি করে ম্যাডাম দু-একটা কথা বলছি। আজকে যে বিলটা উনি পেশ করেছেন এটা মোটামুটি ইনিসিয়ালি যে বিলটা ছিল সেটা হুবহু তিনি রেখেছেন। মাঝে ২০১০ সালে যেটা অ্যামেন্ডমেন্ট হয়েছিল তার উপর কয়েকটা জিনিস তিনি বলেছেন। আনিসুরবাবু যে কথাগুলো বললেন, ওটা না বলে আমি কয়েকটা বিষয় বলছি। প্রথম যে লিয়েন-এর ব্যাপারটা করা হয়েছে, এখানে একটা বড়-সড় ডিফেক্ট আছে। সেটা প্রিন্সিপাল অ্যাক্টেও আমি দেখলাম যেটা ১৯৭৩-তে ছিল, তারপর যে রুলটা হয়েছিল যে লিয়েন-এর উপপ্রধান যে প্রভিশানটা নেই। উপপ্রধান যারা হবে তাদের ক্ষেত্রে লিয়েন নিতে হবে না। সেটাকে অফিস বিয়েরার হিসাবে ট্রিটমেন্ট করা হচ্ছে না মনে হচ্ছে। কারণ সভাপতি, সহকারি সভাপতি যাঁরা হবেন তাঁরা ফুলটাইম অফিস করবেন এবং তাঁদের কোনো চাকরি বা কোনো আর্থিক সংস্থান থাকলে সেখানে তাঁকে ছুটি নিতে হবে। ইন কেস অফ উপপ্রধান—সেটা হচ্ছে না। আর সেকেন্ড যেটা স্যার, আমি এর মাধ্যমে বলতে চাই, এই যে ফুলটাইম কাজ হচ্ছে এদের—একজন আই.এ.এস. অফিসারের সঙ্গে একদিন আমার কথা হচ্ছিল, এই পঞ্চায়েত নিয়ে তিনি চিন্তা-ভাবনা করছিলেন। তিনি বলছিলেন এই পঞ্চায়েত প্রধান, সভাপতি, সহকারি সভাপতি, সভাধিপতি—এদের মান্থলি পেমেন্ট যেটা, এটা ফুল টাইম অফিস করলে এটা কি সাফিসিয়েন্ট ? এটাকে বাড়ানো উচিত। এই বাড়ানোর ব্যাপারটাকে তিনি জোর দিচ্ছিলেন। বর্তমানে যারা আছেন তাঁদের কাছে আমি অনুরোধ করব এই বিষয়টাকে একটু চিন্তা-ভাবনা করা। তার কারণ হচ্ছে এই পেমেন্টটা না বাড়ালে করাপশান যেমন বাড়বে, তেমনি ফুলটাইম ২০০০-১৫০০ টাকা দিয়ে তারা কিভাবে এই কাজটা চলাবে ? এই বিষয়টাকে একটু দেখতে হবে। ২১৩-এ যে বিষয়টা বলা হয়েছে, অ্যান্টি ডিফেকশান বিলটাকে আমাদের উচিত ছিল এটাকে আরও বেশি স্মুথলি করা যাতে এই কাজটা আমরা করতে পারি। এখন যেটা দেখা যাচ্ছে অ্যামেন্ডমেন্টের পর যে, যদি প্রশাসক বা যাঁরা প্রশাসনে আছেন, সেই দল যদি ইচ্ছা করে তাহলে এই বিল লাগু

হবে না। ও বরাবরই বেঁচে যাবে। সেটা কয়েকটা বিষয় এখানে উল্লেখ করতে চাই। আমরা দেখেছি যে পঞ্চায়েতের বেশির ভাগ জায়গাতে হাইকোর্ট হয়ে অনেক কাজ বন্ধ হয়ে গিয়েছে। হাইকোর্ট হওয়ার রাস্তাগুলোকে আমরা খুলে রেখে দিচ্ছি। এখানে যে এবস্টেনের কথা বলা আছে, সেটাকে বাতিল করা হয়েছে—এটা যেমন ভুল, তেমনি আবার একটা প্রভিশান আছে যে, মেজরিটি দল যারা সিদ্ধান্ত নিয়েছে যে, তার বিরুদ্ধে ভোটিংয়ের মায়নর করা যাবে না। এবস্টেনটা এই লাইনের মধ্যে পড়ছে কিনা। যদি পড়ে তাহলে আবার এখানে একটা কোর্ট যাবে যে, এই লোকটা এবস্টেন হয়েছে, সেও দলের সিদ্ধান্তের বাইরে কাজ করেছে। সুতরাং তাকেও এটাতে আনা যাবে কিনা এই নিয়ে তর্ক-বিতর্ক থেকেই যাচ্ছে। সেকেন্ড যে ব্যাপারটা স্যার, সেটা ওই টাইম লিমিটটা। টাইম লিমিটটা করতে-করতে এমন জায়গায় পৌঁছে গেছে যে, আজকে আমরা দেখছি বি.ডি.ও. সাহেব যদি কাউকে এই বিলের আওতায় এনে খারিজ করেন, তাহলে তার অ্যাপেলেট অথরিটি এস.ডি.ও. সাহেব আছেন, তাকে সে প্রেয়ার করতে পারে উইথ ইন ওয়ান মান্থ। এতটা পর্যন্ত ঠিক আছে। এইবারে সেই অ্যাপেলেট অথরিটি তার এই আবেদনটা কবে ক্লিয়ার করবে তার কোনো টাইম লিমিট আপনার নেই এবং এখানেই যত গ্যাঁড়াকলটা। এই জায়গাতে এস.ডি.ও. সাহেব ৩০ দিনের মধ্যে আপনি যেটা করতে পারেন-অ্যাপিল করা হল, এবার অ্যাপিলটা উনি কবে ডিসপোজ অফ করবেন তার কোনো টাইম আপনার আইনে লেখা নেই। এবং এই ব্যাপারটার উপর ভিত্তি করে আমার জায়গাতেও আমি দেখেছি, আমরা একটা জায়গায় দেখলাম আমাদের সিদ্ধান্তের বাইরে বি.ডি.ও. সাহেব সিদ্ধান্ত দিলেন। এস.ডি.ও. সাহেবের কাছে গেলেন। পঞ্চায়েত নির্বাচনের আগে পর্যন্ত appellate authority হিসেবে এস.ডি.ও. তার কোনো হেয়ারিং করলেন না। অনেক দিন ব্যাপারটা ঝুলিয়ে দিলেন, সিদ্ধান্তটাকে স্টে করে রেখে দিলেন। আর আজকে এই Anti Defection Bill-এর যে আসল motto-টা, সেটা কিন্তু এই জায়গাতে নষ্ট হচ্ছে। আর একটা বিষয়ের উপর আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটা বিষয় তিনি আবার ইন্ট্রোডিউস করেছেন, যেটা ২০১০ সালে এনারা উড়িয়ে দিয়েছিলেন। সেটা হচ্ছে, যারা নির্দল হিসেবে, Without any symbol যারা জিতবে, ৬ মাসের মধ্যে না জানালে, after expiry of six months কোনো দলে যদি যায় তাহলে তার মেম্বারসিপ খারিজ হবে। কিন্তু আবার সুব্রতবাবু সেটা ঢোকালেন যে, না ওই ৬ মাসের পরে গেলে তার মেম্বারসিপ খারিজ হবে। এনারা যেটা বলেছিলেন সেটাকে টোটাল অমিট করে দিয়েছেন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটাতে আমি মনে করেছিলাম বোধহয় আনিসুর সাহেব, উনি বোধহয় সমর্থনই করবেন। আমার সরকারের পক্ষ থেকে অভিনব এবং নতুন কিছু কথা খুব একটা বেশি বলার নেই। মূলত আপনারা যদি দেখেন তাহলে ১৯৭৩ সালের আইনটি, এই আইনটিকে আগের যে বামফ্রন্ট সরকার যখন ছিল ১৯৯৪ সালে একটি অ্যামেন্ড করেন এবং তার ক্লজ দেন ২১৩ (এ)। তারপর আবার সেটাকে পরিবর্তন করে ২১০-এ একটা অ্যামেন্ডমেন্ট করেন। আমরা এই দুটোকে ভিত্তি

করে ছোটো দুটি পরিবর্তন করেছি। খুব বড় রকমের যে সংস্কার করতে পেরেছি তা নয়। আপনাদের অবগতির জন্য জানাই যে ১৯৭৩ সালের আইনটি, এটা ঠিক যে আমিও তখনও পঞ্চায়েতমন্ত্রী ছিলাম। এটাই হল master principle গত পঞ্চায়েতিরাজ Whole of India, যেটা আমাদের সময় তৈরি হয়েছিল। যেটা পরবর্তীকালে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং বামফ্রন্ট সরকার খুব গর্বের সাথে সারা ভারতবর্ষে প্রচার করেছেন। আমি তার জন্য ধন্যবাদ জানাই। এই অ্যাক্টের মধ্যে আমরা কিন্তু প্রয়োগ করতে পারিনি নানা কারণে। সেটা রাজনৈতিক ব্যাপার মুখ্যত। এবং প্রয়োগ না করার ফলে ব্যবহারিক সুবিধে-অসুবিধেগুলো আমাদের নজরে আসতে পারেনি। কিন্তু আমি অবাক হয়ে গেলাম ৩৫ বছর ধরে যাঁরা এটা ব্যবহার করলেন, এর মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি যা আছে, পরিবর্তন করা উচিত এবং পূর্ণাঙ্গ পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠা করা উচিত। সেটা তাঁরা করে যাননি। আনিসুরবাবু নিজেও মন্ত্রী ছিলেন। আমি এইরকম একটা-দুটো আইন নয়, যার জন্য আমাদের মুখ্যমন্ত্রী, একটা সংবাদ হাউসকে জানাই তিনি একটি ছোটো কমিটি করেছেন। হয়তো পরবর্তীকালে এম.এল.এ.-দের কাছে হাউসে যখন আসবে তখন অন্য কমিটি আবার হতে পারে। কারণ এগুলো আলোচনার ভিত্তিতেই হবে। উনি একটা কমিটি করেছেন। যে কমিটি আমাদের সরকারকে সুপারিশ করবে। সরকার সেটাকে দেখে আবার আপনাদের সঙ্গে বিভিন্ন কমিটির থ্রু দিয়ে এসে হয়তো আইন করবে। প্রচুর পরিবর্তন করার দরকার আছে আমরা কাজ করতে গিয়ে দেখছি। আনিসুরবাবু দু-একটা প্রাসঙ্গিক কথা বললেন, আমি তার উত্তর দিয়ে নেই। উনি প্রথমে বললেন ঘোড়া কেনাবেচা। আপনার ঘোড়া যদি কেঁ কেঁ করে পালিয়ে যায় কে রুখবে বলুন ? আজকের কাগজেই তো পড়লাম যে আপনার ঘোড়া রেজ্জাক সাহেব, লক্ষ্মণ শেঠ, পাশে বসে আছেন সুশান্তবাবু—এ ঘোড়া না গরু আপনি বলতে পারবেন, আমি বলতে পারব না। এরা কিন্তু দড়ি ছিঁড়ে পালাবার জন্য লাফালাফি করছে।

[12.10–12.20 p.m.]

পৃথিবীর কোন আইনে এদের আটকাবেন ? সারা ভারতবর্ষে এই নিয়ে খুব আলোড়ন হয়, এবং তারই পরিপ্রেক্ষিতে আপনি জানেন 10th schedule constitution ১৯৮৫-এ একটা Amendment হয় এবং সেটাও যথেষ্ট নয় বলে পরবর্তীকালে আবার একটা হয়—আনিসুর রহমান সাহেব ঠিকই বলেছেন। প্রথম যে concept-টা হয় সেটা ওয়ান থার্ড। আমাদের এখানে ২০১০ সালে যেটা পরিবর্তন করে আপনারা আনতে চেয়েছিলেন যে, না, কেউ কোথাও যেতে পারবে না। তাতে সংবিধানের যে essence, সেটা লঙ্ঘিত হয়। আমরা কোনো আইন করি না যেটা আমাদের central-এর mother act বলতে যা বোঝায়, অথবা তার উপরে সাংবিধানিক কিছু বক্তব্য যদি থাকে, সেটাকে যাতে hit করে বা তার মূল সুরটা থেকে আমরা বেরিয়ে যাই। আমরা সেই anti defection-এর মূল স্রোত, যেটা '৮৫ থেকে শুরু হয়েছিল, সেটাই আবার introduce করেছি। আর কি করেছি ? 213(A) যেটা, সেটাকে intact রেখেছি। সেটা তো আপনাদের তৈরি করা। কিন্তু

২১০-এর পরিবর্তন হয়েছে। ২১৩টা মূলত মোটামুটি একই রেখে দিয়েছি। আপনাদের অবগতির জন্য জানাই যে, আপনাদের পার্টি করতে গেলে প্রবলেম কি জানেন ? আপনাদের পার্টির structure-টা—কিছু মনে করবেন না, একটু বলি—আপনাদের কেউ volunteer নয়, বাকি সমস্ত পার্টি, আমাদের ছাড়াও, even যাঁরা কংগ্রেস রয়েছেন এঁরা সবাই volunteer, আপনাদের পার্টির সবাই whole timer, বা part timer, না কি সব বলেন। তার মানে আপনারা চাকরি করেন একরকম। কিছু যদি মনে না করেন। আমাদের এই স্বাধীনতাটা আছে। কালকে যদি নেপাল বলে দেয় আমি ছেড়ে দেব, তাহলে কিছু হবে না। কিন্তু যদি আপনাদের ওখান থেকে হয় তাহলে আপনাদের পার্টির কি নিয়ম আছে, কমিশন হবে, ইত্যাদি হবে, যেগুলো পুলিশ করে সেইগুলো করা হবে। এইগুলো আমাদের নেই। সুতরাং আপনাদের সবসময় এই শঙ্কাটা থেকেই যায়। আমরা করতে চেয়েছি যেটা, কেউ ক্রীতদাস নয়, কেউ elect হয়েছে। one individual, দুজন কেনা-বেচা হতে পারে, কিন্তু ওয়ান থার্ড যদি পরিবর্তন করতে চায় তাহলে তার ধারণাটাকে মূল্য দিতে হবে, যেটা সংবিধানে দিতে চায়। তার মূল্য দিতে হবে। Whole ৫০ জন সদস্য কোন গ্রাম পঞ্চায়েতে বা জেলা পরিষদে আছে, ৪৯ জন যদি অন্য পথের ভাবনা করে তাহলে তার মান্যতা দিতে হবে, মর্যাদা দিতে হবে। আপনি আইন করে আপনাদের পার্টি করার মতো চাকর করে রাখতে পারেন না। আমরা সেটা করেছি। আর একটা আমরা করেছি, ৬ মাসের জন্য যে নির্দল elected হয়ে এল, সেই ৬ মাসের মধ্যেই থাকতে বলেছি। ৬ মাস বললাম এই কারণে, তাকেও যেটা বলছেন ঘোড়া বেচা, তাকেও কেনাটা continue ৫ বছর ধরে চলবে। ওই ৬ মাসের মধ্যেই তাকে সিদ্ধান্ত নিতে হবে। বারেবারে ওনারা একটা কথা বলেন—জয়রাম রমেশের চিঠি। আমি আবার বলছি, এই চিঠিগুলোর অনেক মানে আছে, এইগুলো আংশিক চিঠি, আপনারা পড়েননি। আপনারা দুটো জিনিস সর্বনাশ করে গেছেন। দুজনই মন্ত্রী ছিলেন আমাদের দেশের, আমাদের নয়, সেটা ওরা ভালো করেছেন, ওইসব না করলে আমরা আসতাম না। আমি ফাইল দেখাতে পারি, on record বলছি, যেখানে দিল্লিতে চিঠি দিয়ে লিখেছেন—পশ্চিমবঙ্গে রাস্তার দরকার নেই, আমাদের রাস্তার approval দিতে হবে না। এখানে প্রায় ৩০০ জন এম.এল.এ. বসে আছেন, বলুন তো আপনার এলাকায় রাস্তার দরকার নেই ? (...নয়েজ...) যার জন্য আমাকে ভয়ঙ্কর অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। দেখিয়ে দেব। (...গোলমাল...) এখন চেঁচালে কি হবে। আবার দেখিয়ে দেব। আবার দেখিয়ে দেব। আমি তো হাউসে বললাম। এরপরে আপনাকে বলি আপনারা কোনোদিন ভাবতে পারেননি যে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে চার হাজার পাঁচশো কোটি টাকা নিয়ে এসে জব কার্ডকে দিয়ে দিতে পারবেন। যে টাকার অঙ্কটা বলছেন, আপনাদের সেটা হল অনেক কিছু বাদ দিয়ে। আমরা প্রায় রাউন্ডে বলছি। চার হাজার পাঁচশো কোটি টাকার আমরা কাজ করেছি। ভারতবর্ষের কোনো রাজ্য যদি চার হাজার পাঁচশো এক কোটি টাকার কাজ করে দেখাতে পারেন তাহলে আমরা অন্য সিদ্ধান্ত নেব। আমি বারে বারে বলছি। কুড়ি কোটি, লেবার বাজেট কুড়ি কোটি ম্যানডেট ধার্য করেছিল। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই প্রথম সিক্স নারেগা তৈরি হওয়া থেকে এই প্রথম ১০৯% কাজ করে দিয়েছে

ওই কুড়ি কোটি টাকায়। দ্যাট ইজ দ্য রেকর্ড। আজকে আপনাদের গ্রামীণ উন্নয়ন আপনারা করেননি বলেই আমাদের বাঁচোয়া। আরও যদি দশ বছর থাকতেন, আরও যদি কিছু না করতেন আমরা তিনশো সিটেই চলে আসতম। আপনারা একটাতেও জিততেন না। আপনারা লজ্জা পাবেন। যদি করতেন জল রাস্তা এস.এস.কে. শিক্ষা, এন.আর.এল.এম. এইসব যদি করতেন আমাদের আসা যেত না। আপনারা করেননি, সেটাই আমাদের আশীর্বাদ হয়ে দাঁড়িয়েছে। আমি স্যার মনে করি এই আইনটা অত্যন্ত স্বচ্ছ। এখানে নেপাল মাহাতো দুটি কথা বলেছেন। একটি হল লিয়েনের উপরে প্রধান দিক। এটা দিল্লি থেকেই নেই বলে আমরা করিনি। চোদ্দটি পোস্টকে আমরা মূলত ইনক্লুড করেছি। কর্মাধ্যক্ষ, প্রধান, সভাধিপতি, সহসভাধিপতি, সমিতি এবং জেলা পরিষদ, কর্মাধ্যক্ষগুলিকে নিয়ে। এই চোদ্দটি পোস্টে ওঁরাও করে যাননি। আমরা করলাম। এখন কর্মালয়েতে কোথাও সরকারী আধাসরকারী আন্ডারটেকিং যদি কাজ করেন, তাহলে তারা পাঁচ বছরের লিয়েন পেয়ে ছুটি পেয়ে এমনকি তাদের প্রোমোশনেরও অধিকার রেখে তারা মানুষের সেবা করতে পারবে হোল টাইমার হিসাবে। সেই সঙ্গে বলেছেন বেতনের ব্যাপারটা। এই বেতনের ব্যাপারটাও আমাকে ভাবতে হবে। কারণ অনেক টাকার ব্যাপার যুক্ত আছে। কিন্তু প্রশ্নটা সঠিক। আর খুব দরকার, হ্যাঁ আমিও মনে করি। আর এস.ডি.ও.-এর এই যে সময় নেই, এটাও আমি মনে করি যে ভাবা দরকার। আমি যখন রুলস তৈরি করব তখন এস.ডি.ও.-র সময় ঠিক করে দেওয়াটা আমি ভাবব। আসুন সবাই মিলে এই ফল্টগুলি ছিল, যেটা সংশোধন করাতে আমরা আজকে যে প্রস্তাবটা এনেছি আপনারা সমর্থন করবেন। নমস্কার।

Mr. Speaker : The question before the House is that The West Bengal Panchayat (Amendment) Bill, 2014 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it Ayes have it.

Clauses 2-5

Mr. Speaker : There is no amendment to Clauses 2-5. So I put Clauses 2-5 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 6

Mr. Speaker : There are 5 amendments to Clause 6 by Shri Anisur Rahaman, (Amendment No. 2), Shri Asit Mitra (Amendment Nos. 3, 4 and 5) and Shri S.M. Sadi (Amendment No. 6) respectively. First I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Mr. Speaker, Sir, In Clause 6, I beg to move the Amendment in proposed sub-section (1)(a) of Section 213A of Clause 6 of the Principal Act, the following be will be substituted. "(ii) Exercised the voting rights or abstained from voting contrary to any direction issued by the leader of his political party to which he belongs, without obtaining the prior permission of the said leader or such voting or abstention has not been condoned by the said leader within seven (7) days from the date of such voting or abstention or".

Mr. Speaker : Hon'ble Minister, do you take the amendment ?

Shri Subrata Mukherjee : No, Sir, I do not accept the amendment.

[12.20–12.31 p.m.]

Shri Asit Mitra : Sir, I beg to move that in Clause 6, in proposed sub-section (1)(a) of Section 213A of the principal Act, for sub-clause (ii), the following be substituted :–

"(ii) exercised the voting right contrary to the direction issued by the political party to which he belongs".

Sir, I beg to move that in Clause 6, in proposed sub-section (1)(b) of Section 213A of the principal Act, in lines 2 and 3, for the words, "on the expiry of six months from the date of election", the words, "after such elections" be substituted.

Sir, I beg to move that in second proviso to proposed sub-section (1)(b) of Section 213A of the principal Act, para (b) be omitted.

Mr. Speaker : I would ask the Minister-in-Charge whether he accepts the amendments or not.

Shri Subrata Mukherjee : আমি এটা গ্রহণ করতে পারছি না স্যার।

Mr. Speaker : Now, I call upon Shri S.M. Sadi to move his amendment.

Shri S. M. Sadi : Sir, I beg to move that in Clause 6, proposed sub-section (1)(b) of section 213A of the principal Act be omitted.

Mr. Speaker : I would ask the Minister-in-Charge whether he accepts the amendment or not.

Shri Subrata Mukherjee : আমি এটা গ্রহণ করতে পারছি না স্যার।

Mr. Speaker : The question before the House is that the amendment (No. 2) moved by Shri Anisur Rahaman. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

Now, the question before the House is that the amendment Nos. 3 and 4 moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment (No. 6) moved by Shri S. M. Sadi. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

The question before the House is that the amendment (No. 5) moved by Shri Asit Mitra. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

Now, I put Clause 6, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put clause 1, the enacting formula, the preamble and the title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2014, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: I am allowing two minutes to Dr. Surjya Kanta Mishra for his speech.

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন যে কনস্টিটিউশনের 10th Schedule অনুযায়ী তিনি এই অ্যামেন্ডমেন্টগুলো এনেছেন। আপনি স্যার, 10th Schedule, সুপ্রীম কোর্টের latest ruling যে one third বেরিয়ে গেলে defection হবে না, এটা সুপ্রীম কোর্ট বাতিল করে দিয়েছে। সুতরাং যেটা বলছেন, উনি যেগুলো ঢুকিয়েছেন সেগুলি 10th Schedule-র সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়, কনস্টিটিউশনের 10th Schedule-র সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। দলত্যাগকে উৎসাহিত করার জন্য, দখল করার জন্য এটা করেছেন। আমরা বিরোধিতা করছি এবং passing-এর জন্য আমরা division চাইব।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি তো বলেছি 1985-র অনেক কিছুর পর এই anti-defection-র ভাবনাটা শুরু হয় আইনসম্মত করার। প্রথমে যা one third ছিল, পরে এটা যথেষ্ট হচ্ছে না। অনেক রেজ্জাক সাহেব পালাচ্ছেন, তখন ওঁরা এটা তাড়াতাড়ি করে পরিবর্তন করে two third করেছেন। আমি বলতে চেয়েছি এর সুবাসটা এর ফ্লেবারটা নিন, অর্থাৎ কনস্টিটিউশন vice-versa Anti-defection Act এটা শুধু পঞ্চায়েতে ছিল না, আপনি যদি municipality, corporation, MLA, MP সবেতেই ধারাবাহিকভাবে আপনাদের ২১০ মতো আইন ছিল না, আইনটা ক্রীতদাসের মতো ছিল না। আইনটা flexible। সেই flavor-টাকে নিয়েই আমি one third-টা করেছি আপাতত।

(এই সময় ভোটের স্লিপ বিতরণ হয়)

Mr. Speaker: Now, the results of the Division.

Ayes being 123, Noes 38, the Bill is passed, the Bill is passed.

Mr. Speaker: Now, the House is adjourned till 1 p.m. today.

মিঃ স্পীকার : মাননীয় সদস্য-সদস্যাগণ লবিতে একটা অনুষ্ঠান হচ্ছে, শহীদ দিবসের শ্রদ্ধাজ্ঞাপন হবে ওখানে। Please, সবাই যাবেন।

[1.00–1.10 p.m.]

(After Adjournment)

The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014

Shri Firhad Hakim: Sir, I beg to introduce the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement under Rule 72(1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

In view of growing needs of civic services and urbanization of the areas within the Howrah Municipal Corporation, the demand for improved civic services and more surveillance by the elected representatives has since been long felt. In order to translate the need into reality, it is observed that the number of Boroughs as well as number of members of the Mayor in Council of Howrah Municipal Corporation is far less than that of the other Municipal Corporations of this State having far less population and demographic density. To remove this discrepancy, it has become need of the hour that both these aspects need to be reviewed in the present day context as well as in comparison to the other Municipal Corporations.

2. The structure of the Mayor-in-Council for Howrah Municipal Corporation was determined in 1980. But, later, in 1984, while finally constituting Howrah Municipal Corporation, a huge quantum of contiguous areas were included within the limits of Howrah Municipal Corporation, but these added responsibilities were not reflected in the structure of the Mayor-in-Council of Howrah Municipal Corporation, as determined in 1980.

3. Therefore, the need to enhance the number of members of the Mayor-in-Council in Howrah Municipal Corporation to cope with the growing civic and municipal needs of the people within the jurisdictions of the said Corporation has since been long felt, so that each of the functions of the Municipal Corporation can be placed under the administrative and effective management control of a Member, Mayor-in-Council. Further, to arrive at a rational division of functional jurisdictions of the members of the Mayor-in-Council, the minimum number of Members may be fixed at seven in each borough like Kolkata Municipal Corporation, and in that case the number of Borough Committee, the number may be increased to seven from existing five, and to accommodate these increased number of boroughs within the existing 50 wards, the existing minimum number of wards in a Borough Committee may be decreased from existing ten to minimum seven.

4. In terms of the provision of section 6(2) of the Howrah Municipal Corporation Act, 1980, since formation of Mayor-in-Council is to be completed within a period of thirty days from the date of entering into office by the Mayor of the newly elected Board of the Howrah Municipal Corporation and since the first Meeting was convened on 11.12.2013, and as the West Bengal Legislative Assembly was not in session, an Ordinance, namely Howrah Municipal Corporation (Amendment) Ordinance, 2014, was promulgated under Article 213 of the Constituion of India with effect from 17th January, 2014 with the approval of the State Cabinet. Now, as a Bill seeks to replace the Ordinance by an Act, the Bill, namely Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 (Bill No. 4 of 2014) needs to be introduced in the House, without any modification of the said Ordinance.

[Secretary then read the Title of the Bill]

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 be taken into consideration.

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, আমি হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট বিল, ২০১৪ ; এই বিল সম্পর্কে আলোকপাত করতে চাইছি। এই বিলে Amendment of section 6 of the West Ben. Act LVIII of 1980 এটা হচ্ছে, সংশোধন করতে চাওয়া হয়েছে। বিশেষ করে মেয়র ইন কাউন্সিল এখানে সিক্স সেকশানে বলা আছে, there shall a mayor-in-council consisting of the mayor and deputy mayor and such number of other elected members of the Corporation not exceeding five as the State Government may from time to time determine। এখানে নট একসিডিং ফাইভ, এটাকে হচ্ছে নট একসিডিং টেন, মানে পাঁচের পরিবর্তে সংখ্যা ১০ করতে চাওয়া হয়েছে। সংখ্যাটা পরিবর্তন করতে চাওয়া হয়েছে। এছাড়া এই অ্যামেন্ডমেন্টে বলা হয়েছে, অ্যামেন্ডমেন্ট অফ সেকশান ইলেভেন এখানে বলা হয়েছে, বোরো কমিটির ক্ষেত্রে, বোরো কমিটির দি কর্পোরেশন আগে যেটা ছিল ১৯৮০-তে, The Corporation shall at its first meeting after the election of members or as soon as thereafter may group the wards of the Corporation mentioned in the Schedule II into 5 boroughs। ফাইভ বোরোস কথা বলা আছে। এখানে ফাইভ সংশোধন করে করা হয়েছে, ফাইভ বোরোর পরিবর্তে সেভেন বোরো। অর্থাৎ বোরোর সংখ্যাটা ৫-এর পরিবর্তে ৭ করতে চাওয়া হয়েছে, অর্থাৎ ২ সংযোজন করতে চাওয়া হয়েছে। তারপরে হচ্ছে, যে ওয়ার্ডের ক্ষেত্রে, ওয়ার্ডের ক্ষেত্রে যেটা বলা আছে for the words "five boroughs", the words "at least seven boroughs" shall be substituted.

ওয়ার্ডের ক্ষেত্রে যেটা ছিল যে ১০টি ওয়ার্ড নিয়ে গঠিত হবে, এক্ষেত্রে বলা হয়েছে ৭টি ওয়ার্ড নিয়ে গঠিত হবে। এই বিলের অবজেক্টটা হচ্ছে, the number of elected members of Corporation constituting Mayor-in-Council, এই মেয়র ইন কাউন্সিলের সংখ্যাকে বাড়াতে চাওয়া হয়েছে, the number of borough, বোরোর সংখ্যাটাকেও বাড়াতে চাওয়া হয়েছে এবং ওয়ার্ডের সংখ্যাটাকে কমাতে চাওয়া হয়েছে। যাই হোক, এই ব্যাপারে আমরা বলতে চাইছি এটা দলতান্ত্রিকভাবে না চলে যেন গণতান্ত্রিকভাবে চলে আগামীদিনে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এরা শিখেছে, মাননীয় বিধায়ক শাহজাহান চৌধুরী যেটা বললেন—হাঁটতে হাঁটতে সত্যি শিক্ষা হয়—বিলটাকে সমর্থন করেছেন, আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এটা প্রয়োজন হয়ে পড়েছে, কারণ হাওড়ায় এই প্রথম রাহুমুক্ত হল হাওড়া কর্পোরেশান। স্যার '৭৭ সাল থেকে এরা পেছনের দরজা দিয়ে একটা নোমিনেটেড বোর্ড করল। তারপরে '৮৪ সাল থেকে কন্টিনিউয়াস এরা ছাপ্পা ভোট করে হাওড়া কর্পোরেশান দখল করে রেখেছিল। মানুষকে পরিষেবা দিতে পারেনি। দখল ছিল। কি পরিষেবা দিল। প্রায় এগারো লক্ষ লোক হাওড়া কর্পোরেশান এলাকায় থাকে। এরা প্রথমে এসেই আমাদের হাওড়ার মানুষকে—তিনদিন ধরে পদ্মপুকুর জল প্রকল্পে একটা মৃতদেহ ভাসল—সেই জল খাওয়ালেন। বহু বেআইনি বাড়ি এদের রাজত্বে গজিয়ে উঠেছে। একটার সঙ্গে একটা যেভাবে বাড়িগুলো লেগে আছে, কোনোদিন ভগবান না করুন যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। দমকলের গাড়ি ঢুকতে পারবে না যদি কখনো আগুন লেগে যায়। এই ধরনের নিদর্শন এরা কয়েকটি বছরে রেখে গেছেন। আবর্জনায় ভর্তি এই হাওড়া শহর, সেখানে নর্দমার জল উপচে পড়ে, সেখানে মন্ত্রীকে কলকাতা থেকে রাত্রিবেলা ছুটে যেতে হয়। ডেকে পাঠাতে হয় মেয়রকে এবং সমস্ত অফিসারদের। এই অবস্থা হাওড়া শহরের। দিনের পর দিন এরা সেখানে বিরাজ করছিলেন। এদের মেয়র-ইন-কাউন্সিল ছিল, এদের বোরো চেয়ারম্যানও ছিল। কিন্তু আমরা এইরকম অবস্থা দেখেছি যে হাওড়া শহরের মানুষ ত্রাহি ত্রাহি করছিল, কিভাবে পরিত্রাণ পাওয়া যায়। রাতে মশা দিনে মাছি, এই নিয়ে হাওড়ায় আছি—এই শ্লোগান ছিল হাওড়া শহরের। এই অবস্থা থেকে আমরা উদ্ধার চাইছিলাম। কি করে আমরা উদ্ধার হই। যাই হোক, ভগবান আমাদের সেই সুযোগ করে দিয়েছেন। হাওড়ার জনগণ আমাদের সেই সুযোগ করে দিয়েছেন। আজকে বোরো চেয়ারম্যান, তার মেয়র ইন কাউন্সিল ৭ থেকে ১০ করা হয়েছে। আমরা বলি, দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ। তাই দশ সংখ্যাটা আমরা বেছে নিয়েছি। এই দশে আমরা হাতে হাত মিলিয়ে কাজ করব। হাওড়া শহরকে নতুন করে গড়ব। মানুষ যে রায় আমাদের দিয়েছেন সেই রায়ের পূর্ণ মর্যাদা আমরা দেব। গণতান্ত্রিক উপায়ে আমরা এসেছি এবং সেখান থেকে যেভাবে আমরা হাওড়া শহরকে রাহুমুক্ত করতে পেরেছি তার পূর্ণ মর্যাদা আমরা নিশ্চয় দেব। আমরা দেখেছি স্যার হাওড়া কর্পোরেশানে নিয়মবহির্ভূতভাবে বহু কাজ হয়েছে। কয়েক বছর অডিট হয়নি। আমি বারবার বিধানসভাতে প্রশ্ন করেছিলাম, গত বছরেও কোয়েশ্চেন করেছিলাম, কিন্তু কোনো সদুত্তর আমি পাইনি হাওড়া কর্পোরেশান থেকে। আজকে বহু মনীষীদের স্মৃতি নিয়ে যে হাওড়া

টাউন হল, সেখানে অনেকে গেছেন, শরৎচন্দ্র গেছেন, রবীন্দ্রনাথ গেছেন, বহু মনীষী গেছেন। সেই স্মৃতি বিজড়িত মানুষদের টাউন হলের ছাদটা এদের পাপে ভেঙে পড়ল।

[1.10–1.20 p.m.]

স্যার, টাউন হলের ছাদ ভেঙে পড়ল। ওরা হাওড়া কর্পোরেশানকে পাপে পরিপূর্ণ করে রেখেছিল। আমি একটা জিনিস শুধু বলতে পারি, মাননীয় মন্ত্রীমহাশয় আজকে যে বিল এনেছেন সেই বিলের প্রয়োজনীয়তা ছিল। এগারো লক্ষ লোককে পরিষেবা দিতে হবে, সুতরাং কয়েকজনকে যদি আমরা মেয়র ইন কাউন্সিল এবং তার সঙ্গে সঙ্গে বোরো চেয়ারম্যান করি এদের সংখ্যাটা যদি বাড়ায় তাহলে অসুবিধাটা কোথায়। ভালো কাজের জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। আজকে তিনি যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তিনি বিপর্যয়ের মোকাবিলার জন্য তৎপরতার সঙ্গে হাওড়ায় ছুটে গেছেন। আমি বলব তিনি যেন সেটা বজায় রাখেন। আমরা হাওড়ার লোকেরা ডাকলেই যেন তাকে পাই। এতে হাওড়ার মানুষ আরও বেশি উপকৃত হবে। আগে হাওড়া মিউনিসিপাল কর্পোরেশান এই সি পি এম পার্টির প্রায় ৪২টা সীট ছিল। আজকে এত বেশি কাজ করেছে তারা হাওড়ায়, যে সেটা নামাতে নামাতে বিগত হাওড়া কর্পোরেশান নির্বাচনে তারা দুটো মাত্র সীট পেয়েছে। আর তার সহযোগী দল হচ্ছে কংগ্রেস—স্যার ভূতেরও ভবিষ্যৎ আছে, কিন্তু এই কংগ্রেস দলের কোনো ভবিষ্যৎ নেই। আজকে সেই কংগ্রেসের সীট মাত্র একে এসে দাঁড়িয়েছে। তাই বিরোধী বন্ধু যাঁরা আছেন তাঁরা এই বিলকে পূর্ণ সমর্থন করুন, সুন্দরভাবে আমাদের কাজ করতে দিন। কাজের গতি আছে এবং আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় অত্যন্ত তৎপরতার সঙ্গে কাজ করছে। তাই আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 এই বিলের আলোচনায় অংশগ্রহণ করার আগে আজকে সারা পৃথিবীর কাছে ঐতিহ্যমণ্ডিত দিন, ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারী, বাংলাদেশের ভাষা আন্দোলনের শহীদদের লড়াইয়ের ফলে আজকের দিনটা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি পেয়েছে। সালাম-বরকত-রফিক-জব্বর এবং আরো অসংখ্য শহীদদের আজকে আমরা স্মরণ করছি। তাই আজকে আমার বক্তব্য শুরু করার আগে সমস্ত সদস্যদের পক্ষ থেকে আমি তাদের শ্রদ্ধা জানাই। আমি আশা করি বাংলা ভাষা সারা পৃথিবীতে মাতৃভাষার সঙ্গে এগিয়ে চলবে।

মি: স্পীকার : আমাদের বিধানসভায় ইতিমধ্যেই আমরা এই ব্যাপারে এক মিনিট নীরবতা পালন করে তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছি।

শ্রী অসিত মিত্র : ধন্যবাদ স্যার, আমি একটু দেরিতে এসেছি। ব্যক্তিগতভাবে আমি আমার কথা জানালাম। স্যার, যে কথাটা মাননীয় সদস্য অশোক ঘোষ বলছিলেন, তিনি দীর্ঘদিন এই মিউনিসিপ্যালিটিতেই কাটিয়েছেন। কারণ, তিনি এক সময় কংগ্রেসের ইউনিয়নের নেতা ছিলেন, এখন তিনি তৃণমূলের সদস্য। যাই হোক অশোকদা বোঝেন,

কোনটা ভালো, কোনটা মন্দ। আমি আপনাদের কাছে একটা কথা বলছি, এটা সত্যি বামফ্রন্টের অপদার্থতা ও তাদের সমস্ত রকম ব্যর্থতার জন্য হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান দিনের পর দিন কোনো কাজ হয়নি। তাদের যে অবিমৃষ্যকারিতা, তাকে দূর করে হাওড়া মিউনিসিপ্যালে টি এম সি-র অধিকাংশ সদস্যই জয়লাভ করে এসেছেন। খুব স্বাভাবিক কারণেই তাঁরা বোর্ড তৈরি করেছেন এবং বোর্ড তৈরি করার পরে মেয়র ইন কাউন্সিল অথবা বোরো, এখানে নতুন আরেকটা ব্যাপার দেখছি number of contiguous wards consisting of each Boroughs তৈরি করার কথা বলেছেন। আমি স্যার, শুধু একটা কথা আপনাদের কাছে বলতে চাই, জিতলে মানুষের আনন্দ হয়, ভয় যায় দূরে। আপনাদের তো তাই-ই হওয়া উচিত ছিল। কিন্তু আপনারা রবীন্দ্রনাথের গানটাকে মনে রেখেছেন—'জয় করে তবু ভয় কেন তোর যায় না, হায় ভীরু প্রেম, হায়রে'। আমার মনে হয় এই গানটার কথাটা একটু পাল্টে দিয়ে যদি বলা যায়, 'জয় করে তবু ভয় কেন তোর যায় না, হায় টি এম সি, হায়রে'। আমার মনে হয় সেটাই খুব ভালো হত। হঠাৎ মনে হল পঞ্চাশের ছটা বাদ দিয়ে তো সব কটাই আমরা পেয়েছি, কিন্তু তারপরেও আবার তিনটে সীট তাদের কাছে কেন চলে গেছে সেই কথাটা আমি বলতে চাইছি না। কিন্তু তারপরে স্যার, আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাইছি যে, হঠাৎ কি এমন ঘটনা ঘটল যার জন্যে বিফোর দ্য ইলেকশান, বিফোর দ্য ফরমেশান অফ্ দ্য বোর্ড আমাকে অর্ডিন্যান্স করতে হল, অশোকবাবু ? অর্ডিন্যান্স করে আপনাকে বিল শুধু না, আপনি অর্ডিন্যান্সটাকে বিলে পরিণত করছেন। অর্ডিন্যান্সটা প্লেসড হয়েছিল এই হাওড়া মিউনিসিপ্যাল আজকের যে অ্যামেন্ডমেন্ট বিল, তার কারণটা হল আপনারা কিছুতেই মেয়র ইন কাউন্সিল তৈরি করতে পারছিলেন না। মাননীয় মন্ত্রী মহোদয় ওখানে আছেন ওঁকেও হস্তক্ষেপ করতে হয়েছে অনেকবার। হয়তো সকলে জানেন, আপনি জানেন, কেউ কেউ জানেন না। সেটা অন্য কথা, খবরের কাগজে কতটুকু বেরিয়েছে কিন্তু আপনারা জানেন যে আমাদের আরও সংখ্যাটা বাড়ানোর ছিল। তো আমি বলি কি এটা ৭ থেকে ১৭ করলে তো ভালো হত। তাহলে আরও অনেককে আনা যেত। এবং তারপরে সেটা দেখা যেত যে আরও ভালো হয়েছে। আর একটা জায়গায় আপনারা অর্ডিন্যান্স করলেন। মনে রেখে দিন, মাননীয় মন্ত্রীকে অর্ডিন্যান্স করতে হল একটা মিউনিসিপ্যাল কর্পোরেশানের জন্যে। হ্যাঁ, নিশ্চয় স্বয়ংশাসিত সংস্থা। তাকে অর্ডিন্যান্স করা ছাড়া তাকে একটা রুলের মধ্যে আনা যায় না যে, কলকাতা কর্পোরেশান করলে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান হবে, কি চন্দননগর কর্পোরেশান হবে। স্যার, আমি যতটুকু পড়াশুনো করেছি এই লোকাল সেল্ফ গভর্নমেন্ট সম্পর্কে তাতে আমি দেখেছি এটা হয় না। সুতরাং ইনডিভিজুয়াল অর্ডিন্যান্সই করতে হবে। সেটা মন্ত্রী ঠিকই করেছেন। কিন্তু এটা খুবই খারাপ লাগল যে, ইলেকশান করার পরেই আপনাকে অর্ডিন্যান্স করে তবে গণ্ডগোল থামাতে হল। আবার নাকি, আমি শুনেছি আবার নাকি যেটা খবরের কাগজে দিয়েছে যে, আপনাদের যাঁরা মেয়র ইন কাউন্সিল হলেন ঘরের দরজা বন্ধ করে, কেউ জানতেই পারলেন না, কোনো মেম্বাররাও জানতে পারলেন না, মেয়র ইন কাউন্সিল হচ্ছে, শপথ নিচ্ছে মেয়র ইন কাউন্সিল। সেই মেয়র ইন কাউন্সিলরা শপথ নেবেন। মাননীয় অশোকবাবু, মাননীয় স্যার, আমি আপনাকে জানাচ্ছি যে, জিতেছেন ভালোভাবে কাজ করবেন এটাই সকলের কাছে

প্রত্যাশা। কিন্তু তার শুরুটা যেভাবে হয় তার অগ্রগতি সম্পর্কে মানুষের জীবনে কিছু আশঙ্কা কিছু ভয় থেকে যায়. সেটা যাতে না হয় তার জন্যে আপনারা চেষ্টা করবেন। স্যার, আমি বলছি. ওঁরা বলেছেন যে বোরোর নাম্বারও বাড়াতে হবে। অর্থাৎ শুধু মেয়র ইন কাউন্সিল নয় মন্ত্রী মশায়. আবার বলেছেন যে না ওটাতে হবে না। আর একটু বোরো বাড়াতে হবে কারণ আরও যারা লোক আছে তাদের কি দেব ? তো আপনারা দিন আবার তাদের বাড়াতে গিয়ে এইটা করতে হল। এরপর আপনাকে না আবারও অর্ডিন্যান্স করতে হয়। দেখবেন আবার বিল না আনতে হয়। এটা আপনি দেখবেন। আমি আর একটা কথা বলব, যেখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন. যে আমাদের খরচ কমাতে হবে। মন্ত্রীসভার সংখ্যা একটা জায়গায় সীমাবদ্ধ হয়ে আছে। ঠিক আছে। সেই জায়গাটা তিনি রেখেছেন। যদিও কিছু সচিব নিযুক্ত হয়েছেন, আবার তিনি খরচ বাড়িয়েছেন। আমরা যদিও মনে করি, আমাদের যে বাজেট অমিতবাবু পেশ করেছেন সেই বাজেটে আমি বক্তৃতা করিনি, অমিতবাবু নিজে বক্তৃতা করেছেন বা অন্যরা বক্তৃতা করেছেন। যা দেখা গেছে অবস্থাটা খুব একটা ভালোর দিকে যাচ্ছে না। কিন্তু সেই জায়গায় দাঁড়িয়ে আমরা প্রত্যেকে যদি মনে করি স্যার, যে, এই খরচ বাড়ানো হবে, মেয়র ইন কাউন্সিল বাড়ানো হবে, বরোর চেয়ারম্যান বাড়ানো হবে, অথবা অন্য জায়গায় অন্য কিছু করা হবে তাহলে আমার মনে হয় ঠিক হবে ! আর এই যে করেছেন ওয়ার্ডগুলোকে পাশাপাশি রেখে তাদের সংযোগ স্থাপন করার জন্যে বরো কাজ করবে সেটা নিঃসন্দেহে খারাপ হবে না। আমি স্যার, আবার বলছি, যে, ভালো করলে ভালো, ভালো যদি না হয়, তাহলে পরের দিনে এখানে লাল আলো জ্বলার আগেই আমাদের অন্য সুরে গান গাইতে হবে, যেটা আপনাদের পক্ষেও ভালো লাগবে না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Firhad Hakim: Sir, first I want to read part of the statement—In terms of the provision of section 6(2) of the Howrah Municipal Corporation Act, 1980, since formation of Mayor-in-Council is to be completed within a period of thirty days from the date of entering into office by the Mayor of the newly elected Board of the Howrah Municipal Corporation and since the first Meeting was convened on 11.12.2013, and as the West Bengal Legislative Assembly was not in session, an Ordinance, namely Howrah Municipal Corporation (Amendment) Ordinance, 2014 with the approval of the State Cabinet. Now, as a Bill seeks to replace the Ordinance by an Act, the Bill, namely Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 (Bill No. 4 of 2014) needs to be introduced in the House, without any modification of the said Ordinance.

[1.20–1.30 p.m.]

স্যার, নিশ্চিতভাবে আমি ধন্যবাদ জানাই সকল মেম্বারকে যে তাঁরা এই বিলটার বিরোধিতা করেননি, সমর্থন করেছেন। শুধু একটা জিনিস ভালো লাগত যাঁরা হাওড়া কর্পোরেশান এলাকায় থাকেন তাঁরা কর্পোরেশানটা কিভাবে চলবে, কিভাবে চলছে, কিভাবে

আরও ভালো করা যায়—তাঁরা নিশ্চিতভাবে মতামত দিতে পারেন। কিন্তু যাঁরা কর্পোরেশান এলাকায় থাকেন না, হাওড়া কর্পোরেশান এলাকার সম্পর্কে কোনো সাথে নেই তাঁরা সমস্যা উপলব্ধি করতে পারবেন বলে আমার মনে হয় না। সুতরাং হাওড়া কি অবস্থায় ছিল অশোকবাবু বলেছেন। আমাদের হাওড়া রোজ যে পরিমাণ মানুষ তো থাকেন, আস্তে আস্তে population যেভাবে বৃদ্ধি হচ্ছে—তখন এই বিলটা এসেছিল ১৯৮০ সালে তার থেকে হাওড়ার পপুলেশান বেড়ে গেছে, অনেকটা added area নেওয়া হয়েছে। হাওড়ায় মানুষের পরিষেবা নিশ্চিতভাবে আমি রাজনীতিগতভাবে যাচ্ছি না—আগে যে board-গুলো ছিল তারা প্রত্যাশামতো দেয়নি। কিন্তু যদি সত্যি সত্যিই মানুষের কাজ করতে হয় তাহলে এই বোর্ডের লোকসংখ্যা বাড়াতে হবে, দায়বদ্ধতা বাড়াতে হবে। নিশ্চয় মাননীয় সদস্য যাঁরা ওখানে রয়েছেন, যাঁরা councillor-রা রয়েছেন তাঁদের দায়বদ্ধতা নিয়ে কথা বলছি না। কিন্তু একটা Board যদি চলে, সেই বোর্ডের mayor in council এক এক জনের ওপর যদি চারটে-পাঁচটা office থাকে, তাহলে তারা সেইভাবে কাজ করতে পারবে না। যাকে drain কাজ দেওয়া হল, তাদের ড্রেনের কাজটা নিয়ে concentrate করতে হবে। হাওড়ায় drainage system-টা total ভেঙে পড়ে গেছে। যাকে জলের দায়িত্ব দেওয়া হল, তাকে জলের দায়িত্ব নিয়েই দিন-রাত খাটতে হবে। তার কারণ হাওড়ায় জলের অভাবে মানুষ ছটফট করছে। রাস্তার কাজে যাকে দায়িত্ব দেওয়া হবে সেই শুধু রাস্তার কাজ করবে—আর অন্য দিকে তাকাতে পারবে না—তাই তাই সেই কাজটাই করতে হবে। যাকে bustee development-এর কাজ দেওয়া হল তাকে বস্তি ডেভেলপমেন্ট-এর কাজ করতে হবে। যাকে লাইটের কাজ দেওয়া হল তাকে লাইটের কাজ করতে হবে। কারণ এটা আমাদের সরকারের commitment যে, হাওড়ার মানুষকে আর deprive করে রাখা যাবে না, হাওড়ার মানুষের পাশে দাঁড়াতে হবে। হাওড়ার মানুষের পাশে স্বচ্ছতার সঙ্গে পরিষেবা দিতে হবে এবং সেই পৌর পরিষেবা উন্নত মানের দিতে হবে। কেন গঙ্গার দুই ধারে দুটো শহর থাকবে—একটা শহর একেবারে এগিয়ে গিয়ে মানুষ তাকিয়ে থাকবে, আর একটা শহর সব সময় অন্ধকারের মধ্যে থাকবে, বঞ্চনার মধ্যে থাকবে, কেন? সেই জন্যে আমাদের মনে হয়েছে যে এটা খুব জরুরি হয়ে গিয়েছে হাওড়া মেয়রের হাত শক্ত করার জন্যে তাঁকে আরও বেশি করে মানুষ দেওয়া দরকার যারা কাজে সহায়তা করবে। যারা এই কাজগুলোকে নিয়ে এগিয়ে যাবে, যারা এই কাজগুলোকে দায়িত্ব নিয়ে করবে এবং হাওড়ার পরিষেবা করবে। হাওড়ার যে সময় borough committee-গুলো তৈরি হয়েছিল, সেই সময় হাওড়ার population কি ছিল? আজকে হাওড়ার পপুলেশান কি? কেন added এতগুলো এরিয়া বাড়ানোর পরেও—এখনও বাড়ানো হল না। সেই গতবারে যাঁরা ছিলেন তাঁরাই ঠিক করেছেন যে, না বাড়াব না। কিন্তু আমরা উপলব্ধি করেছি—হ্যাঁ। এই wardগুলোর সংখ্যা এক একটা densely populated হয়ে গেছে যে এটার সবটা রেখে একটা borough committee করতে পারলে নিশ্চিতভাবে সেই boroughগুলোর functioning হবে। যে councillor-রা থাকবেন তাঁরা বসে সিদ্ধান্ত নিতে পারবেন তাঁদের এলাকায় কোন কোন priority, কোন কাজগুলো আগে করতে হবে এবং আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই কাজটা ordinance-এর করার পর থেকে—

আপনারা নিজে গিয়ে দেখে আসুন হাওড়ায় দক্ষযজ্ঞ শুরু হয়েছে, হাওড়া সুন্দর হচ্ছে, হাওড়া সমৃদ্ধ হচ্ছে, হাওড়ায় কাজ হচ্ছে, হাওড়ায় মানুষ বলছে যে এই board কাজ করছে, ধন্যবাদ জানাচ্ছে, এই Board-কে ধন্যবাদ জানাচ্ছে—আমাদের নেত্রীকে এইটুকু বলে আবার আপনাদের সকলের সমর্থনের জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The question before the House that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 2-4

Mr. Speaker: There is no amendment to Clauses 2-4. So I put the Clauses 2-4 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put the Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Mr. Speaker: Now the Hon'ble Minister in-charge-of Municipal Affairs may please move the motion for passing of the Bill.

Shri Firhad Hakim: Mr. Speaker, Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 2014 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal State Health Service (Amendment) Bill, 2014

Smt. Chandrima Bhattacharya: Sir, I beg to introduce the West Bengal State Health Service (Amendment) Bill, 2014.

(Secretary, then, read the Title of the Bill)

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to move that The West Bengal State Health Service (Amendment) Bill, 2014 be taken into consideration.

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal State Health Service (Amendment) Bill, 2014, স্যার, আমি এই বিলকে সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণের জন্য, মাননীয়া মন্ত্রী এই যে অ্যামেন্ডমেন্টটা আনলেন এর পরিপ্রেক্ষিতটা কি ? এর আগের সরকার হেল্থ সার্ভিস এমন কি গ্রুপ-ডি পর্যন্ত যাতে নিরপেক্ষভাবে স্বচ্ছতার সঙ্গে এবং যাদের দক্ষতা আছে তাদের একটা প্যানেল লিস্ট পাবলিক সার্ভিস কমিশন তারা তৈরি করে গভর্নমেন্টকে দিত, গভর্নমেন্ট সেই মেরিট লিস্ট অনুযায়ী তার ভেকেন্সী অনুযায়ী এই সব শূন্যপদে তারা লোক নিয়োগ করত। হঠাৎ কি কারণে এটা স্যার আমাদের উপলব্ধির মধ্যে আসছে না, এই সরকার এই অ্যামেন্ডমেন্টটা আনবার চেষ্টা করছেন। আসলে বিষয়টা হচ্ছে এই যে, এই ৩২ মাসের সরকার বিভিন্ন ক্ষেত্রে যে সব নানা ধরনের প্রতিশ্রুতি দিয়েছেন বাস্তবে সেইগুলো কার্যকরী হচ্ছে না এবং সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বেকারী। আজকে তার সমস্যা সমাধানের জন্য যে ধরনের দৃষ্টিভঙ্গি, এর নিয়োগ করার ক্ষেত্রে যে ধরনের স্বচ্ছতা থাকবার কথা সেইগুলো থাকছে না। আমার কথা হচ্ছে, এটা আমাদের কথা নয়, স্লেট পরীক্ষা নিয়ে বিতর্ক তৈরি হয়েছে, সার্ভিস পরীক্ষার লোক নিয়োগ নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। এর বড় কারণটা হচ্ছে যে সরকারের তরফ থেকে দলের তরফ থেকে ইন্টারফেয়ার করা হচ্ছে, এই জন্য এই প্রশ্নগুলো উঠছে। এখানে ঠিক তাই স্যার, সেটা হচ্ছে একটা রাজ্যে সম্পূর্ণভাবে স্বৈরতান্ত্রিক দৃষ্টিভঙ্গি থেকে এই সরকার তার সমস্ত ডিপার্টমেন্টে যে সমস্ত নিয়োগপত্র, এইগুলো আছে, একেবারে দলীয় যারা কর্মী আছে, দলের প্রতি আনুগত্য আছে, তার দক্ষতা কি আছে যোগ্যতা কি আছে এই সব বাদ-বিচার না করবার জন্যই এই পাবলিক সার্ভিস কমিশনের মতো একটা অটোনমাস বডি, সেটাকে তুলে দিয়ে এই স্টেট রিক্রুটমেন্ট বোর্ড গঠন করা হচ্ছে। ওনারা বলেন নাকি সততার প্রতীক। স্যার, আপনার কাছে বিনীতভাবে, নম্রভাবে এই প্রশ্নটা জানতে চাইছি, এই বিলটা ইনট্রোডিউস হয়েছে ১৭ ফেব্রুয়ারি ২০১৪, এখানে। খুব দুঃখ এবং লজ্জার বিষয় হচ্ছে তলে তলে অলরেডি আপনার এই রিক্রুটমেন্ট বোর্ড তার কাজ শুরু করে দিয়েছে। আমি স্যার উল্লেখ করতে চাইছি, ইতিমধ্যে রিক্রুটমেন্ট বোর্ড তাদের যে ওয়েব সাইট, ওয়েব সাইটটা হচ্ছে www.wbhrb.in.com একটা Advertisement সেখানে বের করে দিয়েছে।

[1.30–1.40 p.m.]

সেখানে অ্যাপ্লিকেশান চাওয়া হচ্ছে। কি কি পোস্টে ? এম.টি. ল্যাব ৭১৮, এম.টি. এক্স রে ২২৮, এম.টি. ই.সি.জি. ৪৫। স্যার কি করে এটা হয় ? একটা বিল ওখানে ইন্ট্রোডিউজ হল, সেটা নিয়ে ডিসকাসন হল না, আর সরকারী ওয়েব সাইট থেকে সেই সমস্ত পোস্টগুলো ভ্যাকেন্ট হিসাবে ঘোষণা করে দেওয়া হল। এটা স্বচ্ছতা ? এটা সততা ? আরও স্যার নির্লজ্জের ব্যাপার হচ্ছে এই, ইতিমধ্যে তলে তলে একটা বোর্ড গঠন হয়ে গেছে। এই

বোর্ডে মিঃ তারাপদ মাঝিকে চেয়ারম্যান করা হয়েছে। ডাঃ অলোককুমার ঘোষকে পার্মানেন্ট মেম্বার করা হয়েছে। ডাঃ অসিতকুমার মণ্ডলকে পার্মানেন্ট মেম্বার করা হয়েছে। ডাঃ প্রদীপ ব্যানার্জীকে গভনমেন্ট নমিনি হিসাবে নিয়োগ করা হয়েছে। বিধানসভা থেকে এড়িয়ে গিয়ে এই সরকার তলে তলে ওয়েব সাইটে পোস্টগুলো ঘোষণা করে দিল, তাদের অন লাইনে অ্যাপ্লিকেশান করবার জন্য আহ্বান জানানো হল। সেই জন্য বিরোধিতার জন্য বিরোধিতা করিনি। আমি এই জন্যই বিরোধিতা করছি। একবারে সম্পূর্ণভাবে একটা গণতান্ত্রিক যে রীতিনীতি আছে, সেটাকে ধ্বংস করে দিয়ে একবারে দলদাসে পরিণত করবার জন্য গোটা রাজ্যে যে হাজার হাজার বেকার যুবক রয়েছে, তাদেরকে এই বোর্ডের মাধ্যমে অস্বচ্ছভাবে এবং দলীয় কর্মীদের নিয়োগ করবার জন্যই এই বোর্ডটা তৈরি করা হয়েছে। আপনারা জানেন স্যার, পশ্চিমবাংলাতে পাবলিক সার্ভিস কমিশন বলুন, কলেজ সার্ভিস কমিশন বলুন, এস.এস.সি বলুন, একটা সময় বামফ্রন্ট সরকার যখন ছিল তখন নানা প্রশ্ন উঠত দুর্নীতি হচ্ছে, অস্বচ্ছতা হচ্ছে, কিংবা দলীয় ক্যাডারদের নিয়োগ করা হচ্ছে, এই প্রশ্নগুলো উঠত। সেই জন্য স্যার, সরকার এই পবিত্র বিধানসভাতে আইন তৈরি করে সেখানে স্বচ্ছতা, নিরপেক্ষতা এবং দক্ষতা এই তিনটি মূল বিষয়কে সামনে রেখেই এই ধরনের কমিশনগুলো তৈরি করে দেওয়া হয়েছে। আজকে দুঃখের এবং লজ্জার ব্যাপারটা হচ্ছে, এমন ধরনের ইন্টারভেন হচ্ছে, আমি স্যার খুব দায়িত্ব নিয়ে এটা বলতে পারি এখানে গ্রুপ 'এ', 'বি', 'সি' অর্থাৎ মেডিক্যেল অফিসার, স্পেশ্যালিস্ট, টেকনিশিয়ান, অ্যাকাউন্টেন্ট, ক্লার্ক এই সবগুলোই যুক্ত করা হচ্ছে। কিছুদিন আগে ২০১৩ সালে কতকগুলো নিয়মনীতি যা আছে, মানে আমাদের হেলথ সার্ভিসের অনেকগুলো ডাইরেক্টরেট আছে—Health Service, Medical Education। Medical Education-এ নিয়মটা হচ্ছে কোনো একজন অ্যাসোসিয়েট প্রফেসর, তার পদোন্নতি হবে। সেইজন্য একজন অ্যাসোসিয়েট প্রফেসরকে সেই পোস্টে তিন বছর কাজ করার পরে তবে তার পদোন্নতি ঘটিয়ে প্রফেসার করা যায়। ২০১৩ সালে এমন একজন লোক, যার তিন বছর এখনও অ্যাসোসিয়েট প্রফেসরের পদে সে কাজ সম্পূর্ণ করেনি, সে প্রায় দেড় বছরের মতো কাজ করেছে তাকে প্রফেসর করে দেওয়া হয়েছে। এটা খবর হচ্ছে একবারে পলিটিক্যালি ইন্টারভেন করে এবং নির্বাচিত বিধায়করা কেউ কেউ যুক্ত থেকে এই সমস্ত কাজগুলো হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয়া রাষ্ট্রমন্ত্রীকেও বলতে চাই, আপনার নজর আছে কিনা জানি না। আপনি তদন্ত করে দেখুন এই ধরনের কাজগুলো হচ্ছে, টাকার বিনিময়ে এই সমস্ত কাজগুলো হচ্ছে। সেই জন্য আপনারা যেটা চাইছেন যে স্বাস্থ্যের পরিষেবাটাকে একবারে গ্রাম স্তর পর্যন্ত মানুষের মধ্যে নিয়ে যেতে গেলে সত্যিকারে আমাদের রাজ্যের যে মেধা আছে, আমাদের রাজ্যের যে দক্ষতা আছে, সেটাকে নির্বাচন করবার জন্য, এই যে পি.এইচ.সি.-কে তুলে দিয়ে একবারে দলতন্ত্র কায়েম করবার জন্য এবং পার্টিকুলারই আপনাদের দলের লোক, তাদের যোগ্যতা থাক বা না থাক তাদেরকে নিয়োগ করবার জন্য এই বোর্ডটাকে আপনারা তৈরি করেছেন। এটা একটা চরম স্বৈরাচারী। মানে একটা চরম স্বৈরাচারী এবং এটার মধ্য দিয়ে আজকে হয়তো আমাদের মনে হতে পারে কিছু লোক, কিছু যুবক তাঁরা এই কাজের সঙ্গে যুক্ত হবেন। সবাইকে আপনারা কাজ দিতে পারবেন না। অর্থাৎ এইটার মধ্য দিয়ে গোটা রাজ্যে

চরম একটা বিশৃঙ্খলা, নৈরাজ্য তৈরি হবে। আমি শুধু এ কথা বলে শেষ করতে চাই যে, আপনারা এই ঘটনাগুলিকে যদি ছোটো করে দেখেন—এই যে টেট পরীক্ষায় দুর্নীতি হল, আপনার স্কুল সার্ভিস কমিশনের দুজন চেয়ারম্যানকে সরে যেতে হল। এর কারণগুলি কি ? এমন কি স্যার, ২০১২ সালে—আমি দায়িত্ব নিয়ে কথাটা বলতে পারি, এগ্রিকালচার ডিপার্টমেন্টের বাঁকুড়া জেলাতে সুপারিন্টেনডেন্ট ইঞ্জিনিয়ার তার কাছে কতগুলো নাম এখান থেকে স্পনসর্ড করা হয়েছে। আমি পার্সোনালি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, এই নামগুলো কে স্পনসর্ড করেছে ? বললেন, দেখুন স্যার, আমার এক বছর চাকরি আছে, কে স্পনসর্ড করেছে আমি বলতে পারব না। কিন্তু আমি নিয়োগ করতে বাধ্য তাদেরকে অ্যাডহকে টেম্পোরারি নিয়োগ করে দিয়েছেন। এখন এই যে কাজগুলো হচ্ছে, নিয়োগ-নীতি সংক্রান্ত একটা সর্বজনগ্রাহ্য যে পাবলিক সার্ভিস কমিশন সেটাকে তুলে দিয়ে এই দলতন্ত্র কায়েম করার জন্য এবং দক্ষ ব্যক্তিদের সুযোগ না দিয়ে.... ...(এই সময় মাইক অফ হয়ে যায়)...

ডাঃ **নির্মল মাজী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ঐতিহাসিকভাবে একটা নবজাগরণ হেল্‌থ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে পশ্চিমবাংলার পরিবর্তনের সরকার দফায় দফায় রাজ্যের জন্য যে ঘাটতি রয়েছে চিকিৎসকদের এবং সঙ্গে নার্সিং স্টাফ, টেকনিসিয়ান থেকে আরম্ভ করে প্যারামেডিকেল স্টাফ তাদের নিয়োগের ব্যাপারে একটা যুগান্তকারী দৃষ্টান্ত স্থাপন করছেন। মাননীয় মনোরঞ্জনবাবু এবং আমাদের বিরোধী বিধায়কবৃন্দ তাঁদের উদ্দেশ্যে বলি, যে আমাদের তেত্রিশ বছরে যে বঞ্চনা, উপেক্ষা, প্রশাসন, কর্তৃপক্ষের, স্বাস্থ্য দফতরে, উদাসীন্য বাস্তুঘুঘুর বাসা স্বাস্থ্য দফতরে কায়েম হয়েছিল এবং রিক্রুটমেন্টের নামে গরু-ছাগলের মতো পার্টি ক্যাডার, কমিউনিস্ট পার্টি, মার্কসবাদী ক্যাডারদের দলবাজী করে কন্ট্রাকচুয়ালের মাধ্যমে গ্রাম-বাংলার যারা লাল-ঝান্ডা নিয়ে মিটিং-মিছিল করে তাদেরকে এন.আর.এইচ.এম.-এ পেছনের দরজা দিয়ে—ন্যাশনাল রুরাল হেল্‌থ মিশন, পেছনের দরজা দিয়ে আর বিভিন্ন হাসপাতালে রোগী কল্যাণ পেছনের দরজা দিয়ে তাদেরকে রিক্রুট করা হয়েছে। যার সম্বন্ধে মনোরঞ্জনবাবু এতক্ষণ কুম্ভীরাশ্রু ফেলছিলেন---চোখের জল, মনোরঞ্জনবাবুর উদ্দেশ্যে বলি, পি.এস.সি. তো আট বছর বন্ধ করে দিয়েছিলেন আর তেত্রিশ বছরে তিন বছর, চার বছর অন্তর একটা পি.এস.সি. হত। আয়নায় নিজেদের মুখটা ভালো করে দেখুন, আয়নায় ধুলো পড়ে গেছে। একটু ঘষুন, সাফ করুন, তারপরে মুখটা দেখুন। ছ'হাজার কোটি টাকার দুর্নীতি, দলবাজী, দলতন্ত্র এবং মন্ত্র উক্তির শপথকে ভঙ্গ করে ...(নয়েজ)... ফিরে আসুন, সূর্যের উত্তাপ দিন। সূর্যের আলো দিয়ে বিধানসভাকে আলোকিত করুন। কোথায় তিনি ? পালিয়ে যান কেন ? ...(নয়েজ)... পালিয়ে যান কেন ? মন্ত্র উক্তির শপথ ভেঙে আমাদের প্রাক্তন মন্ত্রী, প্রাক্তন বিধায়ক, সহ চিকিৎসক তিনি তাঁর স্ত্রীর নামে একটা এন.জি.ও. সেখানে এড্‌ সোসাইটির টাকা ঢুকিয়ে দিচ্ছেন। মোবাইলের বিল বিধানসভার সদস্য হিসাবে নিচ্ছেন, মন্ত্রী হিসাবে নিচ্ছেন আবার এড্‌ সোসাইটির হিসাবে তৃতীয়বার নিচ্ছেন। ...(নয়েজ)... মোবাইল বিল। আর শুনলে মাননীয় বিধায়করা শিউরে উঠবেন, বিধায়ক এলাকা উন্নয়ন ফান্ডের টাকা যেটা এলাকার গরিব মানুষ যাদের নুন আনতে পান্তা ফুরোয়, যাদের মাথায় আচ্ছাদন নেই, যাদের পায়ের নীচে ভিটে-মাটি নেই

তাদের সার্বিক উন্নয়নের জন্য সেই উন্নয়নকে বুড়ো আঙুল, কাঁচকলা দেখিয়ে নিজের স্ত্রী— মেদিনীপুরে অবস্থিত, এন.জি.ও.-কে কোটি কোটি টাকা ঢেলেছে। কোনও অডিট নেই, কোনও অডিট নেই। আয়-ব্যয়ের হিসাব নেই। আয়-ব্যয়ের হিসাব নেই।

[1.40–1.50 p.m.]

তাই মনোরঞ্জনবাবুর উদ্দেশ্যে বলতে ইচ্ছা করছে কবির ভাষায় 'কে বল হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাস'। শুধু ভুল দেখছেন, খুঁত দেখছেন। দেখছেন না কঙ্কালসার একটা চেহারা উত্তরাধিকার সূত্রে পরিবর্তনের বাংলা নতুন সরকার পেয়েছে ৩৪ বছর বাদে। এক-একটা প্রাইমারী হেল্‌থ সেন্টার, একটা জেলা সদর, মহকুমা হাসপাতাল যেন পোড়ো বাড়ী, ভুতুড়ে বাড়ী, হানাবাড়ী, সাপ-ব্যাঙের আড্ডা, সমাজবিরোধীদের সন্ধ্যার পর, সূর্যাস্তের পর মুক্তাঞ্চল। কী করেছেন ? কী করেছেন মনোরঞ্জনবাবু ? উনি তো উত্তাপ, আলো ছেড়ে দিয়ে চলে গেছেন। ঘরে বসে আছেন মাথা নিচু করে। আমি বলতে উঠলেই উনি আসন ছেড়ে চলে যান। ...(গোলমাল)... একটু আয়না-টা সাফ করুন, একটু আয়নায় মুখ দেখুন। ...(গোলমাল)... একটু আয়নায় মুখ দেখুন।

আর এক মন্ত্রী, এক সাংসদ তো আমাদের হাজরার কাছে দেশবরেণ্য দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের নামাঙ্কিত সেবা সদন, শিশু সদনে চার হাজার স্কোয়ার ফিটের ফ্ল্যাট আটকে রেখেছেন। তাই বলি মমতা বন্দ্যোপাধ্যায়, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর কথা, 'স্বাস্থ্য কারোর ভিক্ষা নয়, স্বাস্থ্য মানুষের জন্মগত অধিকার, সাংবিধানিক অধিকার, দৈনন্দিন অধিকার। সুস্বাস্থ্যের দাবি বাংলার মানুষের দাবি। সেই দাবিকে আপনারা উপেক্ষা করেছেন। শেষের দশ বছর ভয়ঙ্কর। ২০০১ থেকে ২০১০, ৬ হাজার কোটি টাকা চুরি করেছেন, ডাকাতি করেছেন। কোনটাতে অডিট রিপোর্ট নেই। ...(গোলমাল)... DFID, তাঁরা কী করেছেন ? DFID-র ৭৫১ কোটি টাকা কী করেছেন ? World Bank-র ৭০১ কোটি টাকা কী করেছেন ? Medical Service Corporation-র ১৩০০ কোটি টাকা কী করেছেন ? শুধু চুরি আর প্রাসাদোপম পার্টি অফিস।

কঙ্কাল-মন্ত্রী নেই। প্রাক্তন মন্ত্রী। নেই। উনিও পালিয়েছেন। না, না, ওই পেছনে বসে রয়েছেন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : আপনি কাউকে উদ্দেশ্য করে কিছু বলবেন না।

...(গোলমাল)...

ডাঃ নির্মল মাজী : মাননীয় স্পীকার স্যার, আমি চিকিৎসক, আমি রোগীদের জীবন বাঁচাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা PSC আট বছর বন্ধ করে দিয়েছিল। ...(গোলমাল)... হ্যাঁ, কঙ্কাল, হ্যাঁ, কঙ্কাল।

মিঃ স্পীকার : Please, Please আপনি কাউকে উদ্দেশ্য করে কিছু বলবেন না। আপনি মাননীয় সদস্যদের নির্দিষ্ট করে কিছু বলবেন না।

ডাঃ নির্মল মাজী : মাননীয় অধ্যক্ষ মহাশয় বিরোধী শিবিরে এমন একজন আছেন যাঁর বাড়ীর বারান্দা দিয়ে, যাঁর বাড়ীর ঠাকুর ঘর, যাঁর বাড়ীর শোয়ার ঘর থেকে কঙ্কাল, মাথার খুলি বেরিয়ে আসে! এটা নিঃশব্দে গণহত্যা। এটা এই শতাব্দীর সবচেয়ে বড় কলঙ্কিত অধ্যায়। এর কোনো ক্ষমা নেই, ক্ষমা নেই, ক্ষমা নেই। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : আপনি বিলের ওপর বলুন। যে, অ্যামেন্ডমেন্ট বিল এসেছে তার ওপর বলুন। ...(গোলমাল)... আপনি অ্যামেন্ডমেন্ট বিলের ওপরে বলুন।

ডাঃ নির্মল মাজী : আজকে State Health recruitment Board-র মাধ্যমে ঐতিহাসিকভাবে ৯৭১ জন nursing টেকনিসিয়ান, ECG টেকনিসিয়ান, x-ray টেকনিসিয়ান, ৯৭১ জন, ২,৪৪৯ জন নার্সিং স্টাফ, ১২৪ জন ফার্মাসিস্ট, ২,৩১৫ জন মেডিকেল অফিসার, স্পেশালিস্ট, BMOH এবং administrative category আমরা নিয়োগ করতে যাচ্ছে স্বচ্ছতা, সততা এবং দায়বদ্ধতাকে কেন্দ্র করে যেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন। এটা বাংলার ৯ কোটি মানুষের স্বপ্ন পূরণের চাহিদা। সেই চাহিদাকে মান্যতা দিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন পূরণের যে চেষ্টা, কবির ভাষায় বলি, কবি সুকান্তর কথায়, 'মৃত্যুর সমুদ্র শেষ, পালে লাগে উদ্দাম বাতাস, মুক্তির শ্যামল তীর চোখে ভাসে আন্দোলিত ঘাস'। সুকান্ত বলেছেন তাঁর কথাই বলেছি।

মাননীয়া মুখ্যমন্ত্রীকে অজস্র ধন্যবাদ শিশু মৃত্যু, প্রসূতি মায়ের মৃত্যু মিছিলকে রাশ টানার জন্য। এখন পথ দেখাচ্ছে বাংলা, বাংলা আজ যা করছে, আগামীদিনে ভারত...। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

...(গোলমাল)...

(এই সময় বিরোধী সদস্যরা উঠে কিছু বলতে থাকেন)

...(গোলমাল)...

মিঃ স্পীকার : বসুন, বসুন, প্লিজ বসুন। আমি স্টেটমেন্টটা পড়ে দেখে নেব।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি The West Bengal State Health Service (Amendment) Bill, 2014, এই বিলের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তর এক বিরাট পরিধি জুড়ে আছে, এটা অস্বীকার করার উপায় নেই। শুধু কলকাতার SSKM, National Medical College, Nilratan Sarkar Medical College, আর.জি. কর এই সমস্ত হাসপাতাল নয়, তার থেকে শুরু করে decentralized way-তে বিকেন্দ্রীকৃত পথে বিগত দিনের কংগ্রেস সরকারের যে পথ সেই পথ ধরে এগিয়ে চলেছে তার পথযাত্রা। আমি আপনার কাছে বলি, একটা সময় এই সব বড় বড় হাসপাতালের উপর নির্ভর করে চলত। কিন্তু পরবর্তী পর্যায়ে primary health centre তৈরি হয়েছে, নিশ্চয়ই আজকে নয়। পরবর্তী

পর্যায়ে primary health centreগুলো যখন যেখানে ছিল তার নীচে subsidiary centre ছিল, সেটা আজকে নয়। সেই primary health centreগুলো rural hospital-এ পরিণত হয়েছে, আজকে নয়। subsidiary health centreগুলো ছিল সেগুলোর এখন নাম হয়েছে primary health centre. স্যার, পরবর্তী পর্যায়ে sub centre তৈরি হয়েছে শুধু গ্রামে গ্রামে। এগুলোর পেছনে যার অধিকার আছে কথা বলার এবং যার কথা শুনে ওরা বলতে গেলে অন্য কোনো কথা বলেন বা কেউ কেউ বলেন। এককালে এঁরা বলতেন, যা করছি আমরা সব করছি। স্বাস্থ্য দপ্তরের মাইনের টাকা আমরা দিচ্ছি। স্বাস্থ্য দপ্তরের hospital আমরা করছি। অন্য কোনো কিছু ওষুধ আমরা দিচ্ছি। এই কথা বলে বলে ওঁরা চলেছেন। কিছু কিছু উদাহরণ আমার আগেকার বক্তা নির্মলবাবু বলছিলেন—কিন্তু আমি একটা কথা আপনাদের কাছে বলতে চাই ওই একই সুরে গান গাওয়া আজকের দিনে অচল। তার কারণটা হচ্ছে এই NRHM—আমি যে কথা বলছি কয়েকজন মিলে তার বিরোধিতা করছেন তার কারণটা হল এই, যাঁরা বলছেন 'NRHM, NRHM অনেক ধন্যবাদ। আমাদের এখনে budget বক্তৃতার উপর বলতে গিয়ে যখন বলেছেন NRHM থেকেই আজকের এই হাসপাতাল। নতুন করে National Rural Health Mission। সেই National Rural Health Mission-এর টাকায় আজকে হাসপাতালগুলোর অগ্রগতি হয়েছে। আমরা দাবি করি এটা UPA সরকারের আমলে হয়েছে কি তার আগের কংগ্রেস সরকারের আমলে হয়েছে, এটা নিয়ে চিৎকার করি না, চেঁচামেচি করি না। কারণ যেটা করা হয়েছে তার থেকে আরো অনেক বেশি করলে তবেই গ্রামাঞ্চলের স্বাস্থ্য ব্যবস্থা আরো উন্নতির দিকে যাবে অথবা শহরাঞ্চলের স্বাস্থ্য ব্যবস্থা। স্যার, second যে ক্লজটা Statement of Objects and Reasons, সবথেকে যেটা আমার খারাপ লাগছে, মাননীয়া মন্ত্রিমহোদয়া, তিনি যে বিলটি প্রেস করেছেন তার Statement of Objects and Reasons-এর 2 number-এ এসে বলেছেন The Post of Medical Officer (General Duty and Specialist) has already delinked from the purview of the PSC, WB so that the WBHRB can undertake the recruitment to that post. মাননীয়া মন্ত্রিমহোদয়া, দয়া করে আপনি বলবেন এর অর্থটা কি দাঁড়ায় ? স্যার, এর অর্থটা এই দাঁড়ায় যেহেতু Post of Medical Officer (General Duty and Specialist) যাদের General Duty আছে অথবা Specialist have already been delinked তাদের সম্পর্ক ছেদ হয়ে গেছে। কোথা থেকে ? from the purview of PSC. অর্থাৎ পি.এস.সি.-র থেকে তাদের সম্পর্ক ছেদ হয়ে গেছে।

[1.50–2.00 p.m.]

সুতরাং The WBHRB is now functioning and ready to start the recruitment process. এই যে, could undertake recruitment to that post. স্যার, এটা হওয়া উচিত। যেহেতু এটা হয়েছে, তার সঙ্গে এটা করতে হবে। আমি যেহেতু

Medical officer-দের অথবা specialist-দের তাদের appointment-এর জন্য একটা ব্যবস্থা করলাম। সুতরাং মাননীয়া মন্ত্রিমহোদয়া, Is it the only logic to bring them in the said arena. যারা এই Section-এর মধ্যে পড়ে না, তাদের আজকে আপনি আনতে চাইছেন ওই জায়গায় শুধু ওই Clause-টা দেখিয়ে যে তাদের এখানে আনতে হবে মেডিকেল অফিসারদের আমরা সেখানে নিয়ে চলে গিয়েছি। এটা একমাত্র কারণ হতে পারে না। এটা লজিক হতে পারে না। কিছুক্ষণ আগে মাননীয় নির্মলবাবু বলছিলেন, ওদের কুকীর্তির কথা—ওদের কুকীর্তির কথা সকলেই জানেন। আমি শুধু একটা কথা বলব স্যার, এই হাউসে দাঁড়িয়ে তাহলে যদি এটা হয় ওঁরা যা করে গেছেন আমরাও সেই পথে চলব ? এটা ঠিক হয় না। Recruitment-টা আপনি PSC-র হাত থেকে নিচ্ছেন কেন ? PSC-র হাত থেকে নিলে তো, PSC-র মধ্যে যদি রিক্রুটমেন্ট থাকে তাহলে সেখানে অনেক ছাত্রছাত্রী, অনেক যুবক, অনেক বেকার and Those who are capable তারা এসে সেখানে অংশগ্রহণ করতে পারে। পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে এবং স্বচ্ছতা সম্পর্কে মাননীয়া মন্ত্রিমহোদয়া আপনার দিকে তাকিয়ে বা মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় মাননীয়া মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে কেউ কোনো কথা বলতে পারবেন না। অথচ আপনারা বাধ্য করছেন তাঁদের বলতে। আমি Recruitment Board করেছি That Recruitment Board will conducted by a person who is linked with TMC or not, that is not the question but he will be under your sight. আমি তাই বলছি, এটাকে কিছুতেই সমর্থন করা যায় না।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার আপনার মাধ্যমে আমি এই সদনে এই যে সংশোধনী বিলটি এসেছে The West Bengal State Health Service (Amendment) Bill, 2014 ওই বিলটিকে সমর্থন করবার আবেদন জানাই কেন ? আমরা এই বিলটি এনেছি—মাননীয় মনোরঞ্জনবাবু মাননীয় বিধায়ক বলেছেন সততা, নিরপেক্ষতা এবং দক্ষতা এটা যদি অক্ষ হয় তাহলে পি.এস.সি. যেমন একটা autonomous body তেমনি Health Service Recruitment Board ও একটা autonomous body। এটি স্বয়ং সক্রিয় এবং এর formation-টা সরকার করছে কিন্তু এ তার নিজের গতিতে চলবে। এর উপরে সরকারের কোনো নিয়ন্ত্রণ থাকে না যেমন Public Service Commission-এর উপর নিয়ন্ত্রণ নেই। কিন্তু আমরা কি দেখেছি এটা ভাবতে হবে। মাননীয় অসিত মিত্র মহাশয় বলেছেন, আমি ধন্যবাদ জানাই যে আপনি বলেছেন যে হ্যাঁ, Subsidiary Centre হয়েছিল, Primary Health Centre হয়েছিল, Block Primary Health Centre হয়েছিল, Rural Hospital হয়েছিল, কিন্তু সেগুলি কি চলছিল ? চলছিল না। চলছে কখন—যখন চলছি না তখন যদি আপনি আওয়াজ তুলতেন আমি আপনাকে সমর্থন করতাম। আজ যখন চলার জন্য এই হাসপাতালগুলি চলার জন্য Health Service Recruitment Board তৈরি হচ্ছে আপনি তখন তার বিরোধিতা করছেন এটা দুঃখজনক, দুর্ভাগ্যজনক। মাননীয় বিধায়করা শুনবেন যাঁরা বিরোধিতা করেছেন।

মনোরঞ্জনবাবু এবং আপনার সতীর্থরা শুনাবেন। ২০০৯-১০-এ PSC Medical Officer Recruit করছে ৩৪৩টি। ২০১০-১১-তে ৩১০টি। ২০১১-১২-য় আমরা যখন এসে গেছি তখন এটা বাড়িয়ে তখনও এটা হয়নি তাই পি.এস.সি.-তে হল ৮৩১। ২০১২-১৩-তে পি.এস.সি. বসেনি। আমাদের এখন মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার স্পেশালিস্ট ২০০৯-১০-এ PSC মাত্র কতজনকে করেছে ? ৭৩ জনকে। ২০১০-১১-গোল্লা, একটাও নয়, PSC একটাও রিক্রুটমেন্ট করেনি। কি হয়েছে তার ফলে ? স্যাংশান স্ট্রেন্থ, যেটা আমাদের এম.ও.—মেডিকেল অফিসার জেনারেল ডিউটি ৫৫২৩টি স্যাংশান স্ট্রেন্থ, সেগুলো ভ্যাকেন্ট পড়েছিল। আমরা এখন এসে যেগুলি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি সেটা হল ৩৩৬৫টি এবং জি.ডি.এম.ও ৬৬৬। এখনও একজিস্টিং ভ্যাকেন্সি ১৪৯২ রয়েছে। এম.ও. স্পেশালিস্ট ২৪৯৭ স্ট্রেন্থ, পোস্ট হয়েছে ১৫৮৫ এবং জি.ডি.এম.ও ২০৬। এখনও একজিস্টিং ভ্যাকেন্সি ৭০৬ এবং ওয়েস্ট বেঙ্গল পাবলিক হেল্থ অ্যান্ড Aids সেই অফিসার যেগুলো ইনক্লুডিং বি.এম.ও.এইচ., সেখানে স্যাংশান স্ট্রেন্থ ৮৪৯। পোস্টিং হয়েছে ৫৫৯ এবং এই MOCP-তে রয়েছে ৫৩ জন। সমস্ত একজিস্টিং ভ্যাকেন্সি ২৩৭ জন। অর্থাৎ এখনও আমাদের স্ট্রেন্থ হচ্ছে ৮৮৬৯। সেখানে ৫৫০৯ প্লাস ৯২৫-এটা ভ্যাকেন্সি ফিল্ড আপ। এখনও একজিস্টিং ভ্যাকেন্সি ডাক্তারদের ক্ষেত্রে রয়ে গেছে ২৪৩৫। আপনি বলছেন স্বচ্ছতা, আপনি বলছেন নিরপেক্ষতা। ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন সেটা কি সত্যি করেই আপনাদের সময় সততা এবং নিরপেক্ষভাবে প্রমাণ দিয়েছিল ?

মিঃ স্পীকার : মাননীয়া মন্ত্রী, আপনার আর কত সময় লাগবে ?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, আমার আর পাঁচ মনিট সময় লাগবে।

মিঃ স্পীকার : পাঁচ মিনিট সময় বাড়ানো হল।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আপনাদের সময় যারা যাঁরা ঢুকেছেন আমি যদি তার লিস্ট এনে দেখাই তাহলে বোঝা যাবে কতটা স্বচ্ছ, কতটা নিরপেক্ষ এবং কতটা দক্ষতার নিরিখে তারা ঢুকেছিল। Less said the better. Less said the better. তাই এই বাংলার মানুষ ওইগুলোকে বিচার করেই আজকে আপনাদের ওখানে বসিয়েছে। আর আমরা এতগুলো এইদিকে বসে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে একটা আমূল পরিবর্তন এসেছে, হ্যাঁ এসেছে। আমরা যা সিট বাড়িয়েছি, এখন প্রায় ১৪৬০০ সিট বাড়ছে। সেই বাড়ার জায়গায় ডাক্তার দিতে হবে আমাদের, নার্স দিতে হবে আমাদের। আমাদের প্যারা মেডিকেল অফিসারদের দিতে হবে। আমরা কোথা থেকে দেব যদি পি.এস.সি.-র জন্য বসে থাকতে হয় ? কেন হেল্থ সার্ভিস রিক্রুটমেন্ট বোর্ড তৈরি করে আমরা একটি স্বয়ংক্রিয়, নিরপেক্ষ, সৎ এবং দক্ষতার নিরিখে যারা এদেরকে অ্যাপয়েন্টমেন্ট করবে, সেই বোর্ড তৈরি হবে না ? আমরা তাই আজকে হেল্থ সার্ভিস রিক্রুটমেন্ট বোর্ড এখানে তৈরি করার জন্য বলেছি। শুনে রাখুন যে আজকে আমরা কতগুলি সিট বাড়িয়েছি সেটা আপনাদের বললাম, প্রায় ১৪৬০০। একথা সত্যি কিনা একবার নিজের বুকে হাত

দিয়ে বলুন তো যে আমূল পরিবর্তন হচ্ছে কিনা ? মানুষ সত্যিকারের পরিষেবা পাচ্ছে কিনা এবং আপনারা এখানে যে ন্যায্য মূল্যের ওষুধের দোকান নিয়ে বারেবারে কথা বলেন, কি করে বলেন জানি না। আমি যদি ছবি এনে দেখাই তাহলে আপনাদের কতজন ক্যাডার যে লাইন দিয়ে, ব্যাগ কাঁধে করে ওই দোকানগুলির থেকে ওষুধ কিনছে, সেটা দেখে তখন লজ্জায় মুখ লুকোবেন। কেন ? কারণ এই কয়েক মাসে, এই কয়েক মাসে ১৯৩ কোটি টাকার বিক্রি হয়েছে ওই ওষুধের দোকানগুলি থেকে। তাতে রিবেট পেয়েছে মানুষ ১১৭ কোটি টাকা। Could you have imagine at any point of time that such availability of this credit could have been given to any one ? কখনও ভেবেছেন যে এই ধরনের রিবেট এই ধরনের মানুষকে এত পরিষেবা আপনারা দিতে পারবেন ? নিশ্চিতভাবে ডঃ মিত্র যেটা বলেছেন বাংলা যা করছে আজ, ভারত তা করবে কাল, অসিতবাবু শুনে রাখুন।

[2.00–2.10 p.m.]

ভারত তা করবে কাল। তাই আজকে আমরা যেটা করেছি আপনি বলেছেন স্বচ্ছতা—ওয়েব সাইটে দিয়েছি বলেই তো দেখতে পেয়েছেন। লুকিয়ে-লুকিয়ে কেউ ওয়েব সাইটে দেয় না। ওয়েবসাইটে পরিষ্কার করে সামনে এনে দেয়। দিয়েছি বলেই আপনি দেখতে পেয়েছেন যে, আমার নাম তারাপদ মাঝি। দিয়েছে বলে আপনি দেখতে পেয়েছেন একজনের নামটা একটু ভুল বলেছেন—প্রদীপ ব্যানার্জী না, তিনি বিখ্যাত পেডিয়াট্রিক ডক্টর ত্রিদিব ব্যানার্জী। সুতরাং আপনি দেখে নেবেন ওয়েবসাইটে যা যা করা হয়েছে। রিক্রুটমেন্ট প্রসেস আমরা শুরু করিনি। আমরা রিক্রুটমেন্ট প্রসেস শুরু করবার আগে এই বিলটা আমরা নিয়ে এসেছি সদনে। স্বচ্ছতা, নিরপেক্ষতা এবং দক্ষতার নিরিখে যাতে আমাদের রাজ্যে যারা যুবক-যুবতী আছে, যারা মেডিকেল প্রফেশনের সঙ্গে যুক্ত তারা সঠিক জায়গায়, সঠিকভাবে নিয়োগ হয়। ওটা আপনি আপনার আয়নায় মুখ দেখছেন। আপনাদের দলের লোকেরা ওটা করত। মাননীয়া মুখ্যমন্ত্রী এ শিক্ষা আমাদের দলকে দেয়নি এবং আমাদের সেই শিক্ষায় শিক্ষিত নয়, ফলে আজকে আমরা এই বিলটি স্যার—যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, এই বিলটি এই সদনে পাস হয়ে যাওয়ার পর থেকে—আমরা—এই যে প্রত্যেকে এসে আমার কাছে বলেন যে, ডাক্তার নেই, নার্স নেই। দেব কোথা থেকে ? ১৩৫৫ জন ডাক্তার তৈরি করছিলেন বছরে। আর আজকে বাড়িয়ে গর্বের সঙ্গে আমরা বলতে পারি ২৭৫০ জন ডাক্তার তৈরির ব্যবস্থা ইতিমধ্যেই হয়ে গিয়েছে। আর আজকে ১২ নয়, আগে আমরা বলতাম ১২টা মেডিকেল কলেজ। আজকে আপনরা দেখেছেন যে মেডিকেল কলেজগুলি আগামী দিন তৈরি হতে চলেছে, ওই ১২-র ফিগারটা ডাবল হয়ে-২৪। এদের আমরা স্বাগত জানাই। স্বাগত জানাই যারা করবে, যারা এই মেডিকেল প্রফেশনে যুক্ত হবে। তারা যাতে সরকারী কাজ করে, দক্ষতার নিরিখে সেই ব্যবস্থা করার জন্য হেল্থ সার্ভিসের এই অ্যামেন্ডমেন্ট বিলটা আমরা এনেছি স্যার। আমি এই সদনের কাছে আবেদন রাখব এটিকে সমর্থন করতে।

Mr. Speaker: The question before the House that The West Bengal State Health Service (Amendment) Bill, 2014 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 2

Mr. Speaker: There is no amendment to Clause 2. So, I put the Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put the Clauses 2-4, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Mr. Speaker: Now the Hon'ble Minister in-charge-of State Health and Family Welfare Department may please move the motion for passing of the Bill.

Smt. Chandrima Bhattacharya: Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal State Health Service (Amendment) Bill, 2014 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Finance Bill, 2014

Dr. Amit Mitra: Sir, I beg leave to introduce The West Bengal Finance Bill, 2014.

(Secretary then read the title of the Bill)

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Finance Bill, 2014 be taken into consideration.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, তার যে বাজেট বক্তব্য, সেই বাজেট বক্তব্যের বাংলা বইয়ের ৩২ পাতায় ৬.১ থেকে ৬.২১ পর্যন্ত

বিভিন্ন কর প্রস্তাবগুলো তিনি রেখেছেন। এবং এই কর প্রস্তাব যেগুলো রেখেছেন সেই সম্বন্ধে এই বিলে আছে। যেহেতু মূল বাজেট আগেই পাশ হয়ে গেছে, কাজেই এই বিলের বিরোধিতা করার কোনো বিষয় নেই। আমার কিছু প্রশ্ন আছে সেগুলো আমি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে রাখছি। যেটা ভালো দিক সেটা তো অবশ্যই বলতে হয়। যেমন মাননীয় অর্থমন্ত্রী মহোদয় তাঁর যে বাজেট বক্তব্য, তার মধ্যে তিনি যেটা বলেছেন সেটা হচ্ছে যে হেয়ার ব্যান্ডস, হেয়ার ক্লিপস এই সমস্ত কিছুর মধ্যে ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে, খুব ভালো কথা। গ্যাস স্টোভের ক্ষেত্রে ছাড় দিয়েছেন, এক হাজার টাকার কম দামের, এক হাজার টাকার পর্যন্ত ছাড় দিয়েছেন, খুব ভালো কথা। কিন্তু একটা বিষয় যেটা উনি তাঁর বক্তব্যের সময় যদি পরিস্কার করতে পারতেন তাহলে ভালো হত। হেয়ার ব্যান্ড এবং হেয়ার ক্লিপে যে ছাড় দেওয়া হচ্ছে, এই ছাড় দেওয়াতে পশ্চিমবঙ্গ সরকারের কত কোটি টাকা রাজস্ব আসছে না ? ছাড় দেওয়া খুব ভালো জিনিস। এবং হেয়ার ব্যান্ডকে যাঁরা হেয়ার ব্যান্ড হিসেবে ব্যবহার করেন, যদি ব্যবহার না করেন, কারণ যেহেতু ইলাসটিসিটি রয়েছে তার, তাকে অন্য কারণেও ব্যবহার করা যেতে পারে। যে সমস্ত বিজনেসম্যানরা রয়েছেন, তাঁরা এটাকে যদি অন্য কোনো কাজে লাগান, তাহলে তার বিরুদ্ধে আইনি কি ব্যবস্থা আপনি নিচ্ছেন ? সেটা যদি থাকত তাহলে ভালো হত। এই ক্ষেত্রে কত টাকা রাজস্ব সংগ্রহের ঘাটতি হবে এবং সেটা কোথা থেকে কিভাবে পূরণ করবেন, সেটা যদি থাকত তাহলে ভালো হত। দ্বিতীয়ত যে বিষয় সেটা হল গ্যাস স্টোভ এবং এল.পি.জি. স্টোভ। গ্যাস স্টোভের ক্ষেত্রে এক হাজার টাকা দামের গ্যাস স্টোভ পর্যন্ত, ঠিকই আছে, অতি উত্তম প্রস্তাব। কারণ এক হাজার টাকা দামের গ্যাস স্টোভ ভালো জিনিস, কিন্তু এল.পি.জি. স্টোভ, আমি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে জিজ্ঞেস করি যে এল.পি.জি. গ্যাসের ১ হাজার টাকা দামের ডবল বার্নার স্টোভ পশ্চিমবাংলার কোথায় কোথায় পাওয়া যায়, কোন কোন দোকানে পাওয়া যায় ? যদি এটা পাওয়া যায় এবং তার জন্য ছাড়, তাহলে খুব ভালো। আর তা না হলে দিল্লিতে গিয়ে জামা মসজিদের কাছ থেকে কিনে আনতে হবে। আর যদি কিনে আনা হয় সেই স্টোভ, এক হাজার টাকা দামের কম স্টোভ যদি এখানে পাওয়া যায় ধরে নিচ্ছি, তার গুণগত মান কোন জায়গায় দাঁড়াবে ? আর এল.পি.জি.-র ক্ষেত্রে যদি কোনো অসুবিধে হয়, যাঁরা রান্না করেন, তাঁরা তাহলে কি সমস্যার মধ্যে পড়বেন ? কাজেই আমার মনে হয় আপনি যেটা দিয়েছেন সেটা খুবই ভালো। এটাকে আরো একটু যদি বাড়িয়ে দিতেন, অন্তত তিন-সাড়ে তিন হাজার টাকা পর্যন্ত দামের যে গ্যাস স্টোভগুলো পাওয়া যায়, সেই পর্যন্ত যদি ছাড় হত তাহলে ভালো হত। কারণ আপনি নিশ্চয়ই মানবেন যে এক হাজার টাকা দামের এল.পি.জি. গ্যাস স্টোভ কতটা পাওয়া যায়, এই বিষয়ে আমার অন্ততপক্ষে সন্দেহ আছে। আমি খোঁজ নিচ্ছিলাম যে গ্যাস স্টোভ কিরকম কিরকম দামে পাওয়া যায়। এবার আর একটি ব্যাপারে অদ্ভুত জিনিস লক্ষ্য করলাম, হয়তো আমার ধারণা ভুল হতে পারে। আমি প্রথমেই আপনার কাছে মার্জনা চেয়ে নিচ্ছি এই ব্যাপারে। আমি প্রথমে ভেবেছিলাম যে এটা আপনি কি লিখেছেন। সেটা দেখিয়ে আমি কয়েকজনকে জিজ্ঞেস করলাম to exempt tax on sale of human hair মাথার চুল মানুষের। আমি প্রথমে

ভাবলাম এটা কি মানুষের মাথার চুল ? হিউমেন হেয়ার, মানুষের চুলের জন্য ট্যাক্স এগজেম্পট করা হয়েছে ? আমি প্রথমে এটা পড়তে গিয়ে দেখছি, তারপরে আমি ভাবলাম কি জানি হবতো। অন্য কিছু লিখেছেন। ডিক্সনারি খুলে দেখলাম হেয়ার বানান ঠিকই আছে hair. Hair মানে চুল। ঠিকই আছে। তারপর দেখছি হেয়ার সম্বন্ধে English Dictionary খুলে দেখলাম স্যার, তাতে একটা জিনিস লেখা আছে হিউমেন বডিতে যা থাকে, সমস্তটাকে বলা হচ্ছে চুল। আর একটা বলছে কি hair is a thread that cover the body of animals such as dog or make up a horses' men and tale, ঘোড়ার লোম। এবার মুশকিল হচ্ছে স্বপনদা চলে গেলেন. আমার সিনিয়ার ছিলেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ছাত্র।

[2.10–2.20 p.m.]

আমি কয়েকদিন আগে প্রশ্ন করেছিলাম যে, আপনি ঘোড়া চাষের ব্যবস্থা করছেন কিনা—উন্নত প্রজাতির এবং মাননীয় অর্থমন্ত্রীকে বলেছিলুম, সেই ঘোড়ার হয়তো লোম-টোম কেটে বিক্রি করা হবে সস্তাতে. সেই জন্য হয়তো এটা দেওয়া হয়েছে। আমি কিন্তু স্যার অবাক হয়ে গিয়েছিলাম, এবং আমি এটাও ভাবলাম, ঘোড়ার তো অভাব নাই। একজন মাননীয় বর্ষীয়ান সদস্য, তাঁর বয়সের প্রতি, বিধানসভার সদস্য হিসাবে তাঁর প্রতি সম্পূর্ণ মর্যাদা দিয়ে জানাচ্ছি, তিনি কিছু কটূক্তি করে গেলেন কিছুক্ষণ আগে তাঁর বক্তব্যের মধ্যে—কাউকে গরু বলতে পর্যন্ত তাঁর বাধেনি। কিন্তু সেই ভদ্রলোককে আমি দেখেছি—আমি তো এই প্রথম, কিন্তু পড়েছি বিভিন্ন পত্র-পত্রিকাতে, একই দিনে তিনি দুটো পার্টির হয়ে দুই জায়গাতে বসতেন। যখন কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে বসছেন তখন তৃণমূল, আর যখন বিধানসভাতে বসছেন তখন তিনি হচ্ছেন কংগ্রেস। অর্ধ-নারীশ্বর। এই অর্ধ-নারীশ্বর, শিখণ্ডী। আপনি জেনে রাখুন, এই অর্ধ-নারীশ্বর শিখণ্ডী যার সামনে থাকবেন তিনি বধ হবেন। এটা মহাভারতের শিক্ষা। আপনারা, যাঁরা তাঁকে নিয়ে হৈ হৈ করছেন, জেনে রাখবেন আপনারা সবাই বধ হবেন এই অর্ধ-নারীশ্বরের হাতে, শিখণ্ডীর হাতে। এই ঘোড়ার ব্যাপারটা। তারপর আমি ভাবলাম স্যার, অমিতবাবু এত ভুল তো করবেন না। মানুষের চুল বিক্রি করার বিষয়টাই উনি বলেছেন। আমি ইতিহাস পড়তে গিয়ে দেখলাম হিটলারের কাহিনীতে এরকম আছে। বহু কম্যুনিস্ট বিদ্বেষিতা করে এবং আরও অনেক কিছু করে, দেখা গেছে যাঁরা হিটলারের দলের বিরোধিতা করেছেন, তাঁদের খুন করা হত এবং তাঁদেরকে খুন করে তাঁদের দাঁত থেকে শুরু করে মাথার চুল পর্যন্ত বিক্রি করা হত। আমরা প্রথমেই বলেছি একটা ফ্যাসিস্ত কায়দায় এই সরকার চলছে। এই ফ্যাসিস্ত কায়দাতে যে সরকার চলছে, এই সরকার এই পশ্চিমবাংলাতে এটা ভাবার চেষ্টা করছেন যে, তৃণমূলের যারা বিরোধিতা করছে, তাদেরকে মেরে, তাদেরকে খুন করে, পশ্চিমবাংলাতে তারা যাতে করে সস্তাতে চুল পর্যন্ত বিক্রি করে দিতে পারে। সেই জন্য, নাকি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই দুই বছরের মধ্যে যে ৫৫ হাজার কোটি টাকা ধার করেছেন, সেই ৫৫ হাজার কোটি টাকার ধার শোধ করার জন্য তিনি চুল বিক্রি করার ব্যবস্থা করেছেন। ধারে চুল বিকিয়ে

যাওয়া যেটাকে বলে, সেইটা কি ? আমার স্যার এটা মনে হয়েছে। আমি এটা জানতে চাইব মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে যে, পশ্চিমবাংলার মানুষের চুল বিক্রি করে কত ইনকাম হত, এবং এই যে ট্যাক্স যেটা আসছে, একজাস্টেড ট্যাক্স, যেটা সেলস ট্যাক্স থেকে ছাড়া হচ্ছে, কত ট্যাক্স ছাড়া হচ্ছে। কত ট্যাক্স লাভ হত আর কত ট্যাক্স ছাড়া হচ্ছে, এটা যদি আপনি বলতে পারেন তাহলে আমি পুরো সমর্থন করব। কত ট্যাক্স আসত আর কত ট্যাক্স ছাড় হচ্ছে এটা আপনি বলবেন। এছাড়াও আমার যেটা বলার বিষয়—প্রফেশনাল ট্যাক্স। অমিতবাবু নিশ্চয় আমাদের কথা শুনছেন, উনি গভীর মনযোগ সহকারে শোনেন জানি। এই প্রফেশনাল ট্যাক্সের ক্ষেত্রে স্যার, উনি ৮,৫০০ টাকা পর্যন্ত যাঁরা চাকরি করেন তাঁদের ছাড় দিয়েছেন; খুব ভালো জিনিস। দু-হাত তুলে সমর্থন। কিন্তু ভারতবর্ষের প্রধানমন্ত্রীও কিছুদিন আগে বলেছেন যে, ১০ হাজার টাকা পর্যন্ত মোটামুটি অসংগঠিত শ্রমিকদের মিনিমাম ওয়েজেস হওয়ার প্রয়োজন আছে। এবং কেউ কেউ এখানে দাবি তুলেছেন যে, পনেরো হাজার টাকা পর্যন্ত অসংগঠিত শ্রমিকদের মিনিমাম ওয়েজেস হবার প্রয়োজন আছে। আমি স্যার, মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব যে তিনি যে ছাড় দিয়েছেন এই ছাড়টা যদি পনেরো হাজার টাকা পর্যন্ত দিতে পারতেন তাহলে ভালো হত এবং এই পনেরো হাজার টাকা পর্যন্ত ছাড় না দিয়ে তিনি সাড়ে আট হাজার টাকা পর্যন্ত ছাড় দিয়েছেন এবং এই সাড়ে আট হাজার টাকা ছাড় দেওয়ার জন্য কত ছাড় গেল এবং এটা কোন জায়গা থেকে ভর্তুকি দেওয়া হবে সেটা জানতে পারলে ভালো হত। তৃতীয়ত আটের পরে দশ হাজার। দশের পরে পনেরো হাজার, পনেরোর পরে পঁচিশ হাজার, পঁচিশের পরে চৌত্রিশ হাজার, চৌত্রিশের পরে চল্লিশ হাজার, প্রতি মাসে যে এত টাকা করে কোথাও নব্বই টাকা পার মান্থ, কোথাও ১১০ টাকা, কোথাও ১৩০ টাকা এই রকম করে দেওয়া আছে, এই হিসাবটার ভিত্তি কি। কোন হিসাবের ফলে এই হিসাবটা এল, এবং কোন ভিত্তিতে এই হিসাবটা হল এটা জানার দরকার আছে। এটা আপনার কাছে জানতে চাইছি। এটা আপনি নিশ্চয় জানাবেন। চতুর্থত এই যে আর একটা বিষয়—যারা ট্রেড ইনভলভিং রয়েছে সাপ্লায়ের ক্ষেত্রে, এখানে ষাট হাজার টাকা পর্যন্ত নেই। ষাটের পরে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত নানাভাবে স্ল্যাবগুলি তৈরি করা হয়েছে। এই স্ল্যাবগুলি কিসের ভিত্তিতে তৈরি করা হল ? এবং এখানে সরকারের কত টাকা রেভিনিউ লস হচ্ছে, বা রেভিনিউ লস বলব না সরকার কোথা থেকে ওই টাকা আনছেন এটা বলবেন। এরপরে প্রফেশনাল ক্ষেত্রে আর একটা যেটা পাঁচ লক্ষ থেকে পঞ্চাশ লক্ষ per annum পর্যন্ত গেছে, এক্ষেত্রে এই ব্যাপারটা জানালে ভালো হয়। এবং এই ভিত্তিটা কি ? ভ্যাটের সম্বন্ধে যেটা করেছেন, পুরো একেবারে ইনকাম ট্যাক্স সিস্টেমে যা কিছু আছে, সেই সমস্ত কিছু হয়েছে। এটার ক্ষেত্রে কোনো অসুবিধা নেই। মানুষ যাতে রিলিফ পান এবং আপনি তো ভোট পাওয়ার জন্য রিলিফ দিচ্ছেন, সেটা আমি বুঝতেই পারছি। কাজেই ভোট পাওয়ার জন্য রিলিফ দিচ্ছেন, আমরা তো বলব রিলিফটা হোক ভালো করে। কারণ ভোটের জন্য রিলিফ এবং মানুষের জন্য রিলিফ। যদি ভোটের জন্য রিলিফ হয়, কিন্তু তার সাথে সাথে যেটা দরকার সেটা হল এক্ষেত্রে একটা জাস্টিফিকেশন থাকতে হবে। এক হাজার টাকা দামের gas stove। কোথায় পাওয়া যায়,

তার কি জাস্টিফিকেশন। এই ব্যাপারটা জানার প্রয়োজন আছে। কারণ আপনার কাছে কালকে আমাদের মাননীয় বিরোধী দলনেতা যিনি বারবার প্রশ্ন করেছিলেন যে, আপনি যে সমস্ত ছাড়গুলি দিচ্ছেন, এই ছাড়গুলি দেবার ভিত্তি কি ? ব্রিগেডের ময়দানে যে লাড্ডু আপনাদেরকে দেখানো হয়েছে, সেই লাড্ডুর ভিত্তিতে কি আপনি ছাড় দিচ্ছেন ? নাকি যার কোনো বাস্তব ভিত্তি নেই। তার জন্য যে ছাড়গুলি দিচ্ছেন ছাড়ের পরে তার ভর্তুকিটা কি সেই লাড্ডু থেকে আসবে ? যদি লাড্ডু থেকে আসে তাহলে খুব ভালো কথা। এর একটা নিশ্চয় পলিটিক্যাল ইমপ্লিকেশান গোটা পশ্চিমবাংলার মানুষ দেখতে পাবে। এবং আমরা এটা এই কারণেই মনে করছি যে অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে বিশেষ করে যে ছাড় আপনি দেওয়ার চেষ্টা করেছেন খুব ভালো কথা। এই ছাড়টাকে আর একটু বাড়ালে খুব ভালো হয়। আর একটু বেশি পর্যন্ত। ওই gas stove-এর ক্ষেত্রে যেটা করেছেন, এটার ক্ষেত্রেও আর একটু বাড়ালে খুব ভালো হয়। এবং অন্যান্য বিভিন্ন জায়গা থেকে যে রেভিনিউ যে স্ট্যাম্প ডিউটি যেটা দিয়েছেন সেটা আর একটু বাড়ালে ভালো হয়। সেটা আর একটু নীচের দিক পর্যন্ত গেলে ভালো হয়। এই বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি, কারণ আপনি আমার কথা অত্যন্ত মনযোগ সহকারে শুনছিলেন এবং যাঁরা ওইদিক থেকে গালিগালাজ করছেন তাঁদেরকেও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী অরূপ কুমার খাঁ : মাননীয় স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল দু হাজার চোদ্দ-র উপরে পূর্ণ সমর্থন জানিয়ে ওপার থেকে মাননীয় গৌরাঙ্গবাবু বিলের মূল জায়গাতে না গিয়ে বিলটা না পড়েই তিনি এমন একটা জিনিস নিয়ে আলোচনা করলেন, মনে হয় যে তিনি পড়াশোনা করেননি।

[2.20–2.30 p.m.]

তিনি বলেছেন যে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পড়েছেন আমি জানি। কিন্তু এমন একটা বিষয় নিয়ে—আমি ভেবেছিলাম ওনার পাণ্ডিত্য বোধ হয় বেশি, কিন্তু উনি মূল বিলে না গিয়ে, মূল জিনিসটা না পড়ে, শুধু বললেন যে আগে যখন মূল বিলটা বাজেটে পাশ হয়ে গেছে তখন আর এই বিলটাতে আমার কিছু বলার নেই, আমার এই বিলে আর নতুন করে কিছু বলার নেই। তিনি কয়েকটা জিনিস এড়িয়ে গেছেন। বর্তমান সরকারের একটি দলকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করার লক্ষ্যে এই বাজেট পেশ হয়েছে। কতগুলি জিনিস উনি বললেন না যে, ২০ হাজার টাকা পর্যন্ত ২% সুদকে ১% সুদে রিডিউস করা, এটা তিনি বললেন না। উনি বললেন না এই কথাটা যে আমাদের যে লীজ ডিডের স্ট্যাম্প ডিউটি, তা ক্যালকুলেশানের দুটি স্তর করেছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী। সেটা কি ? না একটা ৩০ বছরের নীচে, আর একটা ৩০ বছরের উপরে। অর্থাৎ সকল লীজের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটি এক হবে না। এটা মানুষকে রিলিফ দেওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে যারা নিম্নমধ্যবিত্ত বা মধ্যবিত্ত, যারা বাড়ী কেনার জন্য আগ্রহী, তাদেরকে যে ৭% স্ট্যাম্প ডিউটি দিতে হত, সেই জায়গায় যেটা ২৫ লাখ ছিল সেটা ৩০ লাখে নিয়ে গিয়ে

৬% স্ট্যাম্প ডিউটি তাদের দিতে হবে. এতে সরকারের অনেক রেভিনিউ আদায় হবে। mortgage-র ক্ষেত্রে দলিলকে মূল্য দেওয়া এটাকেও প্রথমটির মতো ধরা হবে. এবং জটিলতার অবসান শুধু নয়, মানুষকে স্বস্তি দেওয়ার ক্ষেত্রেও এটি প্রযোজ্য। আমাদের এই বাজেটে উনি বলেছেন যে ১৬ লক্ষ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা এই বাজেট। যারা প্রফেশনাল ট্যাক্স দেন, যাঁরা কর্মরত, তাঁদের ক্ষেত্রেও এই বাজেটে প্রতিফলিত হয়েছে ৭ হাজার থেকে সাড়ে ৮ হাজার টাকায় সেটা বাড়ানো হয়েছে। এটা একটা যুগান্তকারী সিদ্ধান্ত। এবং তার পরবর্তীকালে আপনারা দেখবেন যে এখানে লেখা আছে এপ্রিল ২০০৬ থেকে ২০১১ পর্যন্ত দার্জিলিং, কালিম্পং, কার্শিয়াং-এ যে সব ব্যবসায়ীরা ট্যাক্স জমা করতে পারেননি, তাঁদেরকে কিন্তু অর্থমন্ত্রী এখানে ২০১৪ জুলাই পর্যন্ত without any penalty জমা দেওয়ার সুযোগ দিয়েছেন। এটা ছোট ছোট ব্যবসায়ীদের ক্ষেত্রে যারা ওই সময় জমা দিতে পারেননি তাঁদের জন্য। আর একটা জিনিস গৌরাঙ্গবাবুদের জানা উচিত, আমাদের অর্থমন্ত্রী ধাপে ধাপে করেছেন। ২০১০-১১ সালে আমাদের রেভিনিউ কালেকশান আমরা প্রায় আপনাদেরই আমলে সেখানে রেভিনিউ কালেকশানে ২১ হাজার কোটি টাকার মতো আয় করতাম। পরবর্তীকালে ধাপে ধাপে এ বছর ২০১৪-১৫ সালে সেটা ধার্য হয়েছে ৪৫ হাজার কোটি টাকা। আমাদের আর একটা জিনিস বলি সারা ভারতবর্ষে যতগুলি রাজ্য আছে অর্থনৈতিক গ্রোথ ট্যাক্স কালেকশানে সর্বকালীন রেকর্ড এই পশ্চিমবাংলায়। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মা মাটি মানুষের সরকারের অর্থমন্ত্রী আজকে আমাদের গ্রোথ ট্যাক্স কালেকশানে ২০১২-১৩-তে ৩১.৫৭ যেটা সারা ভারতের মধ্যে কোনো রাজ্য কোনো কালে করতে পারে না। এটা সর্বকালীন রেকর্ড। ৩১.৫৭% গ্রোথ ইন ট্যাক্স কালেকশান সেটা হয়েছে কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর মাধ্যমে। এটা কি অ্যাচিভমেন্ট নয় ? লিজের ক্ষেত্রে যেমন বললাম তেমন বিত্ত করের ক্ষেত্রেও মাননীয় অর্থমন্ত্রী সাধারণ মানুষের কথা চিন্তা করেছেন এবং এখানে তা প্রতিফলিত হয়েছে। আমাদের যাঁরা ৬০ হাজার টাকা পর্যন্ত আয় করেন তাঁদেরকে কোনো প্রফেশনাল ট্যাক্স দিতে হবে না। Above 60 thousand but not exceeding ৭২ হাজার তাঁদেরকে per annum মাত্র ৪৮০ টাকা দিতে হবে। যারা অ্যাবভ ৭২ হাজার তাঁদেরকে ৫৪০ টাকা, যাঁদের অ্যাবভ ৮৪ হাজার টাকা তাঁদেরকে ৬০০ টাকা এবং যাঁরা ১ লক্ষ ৮ হাজার টাকার উপরে বার্ষিক আয় করেন তাঁদের ১,৩২০ টাকা। এরকম ৫ লাখ পর্যন্ত per annum আড়াই হাজার টাকা পর্যন্ত তিনি বলেছেন। একটা দেশ এবং জাতি---প্রত্যেকটা জিনিসই নির্ভর করে অর্থের উপরে। আজকে বাজেট যতগুলো আলোচনা হয়েছে তার মধ্যে সবচেয়ে বড় দুটি গুরুত্বপূর্ণ দিক হল, একটা দেশ এবং জাতির প্রগতি ঘটে দুটো জিনিসের ক্ষেত্রে। একটি হচ্ছে, স্বাস্থ্য ব্যবস্থা আর একটি হচ্ছে, শিক্ষা। এই দুটি যে জাতির থাকে সেই জাতির প্রগতি এগিয়ে চলে। আজকে ঠিক সেই ক্ষেত্রে প্রত্যেকটি জিনিসের সঙ্গে কিন্তু অর্থের একটা সম্পর্ক রয়েছে। শিক্ষাক্ষেত্রে ব্রাত্যবাবু বললেন। শিক্ষাক্ষেত্রে পশ্চিমবাংলায় আগে আমরা কি ছিলাম ? এটা কিন্তু আমাদের তথ্য নয়। এটা কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন দপ্তরের তথ্য যে, শিক্ষা ক্ষেত্রে বাংলা একটা সময় এক থেকে তিনের মধ্যে ছিল। কিন্তু এদের ৩৪ বছরের

আসলে এনারা শিক্ষাক্ষেত্রে বাংলার মানটাকে এমন জায়গায় নিয়ে গেছেন যে, আমরা ১৯শে চলে গিয়েছিলাম ২৮টি অঙ্গরাজ্যের মধ্যে। বাংলায় আবার ২০১১-য় পরিবর্তনের পরে ওই পরিকাঠামোর মধ্যে দিয়েই, আজকে শিক্ষা ব্যবস্থায় কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন দপ্তর বলছে যে, বাংলা আবার এক থেকে তিনের মধ্যে এসে গেছে। তাহলে এটা কি পরিবর্তন নয় ? এটা একটা দৃঢ় পদক্ষেপ। স্বাস্থ্য ব্যবস্থায় আমাদের স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলছিলেন, স্বাস্থ্য দপ্তরের যে বেহাল অবস্থাটা হয়েছিল—আমি এটা এই জন্যে বলছি যে, অর্থের সাথে প্রতিটা দপ্তরের যোগাযোগ রয়েছে। একটা জাতি মূলত দুটি কারণের জন্য এগিয়ে যায়। সেটা হচ্ছে শিক্ষা এবং স্বাস্থ্য। স্বাস্থ্যক্ষেত্রেও অনুরূপভাবে আজকে আমরা যে জায়গায় ছিলাম—বাংলার একটা সময় গর্ব হত যে, বাংলায় চিকিৎসা করতে আসার জন্য আমাদের বহু অঙ্গ রাজ্য থেকে মানুষ আসতেন। রাজস্ব আদায় হত। কিন্তু এনারা দলতন্ত্র করতে করতে বাংলায় স্বাস্থ্য ব্যবস্থাটা ধসে পড়েছিল। আমাদের অনেক রাজস্ব প্রত্যেক বছর অন্য অঙ্গ রাজ্যে চলে যাচ্ছিল। ২০১৪ সালে আজকের দিনে দাঁড়িয়ে এই স্বাস্থ্য পরিকাঠামোর মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থার আমূল পরিবর্তন হয়েছে। আমরা শিশুর মৃত্যুর হার যেমন কমিয়ে এনেছি, তেমনই আজকে গরীব মানুষকে হাসপাতালে চিকিৎসার জন্য প্রত্যেকটা জায়গায় ফেয়ার প্রাইস মেডিকেল শপের মাধ্যমে ৪৭% থেকে ৬৭% কম দামে ওষুধ দিচ্ছি। তাই ফিনান্স ডিপার্টমেন্টের ২০১৪ সালের এই ফিনান্স বিলটিকে আমি পূর্ণ সমর্থন করি। একটা কথা মনে রাখতে হবে যে, গৌরাঙ্গবাবু চুলের কথা বললেন, চুলের কথা বললেন। আমি বুঝতে পারলাম না ওটার জন্য ওনাকে এত ডিক্সনারি কেন ঘাটতে হল।

[2.30–2.40 p.m.]

উনি অক্সফোর্ড ঘেঁটেছেন, ডিক্সনারি ঘেঁটেছেন, উনি আরো অনেক ডিক্সনারি ঘেঁটেছেন। ওখানে পরিষ্কার বলা আছে যে, human hair, এই human hair-এ সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি এই human hair যেটা এক্সপোর্ট হয়, সেটা হচ্ছে, তিরুপতিতে, অন্ধ্রপ্রদেশে এবং পশ্চিমবাংলাতেও, পশ্চিমবাংলাতেও এরকম এই এই human hair-এর থেকে অনেক কিছু যেটা চুল বলে wig প্রত্যেকটা জিনিস তৈরি হয়। সেক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী এই জায়গাটায় ছাড় দিয়েছেন। এটা আপনাদের ওই নরকঙ্কালের মতো নয়, মাটির তলায় খুঁজে পাওয়া যাচ্ছে, এটা আপনাদের ওই সন্ত্রাসের মতো না। একটা পরিচ্ছন্ন, পরিষ্কার বাজেট অর্থমন্ত্রী রেখেছেন বাংলার মানুষের কাছে। আজকে ভাববার কিছু নেই। সারা ভারতবর্ষে আজকে কিন্তু তৃণমূল কংগ্রেসের মমতা ব্যানার্জীর সাথে—বহু দিকপাল মানুষ আজকে যোগ দিচ্ছেন। ভারতবর্ষে তৃণমূল কংগ্রেস আগামীদিনে যে নিয়ন্ত্রক হবে কেন্দ্রীয় সরকারের। আজকে বাংলার যে বঞ্চনা, যে বঞ্চনার বিরুদ্ধে সবচেয়ে বেশি সোচ্চার হয়েছেন মমতা ব্যানার্জী, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে। আপনারা এতদিন ক্ষমতায় থেকে সেটা আদায় করতে পারেননি, এবারে আমরা আদায় করব। এটাই মমতা ব্যানার্জীর প্রতিজ্ঞা। আজকে তাই বক্তব্য দীর্ঘায়িত না করে আমি শুধু এটুকু বলতে চাই যে, মূল

জিনিসে না গিয়ে আপনি এমন এমন জিনিস উত্থাপন করলেন যে, আপনি বললেন যে. একজন সিনিয়ার লিডারের নামে, সিনিয়ার সদস্যের নামে আপনি এমন এমন কটূক্তি করলেন যেটা অন্ততপক্ষে আপনি নিজেকে বলেন যে আমি শিক্ষিত। আমি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট এটা কিন্তু আমাদের সংসদের যে গরিমা সেটাকে আপনারা কলুষিত করছেন। এই কথা বলে এই বিলটিকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম. নমস্কার।

শ্রী সুভাষ নস্কর : স্যার, মাননীয় অর্থমন্ত্রী ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল. ২০১৪ এই সভায় উত্থাপন করেছেন। এই কথা ঠিক যে, রাজ্যবাসীর কাছে অর্থমন্ত্রী যত বেশি ট্যাক্স মুকুব করবেন. কম করবেন উনি ধন্যবাদ পাবেন, অভিনন্দন পাবেন। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে ইন্টারেস্টটা ২% থেকে ১% করেছেন। লিজ ডিড সেটার ক্ষেত্রেও আপনি কমিয়েছেন। এইরকম মর্টগেজ ডিড তারপরে প্রফেশনাল ট্যাক্স এইগুলোর ক্ষেত্রে আপনি করেছেন। বিজনেসম্যানের জায়গায়ও আপনি করেছেন। আপনি আরো কতগুলো বলতে গিয়ে এর মধ্যে বলেছেন যে, এটা সুবিধা কি অসুবিধা হবে জানি না, to omit the provision of inspection. মানে এটা আপনি inspection তুলে দিচ্ছেন। Inspection তুলে দিচ্ছেন। মানে সামনা-সামনি inspection তুলে দিচ্ছেন। পেছন থেকে inspection বা আদৌ inspection হবে কি হবে না। যাই হোক, আপনি তাতে ভেবেছেন বোধহয় তাতে আপনার আরো সরলীকরণ হবে, অথবা ট্যাক্সদাতাদের হয়রানিটা বন্ধ হবে। যাই ভাবুন, আমাদের আপত্তি নেই, আপনি এটা করছেন। আমার একটাই শুধু প্রশ্ন যে ট্যাক্স কমাচ্ছেন, কোথাও ৭০০০-এর জায়গায় ৮৫০০ টাকা লিমিট করছেন per month, এই লিমিটেশানটা ওই জায়গাটায় থামালেন কেন ? এটা ৮৫০০ না হয়ে তো ওটা ১৫০০০ হতে পারত, ১০০০০ হতে পারত। তাহলে আপনার calculation-টা কি ? সবশেষে এই সম্পর্কে এটুকু বলার যে, আপনি অ্যাজ এ হোল এই যে কমাচ্ছেন, এই যে reduce করছেন। এই reduce-র ফলে আপনার total Tax যা আসত সেটা কত এবং reduce-র পরে কতটা ছাড় দিলেন total ? তারপরে বলা যেতে পারে, যে আপনি বেছে বেছে এই যে হেয়ার ব্যান্ড, হেয়ার ক্লিপ, এটা বুঝতে পারলাম না। আপনার লক্ষ্যটা এই হেয়ার ব্যান্ড আর হেয়ার ক্লিপে গিয়ে আটকে গেল কেন ? এখানে আর কি সারা রাজ্যে ছাড় দেওয়ার আর অন্য কোনো ব্যবহার্য সামগ্রী ছিল না ? কেন ? কেন ? এই জায়গাটায় অর্থমন্ত্রীর পছন্দ কেন ? ঠিক আছে, বুঝলাম। গ্যাস স্টোভ, এল.পি.জি., এটা না হয় নিত্য ব্যবহার্য মানুষের পক্ষে যথেষ্ট সহায়ক হবে। স্যানিটারি ন্যাপকিন আর—এটা বোঝা গেল যে ঠিক আছে পরিষ্কার-পরিচ্ছন্নতা আমাদের রাজ্যে ভালোভাবে হয়ে করা থাকে, নীট অ্যান্ড ক্লিন, এটা দরকার আছে। আর এর বাইরে আমাদের এইটুকু বলা, আপনি সারা রাজ্যে ওই যে বাজেটে বলেছেন, একটা ঘাটতি দেখিয়েছেন, সম্ভবত ৯ কোটি কি ১৫ কোটি। কিন্তু কোথাও বলা নেই, আপনি এখানে ট্যাক্স ছাড় দিচ্ছেন. কিন্তু কোথাও বলা নেই এই ঘাটতিটা আপনি কিভাবে পেড করবেন, মিট আপ করবেন। এই কথা ঠিক যে আমরা আপনার এই

বিলের বিরোধিতা করব না। আপনি জানেন সবাই আমরা সমর্থন করব, সমর্থন না করলেও এই বিল পাস হবে। কিন্তু একটা সুচিন্তিত মতামত, সুচিন্তিত এই আমাদের রাজ্যের সম্পদ সৃষ্টি করার জন্য আপনার যে ওপিনিয়ন বা আপনার এই বিলের মধ্যে দিয়ে আসার কথা ছিল, সেইগুলো সম্পূর্ণভাবে একেবারে উদাসীন বা অমিট হয়ে গেল। তাহলে আমাদের লিডার অফ দি অপজিশান সেদিন এই হাউসে বললেন, আপনি কিন্তু জবাব দেননি। আপনি ওই মদের উপর ট্যাক্স ইত্যাদি বাড়িয়ে অনেক আদায় করছেন। ইনকাম সাইড অনেক হচ্ছে। এত যদি আপনার ইনকাম হয় এ পর্যন্ত তিন বছর পূর্তিও হয়নি, তার মধ্যে আপনার ৫৫ হাজার কোটি টাকা লোন নিতে হল কেন ? কেন আপনার প্রতি বছর, এইভাবে প্রতিদিন লোন, লোন, লোন নিতে হচ্ছে, সরকার পরিচালনার ক্ষেত্রে। তার মানে কি, ব্যাখ্যা করে বলতে পারছেন না, কোথাও কি এমন প্রেসারে আছেন, যে যেটা বললে আপনার বিপদ আছে। মেলার খরচ, উৎসবের খরচ, মাটির উৎসব এই যে কোটি কোটি টাকা মাটি হচ্ছে, সেইটা কি হয়তো আপনি বলতে পারছেন না, বললে আপনার বিপদ আছে। আপনার মাথার উপরে আর একটা, যেখান থেকে রাজ্যবাসী উপকৃত হতে পারত শিল্পে যেখানে অনেক বেশি এমপ্লয়মেন্ট হতে পারত। সেই বোঝাটাও আপনার অর্থের বোঝার মতো, সেটাও আপনার একটা বোঝা অর্থহীন হয়ে দাঁড়াচ্ছে। সুতরাং আপনি আমাদেরকে ক্রিয়ার করুন, ট্যাক্স ছাড়া দিন, কিন্তু রাজ্যের সম্পদ সৃষ্টি কিভাবে হবে, কি করে ঘাটতিটা মেক আপ করবেন। কি করে আপনার এই কোটি কোটি টাকা, হাজার হাজার কোটি টাকা ঋণে জর্জরিত আমাদের উপরে দোষ দিচ্ছেন, বলছেন ৩৪ বছর ঋণ নিয়ে শেষ করেছি রাজ্যটা। আর আপনি তার চেয়ে অনেকগুণ বেশি ঋণ নিচ্ছেন। অর্থাৎ আমরা যদি শেষ করে থাকি, আপনি রাজ্যটাকে একেবারে অকালে ডুবিয়ে দিচ্ছেন। তার থেকে আপনি বলুন যে কিভাবে এই রাজ্যবাসী ঋণ-এর দায় থেকে মুক্ত হতে পারে। এই কথা বলে, আমি ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে ফিনান্স বিল নিয়ে এসেছেন, তাতে original, Indian Stamp Act, 1899, West Bengal State Tax on Professions, Trades, Callings and Employments Act, 1979, West Bengal Value Added Tax Act, 2003. এগুলিকে তিনি পরিবর্তন, পরিবর্তন করে, তিনি আজকে যে বিল এনেছেন তার সমর্থনে দু-একটি কথা বলব।

[2.40–2.50 p.m.]

স্যার মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে এবং এই বিলে পরিষ্কার করে বলে দিয়েছেন মানুষ কোন কোন ক্ষেত্রে রিলিফ পাবে। প্রত্যেকটা দলে যাঁরা সরকার চালান, যাঁরা বিরোধী দলে থাকেন, সকলেরই একটা অভিমুখ থাকে যে আমরা কোনদিকে এগোব, কিভাবে এগোব। আমাদের দলের মা-মাটি-মানুষের সরকার যার নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়,

যার অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র। আমাদের একটা অভিমুখ আছে। সেই অভিমুখ হল. সততার ওপরে. স্বচ্ছতার ওপরে, ইন্টিগ্রিটির ওপরে। তার ওপর দাঁড়িয়ে আজকে বাংলার অর্থমন্ত্রী তিনি ২০১১ সাল থেকে রাজ্য পরিচালনা করছেন। মূল ভাষণে যাওয়ার আগে একটি বিষয় বলছি। আমার সিপিএমের বন্ধু ২-১টি কথা বলেছেন যে কেন তিনি কর্মচারীদের ওপরে এত অনাস্থা প্রকাশ করেছেন। তারা কি অসাধু ?

এখানে মূল বাজেটের ৬.১২ নং প্যারাতে তিনি বলেছেন যে, ব্যবসায়ীদের কাছে বাণিজ্যকর ফেরত পাওয়ার বিষয়টি একটি প্রধান সমস্যা। কর ফেরত ব্যবস্থাকে আরো দ্রুত করার জন্য আমি বিক্রয়কর আধিকারিকদের কর ফেরতের অনুমতি দেওয়ার আগে ডিলারদের অফিসে গিয়ে যাচাই করতে যাওয়ার প্রক্রিয়াটি সম্পূর্ণ তুলে দেওয়ার প্রস্তাব করছি। তারপরে ৬.১৩ নং প্যারাতে তিনি বলেছেন যে, বিক্রয়কর আধিকারিকদের যখন তখন এবং বিনা অনুমতিতে বিভিন্ন ব্যবসা কেন্দ্রে তদন্তে যাওয়ার ব্যাপারে প্রায়ই অভিযোগ আসে। এই ব্যবস্থাকে আরো স্বচ্ছ করার জন্য আমি প্রস্তাব করছি যে কোনো রেজিস্টার্ড ডিলারের অফিসে, সংশ্লিষ্ট চার্জ অফিসে কর্মরত কেউ চার্জ অফিসারের, কারণসহ লিখিত অনুমতি ছাড়া যেতে পারবেন না।

স্যার এক্ষেত্রে আমার একটা বক্তব্য হল, কমিউনিস্টরা কি চেয়েছিলেন। চেয়েছিলেন socialisation of economy। অর্থাৎ অর্থনীতির সামাজিকীকরণ করতে চেয়েছিলেন। স্যার, খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে—আবার সেই ৩৪ বছরের কথা চলে আসছে—তাঁরা অর্থনীতির সামাজিকীকরণ করতে পারলেন না। কি করলেন—socialization of corruption করে দিয়ে গেলেন। সমাজের প্রতিটি ক্ষেত্রে তাঁরা দুর্নীতিকে, অসাধু উপায়কে সামাজিকীকরণ করে দিয়ে গেলেন। আজকে অর্থমন্ত্রীকে কেন ভাবতে হচ্ছে এই জায়গায় ? এই কারণেই যে এমন একটা পরিস্থিতি তৈরি হয়েছে যেখানে মানুষকে হ্যারাসমেন্ট করা হত, সে ট্যাক্স দিতে চায় কিন্তু তাকে বারবার হ্যারাসমেন্ট করা হত। যত বেশি আইনের প্রশ্ন থাকবে, তত সেখানে দুর্নীতি বাসা বাঁধবে। যত সরলীকরণ হবে তত মানুষ উৎসাহিত হবে ট্যাক্স দেওয়ার ক্ষেত্রে এবং সেই রাস্তাটাই একেবারে আমাদের অর্থমন্ত্রী গ্রহণ করেছেন। আর একটি বিষয় আমি না বলে পারছি না, সিপিএমের একজন বন্ধু বলছিলেন যে মেরে, ধরে, কেটে ইত্যাদি ইত্যাদি আমরা নাকি এমন একটা অবস্থা তৈরি করেছি। রুশ বিপ্লবের পরে প্রথমে ক্ষমতায় এসেছিলেন মহামতি লেনিন। সাড়ে ছয় বছর ক্ষমতায় ছিলেন, বইটা পড়ে দেখবেন, কত মানুষকে তিনি খুন করিয়েছিলেন। কত লক্ষ মানুষকে ? ডিবেট করবেন ? তারপরে যিনি ক্ষমতায় এসেছিলেন তাঁর নাম স্তালিন, তিনি ৩০ বছর ক্ষমতায় ছিলেন। কত কোটি মানুষকে তিনি খুন করিয়েছিলেন—যাকে মনে হয়েছে কমিউনিস্ট-বিরোধী তাকে খুন করিয়েছেন। আজকে এখানে দাঁড়িয়ে গণতন্ত্রের কথা বলছেন। আজকে চীন দেশে বলুন, সোভিয়েত রাশিয়ায় বলুন, কত কোটি কোটি মানুষকে ameliorate করে দেওয়া হয়েছে তাদের আস্তে আস্তে মৃত্যুর দিকে চলে যেতে হয়েছে। ট্রটস্কিকে কে মেরেছিল ? ট্রটস্কি চলে গিয়েছিলেন মেক্সিকো। স্তালিন সেখানে ঘাতক পাঠিয়ে দিয়েছিলেন।

একসময়ে পলিটব্যুরোর সদস্য, একসময় রুশ বিপ্লবের যিনি নেতা ছিলেন তাঁকে খুন করার জন্য স্তালিন মেক্সিকো ওয়েভাতে খুনি পাঠিয়ে দিয়েছিলেন তাঁকে খুন করার জন্য। আপনারা এইসব কথা বলবেন না। এগুলো আপনাদের মানায় না। স্যার, আমাদের অর্থমন্ত্রী যেটা চেয়েছেন সেটা আমি এক, দুই, তিন করে বলব। এক নম্বরে বলা হয়েছে, দুর্নীতিমুক্ত একটি আর্থিক প্রশাসনিক ব্যবস্থা তিনি করতে চেয়েছেন। দুই নম্বর হচ্ছে, মানুষ যাতে কর ফাঁকি না দেয়, যাতে তার সাধ্যের মধ্যে তাঁকে সেই জায়গাটাকে কমিয়ে আনা। যাতে করে সে উৎসাহিত বোধ করে আমার তো কর দেওয়ার পরিমাণটা কমিয়ে দেওয়া হচ্ছে, ছাড়ের জায়গাটা বাড়িয়ে দেওয়ার জন্য তিনি চেষ্টা করেছেন। রিলিফ পেয়ে কর দেওয়ার ক্ষেত্রে মানুষ যাতে উৎসাহিত হয় এটাই হচ্ছে মেইন টার্গেট। স্বচ্ছতা, সবলতা এবং মানুষকে উৎসাহিত করাই হচ্ছে আসল ব্যাপার। তিন নম্বর হচ্ছে, কর আদায় বৃদ্ধি করে রাজ্যের সম্পদ তৈরি করা। সম্পদ তৈরি করে গরীব মানুষদের মধ্যে, পিছিয়ে পড়া মানুষের মধ্যে, অনুন্নত মানুষদের মধ্যে, হরিজনদের মধ্যে, জঙ্গলমহলের মানুষদের মধ্যে তার সুফলটাকে পৌঁছে দেওয়া যায় এটাই হচ্ছে কর ব্যবস্থার মূল কথা। স্যার, আমার কতগুলো সাজেশান আপনার কাছে আছে এবং সেই সাজেশানগুলো আপনাকে আমি দিতে চাই। এই এই জায়গা থেকে আপনি ট্যাক্স পেতে পারেন। কোনো অন্যায়ভাবে নয়, ন্যায়ের উপরে দাঁড়িয়ে এবং কারোর উপরে জোর-জবরদস্তি করে নয়। সারা পশ্চিমবাংলায় হাজার হাজার অটো রিক্সা চলছে, যাদের কোনো লাইসেন্স বা পারমিট নেই। এই জায়গাটা হান্ট করলে আপনি অনেক টাকা ট্যাক্স পেতে পারেন। যিনি গাড়ি চালাচ্ছেন, তিনি রোজগার করছেন, কিন্তু তার কোনো পারমিট নেই। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এই রকম বহু অটো চলছে। দ্বিতীয় হচ্ছে, জমির মিউটেশান। জমির রেজিস্ট্রির ক্ষেত্রে আপনি বলেছেন, গ্রামে হাজার হাজার মানুষ জমি কিনেছে, কিন্তু তার কোনো মিউটেশান হয়নি। নানা জটিলতার জন্য মিউটেশান হচ্ছে না। আমি ভুল বললে মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় আমাকে কারেকশান করে দেবেন, কিন্তু এখান থেকেও আপনি আয় প্রভূত পরিমাণ বাড়াতে পারেন। তৃতীয় হচ্ছে খাজনা আদায়। আগে খাজনা আদায় একটা ছিল, গ্রামের মানুষ মনে করত এটা তার একটা সম্মান। যেমন অনেকে বলেন আমি ইনকাম ট্যাক্স দিই, এটা আমার একটা সম্মান। আমার বাঁদিকের বন্ধুরা সোসালাইজেশান অফ ইকনমির নাম করে সেই ব্যাপারটাকে তুলে দিয়েছেন। বলেছেন তোমার ট্যাক্স আর দিতে হবে না, তুমি শুধু আমাদের ভোটটা দিও। তোমার সব অন্যায় করার অধিকার থাকবে, তুমি আমাদের ভোটটা দাও। স্যার, এই জায়গাটা আপনাকে দেখতে অনুরোধ করছি। চতুর্থ হচ্ছে সেচের জল—ধরুন বর্ধমানের লোকেরা ট্যাক্স দেয়, কিন্তু সেই খালটা যখন এসে পড়ছে হুগলিতে, সেখান থেকেও ট্যাক্সটা আদায় হতে পারে। অন্যায়ভাবে নয়, জোর জবরদস্তি করে নয়। আপনার তো মূল টার্গেটটাই হচ্ছে এইটা। মানুষ যাতে এই ব্যাপারে উৎসাহিত হয়, করের বোঝা কমিয়ে তাকে উৎসাহিত করার জন্য আপনি তাকে রিলিফ দিচ্ছেন। এখানে যা আছে সেটাও যদি রিলিফ দিয়ে আপনি আদায় করতে পারেন ভালো হয়। গোটা বাংলা জুড়ে অনেক মানুষ এই সেচের জল ব্যবহার করে, এর থেকে আপনি ভালো পরিমাণ টাকা ট্যাক্স আদায় করতে পারেন। স্যার, আপনার বাজেট বইতে

কর প্রস্তাবের মধ্যেই আপনি সব কথা বলে দিয়েছেন, সেই কথাগুলো আমরা সকলেই পড়েছি। আমি বলছিলাম আপনি যে রাস্তায় হাঁটছেন, সেই রাস্তায় আপনি সফল।

[2.50–3.00 p.m.]

সেই রাস্তায় আপনি সফল কারণ আপনার আয় geometric proportionate বাড়ছে। আপনার আয় বাড়ছে। এবং আপনি সেই তার ওপর ভিত্তি করে বাজেট তৈরি করেছেন। আমি যেটা বলতে চাইছিলাম, আপনি এ বছর কর আদায়ের লক্ষ্যমাত্রা করেছেন ৪৫৪১৩.৯৬ কোটি টাকা। সুখবিলাসবাবু আমার পরে বলবেন। গতবার বলেছেন, এবারও বলবেন। আমি গতবার আপনার বলাটা পড়ছিলাম। তাতে দেখলাম যে আপনি কমপ্যারিজিন করেছেন আমাদের রাজ্যের সঙ্গে অন্ধ্র, কর্নাটক, গুজরাট-এর আশা করি আজকেও ওই কথাটা বলবেন। আমি আপনার কাছে এইটাই বলতে চাইছি যে, অন্য রাজ্যের সঙ্গে যখন তুলনা করবেন আমাদের রাজ্যের টোটাল অর্থনৈতিক ব্যবস্থাকে যারা ধ্বংসস্তুপের ওপরে দাঁড় করিয়ে দিয়েছিল, সেই জায়গা থেকে ঘুরে দাঁড়ানো—আপনি তো কমপ্যারেটিভ স্টাডি করছেন যখন, তখন দেখবেন বামফ্রন্ট তার শেষ বছরে কত টাকা কর আদায়ের লক্ষ্যমাত্রা রেখেছিল। কত টাকা কর আদায় করতে পেরেছিল, তার ওপরে দাঁড়িয়ে আমাদের টার্নড অ্যারাউন্ড করতে হচ্ছে। এমন নয় যে আমরা অন্ধ্র বা কর্নাটকের মতো একটা জায়গা পেয়েছি যেমন একটা সরকার থেকে একটা সরকার পরিবর্তন হয়েছে। তারা পেয়ে গেছে ৪০ হাজার কোটি টাকা সেখানে ৫০ হাজার কোটি টাকায় নিয়ে গেছে। আপনাকে যখন বলতে হবে যে ২০১০-২০১১ সালে বামফ্রন্টের টার্গেট কি ছিল ? কত টাকা কর আদায়ের জন্য লক্ষ্যমাত্রা রেখেছিলেন ? কত টাকা তাঁরা সাকসেস হয়েছিলেন ? কত টাকা তাঁরা আদায় করতে পেরেছিলেন ? সেই পথে না গিয়ে আপনি সরাসরি একটা কমপারেটিভ স্টাডি করছেন অন্ধ্রের সঙ্গে। হবে না। আমাদের সময় দিতে হবে। ৫ বছর পর আমরা আপনাদের সামনে দাঁড়িয়ে বলব, যে কথা অমিত মিত্র যেটা বলছেন তা ওনার কথা নয়। উনি বলছেন মহামতি গোখলের কথা। আজ বাংলা যা ভাবে আগামীদিনে ভারতবর্ষ তা ভাবে, এটা অমিত মিত্রের কথা না। কিন্তু মহামতি গোখলের সেই কথাটাকে সেই সেই ট্র্যাডিশানটাকে, সেই লিগ্যাসিটাকে আমরা কি করলাম ? ভেঙে দিলাম, নষ্ট করে দিলাম। আমরা বলছি যে আমরা আবার ফিরে আসতে চাই, সেই গৌরবজনক অধ্যায়ে ফিরে আসতে চাই। যা নাকি একদিন মহামতি গোখলে বলেছিলেন What Bengal thinks today, rest of India will think tomorrow আমরা কি সামাজিকভাবে, কি রাজনৈতিকভাবে, কি অর্থনৈতিকভাবে আমরা সেই জায়গায় ফিরে আসতে চাই। যাতে গোটা ভারতবর্ষের লোক বলে মহামতী গোখলে যা একদিন বলেছিলেন। পশ্চিমবঙ্গ আবার তার গৌরবের জায়গায় ফিরে এসেছে আবার বাংলা ভারতবর্ষকে পথ দেখাচ্ছে। এই কথা বলে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই অর্থ বিলের ওপর আমি কয়েকটি কথা বলতে চাই। তবে তার আগে এখানে তো গৌরাঙ্গবাবু সুন্দর শুরু

করেছিলেন ঘোড়ার চুল ইত্যাদি ইত্যাদি নিয়ে, ঘোড়া নিয়ে। আজকে স্যার, লাস্ট ডে অফ দ্য সেশান। এবং এই লাস্ট ডেটা খুবই ইমপর্টান্ট। কেননা, 'horse-s mouth বলে একটা কথা আছে। আর ঘোড়ার মধ্যে শুনেছি ইরানী ঘোড়া নাকি সবচেয়ে—ইরানী ঘোড়া নাকি আরবী ঘোড়া বোধহয় সর্বোৎকৃষ্ট। তো আজকে আমরা ভালো শুনলাম সর্বোৎকৃষ্ট ঘোড়ার কাছে ঘোড়ার গল্প। কাজেই খুবই ভালো দিন। সেইদিনে আমাকে ফিনান্স বিল নিয়ে কথা বলতে হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী নেই আমি একটা ভুল বিষয় এখানে তুলে ধরতে পারতাম। আমি তুলব, উনি এলে আমি বলব ব্যাপারটা। নাহলে ভুল জিনিসটা চলে যাবে, যদি না আমরা সংশোধন করি। এই ফিনান্স বিলে এবারে তেমনি কিছুই নেই। আয় বলে কিছুই নেই, নতুন দেখানো কিছু নেই, ছাড় দেওয়া। আমি জানি না শোভনদেববাবু হঠাৎ করে আমাকে আক্রমণ করা কেন শুরু করলেন আমি তো বলিইনি আয়ের কথা। আমি গত বছর বলেছি, আমি গত বছর বলেছি। আমি গত বছর বলেছি এই কথাগুলোই, উনি কনট্রাডিক্ট করলেন যে, এখানে বহু অটো রিকশা আছে, সেগুলো থেকে আয় করা যায়, সরকার করছে না। আগের সরকার করেনি, আমরাও কি করব না ? আপনারা কি করবেন না ? করুন, আমরাও তো সেটা চাই। মদনবাবু, এখানেই বলেছিলেন যে কত বাস আছে আমরা জানি না। আমার কথা নয়, উনি বলেছিলেন। এখন বোধহয় জানেন কি, জানেন না—আমি জানি না। তাহলে সবার কাছ থেকে সেই বাসগুলোর কাছ থেকে যদি লাইসেন্সগুলো নিতে পারি—চেষ্টা করেছে কি ? আমি জানি না। যদি করে থাকেন, আমি ধন্যবাদ জানাব। এম.ভি. ট্যাক্স যে অবস্থায় এখানে আছে, আপনি তো বললেন ওরা শেষ করে দিয়েছে—বার বার বলেছি আমরা শেষ করে দিয়ে গেছি। ওটা ট্যাক্স বেসটা যেখানে রেখেছে সেখান থেকে উঠিয়ে নিয়ে আসা কঠিন কাজ তবু করছেন তো, মাননীয় অর্থমন্ত্রী করছেন কঠিন কাজ। ওরা excise কিছু করতে পারেনি বলে, কিছুই করতে পারেনি। মাননীয় অর্থমন্ত্রী এখানে exciseটাকে reorganisation করে restructuring করে আদায় করছেন—একথা আমি বার বার বলেছি এবং আমরা আমাদের যে Finance কমিটি, standing committee-র মাননীয় Chairman চেয়ারে আছেন তাঁর নেতৃত্বে আমরা অনেকগুলো suggestion দিয়েছি এবং আমি বাধিত, আমি বলব যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী অনেকগুলোই নিয়েছেন, নিয়ে ভালো সুফল পেয়েছেন। কাজেই তাই চাইব সেটা, আপনারা করুন। আমরা ওই committee থেকে আমরা Finance Department Officers-কে বলেছিলাম যে, আপনরা একটা study করুন তো comparative study, কর্নাটক যদি পারে, অন্ধ্রপ্রদেশ যদি পারে, গুজরাট যদি পারে, মহারাষ্ট্র যদি পারে—সবাই যদি পারে আমরা কেন পারছি না—আমাদের গলদটা কোথায় ? কিভাবে আমরা বাড়াতে পারি ? আমি শুনলাম যে, তারা বলেছে আমাদের committee-তে তারা এই study করেছে। ভালো কথা সেই study থেকে কিছু পেয়েছেন ? বললেন হ্যাঁ স্যার—পেয়েছি। কিছু পেয়েছেন যেখান থেকে এটা পাওয়া যেতে পারে; করুন, অবশ্য এটা ঠিক reportটা আমরা কমিটির কাছে চেয়েছিলাম এখনও পর্যন্ত পায়নি। আমাকে বলেছেন fax, e-mail-এ পাঠিয়ে দেবে, কিন্তু আসেনি। যে কোনো কারণেই হোক। তা সেটা বড় কথা

নয়, তাঁরা study করেছেন এবং study করে যে ব্যবস্থা নেবেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি স্যার, আপনাকে একটা জিনিস আপনাকে বলি, আমার মনে হয় ভুলটা আছে, আমি কেউ না কেউ point out করবে, করেননি। আপনি স্যার, যদি দেখেন বাংলাটা ২০১১-এর মে থেকে ২০১৩-এর ডিসেম্বর পর্যন্ত ১৪ হাজার ৪০০ কোটি টাকা ব্যয় করে ১৪ হাজার ৪০২ কোটি টাকা ব্যয় করে কৃষকদের মধ্যে ২৩ লক্ষ ৮৯ হাজার ২৯১টি Kisan Credit কার্ড বিতরণ করা হয়েছে—স্যার ব্যয় করা মানে কি ? এই কার্ডগুলো বানাতে গিয়ে খরচ ? এটা আমার মনে হয় একটায় ৬০০ টাকা আসে—সোনার জলে ভেজানো কি ? তা না স্যার, আমি দেখে স্যার, আমি দেখেছি ইংরাজীর সাথে বাংলাটা একটু ভুল আছে। আমি জানি না—আপনি ইংরাজীতে একটু কাঁচা, না বাংলাটায় একটু কাঁচা। হয়তো বাংলাটা আপনাকে অন্য কেউ লিখে দিয়েছে—আপনি দয়া করে তাদেরকে দিয়ে একটা corrigendum দিয়ে দেবেন। এটা হচ্ছে involving রুপিস এত। আপনার ইংরাজীতে ঠিক আছে আমি দেখেছি। আমি স্যার বিনীতভাবে অনুরোধ করছি যে—এই ভুলটা থেকে যাবে এটা একটু পড়ে নেবেন। এটা ব্যয় করে বলা আছে মানে অনেক টাকা বলা আছে। স্যার, আপনি যে এখানে Billটা এনেছেন, সেই বিলে কতগুলো exemption আছে, সেই exemption-এ—খুব স্বাভাবিক। গৌরাঙ্গবাবু খুব ভালো বলেছিলেন যে, এটা তো ওখানেই আলোচনা হয়ে গিয়েছে আমরা সমর্থন করে দিয়েছি। সুতরাং এটা একটা formal, bill করে তুলে নেওয়া। আপনি সেই কাজটা করছেন এবং যেহেতু এই Finance Bill-এ কি কি ইনকাম ইত্যাদি হতে পারে আমি যদি ডিটেলসে যাই তাহলে স্যার, আরও অনেক সময় লাগে, কেননা tax-এর সঙ্গে সঙ্গে non-tax, নন-ট্যাক্স নিয়ে আমরা কখনও কোনো কথা বলিনি, কোনো কথা বলিনি আমরা এবং এই নন-ট্যাক্স-এর ক্ষেত্রে আমাদের একটা বিশাল gap অন্যান্য রাজ্যের সঙ্গে। অন্ধ্রে যদি যান, কর্নাটকে যদি যান—তাদের সঙ্গে বিশাল গ্যাপ। ট্যাক্স-এর ক্ষেত্রে যে ব্যবস্থা আপনি নিয়েছেন—স্যার, আমি অনুরোধ করব non-tax-এর ক্ষেত্রেও আপনি দেখুন।

[3.00–3.10 p.m.]

আমি যদি সেখান থেকে ইমপ্রুভমেন্ট করতে পারি এবং সেখানে স্কোপ কি বিশাল আছে, আমি শুধু এই ব্যাপারে অন্যকে অনুরোধ করব। আমি এখানে প্রফেশনাল ট্যাক্সের কথা বলছি। এর মধ্যে আমরা আপনার সবাই ইনভলবড এবং ইনটারেস্ট আছে। প্রফেশনাল ট্যাক্স ৫ হাজার টাকা থেকে ৭ হাজার টাকা গত বছর হয়েছিল। আমি অনেক অনেকবার ডেপুটি সেক্রেটারী মহাশয়কে বলেছি, যারা প্রফেশনাল ট্যাক্স কাটে কমিটিতে আছে তাদের বলেছি যে, এম.এল এ.-দের তো professional tax দেওয়ার কথা নয়। আমাদের মাইনে কত ? ৫ হাজার টাকা। বাকি তো সব অ্যালাউন্স। তাহলে আমাদের কাছ থেকে professional tax কেন কাটা হচ্ছে ? আমি স্যার আপনাকে অনুরোধ করব ব্যাপারটা দেখতে। আপনার পে অ্যান্ড অ্যাকাউন্ট অফিসকে বলতে। আমি অনেকবার বলেছি ডেপুটি সেক্রেটারী থেকে আরম্ভ করে সবাইকেই। কেননা আমাদের এখানে যদি গভর্নমেন্টের একটা

পলিশি ইমপ্লিমেন্টেড না হয় তাহলে বাইরে কি ইমপ্লিমেনটেড হচ্ছে আমরা দেখতে পারব ? আমাদেরটাই হচ্ছে না। এম.এল.এ.-দের মাইনে থেকে professional tax কেটে নেওয়া হচ্ছে। কাজেই এখান থেকে যদি আমি ডিডাক্ট করি যে এখানে যে পলিশি হোক না কেন, গভর্নমেন্টের পুরোপুরি সেই পলিশি সব জায়গায় ইমপ্লিমেনটেড হচ্ছে না। স্যার, ভ্যাট নিয়ে আমরা যে কথাগুলো বলি সেই সম্পর্কে আমাকে অনেকেই, অনেক উকিলবাবু আমাকে বলেছেন, দাদা, এখনও প্রচুর লিকেজ রয়েছে, প্রচুর লিকেজ। এন্ট্রি ট্যাক্সের ক্ষেত্রে লিকেজই লিকেজ। কি হচ্ছে সেটা আমি এর আগেও বলেছিলাম এবং আমার মনে হয় প্রতিটি মেম্বার যাদের গাড়ি আছে বা মটর সাইকেল আছে, যাদের সঙ্গে পরিচিত আছে, দেখবেন কি অবস্থা চলছে। সেই লিকেজগুলোর সংশোধন করার প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টাকে আপনি বাড়িয়ে তুলুন এবং তাতে সাকসেস আসবে। আমাদের যে একটা প্রভিশান করতে চাইছেন দারুণ ভালো হবে, আমি প্রশংসা করি। আমাদের দার্জিলিং-এর বন্ধুরা নেই এখন। লিখেছেন to allow the dealers of sub-divisions of Darjeeling, Kalimpong and Kurseong in Darjeeling district to file returns for the period from 01.04.2008 to 30.06.2011 within 31.07.2014। একটা দারুণ উদ্যোগ আপনার। দার্জিলিং-এ একটা সময় মনে করতেন আমাদের কিছু দিতে হবে না। আমরা ইলেকট্রিসিটি বিল দেব না, আমরা ট্যাক্স দেব না, এ করব না ও করব না, কিছু করব না। স্যার, আপনি যদি সাকসেসফুল হন তাদের কাছ থেকে এটা আদায় করতে, আমি বলব এটা একটা বিশাল উদ্যোগ এবং আমাদের একটা বড় সাকসেস। তাঁরা কেন দিতে চাইছিলেন না ? They felt alienated। তাঁরা দিতে চাচ্ছিলেন না, তারা বলছে আমরা দেব না। আমাদের আলাদা করে রাজ্য দিতে হবে ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। আজকে আপনি যদি সেটা করতে পারেন আমি আপনাকে আগাম কনগ্রাচুলেশান জানাচ্ছি। তবে আমার মনে হয় ৩১.৭.২০১৪, আমি জানি না আপনি সাকসেসফুল হবেন কিনা। এটাকে বোধহয় আপনাকে একটু বাড়াতে হত। ওরা নিশ্চয়ই আসবে আপনার কাছে, কিন্তু আমি ফিল করি এতগুলো মানুষ, কত ব্যবসায়ী আছে তাদের যদি compliance পেতে হয় সেই compliance পাওয়ার জন্য বোধহয় আরো বেশিটাই দরকার হবে। পরবর্তীকালে দেখে নেবেন। এগেন বলছি ফ্যানটাসটিক উদ্যোগ। এই উদ্যোগ নিয়েছেন, এই উদ্যোগে ওদের সঙ্গে আমাদের যে মিলন তাদের সঙ্গে যে একাত্মতা সেটা বাড়িয়েছেন তার জন্য আমি আপনাকে কনগ্রাচুলেশান জানাচ্ছি। কতকগুলো জিনিস আমার মাথায় ঢুকছে না, কেন করেছেন। এই যে to provide that a dealer can produce additional evidences at the Appellate and Revisional Board only if the applicant could not produce that evidence despite due diligence earlier, or the Board requires it. এটা তো process স্যার। এটার জন্য আমাকে আইন করতে হবে, রুল করতে হবে ? It's a process। আমি অ্যাপিল করতে যাচ্ছি একজনের কাছে আমি কোনো কারণে কাগজপত্র দিতে পারলাম না। আমি তো সেখানে বলব পরেশবাবু আপনার কাছে এটা অ্যাপিলের জন্য এসেছি, টাইম দিন একটু। আমি

এভিডেন্স নিয়ে যাব। This is a process। It is a process. আমি জানি না এটার প্রয়োজনীয়তা ছিল কিনা, আপনি একটু দেখে নেবেন। সবচেয়ে বেশি ইমপর্ট্যান্ট সেটা, সেটা আপনার সামনে তুলে ধরব। এগেন আমি বলছি এই বিষয়টা নিয়ে ডিটেলসে স্টাডি করার সময় পায়নি। আমি আপনার কাছে সাবমিশন রাখব। এখানে রয়েছেন, বাইরেও রয়েছেন, অনেক অ্যাডভোকেট রয়েছেন। সেই অ্যাডভোকেটদের কাছ থেকে একটু জেনে নেবেন এটা ঠিক কিনা। আমি বলছি ই.টি.এফ নিয়ে। আমি বহু দপ্তরে ফান্ডিংয়ে দেখছি ই.টি.এফ। বোধহয় এন্ট্রি ট্যাক্স ফান্ড। ই.টি.এফ, এন্ট্রি ট্যাক্স ফান্ড তো ? তার মানে এই ই টি এফ-এর গল্পটা এসেছে—আমি এদের কাছে শুনলাম যা—মহামান্য হাইকোর্টের অর্ডার থেকে। মহামান্য হাইকোর্ট যখন বাতিল দিয়েছিলেন যে একটা ultra vires বা এই ধরনের কিছু একটা তখন আপনারা কমিট করেছিলেন কি ? এন্ট্রি ট্যাক্সের থিয়োরি হচ্ছে, যে এরিয়া থেকে এন্ট্রি ট্যাক্স নিচ্ছেন, সেই এরিয়ার লোকাল গভর্নমেন্টের কাছে ফান্ড দিতে হবে। এটা হচ্ছে থিয়োরি। দীর্ঘদিন ধরে এই চলছে। ই.টি.ফি মানে হচ্ছে আপনারা নিশ্চয়ই কমিট করেছিলেন যে এই ফান্ডগুলো আমরা বিভিন্ন লোকাল এরিয়ার কাছে দেব, বিভিন্ন ডিপার্টমেন্টে কাজের জন্য দেব। যদি ই.টি.ফি থেকে It is specific যে ETF থেকে আমাদের এই ফান্ডগুলো অমুক অমুক ডিপার্টমেন্টে যাবে, ETF funding বলে আমি তিন-চারটি ডিপার্টমেন্ট দেখলাম ই.টি.এফে এত ফান্ডিং। সেই ই.টি.এফ ফান্ডিং, সেই source of fund, এই ফান্ডিং দিয়েই কিন্তু আমরা রেভিন্যুটা বাড়িয়ে দেখিয়েছি। ইনকামটা বেশি বাড়িয়ে দেখিয়েছি। অথচ ই.টি.এফ-এর হেডে ডিডাক্ট নেই। এটা যদি ডিডাক্ট না হয়, এই ডিডাক্শন যদি না দেখাই তাহলে সেই ফান্ড আমি কি করে ই.টি.এফ ফান্ড হিসাবে বিভিন্ন ডিপার্টমেন্টের কাছে দেব। আমার মনে খটকা লেগেছে। আমি আপনাকে আগেই বললাম, দেখতে পারিনি, ফুল এগজামিন করতে পারিনি। কিন্তু এই বিষয়টা আপনি দেখে নেবেন। কেননা পরবর্তীকালে এমনও হতে পারে যে এই ডিডাক্ট না করার জন্যই হয়তো হাইকোর্টে স্ট্যান্ডটাকে আপনি ভেরিফিকেশান করতে পারবেন না। এই স্ট্যান্ডটাকে ঠিক করার জন্য ডিডাক্শনের ব্যাপারটা বোধহয় আসে, এটা আপনি দেখে নেবেন। এটা আমার কাছে খুব ইমপর্ট্যান্ট। আমরা চাই, এই রেভিন্যুউ যেটা আছে, সেই রেভিন্যুউ কনটিনিউ করুক, রাজ্যের উন্নতি হোক এবং সেটা মহামান্য হাইকোর্ট বা কারোর অর্ডারে এটা যাতে null and void না হয়, ultravirs না হয় এটা আমরা চাই, অ্যাটলিস্ট আমি চাই। কাজেই সেটাকে প্রটেক্ট করার জন্য যদি আপনাকে ডিডাক্ট রিফান্ড করতে হয়, ডিডাক্ট করতে হয়, আপনি একটু দয়া করে পড়ে নেবেন। আদারওয়াইজ বোধহয় সমস্যা হতে পারে। আমি এখনও বোধহয় বলছি। কারণ এটা নিয়ে ডিটেলস স্টাডি করিনি। ফিনান্স বিল নিয়ে অনেক কিছু বলা যায় স্যার। ইনকামে বলা যায়, এক্সপেনডিচারে বলা যায়। অনেক বলেছি। ইনকাম কত বাড়ানো যেতে পারে সেগুলো বলেছি। আজকে আর বেশি বলে আমার কয়েকটা সাজেশান আমি রাখলাম। সেই সাজেশান আপনি দেখে নেবেন। আমার কিছু কমেন্টস আমি রাখলাম যেটা আমার মনে হয়েছে যে ভালো জিনিস করছে এই সরকার, আগের বারেও বলেছি আপনি ইনকাম বাড়ানোর চেষ্টা করছেন। তবে এখনও

বলছি প্রচুর লিকেজ এখনও রয়েছে। সেই লিকেজগুলো দেখুন। সেই লিকেজ সবচেয়ে বেশি ট্রান্সপোর্ট সেক্টরে। ল্যান্ড রিফর্মস সেক্টর চেষ্টা করছে। ল্যান্ড রিফর্মসে বালিখাদ থেকে যে আদায় হয় ইটভাটা থেকে যে আদায় হয় ওরা চেষ্টা করছে। কিন্তু সবচেয়ে বেশি লিকেজ হয়েছে যেখানে সেই ব্যাপারটা দেখুন। এই অনুরোধ রেখে আমি বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে হাউসের এই বক্তৃতা শুনতে গিয়ে দেখলাম একের পর এক আমাদের বাঁদিকে যাঁরা আছেন, তাঁরা অনেক জিনিসের উপরে স্বীকৃতি দিলেন, সাপোর্ট দিলেন, একজন বললেন দু'হাত তুলে সাপোর্ট দিচ্ছি।

[3.10–3.20 p.m.]

তাহলে আমার আলোচনাটা ছোট করে দিতে হবে স্যার। তার কারণ বেশি points raised হ'ল না। দু'একটি পয়েন্ট আছে। যেহেতু আমি খুব সমীক্ষা করে অল্প করে বলি কেননা এত যখন সাপোর্ট—শুধু treasury Bench থেকে নয়, ওপাশ থেকেও দু'হাত তুলে সাপোর্ট। তাহলে এই বিলটি automatically pass হয়ে যাওয়ার কথা স্যার। আমি শুধু দু'একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। প্রথমে আমি আসছি বৃত্তিকরের উপর। বৃত্তিকরের মূল উৎসটা কোথায় আজকের এই বাজেটের পরিবর্তনের যে ঢেউ এসেছে, সেখানে কোন জিনিসটা আমরা পরিবর্তন করছি। আমি একটুখানি Tax detail-এর উপরে উঠে পরিপ্রেক্ষটা আপনাদের সামনে রাখতে চাই স্যার। একদিকে যেখানে Tax administration-এর খরচ যা হয়, তা যদি যা Tax collection হয় তার থেকে বেশি হয়, সেটা নিশ্চয় আপনি চাইবেন না। যা Administration-এর খরচ সেটাই ওঠে না ট্যাক্সে। এর ক্ষেত্রে আপনি দেখবেন স্যার, ছাড়ের সীমা যে বাড়িয়েছি এটার পেছনে এই পরিপ্রেক্ষটা আছে। কি আছে ? মজুরি প্রাপকদের, স্পেশাল মানুষদের এবং ব্যবসাদারদের তাদের সম্বন্ধে যে ছুট দিয়েছি তাতে যে পয়সাটা Taxটা যোগার করতে খরচ হয় Administrative cost সেটাই তারা রেস করতে পারে না। যেহেতু প্রশ্ন উঠেছে, এই যে ছাড় দিচ্ছেন, সুদ দিচ্ছেন, এতে কত tax loss হবে, আমার তো মনে হয় tax gain হবে, স্যার। তার কারণ, Administrative cost is excessive—এটার একটা কথা বলি স্যার, এটাকে অর্থশাস্ত্রের ছাত্ররা বলে, Transaction cost। ওই ছোট্ট ট্যাক্সটা যোগার করতে গিয়ে transaction cost-টা এত বেশি যে, যখন ট্যাক্সটা আপনি পাবেন দেখবেন, transaction cost is in excess of the tax। এইটা বৃত্তি করে পড়তে গিয়ে মাননীয় সদস্যারা নিশ্চয় দেখেছেন, এই principle-টা তার কোথায় লুকিয়ে আছে যেটা আমি প্রকট করতে চাই।

দ্বিতীয়ত বৃত্তিকর পদ্ধতির আমূল সংস্কার। ভ্যাটের সংস্কার হয়েছিল। যার জন্য আজকে অনেকেই ভারতবর্ষে বলছে—বাংলা যা করে আজ ভারত তা করবে কাল, সেটা ট্যাক্সের ক্ষেত্রে বলছে। এবারে আমরা বৃত্তিকর পদ্ধতির আমূল সংস্কার করতে চলেছি যেটা

VAT-এ করেছিলাম। একশোটি এন্ট্রির থেকে আমরা চারটিতে নিয়ে আসছি। বৈপ্লবিক পদক্ষেপ বলে আমি আপনাদের কাছে পেশ করব আজ। যেটা বৈপ্লবিক প্রচেষ্টা যে, একশোটা এন্ট্রির থেকে চারটে এন্ট্রিতে নিয়ে আসা খুব কঠিন। কিন্তু সেই কঠিন কাজে মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমব, কঠিন কাজে নামি মানুষের স্বার্থে। এইটা হচ্ছে, দু'নম্বর পরিপ্রেক্ষিত।

তৃতীয়তঃ বৃত্তিকরের আওতায় আরও মানুষকে নিয়ে আসা যাতে তারা গর্বের সঙ্গে মাথা উঁচু করে বলবেন, যে পশ্চিমবঙ্গে যে রাজস্ব হচ্ছে তাতে আমারও অবদান আছে। এটা একটা প্রিন্সিপল। এই প্রিন্সিপলে যাওয়ার জন্য কিছু কিছু জিনিস আমরা ইন্ট্রোডিউস করেছি। Amnesty করেছিলাম, আবার সেটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এক হাজার থেকে দু'হাজার টাকা জমা দিয়ে enrollments and registration করা যাবে। জরিমানা, সুদ—সব মাপ। এতে একটা জিনিস ছিল যেটা আমার বাজেট বক্তব্যে ছিল না কেননা অনেক সব তো দেওয়া যায় না ডিটেলড। 66(b)(1), যাঁরা বইটা পড়েছেন, সেখানে দেখবেন to provide an opportunity to the registered employers who did not furnish their return for the year 2012-13 দিতে পারিনি to furnish them they can furnish them now within 31.01.2015 without any interest and late fee, চিন্তা করুন। এটা আছে 6B(1)-এ। যেটা আমি বাজেটের লম্বা বক্তব্য থেকে ছোট করার জন্য এতে দিইনি। Section ১৩-তে আছে, আমরা omit করে গেলাম একটা section. This provision allows department's officer to act as collection agent of professional tax hence proposed to be omitted. যেটা আমরা ভ্যাটের ক্ষেত্রে করেছি, অফিসাররা গিয়ে খোঁচা দিতে পারবেন না। Appropriate permission নিয়ে, authority নিয়ে যাবে। সেইটা এই বৃত্তি করে আমরা introduce করলাম। আমি আশা করব এই মহতী সভা এটাকে support করবে। Extension of reform and rationalization বৃত্তি করে আমরা এনেছি।

এবারে আমি 'ভ্যাট' সম্বন্ধে দু'চারটি কথা বলে বক্তব্য শেষ করব। ভ্যাটের আজকের ফিন্যান্স বিলে পরিপ্রেক্ষিত-টা কি ? Enlargement of VAT base—এক নম্বর। ভ্যাটের বেসটা যাতে বাড়ে। আরো ব্যবসাদার ভ্যাটের আওতায় আসার সুযোগ পায়। উদাহরণ। ৫০ হাজারের ওপর VAT sale দেখানো দরকার ছিল। বুঝতে পারছেন তার হ্যারাসমেন্ট ? কত রকম কাগজ ! আমার ৩০ হাজার টাকা VAT sale। আমি পারব না সেখানে যেতে। আমাকে ৫০ হাজার অবধি যেতে হবে। আমি আজকে খোলা মনে ভ্যাটের আওতায় আসতে পারব। এটা fundamental inclusive policy, enlargement of the base.

Input tax credit—ব্যবসাদারদের বার বার এই বক্তব্য ছিল। Input tax credit আমরা পাই না। যাকে এখন ফ্যাশনেবল ভাষায় বলে "rent seeking". আমরা এক সময় আরো ক্রুড ভাষা ব্যবহার করতাম। তাদের অসুবিধা ছিল। তার জন্য

assessment-র আগেই ফেরতের সুবিধা দেওয়ার প্রস্তাব। আন্তঃরাজ্য বিক্রি, যাকে inter-state trade বলে। আগে তাকে বিশ্বাস করবেন। সে যদি ভুল বলে তার Penalty is very high. এইটাই হচ্ছে এর পেছনের ফিলোজফি। Opportunity দিন, বিশ্বাস করুন, কিন্তু যদি বিশ্বাসঘাতকতা করে তাহলে কিন্তু পেনাল্টি-টা ভয়ঙ্কর হবে। Input tax credit-এ, এই tax বিলে আছে। ছোট ব্যবসাদারদের স্বার্থে West Bengal Sales Tax Appellate and Revision Board—তারা দূর দূর থেকে আসে, কী খরচ. again transaction cost. তাই আমরা এবারে উত্তরবঙ্গে নিয়ে গেছি, আস্তে আস্তে আমরা চেষ্টা করব administrative cost available হলে যে জেলাতে ট্যাক্সের concentration আছে, আস্তে আস্তে সেইসব জেলাতেও এই Appellate and Revision Board খুলে দেওয়ার যাতে ছোট ব্যবসাদার, তারা এখানে আসবে, ছোট পান্থশালা বা হোটেলে থাকবে, খরচ হবে আসা-যাওয়ার, যাতে না হয়। বাড়ীর পাশে তারা করতে পারবে। That's a Philosophy element. মানুষকে সেই সুযোগটা দিতে হবে। দার্জিলিং সম্বন্ধে ডঃ সাহেব বলেছেন। উনি খুব খুশি হয়েছেন। আমি খুব খুশি যে আপনি খুশি হয়েছেন। এই সেকশনটা একটু পড়ে দিচ্ছি। Dealers of Darjeeling, Kalimpong and Karseong who could not furnish their return for the period from 01.04.2008 to 30.06.2011 earlier was allowed to furnish the same upon full payment of tax within 30.06.2013 without payment of interest and late free for such period. সেটা করে দিয়েছিলাম already, সেটাকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছি। The time period is further proposed to be extended 31.07.2014 দার্জিলিংয়ের মানুষ, আমি বলেছিলাম 'দার্জিলিং আজ হাসছে', সেখানকার ছোট ব্যবসাদাররা এসেছিলেন আমার কাছে। বলেছিলেন 'এটা যে করেছেন আমরা চিন্তাই করতে পারিনি'। Retrospective process-এ আমাদের এই সুবিধা হবে। আমি বলেছি 'এটা মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের দার্জিলিংয়ের বিরাট প্রয়াসের এটা একটা পার্ট।' এবং মনে রাখতে হবে, দার্জিলিংয়ের মানুষ, ছোট ব্যবসায়ী, তারা আজকে অত্যন্ত খুশি। ডঃ বর্মা এটাকে সাপোর্ট করেছেন তার জন্য আমি বাধিত। Dealers of Darjeeling, Kalimpong and Karseong who could not furnish their return for the period of 01.04.08 to 30.06.2011 earlier as it's explained above in section 33(1) আরো শক্ত করে, পরিষ্কার করে, 33(1)এও ঢুকিয়ে দিয়েছি।

[3.20–3.30 p.m.]

এরপর আমি আসছি যে প্রশ্নটা ডঃ বর্মা raise করেছিলেন litigation কমানোর একটা বিরাট পদক্ষেপ। আপনারা এটা পাবেন আমি সেকশানটা পড়ে দিই Section 87(1) First and Second Proviso-the Appllate in Revisional Board enjoys power to dismiss any petition, তাদের power ছিল dismiss করে দিল। তখন কি

হবে ? আবার ঘুরে সেই জিনিসটা ফিরে আসবে। একটা গোল vicious সার্কেল। They are also allowed to restore it later on, আবার যাবেন, আবার গোড়াই করাবেন, পুরো মইতে চড়বেন, আবার later on হতে পারে by committing the provision these powers of the Board has proposed to be withdrawn এতে লিটিগেশান কমে যাবে। মামলা কমে যাবে, তার কারণ ওই যে গোল vicious circle চলতে থাকে, চলতে থাকে। সবাইকার সময় নষ্ট, সবাইকার খরচ, সেটাকে এক stroke-এ আমরা সোজা করে দিলাম। Single circle যাও তুমি Appellate কোর্টে যাও, You cannot go to the vicious circle, এটা করা উচিত ছিল। আমি জানি, বাম সরকারের সময় এটা করা হয়নি। আমরাও এটা নিয়ে পড়েছিলাম। শেষ পর্যন্ত আমরা ঠিক করলাম This must be done. Fast track revision Authority আপনাকে সেটাও পড়ে দিই Fast Track Revision Authority almost all relevant cases bearing a few had been transferred অলরেডি আমরা করে ফেলেছিলাম 30.9.2012 মধ্যে from Appellate in Revisional Board to the commissioner for disposal by the Fast Track Revisional Authority সময় যাতে নষ্ট না হয়, পয়সা যাতে খরচ না হয় ছোট ব্যবসাদারদের। FTRA has already disposed the transfer the cases within one year. তাও the amendment provides that the records which are not been physically transferred যেটা কোনো কারণে হয়নি fast track Revisional authority কাছে within 30-9-2012 should be disposed of by the board within 31s December of 2014 deadline সেট করে দেওয়া হল। তার মধ্যে করতে হবে। This is a major step forward. স্যার, এন্ট্রি ট্যাক্স সম্বন্ধে কথা হয়েছে। ডঃ বর্মা raise করেছেন। This is a subjudice matter, কোর্টে আছে, আমার বিশেষ বলা উচিত নয়। তবুও বলি entry tax is not a tax, এটার ওরিজিনাল অ্যাক্টটা যদি দেখেন, দেখবেন আমরা বলেছি it is the compensatory tax। তার মানে ট্যাক্সটা নিয়ে বিভিন্ন কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সঙ্গে সম্পর্কিত ডেভেলপমেন্টের জন্য যেখানে দরকার সেই ট্যাক্সটা খরচা হবে। রাস্তা, ব্রীজ, বাজারকে বাজারে কানেক্ট করা, যাকে বলে ইনকমপ্লিট মার্কেট। ডেভেলপিং দেশের একটা প্রবলেম হচ্ছে মার্কেট processing is incomplete সেটাকে complete করার জন্য কি ব্যবস্থা করা যায় ? তাতে খরচা হোক। যে ডিপার্টমেন্টগুলোতে আপনি এন্ট্রি ট্যাক্সের এলোকেশান দেখবেন সেখানে প্রত্যেকেরই কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের সঙ্গে সম্পর্ক। এটা আগের বছরই আমি করেছিলাম। তখন মাননীয় আমার সিনিয়র কলিগ পার্থ চ্যাটার্জী কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি মিনিস্টার থাকাকালীনই আমার সঙ্গে আলোচনা করে। যেখানে যেখানে industry and commerce as a compensatory tax. কোর্টে যখন এই কেসটা ওঠে, তখন কিন্তু আমাদের এই বাজেটে আলাদা কলাম এন্ট্রি ট্যাক্সের ছিল না। ১০ মাস কেসটা রিজার্ভ ছিল। ১০ মাসের মধ্যে বাজেট হয়ে গেল। সেখানে এন্ট্রি ট্যাক্সের কলাম এসে গেল। এবং ১০ মাসের পরে সেই কেসটা ডিসিশন হয়ে

এখন আমরা ডিভিশন বেঞ্চে গেছি। শুনে খুশি হবেন ডিভিশন বেঞ্চে কেস রয়েছে subjudice কিন্তু আজ আমাদের কাছে আপনাদের পাস করা বাজেটে দু বছরের ডকুমেন্ট রয়েছে। এন্ট্রি ট্যাক্স exactly কোথায় কোথায় যাচ্ছে ? as a compensatory entry tax. আমরা আশা করছি এই কেসটা ডিভিশন বেঞ্চে আমরা জিতব। তার কারণ যে essential element compensatory আজ আমরা প্রমাণ করতে পারছি ২ বছরের বাজেটে। এবারে শেষের প্রশ্নে আসি।

মিঃ স্পীকার : মাননীয় অর্থমন্ত্রী আপনার কত সময় লাগবে ?

ডঃ অমিত মিত্র : স্যার, আমার আর চার-পাঁচ মিনিট লাগবে।

মিঃ স্পীকার : The time is extended by 5 minutes.

ডঃ অমিত মিত্র : আমি জানি আরো বিল আছে, প্রেসার আছে। এবার আসি আমার মা-বোনেদের কি সুবিধা এই বাজেট দিয়েছে। Sanitary napkin—আমরা মার্কেট স্টাডি করে দেখেছি ২৫ টাকার মধ্যে reasonable quality-র sanitary napkin এসে যায়। যাতে আমার গরীব মা-বোনেরা সেটাকে অ্যাকসেস করতে পারে। এটাকে বলতে পারেন একটা বৈপ্লবিক পরিবর্তন in sanitation। দ্বিতীয়, চুলের ক্লিপ ইত্যাদি। আমার সিনিয়র কলিগ নেই উনি বৌদিকে জিজ্ঞাসা করলে বুঝতে পারতেন কত খুশি হয়েছেন বৌদি। উনি হয়তো জানেন না, কেন না আমি আশা করছি উনি ক্লিপ পরেন না মাথায়। যারা পরে তাদের জিজ্ঞাসা করলে বুঝতে পারতেন। gas stove খুবই ইম্পর্টেন্ট। এবারে আসি human hair—আপনারা শুনে খুশি হবেন এখানে আছেন সেই এলাকা থেকে। পূর্ব, পশ্চিম মেদিনীপুরের, বর্ধমানের এবং উত্তরবঙ্গে শুরু হয়েছে। systemটা স্যার, আপনার অনুমতি নিয়ে যদি বলে দিই। চুল আসত human hair বেশির ভাগটাই পশ্চিমবঙ্গের বাইরে থেকে। যেমন তিরুপতিতে মানুষ যায়, সেখানে তারা চুল কেটে পূজা দেয়। সেখান থেকে চুল আসত। সেই চুলটা ছোট ব্যবসায়ীরা, একেবারে ক্ষুদ্র যারা সংখ্যালঘু মানুষ সমাজের মধ্যে, SC/ST মানুষের মধ্যে তাদেরই সবচেয়ে বড় এই ব্যবসাটা ছিল। সেই চুলটা তারা Howrah sanitation থেকে ছোট ছোট ভ্যানে করে নিয়ে যেতেন। নিয়ে গিয়ে তাদের গ্রামে গিয়ে সেটাকে পরিষ্কার করত। যিনি বলছিলেন জানেন না, পরিষ্কার করত। করে আবার ফেরত পাঠিয়ে দিত যেখানে সেটা wig-এ কনভার্টেড হয়। আমি জানি না আমাদের কলিগদের মধ্যে Hon'ble Member-দের মধ্যে কতজন wig পরেন। আমি তো বেশির ভাগকে দেখি না। কেউই পরেন না তবে বাইরে গেলে দেখবেন অনেকেই wig পরেন। সেই wig-টা তৈরি করার জন্য তারা পাঠিয়ে দিত। আপনি জানেন স্যার, আপনাকে রেখে বলছি, কতজন এতে কাজ করে আজকে ? আমাদের হিসাবে হচ্ছে ১০ লক্ষ মানুষ আজকে human hair-এর কাজ করছে। আমরা তো চাইব value addition। আমরা চাইব শুধু চুল পরিষ্কার নয়, তার থেকে wig conversion-এর জন্য ব্যবস্থা হোক। কিন্তু tax ছিল স্যার ? ১৪.৫%। তার মানে হাওড়া স্টেশন থেকে খোঁচা

গুরু। গাড়ি ধরে এবং গাড়ি ধরালে কি হয় আপনারা জানেন। সে বেচারা আমার সংখ্যালঘু বন্ধুরা, SC/ST ছেলেমেয়েরা। তাই আমি সেটাকে ১৪.৫% থেকে ০% (জিরো) শতাংশ করে দিয়েছি। ১০ লক্ষ মানুষ উপকৃত হবে শুধু তাই নয়। কাল আমি আশা করি পশ্চিমবঙ্গে চুলের শুধু ধোয়া নয়, সেখান থেকে wig making হবে, value addition হবে। আপনারা যদি New Market-এ যান, আমি শুনেছি ওখানে দোকান আছে wig বিক্রি হয়। সারা পৃথিবী থেকে লোকে এসে কেনে কিন্তু সেই জিনিসটা তো আমরা তৈরি করি না, শুধু চুলটা ধুয়ে পাঠিয়ে দিই। সেই চুলটা wig হয়ে চলে আসে, value addition হয়ে যায়। আমি চাই, আমাদের মা-মাটি-মানুষের সরকারের মানসিকতার value addition হোক। আমার সংখ্যালঘু মানুষেরা এবং তপশিলি জাতির মানুষরা, SC/ST সবাই মিলে যারা এই কাজে আছে তারা value add করবে। তারা সারা পৃথিবীতে wig পাঠাবে, কেন শুধু ভারতবর্ষে। তার জন্য প্রথম step হচ্ছে removal of the 14.5% to 0%. এই কথাটা যিনি হেসে বলছিলেন, তিনি কিন্তু এই কথাটা বুঝলেন না। স্যার, আমি এটাই বলেই শেষ করব। নানা ক্ষেত্রে মমতা ব্যানার্জীর নেতৃত্বে, মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে "বাংলা যা করেছে আজ, ভারত তা করবে কাল।" আমরা গোখলের সেই চিন্তাধারা থেকে অনেক সামনে চলে গেছি not what Bengal thinks today India will think tomorrow, Bengal does today and has done today, India will do tomorrow. এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3.30–3.40 p.m.]

Mr. Speaker : I now put to vote the motion of Dr. Amit Mitra that the West Bengal Finance Bill, 2014 be taken into consideration.

As many as are of the opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say "NO".

Ayes have it, Ayes have it.

Clauses 2 to 4

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2014 be taken into consideration.

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 4. The question before the House that Clauses 2 to 4 do stand part of the Bill.

As many as are of the opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say "NO".

Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and Title

Mr. Speaker: There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and Title of the Bill. The question before the House that Clause I, Enacting Formula, Preamble and Title of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "NO".

Ayes have it, Ayes have it.

Dr. Amit Mitra: Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2014 as settled in the Assembly, be passed.

As many as are of the opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "NO".

Ayes have it, Ayes have it.

The West Bengal Appropriate (Vote on Account) Bill, 2014

Dr. Amit Mitra: Sir, I beg to introduce The West Bengal Appropriate (Vote on Account) Bill, 2014.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra: Sir, I beg to move that the West Bengal Appropriate (Vote on Account) Bill, 2014 be taken into consideration.

শ্রী আব্দুর রহিম বক্সী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (ভোট অন অ্যাকাউন্ট) বিল এনেছেন, এখানে বিরোধিতা করার কিছু নেই, প্রথা অনুযায়ী তিনি এনেছেন। এটাকে সমর্থন করেই দু-একটি কথা আলোচনা করতে চাইছি। মূল বাজেট গতকালকে অনুমোদন পেয়েছে হাউসে। ভোট অন অ্যাকাউন্টে যে অর্থ তিনি ধরেছেন সেটা নিশ্চয় খরচ হবে, খরচ করবেন। কিন্তু স্যার, কয়েকটি জায়গায় দেখতে পাচ্ছি যে বাজেট বরাদ্দ হচ্ছে, যে অর্থ বরাদ্দ হচ্ছে বাজেটে, অনেক দপ্তর সঠিকভাবে সেই টাকা খরচই করতে পারছেন না। বাজেট আলোচনায় এটা বিস্তারিতভাবে অনেকে বলেছেন। আমি সেদিকে যাচ্ছি না। কিন্তু স্যার, দেখা যাচ্ছে যে বাজেটে টাকাটা খরচ করার ক্ষেত্রে অনেক সময় দুর্নীতি হয়ে যাচ্ছে। স্যার, আমরা যদি লক্ষ করে দেখি আমরা দেখব যে কিছুদিন আগে এস.জি.ডি.এতে—শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটিতে ২০০ কোটি টাকার একটা জালিয়াতি হয়েছিল। আশ্চর্যজনকভাবে লক্ষ করেছি

সেই জালিয়াতির মূল যে পাণ্ডা, মূল নায়ক মালদা জেলার ডি.এম. আর বিডিও এখনও পর্যন্ত কোন ধরনের দৃষ্টান্তমূলক শাস্তি গ্রহণ করা হয়নি। সাধারণ মানুষের টাকা স্যার। বাজেটে বরাদ্দ ছিল শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভেলপমেন্টের জন্য, সেই এলাকার মানুষের উন্নয়নের জন্য। কিন্তু সেখান থেকে প্রায় দুশো কোটি টাকা—এটা বাজারে এসেছে। হতে পারে যে আরও বেশি সংখ্যক টাকা। এইভাবে তছরুপ হয়ে যাচ্ছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে স্যার আপনার মাধ্যমে আবেদন রাখব যে, সঠিকভাবে বাজেটে বরাদ্দকৃত টাকাগুলো যাতে সাধারণ মানুষের জন্য ব্যবহৃত হয় সাধারণ মানুষের টাকা। সেই টাকা যেন সঠিকভাবে খরচ হয়—আমি এই আবেদনটুক রাখব। আমরা স্যার দেখছি যে, কিছু কিছু জায়গায় আরও এই ধরনের দুর্নীতি হচ্ছে—বরাদ্দকৃত টাকার। আমাদের এখানে প্রকল্প আছে ১০০ দিনের—১০০ দিনের কাজের প্রকল্প। ১০০ দিনের কাজের প্রকল্পের যে জবকার্ড, জবকার্ড হোল্ডার যারা আছে স্যার, বিভিন্ন গ্রামপঞ্চায়েতগুলোতে, সেই জবকার্ডগুলো জবকার্ড হোল্ডারদের কাছে থাকে না। সেই কার্ডগুলোকে পার্টির কর্মীরা, দলের কর্মীরা, পঞ্চায়েতের মেম্বাররা, পঞ্চায়েতের প্রধানরা তুলে নিচ্ছেন এবং ইচ্ছাকৃতভাবে সেখানে টাকা ভরে দিচ্ছেন। কাজ না করেও একটা পার্সেন্টেজের টাকা জবকার্ড হোল্ডারদের হাতে দিয়ে দিচ্ছেন, আর একটা পার্সেন্টেজের টাকা তাঁরা নিজেদের পকেটে ভরে নিচ্ছেন। এই যে বরাদ্দকৃত টাকা—কার পিরিয়ডে হয়েছে বলছি না, যেটা হচ্ছে সেটা বলছি। সেটা যার পিরিয়ডে হয়ে থাকুক সেটা ঠিক হয়নি, সেটা ঠিক হওয়া উচিত নয় বলে আমি মনে করি। আজকে এই টাকাটা—জবকার্ডের টাকাটা নিয়ে জালিয়াতি হচ্ছে। কোটি কোটি টাকা জবকার্ড হোল্ডারদের না দিয়ে সেই টাকা আত্মসাৎ করা হচ্ছে। ফলে এই বরাদ্দকৃত অর্থ যা বাজেটে ছিল, সেই টাকা থেকে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন। আমি স্যার অনুরোধ করব যে, ১০০ দিনের কাজে স্বচ্ছতা ফিরিয়ে আনতে। বরাদ্দকৃত টাকা ১০০ দিনের কাজ যাঁরা করছেন তাঁদের হাতে যেন যায়। জবকার্ড গরীব মানুষদের হাতে যেন থাকে। সেই জবকার্ড পার্টি কর্মীদের বাড়িতে বা প্রধান, মেম্বারদের বাড়িতে যেন না থাকে এবং তাঁরা যেন সেই টাকা নিজস্ব ব্যক্তিগতভাবে খরচ করতে না পারেন। স্যার, আমি আর একটা প্রকল্প দেখছি। আমরা আর একটা প্রকল্প দেখতে পাচ্ছি—'জল ধর, জল ভরো'। খুব ফলাও করে মাননীয় অর্থমন্ত্রী তিনি তাঁর বক্তব্যে বলেছিলেন প্রকল্পটা সম্পর্কে—প্রচণ্ড জোরের সাথে, প্রচণ্ড জোরের সাথে বলেছিলেন। আমি স্যার খারাপ বলছি না। এটা বামফ্রন্ট সরকারের সময় ছিল এখন সেই নামটা পাল্টানো হয়েছে। কিন্তু স্যার এই যে পুকুর খনন হচ্ছে—একটু স্যার খোঁজ নিয়ে দেখার জন্য অনুরোধ করব। যে পুকুর খননের নামে সব পুকুর চুরি হয়ে যাচ্ছে। একটা পুকুর আছে, কিছু লেবারকে দিয়ে চাকচিক্য করে ঘাস কেটে দেওয়া হচ্ছে, ওখানে স্যার ৩ কোটি টাকার একটা বিল লাগিয়ে দেওয়া হচ্ছে। এবারে হাজার হাজার পুকুর খনন হচ্ছে, বরাদ্দকৃত 'জল ধর, জল ভরো'—প্রকল্পের টাকা, সেই টাকা নেতা-কর্মীদের পকেটে। পার্টি, কর্মী পোষার কাজে ব্যবহৃত হচ্ছে, এটা ঠিক নয় স্যার। বাজেটের টাকা নিয়ে এইভাবে তছরুপ করা হচ্ছে। আমি স্যার আবেদন করব মাননীয় অর্থমন্ত্রীকে যে, আপনি নিশ্চয়ই আজকে ভোট অন অ্যাকাউন্টে টাকা

নবেন, টাকা খরচ করবেন। সেই মূল বাজেটের টাকা আপনি ধরেছেন। কিন্তু সেই টাকাটা সঠিকভাবে যাতে খরচ হয় সেটা দেখতে হবে। এইভাবে পুকুর খননের নামে, এইভাবে ১০০ দিনের কাজের নামে, এইভাবে এস.জি.ডি.এ-র নামে--শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটির নামে যে কোটি কোটি টাকা প্রতি বৎসর দুর্নীতির জালে পড়ে যাচ্ছে, নেতা কর্মীদের পকেটে ঢুকছে, সেটাকে বাঁচানোর জন্য বলব। এই টাকাটা সঠিকভাবে যে দপ্তরে আছে, যে কাজের জন্য আছে সেই কাজে যাতে সঠিকভাবে খরচ হয়, এই আপীল স্যার আপনার কাছে থাকবে। আর একটা অভিনব প্রকল্পের কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। সেটা আরও বিশাল জোর করে বলেছেন—একেবারে একটা ভঙ্গিমাতে তিনি বলেছেন, ভালো লেগেছে শুনে। 'আমার ফসল, আমার গোলা। আমার ফসল, আমার গাড়ি'। ভালো জিনিস এটা, খারাপ না। কিন্তু স্যার, একটু মনে করলে অনেকে মনে করতে পারবেন যে, ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিলেন তখন আমূল ভূমিসংস্কারের মধ্য দিয়ে লক্ষ-লক্ষ কৃষকের হাতে জমি তুলে দেওয়া হয়েছিল, সেটা আপনারা কোনোদিনই পারবেন না। এটা ভাবেনই না। ভূমিসংস্কার, গরীব মানুষদের হাতে জমি দেওয়া—এগুলো আপনাদের চিন্তার মধ্যে নেই। তখনই কিন্তু গাড়ি দেওয়া হয়েছিল, তখন লোন দেওয়া হয়েছিল, তখন বরাদ্দ হয়েছিল। এটা সম্ভব হচ্ছে না। এটা পারছেন না। ফলে শুধু গোলা করে কৃষকরা শুধু উৎপাদনই করবেন না, তাহলে গোলার কি হবে ? কৃষকরা স্যার উৎপাদন করার সুযোগই পাচ্ছেন না, কৃষকরা আত্মহত্যা করছেন, ফসলের দাম পাচ্ছেন না। স্যার, ফসল হবে, তারপরে তো গোলা ? স্যার, একটা ভোজপুরি প্রবাদ বলে শেষ করব, "আম কে গাছ মে বেগান না ফলি, বেগান কে গাছ পর না ফলি টমাটর, কাম কাজি কে নাম পর নিকম্মা না চলি, এ সাচ্ছি বাত হে বরাবর, আগার তু লাগা দে বিস ওয়া কে গাছ, তু সুস্বাদু ফল না পাবে, আর উ ফল খাকে সব কোই মরবে, তু বাহর না রহবে।"

[3.40–3.50 p.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Appropriation (vote on Account) Bill, 2014 স্যার, অনেক কিছু বলার এর মধ্যে থাকে না। তার কারণ হচ্ছে অলরেডি ভোট অন অ্যাকাউন্ট বাজেট পাশ করিয়ে নেওয়া হয়েছে। রীতি যে অ্যাপ্রোপ্রিয়েশন করতে হবে upto ৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত। সেই অ্যাপ্রোপ্রিয়েশনে যে টাকাটা ধরেছে ৫৩৪৮৬ কোটি ৫১ লক্ষ ১২ হাজার towards defraying the several charges which will come in course of payment during the year ending on the thirty-first day of March, 2015. স্যার, আগে আমার বামফ্রন্টের বন্ধু বলেছেন। সমর্থন করেছে কিন্তু ওরা যে কর্ম করে গেছে, সেই কৃতকর্মের জন্যে বিষ ফল গত ৩৪ বছর ধরে লাগিয়ে গেছে, সেটা ধার করে হোক, রাজ্যে বেকার সৃষ্টি করে হোক, কারখানা বন্ধ করে দিয়ে হোক, মানুষের জমি কেড়ে নিয়ে হোক, চারিদিকে নৈরাজ্য সৃষ্টি করে হোক—এই নৈরাজ্যর অবস্থা থেকে মাননীয় অর্থমন্ত্রী যে

চ্যালেঞ্জ গ্রহণ করেছেন, সেটা আমি আগে বলেছি। এখন এই অ্যাপ্রোপ্রিয়েশনের প্রাককালে আমি শুধু আপনার জবাবটা একটু দেই যে, মাত্র ৩০ মাসে ১ লক্ষ ৫০ হাজারেরও বেশি পাট্টা মাত্র ৩০ মাসে, নট ৩০ ইয়ার্স অর ৩৪ ইয়ার্স. ১ লক্ষ ৫০ হাজার পাট্টা দেওয়া শুরু হয়েছে। এক লক্ষ আগে দেওয়া হয়েছে, ৫০ হাজারের কাজ চলছে by 31st March, দেড় লক্ষ পাবে within ৩০-৩১ মাসের মধ্যে। যেটা আপনারা চিন্তা করতে পারেন না। ভূমি নিয়ে যে বিপ্লবের কথা বলছেন, সেই বিপ্লব আপনারা শেষ করে দিয়ে গিয়েছিলেন সেটা সিঙ্গুর থেকে নন্দীগ্রাম এবং কৃষকের পাশে না দাঁড়িয়ে আপনারা বড় লোকের পাশে দাঁড়িয়েছিলেন। স্যার, এই রাজ্যের মানুষগুলোকে খেতে দিতে হবে, খাদ্যের সংস্থান করতে হবে। কোত্থেকে আসবে ? তিনি বাজেট প্রভিশান করেছেন, এখন সেটাকে অ্যাপ্রোপ্রিয়েট করতে হবে। আমরা সেটা বলছি যে রাজ্যে গত ৩০ মাসে অনাহারে মৃত্যুর খবর আমাদের কাছে নেই, মাননীয় বিরোধী দলের মানুষদের কাছে থাকতে পারে। আমাদের সরকার চেষ্টা করছে, বিশেষ করে গরীব মানুষ এস.সি., এস.টি., ও.বি.সি., মাইনরিটি থাকেন, সেই মানুষগুলোকে ট্র্যাক করতে, যাতে তারা না খেয়ে মরে না যায়। কারণ জঙ্গলের অধিকার যে মানুষগুলোকে বাঁচিয়ে রেখেছিল, পরবর্তীকালে আর্বানাইজেশনের ফলে জঙ্গলের অনেক অধিকার তাদের হাত থেকে চলে যায়। আমাদের সরকার নতুন করে জঙ্গলের অধিকার- মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি আবার সেই গরীব মানুষগুলোকে, আদিবাসীদের ধীরে ধীরে তাদের জঙ্গলের অধিকার—তারা যাতে বেঁচে থাকতে পারে। সঙ্গে তাদেরকে খেতে দিতে হবে, খাদ্য পৌঁছে দিচ্ছেন। এই যে সামাজিক অবস্থার পরিবর্তনের কথা আমরা বলছি যে, সমাজ ভেঙে পড়েছে। আমাদের এই অবস্থা থেকে যদি সমাজকে পাল্টাতে হয় তাহলে আমাদের অর্থমন্ত্রী যেটা করেছেন, তিনি চ্যালেঞ্জের সঙ্গে বলেছেন, আমি যে দেনার দায়ে, যে ঋণের trap-এর মধ্যে পড়ে আছি, আমার এই debt trap-টাকে ভেঙে ফেলতে হবে। কিন্তু এত সহজ নয়। অনেকে বলেছেন যে আপনিও ধার করেছেন ৫৫ হাজার কোটি টাকা। এই যে টাকা উনি ধরেছেন অ্যাপ্রোপ্রিয়েশনে Can he not pay the interest of the portion you got borrowed? But why he should pay the interest? The money you have borrowed and you have not created the work by those money. You have gone for the expenditure—the non-plan expenditure—that has not created any wealth in the State.

আপনাদের বারবার এটা স্মরণ করিয়ে দিতে চাইছি। আর ধার না করলে যেটা আমাদের দিতে হবে, এই আর্থিক বছরেই দিতে হবে, কম-বেশি ২০ হাজার কোটি টাকারও বেশি ওনাকে দিতে হবে। কাজেই ওনাকে appropriation দিতে হবে, যদি ধারের টাকাও দিই, উন্নয়নের টাকাও দিই। মানুষকে মাইনে দিতে হবে। এইজন্যই He has to take the appropriation. While appreciating the appropriation স্যার, আমি আর দুটো কথা এখানে বলতে চাই। পরিবর্তন মুখে আসে না, পরিবর্তন আসে কাজ করে, যে কথা এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন যে, আমাদের কাজ করে এই অবস্থা থেকে বেরিয়ে আসতে হবে। যে কঠিন পরিস্থিতির মধ্যে পশ্চিমবাংলা রয়েছে, এর থেকে বেরিয়ে

আমাদের আসতে হবে। নতুন রাস্তা তৈরি করতে হবে, কলেজ তৈরি করতে হবে, হাসপাতাল তৈরি করতে হবে। কৃষির ক্ষেত্রে কৃষকদের পাশে দাঁড়িয়ে তাদের উৎসাহ দিতে হবে, ওদেরকে বাঁচার পথ দেখাতে হবে। নতুন নতুন প্রকল্পের মধ্যে দিয়ে এই রাজ্যের মানুষ, ছাত্র হোক, যুবক হোক, সাধারণ মানুষ হোক, এদের আর্থিক জীবনের গতি-প্রকৃতি পাল্টাতে হবে। এই পাল্টানোর কথাই মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন, আর আমাদের অর্থমন্ত্রী নীরবে, নিভৃতে সাহসের সঙ্গে সেই কাজটাই করছেন। আর কথা না বাড়িয়ে বলি, যে অর্থ এই সমাজের, এই রাজ্যের wealth create করব, মানুষের সমাজে এই বিবর্তন আনব, যে অর্থ মানুষকে মানুষের মতো করে বাঁচার পথ দেখাব। আমাদের সমাজে যে কাজ আমাদের সামনে রয়েছে, যে দায়িত্ব রয়েছে, সেই দায়িত্ব শিল্পে থাকতে পারে, কল-কারখানায় থাকতে পারে, কৃষিক্ষেত্রে থাকতে পারে, রাস্তাঘাট তৈরি করার ব্যাপারে থাকতে পারে, শিক্ষা, স্বাস্থ্য এবং বিশেষ করে গরীব মানুষ, পিছিয়ে পড়া মানুষ, যে মানুষগুলোর সংখ্যা কম-বেশি ৩ কোটি এ রাজ্যে, সেই মানুষগুলোকে তুলে আনতে হবে। সেই জন্য আমি এই appropriation-কে vote on account part-কে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সুখবিলাস বর্মা : স্যার, vote on account, appropriation bill-এর পুরো বিষয় নিয়ে আমরা আলোচনা করার পরে বিল পাশ করে দিয়েছি, সারা বছরে কত হবে। সারা বছর যা হয়েছে তার একটা অংশ আমরা ৪ মাসের জন্য, সেই অংশের টাকাটাই সেই অ্যাপ্রুভাল, সেই অনুমোদন চাওয়া হচ্ছে, এই নিয়েই কথা। আমাকে স্যার আবার ওই কথাই বলতে হয়—বাংলা যা করেছে আজ ভারত তা করবে কাল। যা কাজ করছেন উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ ! কোটি কোটি টাকার কোনো হিসাব নেই, কোথায় যাচ্ছে ? আমার কাছে এতগুলো কাগজ আছে এবং এই কাগজগুলো থেকে দেখা যাচ্ছে—আমার কাছে TV No. and date আছে। এই কাগজগুলো থেকে দেখা যাচ্ছে গত বছরের ১৩১ কোটি টাকা যেটা বাজেটে, AG accounts-এ এসেছিল, এই বছরে ১৪৫ কোটি টাকা, যেটা AG account-এ এসেছে,—গত বছর মানে ২০১১-১২, ২০১২-১৩, সেই টাকাগুলো ড্র হয়েছে এইসব TV No. and date-এ। তার জন্য আমি আগেই বলেছি কোনো জি.ও. নেই এবং এইগুলোর জন্য কোনো জি.ও. নেই। কাজেই আজকে যা করেছে বাংলা, আগামীদিনে এটা যদি সব ডিপার্টমেন্টই করে—ভারত না, শুধু পশ্চিমবাংলার সব ডিপার্টমেন্টই করে, তাহলে আমরা কোথায় যাব জানি না। এখানে আমাদের মাননীয় BCW department-এর মন্ত্রী মহাশয় ছিলেন, চলে গেছেন কেন জানি না, হয়তো ভেবেছেন কি না কি বলব আবার। এই ফেল্টুসদের মধ্যে তিনিও একজন। আমি আগেই বলেছিলাম ফেল্টুসদের নিয়ে কথা বলব না, কিন্তু বলতে বাধ্য হচ্ছি, কেননা তিনি যে কি করে ফেল্টুদের দলে গেলেন বুঝলাম না। তিনি তো অনেক কাজ করেছেন দেখছি। কিন্তু তিনি বোধহয় ফেল্টুসদের দলে এইজন্য গেছেন যে, গত বছর আপনার মনে আছে আমি বলেছিলাম, এই যে contract service যেগুলো হচ্ছে—কেননা এখন contract service ছাড়া কোনো কিছু হয় না।

[3.50–4.00 p.m.]

এই যে কন্ট্রাক্ট সার্ভিসে রিজারভেশানের জন্য আপনি মুভ করুন। কেন না যে এস.সি. এস.টি-দের রিজারভেশন, এখন যেহেতু অন্য অ্যাপয়েন্টমেন্টই নেই, সেখানে কনট্রাক্ট সার্ভিসে সব কিছু হচ্ছে এবং কয়েকদিন আগে আপনারা লিখেছেন, ট্রান্সপোর্ট দপ্তর লিখেছে যে অনেকগুলি এমপ্লয়িজ নেওয়া হবে সমস্ত কর্পোরেশানে সব কনট্রাক্ট সার্ভিসে। তাহলে এস.সি, এস.টি রিজারভেশানে বেচারা লোকগুলির বদনাম আছে এই এস.সি. সুখবিলাস বর্মা এস.সি. কত সুযোগ পায় ! এইদিকে নবডঙ্কা। এটা একটু দেখুন। উনি নোট চেয়েছিলেন, আমি নোট দিয়েছিলাম। আমার মনে হয় উনি বোধহয় মুভ করেছেন. সেই জন্য বলেছেন তুমি ফেল। এবং ফেল করিয়ে কাকে দেওয়া হয়েছে একটা ট্রাইবাল দপ্তর—যিনি সব দপ্তরেই ফেল। কাকে দেওয়া হয়েছে সেই ট্রাইবাল ডিপার্টমেন্ট। আমি আপনাকে স্যার আপনাকে জানাচ্ছি, উনি নেই এখানে। আমি ওনাকে থাকলে বলতাম যে এটা খোঁজ করে দেখুন। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ডিপোজিট অ্যাকাউন্টে মাসের পর মাস পড়ে আছে এস সি এ টু টি এস পি স্যার ট্রাইবালদের জন্য। কত কোটি টাকা—সতেরো কোটি টাকা। মাসের পর মাস চলছে। এঁরা খরচ করার জন্য টাকা পাচ্ছেন না। ওই ডিপোজিট অ্যাকাউন্টে পড়ে আছে। একই এস সি এ টু টি এস পি সতেরো কোটি, এস সি পি ডেভেলপমেন্ট আট কোটি। এইরকম বহু আছে। অনেকে এখানে খুব আমাকে টিটকিরি দিচ্ছিলেন, উত্তরবঙ্গের কথা বলি বলে। স্যার, দুঃখের কথা জানেন North Bengal State Transport Corporation-এর এমপ্লয়িজরা কেউ মাইনে পায় সিক্সটি পারসেন্ট, কেউ পায় সেভেনটি পারসেন্ট, কেউ পায় এইট্টি পারসেন্ট। প্রত্যেকটা এমপ্লয়িকে পেনশন পাওয়ার জন্য হাইকোর্ট থেকে অর্ডার করিয়ে নিয়ে যেতে হয়। আর সাউথ বেঙ্গল অন্যান্য সি এস টি সি কাউকে এ জিনিস করতে হয় না, তারা এমন মাইনে পান। কি বলব স্যার ! ডিসক্রিমিনেশন, না কি খুব ভালো রেখেছেন আমাদেরকে। আসলে ওই যে গান শুনতে চেয়েছেন স্যার সবাই। আপনিও যে জায়গায়, আমিও সেই জায়গায়। আমরা সব এক জায়গায়। আমরা সব এক জায়গায় বলা হয়। Prisoner of circumstances। "ফান্দে পড়িয়া বগা কান্দেরে, কান্ বসাইছে ফান্দি ভাইয়া, পুঁটি মাছো দিয়া, মাছের লোভে বোকা বগা পড়ে উড়াও দিয়ারে, ফান্দেতে, পড়িয়া বগা করে টানা টুনা, আহারে কুক্কুরার সুতা হল লোহার গুণা রে, ফান্দে পড়িয়া বগা কান্দেরে।।" এ এমন ফাঁদ যতই টানাটানি করবেন ততই ভিত শক্ত হবে। এটা মনে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই আলোচনায় বিশেষ কিছু বলার নেই। তবে আমি একটা অন্য কথা বলতে চাই আপনার অনুমতি নিয়ে। মোটামুটি ভোট অন অ্যাকাউন্ট অ্যাপ্রোপ্রিয়েশন বিল, যাতে কোনো সেই রকম বড় কিছু আসেনি, আর যা এসেছে তা গানের মাধ্যমে রিপিটেশন হল। এটাও একটা হিস্ট্রি। আজকে মাননীয় লিডার অফ দ্য অপজিশন নেই যে কথাটা বলব উনি থাকলে সুবিধা হত। কালকে উনি রেনেসাঁ সম্বন্ধে বলেছিলেন। নানা কথায় আজকে দেখছি বিভিন্ন কাগজে সেই সম্বন্ধে কমেন্ট রয়েছে।

আমি দু-মিনিট তার উপরে বলতে চাই, তার কারণ এটা খুবই important জিনিস, এই বাজেটের পিছনে, বা আমাদের মানসিকতার পিছনে কি আছে। renaissance বলেছিলাম। কালকে উনি হয়তো একটু ভুল করে ফেলেছিলেন ইউরোপের রেনেসাঁ industrial revolution-এর অনেক আগে এসেছে। আপনারা জানেন গ্যালেলিও বলেছিলেন পৃথিবীটা flat নয়, পৃথিবীটা গোল। তার মানে পুরো মানসিকতার পরিবর্তন, চিন্তার পরিবর্তন। দা ভিঞ্চির কথা বলেছেন, মাইকেল অ্যাঞ্জেলোর কথা বলেছেন। আমি সে কথা বলছিলাম না। আমি পাশ্চাত্য দেশের রেনেসাঁর কথা বলছিলাম। আমি বলছিলাম স্যার, বাংলার রেনেসাঁ, বাংলায় রেনেসাঁ কি হয়েছিল ? তার কথাই বলে আমি বলছিলাম এই মা মাটি মানুষের সরকার সেই বাংলার রেনেসাঁকে পুনর্জাগরণ, নতুন দিশায় পুনর্জাগরণ করার। সেটা কি ছিল স্যার ? বিলের পিছনে আছে, বাজেটের পিছনে আছে। স্বামী বিবেকানন্দ তিনি একটা চিন্তার পরিবর্তনের মাধ্যে এলেন, যত পথ তত মত। নতুন করে পুনর্বিন্যাস করলেন হিন্দু ধর্মের পরিপ্রেক্ষটি। তার সঙ্গে এল একই সঙ্গে, এতগুলো ফুল একসঙ্গে ফুটছে, তার সঙ্গে এল সাহিত্যের ক্ষেত্রে প্রথম nationalism-এর বীজ বপনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, তার সঙ্গে এল কিছু অল্প সময়ের পরে জগদীশ বোসের ভয়ঙ্কর, ভয়ঙ্করভাবে, তিনি ওই Presidency college-এ radio wave test করলেন। যেটা পরে মার্কনী discover করেছেন বলে বলা হল। নতুন বিজ্ঞানে। আচার্য প্রফুল্লচন্দ্র রায় chemistry-তে নতুন জিনিস করলেন। অনেক কম লোক জানে স্যার, যে সি.ভি.রমন এই কলকাতায় বসে তাঁর রিসার্চ করে physics-এ নোবেল প্রাইজ পেলেন। কলকাতায় বসে রিসার্চ করে। বাংলার রেনেসাঁ post renaissance-র পার্ট। আমি সেটা ওঁকে বলতে চেয়েছিলাম। বাজেটে বলতে চেয়েছিলাম যে এই মা মাটি মানুষের সরকার সেই শয়ে শয়ে ফুল ফুটে উঠবে চারিদিকে, সংস্কৃতিতে, বিজ্ঞানে, তারই পিছনে আজকে এই Reform, এই প্রগতি আসছে। স্যার, যেটা উনি হয়তো বুঝলেন না, সুভাষচন্দ্র বোস, তিনিও কিন্তু post renaissance-র একটি মানুষ। সুভাষচন্দ্র বোস, এই ৩৪ বছরে এই মনীষীরা তাঁদের প্রত্যাখ্যান করা হয়েছিল। তার মানে তার সঙ্গে জলাঞ্জলি দেওয়া হল এই বাংলার রেনেসাঁ। আজ আমরা সেইটা ফিরিয়ে এনেছি। বাজেটের পিছনে এই philosophical tradition রয়েছে। এবং ওঁদের ক্ষেত্রে স্যার, আমি একবার কাজে কলকাতায় এসেছিলাম, দেখলাম স্তালিনের বিরাট painting দেওয়ালে, লেনিনের বিরাট painting দেওয়ালে। কাউকে জিজ্ঞাসা করলাম ইনি কে ? রাস্তার একটি ফেরিওয়ালা, বললাম কে ? বলল তাতো জানি না, হ্যাঁ কি বলে, কি নাম বলে। ভ্লাদিমির, ম্লুরিরীচ বলা তো খুব মুশকিল স্যার। সে তো বাঙালী নয়, বা ভারতীয় নয়। তারা সেই একটা নতুন ওদের মতে বক্তব্য বাংলার মানুষের উপরে এনে দিয়েছিলেন, আর প্রত্যাখ্যান করেছিলেন বিবেকানন্দকে। কেন ? তিনি ছিলেন পাতি বুর্জোয়ার পরিবর্তক, তাঁর নামই দেওয়া হয়েছিল। রবীন্দ্রনাথ ছিলেন বুর্জোয়া কবি, আমি বলতে চেয়েছিলাম স্যার, যে বাজেটের পিছনে যে পিলার দাঁড়িয়ে আছে, সেটা হচ্ছে সেই রেনেসাঁকে ফিরিয়ে আনা। শত শত ফুল একসাথে ফুটবে। স্যার, সুভাষচন্দ্র বোসকে কি বলেছিলেন ওঁরা ? আর আমার দেখে মাঝে মাঝে লজ্জা হয় যে একটি পার্টি যেটা

সুভাষচন্দ্র বোসের পার্টি বলে বলেন তাঁরা ওঁদেরই গায়ে ঠেসে বসেন। সুভাষচন্দ্র বোস বার্লিন থেকে যখন INA-এর radio free INA এ radio থেকে বলছেন. তখন তাঁরা তাঁদের পার্টির কাগজে দেখালেন একটি কুকুর...

[4.00–4.10 p.m.]

তোজো শুধু নয় হিটলারের হাতে একটি কুকুর। সে বকবক করছে। তার নামে, শরীরে লেখা ছিল 'সুভাষচন্দ্র বোস'। 'চন্দ্র বোস'। এবং আমার সবচেয়ে কষ্ট হল স্যার, মনে মনে কষ্ট হল. আপনি জানেন আমার বাবার ফাঁসি হয়েছিল INA secret service-এ ছিলেন বলে। সেদিন খুব কষ্ট হল যখন নেতাজী সুভাষচন্দ্র বোসের স্ট্যাচুতে আমার সিনিয়র লিডার সুব্রতদার সঙ্গে গেলাম সরকারের তরফ থেকে মালা দিতে। ধস্তাধস্তি মালা দেওয়ার। কারা মালা দিতে এসেছেন ? যাঁরা সুভাষচন্দ্র বোসকে quisling বলেছিলেন। তাঁরা নতুন এই কালচারকে মুছে দিয়েছিলেন। কিন্তু সেখানে এসে মালাই শুধু দিলেন না, ডায়াস করে মিডিয়ার সামনে বিরাট লেকচার দিলেন আর একটা মিডিয়ার লোক জিজ্ঞাসা করল না তাঁদের। দাঁড়ান, দাঁড়ান এক সময় তো তাঁকে quisling বলেছিলেন। আপনারা এক সময় তাঁকে 'হিটলারের তোজো কুকুর' বলেছিলেন। আজকে কোথা থেকে হঠাৎ এত দরদ হল ? আমার মনে খুব দুঃখ হল যে, একটিও পত্রকার তাঁদের কিন্তু জিজ্ঞাসা করল না—দাঁড়ান এতদিন যা বলেছেন হঠাৎ এই ডিগবাজিটা খেয়েছেন কেন ? স্যার, আমার বক্তব্য এটুকুই ছিল যে, এই বাজেট, এই appropriation Bill, এই vote on account appropriation যাই বলেন তার উর্ধ্বে মমতা বন্দোপাধ্যায়ের চেতনার মধ্যে, এই মা-মাটি-মানুষ সরকারের প্রত্যেকটি মানুষ যাঁরা বসে আছেন আমাদের তরফ থেকে, প্রত্যেকের মধ্যে এই নতুন দিশা—কি করে আবার নতুন করে একটা thought revolution আসবে। যাতে ওই যে শিখিয়ে গিয়েছিলেন সেটা মুছে যাবে। শেষে এইটুকুই বলি স্যার, ওদের চিন্তাধারার কি হল ? চিন্তাধারা মিটে গেছে। এখন বাক্স বন্ধ হয়েছে সে inner contradiction-এর জন্যে। সেই বাক্সটার কিন্তু পাঠানোরও জায়গা নেই। বেজিংয়ে পাঠাবেন—চীনে ? তারা তো অন্য দিকে হেঁটেছে। পড়ে থাকবে বাক্সটা কেউ ডেলিভারি নেবে না স্যার। পাঠাবেন সেই বাক্সটা মস্কোতে ? মনে রাখবেন লেনিনের সেই স্ট্যাচু, কেউ নাকি সেটাকে টেনে নামিয়ে দিয়েছিল। সেখানেও ডেলিভারি নেওয়ার কেউ নেই। Red square-এ পড়ে থাকবে। তাই আমি বলব, একেবারে শেষ হয়ে যাওয়া চিন্তাধারার যে বাক্সটা আছে, স্টিলের ট্রাঙ্কে আছে। যাতে তাদের হাড়গোড় না বেরিয়ে আসে, কঙ্কাল না বেরিয়ে আসে। সেটাকে নিয়ে স্যার, আমি তাদের বিনীতভাবে বলব, যদি আর কেউ না নেয়—বলেছিলেন, কিউবা পাঠাবেন। এখন শুনছি নাকি ফিদেল কাস্ত্রো ব্যাক ডোর থেকে আমেরিকার সঙ্গে আলোচনা করছে তাই কিউবাও যেতে পারবে না। ভেনিজুয়েলাতে ছিলেন, তিনি মারা গেছেন। সেখান থেকেও চলে গেছেন। স্যার, ওদের দুটো option আছে। একটা হচ্ছে—বলেছেন, ল্যাটিন আমেরিকাতে নাকি তাঁরা কি সমস্ত সংযোগ তৈরি করছেন। আমার রিকোয়েস্ট হচ্ছে, ল্যাটিন আমেরিকা যদি যেতে হয় তাহলে ওই

আমাজোনের জঙ্গলে গিয়ে সেই বাক্সটা আমাজোন নদীতে ফেলে দিন আর তা যদি না পারেন তাহলে ওই ব্যারেজের সামনে যে ব্রীজটা আছে ওখানে থেকে বাক্সটা ফেলে দিন। মা গঙ্গার জলে সেটা পরিষ্কার হয়ে যাবে। এইটুকু বলে শেষ করব স্যার। যখন আমাকে বলা হয় এসব কি বলছেন ? যে বাজেটের পেছনে. আমাদের পলিসির পেছনে, মমতা বন্দ্যোপাধ্যায়ের দিশার পেছনে. আমাদের প্রত্যেকের দিশার পেছনে কি আছে স্যার ? Renaissance of Bengal.

মিঃ স্পীকার : সভার সম্মতি নিয়ে তিন মিনিট সময় বাড়ানো হল।

ডঃ অমিত মিত্র : তাই বলেছিলাম. বাংলা যা আজ করেছে ভারত তা করবে কাল। That is the vision. স্যার. এটুকু বলে আমি বক্তব্য শেষ করছি। নমস্কার।

Mr. Speaker : The question before the House that The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2014 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clauses 2-3

Mr. Speaker : There is no amendment to Clauses 2-3. So I put the Clauses 2-3 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Schedule

Mr. Speaker : There is no amendment to Schedule. So I put the schedule do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye'. As many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put clause 1, the enacting formula, the preamble and the title of the Bill, do stand part of the Bill. As many as are of the opinion will please say 'Aye', and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra: Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2014, as settled in the Assembly, be passed.

The question before the House is that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2014, as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The Bill is passed. The Bill is passed.

The West Bengal Appropriation Bill, 2014

Dr. Amit Mitra: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2014.

(Secretary, then, read the Title of the Bill)

Dr. Amit Mitra: Sir, I beg to move that The West Bengal Appropriation Bill, 2014 be taken into consideration.

শ্রী দীপক চ্যাটার্জী: সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আজ একটা বিশেষ দিন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। তাই প্রথমেই আমি আমার মাতৃভাষা বাংলা ভাষাকে শ্রদ্ধা জানাই এবং বাংলা ভাষা শহীদদের শ্রদ্ধা জানাই। এবং তার সঙ্গেই দাবি রাখি আমাদের সর্বক্ষেত্রে বিশেষ করে সরকারি কাজ পরিচালনার ক্ষেত্রে আমার মাতৃভাষাকে আরও বেশি করে গুরুত্ব দেওয়া হবে। দ্বিতীয় কথা যেটা বলব, এটা আমার আলোচ্য বিষয় ছিল না। তবুও যখন নেতাজী সুভাষচন্দ্র বসুর নাম উঠল, যদিও বা আমি খুব নগণ্য, তবুও আমি বলব এই যাঁরা পার্লামেন্টে দীর্ঘদিন ছিলেন সরকারে, আমাদের জাতির নেতা কিংবদন্তী নেতা নেতাজী সুভাষচন্দ্র বসুর জীবনে কি ঘটেছে হতভাগ্য ভারতবাসী আজও জানতে পারেনি। তাই এই সমস্ত যাঁরা পার্লামেন্টারিয়ান ছিলেন তাঁরা সুভাষচন্দ্র বসু সম্বন্ধে কতবার সরব হয়েছেন আমাদের জানা নেই। আজকে সরব হতে দেখে ভালো লাগল। ১০ তারিখে বাজেট অধিবেশন শুরু হয়েছে। আজকে ২১ তারিখ আমরা কি পেলাম, বাংলা কি পেল ? সারা বাংলার হাসি। যাঁরা বৃন্দাবনে গিয়েছেন জানেন, বৃন্দাবনের গাইডরা বলে বিভিন্ন জায়গা দেখায় আর বলে হাসো আর তালি দো। আমাদের বাংলার রাজ্যবাসীদের তাই অবস্থা। কি কারণে হাসবো, কেন হাসবো, তার কোনো উপযুক্ত ব্যাখ্যা নেই।—হাসো আর তালি দো। তাই আমরা হাসছি। কি পেয়েছে বাংলা। আমি মাননীয় রাজ্যপালের ভাষণে বক্তব্য রেখেছিলাম, বলেছিলাম হয়ে ! বাংলার কি হবে। তর্ক-বিতর্ক, কেরামতি কা খেল। কে কত বলতে পারে, অঙ্কের হিসাব দিয়ে গুলিয়ে দিতে পারে। আমরা কি পেলাম। যদি আবার আগামী বাজেটে এই সমস্ত কথাগুলোকে আবার সার্ভে করে রেজাল্ট পায়—আমরা পাব জিরো। তার কারণ এইভাবেই চলে আসছে। যেমন ধরুন, আমাদের-এই রাজ্য সরকার সাংস্কৃতিক চর্চার উপর জোর দিয়েছেন, ভালো কথা। কিন্তু সাংস্কৃতিক চর্চা, খেলাধুলা থেকে যাচ্ছে অন্য জায়গায়, লুক্কায়িত অবস্থায়।

[4.10–4.20 p.m.]

কিন্তু চটকদারি চমকের মধ্যে দিয়ে ওই সাংস্কৃতিক এবং খেলাধুলাকে ব্যবহার করা হচ্ছে। তাতে আর্থিক লেনদেন অপচয় হচ্ছে। প্রচুর পরিমাণ অর্থ বেরিয়ে যাচ্ছে। সেদিকে কোনো হিসাব নেই। যে জায়গায় সাংস্কৃতিক চর্চা দরকার একটা জাতির মেরুদণ্ড খাড়া করতে গেলে পরে নিশ্চয় আমরা মনে করব, কিন্তু সেটা কার্যকরী হচ্ছে না। এত কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে, মাটির মেলা—মাটির মানুষরা মাটির গন্ধ সেই জায়গায় পাচ্ছেন না। আপনারা সেই জায়গায় ভাবুন। দরকার তো। একটা জাতির সাংস্কৃতিক কালচার যত ঊর্ধ্বগতিতে যাবে, আমাদের ছোট ছোট জ্ঞান, আমরা মনে করি যে সাংস্কৃতিক জ্ঞান ছাড়া রাজ্যের সমৃদ্ধি কি মানুষের সমৃদ্ধি সম্ভব নয়; সেই প্রস্তাব নেওয়াটা, প্রকল্প নেওয়াটা খুব ভাল কাজ। কিন্তু চটকদারির মধ্য দিয়ে ভোটসর্বস্ব রাজনীতি করতে গিয়ে প্রচুর টাকা আমাদের অপচয় হয়ে যাচ্ছে। যার জন্য এই বাজেটে প্ল্যানিং-এর থেকে নন-প্ল্যানিংয়ে বেশি বরাদ্দ করা হয়েছে। এতে আমাদের সম্পদ সৃষ্টি হবে না। বরঞ্চ যে সম্পদগুলো আছে সেইগুলো শেষ হবে। এটা বলে লাভ কি, ৩৪ বছরে আপনারা কিছু করেননি, কিছু করেননি। যেমন ধরুন, অসংগঠিত শ্রমিকের ক্ষেত্রে বাজেট বরাদ্দ কোথায়? আমি নলহাটি ব্লকের কথা বলছি, সেখানে কয়েক হাজার পাথর শ্রমিক আছে। এই রকম সারা রাজ্যে আমাদের কত অসংগঠিত মানুষ আছে, তাদের স্বাস্থ্যের জন্য, তাদের শিক্ষার জন্য, তাদের বাসস্থানের জন্য, তাদের কর্মসংস্থানের জন্য বাজেট বরাদ্দ, সেই সমস্ত জায়গায় বাড়াতে হবে। অসংগঠিত শ্রমিকের ক্ষেত্রে এই জায়গাটায় অচ্ছুত রাখা হয়েছে। গ্রামীণ ক্ষেত্রে, গ্রামীণ অর্থনীতিকে ঠিকভাবে চালানোর ক্ষেত্রে সমবায়গুলোকে ব্যবহার করা দরকার। সমবায় আজকে সারা রাজ্যে পঙ্গু হয়ে পড়ে আছে। আপনারা বলবেন, ৩৪ বছর কি করছিলেন? কথাটা তা নয়। আজকে সমবায়গুলো যদি প্রতিটি গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় সমবায়গুলোকে যদি আমরা ঠিক জায়গায় সক্রিয় করতে পারি, তা না করে সমবায়গুলো আজকে স্থাবর একটা পাথর হয়ে বসে আছে। মানুষের যেখানে অর্থনীতি, গ্রামীণ অর্থনীতি প্রকাশ পেত, সেই জায়গায় আমাদের বাজেট বরাদ্দের কোনো রকম কথাবার্তা বলা হয়নি। কর্মসংস্থানের কোনো দিশা নেই। লক্ষ লক্ষ কর্মসংস্থান। শাঁখা বিক্রি করে কর্মসংস্থান। সত্যি কথা বলতে কি—কর্মসংস্থান হচ্ছে? আমরা কি সেটা বুঝাতে পারছি? আমাদের ব্লকে গিয়ে আমি বুঝাতে পারছি; হ্যাঁ আমার ব্লকে ব্লকে হাজার হাজার বেকার যুবকরা কর্মসংস্থান পেয়েছে, কর্মসংস্থান করেছে, তার কোনো দিশা নেই। তার কারণ, এই বাজেট বিতর্কে যেটা আমরা দেখলাম, একপক্ষ যে কথা বলছেন—আমাদের নেতা যে কথা বলছেন তাহলে সেগুলো মিথ্যা। অপর পক্ষে সরকার পক্ষ যেটা বলছেন তাহলে সেটা সত্যি। তাহলে দুটোর মধ্যে একটা করতে হবে। যার জন্যই বললাম, বাংলা পেল কি, বাংলা পেল কেরামতি কা খেল। কে কত কেরামতি দেখাতে পারে। এই বাজেট নিয়ে আমরা ফিরে যাব, গ্রাম বাংলায় যাব, জল ধরো জল ভরো প্রকল্প, কন্যাশ্রী প্রকল্প, গালভরা গল্প করব, সামনে লোকসভা নির্বাচন, কত প্রচার করব। সত্যিকারের কি বাংলা

পেল ? না শুধু ওই ৩৪ বৎসরে—বাংলা কি পেল, এই শ্লোগান দিয়ে আমরা সময় কাটাব। না চাই না। মদ বিক্রি করে আয় বাড়ানো চাই না। আমি তীব্র প্রতিবাদ করছি। বাংলার বেকার যুবকদের সার্ভে করা হোক, কত যুবক মদে আকৃষ্ট হয়েছেন। কত যুবক, বেকার যুবকদের মধ্যে প্রতিযোগিতা লেগেছে মদ খাওয়ার। আমরা গ্রামাঞ্চলে বাস করি, যে কোনোদিন মদ খেত না, আমার বাড়ির ছেলে কোনোদিন মদ খেত না, সেই মদ খাওয়ানো হচ্ছে, আয় বাড়ানো হচ্ছে, আমি তার তীব্র প্রতিবাদ করি। তাই এই জায়গায় দাঁড়িয়ে আপনারা যে কথাগুলো বলছেন, গ্রামীণ রাস্তাঘাট, যেখানে রাস্তাঘাটের প্রয়োজন, গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র যেখানে প্রয়োজন, সেখানে কোনো নজর দেওয়া হচ্ছে না। বড় বড় গল্প, বড় বড় আওয়াজ নিয়ে আমরা যাচ্ছি কন্যাশ্রী, উত্তরকন্যা। কিন্তু আসছে প্রশ্ন ভেসে, বিরোধীদের কাছ থেকে, যে হিসাবগুলো আমরা শুনলাম, আমরা মাননীয় সদস্য যারা শুনলাম, তারা গিয়ে বলব, যে কোনো হিসাবের মিল পাওয়া যায়নি। কোনো সদুত্তর পাওয়া যায়নি। শুধু লক্ষ লক্ষ টাকা তছরুপ শুনে এলাম। আর সরকার পক্ষ থেকে শুনে এলাম যে আমরা এমন এক জায়গায় পৌঁছে গিয়েছি, বাংলা করবে আজ যা, কালকে করবে ভারত, পরশু করবে দুনিয়া। আমার ভয় হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভয় এইটাই যে আমার বাংলা যেন গোটা দুনিয়া থেকে ছিটকে গিয়ে মহাকাশে একটা গ্রহে না অবস্থান করে। এই কথা বলে আমি এই অ্যাপ্রোপ্রিয়েশানকে তো করতেই হবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল ২০১৪, বিল নং ৬, ২০১৪-এর সমর্থনে আমি ২-৪টি কথা বলতে চাইছি। অমিতদা বলছিলেন, সুভাষ বোসের গলায় মালা দিতে গিয়ে অমিতদার কষ্ট লাগছিল—যারা একদিন সুভাষবাবুকে কুইস্টলিং বলেছেন, তোজোর কুকুর, হিটলারের কুকুর সাজিয়েছেন, তাঁরা আজকে সুভাষ বোসের গলায় মালা দিয়ে অনেক বড় বড় কথা বলেছেন। কেন বলছেন, সাংবাদিকরা প্রশ্ন করলে কি উত্তর দেবেন। ওদের ভুলদেব ভট্টাচার্য তিনি ভুল স্বীকার করবেন, সাতদিন পরে পার্টির চাপে, দলের চাপে আবার ভুল স্বীকার করার জন্য ভুল স্বীকার করে সেটা ক্ষমা চাইবেন। ওদের কাছ থেকে জানার কোনো দরকার নেই। আমি যে ২-১টা কথা বলছি। স্যার, মাননীয় সদস্য আব্দুর রহিম বক্সী আগের বক্তৃতা দিতে গিয়ে যে অঙ্ক বললেন সেটা আমি মেলাতে পারছি না। আমি অঙ্কে খুব কাঁচা। স্যার, আপনি তো অঙ্ক মেলান ভালো। একটু দেখিয়ে দেবেন। কেননা উনি বললেন পুকুর খনন করে, ছোট পুকুর খনন করে দু কোটি, তিন কোটি টাকার হিসাব দেওয়া হচ্ছে, আর হাজার হাজার পুকুর খনন হচ্ছে। আমাদের হিসাবে এক লক্ষের ওপরে পুকুর খনন হয়েছে। স্যার তিন কোটি করে যদি এক একটা পুকুরে চুরি করি, এক লক্ষ পুকুরে তিন লক্ষ কোটি টাকা চুরি করব। স্যার, টাকাটা কোথায় এত এলো—আমি বুঝে উঠতে পারলাম না। আব্দুর রহিম বক্সীর হিসাবটা বুঝতে পারছি না। আর একটা ব্যাপার হচ্ছে, একটা খবর এইমাত্র আমি পেলাম—আমি জানি না—কয়েকদিন আগে ওরা আনন্দ করছিল, টেট নিয়ে মামলা হওয়ার

কথা বলছিল। আমার কাছে এইমাত্র একটা খবর এসেছে—আমি জানি না, কারণ খবরটা বাইরে থেকে এসেছে—টেটের কেসে আমরা জিতে গেছি ওদের মুখে ঝামা ঘসে দিয়ে। মাননীয় সদস্য দীপকবাবু বক্তৃতা দিতে গিয়ে বললেন, বাংলা কি পেল। হ্যাঁ স্যার, বাংলা কি পেল। বাংলা যেটা পেয়েছে দীপকবাবুরা ভাবতেও পারেননি। দীপকবাবুদের গুরুদেবরাও ভাবতে পারেননি যে বাংলা কি পেয়েছে। হর্টিকালচার বলে একটা ডিপার্টমেন্ট আছে। সেটা কোথায় দেয়, কি করে, দীপকবাবুদের জানা ছিল না। কে একজন বলছিলেন বক্তৃতা দিতে গিয়ে যে সিংকোনা চাষকে হর্টিকালচার ডিপার্টমেন্ট থেকে বের করে নিয়ে এসে শিল্প দপ্তরে নিয়ে এলে ভালো হয়। উনি জানেন না, ওদের আমলে হর্টিকালচার ডিপার্টমেন্টে সিংকোনা চাষে ডিরেক্টর পদ দীর্ঘদিন ছিল না। রাজনৈতিক বা বিভিন্ন কারণে সিংকোনা চাষ নিয়ে সমস্যা হচ্ছিল। দার্জিলিং শান্ত হয়েছে, জি টি এ তৈরি হয়েছে। শুধু সিংকোনা চাষের ওপরেই ওখানকার বোর্ডে ডিরেক্টর নিয়োগ করে জি টি এ-র সঙ্গে হাত মিলিয়ে আমরা সিংকোনা চাষকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আবার কাজ শুরু করেছি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে, কাজ হচ্ছে। বাংলা কি করছে সেটা এঁরা জানেন না। কারণ ৩৪ বছরে ওদের মাথায় আসেনি যে নাসিক থেকে পেঁয়াজটা না এলে এখানকার পেঁয়াজি বন্ধ হয়ে যাবে ওরা ভাবতে পারেনি। আমরা ভাবতে পেরেছি। মাননীয় স্পীকার স্যার, এই প্রথম বাংলার বুকে বর্ষার সময় পেঁয়াজ চাষ করে আমরা বাংলার কৃষকদের যেমন পয়সা দিতে পেরেছি, আমরা বাংলার মানুষকে বলতে পেরেছি লাভজনক ফসল ফলাও, তোমার নেতৃত্বেই বাংলা এগিয়ে যাবে। তাই বাংলা নতুন করে এগোতে শুরু করেছে। আমাদের হর্টিকালচার ডিপার্টমেন্টের যে ফেস্ট হয়েছে, সেখানে নাসিকের যে বিজ্ঞানী এসেছিলেন, তিনি গর্ব করে বলছিলেন আমাদের মাননীয় মন্ত্রী সুব্রত সাহার কাছে, আমি পাশে ছিলাম, তিনি বলছিলেন চারটে বছর যদি আপনারা এখানে এইভাবে চাষ করতে পারেন, আমি কথা দিয়ে যাচ্ছি, নাসিক থেকে আর বাংলাদেশে পেঁয়াজ এক্সপোর্ট হবে না। বাংলাই এক্সপোর্ট করবে পেঁয়াজ বাইরের দেশগুলোকে। সেটা ওরা ভাবতে পারেনি। বাংলা এটাই পেয়েছে। বাংলা পেয়েছে পেঁয়াজের স্টোরেজ। অনেক সময় অনেক আওয়াজ শুনেছি, অনেক বাতেলা শুনেছি যে পেঁয়াজের কোল্ড স্টোরেজ হবে।

[4.20–4.30 p.m.]

আমি শুনেছি ভারতবর্ষে একটা বোধ হয় কোল্ড স্টোরেজ হয়েছে এবং সেই কোল্ড স্টোরেজ করা খুবই কষ্টকর ব্যাপার। কিন্তু পেঁয়াজকে ওপেন এয়ারে স্টোর করা যায় বৈজ্ঞানিক উপায়ে। মহারাষ্ট্র করেছে, গুজরাট করেছে, আমাদের বাঁদিকে যাঁরা বসে আছেন তাঁদের কৃষিমন্ত্রীর মাথা থেকে কিন্তু সেটা আসেনি। কারণ ওরা যেটা বলতে চাইছিল দুর্নীতির কথা—ওদের অর্থমন্ত্রীর মায়ের এন জি ও-র টাকাটা হবে কোথা থেকে তাই নিয়েই ওরা ব্যস্ত ছিল। আর ওদের স্বাস্থ্যমন্ত্রীর স্ত্রীর এন জি ও স্বাস্থ্য দপ্তর থেকে কি কাজ পাবে এই নিয়েই ওরা ব্যস্ত ছিল। আমাদের মন্ত্রীরা কিন্তু সেই কাজে ব্যস্ত ছিল না। তাই আজকে এখানে বলে যাচ্ছি, বাংলায় এই পেঁয়াজের স্টোরেজ তৈরি হচ্ছে। সেইটানেই মেদিনীপুরের

আশি জন কৃষক তাঁরা ছুটে এসেছেন এবং সারা বাংলা থেকে কৃষক আসছে। যদি [illegible] মাসের জন্য ওই বর্ষার পেঁয়াজটাকে রাখতে পারি তাহলে আমরা সঠিক দাম [illegible]। বাংলা এটাই পেয়েছে। বাংলা কি পেয়েছে জানেন—বাংলা পেয়েছে টিস্যু কালচার Banana চাষ। এটা আগে কোনোদিন হয়নি স্যার। টিস্যু কালচারে Banana চাষ হচ্ছে এন আর ই জি এ-র সঙ্গে হাত মিলিয়ে হর্টিকালচার ডিপার্টমেন্ট. [illegible] ডিপার্টমেন্ট সেটা করছে। এটা শুধু কলার উৎপাদন নয়, বাংলার গরীব মানুষ তারা এই কাজটা পাবে। হ্যাঁ, ১০০৪ এ হয়েছে। এন আর ই জি এ-র টাকাটা কেন্দ্রীয় সরকারের টাকা. টাকাটা কেন্দ্রের নয়. টাকটা আমাদের। আপনাদের প্রধানমন্ত্রী যখন চিৎকার করে বলছেন আমি এই এই প্রকল্প করেছি, একই পরিবারের পাঁচজনের নামে প্রকল্প তৈরি করে কংগ্রেস যখন ভোট চাইতে যায়, সেটা তখন কংগ্রেসের পৈতৃক সম্পত্তি থেকে আসে নাকি। সেটা রাজ্যের টাকা. সেটা দেশের টাকা। তাই কাজ যারা করে সেই কথাটাই বলতে হয়। সুখবিলাসবাবুরা বলছেন, ওই কমিশনের যে টাকাগুলো—কোল কেলেঙ্কারির টাকা, টু-জি কেলেঙ্কারির টাকা—কংগ্রেসের কি অবস্থা জানেন, আগে কংগ্রেস বলত মহাত্মাজির দল, আগে কংগ্রেসে বলত পণ্ডিতজির দল, আগে কংগ্রেস বলত ইন্দিরাজির দল। সুখবিলাসবাবুরা বলছেন, আমরা 'জি' রেখেছি, শুধু মহাত্মা আর পণ্ডিত আছে, ইন্দিরাকে মুছে দিয়েছি। সামনে একটা টু, একটা থ্রি একটা কোল বসিয়ে আমরা—টু জি, থ্রি জি, কোলজি করেছি। এই তো কংগ্রেস ! তারা আবার দুর্নীতির কথা বলছে। এই পশ্চিমবাংলা কি পেল—এন আর ই জি এ-র সঙ্গে হাত মিলিয়ে বাংলার গরীব মানুষ টিস্যু কালচার Banana চাষ পেয়েছে। এবার জঙ্গলমহলে এই চাষ শুরু হবে। গরীব মানুষ এই কলাগাছটা পাবে, সেই গাছটা লাগিয়ে সেই গাছটাকে বড় করতে ৯০ দিন সময় লাগবে। সেই নব্বই দিন গাছটাকে লালন-পালন করার জন্য ওই পরিবারের লোকেরা একশো দিনের কাজের টাকায় নিজের সংসার চালাবে। আর গাছটা বড় হলে সেই কলা বিক্রি করে তারাই লাভবান হবে, বাংলা এটাই পেয়েছে। বাংলা কি পেয়েছে ওনারা বলছেন—ওনাদের চোখে পড়ছে না বাংলার উন্নয়নের চিত্র—বাংলার স্বাস্থ্য দপ্তরের উন্নয়ন। গৌরাঙ্গবাবু বললেন, শ্রমজীবী মানুষরা কি পেল ? শ্রমজীবী মানুষরা কি পেল সেটা আপনি খুঁজে পাননি। শ্রমজীবী মানুষদের জন্য সরকার আন-অর্গানাইজড সেক্টরে ২২০ কোটি টাকা দিয়ে বাংলার গরীব, শ্রমজীবী মানুষদের দেখার চেষ্টা করছেন। ওরা কিছু পড়ে না, গালাগালি দেয়, বাড়ি চলে যায়, উত্তরটা শুনব না। কারণ উত্তরটা ওদের পছন্দ হবে না। বাংলার পিছিয়ে পড়া মানুষ, মাইনরিটি সম্প্রদায়ের মানুষদের কথা আমাদের সরকার ভাবে। আমাদের রাজ্যে প্রচুর উর্দুভাষী মানুষ আছেন। বাংলার সেই সমস্ত উর্দুভাষী ছেলেমেয়েরা যাতে লেখাপড়া শেখে তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী চিন্তা করেছেন। বাংলার মুখ্যমন্ত্রী একটা কথা বলেন—একটা পরিবারে একটা পুরুষ শিক্ষিত হলে একজন মানুষ শিক্ষিত হন, কিন্তু একটা পরিবারে একটা মেয়ে শিক্ষিত হলে পুরো পরিবারটা শিক্ষিত হয়, সমাজটা শিক্ষিত হয়। মুসলিম পরিবারদের এগিয়ে নিয়ে যেতে গেলে সেই পরিবারে শিক্ষার আলো বেশি করে পৌঁছে দিতে হবে। এই উর্দুভাষী মানুষদের জন্য আমার ব্যারাকপুরে ও নৈহাটিতে দুটো উর্দুভাষী স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপন হল। সেদিন

আমি আমার বক্তৃতাতে তা উল্লেখও করেছি। এইগুলোই পেয়েছে বাংলা। ...(নয়েজ)... শিলান্যাসের পর কাজ হয়েছেও। ভাই আলাদিনের আশ্চর্য প্রদীপ নেই। আর তোমার মতো মানুষ বুঝবেও না কারণ ঘোড়ারা এদিকে চলে এসেছেন। তুমি ওদিক থেকে বুঝবেও না কোথায় কাজ হচ্ছে। ...(নয়েজ)... ছেড়ে দাও। তুমি এসব বুঝতে এসো না।

বাংলার ঘরে ঘরে আলো পৌঁছে দেবার জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রী পেছনে বসে আছেন। মাননীয় বিদ্যুৎমন্ত্রী বাংলায় ২০১৪ সালের ৩১ ডিসেম্বর, তিনি দিন বলে দিয়েছেন যে, বাংলার কোনো ঘর থাকবে না বিদ্যুতের আলো ছাড়া। এটাই তো বাংলার পাওয়া। বাংলার গ্রামে যে বিদ্যুৎ পৌঁছেছে, ভাবতে পেরেছেন, আমি জানি না, হিঙ্গলগঞ্জের বিধায়ক আছেন কিনা, হিঙ্গলগঞ্জের বিধায়ক যদি থাকেন নিজের বুকে হাত দিয়ে বলুন যে আপনার সময়ে আপনাদের সরকারের সময়ে সামসের নগরের মানুষ বিদ্যুতের আলো পাওয়ার কথা স্বপ্নে ভেবেছিলেন কিনা। উনি ভাবেননি। আজকে সেখানে বিদ্যুতের লাইন যাচ্ছে। এটাই বাংলা পেয়েছে। বাংলা এ কাজগুলোই পেয়েছে। আজ আপনাদের নেতৃত্বে, আপনাদের কাজে। বাংলা কি পেয়েছে বলে যারা চিৎকার শুরু করছে, আজকে বিদ্যুতে আমরা স্বয়ম্ভর হচ্ছি। আজকে আমরা বিদ্যুৎকে বাইরের রাজ্যে পাঠাবো বলে, আমরা বাইরের রাজ্যে বিদ্যুৎকে সাপ্লাই দিতে পারব বলে আমরা তৈরি হচ্ছি। এটাই বাংলা পেয়েছে এই আড়াই বছরের মধ্যে। আমরা সুন্দরবনকে সাজিয়ে ব্যবসা করব, পর্যটন ব্যবসা করব। আমরা বাংলাকে পর্যটনে এগিয়ে নিয়ে যাব। আগে কিন্তু খুঁজে পাইনি পর্যটনমন্ত্রীকে কোনো কাজের মধ্যে। কিন্তু বাংলা আজকে দেখেছে পর্যটন শিল্পকে এগিয়ে নিয়ে গিয়ে বাংলা আরও বেশি করে বাইরের মানুষকে বাংলায় নিয়ে এসে পর্যটন শিল্প থেকেও অর্থ উপায় করে বাংলার উন্নয়নে কাজে লাগানোর জন্য বাংলা যে কাজ করছে, ...(নয়েজ)... ডাক এসেছিল নাকি আগের মুখ্যমন্ত্রীদের বাংলা দেখে ? দার্জিলিং বেড়াতে গিয়ে একটা নতুন জায়গা খুঁজে বের করা, সেখানে একটা পর্যটনের জায়গা তৈরি করব, ভাবতে পেরেছিলেন নাকি আগের মুখ্যমন্ত্রীরা ? ভাবতে পেরেছেন নাকি বিগত দিনের মানুষগুলো যে এইভাবে কাজ করা যায়। নতুন নতুন জায়গা তৈরি করে মানুষকে বেশি করে বেড়াতে যাবার সুযোগ তৈরি করে দেওয়া। আজ আপনাদের নেতৃত্বে হয়েছে। তার জন্য পর্যটন শিল্পে আপনি ২২৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। এগুলোকে সমর্থন না করে যাব কোথায় ? আপনার এই বরাদ্দ আমাদের তো সমর্থন করতেই হবে। আপনার এই কাজ আমরা যদি সমর্থন না করি, তাহলে তো বাংলাই পিছিয়ে যাবে। বাংলার উন্নয়ন, শহরের উন্নয়ন, গ্রামের উন্নয়ন পঞ্চায়েত দফতরের মাধ্যমে চলছে। শহরের উন্নয়ন যদি আমরা করতে না পারি তাহলে পরে আমরা কি করে এগোব ? তাই নগরোন্নয়নের মধ্যে দিয়ে আপনার যে টাকা যে খরচ, পৌর বিষয়ক দফতরের যে টাকা ও খরচ যেভাবে আপনি বাড়িয়েছেন সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি বক্তব্যকে আর দীর্ঘায়িত করব না, কারণ আলো জ্বলে গেছে। স্যার, শুধু একটা কথা বলব, পুলিশে খরচা বাড়াতে হবে। যেভাবে প্রাক্তন সাংসদ প্রাক্তন বিধায়ককে মারছে। আর যেভাবে প্রাক্তন সাংসদদের বাড়িতে বসেই, কলকাতার বাড়িতে বসেই প্রাক্তন

বিধায়ককে মারার প্ল্যান করা হচ্ছে এগুলো দেখতে হবে, পুলিশ বাজেট বাংলার মানুষের জন্য আগে বাড়ান না বাড়ান ওদের বাঁচানোর জন্য আগে বাড়ান। কারণ নিজেদের মধ্যে মারামারি করেই ওরা শেষ হয়ে যাবে। নমস্কার। এই কথা বলে আমি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বিল নিয়ে এসেছেন, এটা তো আমাদের সমর্থন করা ছাড়া কোনো পথ নেই। কেননা যে গ্রান্টের জন্য আমরা অলরেডি বাজেটে পাস করেছি সেইটা খরচ করার জন্য তিনি পারমিশান চাইছেন। অবজেক্টের মধ্যেই বলা হচ্ছে The object of the Bill is to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of the monies required for the year 2013-2014, সুতরাং এটা স্যার, এটা একটা constitutional obligation ওনাকে place করতে হবে, আর আমাদের হাউসকে পাস করতে হবে। এছাড়া তো আর হতে পারে না, কারণ কাজ তো আর বন্ধ হবে না। স্যার, এই প্রসঙ্গে গিয়ে আমি দু-চারটি কথা বলতে চাইছি। প্রথমে আমি বলি, আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর পাণ্ডিত্যপূর্ণ বক্তব্যে লাস্টে যেটা বললেন সেখানে দু-একটি কথা আমি বলতে চাইছি। আমি জানি যে কোনো সরকার হোক, রুলিং পার্টি হোক তার বাজেটের মধ্যে বা তার রাজ্যপালের ভাষণের মধ্যে, কেন্দ্রীয় সরকারও সেই রকম,

[4.30–4.40 p.m.]

তার পিছনে একটা নীতি থাকে, একটা Philosophy থাকে, চিন্তাধারা থাকে। এটা ঠিক, এটা থাকবেই। সুতরাং বর্তমান যে সরকার তার পিছনে একটা নীতি আছে, একটা Philosophy আছে—তার পিছনে একটা চিন্তাধারা আছে—এটা থাকবে। সেই প্রসঙ্গেই নেতাজী সম্বন্ধে বামফ্রন্টের যাঁরা তাঁদের যে আগেকার কটূক্তি সেখানে আমি টু হান্ড্রেড পারসেন্ট, কি ফাইভ হান্ড্রেড পারসেন্ট একমত। এর সঙ্গে আমাদের কোনো দ্বিধা নেই। আমরা বহু তাঁদের নিন্দা করেছি, তাঁদের সম্বন্ধে বলেছি। আর আজকে স্যার, তিনি একটা Reference দিয়েছেন, সেখানে আমি একটু বলছি যে, তিনি বোধহয় একটা contradiction হয়ে যাচ্ছে। রামকৃষ্ণদেব বলেছেন, 'যত মত তত পথ'—উনি বলেছেন। কিন্তু স্বামীজি একটা কথা বলেছেন শিকাগোতে যখন বক্তৃতা দেন ফার্স্ট 'We the Hindus not only tolerate all religions but we accept all religions to be true. Religion is the eternal human conscience. কিন্তু আগে আমি বলতে চাইছি মাননীয় অর্থমন্ত্রীকে আপনি যে কথা বললেন এই মতের সঙ্গে কি আপনি একমত ? আপনাদের কি contradiction নেই ? যে দল বাবরি মসজিদ ধ্বংস করে, যে দল হাজার হাজার সংখ্যালঘু মানুষকে হত্যা করে—গতকাল, বোধহয় পরশু—আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়ে তিনি যে প্রেস কনফারেন্স করলেন আন্না হাজারের সঙ্গে তিনি কংগ্রেসের সম্বন্ধে বলেছেন, আমার কোনো আপত্তি নেই। কংগ্রেস সরকারের বিরুদ্ধে

বলেছেন. আমার কোনো আপত্তি নেই। কিন্তু সেই দলের বিরুদ্ধে কি একটাও কথা বলেছেন। What does it indicate? তাহলে ভিতরে ভিতরে কি আপনাদের কোনো কিছু একটা সম্বন্ধ রাখতে চাইছেন ? যে আজকে সেখানে কংগ্রেসের বিরুদ্ধে বলেছেন। কেন বলছি যে, স্বামী বিবেকানন্দ-এর কথায় তাহলে কি আপনাদের মধ্যে একটা contradiction হল না, এটা contradiction হল না ? আমি আপনাকে তাই—আমি জানি যে কোনো একটা সরকারের একটা হ্যাঁ—Philosophy থাকে, সব কিছু থাকে। স্যার, নেক্সট আমি সেটা আসছি বাজেটের ব্যাপারে, যে কথাতে, আমরা বাজেট পাশ করেছি, আজকে সেটা Appropriation-এর জন্য পারমিশান চাইছেন। স্যার একটু আগে বললেন, শীলভদ্রবাবু Police-এর কথা। আজকের কাগজে একটু দেখুন তো—ওই আমাদের স্নেহভাজন মন্ত্রী শান্তিরাম মাহাতো আছেন, স্নেহভাজন বলছি কেননা ওঁর বাবা আমি একসঙ্গে MLA ছিলাম। কিন্তু তাঁর আপ্তসহায়ক, তাঁর স্ত্রীকে এই কলকাতার বুকে একটা স্কুলে তাঁর মেয়েকে নিতে গিয়ে তাঁকে কিভাবে আঘাত পোয়াতে হয়েছিল। আজ কয়েকদিন ধরে সেই পরিবারকে তারা ধমকাচ্ছে, পুলিশ কিছু অ্যাকশান নিতে পারছে না কেন ? এটা কি ব্যাপার তাহলে ? আপনি স্যার, অত্যন্ত পণ্ডিত মানুষ। আমরা অনেকে শিক্ষকতা করেছি। রাজাবাজারে সায়েন্স কলেজে University College of Science 92, Acharya Prafulla Chandra Road সেখানে একজন অধ্যাপককে ধরে নিয়ে গিয়ে—একটা ছাত্র ঘরের মধ্যে ঢুকিয়ে আচ্ছা করে পেটালো। What does it indicate? স্যার, এই যদি হয় অবস্থা, আইন-শৃঙ্খলার অবস্থা যদি কলকাতার বুকে University-এ College-এ School-এ তাহলে এর জন্য আপনাকে চিন্তা করার জন্য Police-কে কীভাবে active করা যায় Law and order situation -কে আরও কিভাবে একে রক্ষা করা যায়, সারা পশ্চিমবাংলায় খুন-ধর্ষণ হচ্ছে—সেগুলো বলতে চাইছেন না, আমি শুধু আজকের কথাটা বলতে চাইলাম। স্যার, আজকে আপনি এর আগে ডঃ অসীম দাশগুপ্তকে বলতাম যে—jugglery of statistics। স্যার, আপনিও তো jugglery করেছেন। আপনার যেটা, যেটা আমাদের মাননীয় সদস্য ডঃ বর্মা বলেছিলেন Deposit account সেটাকে আপনি খরচ করছেন না কেন ? সেটা আপনি দেখাচ্ছেন অন্যভাবে। তাহলে আপনার প্ল্যানের যে বাজেট হচ্ছে তার সঙ্গে difference হয়ে যাবে। সুতরাং এইগুলো আপনার মত। এই সরকার তার যে স্বচ্ছতা। আপনাদের যে অনেস্টি এইগুলো যদি ক্লিয়ারকাট বলে দেন তবে আমাদের পক্ষে সুবিধা হয় জানার। আমি অনুরোধ করব এই জিনিসগুলো আপনি ঠিক-ঠাক করে নেবেন। স্যার, আর একটা কথা বলি, মুখ্যমন্ত্রীর বক্তব্য ১ ঘণ্টা ২০ মিনিট শুনেছি এবং দেখেছি, আমার কাছে তার কাগজ আছে। অনেক কাজ করেছেন আমি অস্বীকার করছি স্যার। কিন্তু বারে বারে আমরা বলছি একটাই কথা এই যে সব পরিকল্পনাগুলো আপনারা করছেন, এই সত্যটা স্বীকার করতে এত দ্বিধা, এত কুণ্ঠা কেন ? আপনারা করছেন, করুন, ভাল, আমরা বলছি তো। এই টাকাগুলো কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে আসছে, এই কথাটা মাননীয়া মুখ্যমন্ত্রী ১ ঘণ্টা ২০ মিনিট বক্তব্যের মধ্যে বা আপনার বক্তব্যের কোনো জায়গায় থাকল না। নিশ্চয়ই ফেডারেল

স্ট্রাকচারে গভর্নমেন্টের টাকা রাজ্য পাবে, কেন্দ্র দেবে। কিন্তু এই কথাটা কেন্দ্র দিয়েছে, কেন্দ্রের কাছ থেকে আরও চাইছেন. আমরা তো বলছি না যে আপনারা ভুল করছেন কিন্তু যেটা পাচ্ছেন সেটা স্বীকার করতে এত লজ্জা, এত কুণ্ঠা, এত দ্বিধা কেন ? যে এই সমস্ত স্কীমে টাকা পাচ্ছি আমরা. খরচ করছি মানুষের উন্নয়নের জন্য। স্যার, আজকে আমি বক্তব্য বাড়াব না। বিভিন্ন সেক্টারে যে সমস্ত এনুম্যালী বাজেটের বিভিন্ন জায়গাতে আছে, স্যার আপনাকে দুটো কথা বলি। অনেক খরচ করছেন তো। মেলায় খরচ করছেন, অমুক জায়গায় খরচ করছেন, তমুক জায়গায় খরচ করছেন। কিন্তু আমরা সামান্য কিছু টাকা আপনার কাছে আমাদের শিক্ষকদের তরফ থেকে—আমার পাশে ব্রজবাবু আছেন, আমরা একসঙ্গে আন্দোলন করেছি বামফ্রন্টের বিরুদ্ধে—যে সি.পি.এফ এবং জি.পি.এফ-এর টাকাটা কেন করা হচ্ছে না এই ট্রান্সফারটা। অনেকবার আমি পারসোনালী আপনার সঙ্গে দেখা করেছি, চিফ মিনিস্টারের সঙ্গে দেখা করেছি। আপনার ডিপার্টমেন্ট আপনাকে যে হিসাব দিচ্ছে সেটা একদম অসত্য, ভুলে ভরা। আমি আপনাকে দিয়েছিলাম কত টাকা লাগবে, হিসাব করে আপনাকে দিয়েছিলাম। ওরা মামলা করেছিল, হাইকোর্টে, সুপ্রিম কোর্টে হেরে গিয়েছিল। আবার মামলা। আমরা আশা করেছিলাম, শিক্ষিত সমাজ, দু-হাত ভোরে আমাদের জোটকে আশীর্বাদ করেছিল। অন্ততপক্ষে এই বামফ্রন্ট যদি অপসারিত হয় তাহলে শিক্ষক সমাজ এই সামান্য কিছু যারা ক্ষুদ্র, অনেকে মৃত্যুর দিকে এগিয়ে গেছে, অনেকে চলে গিয়েছে, তাঁরা অন্তত এই টাকাটা পাবেন। আমরা আন্দোলন করেছিলাম। দুঃখের কথা, আপনারা সেই একই পথ নিয়েছেন, আপনারা হেরে যাচ্ছেন হাইকোর্টে, সুপ্রিমকোর্টে হারছেন, আবার আপিল করলেন। এত টাকা খরচ হচ্ছে, ৫০ হাজার কোটি টাকা লোন নিচ্ছেন, সামান্য কয়েকজন শিক্ষকের জন্য—এদের জন্য আপনার পরান কাঁদে না ? আমি অনুরোধ করব এই ব্যাপারটা আপনি অত্যন্ত সহানুভূতির সঙ্গে বিবেচনা করে এটার একটা ব্যবস্থা করুন। স্যার, আর একটি কথা বলি, আজকে আমরা যারা বিধায়ক, তারা বিধায়ক এলাকা উন্নয়নের জন্য ৬০ লক্ষ টাকা পাই। আমাদের রুলিং পার্টির তরফ থেকে, আমাদের তরফ থেকে ইনটাইটেলমেন্ট কমিটির তরফ থেকে আপনাকে রিকোয়েস্ট করা হয়েছে এটা অন্তত এক কোটি করুন। আপনারা যেভাবে খরচ করছেন, ডিপার্টমেন্টে ধীরে ধীরে করছে, আর এম.এল.এ.রা যা সাজেশান দেবেন সেটা তো ডেভেলপমেন্ট অফ স্টেট, ডেভেলপমেন্ট অফ দ্য এরিয়া। সুতরাং এখানে আপনি এত কৃপণতা করছেন কেন ? সুতরাং আপনি একটু সহানুভূতির সঙ্গে দেখুন, আমাদের সমস্ত স্তরের এম.এল.এ.দের এই জিনিসটা হবে। এখানে অশোকবাবু একমত হচ্ছেন, সবাই বলছেন। সুতরাং এটা আপনি করুন, আমি আর বিস্তারিতভাবে যেতে চাইছি না। আজকে একটু আগে উর্দুভাষীর কথা বলছিলেন—হ্যাঁ, ঠিকই তো। উর্দু মিডিয়াম স্কুল হওয়া দরকার উর্দু স্পিকিং যে এলাকাতে আছে। কিন্তু আমি জানতে কি পারি—আপনি সেই স্কুলগুলোতে কতজন শিক্ষক দিয়েছেন ? এখানে আমাদের উর্দু স্পিকিং গোলাম আব্বানি আছে। ওর স্কুল একটা উর্দু স্পিকিং এরিয়ায়। কিন্তু সব উর্দু স্পিকিং মিডিয়াম অফ ইনস্ট্রাকশান উড বি, কিন্তু টিচার নেই। তাহলে স্কুলটা চালনা করে স্কুলটা এস্টাব্লিশড করে লাভটা কি হবে ? সুতরাং আমি আপনার কাছে এই সমস্ত কয়েকটি

কথা বলে আপনাকে অনুরোধ করব এই বিষয়গুলো বিবেচনার সঙ্গে করুন, আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.40–4.50 p.m.]

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি 'The W.B. Appropriation Bill '2014 তারপর আলোচনা করছি। আলোচনা করার পূর্ব মুহূর্তে আমি দু-একটা কথার অবতারণা করতে চাই। প্রথমে বলতে চাই যে কথা, বেশ কয়েকদিন ধরে অধিবেশনের শেষ লগ্নে সম্ভবত বিরোধীপক্ষের শেষ বক্তা, ভারাক্রান্ত হৃদয় নিয়েই বলতে চাই একথা, মনে করি কোনো সাহিত্য, কোনো দর্শন, স্থান-কালের গণ্ডিতে আবদ্ধ রাখা যায় না। মার্কসীয় দর্শন বলুন, গান্ধীবাদী দর্শন বলুন, স্বামী বিবেকানন্দ বলুন, রবীন্দ্রনাথ বলুন, কিন্তু আজকের এই সদনে যেভাবে আলোচনা করা হল আমরা মর্মাহত। আমরা বলতে চাই একথা, সেই দর্শনকে সম্মান জানিয়ে আলোচনায় অংশগ্রহণ করলে ভালো হয়। আজকে ২১শে ফেব্রুয়ারী, আন্তর্জাতিক ভাষা দিবস, সেই মাতৃভাষা দিবসের প্রাক্কালে আমি বীর শহিদদের প্রতি আমার শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে আলোচনার মধ্যে যাচ্ছি। আলোচনার শুরুতেই যে কথা বলার প্রয়োজন আছে অনেকেই আলোচনা করছেন। আমি সর্বপ্রথম বলতে চাই, এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল সেটাকে এই সদনে উত্থাপিত করা হয়েছে পাশ করানোর জন্য। এটা একটা সাংবিধানিক নিয়ম। সেই নিয়মের পরিপন্থী আমি নই। ডঃ মিত্রের এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে আমি সমর্থন করছি এবং সমর্থনের পরপরই কিছু কথা এখানে উত্থাপন করতে চাই। আশা করি, আন্তরিকভাবে সেই ব্যাপারগুলো দেখবেন। আমরা রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি'-র ৫০ নং কবিতাটা পড়েছিলাম। সেখানে প্রথমেই লেখা আছে—"When thy golden chariot appeared in the distance like a gorgeous dream / And methought who was this king of all kings." আজকে যখন বাজেট অধিবেশন শুরু হচ্ছে, ১৭ তারিখে যখন বাজেটটা পেশ হবে তখন সারা পশ্চিমবঙ্গের মানুষের সাথে সাথে আমরা এই পবিত্র সদনে যারা উপস্থিত আছি, আমরা মনে করেছিলাম সেই 'কৃপণ' কবিতার কৃপণের মতো হাজার হাজার বাঙালিরা যে হয়তো King of all kings পশ্চিমবঙ্গের মানুষের জন্য এমন একটা উপহার দেবেন তাকে আমরা সত্যি সত্যিই King of all kings ভাবব। আমরা ভেবেছিলাম মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট ভাষণের মাধ্যমে সারা পশ্চিমবঙ্গের মানুষ প্রায় বেশ কিছুদিন ধরে অধীর আগ্রহে চাতক পাখির মতো তাকিয়ে আছে। কেন্দ্রের সঙ্গে রাজ্যের ৩৮% ডি.এ. বাকি। তার একটা উজ্জ্বল সদুত্তর এর মধ্যে পাব। চাকরিজীবীদের জন্য ৩৮% ডি.এ. বাকি আছে। তার কোনো কথা আমরা পাইনি। আমরা লক্ষ করেছিলাম সারা পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় অনশন হয়েছে, বিভিন্ন জায়গায় ধর্মঘট হয়েছে। এই সদনে আলোচনা হয়েছে কলেজের প্যারা টিচার্সদের নিয়ে, কনট্রাক্ট বেসিস টিচারদের নিয়ে। আমি প্রাথমিক থেকে শুরু করে, মাধ্যমিক থেকে শুরু করে, কলেজ ইউনিভার্সিটি থেকে শুরু করে যাঁরা এই ধরনের শিক্ষক রয়েছেন, তারা চাতক পাখির মতো তাকিয়ে ছিল। এই বাজেটের মাধ্যমে হয়তো তাদের কাছে কিছু সুখবর আসবে। আমি বলতে চাই, এই বাজেটের মাধ্যমে,

আপনার অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে যেটাকে পাশ করিয়ে নিতে চাইছেন, সেটা আমরা পাশ করাচ্ছি ঠিকই। কিন্তু আন্তরিকভাবে মনের দিক থেকে একটা ভাবনা, একটা চিন্তা আমাদের মধ্যে গ্রাস করছে সেই সমস্ত মানুষদের, তারা আশা করেছিল তাদের যে অল্প কিছুটা সাম্মানিক দেওয়া হয়, সেটা হয়তো বাড়বে। চাকরিজীবীরা ভেবেছিল, কিছুটা হয়তো ডি.এ বাড়বে। কৃষিজীবীরা ভেবেছিল তাদের উদ্দেশ্যে হয়তো কিছু ভর্তুকি দেওয়া হবে। তাদের সারে ভর্তুকি, ডিজেলে ভর্তুকি, খাদ্যশস্যে ভর্তুকি, দ্রব্যমূল্য আকাশছোঁয়া হয়ে যাচ্ছে- সেটা কমানোর জন্য কিছু কথা বলা হবে। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে দেখলাম গত বছরের বাজেটে দেখেছিলাম ঘুড়ির লাটাই আর ঘুড়ির দাম কমানো হয়েছিল। এ বছরের বাজেটে আমরা দেখলাম, কমানো হয়েছে মেয়েদের হেয়ারব্যান্ড, ক্লিপ, ন্যাপকিনসের দাম। আরও বলা হয়েছে, এক হাজার টাকার যে সমস্ত স্টোভের দাম তা কমানো হচ্ছে। আমরা মনে করেছিলাম যে, যখন পশ্চিমবঙ্গের অসংখ্য মানুষ যারা আর্থসামাজিক পরিকাঠামোতে মানুষ হতে হতে তাদের মনের মধ্যে ক্ষুন্নিবৃত্তির জন্য, প্রাথমিক যে চাহিদা অন্ন-বস্ত্র-বাসস্থানের যে চাহিদা সেই চাহিদা পূরণের জন্য তারা লড়াই করছে সেই লড়াইয়ে আপনারা একটু রসদ দেবেন, একটা সান্ত্বনা দেবেন। তারা ক্লিপের দাম কমানোর পক্ষপাতী ছিল না। তারা হেয়ারব্যান্ড কমানোর পক্ষপাতী ছিল না। এই বাজেটে তারা চেয়েছিল, জিনিসপত্রের দাম কমুক। তারা দেখতে চেয়েছিল, কি ইতিবাচক দিক আছে। এবার আমি কর্মসংস্থানের প্রশ্নে আসছি। আমরা দেখেছি, ২০১১ সালে যখন এই সদনে নতুন সরকার গঠিত হল তখন থেকেই একই আওয়াজ শুনে আসছি—কর্মসংস্থানে বাংলা যা ভাবছে আজ ভারতবর্ষ তা ভাববে কাল। পৃথিবী হয়তো ভাববে পরশু। এই রকম একটা আওয়াজ তুলে দেওয়া হচ্ছে। বিভিন্নজন আলোচনা করার সময়ে কতবার এই কথা উচ্চারিত হয়েছে তা আমাদের জানা নেই। বাজেট ভাষণে বলা হয়েছে, ১৩ লক্ষ ২০ হাজার কর্মসংস্থান হয়ে গেছে। আমরা বলতে চাই, এ কথা। আমরা বলব, এ কথা। আপনাদের সে কথা শুনতে হবে, মন দিয়ে শুনতে হবে। শুধুমাত্র হৈ-চৈ করে, আওয়াজ দিয়ে, চৌত্রিশ বছর চৌত্রিশ বছর করে চাপা দিলে চলবে না। পশ্চিমবঙ্গের মানুষের কাছে আপনাদের বলতে হবে। ১৩ লক্ষ ২০ হাজারের যে কর্মসংস্থানের কথা বলছেন সেটা কি সরকারি দফতরগুলোর আলাদা আলাদাভাবে দফতর মাফিক—সরকারি দফতরে কাদের কাদের চাকরি হয়েছে, সেই চাকরির পরিসংখ্যান কি ১৩ লক্ষ ২০ হাজারের কাছাকাছি ? আমরা শুনেছিলাম, গত বছর বাজেটে ১৮৯৯ জনের চাকরি হয়েছিল। মাননীয় শ্রমমন্ত্রীর কথা থেকে সেটা আমরা বুঝতে পেরেছিলাম। আজকে বলা হচ্ছে, ১৩ লক্ষ ২০ হাজার চাকরি হয়েছে। আবার আগামী বছরের মধ্যে ১৬ লক্ষ নতুন কর্মসংস্থান হবে। আমি এ কথা বলতে চাই, এ কথা কি সত্য নয় ? এই সত্যটাকে কি স্বীকার করা যেত না ? মাননীয় লাইব্রেরি সার্ভিস ডিপার্টমেন্টের মন্ত্রী এখানে উপস্থিত থাকলে বলবেন। গত তিন বছরের আগে থেকে সেখানে দু'হাজার গ্রন্থাগার সার্ভিসের যে পদ অ্যাপ্রুভালের জন্য পড়ে আছে সেই ২০০০ পোস্টে কি আপনারা নিয়োগ করতে পেরেছেন ? আপনারা বলবেন, মাননীয়া মুখ্যমন্ত্রীর হাতে ৮টি দফতর রয়েছে। সেই আটটি দফতরের প্রায় সাড়ে তিন হাজার পোস্ট ফাঁকা পড়ে রয়েছে। কত

দিন ধরে ফাঁকা পড়ে রয়েছে ? কবে তার নিয়োগ হবে ? তার সদুত্তর আমরা চাইব না ? নিশ্চয় চাইব। শুধু কর্মসংস্থান হয়েছে হয়েছে বলে ঢাক পিটলেই সেই ঢাকের আওয়াজ আমাদের কর্ণকুহরে পৌঁছে আমাদের ভালো করে সান্ত্বনা দিতে পারবে না। আমি বলতে চাই এ কথা যে, আজকে যখন বিভিন্ন জায়গায় আই.সি.ডি.এস.-এর কর্মীরা, আশার কর্মীরা এবং প্রাণী বন্ধুরা যখন অনেক পরিশ্রম করে সামান্য সাম্মানিকের বিনিময়ে কাজ করে যাচ্ছেন তাঁদের জন্য যদি কিছু প্রকিটের কথা বলা যেত, তাদের জন্য নতুন করে ভাবনা-চিন্তা করা যেত তাহলে ভালো হত। হেয়ারব্যান্ডের কথা না বলে বা অন্যান্য গপ্প না শুনিয়ে যদি নতুন কিছু বলা হত তাহলে তাঁরা খুশি হতেন।

সিভিক পুলিশ নিয়োগ হয়েছে। আপনাদের কাছে আবেদন করব—আপনারা হৈ-চৈ করে ডিস্টার্ব করার চেষ্টা করবেন না, আমি কাউকে ডিস্টার্ব করিনি, কাজেই ডিস্টার্ব না করার জন্য আপনাদের কাছে আবেদন রাখছি, আমি এ কথা বলতে চাই, আজকে যে ১৩ লক্ষ ২০ হাজারের কর্মসংস্থানের কথা বলা হচ্ছে তার মধ্যে কি সিভিক পুলিশ আছে ? আমি মনে করি, সিভিক পুলিশের নিয়োগ আপনাদের দলতান্ত্রিক কায়দায় হয়েছে। দলতান্ত্রিক কায়দায় করেছেন। করেছেন ঠিক আছে। ১ লক্ষ ৩৫ হাজার যে সিভিক পুলিশ নিয়োগ করেছেন তাদের যে সাম্মানিকটা দেওয়া হচ্ছে একজন শ্রমজীবী মানুষের কাছে যে পয়সাটা পৌঁছায় একদিন কাজ করবার পরে সে পয়সাটাও তারা পাচ্ছে না। তাদের কথাটা কি এই অ্যাপ্রেপ্রিয়েশান বিলের যে উৎস, সেই বাজেটের মধ্যে তা কি একবারও বলেছেন ? বলেছেন, আগামীদিনে সিভিক পুলিশদের নিয়ে কি করবেন ? তাদের ভবিষ্যৎ কি ? নাকি যেদিন মেলা হবে সেই দিনে তাদেরকে কাজে নিয়োগ করা হবে বা কোনও জায়গায় যানজট হলে হাতে একটা লাঠি ধরিয়ে দিয়ে এবং যতদিন তারা কাজ করবে ততদিন তাঁরা লাঠি হাতে করে দাঁড়িয়ে থাকবেন, ততদিনই পরিশ্রমের মাশুল পাবেন। আমি মনে করি, নিয়োগ করেছেন ঠিক আছে, ১ লক্ষ ৩৫ হাজার যে সিভিক পুলিশ নিয়োগ করেছেন তাঁদের ভবিষ্যৎ যাতে অন্ধকারের দিকে না যায় তার জন্য এই সরকারকে চেষ্টা করতে হবে। শুধু মা-মাটি-মানুষের সরকার মুখে বললে হবে না। মা আছে, মাটি আছে, মানুষ থাকবে। সেই ভৈরব গঙ্গোপাধ্যায়ের আমল থেকে মা-মাটি-মানুষ কথাটা আমরা শুনে আসছি। মা-মাটি-মানুষ দিয়েই আমাদের সমাজ। আমাদের বিধানসভা তো বটেই তাহলে সেই মা-মাটি-মানুষের সরকারকে ভাবতে হবে। কর্মসংস্থানের ব্যাপারে আমি আরও কয়েকটা প্রশ্ন করতে চাই। এস.এস.সি. পরীক্ষা, প্রাইমারি টেট পরীক্ষা—আপনারা খুব ভালো করে বললেন।

[4.50–5.00 p.m.]

আপনারা খুব ভালো করে বললেন প্রাইমারি 'টেট' পরীক্ষায় নাকি নাকে আমাদের ঝামা ঘষে দিয়েছে। আমাদের নাকে ঝামা ঘষে দেওয়ার কিছু নেই। আমরা মনে করি নাকে ঝামা ঘষার কিছু নেই। গত কয়েক বছর ধরে অর্থাৎ তিন বছর ধরে হাইকোর্টের যে সমস্ত রায়গুলো অনেকবার ঝামা ঘষেছে, কার নাকে বলব না, ঝামা কিন্তু ঘষেছে অনেকবার। অনেকবার ঝামা ঘষার পরেও টেট পরীক্ষায় কি রেজাল্ট হয়েছে আমি জানি না। তবু নাকে

ঝামা ঘষার কথা আপনারা বললেন। এবার একটা ঝামা ঘষা থেকে শুধু একটা মাইনাস হল এইটুকু আমরা বলতে পারি।

আজকে আপনারা ঢাকঢোল পিটিয়ে 'কন্যাশ্রী'-র কথা বলছেন। সাধুবাদ। ধন্যবাদ। কন্যাশ্রী প্রকল্প ছাত্র-ছাত্রীদের উৎসাহ দেওয়ার ক্ষেত্রে যথেষ্ট ভালো প্রকল্প। কিন্তু SC/ST/OBC এবং মেয়েদের দেওয়ার জন্য যে সমস্ত অনুদান, সরকারের প্রকল্প, সেগুলো অনেকদিন ধরে চলছে, আজকে হঠাৎ নতুন নাম কেন ? নতুন নাম দিয়ে তাদেরকে যেভাবে প্রচারের আলোয় আনা হচ্ছে তা ঠিক না। Girls incentive ছিল, অনেকদিন আগে থেকেই চালু ছিল। SC/ST/OBC স্টুডেন্টদের টাকা দেওয়ার ব্যবস্থা ছিল। বিভিন্ন বিদ্যালয়ে সেই টাকা দেওয়া হত। তবে হ্যাঁ, on line-র মাধ্যমে এই ব্যবস্থা করার জন্য আপনারা ধন্যবাদ পাওয়ার যোগ্য। এটা বলতে পারেন আপনারা। আমি সেটাকে appreciate করি। আমি বলতে চাই, প্রতিটি কন্যা, যারা কন্যাশ্রী, তাদের 'শ্রী' ফিরিয়ে আনার জন্য আপনারা যে উদ্যোগ গ্রহণ করেছেন তা চালিয়ে যাওয়ার চেষ্টা করুন। এটা যেন মাঝপথে বন্ধ হয়ে না যায়। কিন্তু এটাও ঠিক বামফ্রন্ট সরকার যখন ছিল তখনও মেয়েদের উৎসাহ ভাতা দেওয়া হত, Girls incentive দেওয়া হত। প্রতি মাসে ১০০ টাকা করে, বছরে ১২০০ টাকা। আর কি ?

আরেকটা কথা আমাকে বলতে হবে। আপনারা বিগত ৩৪ বছরের কথা তুলে তুলে অনেক টিকা-টিপ্পনী কাটছেন। মাননীয় শীলভদ্রবাবু যে কথা বলেছেন, আপনি বলেছেন, 'ভুলদেব ভট্টাচার্য'। আমি মনে করি যদি প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম 'ভুলদেব ভট্টাচার্য' হয় তাহলে আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী তাঁর নাম 'শিলা' দেওয়া উচিত। কারণ আমার পাশে বসে আছেন উত্তর দিনাজপুরের বিধায়ক। উনি একবার গল্প করতে করতে বলছিলেন 'আমার জেলায় ১৭১টি প্রকল্পের শিলান্যাস হয়েছে।' কিন্তু আমি সঙ্গে সঙ্গে জিজ্ঞাসা করি, উত্তর দিনাজপুরের এই শিলান্যাস হওয়া প্রকল্পগুলোর কাজ কতটুকু হয়েছে ? বললেন, 'একটাও এখনও শুরু হয়নি।' আপনাদের খতিয়ানে হয়তো এক-আধটা শুরু হতে পারে। ...(গোলমাল)... প্রতিদিন, প্রতিমুহূর্তে আপনারা দেখবেন, খবরের কাগজ খুলবেন, কী হচ্ছে। আমরা ছোটবেলায় যখন মাস্টার মহাশয়ের কাছে পড়তাম তখন মাস্টার মহাশয় খুব সুন্দরভাবে একটা কথা আমাদের বুঝিয়ে দিতেন—'তোমরা যদি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস পড় তাহলে পাতাগুলো একটা একটা করে উল্টোবে, একটা কথা উপন্যাস না পড়েও বলে দিতে পারবে, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রতিটি উপন্যাসের প্রতিটি পাতা চোখ বুজে পড়লে একটা অন্তত উদ্ভিদের নাম থাকবে, প্রকৃতির নাম থাকবে।' আর, আজকে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সেই দর্শনটাকে মাথায় রেখে যদি প্রতিদিন খবরের কাগজ খুলি তাহলে প্রতিদিনই ওই প্রকৃতির মতোই ধর্ষণ, খুন, রাহাজানির খবর খবরের কাগজে ভাসছে। অস্বীকার করবার জায়গা নেই। খবরের কাগজগুলো খুলুন দেখবেন প্রতিদিন খুন, ধর্ষণ, নিত্য-নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। পুলিশকে পুলিশের কাজে ব্যবহার করবেন। পুলিশ আমাদের দেখাতে হবে না। আমরা জানি পশ্চিমবঙ্গের

বর্তমান পুলিশ. তৃণমূল সরকারের পুলিশ পশ্চিমবঙ্গে সন্ত্রাস তৈরি করছে। সেই সন্ত্রাস বন্ধ করতে আপনাদের নিজেদের অনেক চেষ্টা করতে হবে। আমরা দেখেছি ধনেখালিতে পুলিশ লকআপে কার মৃত্যু হয়েছিল। আপনারাও জানেন। আপনারা জানেন পশ্চিমবঙ্গে আমাদের তরতাজা প্রাণ সুদীপ্ত গুপ্তর কার হেফাজতে মৃত্যু হয়েছিল। আপনারা জানেন পশ্চিমবঙ্গের বিভিন্ন আনাচে-কানাচে পুলিশ কীভাবে সাধারণ মানুষের ওপর অত্যাচার নামিয়ে এনেছে, কত পার্টি অফিস ভাঙা হয়েছে। খুন-জখম-রাহাজানি লেগেই আছে। খুনের রাজনীতি দিয়ে এই জায়গায় পৌঁছনো যাবে না। আপনারা মা-মাটি-মানুষের কথা বলেন আর প্রতিদিন এইগুলো আমরা দেখতে পাচ্ছি।

